The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do not want to interrupt Mr. Ray Choudhuri but I only say that if he had given these cases one or two days before I could have collected the information to give him an answer.

Sj. Sudhir Chandra Ray Choudhuri: When we make allegations here you do not care to listen to what we say but simply come forward with some sort of an excuse or a denial at the instance of the officer concerned. Then, naturally, we cannot have any faith in your proposition. On the 29th April, 1957, when after the fresh year has started the Government order comes under the head—Expenditure on displaced persons to the effect that

purchase of foodstuff in the budget for 1957-58 may be met from the lump refugee allotment already placed at the disposal of the Refugee Rehabilitation Commissioner, West Bengal. Now, Sir, this is for the purchase of another 18,000 maunds of *aman* rice from the same mill and what are the terms—without execution of contract and without depositing the earnest and security money. This is Memo. No. 7214-B & A, B2S-11/57, dated the 29th April, 1957 re: purchase of rice—ref: Deputy Director's Memo. No. 2000R.C. and signed by S. C. Pal, Assistant Secretary, Government of West Bengal. Has the Government decided to purchase off and on, at the instance of an officer, commodities such as foodgrains without even asking for a tender, and without compelling the contractor to deposit the earnest or the security money? How can this officer dare take the risk unless he has the indulgence of the Ministers? During this session, Sir, I referred to glaring irregularities in the matter of purchasing medicines. The Selection Committee approved and accepted the tenders. The Committee was presided over by the ex-Minister A. D. Mukherjee.

I charged the officer concerned with tampering of the records and of taking out contracts worth Rs. 30 lakhs and giving them away to others amongst whom there are certain proteges of Dr. B. C. Roy. Now, what was the answer given by the present Minister on the information furnished by the said officer? He said that by this 10 lakhs of rupees have been saved. By interpolation—call it interpolation or call it whatever you like, can any one sit on judgment over the decision of the Selection Committee formed under rules that were framed by the Government except by another duly constituted committee headed by the present Health Minister. That was not done and the Minister came forward to support the Director of Health Services and what did he say—an irresponsible statement that 10 lakhs have been saved by interpolations. That means that they were charging Shri A. D. Mukherjee, while a Minister, to have wasted or squandered away every year 10 lakhs of rupees which has been detected after he had left the Ministry. What a tribute to an ex-Minister! The gentleman has already gone away and you charge him that he squandered away 10 lakhs every year and immediately after his exit the Director of Health Services has given you such information whereby you have been able to save 10 lakhs of rupees. If the Government carries on its business year after year in this way, we are afraid it will never be able to cope with any problem whatever large may be the amount of the money it may be provided with.

[6-20—6-30 p.m.]

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, গত ১৪ দিন ধরে বিভিন্ন খাতে টাকা, বিরোধীদলের ছাঁটাই প্রস্তাব সত্ত্বেও মঞ্জুর হয়েছে, আজ সবটা একসঙ্গে মঞ্জুরের জন্য এই বিল আমাদের সামনে এসেছে। আমরা আমাদের ছাঁটাই প্রস্তাব মারফৎ বিভিন্ন বিষয় সমালোচনা করেছি, অনেক নূতন নূতন সাজেসসনও দিয়েছি। শাসনের মধ্যে বহু গলদ এবং ত্রুটীও আমরা দেখিয়েছি। কিন্তু একটা বিষয় ছাড়া সরকার কোনটাই গ্রহণ করেন নি, সেটা হোল ডি, ভি, সির ব্যাপার। আমাদের হাউস থেকে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ এক হয়ে ভারত-গভর্নমেন্টের কাছে প্রস্তাব করি যাতে আমাদের ডি, ভি, সির ব্যাপার আলোচনা করবার এবং সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবার ক্ষমতা থাকে। প্রায় সকল বিষয়ে সরকার আমাদের সহযোগিতা কামনা করেছেন, তার মানে সরকার যা করবেন তাতে আমাদের সায় দিতে হবে, এইরকমই সহযোগিতা কামনা করেছেন। পুনর্বাসন ব্যাপারে সরকার বিশেষভাবে সহযোগিতা চেয়েছেন এবং আমরা যখন বল্লাম যে সর্বদলীয় কমিটি গঠন করে, পুনর্বাসন সমস্যার প্রশ্নকে রাজনীতির উর্দ্ধে রেখে এর সমাধান করা হোক, এটাকে কার্য্যকরী করা হোক, তখন নানাপ্রকার ওজর তুলে তারা যে

সহযোগিতা কামনা করেছিলেন সেটাকে বানচাল করে দিলেন। খাদ্যের ব্যাপারেও তাই, সরকার বিরোধীদলের উপর তাঁদের বিশ্বাস স্থাপন করতে চান না। সুতরাং কোন সমস্যার সুষ্ঠু সমাধান হচ্ছে না। চাকরী, কারিগরী শিক্ষা প্রভৃতি নিয়ে পশ্চিমবঙ্গের স্থানীয় অধিবাসীগণের মধ্যে একটা বিরোধ এবং বিদ্বেষের মনোভাব বেড়ে চলেছে। পশ্চিমবঙ্গের লোকেরা মনে করে যে, সরকারের সমস্ত নীতি কেবলমাত্র উদ্বাস্তু পুনর্বাসনের উপর প্রতিষ্ঠিত। পশ্চিমবঙ্গের লোকেরা, যারা সরকারের অধিকাংশ খরচ বহন করেন, তাঁদের দিকে সরকারের কোন দৃষ্টি নেই। একমাত্র সরকারের সামগ্রীক অর্থনৈতিক পরিকল্পনার অভাবেই এইরূপ হচ্ছে। সরকার তাঁদের বিভেদমূলক নীতির দ্বারা এই মনোভাব বাড়িয়ে দিচ্ছেন। পশ্চিমবঙ্গের স্থানীয় লোকেরা মনে করছেন যে কোন বিষয়ে তাঁদের সমস্যার সমাধান হচ্ছে না, উদ্বাস্তুদের জন্যই সরকার তাঁদের সমস্ত নীতি পরিচালিত করছেন। পশ্চিমবঙ্গের অধিবাসী এবং উদ্বাস্তুদের যাতে ঠিকমত অর্থনৈতিক উন্নতি হয়, সেই রকম কোন ব্যবস্থা সরকার থেকে গ্রহণ করা হয় নি। সরকার যে নীতি পরিচালিত করছেন, তার দ্বারাই আজকে পশ্চিমবঙ্গের লোকদের মধ্যে বিরোধ এবং বিদ্বেষমূলক মনোভাব সৃষ্টি হচ্ছে। উদ্বাস্তুদের যেমন চাকরী এবং অন্যান্য সুযোগ দিতে হবে, পশ্চিমবঙ্গের লোকদেরও ঠিক ঐরূপ চাকরী এবং অন্যান্য সুযোগ দিতে হবে, এইরকম একটা সরকারী নীতি স্থির করা একান্ত প্রয়োজন। দেশের বেকার সমস্যা দিন দিন বেড়ে চলেছে, এর সত্বর সমাধানের উপায় দেখা যাচ্ছে না। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এক কোটী লোকের বেকার সমস্যা সমাধানের কথা ছিল, কত লোকের সমস্যার প্রকৃত সমাধান হয়েছে তার কোন ইয়ত্তা নেই, তবে রিপোর্টে দেখলাম যে, ৪০ লক্ষ লোকের কাজের ব্যবস্থা হয়েছে, তাদের বাস্তবিকই কোন স্থায়ী কাজের ব্যবস্থা হয়েছে কি না সে বিষয়ে কোন রিপোর্ট আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে পাই নি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সরকারের নিম্নতম সংখ্যা হিসাবে বেকারীর সংখ্যা ১ কোটী ৫৩ লক্ষ, তার মধ্যে ১ কোটী লোকের কাজ হবার সম্ভাবনা আছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা সম্ভব হোল না, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তা কতদূর সম্ভব হবে সে বিষয়ে আমরা বিশেষ কোন সংবাদ পাই নি। যে-সমস্ত যুবক সামান্য ক্যাপিটাল নিয়ে হকারী করেন, সরকার তাঁদের কাজের ব্যবস্থা করে দিতে বা বেকার ভাতা দিতে অক্ষম। তাঁদের উপর পুলিশের অকথ্য হামলা দিন দিন বেড়ে চলেছে। সরকার জনসাধারণের অর্থনৈতিক সমস্যা, বা খাওয়ার সমস্যা বা কাজের সমস্যার সমাধান করতে পারেন নি কিন্তু যে-সমস্ত যুবক অল্প ক্যাপিটালে নিজেদের চেষ্টায় জীবিকার্জ্জন করেন, যাঁরা পথেঘাটে, রাস্তায় ফেরী করেন, তাঁদের প্রত্যেকের পিছনে আছে এক-একটা পরিবার—সেই পরিবারের ভরণপোষণের দায়িত্ব তাঁদেরই কিন্তু এই সমস্ত যুবকদের উপর পুলিশের অত্যাচার হয়, তাঁদের ধরে নিয়ে যাওয়া হয়, তাঁদের উপর অযথা নির্য্যাতন করা হয়। বারবার আমরা এই সম্পর্কে এ্যাসেম্বলীতে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু আজ পর্যন্ত তার কোন সমাধান হয় নাই। তারা শিক্ষিত ভদ্রঘরের ছেলে কিন্তু তাঁদের জন্য কোন ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি না, তাঁদের উপর জুলুম দিন দিন বেড়ে চলেছে। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, তাঁদের জন্য একটা স্কীম করবেন কিন্তু যতদিন স্কীম না হচ্ছে, ততদিন কি তাঁদের সংসারযাত্রা নির্বাহ বন্ধ থাকবে, তাঁরা যে দু'-পয়সা রোজগার করে খাচ্ছেন তা কি বন্ধ হয়ে যাবে? এজন্য অন্ততঃ এরকম একটা নির্দ্দেশ দেওয়া উচিত, যাতে করে বাস্তবিকই কোন অবষ্ট্রাকসন না হয় এবং এই সমস্ত দরিদ্র যুবকদের উপর কোনরকম হামলা বা অত্যাচার না বাড়ে। চৌরঙ্গীতে যে হকার্স কর্ণার হয়েছে, সেই হকার্স কর্ণারে সন্ধ্যার সময় আমি গিয়ে দেখি যে, সেখানে খরিদ্দার ঢোকে না, সেখানে যেসমস্ত ষ্টল আছে তার অধিকাংশই খালি। কাজেই সেখানে হকারদের অবস্থা অত্যন্ত শোচনীয়, তাঁদের পক্ষে বর্দ্ধিত হারে লাইসেন্স দেওয়া বা ভাড়া দেওয়া খুবই শক্ত ব্যাপার। আমাদের চতুর্দ্দিকে সমুদ্র আছে, সমুদ্রের ধারে বহু হাজার হাজার একর জমি পড়ে আছে। তার থেকে যদি ৪।৫ একর বা বিঘা করে জমি বেকার যুবকদের দেওয়া হোত, তাহলে সেই সমস্ত জায়গায় কুটীরশিল্প করে বহু বেকার যুবক তা থেকে প্রতিপালিত হতে পারতেন। কে ফ্রেঞ্চ এক্সপার্ট এসেছিলেন, কয়েক লক্ষ টাকা খরচ হয়ে গেল, তাঁরা কোন রিপোর্ট দিলেন না। অথচ ৮।১০ বছর ধরে সেই জমি পড়ে আছে, সেই জমিতে নিজেদের

জাতীয় সম্পদ বাড়াবার যে চেষ্টা, সে চেষ্টা সরকারের নেই। অথচ সরকার বলে থাকেন যে তাঁদের নীতি হচ্ছে বৃহৎ শিল্পের সঙ্গে সঙ্গে কুটীরশিল্পের দ্বারা বেকার সমস্যার সমাধান করা। কিন্তু এই যে হাজার হাজার যুবক আছেন, এ'দের কিছু কিছু জমি এবং কিছু কিছু ক্যাপিটাল দিলে তাঁরা সেখানে লবণ উৎপাদন করতে পারেন এবং তাতে বাংলাদেশের লবণ সমস্যার সমাধান হতে পারে এবং অনেক লোকের বেকার সমস্যার সমাধান হবে। কিন্তু গভর্নমেন্ট সব সময় বিদেশের দিকে চেয়ে থাকেন। আমাদের দেশে হয় ত সেই রকম বড় বড় বৈজ্ঞানিক বা বড় বড় ইঞ্জিনিয়ার নেই, যাঁরা বাস্তবিকই পরিকল্পনা করে দেবেন কিন্তু যে পরিকল্পনাগুলি আমরা সহজে, অতি সস্তায় করতে পারি এবং যে পরিকল্পনার দ্বারা বাস্তবিকই বেকার সমস্যার অতি সহজে সমাধান হতে পারে, সেই পরিকল্পনা আমরা নিজেরা গ্রহণ করবো না, সেখানে আমরা বিদেশী নিয়ে আসবো এবং তাঁদের জন্য খরচ করবো এবং তাঁদের মুখের দিকে চেয়ে আমরা বসে থাকবো, আমরা সে বিষয়ে কোন কাজ করবো না।

কাজেই আমার মনে হয় সমুদ্রের ধারে যে-সব জমি আছে, লবণ-শিল্প উৎপাদনের জন্য সেই জায়গাগুলি বেকার যুবকদের ভিতর ভাগ করে দেওয়া নিশ্চয়ই উচিত। ৮ বছর ধরে অযথা জমিগুলি এবং আগে থেকে জমিগুলির ব্যবহার করলে যে সম্পদ সৃষ্টি হ'ত তাতে কত বেকারের অন্ন-সংস্থান হ'তে পারত।

তারপরে আমাদের সরকারের অপর একটা কৃতিত্ব এই যে, আমাদের বাংলাদেশের সীমানাটা একটা গোলমাল হয়ে আছে। সেখানে পাকিস্তানের হামলা সব সময় চলেছে, তারা গরু, বাছুর এমন কি মানুষ পর্যন্ত ধরে নিয়ে যাচ্ছে, তারা ডাকাতি করছে, খুন-জখম করছে; আমাদের সরকারের পুলিশ আছে, পুলিশের জন্য ব্যয়ের টাকা বাজেটে বাড়ছে, কিন্তু ভারতবর্ষের, বাংলার নাগরিকদের নিরাপত্তা রক্ষার জন্য, তাদের জীবন রক্ষার জন্য কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। (রেড লাইট) এইটুকু বলে আমার যখন টাইম হয়ে গেছে, আমি বসে পড়লাম।

[6-30—6-40 p.m.]

Sj. Bhakta Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, গত ১৪ দিন ধরে যে আলোচনা হ'ল তার পরিসমাপ্তি আজকে ঘটছে। যে টাকা মঞ্জুর হয়েছে সে সম্বন্ধে কিছু বলতে চাই না। আমি শুধু বলব আমাদের সরকার যে কয়েকটী বিষয়ে চেষ্টা করছেন উন্নতি করবার জন্য, সে কয়েকটী বিষয়ে কি উন্নতি করতে পেরেছেন এবং কি পারেন নাই সে সম্বন্ধে দুটা কথা।

আমাদের সরকার সাধারণত ভূমিরাজস্ব নীতি, কৃষি নীতি এবং শ্রম নীতির উপর বেশী জোর দিয়ে দেশের গঠনমূলক কাজ করবার জন্য, দেশকে ডেভেলপ করবার জন্য জেস্‌চার দিয়েছেন এটা বলা যেতে পারে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, কয় বৎসরের অভিজ্ঞতায় বলা যেতে পারে সরকারের বহু ত্রুটীপূর্ণ ভ্রান্ত পথের জন্য এই সমস্ত বিভাগে যেখানে সরকার সত্যিকারের কিছু চেষ্টা করতে গিয়েছেন, সে চেষ্টাতে তাঁরা কৃতকার্য্য হতে পারেন নি। আমি বলব ভূমিরাজস্ব নীতির পরিবর্তন ঘটাতে গিয়ে প্রয়োজনীয় আইন তৈরী করেছেন, সে আইন মাত্র লিটিগেশনে পর্য্যবসিত হয়েছে। সে আইনের দ্বারা যাদের রিলিফ পাবার তারা কিছুমাত্র রিলিফ পায় নাই, সেই জন্য এ আইনের এ্যাপ্রিসিয়েশন গ্রামের লোকেরা, চাষী-মজুরেরা কিছুমাত্র করতে পারছে না। কাজেই তাদের অনুকূলে, তাদের উপকার করবার জন্য সরকার যতই আইন তৈরী করুন না কেন, আইনের কার্য্যকারীতা না থাকার ফলে বা বিলম্বিত পথে হবার জন্য আইনের দ্বারা কোন উপকার তারা পায় নাই। তেমনি সরকারের কৃষি নীতি ও শ্রম নীতি সম্বন্ধেও বলা যেতে পারে।

সরকার কুটীরশিল্পের মধ্য দিয়ে দেশের অর্থনৈতিক উন্নয়ন এবং বেকার সমস্যা ঘোচানোর নীতি ঘোষণা করেছেন। সরকারের অজ্ঞতা এবং তাদের কর্মচারীদের এফিসিয়েন্সির অভাব কার জন্য এবং এ-বিষয়ে যে সর্বাঙ্গীন প্রচেষ্টার প্রয়োজন সেটা না থাকার দরুন, এবং যে সর্বতোমুখী দৃষ্টিভঙ্গী দিয়ে বিষয়টা দেখা উচিত ছিল, তা না দেখার ফলে সরকার তাদের

বিঘোষিত বহুমুখী উন্নতি কিছুই করতে পারেন নি। এবং গ্রামাঞ্চলে যে-সমস্ত প্রচেষ্টার মধ্যে জনসাধারণের সংযোগ সৃষ্টি হওয়া উচিত ছিল, জনসাধারণের সহযোগীতা দ্বারা যে প্রকৃত উন্নতি হবার সম্ভাবনা ছিল তা হতে পারে নি। সেইজন্য সরকারকে বলব, বিশেষ করে আমি চীফ মিনিষ্টারকে বলব যে, মেসিনারীর সাহায্যে তারা ডেভেলপমেন্ট করতে পারবেন, সুদূর পল্লী অঞ্চলে পর্য্যন্ত লোকের সহযোগীতা কামনা করতে পারবেন, সেই মেশিনারী হচ্ছে এ্যাডমিনিষ্ট্রেশন, সেই এ্যাডমিনিষ্ট্রেটিভ মেশিনারী জনসাধারণের কনফিডেন্স পাচ্ছে না। তাদের দৃষ্টিভঙ্গী হয় ত এ্যাডমিনিষ্ট্রেটিভ মেশিনারীর লোকেরা গ্রহণ করে না। এ্যাডমিনিষ্ট্রেশন-এ ভাল লোক থাকতে পারেন, সৎ লোক থাকতে পারেন; অসৎ লোক আছে বা মন্দ লোক আছে, সে কথা বলবার আমি পক্ষপাতী নই। তাতে বুদ্ধিমান লোক নাই, এ-কথা বলবারও পক্ষপাতী নই। আপনারা করতে চান একটা 'ওয়েলফেয়ার স্টেট', একটা জনকল্যাণ রাষ্ট্র, বাংলাদেশের সব দুঃস্থ লোকের মুখে ভাত দেবার কথা, যদি আপনারা চিন্তা করে থাকেন, তাহলে আমি বলব এ্যাডমিনিষ্ট্রেশনকে তারা এখনো কনফিডেন্স-এ নিতে পারেন নি। আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি। গতকাল আমি মন্তেশ্বর থানায় গিয়েছিলাম। সেখানে ৩টী ইউনিয়নে কৃষি-ঋণ বিলি হবে, কালনা থেকে সেখানে এস, ডি, ও, দশটার সময় আসবেন, এই খবর সেখানে দেওয়া হয়েছিল। ৮।১০ মাইল দূরে দূরে থেকে ৩টী ইউনিয়ন-এর লোক এসে সেখানে পেঁছাল। এস, ডি, ও-এর দশটার মধ্যে আসবার কথা, কিন্তু তিনি সেখানে এসে পেঁছলেন ৪টার সময়। এসে দেখেন সেখানে ৩টী ইউনিয়ন-এর লোক এসেছে। লোন ত দিচ্ছেন ১১-১২ হাজার টাকা, কিন্তু লোক এসেছে এক হাজার। আর সেটা হচ্ছে বন্যাবিধ্বস্ত অঞ্চল। সম্প্রতি সেখানে বৃষ্টি হয়ে গেছে, লোক চাষের কাজে নামবে, কিছু কিছু সাহায্য পেলে তাদের এ-সময় প্রভূত উপকার হবে বলে সেখানে এক হাজার লোক এসে উপস্থিত হয়েছে। এবং ৮।১০ মাইল দূর থেকে ১০টার আগে থেকে এসে অপেক্ষা করছে—আর তিনি এলেন ৪টার সময়। আসবার পরে লোন ফরম পূরণ করতে ও অন্যান্য খুঁটিনাটি বিষয় তৈরী করতে বেশ রাত্রি হ'ল, এবং রাত্রি ১২টা পর্য্যন্ত টাকা দিলেন, ফলে অতি অল্প লোকই টাকা পেল। অধিকাংশ লোক অধিক রাত্রি হচ্ছে দেখে, দূরের রাস্তায় যেতে হবে বলে বাড়ী ফিরে যায়। শেষ পর্য্যন্ত কয়েকটী লোক যারা বুদ্ধিমান এবং গোড়া থেকেই প্রস্তুত হয়ে এসেছিল বলে কিছু কিছু পেয়েছে। তার মধ্যে একটা ৪০ টাকার লোন গ্রুপ আর একটা ২০ টাকার লোন গ্রুপ, প্রায় ২০০ লোক পেয়েছে মাত্র কিন্তু লোন পাবার আশায় হাজির হয়েছিল এক হাজার লোক! সবচেয়ে লজ্জার বিষয় যারা সেখানে উপস্থিত হয়েছিল তাদের মধ্যে মেয়েছেলেও ছিল, তারা আর রাত্রি পর্য্যন্ত অপেক্ষা করতে না পেরে ৮।৯ মাইল রাস্তা হেটে আবার শূন্য হাতে ফিরে গেল। স্পীকার মহাশয়, আমাদের ওয়েলফেয়ার স্টেট-এর এই একটা দৃষ্টান্ত আমি দেখালেম। আমাদের গভর্নমেন্ট কনষ্টিটিউশন তৈরী করেছেন, দেশের উচ্চ-স্তরের ও নিম্ন-স্তরের সকল লোকেরই ইকোয়াল রাইট এ্যান্ড প্রিভিলেজ রয়েছে, এই কথা যাঁরা বলে থাকেন, তাঁরা কি সত্যকারের সেইমত কাজ করেন, সকল লোকের সঙ্গে সমব্যবহার? সমাজের সর্ব নিম্ন-স্তরের লোকদের সাহায্য দেবার প্রতিশ্রুতি দিয়ে সে প্রতিশ্রুতি যখন পালন করা হয় না তখন বলতে হয় সে সমস্ত লোক সত্য কথা বলেন না। তাই আমি বলব, স্পীকার মহাশয়, সমস্ত দৃষ্টিভঙ্গীর পরিবর্তন দরকার। নীচের দিক পর্য্যন্ত সকলের প্রতি সমদৃষ্টি দেওয়া দরকার, নৈলে যে রিলিফ দেওয়া হবে সেটা ব্যর্থ হবে। এবং আমাদের গণতন্ত্রও ব্যর্থ হয়ে যাবে।

এখন আমি শিক্ষা সম্বন্ধে আর একটা কথা বলব। বর্তমানে আমাদের শিক্ষা পর্য্যন্ত রাজনীতির মধ্যে পড়ে গিয়েছে। দুঃখের সঙ্গে বলতে হয়, গত নির্বাচনে সমস্ত শিক্ষকদের যার যার স্ফিয়ারে ওঁরা নির্বাচনের কাজে লাগিয়েছেন। চীফ মিনিষ্টার নির্বাচনের কাজে যে নিষেধাজ্ঞা আছে তার বিরুদ্ধতা করে নির্বাচনের কাজ করেছেন। দুঃখের বিষয় বলতে হয় তাঁদের হাতে ক্ষমতা রয়েছে, কাজেই তাঁদের মতাবলম্বী হয়ে কাজ করতে হয়, যাঁরা নিজেদের মত অনুযায়ী করেছেন, তাঁদের ট্রান্সফার ইত্যাদি অনেক রকমে হ্যারাসমেন্ট করেছেন, শিক্ষিত লোকের এই সমস্ত হ্যারাসমেন্ট সহ্য করবার ক্ষমতা নাই, তাই আমি বলব, যা হবার হয়ে গেছে, ভবিষ্যতে যেন আর এরকমটা না হয়। এ-সম্বন্ধে চীফ মিনিষ্টার যেন অবহিত হন।

[6-40—6-50 p.m.]

Sj. Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, এখন শেষ বেলায় বক্তৃতা দিলে সকলের ধৈর্য্যচ্যুতি হ'তে পারে; কিন্তু সে রিস্ক নিয়েও আমাকে বলতে হচ্ছে। যেহেতু এই বাজেটে শ্রমনীতি-সংক্রান্ত বিষয় আমি অত্যন্ত প্রয়োজনীয় বলে মনে করি এবং যেহেতু এর ডিসকাশন-এর মধ্যে আমাদের কোন সাজেসশন গভর্নমেন্ট পক্ষ গ্রহণ করে নি, সেইহেতু আপনার মাধ্যমে আমি কতকগুলি গঠনমূলক সাজেসশন তাদের সম্মুখে আবার রাখতে চাই, এবং আশা করি ভেবে-চিন্তে তারা সেগুলি গ্রহণ করবেন।

আমাদের সরকারের যে শ্রমনীতি, যেটা আমাদের শ্রমমন্ত্রী মহাশয় এখানে বর্ণনা করেছেন, তার মোদ্দা কথা হচ্ছে এই যে, তারা ট্রাইবুন্যাল ও নিগোসিয়েশন প্রভৃতির মারফত আমাদের শ্রমিক শ্রেণীর দুঃখ-দুর্দশা লাঘব ও অভাব-অভিযোগ প্রতিকার করে তাদের অবস্থার উন্নতি করছেন এবং আরও দ্রুত উন্নতি করবার চেষ্টা করবেন। এই কথাটা কি সত্য? আমাদের দেশের শ্রমিকদের আসল মজুরিসূচক সংখ্যা ১৯৪০ সালে ছিল ১০৮; সরকারী হিসাব অনুসারে ১৯৫৪ সালে সেটা হয়েছে ১০২। অর্থাৎ ব্রিটিশ সাম্রাজ্যবাদীর চরমতম শ্রমিক শোষণের দিনেও ১৯৪০ সালে, শ্রমিকদের যে অবস্থা ছিল, আজ আমাদের কংগ্রেসী নেতাদের আমলে শ্রমিকদের অবস্থা প্রায় সেইখানে এসে দাঁড়িয়েছে। এই অবস্থায় গভর্নমেন্টের আত্মপ্রসাদ অনুভব করবার কি কারণ থাকতে পারে তা আমরা ভেবে পাই না। আমাদের ঐ অপোজিট বেঞ্চ-এর কোন কোন বন্ধুর হয়তো পুরাণ দিনের কথা মনে পড়বে। আমি তাদের ২৭ বৎসর আগের একদিনের কথা স্মরণ করিয়ে দিচ্ছি, যে-দিন রূপনদীর ধারে এক গভীর রাত্রে আমরা সকলে সমবেত হয়েছিলাম, একই ঝাণ্ডার নিচে, একই শপথ বাক্য উচ্চারণ করেছিলাম। সেই স্বাধীনতার শপথ বাক্য ছিল—ব্রিটিশ সাম্রাজ্যবাদ আমাদের দেশের মানুষের শোষণের উপর শুধু নিজেদের শাসন প্রতিষ্ঠা করেছিল, তা না, শুধু রাজনীতিক দিক দিয়ে না, অর্থনৈতিক দিক দিয়েও আমাদের দেশকে ধ্বংস করেছিল—সেই ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সমবেত হয়ে আমরা সেদিন বলেছিলাম, এর অবসান না হওয়া পর্যন্ত, একে সম্পূর্ণ নির্মূল না করা পর্যন্ত আমরা ক্ষান্ত হব না। ১৯৪০ সালে ব্রিটিশ সাম্রাজ্যবাদের চরম শোষণের ফলে শ্রমিকদের অবস্থা যেরকম সঙ্গীন হয়ে উঠেছিল, আজ স্বাধীনতার ১০ বৎসর পরেও শুধু সেই অবস্থায় এসে দাঁড়িয়েছে। তবু যদি আজকে কংগ্রেস মন্ত্রীরা আত্মপ্রসাদ লাভ করেন বা গর্ব অনুভব করেন, তাহলে ২৭ বৎসর আগে নিজেরাই যে প্রতিজ্ঞা করেছিলেন, সেই প্রতিজ্ঞার অবমাননা করছেন না কি?

আর একটা দিনের কথা স্মরণ করিয়ে দিচ্ছি—১৯৪০।৪১।৪২ সালের কথা। যুদ্ধের সময় যখন শোষণের যাঁতায় আমাদের পিষে পিষে মারছিল, তখন আমাদের দেশের মানুষ, শ্রমিক শ্রেণী, সমস্ত জনতা, পাগল হয়ে ছুটে গিয়েছিল, যেমন করে হোক, এই শোষণের অবসান করার জন্য, এই আর্থিক অবস্থা থেকে মুক্তি পাওয়ার জন্য। তারা রেল উপড়েছিল এবং স্যাবোটেজ করেছিল। শ্রমিক-শ্রেণীর অনেকে ১৯৪২ সালে ঝাঁপ দিয়ে পড়েছিল। আজকে ১৯৪০ সাল থেকে পিছিয়ে পড়ার অবস্থায় শ্রমিক-শ্রেণীকে রেখে যদি নেতারা আত্মপ্রসাদ অনুভব করেন, তাহলে সেদিন যারা পাগল হয়ে প্রাণ দিয়েছিল তাদের স্মৃতির প্রতি কি অপমান করা হবে না? আজকের দিনে তারা কি করছেন, কি করে তারা আত্মপ্রসাদ লাভ করতে পারেন, জিজ্ঞাসা করতে পারি কি? আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই, আজকের দিনে তাদের নিজেদের সহকর্মীরা পর্যন্ত এই জিনিসটা যে অনুমোদন করতে পারে নি, তা তাদের মধ্য থেকেই খোঁজ পাওয়া যায়। মাত্র ৩°দিন আগে এই কলকাতায় তাদের আই এন টি ইউ সি-এর আড়াই শ' শ্রমিক প্রতিনিধি তাদেরই কংগ্রেসের কেন্দ্রীয় সরকারের শ্রমমন্ত্রী গুলজারিলাল নন্দের সঙ্গে মিট করবার জন্য সমবেত হয়েছিলেন। সমবেত হয়ে তারা গুলজারিলাল নন্দকে একটা স্মারক-লিপি দিয়েছিলেন, এই পশ্চিমবঙ্গের শ্রমিকদের অবস্থা সম্বন্ধে। যদিও কংগ্রেস মন্ত্রীরা মনে করেন যে, আমাদের অবস্থা মোটেই খারাপ নয়, আমাদের কোন সঙ্কট নেই, আমাদের

প্রফুল্ল সেন মহাশয়, যেমন সংকটকে সংকট বলেই মনে করেন না, সেই সংকটকে তাদেরই সহকর্মীরা কি বলেছে—মাত্র ৩ দিন আগে, তা দেখুন—

"The Bengal Provincial National Trade Union Congress views with grave concern the critical economic situation in West Bengal arisng out of sharp risè in prices of daily necessities affecting the real wages of workmen employed in organised industry. This rise of prices has not only neutralised the small increase in pay scales secured by organised labour but has also brought down the already low income level to bare subsistence level."

আজকে শ্রমমন্ত্রী এখানে উপস্থিত নাই, শুনবার জন্য কিন্তু আশা করি কংগ্রেসের যিনি সকল যন্ত্রের যন্ত্রী, সেই বিধানবাবু শুনছেন, তাতেই কাজ হবে। এই অবস্থায় আত্মপ্রসাদ অনুভব করে আমাদের মন্ত্রীরা অটল, অসাড়। তাঁদের যদি খুব বেশী করে ধরা যায়, তাহলে তাঁরা বলেন—প্রোডাক্টিভিটি যদি বাড়ান যায়, উৎপাদন যদি বাড়ান যায়, তাহলে শ্রমিকদের কিছুটা অতিরিক্ত রীয়েল ওয়েজ বাড়তে পারে। কিন্তু এটা পরীক্ষা করে দেখা যাক। তাদেরই যুক্তি অনুসারে উৎপাদন বাড়ার সঙ্গে সঙ্গে মজুরি বেড়েছে কি না সেটা দেখা যাক। ১৯৩৯ সালের তুলনায় ১৯৫৪ সালে যেখানে দেড়গুণ উৎপাদন বেড়েছে, সেখানে মজুরি এক পয়সাও বাড়ে নি, এটা সরকারেরই হিসাব। আমার কথা যদি বিশ্বাস না করেন, তবে আর একটা উদ্ধৃতি দিতে চাই। শ্রীখান্দুভাই দেশাই গত কেন্দ্রীয় মন্ত্রীসভায় যখন শ্রমমন্ত্রী ছিলেন তখন তিনি গত বৎসর একটা প্রবন্ধে লিখেছিলেন, ১৯৫০ থেকে ১৯৫৪ সালের মধ্যে মাত্র এই ৪।৫ বৎসরের মধ্যে—

"Rise in productivity has been of the order of about 43 per cent.; the rise in real wages during the same period has been of the order of only 14 per cent. The demand for wage increase appears justified."

তাদেরই সহকর্মী নেতা শ্রীখান্দুভাই দেশাইর এই অভিমত, যে প্রোডাক্টিভিটি শ্রমিকরা বাড়িয়েছে, কিন্তু তাদের আসল মজুরি বাড়ান হয় নি।

আমরা অনেক সময় কংগ্রেস নেতা ও মন্ত্রীদের কাছ থেকে এই কথা শুনে থাকি যে, স্বার্থ-ত্যাগের প্রয়োজন আছে, দেশ-প্রেমের প্রয়োজন আছে, দেশ গঠনের জন্য। আমি তাদের বলি, তারা চোখ খুলে দেখুন, গত ১০ বৎসর যাবৎ কারা স্বার্থত্যাগ করেছে, দেশপ্রেম দেখিয়েছে! তারা শ্রমিক, ভারতবর্ষেরই শ্রমিকশ্রেণী। আপনারা এ-নিয়ে ঠাট্টা করতে পারেন কিন্তু তা করে আপনারা নিজেদেরই ছোট করছেন। এই শ্রমিক গত ১০ বৎসর ধরে দেশপ্রেম ও স্বার্থত্যাগ করে দেশের উৎপাদন বাড়িয়েছে, কিন্তু তারা তাদের পাওনা পায় নি যা নিয়ে তারা তাদের জীবনধারণ করতে পারে। আজকে কি অবস্থা! একজন সুতাকলের মজুর ৫০৵৹, মাহিনা, মাগ্গিভাতা, সমস্ত কিছু মিলিয়ে মোট মাসিক উপার্জন করে। কলকাতা শহরে প্রফুল্ল সেন মহাশয়ের খাদ্যসংকট না থাকলেও সরষের তেল, নুন, ডালের কথা ছেড়ে দিন, ১ মণ চালের দামই হচ্ছে ২৫ টাকা। একজন শ্রমিকের যদি ৫ জন পরিবারে লোক থাকে, তাহলে তাকে ২ মণ চাল অন্ততঃ কিনতে হয়। নিশ্চয়ই ২ মণ চাল কেনার পর ভাতের উপর একটু নুন দিয়ে খাবে তার জন্য তার মোট অর্জ্জনের এক পয়সাও থাকে না। অন্ততঃ ভাতের উপর একটু নুন দিয়ে খাবে ত, অন্য কথা ছেড়ে দিন। তাদের উৎপাদন বাড়াবার ফল, এই ত হয়েছে! আমরা এখানে মানুষের দুঃখ-দুর্দ্দশা, মানুষের যন্ত্রণার কথা আলোচনা করছি, কারণ তাদের এই অবস্থা হয়েছে। যেখানে এই শ্রমিক-শ্রেণী গত দশ বৎসর যাবৎ এমন স্বার্থ-ত্যাগ ও দেশ-প্রেম দেখিয়ে এসেছে তাদের আজকে আসল মজুরি বাড়াবার বিপক্ষে এই যুক্তির যদি পুনরাবৃত্তি করা হয়, তাহলে বলতে হবে তাদের মনের মধ্যে, তাদের বুকের মধ্যে মনুষ্যত্ব ও হৃদয় বলে কোন বস্তু নেই। আজকে শ্রমিক-শ্রেণী স্বার্থ-ত্যাগ করে এই ৪৩ পারসেন্ট প্রোডাক্টিভিটি বাড়িয়েছে, কিন্তু তার পাওনা সে পায় নি। তার তুলনায় মালিক-শ্রেণী কি পেয়েছে সেটা মন্ত্রীমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই, যদিও তারা যে তা জানেন না, তা নয়।

[6-50—7 p.m.]

১৯৪০ সালে মালিক-শ্রেণীর প্রফিট ইনডেক্স ছিল ১০৮; আর ১৯৫৪ সালে সেই প্রফিট ইনডেক্স দাঁড়িয়েছে ৩১৪। অর্থাৎ স্বার্থ-ত্যাগ দূরে থাকুক, তারা প্রফিট-এর অংশের

তিনগুণ আদায় করে নিয়েছে। যেখানে শ্রমিক-শ্রেণীর ১৪ পারসেন্ট ওয়েজ বেড়েছে, সেখানে মালিক-শ্রেণীর ১৪০-এর জায়গায় ৩১৪ প্রফিট ইনডেক্স বাড়িয়ে নিয়েছে। আমাদের কংগ্রেসী রাজত্বের এই হলো সুবিচার! শ্রমিকশ্রেণী যদি কিছু চায়, তখন তাদের বলা হবে তোমরা স্বার্থ-ত্যাগ করো, দেশ-প্রেম করো; তা যদি না করো, তাহলে তোমরা কমিউনিষ্ট, তোমাদের জেলে দেওয়া'হবে, মারা হবে। সেই সময় আমরা যখন দাবী করি, অন্ততঃপক্ষে একশো টাকা শ্রমিকদের মজুরী ও মাগ্‌গী-ভাতা দেওয়া উচিত। সেটা যদি দেওয়া না হয়, তাহলে সে কি অন্যায় হয় না? তার কমে কখনো চলতে পারে না। দশ বছর আগে পে কমিশন ৩০ টাকা ন্যূনতম বুনিয়াদী মজুরী ধার্য করেছিলেন। ১৯৪৭ সালের কষ্ট অব লিভিং অনুসারে এই সিদ্ধান্ত তাঁরা করেছিলেন। সেই তুলনায় আজকে যখন চারগুণ কষ্ট অফ লিভিং বেড়েছে, তখন কমপক্ষে একশো টাকা মজুরী না পেলে কি করে তারা প্রোডাক্টিভিটি বাড়াতে পারবে, কি করে দেশের শিল্পোৎপাদনে সাহায্য করতে পারবে? সেইজন্য একশো টাকা ন্যূনতম দাবী—এটা শুধু আমাদের কমিউনিষ্ট পার্টীর নয়, অল ইণ্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেস, হিন্দ্ মজদুর সভা ও অন্যান্য সংগঠনও এ বিষয়ে একমত। এবং আই.এন.টি.ইউ.সিও প্রায় একই ধরনের মত পোষণ করে। [এ ভয়েসঃ কেরালা কত করে দিচ্ছে?]

সরকার হয়ত বলবেন এক্ষুণি তা কি করে করা যায়? একশো টাকা হবে, কি কম হবে, সে বিষয়ে সন্দেহ থাকতে পারে। আমি কনস্ট্রাকটিভ সাজেসশন দিচ্ছি। এক্ষুণি একশো টাকা না হয় একটা ওয়েজেস কমিশন বসান। পে-কমিশন বসিয়েছিলেন দশ বছর আগে। তারপরে অনেক জল বয়ে গেছে, অনেক জল গড়িয়ে গেছে। এখন আর একটা ওয়েজেস কমিশন বসান ট্রিপার্টাইট রিপ্রেজেন্টেটিভ নিয়ে, তাতে মালিক, মজুর ও গভর্নমেন্টের প্রতিনিধি থাকবে। এরা অনুসন্ধান করুক। তবে শুধু একটা ইন্ডাস্ট্রিতে ওয়েজেস বোর্ড করবো, বললেই হয় না। কিংবা শুধু একটা ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল করবো বললেই হয় না। কারণ এ একটা ক্ষুদ্র আলাদা সেক্টর অফ দি ইণ্ডাষ্ট্রি, এখানে তাঁরা মৌলিক পরিবর্তন সাহস করেন না। কারণ তাঁরা মনে করেন অন্যান্য ইণ্ডাষ্ট্রিতে কি ফল হবে তা তাঁরা আন্দাজ করতে পারেন না। সেইজন্য সমস্ত ইন্ডাস্ট্রি মিলিয়ে একটা ওয়েজেস কমিশন করতে হয়। দ্বিতীয়ত কমিশনটা একটা হাই-পাওয়ার কমিশন হওয়া দরকার। অনেক কোম্পানি ব্যালান্স শীট-এ ঠিকমত খরচ খরচা দেখান না। তাতে বাস্তব সত্য থাকে না। কিন্তু ট্রাইবুন্যালগুলি ব্যালান্স শিট-এর উপরে যেতে চান না। তাই আমরা দাবী করি একটা ওয়েজেস কমিশন। এটা ন্যায্য দাবী।

পশ্চিমবঙ্গ একটা শিল্পে অগ্রসর দেশ। এখানে শ্রমিকদের সংখ্যা অত্যন্ত বেশি, সুতরাং এ-বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার অগ্রসর হয়ে একটা ওয়েজেস কমিশন গঠন করুন এবং কমিশনের মতানুযায়ী যা করা উচিত, তাই করা হোক। যতক্ষণ পর্যন্ত তা না করা যায়, ততক্ষণ অন্ততপক্ষে টাকায় চার-আনা করে মজুরি বাড়ানোর ব্যবস্থা করা হোক। যে শ্রমিক একটা দুর্দান্ত পরিশ্রম করে মাত্র ৪৫ টাকা মাইনে পায়, তাকে টাকায় চার-আনা মজুরি বাড়িয়ে দেওয়া মানে যদি ১০ টাকা মাইনে মাসে বাড়িয়ে দেওয়া হয়, তাহলে সে কোনরকমে টিকে থাকতে পারে। এই দাবী শুধু আমাদের নয়, আই এন টি ইউ সিও এই দাবী করেছেন, হিন্দ্ মজদুর সভাও এই দাবী করেছেন এবং সমস্ত শ্রমিক সংগঠন এ-বিষয়ে একমত। শ্রমমন্ত্রী যিনি আই.এন.টি.ইউ.সি-এর কর্মকর্তা ছিলেন, সেই আই.এন.টি.ইউ.সি-এর শ্রমিকদের প্রতি যদি লেশমাত্র দরদ অবশিষ্ট থাকে, তাহলে অন্ততঃ এটা করবার জন্য অগ্রসর হবেন। এই দাবী করা অন্যায় হবে না।

তারপর হচ্ছে, র‍্যাশনলাইজেশন সম্বন্ধে প্ল্যানিং কমিশন কি বলেছেন? প্ল্যানিং কমিশন বলেছেন——

"Rationalisation should be attempted when it does not lead to unemployment, is introduced in consultation with the workers and is effected after improving working conditions and guaranteeing a substantial share of gains to the workers."

এখন আমাদের বাংলাদেশের অবস্থা হোল প্রায় ৭০ হাজার শ্রমিক র‍্যাশনালাইজেশন-এর মারফৎ ১৯৪৮ সাল থেকে আজ পর্য্যন্ত ছাটাই হয়ে গেছে। গভর্নমেন্ট র‍্যাশনালাইজেশন ইন জুট মিল এ্যাপ্রুভ করেছেন এবং তার ফলে এই ছাটাই হয়েছে। বর্তমানে সেই ছাটাই রোধ করবার

জন্য অন্ততঃ একটা জুট ইণ্ডাষ্ট্রিয়াল কমিটি গঠন করুন। কেন্দ্রীয় সরকারের র‍্যাশনাল্যাইজেশন পলিসি হিসেবে এই জুট ইণ্ডাষ্ট্রিয়াল কমিটি গঠন করবার ক্ষমতা তাদের আছে। কিন্তু তা তাঁরা করছেন না। আমি কনষ্ট্রাকটিভ সাজেসশন দিচ্ছি, তাঁরা এটা অবিলম্বে করুন। আর আমার সময় নাই, রেকগনিশন সম্বন্ধে আমি বিশেষ কিছু বলতে পারছি না। কিন্তু এই রেকগনিশন সম্বন্ধে তাঁরা একটা আইন করুন। মোষ্ট রিপ্রেজেন্টেটিভ ইউনিয়ন শ্রমিকদের ভোটে যা ঠিক হবে, যা ভি, ভি, গিরি ঠিক করেছিলেন, সেই ইউনিয়নকে রেকগনিশন করতে কোম্পানী বাধ্য থাকবে। এই ধরনের একটা আইন করুন; তাহলে সমস্যার সমাধান হতে পারে।

আর শেষ পর্যন্ত মনে করিয়ে দিই ষ্ট্যান্ডিং লেবার এ্যাডভাইসরি কমিটি পর্যন্ত পশ্চিমবঙ্গে করা হয় নাই। অথচ ভারতবর্ষের প্রায় প্রত্যেকটি প্রদেশে এটা করা হয়েছে।

তাই আমার সর্বশেষ কনস্ট্রাকটিভ সাজেসশন রাখছি যে, সমস্ত দল আই এন টি ইউ সি, হিন্দ্ মজদুর সভা, ইত্যাদি ট্রেড ইউনিয়ন সংস্থাগুলিকে ডেকে একটা ট্রিপার্টাইট লেবার এ্যাডভাইসরি কমিটির ব্যবস্থা করুন এবং সেই কমিটি মারফৎ পশ্চিম-বাংলার শ্রমিক সমস্যার সমাধান করুন।

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের লোক-সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। ১৯৫১ সালের ফিগার আছে ২ কোটী ৪৮ লক্ষ ১৩ হাজার ৩০৮ জন। তারপর আজ ৬ বছর পরে আরো কতজন বেড়ে গেছে তা জানি না। কিন্তু সেই তুলনায় এদেশে জমি আদৌ বাড়ে নাই। ১ কোটী ১২ লক্ষ ৮০ হাজার একর জমি, আবাদযোগ্য জমি আমরা পেয়েছি, এ-কথা রাজ্যপালিকার ভাষণে আছে। আর নাকি আবাদযোগ্য জমি নাই। শ্মশান ভাগাড় পর্যন্ত কেটে আবাদযোগ্য জমিতে পরিণত করা হয়েছে। সোনারপুর-আঁরাপাঁচ, বাগজোলা স্কীমে বহু জলাজমি জল নিকাশ করে ধান-জমিতে পরিণত করা হয়েছে—এ-বিষয়ে কোন সন্দেহ নাই। সুন্দরবন আবাদ করে, ফরেষ্ট কেটে বহু জঙ্গলা জমি ধান-জমিতে পরিণত করা হয়েছে। তা সত্ত্বেও খাদ্যশস্যের ফলন এমনভাবে কম হয়ে যাচ্ছে। কৃষি-বিভাগ থেকে এমন কোন চেষ্টা হচ্ছে না যাতে করে এক ফসলা জমিতে দো-ফসলা করা যায়। তেমন কোন হদিশও আমরা এর মধ্যে পাই না। সব জমি না হোক কিছু পরিমাণ জমিকে যদি দো-ফসলা করা হয়, তাহলে এই তীব্র খাদ্য-সঙ্কটের খানিকটা সমাধান হবে। তাতে ফলনও বাড়বে।

এবার দেখছি ডীপ টিউব-ওয়েল ইরিগেশন খাতে ১ লক্ষ ৪৬ হাজার টাকা ব্যয় ধরা হয়েছে, জানি না সেটা কতখানি কার্য্যকরী হবে। মাটীর নীচে জল আছে ঠিক। বাংলাদেশের বড় সমস্যা জলের। বর্দ্ধমান, বীরভূম, বাঁকুড়া ও ২৪-পরগনা জেলার অনেক জমি দো-ফসলা করা যেতে পারে, যদি জল-সেচের ব্যবস্থা করা যায়। টিউব-ওয়েল জল দিয়ে হোক, কুয়া করে হোক, একটা ফসলের চাষ হতে না হতে আর একটা ফসল চাষ করা যেতে পারে, যদি জল পাওয়া যায়। পশ্চিমবঙ্গে সেই রকম কোন পরিকল্পনা আছে কি? কি করে এক-ফসলা জমিকে দো-ফসলা করা যায় তার কোন পরিকল্পনা দেখতে পাই না।

আর একটা জিনিষ, মূল স্কীম শুধু বড় বড় পরিকল্পনা, দামোদরভ্যালী বা ময়ূরাক্ষী পরিকল্পনা করলেই চলবে না। এই সঙ্গে ছোট ছোট সেচ পরিকল্পনাও করা প্রয়োজন। স্মল-স্কেল ইরিগেশন স্কীম-এর কাজে ৭ লক্ষ ৮৩ হাজার টাকা ধরা হয়েছে। খাল-বিল সব মজে গেছে, স্লুইসগুলি ভেঙ্গে গেছে। সেগুলি মেরামতের ব্যবস্থা নাই। মরা খাল খুঁড়ে জল-নিকাশের কোন ব্যবস্থা করা হচ্ছে না। স্মল-স্কেল ইরিগেশন-এর জন্য মাত্র ৭ লক্ষ ৮৩ হাজার টাকা ধরা হলে কি করে এইসব কাজ হবে—যেখানে খাল খুঁড়তে হবে, স্লুইস করতে হবে? সরকার বলবেন ৫০ ভাগ টাকা তোমরা দাও। কিন্তু দেশের লোক তা দিতে পারবে না, দেবার মত অবস্থা তাদের নাই। তাহলে খালও খোড়া হবে না। বার মণ তেলও পুড়বে না, রাধাও নাচবে না। স্মল ইরিগেশন স্কীম-এ যেখানে যে টাকা তাঁরা মঞ্জুর করেন, তা খরচও হয় না। সরকার যদি বলেন এগুলি কার্য্যে পরিণত করতে হলে শতকরা ৫০ টাকা তোমরা দাও, তাহলে এটা হবে। এই যদি করেন, তাহলে কোনদিন এই স্কীম কার্য্যকরী হবে না।

[7—7-10 p.m.]

তারপর সার বিতরণের যে কথা বলেছেন, আমার মনে হয় এখন বিনা মূল্যে সেই সার বিতরণ করা উচিত। যদি চাষের উন্নতি আমরা চাই, কৃষির উন্নতি চাই, তাহলে এখন সার যদি বিনা মূল্যে বিতরণ করি তাহলে ভাল হয়। যেমন ময়ূরাক্ষীর জল শুনছি একর প্রতি ১০ টাকা না হলে সে জল দেবেন না, রবিশস্যের জন্য, ধান-জমির জন্য জল দেবেন না, টাকা না দিলে। টাকাও কেউ আগে দেবে না, সেজন্য জলও নেওয়া হয় না, সেজন্য জল নষ্ট হয়ে যাচ্ছে। সেদিন পণ্ডিত নেহরু পর্য্যন্ত বলেছেন যে, এগুলো এখন এমনি লোককে দেওয়া উচিত। বাস্তবিক যদি সার এবং এইসব জল এখন অমনি লোককে বিনা মূল্যে দেন এবং তাতে যদি কৃষির উন্নতি হয়, ফলন বাড়ে, তাহলে সেই কৃষক দু-বছর বাদে আপনাকে যেচে টাকা দেবে। কেন না টাকাটা যদি আগে আপনারা চান—যখন সে জানে না এই জল নিয়ে তার ফলন বাড়বে কি না, এ-ছাড়া এম্বারা কি উপকার তার হবে সে জানে না, এ-ছাড়া আপনার কোন কর্মচারীও তাকে গিয়ে দেখিয়ে দেয় নি, এই সারে এবং জলে কোন উন্নতি হবে কি না—কাজেই এই সার এবং জল এখন তাদের বিনা মূল্যে দেওয়া উচিত। এবং এ যদি না দেন তাহলে কৃষির উন্নতি হবে না। জমির আইল এবং ভাল বাঁধ পর্য্যন্ত নাই। এখন ত আর জমিদার নাই, সমস্ত কিছুই সরকারের হাতে, এখন জমির বাঁধ বন্দী-টন্দি এসব করবে কারা? এখন যদি মফঃস্বলে যান তো বহু জায়গায় দেখবেন, জমির আইল ঠিক নাই, বাঁধ বন্দী-টন্দি নাই, সুতরাং সার যে দেবেন, সে সার কোথায় দেবেন, সমস্ত কিছু তো ভেসে চলে যাবে। কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এসব দিকে আকর্ষণ করি।

আর একটা মজার কথা—আমি আমার কনষ্টিটিউয়েন্সীতে গেছলাম, সেখানে দেখে এলাম, ঠিক এই সময়ে চাষীদের কাছ থেকে মাল আদায় করবার জন্য সার্টিফিকেট জারী করা হয়েছে। এই আষাঢ় মাসে এতদিন বাদে সামান্য জল পড়ল, ওরা মাল খাজনা আদায় করতে পারছে না, ঠিক এই সময় কাঁথি থানার ১৭।১৮।১৯ নং ইউনিয়ন-এ বহু সার্টিফিকেট করে মাল ক্রোক আরম্ভ হয়ে গেল। চাষীকে স্বাবলম্বী করে তুলতে হ'লে যাতে সে সহজে ঋণ পায় তার ব্যবস্থা আপনাকে করতে হবে। এবং সে ব্যবস্থার জন্য আপনারা এক-একটা ইউনিয়ন-এ মাত্র ১২।১৩ শ' টাকা পাঠিয়ে দিচ্ছেন, তাতে মাত্র তারা কেউ কেউ ২৫।৩০ টাকা করে পায়। এতে কি কিছু হয়? শহরে যাতায়াত করতেই তো তার অর্দ্ধেক টাকা খরচ হয়ে যায়। আর চাষী যে ধানটুকু পায় তা সে বেচে শেষ করে ফেলে এবং চাষে নামবার পূর্ব্বেই তার ঘরে খোরাক ফুরিয়ে যায়। কাজেই মফঃস্বলে গ্রেন ব্যাঙ্ক করে তাদের যদি ফসল দেওয়ার ব্যবস্থা না করেন, সে কাজ করার সময়, চাষে নামবার সময় যদি খাদ্যের বিষয়ে স্বাবলম্বী হতে না পারে বা নিশ্চিন্ত থাকতে না পারে, সে কৃষির কাজে মন দেবে কি করে? আমি আশা করি এ বিষয়ে কৃষিবিভাগ লক্ষ্য রাখবেন এবং যাতে চাষীরা ভালভাবে কাজে লাগতে পারে, নিজের ঘরে খোরাক রেখে তার ব্যবস্থা এরা করবেন।

তারপর শিক্ষা বিষয়ে আমি গুটিকয়েক কথা বলতে চাই। আমাদের মেদিনীপুরের যে স্কুল বোর্ড, যাদের হাতে প্রাইমারী শিক্ষার ভার, এ বোধ হয় শুধু মেদিনীপুর কেন সব জায়গার স্কুল বোর্ড সম্বন্ধে খাটবে, সে কথা কিন্তু আমি মেদিনীপুরের ব্যাপার নিয়েই বলছি। মেদিনীপুরের স্কুল বোর্ড-এ জেলা বোর্ড যে সভ্য মনোনীত করে পাঠায় সেই জেলা বোর্ডের বহুদিন হয় টার্ম ফুরিয়ে গেছে। ৯ বছর হয়ে গেল। ইউনিয়ন বোর্ড থেকে যে-সব মেম্বার ইলেক্টেড হয়ে যাচ্ছে সেইসব ইউনিয়ন বোর্ডএর টার্মও ফুরিয়ে গেছে। কাজেই স্কুল বোর্ড-এর টার্মও ফুরিয়ে গেছে। অথচ সেই পুরাতন স্কুল বোর্ডকে বসিয়ে রেখে আজ ৯ বছর ধরে তাদের দিয়ে কাজ চালান হচ্ছে এবং তারাই এখন শিক্ষা বোর্ডের প্রাইমারী শিক্ষার যে রীতিনীতি কন্ট্রোল করছে। এখানে কেন যে তাদের পরিবর্তন হচ্ছে না সেজন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই স্কুল বোর্ড-এর নির্বাচন হওয়া উচিত এবং নূতন নির্বাচিত বোর্ডের হাতে শিক্ষার ভার দেওয়া উচিত। তারপর এই যে প্রাইমারী স্কুলগুলো, তাতে আগে একটা ম্যানেজিং কমিটি ছিল এবং তারা, শিক্ষকরা প্রকৃত কাজ করছে কিনা, পড়াচ্ছে কিনা, ছেলেদের এসব তারা দেখত এবং শিক্ষকরাও তাদের ভয় করত, কারণ তারা ছাত্রদত্ত বেতন পেত। এখন ছাত্রদের কাছ থেকে বেতন পায় না, আর

ম্যানেজিং কমিটিও নাই। কাজেই এখন খুব সুবিধা হয়েছে, তাদের পক্ষে এখন কেয়ারই করে না কোন গার্জিয়ানদের। পড়াশুনা করে না, রাজনীতি করে বেড়ায়। এই গত নির্বাচনে আমরা দেখেছি—কি করে অন্ততঃ আমাদের মেদিনীপুরে স্কুল বোর্ড-এর আণ্ডার-এ যে-সমস্ত শিক্ষক, তারা কিভাবে নির্বাচনে ঘুরে বেড়িয়েছে। এসবের আমরা প্রমাণও পেয়েছি। এবং এখনকার যে বোর্ড-এর সভ্য তার অধিকাংশ কংগ্রেসী সভ্য, তারা নিজেদের নির্বাচনের কাজে তাদের ব্যবহার করেছেন, এ-কথা বহুবার এই হাউস-এ আলোচনা হয়েছে। কাজেই আমার মনে হয় সেখানে ম্যানেজিং কমিটির একটা ভাল ব্যবস্থা করা উচিত। এবং সেই ম্যানেজিং কমিটির উপরে, শিক্ষকদের খবরদারী দেওয়া উচিত। স্কুল বোর্ড এ্যাপয়েন্ট করবে ট্রান্সফার করতে পারবে কিন্তু শিক্ষকরা ঠিকভাবে কাজ করছে কিনা তা দেখবার ভার দেওয়া উচিত ম্যানেজিং কমিটির উপর। আর প্রাইমারী ছাত্রদের একটা কম্পিটিটিভ পরীক্ষা ছিল, সেন্টার পরীক্ষা বলত—এখন সেটা তুলে দেওয়া হয়েছে। প্রত্যেক স্কুলই সারা বছর না পড়িয়ে সব ছেলে পাশ করেছে বলে পাঠিয়ে দিচ্ছে। তার ফল দাঁড়িয়েছে কি? প্রাথমিক যারা পাশ করল, উচ্চ প্রাথমিক—ভাল করে চিঠি পর্যন্ত লিখতে পারে না, রামায়ণ-মহাভারত পড়তে পারে না। এ জিনিষটা দাঁড়িয়েছে এবং শিক্ষকদেরও বলবার কিছু উপায় নাই, তারা ফাঁকি দেয়, কারণ তারা আর বেতন দেয় না, বেতন দেয় গভর্নমেন্ট। কাজেই আমার মনে হয় আগে সেই যে একটা কম্পিটিটিভ পরীক্ষা ছিল, সেন্টার পরীক্ষা, সেইটে চালু করে দেওয়া উচিত। তারপর সেকেণ্ডারী স্কুল সম্বন্ধে এটুকু বলতে চাই, যখন আমরা বালিকাদের শিক্ষার জন্য পৃথক স্কুল করতে পাচ্ছি না, তখন আমাদের বালিকাদের শিক্ষা এই স্কুলে দুই শিফ্‌টেই হোক্, ছেলেদের-মেয়েদের কিংবা সহশিক্ষায় তাদের পড়াশুনার ব্যবস্থা করে দেওয়া উচিত।

তারপর সেকেণ্ডারী এডুকেশন বোর্ড, তারা গ্র্যাণ্ট-ইন-এড-এর টাকা পাঠাতে অত্যন্ত বিলম্ব করেন। তারা সেখানে শিক্ষক-শিক্ষয়িত্রী কি করে বেতন পাবে সেদিকে তাদের লক্ষ্য নাই। তারা নিজেরা যদি এক মাসের বেতন না পান তাহলে কি করে নিজেদের সংসার চলে তারা সেটা কি উপলব্ধি করেন না? আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের এদিকে দৃষ্টি আকর্ষণ করে বলছি, তাদের যে গ্র্যাণ্ট যায় সেটা যাতে নিয়মিতভাবে যায় সেটা যেন তিনি দেখেন। তারপর কিছুদিন পূর্বে, বছর তিনেক পূর্বে সেকেণ্ডারী এডুকেশন বোর্ড একটা এডুকেশনাল টুর-এর ব্যবস্থা করেছিলেন, এক্সকার্শন-এর মত দাক্ষিণাত্যে যাওয়ার জন্য এবং সেটার সমস্ত কিছু ব্যবস্থা হয়ে গেছল কিন্তু কর্মকর্তাদের পরিকল্পনার ত্রুটিতে সেটা শেষ মুহূর্তে পরিত্যক্ত হয়। কিন্তু ভারতবর্ষের অন্যান্য জায়গায় এইসব এডুকেশনাল এক্সকার্শন হচ্ছে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকার সেই যে তিন বছর আগে একটা পরিকল্পনা করে, সেই যে সেটা ফস্কে গেল তারপর সেটা করবার আর কিছু হচ্ছে না, অথচ এটা ছাত্রদের পক্ষে একটা খুবই ভাল পরিকল্পনা। দেশবিদেশে ঘুরে ছাত্ররা অনেক কিছু শিখতে পারে এবং অন্যান্য প্রদেশে ভারতবর্ষের যে জিনিষ হচ্ছে সেটা যাতে এখানেও হয় সেদিকে মাননীয় মন্ত্রীমহাশয় যেন লক্ষ্য দেন। এদিকে আমাদের কলেজ এডুকেশনও কি স্তরে এসেছে দেখুন। আমাদের হাতে পাবলিক সার্ভিস কমিশন-এর যে বইটি দেওয়া হয়েছে তাতে দেখছি তাতে বলছে—

"In their reports on the quality of answers at the West Bengal Ciyil Service Examination examiners in almost all subjects have observed that the grasp of subject-matter was generally poor.

তরাপর বলেছিলেন—

The standard of English written by candidates was also very low. In short, candidates evinced lack of independent thinking and also of command over expression.

আর এখানে বলছেন—

Comparison of the results of the West Bengal Civil Service (Executive) and allied services examination held during the last three years reveals a progressive deterioration in the average quality of candidates offering themselves at these examinations."

কি হচ্ছে তাহলে? মন্ত্রীমহাশয় এদেশের শিক্ষা একটু দেখুন ভাল করে। বি, এ পাশ একজন গ্র্যাজুয়েট একটা দরখাস্ত ভাল করে লিখতে পারে না, তার মধ্যে ৪টি ভুল বেরোয়। আমার আমার সময় হয়ে এসেছে। আমি এখন বিচার বিভাগ সম্বন্ধে দুটো কথা বলে আমার

বক্তব্য শেষ করবো। মাননীয় শ্রীযুক্ত রায় হাই কোর্ট-এর কয়েকটি ফিগার দিয়ে তিনি বল্লেন সিভিল কোর্ট-এ বিচার আমাদের আরম্ভ হয়ে গেছে। কিন্তু তিনি জানেন না, বোধ হয় হিন্দু ম্যারেজ এ্যাক্ট যা হয়েছে, সেই আইন মাত্র এক বছর চালু হ'ল, অথচ মেদিনীপুরে ৮০০ কেস এরই মধ্যে ফাইল্ড হয়েছে। একটি কেসেও হাত দেওয়া হয় নি। যেখানে ২,০৪৫ কেস স্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট-এ ফাইল্ড হয়েছে, তার একটিরও বিচারে এখনও হাত দেওয়া হয় নি। কাজেই ডাইভোর্স-এর সামান্য একটি নোটিফিকেশন—গত বছরও আমি বলেছিলাম—স্টেট গভর্নমেন্ট যদি দেন তাহলে মফঃস্বলের যেসব সিভিল কোর্ট অর্থাৎ মুনসিফস্ কোর্ট তারাই এসব বিচার করতে পারে—এইসব ডাইভোর্স পিটিশন-এর। তারা মুসলমানের ডাইভোর্স অর্থাৎ তালাকের বিচার করতে পারে কিন্তু হিন্দু ডাইভোর্স পিটিশন-এর তারা বিচার করতে পারে না। এটা ডিস্ট্রিক্ট কোর্ট ছাড়া হবে না। অথচ সেখানে ৮০০ কেস জমা হয়ে আছে অথচ তার একটিরও বিচার হচ্ছে না। রেজিস্ট্রেশন এ্যাপীল আগে মফঃস্বলে হ'ত, এখন সেগুলো সাব-জজ না হ'লে হবে না, সেই মেদিনীপুরের রেজিস্ট্রেশন এ্যাপীল করার কারও উপায় নাই। কাঁথি, তমলুক এরকম অনেক মহকুমা আছে, সেখানে একটা সাব-জজ করে দিলে মানুষ সহজে-সুলভে বিচার পেতে পারে কিন্তু আমাদের ওখান থেকে ৭০ মাইল ৬৮ মাইল দূরে মেদিনীপুরে গিয়ে, সাক্ষী প্রমাণ নিয়ে গিয়ে সে সব করা কত কষ্টকর ভেবে দেখুন একটা সাধারণ লোকের পক্ষে। স্পীকার মহাশয়, আমি আপনার মারফৎ মন্ত্রীমহাশয়ের নিকট আবেদন করছি এবং আশা করি মন্ত্রীমহাশয় হিন্দু ম্যারেজ এ্যাক্ট-এর সামান্য যে নোটিফিকেশনটুকু, তার ব্যবস্থা করবেন, যাতে মফঃস্বল কোর্ট-এই তার বিচার হতে পারে।

[7-10—7-20 p.m.]

Sj. Ram Shanker Prasad :

स्पीकर महोदय, मैं Scheduled Castes और Scheduled Tribes के संबन्ध में जो खर्चा होता है उसके बारे में मंत्री महोदय की दृष्टि आकर्षित करना चाहता हूं। Scheduled Castes के problem को जिस दृष्टिभंगी से देखा जा रहा है उससे उनके अन्दर एक sectarian भाव पैदा होने जा रहा है और डर है कि राष्ट्र और जाति के लिए यह एक खतरे का सुयोग हो सकता है।

दूसरी बात यह कहना चाहता हूं कि उनलोगों के लिए जो खर्चा दिखाया जाता है उसका ठीक तौर से इस्तमाल नही होता है और वह उनके शिक्षा-दीक्षा के लिए काफी इन्तजाम नहीं है। खास करके Scheduled Castes और Scheduled Tribes के जो किसान हैं या खेती के मजदूर हैं या artisan हैं उनका income बहुत low है खेती के मजदूरों का सबसे low income है और उसके साथ साथ समाजिक अत्याचार भी है जिसके कारण वे आगे नहीं चल सकते हैं तथा अपने बच्चों को शिक्षा नहीं दे सकते हैं। सरकार को चाहिए कि इसकी तरफ ध्यान दें और इसका समाधान करें।

Scheduled Castes और Scheduled Tribes को stipend देने के लिए जो रुपया निकाला जाता है वह खर्चा न हो कर पड़ा रहता है। Book grant के लिए scholarship के लिए हजारों दर्खास्त Department में पड़ा हुआ है जिसके ऊपर निगाह नहीं दी जाती है, कोई विचार नहीं होता है और इस तरह से Scheduled Castes और Scheduled Tribes के लोगों को उनके हक से महरूम रखा जाता है। जो लोग बड़ी मुश्किल से पढ़लिख सकते हैं और उन्नति करते हैं उनको service नहीं मिलती है गरचे सरकार कहती है कि उनके लिए service में reservation है। सरकार और मंत्री बड़ी बड़ी लम्बी चौड़ी नीति की बातें करते हैं मगर जब काम का समय आता है तो इन लोगों को उनके हक से महरूम किया

जाता है। सरकार की यह नीति खराब है वह कहती कुछ है और करती कुछ है। दूसरे जो लोग देहात में पड़े रहते हैं, गरीब होने की वजह से, उनके समाज में school बहुत कम हैं। इसलिए हम आशा करते हैं कि माननीय मंत्री महोदय इस तरफ विचार करेंगे और उन इलाकों में High Schools और Primary Schools का इन्तजाम करके उनको आगे बढ़ाने की कोशिश करेंगे। दूसरी बात यह है कि उनके लिए कलकत्ता में एक छात्र hostel था वह भी उठा दिया गया है। Medical, Engineering में जो reserve seat था वह भी उठा दिया गया है। हम नहीं समझते हैं कि यह किस तरह की सेवा है, किस तरह सरकार Scheduled Castes और Scheduled Tribes की सेवा करती है? जो उन लोगों की Cottage industry है उसके लिए marketing facilities नहीं दिया जाता है। इस तरफ सरकार को देखना चाहिए क्योंकि vested interest की वजह से उन लोगों को काफी क्षतिग्रस्त होना पड़ता है।

जो लोग municipal towns की बस्तियों में रहते हैं उनके drinking water और sanitation के इन्तजाम बहुत खराब है। खास करके Tiljala और Dhapa के इलाके में पानी और sanitation का इन्तजाम बहुत खराब है। आखिर में मैं कहना चाहता हूं कि यह जो कर्जा लेते हैं इन लोगों को बहुत ज्यादा सूद देना पड़ता है जिसकी वजह से उनका जीवन सूदी-किश्तीवालों के हाथ में जकड़ा हुआ रहता है। इसके लिए सरकार को कुछ करना चाहिए और Scheduled Castes और Scheduled Tribes के ऊंचे Education में बहुत सी बाधायें हैं इसको हटाने के लिए सरकार को कोशिश करनी चाहिए।

Sj. Bankim Mukherjee: Sir, I have got a few suggestions to make. In the Lok Sabha they have introduced certain booklets published by the Lok Sabha which give working expenses and other expenses. So, if this practice is followed by this House that would help the members as well as the Ministers. If we get these beforehand with the Budget various booklets for each department showing the administrative work and the expenditure that would help us. The Lok Sabha has introduced this. Details I may write to the Chief Minister if he accepts my suggestions. Secondly, I have stated in the March debate that a thanawise expenditure of the various works done for public such as education, road, water supply etc. might be given which would help us in understanding how public are benefited. Thirdly, we want balance-sheets from the various semi-Government or Government concerns before the Budget discussion takes place. Another thing is this that wherever the State Government have a major share or have a large amount the Auditor General must have access to the accounts—audited accounts of those concerns. The last one is that we, members of this Assembly, are asked to appropriate grants and so we must have a chance to go and see and inspect the various works that are being conducted by the State. Members who are interested should be given facilities to go and see the works. These are the few suggestions that I make and I hope that the Finance Minister will approve.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, in discussing the Appropriation Bill some members have approached the problems as if they were considering the demand for each individual department. Some has spoken about the hawkers' corner, some has spoken about the fishery, about the irrigation, about distribution of seeds, about the distribution of fertilisers, etc. Some has spoken about the law affecting the labour position and even some has suggested some arrangement about the divorce law and so on. It is not possible nor am I in a position to answer these points raised

by the different friends of this House. All I can say is that they must have repeated these things when they were discussing various demands and at the time of the Appropriation Bill I feel it very inappropriate to reply to them. My friend, Shri Sudhir Ray Choudhuri, in his usual mood, has spoken about corruption, and nepotism everywhere. I take no responsibility for giving answer to the points he has raised because I am not in a position to give any answer.

[7-20—7-30 p.m.]

With regard to the speech of Shri Jyoti Basu, it was a surprise approach and I was very grateful to him for the suggestions he has made although I may not agree with the suggestions or with the plan for implementation. I will try to answer his points of view as far as I can. Before doing so, however, I find that he has repeated—what has been said on several occasions—the judgments of the High Courts of Calcutta and Bombay about the applications made by different companies for giving money to different political parties, apart from the fact that in one case—I read—in Bombay it was stated that the company had paid a lot of money to the P. S. P.—whether that is true or not I do not know. My first point is that it is true that they have said that they are going to pay money to political parties, but who knows—their paying agents may pay to any party they like, if they find that the party to whom they pay would be able to give them something in return. The second point is, as if the Government has anything to do with it. Government has nothing to do with the application of the individual business concern to the High Court for allowing them to make this donation. But I find the High Court Judges have insisted upon certain formalities to be observed. The High Courts have reailsed that it is in the power of the shareholders to do anything they like with their money provided it is not unlawful. But what has Government got to do with it? It may be said that they want to pay money to the ruling party. Where have they said so? It is my information that in at least one case money was paid to the P. S. P.—whether that is true or not I do not know. The court has given the judgment. Everybody accepts the judgment. The ruling party never told the High Courts "please do not give this judgment, because the money is to come to me". After all they went to the High Court; the High Court considered the case and gave the judgment. There is no point in trying to surmise from that—as my friend Shri Jyoti Basu has done—that it makes me an agent of Birla or Martin Burn.

As regards the oft-repeated statement that because a man takes help from a particular capitalist, it is bad and should be tabooed. I know Kerala has asked several big capitalists to come and start industries in Kerala. Shall I condemn them? I hope not, because after all you want to develop the country and to do so it is imperative that you get help from every quarter. I know that offer has been made—to whom, I know also—and for what purpose, I know also. So the less said the better.

On one point I entirely agree with Shri Jyoti Basu—when he says do not whittle down the Five-Year Plan. There have been forces at work at different places which want either to whittle it down or to extend it to 6 years and so on. I am not a defeatist. We have put up a programme of a particular type and we have asked the Planning Commissin to accept it. With the Planning Commission are associated members of the Central Ministry. We have laid down the Plan. It is true that the offer that was made by the Central Government in the first instance for giving help to carry out the Five-Year Plan in Bengal had to be whittled down. The point is that while I understand my difficulties it is only fair and proper

that you understand other people's difficulties also. Therefore I say if it is not possible to get 153 crores we shall try with less if necessary. But I have still to see that we get more resources for carrying out the Second Five-Year Plan.

Then about the question how to increase the resources, as I have already said in the House we do not propose—as has been proposed in several other States, even in Kerala—that we should increase taxes. (Shri JYOTI BASU: Tax on the rich.) Where the incidence of tax falls is immaterial today—because you may tax tea or the coffee garden owners and put a surcharge on agricultural tax, but does that tax merely involve those men? I do not think so. Today economy is such that the moment that tax is given to one place it spreads out among the large number of people and even the poorer people who drink tea or coffee are not exempted. So it is no use hiding your head in the sand. The taxes had to be introduced to increase the resources. My friend says let us consider it—how can we increase the resources without perhaps taxing—except probably he felt about the tea garden. That has to be considered also. He says the present system makes the rich richer. My friend Shri Somnath Lahiri quoted the figures of profit of the different companies in 1954—but does he not realise—do they not realise where we are going to? What is the Central Government going to do with regard to this? Have they not realised that there are income-tax, wealth tax and expenditure tax. It is possible that you may alter the scheme of things but the principle is there that you do not want the rich to be richer. Why do you repeat that sentence all the time knowing full well that the country is going the other way? It may be that in respect of all these taxes there will be some tax-evaders. The Indian Penal Code was drafted a hundred years ago but still there are thieves and robbers going about. By legislation you cannot stop it altogether. It is not a correct statement to make that the present trend is to make the rich richer.

The next thing is nationalisation, which is very essential in some respects. We have to consider what are the objects that we have to nationalise. We have started in a very small way—we have started nationalising the transport, the milk supply, silk reelers co-operative, deep-sea fishing and so on. Simply by saying that I am nationalising you do not really improve the financial condition of the country immediately—it takes some years to do it. We have had experience in our State that for the first three or four years we have to find our way about. The men running the industry know where to get the raw material at the cheapest price, where to get the proper type of men to do the processing—they have learnt by experience what are the markets that they can capture. Therefore for their own profit they are able so to arrange the matter that they can make money out of it. To think that because they have done so the State organisations will be able to do the same thing—that the State organisations will be able to do the same thing without preliminary loss for a certain period of time is not correct—I doubt it.

[7-30—7-40 p.m.]

My problem today is how to find money today, tomorrow and the next three or four years. Therefore, simply nationalisation will not help our positions so far as I am concerned. He said—why not take over the British concerns? As far as I know, I happen to keep in touch with these concerns—most of the concerns that used to be British, the shareholders today are—they may not be of Bengal, they may be the people from other States but the shareholders are in a majority of cases Indians. Probably their managing agencies still remain European. We have got to

The Hon'ble Iswar Das Jalan: If it be within my power, otherwise not.

Sj. Chitto Basu:
ব্রিকফিল্ড ওনারদের সংগঠন আছে কি?

The Hon'ble Iswar Das Jalan: Yes, there is.

Sj. Chitto Basu:
তার সভাপতি কে?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice.

Sj. Chitto Basu:
সেই অ্যাসোসিয়েশানএর সংগে আলোচনা করা যেতে পারে কি?

The Hon'ble Iswar Das Jalan: That is a hypothetical question. cannot answer.

Sj. Provash Chandra Roy:
মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, ২৪-পরগনার জেলা বোর্ডের অ্যাডমিনিস্ট্রেটর এই আইন ভংগ করে ব্রিক ফিল্ড তৈরী করার জন্য নির্দেশ দিয়েছেন?

The Hon'ble Iswar Das Jalan: I have no information.

Sj. Provash Chandra Roy:
মন্ত্রীমহাশয়ের দৃষ্টি গোচরে আনলে উপযুক্ত ব্যবস্থা করতে প্রস্তুত আছেন কি?

The Hon'ble Iswar Das Jalan: Well, I will consider it when it comes to me.

Sj. Gopal Basu:
বালিগড়া গ্রামে যে পাট মিল আছে তাঁরা লাইসেন্স না নিয়েই মিল চালাচ্ছেন?

The Hon'ble Iswar Das Jalan: All this information does not come to us. These are matters for local bodies to decide.

Sj. Gopal Basu:
মন্ত্রীমহাশয় জানেন কি মিলগুলি যেভাবে চালাচ্ছে, তাতে গ্রামের কোল ভেংগে নিচ্ছে?

The Hon'ble Iswar Das Jalan: I have no information on this point.

Adult franchise for election to local self-government institutions

***21.** (Admitted question No. *24.) **Dr. Abu Asad Md. Obaidul Ghani:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state if it is a fact—

(*i*) that about two years back Government of West Bengal set up a Committee to consider the question of introducing universal adult franchise for election to the local self-government institutions of West Bengal; and

(*ii*) that the said Committee have recently submitted their findings and recommendations to the Government?

(*b*) If the answers to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what are the findings and recommendations of the Committee on the question of universal adult franchise for election to the local self-government institutions?

The Minister for Local Self-Government (The Hon'ble Iswar Das Jalan): (*a*)(*i*) Yes.

(*ii*) No.

(*b*) Does not arise.

Sj. Dhirendra Nath Dhar:
দুই বৎসরের মধ্যে কতকগুলি সভা হয়েছে?

The Hon'ble Iswar Das Jalan: There was one meeting of this Board and it was decided to collect information from all the other States as to what they have done and what machinery they have adopted in order to introduce adult franchise.

Implementation of provision of the Panchayat Act, 1956

***22.** (Admitted question No. *209.) **Dr. Kanailal Bhattacharjee:** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(*a*) when Government contemplate to give effect to the provisions of the Panchayat Act, 1956; and

(*b*) if it is a fact that Union Board elections in the district of Howrah will be held within this year?

The Minister for Local Self-Government (The Hon'ble Iswar Das Jalan): (*a*) From the current year.

(*b*) No decision has yet been made with regard to the areas outside the Development Blocks to be covered by the Panchayat.

Dr. Kanailal Bhattacharjee:
মন্ত্রীমহাশয় জানাবেন কি, পঞ্চায়েৎ এ্যাক্ট এফেক্ট দেবার প্ল্যানে উইথ এফেক্ট ফ্রম দি কারেন্ট ইয়ার সমস্ত ওয়েস্ট বেঙ্গলএ একসঙ্গে এফেক্ট দেওয়া হবে?

The Hon'ble Iswar Das Jalan: No, at present we are considering to have panchayats in those areas in which there are development blocks. There will be 584 Anchal Panchayats in this area. That is our programme.

Dr. Kanailal Bhattacharjee:
জবাবটা ঠিক পরিষ্কার হল না—এন, ই, এস, ব্লক, কমিউনিটি ডেভেলাপমেন্ট প্রজেক্ট, যে যে এলাকা আছে পশ্চিমবঙ্গে সমস্ত এলেকায় এক সঙ্গে এই বৎসরে এফেক্ট দেওয়া হবে?

The Hon'ble Iswar Das Jalan: No, that I cannot say. We are establishing 584 Anchal Panchayats in those areas in which there are development blocks. It may be that it does not cover the entire development block area.

Sj. Chitto Basu: Simultaneously?

The Hon'ble Iswar Das Jalan: Yes, before the 1st March it will start.

Dr. Kanailal Bhattacharjee:
এই যে—
"(b) No decision has yet been made with regard to the areas outside the Development Blocks"
তাহলে কি কিছুই হবে না?

Mr. Speaker: Question-time over. The rest of the questions are held over till tomorrow.

[4--4-10 p.m.]

MESSAGE.

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following message has been received from the West Bengal Legislative Council, namely:—

"Message

The West Bengal Appropriation (No. 2) Bill, 1957, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 3rd July, 1957 and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make.

CALCUTTA: SUNITI KUMAR CHATTERJI,
The 3rd July, 1957. *Chairman, West Bengal Legislative Council."*

Point of personal explanation.

Sj. Jagat Bose: On a point of personal explanation, Sir,
অধ্যক্ষ মহোদয়, কয়েকদিন পূর্বে এই সভায় মাননীয় সদস্য শ্রীনেপাল রায় আমার সম্বন্ধে কতকগুলি কথা বলেছিলেন। দুর্ভাগ্যক্রমে সেদিনকার সভায় আমি উপস্থিত ছিলাম না। তিনি বলেছিলেন যে জগৎ বোসের মাইগ্রেশান সম্বন্ধে একটা প্রশ্ন আছে। আমি আমার মাইগ্রেশান সার্টিফিকেট উপস্থিত করেছি এবং তাছাড়া এসব ব্যাপারে সংশ্লিষ্ট কাগজপত্র আমি দিয়েছি। ১৯৫০ সালে আমি আমার পরিবারবর্গকে নিয়ে পূর্ববঙ্গ থেকে মাইগ্রেট করি এবং মাইগ্রেশান ডকুমেন্ট আপনার কাছে উপস্থিত করেছি, সুতরাং এই সম্বন্ধে শ্রীযুত নেপাল রায় যা বলেছেন তা অসত্য এবং ভিত্তিহীন। তিনি বাজেটের কোন খাতে কি আলোচনা করেছিলেন তার খবর কাগজ দেখে বুঝতে পারি নি। আমার পক্ষ থেকে শ্রীজ্যোতি বোস মহাশয় এ

সম্বন্ধে প্রিভিলেজ কমিটি দাবী করেছিলেন, কারণ আমার উপর ব্যক্তিগত আক্রমণ হয়েছে। আমিও আপনাকে অনুরোধ করি যে এই ব্যাপার প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক। এতদিন আমি চুপ করে ছিলাম, বিশেষ কিছু বলি নি যেহেতু এই সমস্ত দলিলপত্র দাখিল করেছি, সেজন্য আমি আপনার রুলিংএর অপেক্ষায় ছিলাম। স্পীকার মহাশয়, আমি রিফিউজী এই প্রমাণপত্র হিসাবে একটি মাত্র দলিলই আছে, দুখানা নয় এবং দুসময়েরও নয়, যে কারণে সে কথা নেপালবাবু বলেছেন। ১৯৫০ সালের পূর্বে এখানে আমার কর্মস্থল ছিল, কিন্তু আমার পরিবারকে মাইগ্রেট করাতে হয় ১৯৫০ সালে, আমি তাই করেছি। কাজেই এর মধ্যে দুর্নীতি বা অন্য রকম কোন ব্যাপার দেখতে পাই না। সুতরাং এ সম্বন্ধে নেপালবাবুর মন্তব্য সম্পূর্ণ অসত্য এবং উদ্দেশ্য প্রণোদিত বলে মনে করি। আপনি যদি বলেন তো আমি পরিপূর্ণ বিবরণ হাউসএর সামনে উপস্থিত করতে পারি।

Reference of the matter of complaint of Shri Jyoti Basu to Committee of Privilege.

Mr. Speaker: Mr. Bose, before I read out my directions I would like to tell you and the honourable members of this house that it is quite true that I took time to consider the papers which were filed on your behalf. After papers were filed on your behalf, papers were also filed on behalf of Sj. Nepal Chandra Roy. I have gone through them. It was the desire of the Leader of the Opposition that the matter should be referred to the Privilege Committee, and I might make it plain to every member of the House that also Sj. Nepal Roy wanted it to be referred to a Committee of Privilege. Under the circumstances I am acceeding to the wishes of both sides and the Privilege Committee will decide whether there has been any breach of privilege. I am deliberately not giving my own views lest it might prejudice your case or prejudice the case of the other side. The order is in this form: that the matter of complaint of Sj. Jyoti Basu that Sj. Nepal Roy, a member, has cast aspersion upon another member Sj Jagat Bose in his speech on the Demand for Grant No. 39 on 26th June, 1957 and his request that Sj. Nepal Roy be asked to substantiate his allegations be referred to the Committee of Privilege for enquiry and report; that the Committee shall have power to call for and hear evidence connected with the matter referred to it; that the quorum of the Committee be fixed at five members.

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, yesterday I have received a copy of letter from Sj. Amiya Chakrabarty, the Principal of a College. That letter, it seems, has been addressed to you also because I have received a copy of that letter.

Mr. Speaker: I have not received the letter.

Sj. Jyoti Basu: In that letter this gentleman, the Principal of the College, whose name was also mentioned in this House by Sj. Nepal Roy wants redress because he has been villified on the floor of the Assembly. I do not know whether you have replied to him or not or what protection you can give him in this connection.

Mr. Speaker: I have not received that letter as I have already said and I can assure you that no sooner the letter reaches me proper steps will be taken whatever it is.

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, গতকাল কোয়েশ্চন আওয়ারএ মাননীয় কালীপদ মুখোপাধ্যায় এক প্রশ্নোত্তরে বেতিয়া রিফিউজী সম্বন্ধে ৬ নম্বরের উত্তরে তিনি বলেছিলেন যে হাওড়ায় বেতিয়া রিফিউজীরা যখন শোভাযাত্রা করে আসছে তখন পুলিস বাধাদান করে নি এবং এ

সম্পর্কে আমার নাম উল্লেখ করে বলেছিলেন যে, আমি তাদের ফিরিয়ে নিয়ে গেছলাম, সেখান থেকে সেই রাস্তা থেকে। একথা সম্পূর্ণ অসত্য। পুলিস সেখানে কোর্টএর সামনে হাওড়ায় যে শোভাযাত্রা যাচ্ছিল কোন ১৪৪ ধারা না থাকা সত্বেও বেআইনীভাবে আটকে রেখেছিল, এ সম্পর্কে সেখানে এস,পি, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে নিজে বলেছিলাম যে যেহেতু সেখানে কোন ১৪৪ ধারা নাই সেখানে তাদের আটকে রাখা যায় না, সেখানে সেই শোভাযাত্রাকে প্রায় দু ঘন্টা আটকে রাখা হয়।

Mr. Speaker: Are you giving a personal explanation? You must confine yourself to matters so far as they concern you. Nothing beyond that.

Sj. Apurba Lal Majumdar:
আমার সম্পর্কে উনি যে কথা বলেছেন সে কথা সম্পূর্ণ অসত্য, ভিত্তিহীন।

Mr. Speaker: I do not think you are entitled to come to any conclusion whether it is true or untrue. You say what you have got to.

Sj. Apurba Lal Mazumdar:
এটা অসত্য ও ভিত্তিহীন এ কথাই জোরের সংগে বলছি।

The Hon'ble Kali Pada Mookerjee:
আপনার সম্বন্ধে ও কথা বলা হয় নি, বলা হয়েছিল আপনি সেখানে অপেক্ষা করছিলেন।

Mr. Speaker: I cannot allow a debate on this matter. You have given your personal explanation and that is all.

Sj. Hemanta Kumar Basu:
আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে একটা সংবাদ জানতে চাই যে, আমি কালকে অ্যাপ্রোপ্রিয়েশান বিলএ বক্তৃতার সময় বলেছিলাম যে, নদীয়া মুর্শিদাবাদে পাকিস্তানীদের অনবরত হামলা চলছে। আজকে খবরের কাগজেও এ সম্বন্ধে সংবাদ বেরিয়েছে। এ সমস্ত বন্ধ করবার জন্য স্বরাষ্ট্র মন্ত্রী কিছু ভাবছেন কি না?

The Hon'ble Kalipada Mukherjee:
যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে এবং হবে।

GOVERNMENT BILL.

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to introduce the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957.

(Secretary then read the title of the Bill.)

Mr. Speaker: Next motion.

Sj. Deben Sen: Sir, I beg to oppose the introduction of the Bill.

Mr. Speaker: Mr. Sen, the introduction stage is over. It was published in the official gazette.

Sj. Deben Sen: Sir, I beg to oppose the introduction.

Mr. Speaker: You cannot. There is no motion before the House for passing the introduction. It is covered by the rules.

[4-10—4-20 p.m.]

Sj. Deben Sen: The rules do not say that if the Bill is published in the gazette, we cannot oppose introduction of it here. I beg to oppose introduction of the Bill.

Mr. Speaker: In the Bill at the bottom the last three lines read "Published under rule 48 of the West Bengal Legislative Assembly Procedure Rules in the *Calcutta Gazette, Extraordinary*, dated the 21st May, 1957". Rule 48 of the West Bengal Legislative Assembly Procedure Rules says, "The Governor may order the publication of any Bill in the Gazette, although no motion has been made for leave to introduce the Bill. In that case it shall not be necessary to move for leave to introduce the Bill". It has been published in the *Gazette* and no leave has been asked for by the Hon'ble Minister to introduce the Bill. Mr. Sen, you asked the self-same question when you saw me this morning and I drew your attention to the rule. If you look into it you will find that you cannot oppose it at the introduction stage.

Sj. Canesh Ghosh: What you said is being contradicted by the Order Paper. There it is mentioned "The West Bengal Requisitioned Land (Continuance of Power) (Amendment) Bill, 1957 (Introduction, Consideration and Passing)".

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, may I submit that there are really two stages of which the first is leave for introduction of the Bill. That is the ordinary procedure. Supposing no Bill had been published in the *Calcutta Gazette*, the constitutional position is that the member will move for leave to introduce the legislation and in that case that leave may be opposed. Rule 48 of the Assembly Procedure Rules dispenses with the motion for leave to introduce the Bill when it has been published in the *Gazette*. The honourable member merely introduces the Bill and there is no question of moving for leave to introduce it and there is no question of debate on that formal introduction. I may also tell this House that this question had been debated long long time ago, as a matter of fact even before the introduction of the 1937 Reforms once in this House when Sir Henry Cotton was the Chairman. Then the introduction of the Bill was opposed. When I was in the Opposition I tried to oppose introduction even where a Bill was published in the *Gazette* and I remember the then Speaker giving a specific ruling that that motion is not admissible. When this Bill has been published in the *Gazette*, when I have not sought for leave to introduce this Bill and I have merely introduced the Bill there can be no opposing of the introduction of the Bill. Any debate that will take place will take place on the second motion, namely, that the Bill be taken into consideration.

Sj. Deben Sen: The language is that "It shall not be necessary to move for leave to introduce the Bill"; it does not mean that it shall not be introduced. It is in the discretion of the Speaker and if he thinks fit the Speaker can allow opposing of the introduction of the Bill; he can allow the Opposition to say what they have got to say.

Mr. Speaker: As at present advised I am against it at the introduction stage.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957, be taken into consideration.

The honourable members will remember that in 1951 the House had passed the West Bengal Requisitioned Land (Continuance of Powers) Act. The main purpose of the Act was to continue even after the end of the war under requisition lands that were requisitioned under the Defence of India Act under certain conditions. I need not repeat the provisions that were enacted under that legislation. The members are conversant with the provisions, otherwise I am sure my honourable friends opposite would not have jumped up and opposed the very introduction of this small amending Bill. As a matter of fact this Bill is long before the public and this Act needs no detailed exposition. The main purpose of this amending Bill is to continue the powers that this Act has given us for a few more years. Now a question that can be legitimately put is and I know that that question is really agitating the minds of the members opposite that it is practically 9 years after the war and why should these lands still be under requisition or not finally acquired. I quite appreciate the anxiety in the minds of the members opposite but the Government are faced with a twofold problem. In some cases where lands were requisitioned under this Act the Government have taken final decision about certain plots of land and they have outright acquired many plots of land which were being held under requisition. In those cases I have seen that many local residents who have been thus ousted are not clamouring for acquisition but for restoration of their old homes and possessions. As Dr. Suresh Chandra Banerjee knows very well there is a strong agitation going on in the Kalyani area not merely for payment of money for land thus acquired but also for restoration. In every area that is going to be acquired or is under requisition there is certainly—and I feel not illegitimately—a demand for restoration of the lands where the local people have been driven out of their hearths and homes. That is one side of the picture. On the other side there is the problem where the Government are considering seriously that they should explore all possibilities of derequisitioning lands whenever any plot of land may be found surplus and as such they cannot take possession. In those cases there has not been acquisition right away but they are holding the lands still under requisition. In those cases I have received complaints and requests that there should a finality in the matter and the lands should be acquired straightaway. Thus the Government are faced with a twofold problem. On the one hand there is demand for outright acquisition and on the other there has been clamour for restoration and not for acquisition right away. In this situation I feel that it would be worth while to continue the powers granted to the Government for three more years and to see after a very careful enquiry that not a single plot that would not be utilised is acquired merely for the fun of it, because it should not be the policy of the Government to drive out local people from their hearths and homes unless the Government are forced to do it. We, therefore, seek to extend the life of the Act which is due to expire this year by a few more years. One of the amendments, I anticipated, says that the Act should end in March, 1958. Even at this stage I submit that decisions cannot be taken so early. I hope that within a period of two years final decision regarding each plot of land would be taken.

[4-20—4-30 p.m.]

You may say that even if you could not make up your mind in these long years, how is it that you will make up your mind in, say, one or two years more? In reply to that question, Sir, I would point out the nature of the difficulties involved. I would like to mention a few places where this Act has been applied, for instance, under this Act we are holding lands in Dhubulia Air-field. Dhubulia Air-field, as you know, is housing a very

large number of refugees. There are certain lands on the fringe of it which are sometimes cultivated by the refugees and which might not be perhaps required. Therefore, Sir, would it be advisable to acquire all these lands where there is even now just a possibility of restoration of lands? Sir, that must be about the land on the fringe but not on the mainland where we have constructed houses and refugee camps and so on. Then again the same sort of story is about the Belgachia plot of land. Then thirdly, there is also a big plot of land near the Bally sea plane base which just gives temporary shelters where the Government have been forced to give shelter to the refugees for the time being. That place, I believe, is not a suitable place for refugee rehabilitation. At least refugee rehabilitation can never take place in those lands which give temporary shelters. Therefore, if the Refugee Department ultimately decides to move out these refugees and to rehabilitate them in a proper manner, would it be worthwhile now to acquire this land straightway and drive out the people who hold that land? I can multiply instances in this fashion. But, I believe, the instances that I have quoted give a sufficient picture of the problems. Therefore, Sir, I submit to this House that the amending Bill which seeks to extend the life of this Act after 1960 be taken into consideration.

Mr. Speaker: Sj. Ganesh Ghosh will kindly move his amendment.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of December, 1957.

Dr. Suresh Chandra Banerjee:
মাননীয় স্পীকার মহোদয়, আমি এই বিলের প্রতিবাদ করতে চাই। মাননীয় মন্ত্রীমহাশয় এই বিলের উত্থাপনের সময় যেসব কথা বললেন এই বিলের পক্ষে, সেসব আমি খুব মনোযোগের সঙ্গে শুনেছি। এই বিলে যা কিছু অসুবিধে হচ্ছে, তারও তিনি উল্লেখ করেছেন। বহু জমি, গত যুদ্ধের সময় সামরিক প্রয়োজনে রিকুইজিশান করা হয়েছিল এবং তাদের বলা হয়েছিল যে, যুদ্ধ শেষ হলে ছয় মাসের মধ্যেই তাদের সেইসব জমি ফিরিয়ে দেওয়া হবে।

The Hon'ble Bimal Chandra Sinha: Are you speaking on a motion. Which motion?

Dr. Suresh Chandra Banerjee: I am opposing the introduction.
তাদের বলা হয়েছিল, এই সব জমি যুদ্ধ শেষ হলে পর ৬ মাসের ভিতর ফেরৎ দেওয়া হবে। তারা অনিচ্ছা সত্ত্বেও বাড়ীঘর ছেড়ে বাস্তুচ্যুত হয়ে বহু কষ্টে জীবন কাটাচ্ছিল, ভেবেছিল, যুদ্ধ শেষ হলে তাদের বাড়ীঘর, জায়গা জমি, তারা ফেরৎ পাবে। যুদ্ধ শেষ হয়ে গেল ৬ মাস চলে গেল, বৎসরের পর বৎসর চলতে লাগল, কিন্তু তারা তাদের বাড়ীঘর, জায়গা জমি আর ফেরৎ পেল না। গভর্নমেন্ট একটা আইন করেছিলেন বটে, এই সমস্ত জমি অ্যাকোয়ার করা হবে, কিন্তু এই আইন অত্যন্ত অন্যায়। মানুষ যুদ্ধের কারণে বাড়ীঘর দিয়েছিল, এবং যুদ্ধ শেষে তাদের ফেরৎ দেওয়া হবে বলা হয়েছিল, কিন্তু একটা আইন করে "তোমাদের বাড়ীঘর ফেরৎ দেওয়া যাবে না" বলা একটা মর্মান্তিক পরিহাস। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন, কল্যাণীর কথা। কল্যাণীতে ২৭ হাজার একর জমি হবে, মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন বোধ হয় ১০ হাজার একর। একটু ভাল করে খোঁজ করে দেখবেন, ১০ হাজার নয়, কারণ সেখানকার সাধারণ লোকই শুধু নয়, শিক্ষিত লোক, মধ্যবিত্ত শ্রেণীর ভদ্রলোক, তারাও স্পষ্ট ভাষায় বলেছেন যে, ২৭ হাজার একর জমি যুদ্ধের সময় গভর্নমেন্ট জবরদখল করে নিয়েছিলেন। সেই জমি তাদের আর ফেরৎ দেওয়া হয় নি। আমি তাদের অনেককেই চিনি। আমার নির্বাচনী কেন্দ্রের ভিতর প্রায় অধিকাংশের বাড়ী, কি কষ্টে তারা জীবন কাটাচ্ছে!

অথচ কল্যাণী শহরে যান, আমি রাত্রে যাই, দিনে যাই, দেখেছি, খালি বাড়ী পড়ে রয়েছে রাত্রে অসংখ্য বিদ্যুৎ বাতি জ্বলছে, থাকবার লোক নেই। অথচ এই ২৭ হাজার একর জমিতে ১২ হাজার পরিবার বাস করছিল। এই ১২ হাজার পরিবারকে উদ্বাস্তু করে কল্যাণী শহর তৈরী হয়েছে। এ বিল করবার প্রধান কারণ অবশ্য আমি জানি, ইমারজেন্সীর প্রয়োজনে কিন্তু যে-ভাবে জমি রিকুইজিশান করে পরে অ্যাকোয়ার করা হচ্ছে, এই যে নির্মম ব্যবহার ১২ হাজার লোকের প্রতি করা হয়েছে, তার মধ্যে যতই যুক্তি থাক না কেন, তাদের আজকে বড় অন্যায়ভাবে বাধ্য করা হয়েছে ঐসব জমি দিতে, এ কারণেই আমি বিলের তীব্র প্রতিবাদ করছি। মাননীয় মন্ত্রীমহাশয় কাজের প্রয়োজনে নেওয়া হয়েছে, হয়তো বলবেন, যে প্রয়োজনেই নেওয়া হোক না কেন, এই যে নির্মম ব্যবহার করা হয়েছে, ১২ হাজার পরিবারের প্রতি এবং পশ্চিমবঙ্গের ৬০ হাজার আদি অধিবাসীর সঙ্গে, এটা অত্যন্ত গর্হিত কাজ। এর নিন্দা যে কী তীব্র ভাষায় করব তা খুঁজে পাচ্ছি না। শুধু এই কারণে এই বিলের ইনট্রোডাকশানএর তীব্র প্রতিবাদ করছি।

[4-30—4-40 p.m.]

Sj. Deben Sen: Mr. Speaker, Sir, I have heard with attention the preliminary speech made by the Hon'ble Minister in charge of the Bill. I confess that I have not been enlightened as to the utility of giving further extension to this Act. If he had no powers to acquire lands when necessary and for the benefit of the people, there would have been no question. The Government of West Bengal has got many other acts in their hands under which, if necessary, they can acquire lands, and that being so, I do not find any reason for the continuance of an Act which is a legacy of the Defence of India Act and which is linked up with the Defence of India Act and which seeks to retain and continue the obnoxious powers which were acquired under the Defence of India Act by an alien power. Those obnoxious powers or features are the following: Firstly, lands have been requisitioned already under the Defence of India Act. How they were requisitioned we do not know. They were requisitioned by an alien Government. They were requisitioned under no rules—under no system. This Act or this amending Bill seeks to retain all those requisitioned lands. This is the first obnoxious feature. The second feature is that those requisitioned lands can be acquired by the present Government. That also is not necessary and reasons have not been given why it should become necessary for the present Government to acquire all those requisitioned lands. The third obnoxious feature is that the amount of compensation to be given is meagre and secondly no compensation has been given adequately to a vast number of people affected. I thought that the Minister would in his preliminary remarks give us an idea of the number of properties under requisition, the area of land under requisition, the amount of land under requisition and then the areas which have been acquired, the lands which have been acquired and the property which has been acquired. Thirdly, he should have given us for what purpose which land or which property has been acquired. Then only we would have got a true and correct picture. He has not given us anything of the kind, and we apprehend that all these lands were requisitioned alone for security purposes—for the benefit of the alien Government and not for our benefit. I have read the Statement of Objects and Reasons. Do the circumstances which led to the passing of the Act still continue? That Act was passed in the year 1951. What are the circumstances which then prevailed? What are the circumstances which still now continue to prevail? The Minister has not said anything about that. I was looking into the speech of the then Hon'ble Minister. I find that he mentioned three factors as the circumstances which necessitated the passing of such an Act then. This is a speech by the Hon'ble Harendra Nath Roy Chowdhuri in 1951.

He said, "The war may have ceased but the war conditions have not ceased." That was the condition—the war may have ceased but the war conditions have not ceased. The second condition was that "we are in shortage of accommodation" and as an example he mentioned "we require godowns, we require stores, we require warehouses for the purpose of the Civil Supply Department." These were the two main reasons then given. In our opinion, Sir, both these conditions do not apply now. War is dead and gone. There may be another war and if for the preparation of that another war the Hon'ble Minister seeks this power, then he should have told us that. Otherwise War No. II is dead and gone and it does not exist today. Secondly the Civil Supply Department also has been curtailed. Control does not exist and therefore the stores and warehouses and godowns that might have been necessary in 1951, that necessity does not exist just now. Therefore, what are the circumstances which necessitate the further extension of this Act the Hon'ble Minister has not told us anything.

Then, Sir, I go to the next point. That is my second point of objecting to this. He has not given us any idea as to the area that has been requisitioned, as to the properties that have been requisitioned and acquired and also the amount of compensation given up till now, the total amount of compensation that has become due and the total compensation that has been paid—he has not given us any idea about this. Our information is that generally speaking no compensation has been given and 80 to 90 per cent. of the people have not got any compensation as yet. I know of Asansol area where large area of land had been acquired during the war; they have not been released and no compensation has been paid to the owners at all. Then, Sir, a derequisition board was appointed during the year 1951. The Hon'ble Minister has not told us anything as to whether that derequisition board exists now and if it exists, who are its members, whether that derequisition board has really released any land or any property. We are in darkness. This is not the way of getting a Bill passed. We do not know anything of the facts and the Hon'ble Minister should tell us what is the amount of land or property derequisitioned. There is a provision in the Act for releasing the land requisitioned or the property acquired. We do not know anything about these things. And lastly I would like to submit, Sir, that merely for the reasons that there are two opposing views, therefore the Bill has to be continued—we do not accept that argument. The Hon'ble Minister said that there are two points of view. One point of view wants all that land to be released now; another point of view wants speedy acquisition of their land requisitioned. We do not know who are the people who want acquisition of their land. This is merely posing a question, a hypothetical case, only to strengthen his argument. We do not see that there are any group of people, any sector of people in West Bengal who want that their land or their property is to be acquired by the Government now. So that argument does not hold any good and under the circumstances we feel that the Bill should be dropped and there is no necessity for having such a Bill.

Sj. Niranjan Sen Gupta:

মিঃ স্পীকার, স্যার, আমি খুব মন দিয়ে মন্ত্রীমহোদয়ের ইনট্রোডাকশান শুনলাম। ইনট্রোডাকশানএ তিনি যা বলেছেন তা শুনে আমার এটা মনে হয় নি যে, এই বিলে তিনি যা ক্ষমতা বাড়াতে চেয়েছেন, তার কোন দরকার আছে।

আমি মনে করি যে যুদ্ধের সময় কতকগুলি অস্বাভাবিক অবস্থার জন্য এটা হয়ত দরকার হতে পারে, হয়ত এ্যারোড্রোম করা কিম্বা অন্যান্য জিনিষ করার জন্য তাঁরা জায়গা রিকুইজিশান করতে পারেন। কিন্তু এখন নর্মাল অবস্থা, যে অবস্থা এখন দেশে আছে, সেই অবস্থায় তিনি এই আইনের মেয়াদ আরও তিন বছর বাড়িয়ে দিতে চাচ্ছেন, এর কোন প্রকৃত কারণ খ‍ুঁজে পাচ্ছি না।

দ্বিতীয় কথা...........

The Hon'ble Bimal Chandra Sinha: May I interrupt for a moment. I believe, Sir, there is a misconception in the House and if I clear up the misconception the members will be able to follow the Bill more clearly. The point is that the Bill seeks no power to make fresh requisition; the Bill is confined only to those plots of land which are being held under the old law and the Bill is sought to be extended only for clearing up the issues in connection with those lands which are under the Act, viz., the Defence of India Act, and later on this Act. This is not meant for applying to any other fresh case.

[4-40—4-50 p.m.]

Sj. Niranjan Sen Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহোদয় এখন যা বললেন, আমি সেটা বুঝেই এই সমস্ত কথা বলছি। উনি যা বলেছেন, সেটা আমি বুঝি—নতুন জায়গা রিকুইজিশান করবার জন্য, তিনি এই বিল আনেন নি, তা বুঝেছি। কিন্তু তা সত্ত্বেও যে সমস্ত জায়গা রিকুইজিশান করা আছে, সেই সমস্ত জায়গা সম্পর্কে উনি যা বলেছেন, সেটা গ্রহণ করতে পারছি না। প্রথম কথা হচ্ছে যে সময় জায়গা রিকুইজিশান করা হয়েছিল, এইসব জায়গাগুলি, রিকুইজিশান করার ফলে সেই সমস্ত জায়গার লোকেরা কিভাবে যে নির্যাতন, কষ্ট ভোগ করেছে, সেটা মাননীয় সদস্য ডাঃ ব্যানার্জী এখানে বলেছেন, এবং আমিও সেকথা সমর্থন করে বলছি, যাদের সেই জায়গা থেকে তুলে দেওয়া হয়েছে, যাদের ঘরবাড়ী ছেড়ে অন্যত্র চলে যেতে বলা হয়েছিল, যে দারুণ দুঃখকষ্ট ভোগ করেছে : সেই দুঃখকষ্ট ভোগ করবার পরে এতদিন তাঁরা তাঁদের জায়গা জমি ফেরৎ পান নি। এমন অনেক লোক আছেন, যাঁরা জায়গা জমি পেতে চান, তাঁরা নিজের জমিতে ফিরে অসতে চান, কিন্তু মন্ত্রীমহোদয় সে সম্বন্ধে কোন কিছু উল্লেখ করেন নি। তাদের জায়গা ফেরৎ দেবেন কি না দেবেন সে বিষয় কিছুই বলেন নি, অথচ এই অ্যামেন্ডমেন্ট এনেছেন। আমার বক্তব্য হচ্ছে, এই ধরনের অ্যামেন্ডমেন্ট আনার থেকে একটা জিনিষ করতে পারতেন, বিধান সভায় রাখতে পারতেন রিকুইজিশান করে কত জায়গা দখল করা হয়েছে, এখন কোথায় কত জায়গা দখলে আছে এবং যাদের জায়গা নেওয়া হয়েছে, তাদের অবস্থা কি? কোথায় তারা আছে, কিভাবে তারা দিনযাপন করছে? এই জিনিষগুলি অ্যামেন্ডমেন্ট রাখার সময়ও উল্লেখ করা হয় নাই। তাঁরা যদি বলতেন যে রিকুইজিশান করে এত লোকের এত জমি জায়গা, নেওয়া হয়েছিল, এত লোকের জায়গা ছেড়ে দেওয়া হয়েছে, বাকী এত লোকের আছে: তার সম্বন্ধে আমরা বিবেচনা করছি। তার কোন প্রপার রিপোর্ট কিছু দেওয়া হয় নি, অথচ তিনি বলছেন, আরও তিন বছরের সময় বৃদ্ধি করা হোক। সুতরাং এই যে অস্বাভাবিক ক্ষমতা চেয়েছেন, আমি তার তীব্র প্রতিবাদ করছি। তারপর আমি দু একটি স্পেসিফিক কেস এর কথা বলবো। কারণ, আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি, দুর্ভাগ্যক্রমে ঐ অঞ্চলে বহু জায়গা এখনও রিকুইজিশান হয়ে পড়ে আছে। আমি বলবো, কাঁচড়াপাড়ার পূর্ব দিকে যদি এগিয়ে যান, তাহলে দেখতে পাবেন, সেখানে হাজার হাজার একর জমি ফ্যালো হয়ে পড়ে আছে: সেখানে লোকের বসতি নেই, সরকারও কিছু করেন নি, অথচ সেই সমস্ত জায়গা সরকার করায়ত্ব করে রেখেছেন। সাধারণ লোক কেঁদে কেটে বলছে, আমাদের জায়গা জমি ছেড়ে দেওয়া হোক, নতুবা অন্ততঃ পক্ষে এই দখলের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হোক। আপনারা ক্ষমতা হাতে রেখে এই দখলের সময় কেন আরও বাড়িয়ে রাখতে চান? আরও তিন বছর এগিয়ে নিতে চান, সে সম্বন্ধে আমি কিছু বুঝতে পারছি না। আমার মতে এই সময়, এতখানি বাড়ান উচিত নয়। এতে তাদের দুঃখ কষ্ট আরও বাড়বে। আমার কাঁচড়াপাড়া এলাকায়

ধরমপুর, নাকদহ, দাড়িয়ালা, ফাঁপা, চাঁদুয়া, নওবিনা প্রভৃতি এই সমস্ত অঞ্চলে অসংখ্য লোক গৃহচ্যুত হয়ে বাস করছে, অথচ অনেকেই এমন কি এতদিন দখলে রাখায় কম্পেনসেশ্যানও পান নি, এবং যারা পেয়েছেনও তাদেরই বা কত কম্পেনসেশ্যান দিয়েছেন? মিঃ স্পীকার, স্যর, একটু শুনুন। বিঘা প্রতি মাত্র ৩০ টাকা কম্পেনসেশ্যান দেওয়া হয়েছে; অথচ তাঁরা যদি তাঁদের দুঃখ কষ্ট জানাবার জন্য মন্ত্রীমহোদয়ের কাছে আসেন, তাঁরা ফিরে যান, তাদের জন্য কোন কিছু ব্যবস্থা করেন না। তারা পিটিশান করেছে, দরখাস্ত করেছে, আমি বিভিন্ন গ্রামাঞ্চলে গিয়ে দেখেছি, কোন লোক তাদের এই অসহায় অবস্থায় এতটুকু সুযোগ সুবিধা এই সরকারের হাত থেকে পাচ্ছেন না। সুতরাং এই অবস্থায় কোন লেজিসলেচার, কোন বিধান-সভাই এই ক্ষমতাকে আরও বাড়িয়ে কিম্বা এই আইনকে আরও তিন বছর তাদের হাতে দিয়ে, এই জিনিষটা চালিয়ে নিয়ে যেতে পারেন না। সুতরাং মাননীয় মন্ত্রী যে সংশোধনী এনেছেন, ক্ষমতা আরও তিন বছর চেয়েছেন, আমি তাকে অপোজ করছি, এবং মনে করছি এটা দেওয়া খুব অসঙ্গত হবে।

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, এই আইনের তিন বছর পরমায়ু বাড়িয়ে দেবার জন্য বলছেন। অথচ এই আইন দ্বারা বাংলাদেশের লোকের বিশেষ কোন উপকার হয় নি, উপরন্তু অপকার হয়েছে। যুদ্ধের সময় ডিফেন্স অব ইন্ডিয়া অ্যাক্টএ অনেক জমি গভর্নমেন্ট রিকুইজিশ্যান করেছিলেন এবং তার ফলে বহু লোক জমি থেকে বঞ্চিত হয়েছে, এবং তাদের কোন কম্পেনসেশ্যান দেওয়া হয় নি। বা যা দেওয়া হয়েছে তা অতি সামান্য। তাদের জমি ফেরৎ দেওয়া হয় নি। আমি বিশেষ করে একটা কনক্রিট কেসএর কথা বলছি। পানাগড়ে হাজার হাজার একর জমি পড়ে আছে এবং আজকে এই খাদ্য সংকটের দিনে এই সমস্ত জমি ফেরৎ পাবার জন্য কৃষকেরা বহু আন্দোলন করেছে, তৎসত্ত্বেও ফেরৎ দেওয়া হয় নি। যে মিলিটারী বেস ছিল তাও উঠে গিয়েছে। অথচ কোন কম্পেনসেশ্যান পাওয়া যাচ্ছে না বা জমিও ফেরৎ পাচ্ছে না। কাজেই এই আইনের এরকমভাবে অপব্যবহারই হচ্ছে। এই আইনের কোন প্রয়োজন নাই, এই আইন দ্বারা কোন কাজ হচ্ছে না। এই আইন দ্বারা লোকের অত্যাচার ও জুলুম হচ্ছে। কংগ্রেস সরকারের হাতে ক্ষমতা আসবার পর তারা মনে করেছিল যে সমস্ত জমি কেড়ে নেওয়া হয়েছে, তার একটা ব্যবস্থা হবে, প্রতিকার হবে। কিন্তু যে সমস্ত জমির আবশ্যকতা নাই, তারা সেসব জমির জন্য কম্পেনসেশ্যানও পাচ্ছেন না, তা ফেরৎও পাচ্ছে না। এই আইন থাকলে এর অপব্যবহারই হবে।

[4-50—5 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, এই আইন সম্পর্কে বিশেষ করে চিন্তা করার জন্য আমি অনুরোধ করব। আপনারা হয়তো ইনোসেন্টলি তিন বৎসর ক্ষমতা বাড়িয়ে দিতে চাচ্ছেন। ১৯৪১ সালে এই সমস্ত জায়গা রিকুইজিশ্যান করেছিলেন কিন্ত প্রকৃতপ্রস্তাবে ১৯৩৯ সালেই ডিফেন্স অব ইন্ডিয়া অ্যাক্টএ প্রথম জায়গাগুলি রিকুইজিশ্যান করা হয়েছিল। তারপর, যুদ্ধ শেষ হবার পর ১৯৪৭ সালে অর্ডিনান্স করেছেন এবং ১৯৪৭ সালেই অ্যাক্ট পাশ করে ক্ষমতা বাড়িয়ে নিয়েছেন। ১৯৫১ সালে আইন তৈরী করলেন, এবং তিন বৎসর করলেন অর্থাৎ ৬কে ৯ করেছেন। এটা এখানে মনে রাখা দরকার যে, যদি স্থায়ীভাবে নিতে হয়, তাহলে ল্যান্ড অ্যাকুইজিশ্যান অ্যাক্ট রয়েছে, ন্যাশনাল প্ল্যানিং অ্যাক্ট রয়েছে। রিকুইজিশ্যান অ্যান্ড অ্যাকুইজিশ্যান সম্পূর্ণ পৃথক জিনিষ। রিকুইজিশ্যান হল কোন এক্স্ট্রাঅর্ডিনারী অবস্থায় কোন ডিপার্টমেন্টএর জন্য নেওয়া, পরে ফিরিয়ে দেবেন অর্থাৎ টেম্পোরারী পারপাসএ অস্থায়ীভাবে নিচ্ছেন। সেজন্য মালিকের মালিকানা থেকে যায়, অধিকার থেকে যায়। এবং সরকারের নির্দেশে একটা বাৎসরিক কম্পেনসেশ্যান পান। পার্মানেন্ট পারপাসএ গ্রহণ করলে অন্য আইনে অ্যাকুইজিশ্যান করতে পারতেন। কিন্তু এখানে আপনারা তা না করে রিকুইজিশ্যান করছেন। রিকুইজিশ্যানএ ওনার-শিপ মালিকেরাই রিটেন করেন। যদি পার্মানেন্ট পারপাসএ জায়গা অ্যাকোয়ার করতে হয়, তাহলে ন্যাশানাল প্ল্যানিং অ্যাক্টও এই জন্য খানিকটা ব্যবস্থা রয়েছে কারণ সেটাও পাবলিক পারপাস। এখন মডেল হাউসিং স্কীম, এখানেও সেই এক কথা, দীর্ঘ সময় না দিয়ে যে জায়গা-গুলি রিকুইজিশ্যান করা হয়েছিল, সেগুলি মালিকদের ফিরিয়ে দেবার ব্যবস্থা করা উচিত।

এভাবে তালবাহানা করা অন্যায়। এত বছর পার হয়ে গেল, তারা এই দীর্ঘ সময় আপনাদের ইনডিসিশানএর জন্য তাদের প্রাপ্য থেকে বঞ্চিত হচ্ছে। এভাবে রিকুইজিশ্যানএর জনসাধারণের দুর্ভোগ বাড়ান উচিত নয়, যদি বিশেষ প্রয়োজনে করতে হয়, তাহলেও এক বৎসরের বেশী সময় নেওয়া উচিত নয়। এই এক বৎসরের মধ্যে গভর্নমেন্টএর একটা সিদ্ধান্ত ঠিক করে রেভেনিউ ঠিক করে দেওয়া দরকার। আমি মনে করি এই ধরনের পর পর তিন বছর সময় বাড়ান উচিত নয়।

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, তা কোন দিক দিয়েই সমর্থন করতে পারি না। এই আইন আনাতে বাংলাদেশের কংগ্রেস সরকারের নিষ্ক্রিয়তা এবং দায়িত্বহীনতাই প্রমাণিত হচ্ছে। ১২ বছর হয়ে গেল যুদ্ধ শেষ হয়ে গেছে। ডিফেন্স অব ইন্ডিয়া অ্যাক্টএ দশ বছর আগে যে সমস্ত জমি নেওয়া হয়েছিল, তার কম্পেনসেশ্যান দেওয়ার এই পর্যন্ত কোন ব্যবস্থা করা হল না। বাংলাদেশে এমন গরীব মানুষ আছে, যাদের জমি ছাড়া অন্য উপায় নাই। তাদের জমি আটকে আছে, তাদের কোনপ্রকার কম্পেনসেশ্যানের টাকা দেওয়া হয় নি। মেদিনীপুর জেলার গড়বেতা থানার শালবনীর ছোট ছোট কৃষক ও সাঁওতালদের বহু জমি নেওয়া হয়েছিল, সেগুলি সম্পর্কে কোনরকম ক্ষতিপূরণ দেওয়া হয় নি। আমি স্পেসিফিক কেস দিয়ে এখানে বলতে পারি। ২ বছর আগে কংগ্রেস সরকারের তদানীন্তন মন্ত্রী শংকরবাবুকেও আমি একথা বারবার জানিয়েছিলাম। গড়বেতা থানার অন্তর্গত পাটপুর মৌজার অনেক জমি নিয়ে নেওয়া হয়, প্রধানতঃ ছোট ছোট কৃষক যাদের নাকি ৩।৪।৫ বিঘা মাত্র জমি আছে এবং যাদের নাকি জমির ইনকামএর উপরই একমাত্র নির্ভর তাদের জমিই অ্যাকোয়ার করা হয়।

সেই সমস্ত জমি গত যুদ্ধের সময় তখনকার গভর্নমেন্ট অ্যাকোয়ার করে নেন, অ্যাকোয়ার করে নিয়ে তাতে ইট পোড়ান হয় এবং ৫।৬ বছর ইট পোড়াবার ফলে সেই জমির যা অবস্থা হয়েছে, তা সহজেই অনুমান করা যায়। কম্পেনসেশ্যান দেবার কথা ছিল, মন্ত্রী মহাশয়কে বারবার বলার পর বলেছেন এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার। সেন্ট্রাল গভর্নমেন্টকে লেখা হয়েছে, দেখা যাক কি হয়। এইভাবে টালবাহনা চলছে। হয়ত বলবেন কম্পেনসেশ্যান দেওয়া হয় নি কারণ এতে সময় দরকার। সেখানে প্রশ্ন আসে গত দশ বৎসর ধরে তারা করলেন কি? যদি সেরকম কোন প্রয়োজন হয় বড় জোর আর একটা বছর সময় দেওয়া যেতে পারে, কিন্তু এরকম-ভাবে একটা সুইপিং পাওয়ার, যেহেতু তাদের হাতে ক্ষমতা আছে, তারা তাই নিয়ে নেবেন, সেটা উচিত নয়। মাঝখানে যেটা অর্ডিনান্স করে যে কিছুটা সময় তারা হাতে নিয়েছিলেন, আজকে মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই এই যে সময়টা বাড়িয়ে নিয়েছিলেন এই বিল ইনট্রোডিউস করবার সময় তার বক্তৃতায় উল্লেখ করা উচিত ছিল যে, এই সময়টা আমি নিয়েছিলাম এবং এই সময়ের মধ্যে এই এই কাজ আমি করেছি। এই যে বিশেষ বিশেষ জিনিষ দরকার আছে, তার বিষয়ে কিছু বলা নেই। আমার পূর্ববর্তী বক্তা একটা কথা বলেছিলেন যে, জমি দরকার হলে তার জন্য যে আইন আছে, সেটাকেই কাজে লাগান যায়, কিন্তু ডিফেন্স অব ইন্ডিয়া অ্যাক্ট অনুযায়ী যে জমি জায়গা নেওয়া হয়েছিল, তারপর জাতীয় সরকার গঠন হল, কংগ্রেস হাতে ক্ষমতা পেল, কিন্তু সেই ব্রিটিশ পিরিয়ডে যে জায়গা নেওয়া হয়েছিল, তাঁরা আজ পর্যন্ত তার কম্পেনসেশ্যান দিতে পারলেন না। একটা জবাব এঁদের কাছ থেকে পেতে চাই যে, ছোটখাট চাষী, যাদের একমাত্র সম্পত্তি ছিল যে জমি, তার কম্পেনসেশ্যানএর টাকা কেন দিতে পারলেন না? এঁরা তিন বছর আরও যে সময় চাইছেন তাদের বলা উচিত ছিল, কি কি কাজ তারা করবেন, কোথায় কি দরকার আছে, কেন আবার একটা ক্ষমতা হাতে রাখতে চান। এদিক দিয়ে আমাদের কথা পরিষ্কার, তা এই যে তারা যদি আবার কিছুটা সক্রিয় হন, তাদের দায়িত্ব সম্পর্কে চেতনা হয়, তাহলে অন্ততঃ এক বছর সময় নিন, এক বছরের মধ্যে তাদের প্রাথমিক কাজ হবে কম্পেনসেশ্যানএর টাকা দিয়ে দেওয়া, দ্বিতীয় কাজ হবে যে সমস্ত জমি বহু লোকে ফেরৎ পায় নি, একটা হিসাব করে তাদের জমি ফেরৎ দিয়ে যেটুকু জমি রাখতে হবে, সেটুকু

রাখা। এক বছরের মধ্যে নিশ্চয়ই এটা পারেন। তা না করে এরকম সুইপিং পাওয়ার দিলে এদের অভ্যাস হয়ে দাঁড়াবে. এরকম একটা আইন এনে চিরকাল যা খুসী তাই করে যাবেন। *এটা কখনও হতে পারে না।*

[5—5-25 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay:

স্যার, ঐই আইনের আগেকার চরিত্র ছিল. পীড়নমূলক এবং এখনও যেভাবে কাজ চলছে এটা ঠিক একই কারণে অপ্রেসিভ। কাজেই বিমলবাবুকে লক্ষ্য করে দেখতে বলি বহু জায়গায় বিশেষ করে খুব নিকটবর্তী অঞ্চলে বেহালার বেশ কিছু অংশে মানুষের জমি ১৯৪০-৪১ সালে দখল করে নিয়েছিলেন এবং তারপর থেকে সেই সমস্ত জমি ১৯৪৬-৪৭ সালে ফিরিয়ে দেবার কথা হয়। এই সময় এরূপ কোন প্রশ্ন উঠে নি যে জমি ফিরিয়ে দেওয়া হবে কি হবে না। বরঞ্চ প্রশ্নটা এরূপ ছিল যেহেতু সেখানে কোন ডিফেন্সএর প্রশ্ন নাই. ডিফেন্সএর প্রব্লেম নাই এবং সেখানে এমন কোন বড় কিছু ষ্ট্রাকচার হয় নি. এমন কোন ঘটনা ঘটে নি. যার জন্য সেই জমি ছেড়ে দেওয়া যায় না। সেই কারণে সেই সময় দেখা যায় কিভাবে সেই জমি পূর্বে যারা তার অধিকারী ছিল, তার কাছে পেঁছে দেওয়া যায়। এই ব্যাপার নিয়ে বিভিন্ন রকম আলাপ আলোচনা হয়েছিল এমন কি অনেক কালেকটরকে সেই সময় নিযুক্ত করা হয়েছিল। যদি সরকারের সেই সময়ের কথা স্মরণ থাকে তাহলে দেখা যাবে. এজন্য কিছু কিছু লোক ফিরে যেতে আরম্ভ করেছিল. স্বভাবতই তারা এই আশ্বাস পেয়েছিল যে সরকারের সেই জমির আর প্রয়োজন নাই। যুদ্ধ শেষ হয়ে গেছে এবং যে সমস্ত কনডিশানসগুলি ছিল-যেমন বলা যেতে পারে. যদি কেউ কোন কম্পেনসেশ্যান না চায় তাহলে অমনি সেই জমি ফেরৎ পাবে. এরকম একটা ধারা ছিল এবং অন্যান্য জিনিষও তার মধ্যে ছিল—যেমন যদি কোন ল্যান্ড খুব গভীরভাবে ড্যামেজড না হয় তাহলে তার জন্য কম্পেনসেশ্যান দেওয়া হবে না অথবা অন্য কোন কারণে সেই পূর্বতন ব্যক্তি যারা জমির মালিক ছিলেন. তাদের যদি ফিরিয়ে দেওয়া সম্ভব না হয়. সেই সমস্ত ব্যক্তি বাদে আর সবাই এই আশ্বাস পেয়েছিল যে তারা জমি ফেরৎ পাবে। সেইভাবে যথেষ্ট রকম আলাপ আলোচনা পূর্বতন যে মন্ত্রীমহোদয়া রেণুকা রায় ছিলেন তাঁর সঙ্গে কথাবার্তা হয়। তারপর দেখা যায় অকস্মাৎ সরকার সমস্ত জমি দখল করে নেবার সিদ্ধান্ত করলেন। কাজেই বিমলবাবুকে আপনার মাধ্যমে একথা বিবেচনা করে দেখতে বলি যে এই জমিগুলি যখন জমির অধিকারীকে ফিরিয়ে দেবার কথা হয়েছিল. তখন স্বভাবতই আশ্বস্ত হয়েছিল যে. জমি তাদের ফেরৎ দেওয়া হবে। এবং এটা ঠিক কথা যে আজকে তাদের অনেকে ফিরে গিয়েছে। বিমলবাবু একটা সেলটার নেবার চেষ্টা করেছেন এই অজুহাতে যে আমরা তো জমি তাদের ফিরিয়ে দিই নি। তবে তারা কেন গেল? কিন্তু বাস্তব অবস্থা কি ছিল? ১৯৪৬-৪৭ সালে দেখা গেল এই সমস্ত মানুষের বাড়িঘর সবই ভেঙ্গে গিয়েছে. সেই সমস্ত জায়গায় এই আলাপ আলোচনাই সুরু হয়েছিল যে. জমি তারা কিভাবে ফেরৎ পাবে. কবে পাবে. কিভাবে পাবে. কারা পাবে. অন্য কোন দাবীদার আছে কি না কম্পেনসেশ্যান কিরূপ হবে. এই সমস্ত প্রশ্ন যখন এল তখন সেই সমস্ত মানুষ যারা উচ্ছেদ হয়ে গেছল. তারা আবার ফিরে যেতে আরম্ভ করল এবং সেই পুরানো জায়গায় ১৯৪৭-৪৮ সালের জায়গায় অনেকে গেল। তারপর দরবার হয়েছে। কিছুকাল আগে সরকার থেকে যে সিদ্ধান্ত নেওয়া হল তাতে নতুন করে সেই সমস্ত জায়গায় যারা সেটেলড করেছিল তারা ছেড়ে এল। এটা তো সত্য কথা যে. সরকার তাদের এখনও কম্পেনসেশ্যান দেন নি। এটা সত্যকথা যে মাত্র ৩০ পার সেন্ট লোক কম্পেনসেশ্যান নিয়েছে বা নিতে বাধ্য হয়েছে; তাদের খোঁজ পাওয়া যাচ্ছে না. তারা উচ্ছন্নে গেছে। তারপর পরবর্তী অবস্থাতে তারা যখন সেখানে উপস্থিত হল. তখন সেইসব জায়গায় নতুন করে বাড়ী হয়েছে. স্ট্রাকচার হয়েছে. এইরকম আশ্বাস তারা পেয়েছিল এবং তাতে কোন সন্দেহের অবকাশ ছিল না. শুধু মূলকথা কেবলমাত্র কিভাবে সেটা ফেরৎ দেওয়া হবে। সুতরাং সেই সমস্ত জায়গায় অনেকে গিয়ে বাস করে। আমরা জানি শতকরা ৭০ ভাগ মানুষ সেই সমস্ত জায়গায় ফিরে গিয়েছে. নতুন করে বাড়ী করেছে এবং একথা বলা যায় যে যুদ্ধের মধ্য দিয়ে যে দুর্ভোগ তারা ভোগ করেছে এখন তারা আবার নতুন করে জীবন শুরু করেছে এবং নতুন করে সেখানে তাদের কাছে নোটিশ গিয়েছে যে. জায়গা তোমাদের পুনরায়

ছেড়ে দিতে হবে, আমরা এই জায়গা নিচ্ছি। তাহলে কম্পেনসেশ্যান কেন দেন নি? এই কম্পেনসেশ্যানএর কথা বলতে গিয়ে একটা কথা বলতে চাই যে, তারা সেই সমস্ত জায়গা, আমি শুনেছি কাঠা পিছু ২০।৩০ থেকে আরম্ভ করে ৫০ টাকা পর্যন্ত কাঠা পিছু দাম ঠিক করে বসে আছেন, এ রকম ধরণে কি করে হিসাব করছেন? ১৯৪০-৪২ সালের হিসাবে তারা করছেন কিন্তু আমি জিজ্ঞাসা করি সেখানে কি ৫০০ টাকার কমে কাঠা পাওয়া যায়?

সেখানে আজ ৫০০ টাকা করে কাঠা। কিন্তু যাদের কাছ থেকে জমি কেড়ে নিয়েছেন, তাদের ও'রা বড় লোক স্থির করেছেন, কাঠা পিছু ২০।২৫ টাকা কম্পেনসেশ্যান দেওয়ার ব্যবস্থা আছে। এইভাবে রিফিউজী যারা তাদের সেখানকার জায়গায় বসবার ব্যবস্থা করা হবে, আমি জানি এখানে একটা রিফিউজী স্কীম নতুন জায়গা নিয়ে করবার প্রস্তাব আছে। আমি জিজ্ঞাসা করি, বেহালা অঞ্চলে প্রচুর ধনিকের জায়গা আছে, বিমলবাবু যদি চান, আমি তাঁকে শত শত বিঘা জমি সংগ্রহ করে দিতে পারি। যেহেতু সেখানে হাত গলালে বিপদ আছে, মামলা মোকর্দমা হতে পারে, এবং বিশেষ করে তাঁদের নিজস্ব শ্রেণীর গায়ে লাগবে, সে সমস্ত জায়গায় হাত দিতে যাচ্ছেন না। কারণ তারা মামলা মোকর্দমা বা অন্য রকম কোন ফ্যাঁকড়া তুলতে পারে। আর যারা একবার উচ্ছেদ হল, আবার গিয়ে বসল তাদের পুনরায় উচ্ছেদ করার রাস্তা বার করছেন। সেখানে আবার বলবেন, আমরা এখানে রিফিউজী বসাচ্ছি। এই সমস্ত লোকের বিষয় যদি মানবতার দিক থেকে বিবেচনা করেন, অনেকগুলি টাকা আগে তাদের নষ্ট হয়ে গেছে, ফিরে এসে তারা আবার ষ্ট্রাকচার করেছে, সুতরাং তাদের জায়গাটা ছেড়ে দেওয়া যায় কিনা, বিবেচনা করুন। সেখানে তারা যখন বসত করছে তখন তাদের ধরে নিন আর একদল রিফিউজী, যারা জমি জমা ঘরবাড়ি হারিয়ে ছিল, আবার এসে বসেছে, তাদের আপনারা অনায়াসে ছেড়ে দিতে পারেন।

শেষ প্রশ্নটা হচ্ছে কম্পেনসেশ্যানএর। সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে যারা মার খেয়েছে, তারা যাতে সংগত কম্পেনসেশ্যান পায়, তার ব্যবস্থা করুন। এটা না করার কারণ দেখি না। এবং যারা নতুন করে ঘরবাড়ি করেছে, নিজেদের পুরাতন ভিটার উপর তাদের আইনত দখল দিন, আর আমি মনে করি বড় জোর এক বৎসর পর্যন্ত এই আইনের পরমায়ু রাখা চলে। সেইটে মনে করে আমি এটার বিরোধিতা করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[5-25—5-35 p.m.]

Sj. Pabitra Mohon Roy:

অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়, যে বিল এনেছেন তাতে তিনি এই আইনের উপর আরো সময় চেয়েছেন। এই আইনের জন্য এর আগে আরো যে সমস্ত সময় নিয়েছেন ১৮ বৎসর ধরে, সেটা বাদ দিলেও বর্তমানে কংগ্রেস মন্ত্রীসভার আমলে যে সময়টা ও'রা নিয়েছেন সেই সময়টার দরুন যে অসুবিধা দেখা দিয়েছে, আমি সেই সম্বন্ধে কিছু বলব। অন্যান্য জায়গার মধ্যে আমি যে কন্সিটুয়েন্সি থেকে এসেছি সেই দমদম এলাকায়, এই রকম একটা জায়গা রয়েছে, যেখানে ছোট ছোট জমির মালিক যারা, খুব বেশী নয় দু বিঘা তিন বিঘা, ৪ বিঘা জমির মালিক, এইরকম সব মালিকের কতকগুলি জায়গা নানা কারণে এতদিন পর্যন্ত অ্যাকুইজিশান রিকুইজিশান করে রেখেছেন। দমদম এলাকায় এইরকম কতকগুলি জায়গা নেবার পর আজ পর্যন্ত সেই সমস্ত জমির মালিকদের জমির মূল্য বাবদ কোন কম্পেনসেশ্যান দেওয়া হয় নি। এবং সেটা না দেবার ফলে যারা ছোট ছোট জমির মালিক তাঁদের পক্ষে বিশেষ অসুবিধা হয়েছে। কারণ তাদের পক্ষে এ নিয়ে কোর্টে যাওয়া বা বেশী কিছু ঝামেলা করা সম্ভব নয়। একেই ত বহুদিন চলে গেছে, এখন আবার আরো বেশী করে সময় চাইছেন মন্ত্রী-মহাশয়। তার ফলে সেই সব মালিকদের পক্ষে আরো বেশী অসুবিধার সৃষ্টি করা হবে।

তার মধ্যে আমি এখানে কয়েকটার কথা বলছি, দমদম কো-অপারেটিভ হোমস লিমিটেড, যার জন্য প্রায় ৪৫০ বিঘা জমি সরকার নিয়েছেন। নেবার পরে সেই কো-অপারেটিভ হোমসএ এমন কয়েকটি কর্তৃপক্ষ ছিলেন যারা সেটাকে ডেভেলাপ করতে আরম্ভ করলেন। তারপরে হৈল কি তাঁদের ভিতর কয়েকজন লোক ছিল, তাদের নাম করা উচিত হবে কিনা জানি না, আমার বিশ্বাস মন্ত্রীমহাশয়ও সে সমস্ত নামগুলি জানেন, সেই সমস্ত লোকগুলি কিছুটা ডেভেলাপ করার পর তা নিয়ে মামলা হয়। মামলা এই বলে যে তারা ঠিক মতন কাজ করে নি। এবং সেই সমস্ত জমি যাদের কাছে হস্তান্তর করা হয় ১২ হাজার থেকে ১৭ হাজার বিঘা প্রতি নিয়ে গরীব ইনডিভিজুয়াল প্লট হোল্ডার যারা তাদের না দিয়ে। তারপর কিছু কিছু কাজ করবার পর আমরা দেখতে পাই সেই দালালেরা সেখান থেকে সরে পড়ে, আমরা শুনতে পাই অনেক টাকা তারা নষ্ট করেছে। তারপর যাঁরা প্লট হোল্ডাররা নিজে দমদম পাতিপুকুরে কো-অপারেটিভ হাউস চালাতে থাকে, তারপর এক বছর কি দেড় বছর হয়ে গেছে, গভর্নমেন্ট নিজে চালাচ্ছেন। একজন এগজিকিউটিভ অফিসার নিযুক্ত করেছেন। সেই এগজিকিউটিভ অফিসার যাবার পরে কিছু কিছু জমি বিক্রয় করেছেন, এবং কিছু কিছু ডেভেলাপমেন্টও হচ্ছে। এখন সেই জমির যারা ছোট ছোট প্লটের মালিক তাদের কোন টাকা দেবার ব্যবস্থা হচ্ছে না। এখন আমি এই কথা বলতে চাই সেই সমস্ত জমির মালিকদের টাকা দেবার ব্যবস্থা না করে নতুন করে আবার মন্ত্রীমহাশয়রা দীর্ঘ সময় চাইবেন, এবং আমরা তাদের তাই দিয়ে যাব অথচ বড়দের কথা নাই বা তুললাম, যারা নাকি ছোট ছোট প্লটের মালিক তাদের অসুবিধার কথা ওঁরা ভাববেন না বুঝবেন না, এমন ব্যবস্থায় আমরা কেমন করে সায় দিই আমরা জানি এখন সেখানে যারা বাড়ীঘর করেছে, তারা টাকা পয়সা ব্যয় করে করেছে, কিন্তু তা সত্ত্বেও বলব যারা ছোট ছোট জমির মালিক তারা তাদের জমির মূল্য পাবে না এবং না পাবার দরুন তাদের যে অসুবিধা এতদিন পর্যন্ত ঘটে আসছে, এই বিল পাশ হলে সে অসুবিধা আরো অনেক দিন ধরে চলবে। কাজেই এত বেশী সময় না নিয়ে অল্প সময় নিন এবং সেই সময়ের মধ্যে সেই সব মালিকদের টাকা দিয়ে দিন। তাহলেই এ আইনের মধ্যে যে কিছু ভাল আছে তা আমরা বুঝতে পারব। কংগ্রেসের মন্ত্রীত্বের আমলে ১৯৫০ থেকে ৭ বছর হয়ে গেল, তারা কিছুই পেল না, আরো ৩ বছরের জন্য যদি এই আইন চলে তাহলে ছোট ছোট জমির মালিকদের আরো বেশী অসুবিধা হবে, সেই জন্য এই আইনকে এত বেশী দিনের সময় দিতে আমরা মত দিতে পারছি না। সর্বশেষে আমার বিশেষ অনুরোধ ছোট ছোট মালিকদের প্রতি মন্ত্রীমহাশয় যেন নজর দেন।

Mr. Speaker: I would remind honourable members that they will get plenty of opportunity to speak in the third reading stage of the Bill and also when the amendments are moved. Mr. Jyoti Basu will now kindly speak.

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, এই যে আইনটা ছিল এবং আজ আবার সময় বাড়ানো হচ্ছে সাধারণভাবে আমি এর বিরোধীতা করছি, এবং বিশেষ এই কারণে যে আরো তিন বৎসরের জন্য সময় চাওয়া হচ্ছে।

এর জন্য একটা কোন এক্সপ্লানেশান দিতে হবে, বোঝাতে হবে। কিন্তু এত বৎসর আগে যুদ্ধের প্রয়োজনে যে জমি নেওয়া হয়েছিল, সেই জমির খেসারত মানুষ আজও পেল না। এখন আপনার জমির প্রয়োজন নেই, যুদ্ধের প্রয়োজনও ফুরিয়ে গেছে কিন্তু তা সত্ত্বেও আপনারা সেই জমিটুকু ফিরিয়ে দিলেন না। অথচ এখানে সেই একই পুরানো যুক্তি দেওয়া হচ্ছে। কিন্তু বিমলবাবু এখানে যা বললেন সেটা ওঁর কাছ থেকে আমি আশা করি নি। উনি দুটো উদাহরণ দিয়ে বললেন যে, বাস্তুহারারা আছে, আমরা কি করব। অর্থাৎ যেমন সব কথায় আমরা বিধাতার কথা শুনি তেমনি বাস্তুহারারা আছে বলে ওঁরা কিছুই করতে পারছেন না। এখানে উনি ধুবুলিয়া এবং আর একটা কোথাকার কথা বললেন এবং বলে উনি বললেন যে ওঁর সময় দরকার তা নাহলে ওদের মুস্কিল হবে। এর কারণ হিসাবে উনি বলছেন যে, ওদের দুরকমের দাবী আছে। অর্থাৎ যাদের জমি নেওয়া হয়েছিল তাদের মধ্যে কেউ বলছে যে

ফিরিয়ে দাও, আর কেউ বলছে যে টাকা দাও। এখন এখানে আমি বলতে চাই যে, উনি কি ঠিক এটা বিচার করে বলবেন? উনি কি ডিপার্টমেন্টে খোঁজ নিয়েছেন যে, কতগুলো দরখাস্ত এজন্যে সেখানে এসেছে? আমার মনে হয় উনি তা নেন নি, কেন না তাহলে অন্তত সেই ত্রুটিটা উনি স্বীকার করতেন। আগের সরকার যা করেছেন, সেটাকে অন্তত সমালোচনা করে উনি একটু যদি বলতেন যে কিছুটা সময় আমায় দিন, তাহলে আমার মনে হয় কেউ অরাজী হতেন না। যেখানে উনি তিন বছর সময় চাইছেন, সেখানে আমরা বলছি যে এক বছর সময় উনি আরও বাড়িয়ে নিতে পারেন। কিন্তু কথা হচ্ছে যে আমার এখনও ভরসা হয় না কেন না গভর্নমেন্টের ডিপার্টমেন্ট যেভাবে চলে তাতে তিন বছর সময় নিলেও তাঁরা কিছুই করবেন না। বরং বেশী সময় দিলে ও'রা ভাববেন যে তিন বছর তো এখনও সময় আছে, পরে করা যাবে, এই বলে তাঁরা বসে থাকবেন। সুতরাং লিমিটেড টাইমস হলে আমার মনে হয় তাড়াতাড়ির মধ্যে হয়ত কাজ করবার একটা আকাঙ্ক্ষা হবে। ধরুন, এ বিষয়ে আমি একটা উদাহরণ দিচ্ছি এবং এটা আমার কাছে এসেছে। এই রকম অনেক ঘটনা আছে, সমস্ত কাগজপত্র খুঁজে তাড়াতাড়ির মধ্যে বের করতে পারলাম না। এটা অনেক দিন আগেকার ঘটনা তবুও আমি এটা খুঁজে নিয়ে এসেছি। বিলটা আলোচনা হচ্ছে বলে এটা ও'কে পাঠিয়েছি, উনি হয়ত পান নি বা পেয়ে এখনও পড়েন নি। এটা দক্ষিণেশ্বরের ঘটনা। তাঁরাও ও'র কাছে ঘটনাটা পাঠিয়েছে। ভদ্রলোক সেটাতে প্লট নম্বর ইত্যাদি সমস্ত দিয়ে দিয়েছেন এবং দিয়ে বলেছেন,

That we the owners have applied for release of lands and compensation thereof for long nine years but to no effect. The interesting thing first began with the Director General of Civil Aviation's letter dated 30th May, 1951.

Parties were directed to contact the Collector of 24-Parganas for compensation for lands acquired by him. The Government of India have delegated all powers to pay compensation for the properties requisitioned under the Defence of India Rules to the District Officer. But the reply in letter is more interesting because they could not do anything in the matter. He could not do anything pending sanction of the estimated cost received from the Government of India.

এ বিষয়ে প্রথম করেসপনডেন্স ৩০-৫-৫১ তারিখে হয়েছিল। এইভাবে একবার ২৪-পরগনা কালেকটরএর কাছে একবার গভর্নমেন্ট অব ইন্ডিয়ার ল্যান্ড হায়ারিং অ্যান্ড ডিসপোসালএর অফিসারের কাছে একবার এখানকার ল্যান্ড রেভিনিউ অফিসারএর কাছে তাদের আসা যাওয়া করতে হচ্ছে। কিন্তু কোন কিছু ব্যবস্থা তাদের এখনও করা হচ্ছে না। এরা সব অতি সাধারণ মানুষ এবং এদের মধ্যে বাড়ী করতে চান বলে জমি ফিরিয়ে নিতে চান বা কেউ হয়ত বলছেন যে তাঁর জমির দরকার নেই, টাকাটা পেলেই। কিন্তু সেসব কিছুই সেখানে করা হচ্ছে না। আমরা এই ঘটনাটা এম পি-দের দিয়ে মুভ করিয়েছি। সেখানে আমরা প্রফেসর হীরেন মুখার্জীকে দিয়ে মুভ করিয়েছি। সেখানে তাঁরা বলেন যে আমরা তো বেঙ্গল গভর্নমেন্টএর ডিষ্ট্রিক্ট অফিসারকে ও বিষয়ে পাওয়ার দিয়েছি। আবার বেঙ্গল গভর্নমেন্টকে যদি লেখা যায় তাহলে বিমলবাবু আমাকে উত্তর দেবেন যে, গভর্নমেন্টের তো কিছু করার নেই। এবং ডিষ্ট্রিক্ট অফিসাররা এখান থেকে অর্থারিটি পেয়ে তাঁরাই সব করেন বলে তাঁদের সঙ্গে ব্যবস্থা করুন। কিন্তু আবার ও'রা বলেন যে, তাঁদের কিছু করার নেই, কারণ কত যে কম্পেনসেশ্যান দিতে হবে তা তাঁরা জানেন না। এই রকমভাবে ১৯৫৯ সাল থেকে আজ অবধি ওরা কিছুই জানতে পারছে না এবং এক জায়গা থেকে আর এক জায়গায় ঘোরাফেরা করছেন। এ সম্বন্ধে আমি অনেকগুলো চিঠি সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে দিয়েছি, সেগুলোর করেসপনডেন্স পড়ে বৃথা সময় নষ্ট করব না। কিন্তু সেই ১৯৫১ সাল থেকে ১৯৫৭ সাল অবধি কি হচ্ছে না একবার দিল্লীতে লেখা হচ্ছে, আবার দিল্লী থেকে তারা একবার এখানে লিখছে, আবার গভর্নমেন্ট থেকে হয়ত ডিষ্ট্রিক্ট অফিসারকে লিখছেন অর্থাৎ এইভাবেই চলছে। সেজন্য আমি জিজ্ঞাসা করি যে ডিপার্টমেন্টএ কোনদিন কি আপনার ফাইল ঘাটবার প্রয়োজন হল না? অতএব যেখানে সাধারণ মানুষের এত দরখাস্ত পড়েছে, সেখানে যদি আপনি মনোযোগ দিয়ে সিরিয়াসলি সমস্ত জিনিষগুলো দেখতেন তাহলে আমার মনে হয় না যে এই গন্ডগোলটা হতে পারত।

জমিদারদের অ্যাড ইনটেরিম কম্পেনসেশ্যান না দেবার এবং পরে দেবার যে দাবী আমরা করেছি তার উপর কালকে বক্তৃতা দেবার সময় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, এটা হয় না, কারণ একটা যে আইন আমরা পাশ করেছি এবং তার প্লেজড ওয়ার্ড যেটা সেটার অন্ততঃ একটা মূল্য আছে। অর্থাৎ এই ব্যাপারে উনি আইনের পরিবর্তন করবেন না। কিন্তু এদের বেলায় কি হল? এখন তো আর বৃটিশ গভর্নমেন্টকে দোষ দেওয়া চলবে না যে ওরা নিয়ে দেয় নি, তার আর আমরা কি করব। ,কারণ এখন যখন আপনারা রাজত্ব করছেন তখন আর ওকথা বলতে পারবেন না। অথচ প্লেজড ওয়ার্ড তো দৈনন্দিনই আপনারা ভাঙ্গছেন। আমি জানি এই আইন আপনার মেজরিটীর জোরে পাশ করিয়ে নেবেন। কিন্তু আমরা এও জানি যে আপনার ডিপার্টমেন্ট কিছুই করবে না। ওরা যখন আমাকে কাগজপত্র দেয় তখন আমি ওদের বলেছিলাম যে, এখন এসেম্বলী, কাউন্সিল ইত্যাদি ব্যাপার নিয়ে বিমলবাবু ব্যস্ত আছেন বলে এইসব মিটে গেলে ১০।১৫ তারিখে তাঁর সঙ্গে দেখা করে দেখব যে কি করা যায় না যায়। উনি যদি একটু চেষ্টা করেন তাহলে এমন কোন কথা হয় না যে উনি তা করতে পারবেন না। তাদের কম্পেনসেশ্যান অ্যাসেস করা যায় এবং তার জন্য আপনি একটা বোর্ডও সেট-আপ করতে পারেন। অর্থাৎ কিছু একটা অ্যাড ইনটারিম বন্দোবস্ত আপনি করতে পারেন এবং প্রয়োজন হলে আইন পাশ করিয়ে আপনি তাদের সব দিয়েও দিতে পারেন। কিম্বা পুরোটা যদি নাও দিতে পারেন তাহলে অ্যাড ইনটারিম কিছুটা দিলেও তারা খানিকটা বেঁচে যায়। উনি ধুবুলিয়া ক্যাম্পের কথা বলেছেন, কিন্তু আপনি সেসব ছেড়ে দিয়ে যাদের জমি আপনি ছাড়তে পারেন এইরকম জমি ছেড়ে দিন। যেমন দক্ষিণেশ্বরের কথা এটাই বা না ছাড়বার কোন অজুহাত আছে। অকর্মণ্যতা, অনুভূতির অভাব ছাড়া আর কোন অজুহাতই আপনি দিতে পারেন না। কামারহাটি মিউনিসিপ্যালিটির কথা শুনুন।

S. D Mahajan, Land Hiring and Disposal,

কামারহাটি মিউনিসিপ্যালিটিকে একটা চিঠিতে জানালেন যে, যেসব জায়গা ওয়ার ইত্যাদির জন্য নেওয়া হয়েছিল, সেখানে এখন আর কোন কনস্ট্রাকশান ইত্যাদি কিছু করো না। অর্থাৎ তিনি জানালেন যে,

Government of India, Ministry of Defence, have decided to reconvey all the acquired lands surplus to the requisition to the original owners on the mere cost basis. Accordingly sanction to the continuance of 9,000 acres of surplus acquired land at the above project to their original owners on the aforementioned terms has been received in this office and necessary action to this effect is already in our hand. You are, therefore, requested not to make any use of the acquired land at the above project and not to proceed with the development thereof so that they can get possession of the land and their original accommodation can be made over to the owners.

এই চিঠি দেবার পর সেখানকার লোকেরা কি করবে কিছুই বুঝতে পারছে না। আসলে উনি বলছেন যে, ভবিষ্যতের জন্য ও'রা বিশেষ কিছু ক্ষমতা চাচ্ছেন না বরং লোকের বিচার করবার জন্য কিছু সময় চাচ্ছেন। কিন্তু আগে যে ঘটনা হয়েছে তা থেকে আপনি নতুন মন্ত্রী হয়ে এই কনক্লুশানএ এসেছেন এবং উত্তর দিবার সময় এটাও স্বীকার করবেন যে, আগে যে গভর্নমেন্ট ছিল, তাঁরা এইসব কিছু না করে সমস্ত ওয়েস্ট পেপার বাসকেটএ ফেলে দিয়েছেন বা ইংরাজের কাছ থেকে রেড-টেপ যেটা শিখেছেন, সেই রেড-টেপেই বেঁধে রেখে দিয়েছেন। অর্থাৎ এই হচ্ছে দরদের অভাব। আমার এখন মনে হচ্ছে যে হাউস থেকে বেরুলেই আপনি বোধ হয় সব ভুলে যাবেন। আর ভুলে যাবারই কথা কারণ ওরা দেশগঠন করছেন, এদিক ওদিক অনেক ঘুরে বেড়াতে হচ্ছে। কিন্তু আপনাদের এত মন্ত্রী, ডেপুটী মিনিষ্টার, পারলিয়ামেন্টারী সেক্রেটারীরা আছেন তাঁদের মধ্যে তো একজন এটার ভার নিয়ে করতে পারেন। কিন্তু দুঃখের কথা যে আমি এইসব কথা বারেবারে বলেও ও'দের ইমপ্রেশান ক্রিয়েট করতে পারছি না। ডাঃ রায় বলছেন যে, আমরা নাকি খুব ভাল কংক্রিট সাজেসশান দিচ্ছি, কিন্তু উনি একটাও গ্রহণ করলেন না। সেজন্য আমি বারেবারে বলেছি যে, আপনারা কাজ ভাগ করে নিন। এগুলি কোন ঝগড়ার কথা নয়, কারণ আপনিও নিশ্চয় থিওর্যাটিক্যালী স্বীকার করবেন যে, ল্যান্ড তাদের

ফেরত দেওয়া উচিত বা তা না দিতে পারলে টাকা ফিরিয়ে দেওয়া উচিত। এসব কিছুই না করার পর যদি কোন কড়া কথা বলি তাহলে তখনই আপনারা বলবেন যে, কনষ্ট্রাকটিভ কিছুই হচ্ছে না। কিন্তু এছাড়া কনষ্ট্রাকটিভ আর কি বলব। সেজন্য বলছি যে, অল্প দিনের মধ্যে এদের জমি ফিরিয়ে দিন, হাউস থাকতে থাকতে একটা বোর্ড সেট-আপ করুন এবং ইন্ডিয়া গভর্নমেন্ট-এর সঙ্গে করেসপনডেন্স করে তাড়াতাড়ি একটা কিছু করে, এদের জানিয়ে দিন যে এই এই তোমাদের জন্য করা হচ্ছে।

[5-35—5-45 p.m.]

দেখুন তো, আপনারা যখন চান একটা জিনিষ করতে, তখন কি রকম তাড়াতাড়ি করেন! সেদিন সানডে হঠাৎ দেখা গেল ইডেন গার্ডেনে একশো পুলিস নিয়ে গিয়ে সেটাকে দখল করে ফেললেন! সেটা কার প্রপার্টী ছিল? ইন্ডিয়া গভর্নমেন্টের, না, এন-সি-সির? কার? গভর্নমেন্ট যদি অ্যাক্ট করতে চান, তা তাঁরা পারেন। এটা করে আপনারা দেখিয়ে দিয়েছেন। কিন্তু অন্যায়ভাবে যেখানে করছেন, সেটা না করে যদি আপনারা ন্যায্যতঃ তা করতেন, তাহলে আমার মনে হয়, এতদিন পরে আবার এসে নতুন করে এই পাওয়ার চাইতে হত না, আরো তিন বছরের জন্য। ইন এনি কেস নতুন করে আবার সময় নিতে হত না। আমি আর সময় নষ্ট করতে চাই না। আমার পরে যে অ্যামেন্ডমেন্ট আছে, তা কর্নসিডার করুন, এই এক বছর সময়ের মধ্যে আপনারা পারবেন কি না? আপনি যদি এই এক বছরের মধ্যে না পারেন, তাহলে পরে আবার সময় নেবেন। তা নাহলে আমাদের ভয় হয়, তিন বছর সময় দিতে। কারণ তিন বছর সময় দিলে, আপনারা শেষ দিকে কাজ করবেন, প্রথম দিকে কাজ করবেন না। আমাদের অতীতের যে অভিজ্ঞতা আছে, তা থেকে আপনারা যে ক্ষমতা চাচ্ছেন, তার বিরোধিতা করছি। তা না করে আমাদের কোন উপায় নাই।

The Hon'ble Bimal Chandra Sinha:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এখানে বিরোধী পক্ষ থেকে যে সমস্ত বক্তৃতা হল তার মধ্যে অন্যান্য বক্তারা যা সব বলেছেন, তার জবাব দেবার পূর্বে বিরোধী দলের নেতা জ্যোতিবাবু যে কথা বলেছেন, আমি সেটার সম্বন্ধে প্রথমে বলবো। তার কারণ বাকী যাঁরা যা বলেছেন সে সম্বন্ধে আমার খুব বেশী বক্তব্য নেই। কারণ তা পরস্পর বিরোধী। তাঁরা এমন সব কথা বলেছেন, যার মধ্যে আমি কোন সামঞ্জস্য করতে পারি নাই। সে কথায় আমি পরে আসবো।

এখানে জ্যোতিবাবু যে বক্তৃতা দিয়েছেন, তার জন্য আমি তাকে ধন্যবাদ দেই এই কারণে, তিনি যে সমস্ত সমস্যার কথা তুলেছেন, সেগুলি কোন দলগত ঝগড়ার কথা নয়। কারণ প্রত্যেক পক্ষ চান, যারা ছোট মালিক তারা ক্ষতিপূরণ পাক। অথবা জমি ফেরৎ পাক। যাদের কষ্ট হচ্ছে, যাদের প্রত্যেকে দুয়ারে দুয়ারে ঘুরে বেড়ায়, তাদের জন্য বাংলা সরকারের পক্ষ থেকে ভারত সরকারকে লিখে, তাড়াতাড়ি কাজ করান যদি সম্ভব না হয়, তাহলে যারা সাধারণ মালিক—এক কাঠা কি, এক বিঘা জমির মালিক, তাদের পক্ষে বিভিন্ন গভর্নমেন্টের বিভিন্ন দপ্তরের দরজায় গিয়ে কাজ করান যে কত শক্ত তা আমি জানি। সেইজন্য জ্যোতিবাবু যে প্রস্তাব করেছেন যে, একটা কোন বোর্ড গঠন করা হোক, আমি বর্তমানে এই হাউসের অবগতির জন্য আগেই বলতে পারি, সে কথা আমরা কিছুদিন পূর্বে চিন্তা করেছি এবং আমার ইচ্ছা ছিল, আজকে ঘোষণা করা নয়, কথা প্রসঙ্গে এখানে কথা পাড়লো বলে, এই হাউসের সেসানের পরে কোথায় কি করা যায়, সেই অনুসারে একটা ডি-রিকুইজিশান বোর্ড করে কিভাবে কম্পেনসেশ্যান তরান্বিত করা যায়, সে সম্বন্ধে ক্ষমতা দিয়ে একটা বোর্ড সেট-আপ করা। একথা সত্য যে সমস্ত জমি আমাদের দখল হয়ে পড়ে আছে, সে সম্বন্ধে তাড়াতাড়ি একটা বিহিত করা দরকার। কিন্তু একথা সত্য নয় যে, এ সম্বন্ধে কোন কাজ করা হয় নাই। এখানে ডাঃ সুরেশচন্দ্র ব্যানার্জী কে উদাহরণ দিয়ে বলেছেন, সে সম্বন্ধে একটা ঘটনা বলছি। সমস্ত জায়গার ঘটনা বলতে গেলে বহু সময় নষ্ট হবে। নমুনা হিসেবে একটা ঘটনা পেশ করছি। কল্যাণীর যে এলাকা সেখানে ২৭ হাজার একর নয়, আমি পুনরায় বলছি ১০ হাজার একর জমি রিকুইজিশান করা হয়েছিল। তার মধ্যে ৯ হাজার চারশো একর জমি অ্যাকুইজিশান প্রসিডিংস করার জন্য মনস্থির করা হয়েছে এবং সে সম্বন্ধে প্রসিডিংস আরম্ভ হয়েছে এবং

সেই প্রসিডিংস প্রায় শেষ হয়ে এসেছে। দুশো একর জমি ইতিমধ্যে ফেরৎ দেওয়া হয়েছে। কাজেই আপনারা যে বলছেন কোথাও কোন মনস্থির করা হয় নি, তা নয়, একটা উদাহরণ থেকেই তা বুঝতে পারবেন।

তারপর আরো একটা অভিযোগ উঠেছে যে, এখানে কোন কম্পেনসেশ্যান দেওয়া হয় নাই, তা নয়। আমি ডাঃ সুরেশচন্দ্র ব্যানার্জীকে জানিয়েছি এবং হাউসের সামনে সেটা দু-এক দিনের মধ্যে আসবে প্রশ্নোত্তরের মাধ্যমে। আমাদের ৬২ লক্ষ টাকা পেমেন্ট অল রেডি করা হয়েছে। তার মধ্যে যে পিরিয়ড আন্ডার রিকুইজিশান ছিল তার মান্থলি কম্পেনসেশান স্বরূপ কয়েক লক্ষ টাকা এবং যে জমি অ্যাকোয়ার করা হয়েছে, তার মধ্যে যারা যারা টাকা নিয়েছে, তার মধ্যে ৩০।৩২ লক্ষ টাকা— এই সমস্ত নিয়ে ৬২ লক্ষ টাকা পেমেন্ট করা হয়েছে। এইসব ক্ষেত্রে অনেক সময় আইনের অসুবিধা ওঠে। তার কারণ যদি কালেকটর-এর অ্যাওয়ার্ড মেনে না নেন, তাহলে সেখানে আরবিট্রেটর নিয়োগ করা ছাড়া আর কোন গত্যন্তর থাকে না। ১৯৫২-৫৩ সালে একজন হোল টাইম অফিসার দেওয়া সত্ত্বেও সেখানে এত সংখ্যক কেস ছিল যে জজ সাহেব তা শেষ করতে পারেন নাই। আরবিট্রেটর কর্তৃক যেমন যেমন আরবিট্রেশন অ্যাওয়ার্ড দেওয়া হচ্ছে, তেমনি তেমনি টাকা পেমেন্টএর ব্যবস্থা করা হচ্ছে। তবে আইনের এক আধটু খুটিনাটি থাকার দরুন একটু বিলম্ব হওয়া স্বাভাবিক। আমি এই কারণে বলছি যেসব জায়গায় আরবিট্রেশন প্রসিডিংস চলছে অথবা অ্যাসেসমেন্ট প্রসিডিংস চলছে, আমি দপ্তরের কাগজপত্র ঘেঁটে দেখেছি, তা থেকে বলছি যে তিন বছর না হলে এই সমস্ত কেস শেষ হবে না। অবশ্য সে বিষয়টা যাতে আরো তরান্বিত করা যায়, তার চেষ্টা করছি। এতে আমার চেয়ে সুখী আর কেউ হবে না। তার জন্য কি রকম বোর্ড করা উচিত কি না উচিত, বোর্ডকে কতখানি ক্ষমতা দেওয়া হবে, আমার ইচ্ছা আছে, এ বিষয়ে পরে ঘোষণা করবো। এখন প্রশ্ন হচ্ছে, যদি আজকে এই আইনকে বন্ধ করে দেন, তাহলে অবস্থাটা কি দাঁড়াবে? অবস্থাটা দাঁড়াবে এই কতকগুলি জমি যা একটা আইন বলে দখল করে রাখা হয়েছে, সেই আইনবলে কিছু লোককে মাসিক কম্পেনসেশ্যান দেওয়া হচ্ছে, অ্যাকোয়ার করার দরুন তার মূল্য বাবদ ক্ষতি পূরণ দেওয়া হচ্ছে, আজ যদি এই আইন তুলে দেওয়া হয়, তাহলে তাদের যে আইনের বলে ক্ষতিপূরণ দেওয়া যাচ্ছে, সেটা এক মুহূর্তে হাওয়ায় উড়ে যাবে। অনেকে বলেছেন এক বছরও নয়, আমরা একেবারে একসটেনশানএর বিরোধিতা করছি। আমি তার জবাব দিচ্ছি। তাহলে কোন আইনে তাদের কম্পেনসেশ্যান দেওয়া হবে? এখানে বোধহয় বিনয় চৌধুরী মহাশয় বলেছেন, আপনাদের হাজার রকম আইন আছে, তাই দিয়ে এইসব করুন। এল, ডি, পি, অ্যাক্ট আছে। এই আইনের কি দরকার? মাননীয় সদস্য বোধহয় দেখেন নাই, এই আইনে যেভাবে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে, সেরকম ব্যবস্থা ঐ এল, ডি, পি, অ্যাক্টএ নাই। যে দরিদ্র চাষীদের ক্ষতিপূরণ দেবার জন্য আপনারা বলছেন, এল, ডি, পি অ্যাক্ট অনুসারে ক্ষতিপূরণ দিতে গেলে, তারা অনেক কম টাকা পাবে। কাজেই তাদের ক্ষতিপূরণের ¼ অংশ কমিয়ে দেবার দায়িত্ব আপনাদের গ্রহণ করতে হবে। আপনারা বোধহয় কেউই সেই দায়িত্ব নিতে চাইবেন না।

সুতরাং আমি বলতে চাই কম্পেনসেশ্যান দেওয়া হোক, তরান্বিত হোক, এ বিষয়ে আমি আপনাদের সঙ্গে একমত। আমি নিজে অনুভব করি যে জমি ছেড়ে দেওয়া দরকার। সেই জমি দীর্ঘসূত্রতার জন্য আটকে রাখার কোন সঙ্গত কারণ নাই। তাদের সেই জমি তাড়াতাড়ি ছেড়ে দেওয়া হোক, তার জন্য তরান্বিত কর যিনি বলবেন, তার সঙ্গে আমি সম্পূর্ণ একমত। কিন্তু যে মামলাগুলি চলছে, যেখানে ক্ষতিপূরণ দেবার কাজ অগ্রসর হচ্ছে, সেখানে যদি অন্য আইন প্রয়োগ করি এবং তার অবশ্যম্ভাবী ফলস্বরূপ এই ক্ষতিপূরণ দেওয়া বন্ধ করে দেই, তাহলে তারা হাওয়ায় ভাসতে থাকবে। এটা সঙ্গত হবে না এবং এর কোন স্বার্থকতা আছে বলেও আমি মনে করি না। জ্যোতিবাবু যা বলেছেন, আমার মনে হয়, সেই অনুসারে কি করে আমরা তরান্বিত করতে পারি, এই জমি ছেড়ে দেবার ব্যাপারে, এই ক্ষতিপূরণ দানের ব্যাপারে, তার জন্য আমি হাউসে প্রতিশ্রুতি দিতে পারি, তাড়াতাড়ি যাতে ব্যবস্থা হয়, তার চেষ্টা করবো।

তারপর এই প্রসঙ্গে আরো কয়েকজন মাননীয় সদস্য যা বলেছেন, সে সম্বন্ধে দু-একটি কথা বলার প্রয়োজন আছে বলে আমি মনে করি।

আমাদের ডাঃ সুরেশ ব্যানার্জী বলেছেন, প্রয়োজন হতে পারে ভবিষ্যতে, অতএব জমি দখল আইন রাখার প্রয়োজন হতে পারে আমি এটা বুঝি। কিন্তু নির্মম অত্যাচার হচ্ছে। আমি বারবার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলছি এটা ভবিষ্যতে প্রয়োগের জন্য নয়। যে জমি এর মধ্যে দখল হয়ে আছে তার একটা রফা বা ফয়সালা করার জন্য এই আইন। তার কারণ আমি পূর্বেই বলেছি এই আইন অনুসারে দখল করলে ক্ষতিপূরণই যে শুধু বেশী দিবে তাই নয়, এই অনুসারে নতুন করে দখল করার কোন ক্ষমতা নাই। কাজেই যেকথা ডাঃ ব্যানার্জী বলেছেন তাঁর প্রতি যথেষ্ট শ্রদ্ধা দেখিয়েও আমি বলতে পারি, তিনি এই আইনটি পড়ে দেখেন নি এবং তাঁর এই তর্ক সম্পূর্ণ অবান্তর। আমাদের দেবেনবাবু বলেছেন, এ বিষয়ে যে কত জমি আছে, কত কম্পেনসেশ্যান দেওয়া হয়েছে এবং কম্পেনসেশ্যান একেবারে দেওয়া হয় নি, এসব কারণে তিনি বিরোধিতা করছেন। আমি তাঁর অবগতির জন্য বলতে পারি এখানে আমাদের মোট এখন ৬৪৯টি সম্পত্তি দখলে আছে এবং তার ডিটেইলড তালিকা পড়তে গেলে বর্তমান হাউসে সেটা সম্ভব নয়। তিনি যদি আমার কাছে জানতে চান, আমি তাঁকে ডিটেইলড তালিকা দিতে পারি। কোথায় কত কম্পেনসেশ্যান মাসিক দেওয়া হয়েছে তা দিতে পারি, কোথায় অ্যাকুইজিশানএর কম্পেনসেশ্যান দেওয়া হয়েছে, তা দিতে পারি এবং কোথায় আরবিট্রেশান অর অ্যাওয়ার্ড গ্রহণ করে নি বলে আটকে আছে, তার তালিকা আমি দিতে পারি। আমি যে কল্যাণীর কেসের কথা বললাম তা হতেই প্রমাণিত হবে যে কম্পেনসেশ্যান কোথাও কিছু দেওয়া হয় নি, তা সত্যের সঙ্গে খাপ খায় না। সুতরাং আজ এখানে কম্পেনসেশ্যান ত্বরান্বিত করা এবং জমি ছাড়ার কথা মেনে নিয়ে আমি দেবেনবাবু অন্য যেসমস্ত কথা বলেছেন, সেগুলি মেনে নিতে পারছি না। পানাগড়ের কথা হেমন্তবাবু বলেছেন, তাঁর অবগতির জন্য জানাই পানাগড় ভারত সরকারের দখলে। সে সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার বারবার চিঠি লিখেছেন। সারপ্লাস ল্যান্ড যেগুলি সেগুলি ছেড়ে দেবার জন্য বহু চিঠি লেখা হয়েছে। এবং তাঁরা কি চিন্তা করছেন না করছেন তা মধ্যে মধ্যে জানান, কিন্তু এ বিষয়ে তাঁরা এখনো স্থির সিদ্ধান্ত করেন নি। কাজেই পানাগড় সম্বন্ধে বাংলা সরকারের কোন হাত নাই। পবিত্রবাবু এখানে কো-অপারেটিভ হোমসএর কথা বলেছেন। তাঁর অবগতির জন্য জানাই যে কো-অপারেটিভ হোমস এই আইনে দখলীকৃত জমি নয়, সেটা হচ্ছে ল্যান্ড ডেভেলাপমেন্ট অ্যান্ড প্ল্যানিং অ্যাক্ট, যদি সে সম্পর্কে কিছু বলবার সুযোগ ঘটে, তাহলে ল্যান্ড ডেভেলাপমেন্ট অ্যান্ড প্ল্যানিং অ্যাক্টএর কি উন্নতি করা যায়, যাতে বরো (?) কোম্পানী তারি বলে দখলীকৃত জমি নিয়ে কোনরকম অন্যায় করতে না পারে, সে বিষয়ে বারান্তরে আমি হয়তো বলব। কিন্তু এই আইনে এমন কোন ব্যবস্থা নেই যে, গভর্নমেন্ট এই আইনের বলে জমি দখল করে, সেই জমি অন্য কোন কোম্পানীর হাতে তুলে দিয়ে, কোন রকম ব্যবসা বা স্কীম বা কোন রকম কিছু করতে পারেন। আমি পরিষ্কার করে আরেকবার বোঝাচ্ছি যে জমি দখল করা হয়েছিল, সেই জমির ফয়শালা করার জন্যই কেবলমাত্র এই আইন। এবং সেই জমির যতক্ষণ ফয়শালা না হয়ে যাবে, ততক্ষণই এই আইনের প্রয়োজন। সেই জন্যই এটা টেম্পোরারী, পারমানেন্ট নয়। আমি এই বিষয়ে আর বেশী কিছু বলতে চাই না। কল্যাণীতে ৩০ টাকা বিঘা হয়েছে, আমি জানি না। কিন্তু কথা তার জন্য প্রসিডিওরএ যা লেখা আছে, তাতে তারা টাকা গ্রহণ না করে আরবিট্রেশান চাইতে পারেন। আমি ভূরি ভূরি উদাহরণ দিতে পারি যে আরবিট্রেশানএ অনেক টাকা বেড়ে গিয়েছে। সেক্ষেত্রে গভর্নমেন্টেরও বক্তব্য নেই, লোকেরও বক্তব্য নেই। একজন জজ আরবিট্রেটর হন। তিনি যা রায় দেন, তা সরকারকে ঘাড় হেঁট করে মেনে নিতে হয়। সে বিষয়ে একটা জুডিসিয়াল প্রসিডিংসএর মত আছে, সেক্ষেত্রে গভর্নমেন্টের একজিকিউটিভ অর্ডারএ কোন দাম ঠিক হয় না। সুতরাং আমি মনে করি এবং এই হাউসকে অ্যাসিওর করতে পারি এই বিষয়ে যত তাড়াতাড়ি কাজ করার জন্য যতটুকু ক্ষমতা তা প্রয়োগে অন্ততঃ আমার পক্ষে ত্রুটি হবে না। কিন্তু বর্তমানে যে অবস্থায় আছে তাতে এক বছরে শেষ হবে বলে আমার মনে হয় না। এবং সেজন্যই এই তিন বছর বারবার যাতে না আসতে হয়। আশা করি এর মধ্যে সবকাজ শেষ হবে। এই বলে আমি আমার প্রস্তাব গ্রহণের জন্য আপনাদের অনুরোধ করছি।

[5-45—5-55 p.m.]

The motion of Sj. Ganesh Ghosh that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of December, 1957, was then put and lost.

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957, be taken into consideration, was then put and a division taken with the following result:—

AYES 116.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Banerjee, Sjkta. Maya
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blanche, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Gokul Behari
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjkta. Sudharani
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Platel, Sj. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Zia-ul-Huque, Janab Md.

NOES—73.

Abdulla Farooquie, Janab Sha'kh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhaduri, Sj. Panchugopal
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjta. Labanya Prova
Halder, Sj. Ramanuj
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Misra, Sj. Monoranjan
Mitra, Sj. Satkari
Mondal, Sj. Amarendra
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Noronha, Sj. Clifford
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Bhakta Chandra
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Sahis, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan

The Ayes being 116 and the Noes 73, the motion was carried.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

[5-55—6-5 p.m.]

Clause 2

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that in clause 2, in line 3, for the proposed words "nine years" the words "seven years" be substituted.

আমার অ্যামেন্ডমেন্টএ আছে নয় বছরের জায়গায় সাত বছর করা হোক অর্থাৎ আর এক বছর সময়। ইতিপূর্বেই আমি বলেছি যে ১৯৪০ সালের ডিফেন্স অব ইন্ডিয়া অ্যাক্টএর বলে যে সমস্ত জায়গা রিকুইজিশান করা হয়েছিল তা বহুদিন ধরে এইভাবে রয়েছে। আমার আজকার বক্তব্য মন্ত্রীমহাশয় একটু ভুল শুনেছিলেন। আমার বক্তব্য ছিল অ্যাকুইজিশান এবং রিকুইজিশান সম্পূর্ণ পৃথক। রিকুইজিশান টেম্পোরারী পারপাসএ নেওয়া হয়, সেখানে একেবারে পারমানেন্টলি নেবার মতলব নেই বলে রিকুইজিশান করা হয়। সেজন্য দীর্ঘ ১৮ বছর ধরে মানুষকে সাসপেনশানএ রাখা অত্যন্ত অন্যায় ব্যাপার করা হয়। এবার বলেছেন এই শেষবারের মত বাড়াচ্ছি, কিন্তু দেখেছি, বরাবর আমরা দেখেছি ১৯৩৯ সাল থেকে ১৯৪৫ সালে, ১৯৪৬ সালে অর্ডিনান্স বলে, তারপর আইন পাশ করে নেন এবং সেই আইন পাশ করে প্রায় ১৯৫১ সাল পর্যন্ত রাখেন, ১৯৫১ সাল শেষ হতে আবার আইন করেন, তারপর ছয় বছর করেন, এখন আবার নয় বছর করছেন। এখন বলা হচ্ছে যে সমস্ত রিকুইজিশান ল্যান্ড আছে, সে সম্বন্ধে

সরকারকে অতি তৎপর মন ঠিক করতে হবে, যেগুলি মনে করেন নেবেন না সেগুলির তাড়াতাড়ি ব্যবস্থা করতে হবে। যেগুলি অ্যাকোয়ার করবার তা করতে হবে। এসবই এক বছরের মধ্যে করতে পারেন, যেগুলি অ্যাকোয়ার করবার প্রয়োজন নেই, ডি-রিকুইজিশানড করুন। অ্যাকোয়ার্ড ল্যান্ড ডি-রিকুইজিশানড করবার অনেক অসুবিধা আছে, আইনের দিক থেকে; কিন্তু রিকুইজিশানড ল্যান্ড ডি-রিকুইজিশানড করা কঠিন নয়। সেজন্যে বলছিলাম এবং বিরোধী দলের নেতা মাননীয় জ্যোতিবাবু বলেছিলেন যাতে একটা সময় ঠিক করে দেওয়া হয়। একটা ডেফিনিট ডেট ঠিক করে দিতে সরকারকে বলি যার মধ্যে প্রায়রিটি দিয়ে একটা ব্যবস্থা করবেন। আমার অভিজ্ঞতা আছে জমির ব্যাপারে, সেখানে যে রিকুইজিশানড ল্যান্ড আছে তার ওনার-সিপ যাদের, পুরানো মালিক যারা ছিলেন তাদের সেই জমি খাজনার দায়ে নীলাম হচ্ছে, সে সম্পর্কে নানারকম মামলা উঠেছে সেখানে পর্যন্ত সরকারের তরফ থেকে সাহায্য আসে না, এক তরফা ডিক্রি হচ্ছে। তা ছাড়া সেই জমির যা ইনকাম তা ঠিক হয়েছিল ১৮ বছর আগে, এখন তার বহুগুণ দাম বেড়েছে। যারা মালিক তাদের সাসপেনশানএ রেখে এইভাবে অনির্দিষ্টকালের জন্য তাদের এই সম্পদ থেকে বঞ্চিত করে রাখা, ১৮ বছরের আগেকার কম্পেনসেশ্যান দিয়ে তাদের বঞ্চিত করে রাখা অত্যন্ত অন্যায় বলে মনে করি। কাজেই সমস্ত দিক থেকে প্রয়োজন হচ্ছে, একটা নির্দিষ্ট সময় নিতে হবে, ইনডেফিনিট টাইম নিয়ে রাখলে চলবে না। অ্যাকোয়ার্ড ল্যান্ড ডি. ভি. সিএর ক্ষেত্রে বা অন্য ক্ষেত্রে যা করা হয়েছে, নির্দিষ্ট সময়ের মধ্যে তার ব্যবস্থা করতে হবে, কিন্তু এখানে এক বছরের সময় যথেষ্ট তার বেশী সময় নেওয়া উচিত নয়।

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, while agreeing with the suggestion that these payments should be expedited, I do not think that all these cases can be disposed of in one year. The matter is a complicated one and I have studied in detail some specimen cases and that is why I believe three years time is absolutely necessary. Therefore, I oppose the amendment.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that in clause 2, in line 3, for the proposed words "nine years" the words "seven years" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর যে বক্তৃতা আমাদের সামনে দিলেন তার পরেও কয়েকটা কথা আমরা বলতে বাধ্য হচ্ছি, বাধ্য হচ্ছি এই জন্যে যে তিনি বললেন যে এই যে আমরা ব্যবস্থা করেছি এটা একটা সাময়িক ব্যবস্থা টেম্পোরারী, এটা পারমানেন্ট কোন ব্যবস্থা নয়। সেখানে তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে এটা ধীরে ধীরে কি করে শেষে পারমানেন্ট ব্যবস্থা হয়ে যায়। ১৯৩৯ সালে যুদ্ধের পরে যে আইন—কি করে আবার তিনি এটাকে বাড়িয়ে নেবার কথা বলছেন? সেটা যে পারমানেন্ট আকার ধারণ করছে না, তিনি কি করে তা বলেন? অন্ততঃ একে কোয়াসি-পারমানেন্ট বলা উচিত। এখানে

সংক্ষেপে তাকে আমি একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে তিনি যদি এটাকে সত্যিকারের কোন পারমানেন্ট মেজার না করতে চাইতেন, তাহলে পর বিনয়বাবুর অ্যামেন্ডমেন্টটা তিনি গ্রহণ করতেন, আমার মনে আছে আমাদের এই বাংলাদেশে যখন ব্রিটিশ গভর্নমেন্ট বিনা বিচারে লোককে গ্রেপ্তার করবার আইন প্রতিষ্ঠা করেছিল, তখনও সেই গভর্নমেন্টএর তরফ থেকে বলা হয়েছে, এটা কোন পারমানেন্ট মেজার নয়, এটা একটা এমারজেন্সি মেজার। এটা ঠিক এনালজি। আমরা দেখেছি কি করে টেম্পোরারী মেজার ধীরে ধীরে পারমানেন্ট হয়ে দাঁড়ায়। তার পরে আমাদের কংগ্রেসের রাজত্বে যখন বিনা বিচারে লোককে ধরবার আইন প্রবর্তন হল তখনও বলা হয়েছিল এটা একটা টেম্পোরারী মেজার, তারপর দেখলাম ভারতবর্ষের কনষ্টিটিউশনএ লিপিবদ্ধ হল যে প্রিভেনটিভ ডিটেনশান অ্যাক্ট চলবে। এতে যে জনসাধারণের অশেষ দুর্গতি হয়েছে। এই সমস্ত আইন যত তাড়াতাড়ি শেষ করতে পারি তা করা দরকার। বিমলবাবু যদি সেইভাবে চেষ্টা করতেন, তাহলে বিনয়বাবুর সংশোধনী যা ছিল তিনি তা গ্রহণ করতেন, বিশেষ করে তিনি আবার ঘোষণা করলেন যে তিনি বোর্ড করবার একটা চিন্তা করছেন। যদি বোর্ড করবার চিন্তা করেন, তাহলে আমরা বলতে পারি যে এই আইনে যে সমস্ত ধারা হয়েছে সেই ধারা অনুযায়ী তাড়াতাড়ি ব্যবস্থা করা যেতে পারে এবং বোর্ড হলে পরে ওই কম্পেনসেশ্যানএর ব্যাপারে তাঁরা পরামর্শ দিতে পারেন।

[6-5—6-15 p.m.]

এখানে সেকশন ৬(২)তে যে কথা বলছে তাতে বোর্ডের কি চরিত্র হবে, এত কথা বলেন নি। আমরা ধরে নিচ্ছি যে বোর্ড কতকটা "এ্যাডভাইসরি ক্যাপাসিটি"তে কাজ করবে, তাহলে সেই বোর্ড অন্ততঃ এই সমস্ত যে 'মেশিনারী' আছে তাদের সাহায্য করবার জন্য চেষ্টা করবে। তাহলে ৩৬৫ দিন নেহাৎ কম হবে বলে মনে হয় না। সেই জন্য আমি বলছি যে বোর্ডের কথা উনি যেটা বলেছেন, সেই বোর্ড কি করবে, এবং বোর্ডের পরিকল্পনাই বা কি রকম? তিন বছর যদি ফেলে রাখা যায় তাহলে আমরা জানি যে গভর্নমেন্টের মেশিনারী যেভাবে চলে সেই ধারায় "গয়ং গচ্ছ" আকারে চলবে, তারপরে তিন বছর বাদে বিমলবাবু আমাদের কাছে এসে দাঁড়াবেন, এবং বলবেন যে একটা দুটো বছর না বাড়ালে ভয়ানক অন্যায় হচ্ছে, যে তারা ক্ষতিপূরণ পাবে যদি সাধারণ আইনে করতে যান। তাই বলছি এরকম ব্যবস্থা করা উচিত ছিল—এক বছর বা ৩৬৫ দিনের ভিতর সেটা করা উচিত ছিল এবং বোর্ডটা এই এসেমব্লি থেকেই ঘোষণা করা কিভাবে করবেন, অর্থাৎ সম্পূর্ণ পরিকল্পনা উপস্থাপিত করা উচিত ছিল। তবেই আমরা বুঝতে পারতাম যে গভর্নমেন্টের সত্যই সদিচ্ছা আছে, তাঁরা "রেড টেপ"এর ভিতর বাঁধা থাকতে চান না, এবং তাঁরা তাঁদের আমলাতান্ত্রিক ব্যবস্থায় চলবেন না।

এখানে আর একটি কথা বলতে চাই, যেটা তিনি তাঁর বক্তৃতার মধ্যে পরিষ্কার করলেন না, সেকথা দেবেনবাবু উপস্থিত করেছিলেন এবং আমরা আশা করেছিলাম যে তাঁর বক্তৃতায় সেটা পরিষ্কার করে বলবেন। সেটা এই যে রেশন এবং কন্ট্রোলের জন্য যে সমস্ত জমি ইত্যাদি দখল করা হয়েছিল, সেগুলি কেন ফেরত দেওয়া হচ্ছে না। সেগুলির "কম্পেনসেশ্যান" দেবার কি অসুবিধা ছিল? গোডাউন ইত্যাদির বিরাট জায়গা পড়ে রয়েছে বাংলাদেশের বিস্তীর্ণ এলাকায়। সেই গুরুত্বপূর্ণ কথা দেবেনবাবু তুলেছিলেন। তাঁকে সেই কথা স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি হয়ত সেটা জানেন না। যুদ্ধের সময় আমরা জানি বার্নপুরের আশপাশের গ্রাম কিছু কিছু দখল করা হয়েছিল; দখল করবার সময় সেই দরিদ্র গ্রামবাসীদের বলা হয়েছিল যে তোমাদের এই যে মুস্কিল হল এটা গভর্নমেন্ট স্বীকার করছেন, এবং বার্নপুর কারখানা ইত্যাদিতে তোমরা চাকরী পাবে। সেই রকম লোক বার্নপুর কারখানায় এখনও চাকরী পায় নি। তারা জমিও পায় নি। বহু জায়গায় বহু লোক আছেন যাঁরা "কম্পেনসেশ্যান"ও পান নি। এরকম বহু জায়গা আছে, যেমন বেহালা "এয়ার পোর্ট" সেখানে সেন্ট্রাল গভর্নমেন্টের কি ষ্টেট গভর্নমেন্টের তা জানি না, তবে সেখানেও ঐরকম একটা অবস্থা হয়ে রয়েছে।

শেষ কথা একটা বলতে চাই যে, গভর্নমেন্টের তরফ থেকে বিমলবাবু অন্ততঃ যদি এই জমিগুলি ছেড়ে দেবার ব্যবস্থা করতেন এবং কোরে এই আইন উপস্থিত করতেন এবং বলতেন যে এক বছর আমাকে সময় দিন, তাহলে আমাদের এখানে বিরোধিতা করবার দরকার হত না।

কিন্তু তিনি যখন তা করেন নি, তখন আমাদের তরফ থেকে যে সংশোধনী উপস্থাপিত করা হয়েছে এটা গ্রহণ করা উচিত ছিল। তাহলে গভর্নমেন্টের যে সদিচ্ছা আছে এবং সেই সদিচ্ছা পূরণ হবে একথা মনে করতে পারতাম। নচেৎ সমস্ত জিনিসটায় আমাদের আশঙ্কা হচ্ছে যে, আবার তিন বছর পরে মাননীয় মন্ত্রীমহাশয় এটা উপস্থিত করবেন এবং বলবেন যে এর মধ্যে আমরা করে উঠতে পারি নি। কম্পেনসেশ্যান দিতে পারি নি। অ্যাকুইজিশান করতে পারি নি, ডি-রিকুইজিশান করতে পারি নি, ল্যান্ডও তাদের ফেরত দিতে পারি নি, সুতরাং আমাদের ২।১ বৎসর আরও সময় লাগবে। সেই জন্যই আমাদের ঘোরতর আপত্তি হচ্ছে এবং এই যে বিনয়বাবুর সংশোধনী তিনি গ্রহণ করেন নি। সেই জন্যই আমাদের এই কথা বলতে হল। আর আমরা থার্ড রিডিংএর সমস্ত কথা না শুনেই বলছি—অবশ্য তিনি কি বলবেন জানি না তবে তিনি আর একটু ভালভাবে বিবেচনা করুন, যে এইভাবে যা হচ্ছে তাতে প্রত্যেকটি দেশের লোক স্বীকার করবে, সেটা বিরোধী পক্ষ বলছে বলে নয়, বহু কংগ্রেসী সদস্যও স্বীকার করবেন যে এই আইনের ফলে এক শ্রেণীর লোকের দারুণ দুঃখ হয়েছে। বিমলবাবু গোড়ার বক্তৃতায় বলেছেন যে, তিনি চান যে ল্যান্ড ফেরত এর দরকার নেই, এটা গভর্নমেন্টই নিন। কিন্তু বিমলবাবুকে বলা হয়েছে যে তিনি জানেন যে দরিদ্র কৃষক বা সাধারণ লোক তাদের প্রয়োজন ভাল কম্পেনসেশ্যান অথবা জমি ফেরত দেওয়া। সেটা যখন হয় নি, এবং দেশের লোকের যে অশেষ দুঃখ হয়েছে, সেকথা যখন বিমলবাবু স্বীকার করেছেন, তখন তিনি বুঝে দেখুন এবং আমাদের বিরোধী পক্ষের শেষ কথাগুলি ভেবে দেখুন যে, এটার এমন ব্যবস্থা করা যায় কিনা, যাতে অতি সত্বর তাদের কষ্টের লাঘব হয়।

Sj. Apurba Lal Mazumdar:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, তৃতীয় দফা আলোচনাকালে আমি কয়েকটি কথা মাননীয় মন্ত্রী-মহাশয়কে স্মরণ করবার জন্য বলছি। এ সম্পর্কে আমার কথা এই যে ১৮ বছর আগে যে সমস্ত সম্পত্তি রিকুইজিশান করা হয়েছিল, এই আইন বহু বছর ধরে যদিও বাংলাদেশে চালু আছে এবং এর মধ্যে যথেষ্ট সুযোগ এবং সময় ছিল এর মধ্যে অনেক মানুষের দুঃখ এবং কষ্টকে লাঘব করা যেত, যদি ডি-রিকুইজিশান করতে পারতেন। আমরা দেখেছি যে সমস্ত জমি পশ্চিমবঙ্গে এই আইনের মাধ্যমে বা ১৯৩৯ সাল থেকে অ্যাকোয়ার কোরে রাখা হয়েছে, সেই সম্পত্তির অনেকগুলি দেখা যায় যে, সরকারের কোন কাজে লাগে না, সেগুলি এখনও সেখানে অকেজো অবস্থায় পড়ে আছে, এবং বিনা কাজে পড়ে থাকলেও, সেই সমস্ত জমি সেই এলাকার যারা বাসিন্দা, সেই এলাকার যারা চাষী তাদের মধ্যে বিলি বন্দোবস্ত করার কোন ব্যবস্থাই হয় নি। মাননীয় সদস্যদের অবগতির জন্য দুই-একটি উদাহরণ দিচ্ছিঃ যেমন, বর্ধমানের যে কোষায় বস্তীবাসীর এলাকা অ্যাকোয়ার করা হয়েছিল যুদ্ধের সময়, কিন্তু যখন যুদ্ধের প্রয়োজন শেষ হল, তা হওয়ার সঙ্গে সঙ্গে সরকারের সেই জমির প্রয়োজনও নিঃশেষ হয়েছে। এসত্ত্বেও দেখছি, সেই চাষীদের জমিগুলো আশপাশের যারা চাষী বাসিন্দা, তারা দীর্ঘকাল ধরে সরকারের কাছে আবেদন নিবেদন করে ব্যর্থ হয়েছে, এবং সে জমিগুলি চাষের উপযোগী হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত সরকার চাষী মালিকদের হাতে জমিগুলি ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করেন নি। কাজেই এ সম্বন্ধে আলোচনাকালে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে, এ বিল পাশ হচ্ছে এবং আগামী তিন বছরের জন্য এটা চালু করছেন, কিন্তু এইটুকু প্রতিশ্রুতি দিন যে এই তিন বছরের মধ্যে এই আইন সম্পর্কে সমস্ত ব্যবস্থা অবলম্বন করবেন এবং এ সম্বন্ধে আর আইন সভায় দাঁড়িয়ে আইনের মেয়াদকে বাড়াবার জন্য বলবেন না। আমাদের তরফ থেকে এক বছরের কথা বলা হয়েছিল, কিন্তু তিন বছর মেয়াদ যখন বাড়িয়ে নিচ্ছেন, তখন এই বিল পাশ হওয়ার সঙ্গে সঙ্গেই যে বোর্ডএর কথা বলেছেন, সেই বোর্ড সম্পর্কে প্রতিশ্রুতি দেবেন যে এই আইন পাশ হওয়ার সঙ্গে সঙ্গেই বোর্ডের মাধ্যমে যাতে জমি ডি-রিকুইজিশান করা যায়, তার বন্দোবস্ত করবেন। এবং যে সমস্ত জমি সরকারের কোন কাজে আসবে না বা এমনিই পড়ে আছে, সেই সমস্ত জমি যাতে অবিলম্বে সেখানকার বাসিন্দাদের বা মালিকদের ফিরিয়ে দেওয়া যেতে পারে, তার ব্যবস্থা করবেন। সেই সঙ্গে সঙ্গে যে সমস্ত জমি ইমপরট্যান্ট মনে করেন সেই সমস্ত ইমপরট্যান্ট জমিও পারমানেন্টলি অ্যাকোয়ার করা দরকার, আর পারমানেন্টলি অ্যাকোয়ার করে সেই সমস্ত জায়গার কম্পেনসেশ্যান বর্তমান

বাজার মূল্যে যাতে তাড়াতাড়ি দিতে পারেন, সেই ব্যবস্থা করবেন। তাহলে ১৮ বছর ধরে যে অব্যবস্থা চলছে, এবং আপনাদের ১০ বছরের আমলেও যা রয়েছে, সেটা আগামী তিন বছরের মধ্যে পরিসমাপ্তি করে ফেলবেন, এই প্রতিশ্রুতি দেবেন। আইন পাশ করা আর আইনকে এক্‌জিকিউট করা, দুটো আলাদা জিনিস। সুতরাং এক্‌জিকিউশান যা বহু পূর্ব থেকেই হয় নি, সেটার সম্বন্ধে মন্ত্রীমহাশয় যদি নজর না দেন, এবং ডি-রিকুইজিশানকে কার্যকরী করার দিকে যদি দৃষ্টি না রাখেন, তাহলে তিন বছর পরে আবার আমরা দেখব যে আর এক বছরের জন্য এই আইনের এক্সটেনশান চাইছেন। কাজেই তাঁকে বিশেষভাবে অনুরোধ করব যে এই এক্‌জিকিউশানএর ব্যাপারে সরকারের অন্য ব্যাপারেও যেমন বলছে, দীর্ঘদিন ধরে এখানেও কাজ চাপা পড়ে থাকতে পারে। মন্ত্রীরা প্রতিশ্রুতি দেন, কিন্তু কার্যে রূপান্তরিত করবার সময় মন্ত্রীরা বাস্তব অবস্থার মধ্যে এসে দেখবেন যে আমলাতন্ত্রের ভিতর দিয়ে কাজ করবার সময় আমলাতন্ত্র এমনভাবে বাধা দেবে যে আমাদের সদিচ্ছা বা মন্ত্রীমহাশয়ের সদিচ্ছা থাকলেও অনেক সময় সেটা কার্যে রূপান্তরিত হয় না। তাই আমি অনুরোধ করি যে বিলের আওতার মধ্যস্থিত যে সম্পত্তিগুলি সরকার রিকুইজিশান করবেন না, সেগুলি ডি-রিকুইজিশান করা দরকার, এবং যেগুলি রিকুইজিশান করবেন সেগুলির উপযুক্ত বাজার মূল্য বা প্রপার কম্পেনসেশ্যান দিয়ে দেবেন। আর সত্য সত্যই আমরা দেখতে পাই যে চাষীদের অনেক জমি পড়ে আছে; সেগুলি দেরী না করে দুই এক মাসের মধ্যেই যাতে তাদের দিতে পারেন সেদিকে দৃষ্টি দেবেন; আর তাহলেই এই আইন করার যে উদ্দেশ্য তা সিদ্ধ হতে পারে, এই বলেই আমি শেষ করছি।

[6-15—6-25 p.m.]

Sj. Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মন্ত্রী মহাশয় এই বিল উত্থাপন করতে গিয়ে কয়েকটা কথা বলেছেন সে দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিল সম্বন্ধে আপত্তির একটা গ্রাউন্ড ছিল যে বহু লোকে এখনও উচিত মতন কম্পেনসেশ্যান পায় নি। কিন্তু মন্ত্রীমহাশয় বললেন যে, ৬২ লাখ টাকা না কত কম্পেনসেশ্যান দেওয়া হয়েছে এবং এ বিষয়ে কোন গাফিলতি নেই। কাজেই আমাদের নাকি সেদিক থেকে চিন্তা করবার কিছু নেই, যদি এই বিলের জীবন আরও বাড়ান যায়। এই সূত্রে আমি মন্ত্রী-মহাশয়ের কাছে ২।১টা স্পেসিফিক কেস উপস্থিত করছি, যাতে তিনি বুঝতে পারবেন যে তিনি জিনিষটাকে যত সহজ হিসাবে ধরে নিয়েছেন, তত সহজ নয়। যেমন ধরুন ডাঃ সুরেশ ব্যানার্জী মহাশয় কল্যাণীর জমি দখল ইত্যাদি সম্বন্ধে উদাহরণ দিয়েছেন। তেমনি আমিও ওখান থেকেই একটা উদাহরণ দিচ্ছি। সেখানে ১৮ টাকা থেকে ৬০ টাকা বিঘা প্রতি কম্পেনসেশ্যান গভর্নমেন্ট ধার্য করেছিলেন। সেখানে যে কম্পেনসেশ্যান ধার্য করা হয়েছিল সেটা জমির দাম হিসেবে অত্যন্ত কম হয়েছিল। যখন সেই সমস্ত নিয়ে গভর্নমেন্টের কাছে আবেদন নিবেদন এল তখন গভর্নমেন্ট বললেন যে, তোমরা যদি চাও তাহলে আরবিট্রেশান কোর্টএ যাও। আজকে মন্ত্রীমহাশয়ও সেই কথাই বলেছেন যে আরবিট্রেশান কোর্ট খোলা আছে এবং এখানে কম্পেনসেশ্যান সম্বন্ধে অবিচার হলে ওখানে নিশ্চয় তার সুবিচার হবে। কিন্তু আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি যে, ১।২।৩ বিঘে জমির মালিক যে কৃষক, জমি হয়ত যার একমাত্র সম্বল ছিল, সে সেই সম্বল থেকে বঞ্চিত হবার পর আপনার ঐ ১৮ টাকা কম্পেনসেশ্যান পেয়ে সে কোন পয়সার জোরে কোর্টে গিয়ে মামলা লড়বে? আরবিট্রেশান করতে তো খরচ হয়। সেখানে উকিল লাগাতে হয়, দলিলপত্র যোগাড় করতে হয়। সেজন্য বলছি যে, কজন দরিদ্র উৎখাত কৃষকের সেই ক্ষমতা আছে যে সে গিয়ে মামলা লড়ে তার ন্যায্য পাওনা আদায় করে নিতে পারবে? বেশীর ভাগ কৃষক তা পারে না, অল্প সংখ্যকই সেটা পারে। কিন্তু যে অল্প সংখ্যক পারে তাদের বেলায় কি প্রমাণ হয়েছে শুনুন। কল্যাণী স্কীমে যে সমস্ত জমি নেওয়া হয়েছে তার বিরুদ্ধে প্রায় ৩০০টা মামলা রুজু হয়েছিল, তখনই, যখন গভর্নমেন্ট বললেন যে আরবিট্রেশান কোর্টে যেতে পার। সেই ৩০০টা মামলার মধ্যে গত বছর পর্যন্ত প্রায় ৫০টা কেসের যা বিচার হয়েছে। তার মধ্যে প্রায় ৪৬।৪৭টা কেসে গভর্নমেন্ট যে কম্পেনসেশ্যান ধার্য করেছিলেন, তার প্রায় ডবল, তিন ডবল এমন কি ১৫ গুণ পর্যন্ত বেশী

আরবিট্রেটর ধার্য করেছেন। ধরুন সরকার ১৮ টাকা থেকে ৬০ টাকা না ১০০ টাকা একর, এইরকম কত দামে কাঁচরাপাড়া মিউনিসিপ্যালিটির যে জমি নিয়ে নিয়েছিলেন, সেই জমির জন্য মামলায় আরবিট্রেশান কোর্টে তার মূল্য ১,৫০০ টাকা ধার্য হয়েছে। অর্থাৎ সরকার যখন কম্পেনসেশ্যান ধার্য করেন, তখন তার মধ্যে ন্যায্য বাজার দর দূরে থাক কান্ডজ্ঞান বলেও কোন বস্তু থাকে না। তার প্রমাণ হচ্ছে এই সমস্ত আরবিট্রেশানস অ্যাওয়ার্ড। অর্থাৎ ১০০ টাকা দেওয়া হয়েছিল ১,৫০০ টাকা দামের জমির জন্য। এইরকম আরও অন্যান্য বহু উদাহরণ আছে। কিন্তু আমরা শুনেছি যে, কাঁচরাপাড়া মিউনিসিপ্যালিটির ঐ জমির দাম ১,৫০০ টাকা আরবিট্রেশানস অ্যাওয়ার্ড হওয়ার পরেও গভর্নমেন্ট নাকি আবার আপীল করেছেন বা করবেন যার জন্য তাঁরা এখনও টাকা পান নি। সুতরাং মানুষ এ কোর্ট থেকে সে কোর্ট ঘুরে বেড়াচ্ছে, কিন্তু তার ক্ষতিপূরণের কোন সুরাহাই হচ্ছে না। আমি বলেছি যে, ৩০০টা কেসের মধ্যে যে গোটা পঞ্চাশেক কেস বিচার হয়েছে তার মধ্যে প্রায় ৪৬টা কেসেই কৃষক জিতেছে। কিন্তু এইরকম সব কৃষকের তো আর ক্ষমতা নেই যে মামলা করে আপনাদের রায়ের বিরুদ্ধে যায়। সেজন্য মন্ত্রীমহাশয়কে বলছি যে এই থেকে একটা জিনিষ আন্দাজ করা দরকার যে যে আইনের বলে ক্ষমতা পেয়ে তাঁরা কম্পেনসেশ্যান ইত্যাদি নির্ধারণ করছেন, সেই কম্পেনসেশ্যান-এর হার একেবারে ভ্রান্ত। সুতরাং এতগুলো মামলার ফলের পরেও যদি আমরা দেখতাম যে গভর্নমেন্ট এ বিষয়ে কিছুটা অগ্রসর হয়েছেন তাহলে আলাদা কথা ছিল। অর্থাৎ যখন তাঁরা দেখলেন যে এতগুলো ক্ষেত্রে তাঁদের ধার্য কম্পেনসেশ্যান আরবিট্রেটর নাকচ করে দিয়েছেন, তখন সম্ভবতঃ তাঁদের কম্পেনসেশ্যান ধার্য করার নীতির মধ্যে নিশ্চয় কোন গন্ডগোল ছিল। অতএব এটা অনুভব করে যদি তাঁরা আবার তাঁদের কম্পেনসেশ্যান ধার্য করার নীতিটা পুনর্বিবেচনা করে নতুন স্কেলএ কম্পেনসেশ্যান ধার্য করে দেবার চেষ্টা করতেন তাহলে জমিচ্যুত কৃষক, যাদের কোর্টে যাবার ক্ষমতা নেই, তারা তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হত না। জনসাধারণ গভর্নমেন্টের কাছ থেকে এটাই আশা করে। কারণ গভর্নমেন্ট আদালত নয়, উকিল নয়, বরং গভর্নমেন্ট ন্যায়সংগত কাজ করবার এজেন্সী মাত্র। সুতরাং আরবিট্রেশানএর রায় অনুসারে যখন দেখা গেল যে কম্পেনসেশ্যান আরও বাড়ান উচিত, তখন সেক্ষেত্রে তাঁরা তাঁদের নীতিটার অন্ততঃ পরিবর্তন বা পুনর্বিবেচনা করতে পারতেন। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি যে, এই সমস্ত কেসের পরে তাঁরা তাঁদের কম্পেনসেশ্যানএর নীতিটা পুনর্বিবেচনা করেছেন কি? তাঁদের উকিল ব্যারিষ্টার ইত্যাদির ঢালাও ব্যবস্থা যখন আছে, তখন কোর্টে কেস চলবে বা আপীল হবে, কিন্তু ইতিমধ্যে কৃষক সর্বস্বান্ত হয়ে যাবে। কাজেই এই যে বিল এই বিলের সুসংগত প্রয়োগে কৃষকরা যখন তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছে, তখন সেই বিলের মেয়াদ যদি নতুন করে আরও তিন বছর বাড়িয়ে দিই, তাহলে সেই জিনিষটার কি আবার পুনরাবৃত্তি হবে না? মন্ত্রীমহাশয় যদি এটুকুন অ্যাসিওর্যান্স দিতে পারতেন যে, এই তিন বছরে তাঁরা তাঁদের কম্পেনসেশ্যান নীতিটা পুনর্বিবেচনা করে দেখবেন, তাহলে হয়ত বিল সম্বন্ধে ভাবা যেত। কিন্তু তিনি সেসব কোন কথা না বলে শুধু বলেছেন যে, এই তিন বছরের মধ্যে আমরা এর একটা ব্যবস্থা করবার চেষ্টা করব। সেজন্য আমাদের আশংকা হচ্ছে যে, বোধহয় যা ছিল তাই চলবে এবং এর আর কোন বিশেষ পরিবর্তনও হবে না। সেজন্যেই আমরা এই বিলের বিরোধিতা করতে বাধ্য হচ্ছি।

Sj. Sudhir Chandra Bhandari:

মাননীয় স্পীকার মহাশয়, গত যুদ্ধের সময় মহেশতলা অঞ্চলে গরিব কৃষকদের অনেক জমি, বাস্তুভিটা, বাড়ীঘর নেওয়া হয়েছিল এবং ইংরাজ আমলে ১৯৪৭ পর্যন্ত তাদের বিঘা প্রতি ৫০ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হয়েছিল। তারপর কংগ্রেস সরকারের আমলে দেখা যাচ্ছে যে, ১৯৪৭-৪৮ সালেও ঐ হারে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। কিন্তু তারপর দীর্ঘ ৭ বৎসর কেটে গেল সেই সমস্ত ক্ষতিপূরণ দেওয়া হয় নি। সেখানে ইতিমধ্যে এমন ঘটনা ঘটেছে যে, যে সমস্ত জমি রিকুইজিশান করা হয়েছিল, সেগুলো অ্যাকুইজিশান না করেই সব ডিষ্ট্রিবিউট আরম্ভ হয়ে গেছে এবং সেটা হচ্ছে রিফিউজীদের মধ্যে। ঐ অঞ্চলে প্রায় ২০০ বিঘা যে জমি রিকুইজিশান করা হয়েছিল তার মধ্যে প্রায় ১০০ বিঘা জমি রিফিউজীদের মধ্যে দেওয়া হয়েছে এবং জীবন সিং নামে এক পাঞ্জাবী ভদ্রলোককে দেওয়া হয়েছে মহাত্মা গান্ধী

কলোনি করার জন্য। কিছুই নয়, সেখানে তাঁকে কয়লার হোলসেল ডিলারসিপ দেওয়া হয়েছে। এছাড়া ঐ ভদ্রলোক অনেক গরু ও ভইসা নিয়ে দুধের ব্যবসা আরম্ভ করে দিয়েছেন। তাঁর সেই গরু এবং ভইসা গ্রামের মধ্যে নানা রকমে উৎপাত আরম্ভ করে দিয়েছে। সেজন্য বলছি যে ও'রা যেখানে বলছেন যে রিকুইজিশানএর জন্য যদি আরও তিন বছর সময় পাওয়া যায়, তাহলে তাদের ক্ষতিপূরণ কিম্বা ফেরত দিতে বিশেষ অসুবিধা হবে না, কিন্তু সেখানে এর কোন লক্ষণ দেখা যাচ্ছে না। তা ছাড়া সেখানে অন্য আর একটা ব্যাপার দেখছি। সেখানে আশেপাশে যে জমিগুলো রিকুইজিশান করে রাখা হয়েছে, তার আশেপাশে জমিগুলো আবার রিফিউজীদের জন্য এবং পাঞ্জাবী ভদ্রলোকের জন্য অ্যাকুইজিশান আরম্ভ হয়ে গেছে। সেই পাঞ্জাবী ভদ্রলোকের অত্যাচারের বিরুদ্ধে কোন কথা বললেই সঙ্গে সঙ্গে তিনি কালেকটার সাহেবের কাছে আসেন। অর্থাৎ কিনা ল্যান্ড অ্যাকুইজিশান কালেকটর সাহেবের কাছে এসে ও'র অত্যাচারের প্রতিবাদ যে ভদ্রলোক করলেন তাঁর বাগান, জমি-জমাগুলো ল্যান্ড অ্যাকুইজিশানএর মধ্যে পড়ে যায়। এই পাঞ্জাবী ভদ্রলোক সন্তোষপুর অঞ্চলে একটা সন্ত্রাস সৃষ্টি করেছেন। তাঁর ভইসা, গরুর অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করবার কোন উপায় নেই। সেজন্য আমি মনে করি যে এই যে তিন বছর সময় তাঁরা চেয়েছেন এর মধ্যে নিশ্চয় একটা কোন দুরভিসন্ধি থাকতে পারে। যে জমিগুলো সেখানে রিকুইজিশান করা হয়েছিল সেগুলো যে তারা কিভবে ফেরত পাবে বা তাদের ফেরত দেবার যে একটা উদ্দেশ্য আছে, তা কিছুই দেখতে পাচ্ছি না। কারণ তা যদি উদ্দেশ্য থাকত তাহলে গ্রামে কৃষকদের ও দর্জিদের বাস্তুভিটে এবং চাষের জমিগুলো নেওয়া হয়েছে, সেগুলো আর অ্যাকুইজিশান হত না। সেজন্য যদি সত্যি সৎ উদ্দেশ্য থাকে, তাহলে পরিষ্কারভাবে সামান্য অল্প কয়েক দিন টাইম দিয়ে একটা ফয়সালা করা উচিত বলে আমি মনে করি।

[6-25—6-35 p.m.]

Sj. Suhrid Mullick Chowdhury:

মিঃ স্পীকার স্যার, আমার ছোট্ট একটা সাজেসশান মাননীয় মন্ত্রীমহাশয়কে দিতে চাই। সেটা হচ্ছে কম্পেনসেশ্যান দেওয়ার ব্যাপারে। দেখা যায়, দরিদ্র জনসাধারণ, যাঁরা মামলা মোকদ্দমা করতে পারে না, আমাদের দেশে এমন দরিদ্র ব্যক্তি আছেন, যাঁরা মামলা করতে গিয়ে অর্থের সংকুলান করতে না পেরে, মামলা করার পথ গ্রহণ করতে পারেন না। মামলা না করার জন্য উপযুক্ত কম্পেনসেশ্যান পেয়ে থাকেন না। সরকারের পক্ষ থেকে এই সমস্ত দরিদ্রদের ঠিক এইরকম ক্ষেত্রে মামলা মোকর্দ্দমায় সাহায্যের জন্য প্রতিটী আঞ্চলিক ক্ষেত্রে আইনবিদ রাখা উচিত। কিছুদিন পূর্বে কেরালাতে আমি যখন গিয়েছিলাম, সেখানে আমি দেখে এসেছি সেখানকার সরকার এই দরিদ্র জনসাধারণের স্বার্থের দিকে তাকিয়ে, সরকারী খরচায় উকিলের ব্যবস্থা করেন, এবং সেখানকার জনসাধারণ যাতে বিনা খরচায় মামলা মকর্দ্দমা করতে পারেন, তার জন্য একটা পরিকল্পনা তারা গ্রহণ করেছেন। সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের কাছে অনুরোধ জানাবো এই ধরনের কিছু করতে পারেন কি না, সেটা যেন তিনি চিন্তা করে দেখেন।

Sj. Bhupal Chandra Panda:

স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি কয়েকটা কথা বলতে চাই। যে সমস্ত জায়গায় যুদ্ধ-ঘাটি আমাদের ব্রিটিশ আমলে ছিল, আমাদের দেশের উপর যে সমস্ত অত্যাচার করা হয়েছিল, সেই সমস্ত জায়গাতে এরোড্রোম করা হয়েছিল, মিলিটারী ছাউনী করা হয়েছিল। আমরা জানি সেই সময় মানুষকে মানুষ হিসেবে বিচার করে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি, এবং সেই সময় এইভাবে সেইসব অঞ্চল যদিও রিকুইজিশানএর নাম করে, প্রাকটিক্যালী কার্য্যতঃ একটা ত্রাসের, একটা টেরর সৃষ্টি করা হয়েছিল, যাতে গ্রামবাসীরা সেই সমস্ত জায়গা ছেড়ে অন্যত্র চলে যেতে বাধ্য হয়। কলাইকুন্ডা ও তার আশেপাশের এলাকার মানুষের উপর কিরকম না অত্যাচার হয়েছে। মানুষের কতটুকু কম্পেনসেশান পাওয়া দরকার তার প্রাথমিক প্রতিশ্রুতি না দিয়ে, নোটিশ জারী করে গ্রামকে গ্রাম মিলিটারী হামলার মত করে নিজেদের দখলে রেখেছিল। বৃটিশ হামলা চলে গিয়েছে, তথাপি তারা সেই অবস্থায় পড়ে রয়েছে। মানুষ কম্পেনসেশান পায় নি, অধিকন্তু তারা গ্রাম ছেড়ে চলে গিয়েছে, সেই সমস্ত এলাকার লোক বঞ্চিত অবস্থায় পড়ে আছে। শালবনী এলাকায় এরোড্রোম উঠে গিয়েছে, এরোড্রোমএর জায়গায় রিফিউজী

কলোনি হয়েছে। অবশ্য সেই সমস্ত জায়গার কিছু কিছু জমি যদিও ছেড়ে দেওয়া হয়েছে, কিন্তু এখনও যথেষ্ট জমি আটক রয়েছে। সেই জমির পার্শ্ববর্তী এলাকায় বহু জমি রয়েছে, ইচ্ছা করলেই সরকার সেগুলি কাজে লাগাতে পারেন। গড়বেতা থানায় ২৭নং ইউনিয়নে, পাঁচকুলসল্লা বলে, যে একটা গ্রামের নাম, ঐ মৌজায় আছে, সেখানে চাষীরা প্রধানত তরি-তরকারি চাষ করত, এবং সেই সমস্ত তরিতরকারি কলিকাতা শহরে ও মেদিনীপুরের আশে-পাশে চালান আসত। সেই সমস্ত এলাকা নিয়ে মিলিটারী পারপাসএ ইটের পাঁজা তৈরি করা হল। কিন্তু আজ পর্যন্ত সেখানকার চাষীরা কোন প্রকার ক্ষতিপূরণ পায় নি। এই রকম অবস্থা দীর্ঘদিন চলে আসছে। তাই আমার অনুরোধ, আজকে যদি মন্ত্রীমহোদয়ের প্রকৃত সদিচ্ছা থাকে, তাহলে মানুষকে এই যে দুরবস্থার মধ্যে ফেলে রাখা হয়েছে, তার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন। বিনয় চৌধুরী মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন, এক বছরের জন্য এই আইনের মেয়াদ রেখে, এই ব্যবস্থা করা হোক; দীর্ঘ তিন বছরের মেয়াদ মানে সেই পুরাতন ধারাবাহিক ব্যবস্থায় চলবে, এবং তার ফল যা পূর্বে হয়েছে তাই হবে; অর্থাৎ "যথা পূর্বং তথা পরং," বলে আমার সন্দেহ হয়।

সেই জন্য আশাকরি মাননীয় মন্ত্রীমহাশয় বিরোধী পক্ষের এই যে সংশোধনী প্রস্তাব, একে গ্রহণ করবেন, এবং তা যদি করেন, তাহলে বুঝতে পারবো তাঁর সদিচ্ছা আছে।

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I believe the points that have been raised during the third reading of the Bill have already been raised, discussed and disposed of. I would, therefore, not repeat the arguments that have been used before. I would only reply to two or three points which have been made now by Mr. Somnath Lahiri and, I believe, another gentleman. I am afraid Mr. Lahiri is labouring under a mis-conception. He thinks that the compensation can be altered or fixed by Government. I say "no". Whenever there is any compensation award the officer making that award, though he may be an officer of Government, an executive officer even—functions as a judicial officer against whose order there is proper course for appeal. Now, Sir, if we set at naught this high principle the result will be the price of the land, compensation, the parties who would get compensation—everything would be fixed by executive fiat. That would, of course, quicken matters but I am certain that would lead to corruption, that would lead to greater trouble, that would lead to greater injustice, and that would lead to chaos. Therefore, Sir, I believe there are certain legal processes which cannot be done away with. Even when a Collector functions as the Land Acquisition Collector and gives an award, Government has no power to interfere with the award. Government must also go in appeal against that order; they cannot pass an executive order and revise the award that the Collector has made. Therefore, Sir, I believe it is a salutary principle, a good principle that they should function in a judicial manner.

Sir, Mr. Lahiri himself has referred to the case of Kalyani and he himself mentioned that, in spite of many years of hard labour put in by the Arbitrator he has not been able to dispose of more than 50 or 54 cases out of 350 or 375 cases filed before him. Sir, there is no executive, there should not be any executive check to hustle this Arbitrator through his work. I think that would be absolutely wrong. Therefore, Sir, some time is absolutely necessary if things are to be done in an impartial fashion. Therefore, Sir, I ask for powers that this Act should be kept alive for three more years, and that is the reason why I say in spite of all good wishes even if we set up a Board some time is absolutely necessary before all cases can be finished. Therefore, I oppose the motion and commend my motion for the acceptance of the House.

Sj. Somnath Lahiri: On a point of information, Sir,
আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি, এ যদিও কমাবার জন্য নয়, বাড়াবার জন্য হয়ত পারে। *গভর্নমেন্ট যদি মনে করেন উচিত কম্পেনসেশান বাড়ান, তাহলে গভর্নমেন্ট তা করতে* পারেন। আমি এই অর্ডার বদলাতে চাই।

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, be taken into consideration.

Sj. Basanta Kumar Panda: On a point of order, Sir, I oppose the introduction of this amendment because of the fact that the Objects and Reasons as well as the Preamble as given in this amending Bill belie the actual Act itself. I shall, first of all, draw the attention of this House to the original basis of the Act. This Act is Act II of 1948 and the Objects and Reasons were published in the *Calcutta Gazette* at the time of passing of the original Act. That will be found in the *Calcutta Gazette Extraordinary*, dated the 11th February, 1948, Part IV, at page 188. The Objects and Reasons of this parent Act were that in consequence of partition of Bengal it has become urgently necessary to obtain power for the Government so as to ensure at short notice a fair price procurement of land required for public security, facility for communication and transport and for maintaining supplies and services essential to the life of the community.

That was in the Objects and Reasons.

[6-35—6-45 p.m.]

Then the Preamble of the present Act was this: "Whereas it is expedient to provide for requisition and speedy acquisition of land for the purpose of maintaining supplies and services essential for the life of the community and for providing proper facilities for transport and communications." That was the purpose of the old Act. Now, what is being sought by the present amending Bill? In the Statement of Objects and Reasons of the present Bill, it is said—I shall not read the whole of it but only the last five lines of the Statement of Objects and Reasons—"Amendments were also made to the Act by the said Ordinance to obtain powers for the State Government to acquire lands for the creation of better living conditions in urban and rural areas by the construction and reconstruction of dwelling places for people residing in such areas and to make a provision for giving notice of award to the persons interested." So, there is difference in the purposes as well as in the Preambles of the old Act and the present Bill.

Mr. Speaker, Sir, you know what are the different parts of an Act. Social necessity as well as political necessity requires the passing of an Act and the Preamble gives the reasons for the passing of the Act. Thereafter, by the several sections of the Act, the machinery is set up and there is execution. For omission and commission, there are penalties. These are the different parts of an Act. In 1948, because of the partition of

Bengal, Government required lands at short notice for the purpose of security and for the purposes of communications and transport and maintaining supplies and services. At present those purposes are gone. Government have themeslves admitted that those purposes are no more. The purposes of the present amending Bill are "creation of better living conditions in urban and rural areas by the construction and reconstruction of dwelling places for people residing in such areas". So, the purposes of the old Act and the present amending Bill are different.

awaiting the concurrence of the Government of India.
তাদের অর্ডার দেবার পর, অর্ডার পাশ করার পর দিল্লীতে রেফার করার দরকার আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাঁরা যে অর্ডার দিয়েছিলেন তাতে আমরা তিন মাসের য়্যাভারেজ প্রাইসএ তাদের কাছ থেকে চাল নিতে পারব, আমরা মনে করছি যদি সমস্ত ষ্টকহোল্ডারদের কাছ থেকে ষ্টক না জানতে পারি, তাহলে এই আইন জারি করা যেতে পারে না।

Dr. Hirendra Kumar Chatterjee:

মন্ত্রী মহাশয় কি মনে করেন না ইন্ডিয়া গভর্নমেন্টএর যে আইন ছিল, এবং নতুন আইন আবার আসবার মধ্যে, এর মধ্যে ষ্টকহোল্ডারদের চাল উবে যেতে পারে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের উদ্দেশ্য চালের দাম যাতে বেড়ে না যায়, এবং ভারত গভর্নমেন্টেরও সেই ইচ্ছা, উভয় গভর্নমেন্টের সেই উদ্দেশ্য সফল হয়েছে।

Dr. Hirendra Kumar Chatterjee:

আমার প্রশ্নটা ছিল, ভারত গভর্নমেন্টের গোড়াকার নির্দেশ সত্ত্বেও দ্বিতীয় বারের নির্দেশের প্রতীক্ষা করতে গেলে বাংলাদেশের মুনাফাখোর ব্যবসাদারদের কাছ থেকে চাল উবে যেতে পারে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা মনে হয় না।

Sj. Pabitra Mohan Roy:

উত্তরে দেখছি--চারটে ফেয়ার প্রাইসএর দোকান খোলা হয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় কি আরো রেশান শপ খোলার দরকার বলে মনে করেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

জেলা ম্যাজিষ্ট্রেট যদি ঠিক করেন, নিশ্চয়ই খোলা হবে।

Sj. Pabitra Mohan Roy:

মন্ত্রী মহাশয় বলবেন কি কত লোকের উপর ফেয়ার প্রাইস শপ খোলার নিয়ম করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আগেই বলেছি, তিন হাজার লোকের উপর একটা করে রেশান শপ।

Sj. Pabitra Mohan Roy:

ওখানে ৩০ হাজারের উপর লোক আছে, কাজেই একথা কি ভেবে দেখবেন যে, আরো ফেয়ার প্রাইস শপ খোলার দরকার কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি সেখানে অফ টেক বেশী হয়, খুলতে পারি।

Sj. Hemanta Kumar Ghosal:

আবার যদি বলছেন কেন?

Fair price shops in North Dum Dum Municipality

***29.** (Admitted question No. *312.) **Sj. Pabitra Mohan Roy:** (a) Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state whether the Government is aware that there is no fair price shop in North Dum Dum Municipal area?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what are the reasons for the same; and

(ii) what immediate steps the Government have taken to open fair price shops there?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen): (a) Four fair price shops are now functioning in the locality.

(b) Does not arise.

Mr. Speaker: When the question is hypothetical, the answer must be hypothetical. The question was "if necessary" and the answer must necessarily be hypothetical.

Food position in Darjeeling district

***30.** (Admitted question No. *195.) **Sj. Deo Prakash Rai:** Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—

(a) what stock of rice the Government had at the beginning of the year 1957 for the district of Darjeeling;

(b) the quantity of rice allotted for the district at the beginning of the year 1957;

(c) whether the Government have special stock of rice to meet the emergency during the rains in the hilly region of the district;

(d) if so, what is the quantity so reserved;

(e) the number of fair price ration shops in various subdivisions of the district showing separately the number of such shops in urban and rural areas in each subdivision; and

(f) what steps the Government have taken to meet the requirement of food in bustee areas every year during the months of April, May and June?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen): (*a*) 6,151 maunds on the 1st January, 1957.

(*b*) 28,000 maunds allotted in January, 1957.

(*c*) Yes.

(*d*) 78,800 maunds kept as monsoon reserve in the current year.

(*e*)—

Number of fair price shops opened.

		Urban area.	Rural area	Total.
Darjeeling Sadar	...	32	63	95
Kurseong	...	28	12	40
Kalimpong	...	21	28	49
Siliguri	...	21	23	44
Total	...	102	126	228

(*f*) Foodgrains are being made available to consumers through fair price shops.

Mr. Speaker: The question time is over. I would request the honourable members to put their supplementary questions tomorrow.

[4-4-10 p.m.]

Adjournment motion

Sj. Subodh Banerjee: Sir, I gave notice of an adjournment motion and I find that consent has been refused.

Mr. Speaker: Mr. Banerjee you came and saw me in my chamber and I have refused consent. I will only request you to read your motion, not beyond that.

Sj. Subodh Banerjee: My motion is this: "This Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, the action of the police in firing one round of bullets and several rounds of tear gass shells on the poor peasants of Muragacha within Sonarpur police-station in the district of 24-Parganas on the 2nd July, 1957, consequent on their refusal to be unjustly evicted from their lands as a result of which 37 persons received serious injuries, 2 persons were arrested and one person was missing."

GOVERNMENT BILL

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957.

Mr. Speaker: The amendments are taken as moved.

Sj. Deben Sen: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1957.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1957.

Sj. Subodh Banerjee: Sir, I think you will give your ruling regarding the point of order raised yesterday.

Mr. Speaker: Mr. Banerjee, I asked you yesterday whether you would like to have a ruling in writing. You kept quiet and I took it for granted that nothing was needed and I tell you that I was against the principle and then the Hon'ble Minister proceeded to make a speech. Now, what is it that you want today?

Sj. Subodh Banerjee: We want a ruling but whether you do it in writing I don't mind but the whole point regarding the actual procedure in the presentation of those bills which enlarge the scope of the original Act should be made clear.

Mr. Speaker: I might make the position perfectly clear to the honourable members of this House. Although it is customary to have a preamble in England practically no importance is attached to it. I have drawn your attention to Maxwell's Interpretation of Statutes and the various cases which have been decided. Strictly speaking, I still believe that if you take an objection I am against it but to make a Bill complete and very well drawn one can say that the preamble might have been better with the addition of those other objects which have been brought in by the amending Act. It is not strictly necessary and I might further draw your attention to Grey's Statutes Law, page 186, where the entire subject was dealt with most carefully but I can make a request to the Hon'ble Minister, though I do not think that at all necessary, but in order to improve he may add these words to the preamble by moving an amendment.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, while I accept the suggestion that has been kindly made from the Chair I submit, as you yourself has pointed out in May (15th Edition, pp. 527-40) and Maxwell and Grey, I do not think there is any necessity whatsoever of introducing any amendment to the preamble but as you say, Sir, that it would be better I bow to your decision.

Mr. Speaker: As I said strictly speaking it is unnecessary but you can, if you so like, add to it to make it complete which is not complete.

The Hon'ble Bimal Chandra Sinha: I shall do it at the proper time.

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, মন্ত্রীমহাশয়,

West Bengal Land Requisition and Acquisition (Amendment) Bill, 1957, আমাদের সামনে এনেছেন। তাঁর প্রারম্ভিক ভাষণে তিনি আমাদের এই কথাটাই বোঝাতে চেয়েছেন যে, এই বিল আনার উদ্দেশ্য বস্তী উচ্ছেদ নয়; আদর্শ গ্রাম সৃষ্টি করার যে স্কীম সরকারের আছে তাকে রূপায়িত করতে হলে বিভিন্ন জায়গার জমি অধিকার করা দরকার; সেই কারণেই নাকি এই বিল আনা হচ্ছে। এই বিল সম্বন্ধে আমার প্রথম জিজ্ঞাস্য এই যে, যদি সরকার আদর্শ গ্রাম নির্মাণের জন্য জমি দখল করা প্রয়োজনবোধ করেন, তাহলে সেই প্রয়োজন কি স্থায়ী প্রয়োজন? আর যদি স্থায়ী প্রয়োজন হয়, তাহলে তার জন্য কি স্থায়ী আইন দরকার? অস্থায়ী আইন দিয়ে আদর্শ গ্রাম গড়ার স্থায়ী পরিকল্পনা কিরূপে রূপায়িত হবে?

West Bengal Land Requisition and Acquisition Act

একটা অস্থায়ী আইন। ১৯৪৮ সালে এই আইন করা হয়েছে এবং তারপর থেকেই একের পর এক বছর করে এর মেয়াদ বাড়িয়ে চলা হচ্ছে। এইভাবে একটা অস্থায়ী আইনকে কার্যতঃ স্থায়ী করার কি যুক্তি থাকতে পারে, তা আমি বুঝি না। আপনারা যদি মনে করেন যে, গ্রামকে সুসংস্কার করতে হবে এবং সেখানে তার জন্য নূতন করে জমি ও বাড়ীঘর অধিকার করতে হবে, তাহলে তার জন্য একটা স্থায়ী আইন না করে এর্মানধারা অস্থায়ী আইনকে বছরের পর বছর মেয়াদ বৃদ্ধি করার কি যুক্তি আছে? আশা করি মন্ত্রী মহাশয় প্রথমেই এর উত্তর দেবেন। আমি মনে করি যে, এইভাবে অস্থায়ী রাখার মধ্যে একটা উদ্দেশ্য আছে এবং সে উদ্দেশ্য সাধুও নয়। আজ যদি একটা স্থায়ী আইন করা হয় তাহলে সংবিধানের আওতায় তা চলে আসবে। এই অস্থায়ী আইনটি যেহেতু সংবিধান চালু হবার ১৮ মাস আগে বিধিবদ্ধ হয়েছে, সেইহেতু এই আইনের বলে কৃত কাজের জন্য সরকারকে সংবিধান মতে জবাবদিহি করতে হয় না। সুতরাং আমি মনে করি যে এই ধরনের অস্থায়ী আইনের প্রত্যেক বার বিল এনে মেয়াদ বৃদ্ধি করা
is a fraud on the Constitution, a fraud on the people.

দ্বিতীয়তঃ এখানে এমন কিছু নেই, যা থেকে আমরা বুঝতে পারি যে, এর দ্বারা বস্তী উচ্ছেদ হবে না। মিঃ স্পীকার, স্যার, আপনি এর ভাষাটি লক্ষ্য করুন
for the creation of better living conditions in urban or rural areas by the construction or reconstruction of dwelling places for people residing in such areas
এই কারণে সরকার জমি অধিকার করতে পারবেন। বিকনসট্রাক্ট করতে গেলে যে বাড়ীগুলি আছে, সেগুলিকে ভাংগতে হয় এবং সেই বাড়ীগুলিতে যারা যারা বাস করছে, তাদের উচ্ছেদ করতে হয়। আইনে এই কথা রয়েছে, কিন্তু কোন জায়গায় বিকল্প বাসস্থান দেবার কথা নেই। কোলকাতার বস্তীগুলি উচ্ছেদ করার জন্য যখন
Calcutta Improvement Trust (Amendment) Bill
আনা হয় তখন বিধানসভার বাহিরে যে আন্দোলন হয়েছিল তা সরকারকে বিকল্প বাসস্থান দেবার দাবী মেনে নিতে বাধ্য করেছিল। ফলে কলকাতার কোন বস্তীকে উচ্ছেদ করতে হলে সেখানকার লোকদের আগে বিকল্প বাসস্থান দিতে হবে, তবে বস্তী ভাংগা চলবে। এই বিলে সে ব্যবস্থা নেই। তাই আমি মনে করি যে, একটা স্থায়ী আইন করুন এবং সংগে সংগে তার মধ্যে এই প্রভিশান থাক যে যদি কোথাও বস্তী ভাংগতে হয়, তাহলে বস্তীবাসীদের বিকল্প বাসস্থানের ব্যবস্থা না করে বস্তী ভাংগা যাবে না বা সেই জায়গা দখল করা যাবে না।

তৃতীয়ত এত ডুপ্লিকেশন অফ অ্যাক্টস কেন যে করা হচ্ছে, তা আমার বুদ্ধিতে আসে না। আপনি নিশ্চয়
West Bengal Land Requisition and Acquisition (Amendment) Bill
দেখেছেন। তার উদ্দেশ্য হচ্ছে ট্রান্সপোর্ট, কমিউনিকেশান, ইরিগেশান, ড্রেনেজ ইত্যাদি ব্যবস্থার জন্য জমি অধিকার করা। সেই একই উদ্দেশ্যে ওয়েস্ট বেঙ্গল ডেভেলাপমেন্ট অ্যাক্টও আছে। সেখানেও ইরিগেশানএর কথা আছে, ট্রান্সপোর্ট ফ্যাসিলিটি ইত্যাদির কথা আছে। সেই আইন দিয়েই তো এই বিলের কাজগুলি করতে পারেন। কোনটাতে লাভ হবে, আর কোনটাতে ক্ষতি হবে, একথা আমার জিজ্ঞাস্য নয়।

ডেভেলাপমেন্ট অ্যাক্টএ গেলে জনসাধারণ ক্ষতিপূরণ বেশী পাবে কি, এই অ্যাক্টএ বেশী পাচ্ছে, সে প্রশ্ন আমার নয়। আমার প্রশ্ন হচ্ছে, একই উদ্দেশ্যে একাধিক আইন কেন আপনারা করছেন? একটা ছোট আইনের জায়গায় আইনের বই হয়ে গেল হিমালয় প্রমাণ। তার দিকে তাকালে ভয় লাগে। এত ডুপ্লিকেশান অফ লজ কেন হয়? ল সিমপ্লিফায়েড হলে কি ক্ষতি হয়?
Law is nothing but codified common sense.
কিন্তু তা হওয়া দূরে থাকুক আইনবিদদের যত সব দুর্বুদ্ধি, প্যাঁচোয়া বুদ্ধি আইনের রন্ধ্রে রন্ধ্রে ঢুকিয়ে রেখেছেন। সাধারণ মানুষের সাধ্য নেই আইনের মধ্যে প্রবেশ করে। একদিকে

আইন করছেন; তারপর প্রতিদিন তার নিত্য নূতন সংশোধনী আইন করে চলেছেন। তার উপর আবার একই উদ্দেশ্যে একাধিক আইন করছেন। ফলে সাধারণ মানুষ হকচকিয়ে যাচ্ছে কোন দিকে গেলে তার সুবিধা হবে, তা সে বোঝে না। এই জন্যই লইয়ার্স প্যারাডাইস হয়। আমি বলি একটা কম্প্রিহেনসিভ আইন করুন, তাতে লোকের সুবিধা হয়।

[4-10—4-20 p.m.]

Sj. Hare Krishna Konar:

মাননীয় স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন, তার সঙ্গে আমি একমত হতে পারছি না। কারণ যে মূল আইন ১৯৪৮ সাল হতে চালু আছে, সেই আইনের প্রয়োগকালে বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষ চরম অসুবিধা অনুভব করেছে ও চরম হয়রানী তাদের দেওয়া হয়েছে। বর্তমান সংশোধনীতে তার প্রতিকার তো দূরের কথা বরং ৯ বছর আইন চলার ফলে লোকে যেসব অসুবিধে ভোগ করেছে সে সম্বন্ধে বারেবারে সাধারণ মানুষ, বিভিন্ন গণপ্রতিষ্ঠান, বিভিন্ন পার্টি, কৃষক প্রতিষ্ঠান সরকারের কাছে আইন সংশোধনের জন্য দাবী জানিয়েছে যে, তাদের যাতে এই রকম হয়রানীটা কম হয়। আজ সংশোধনী করতে গিয়ে তার একটা বিষয়ও সংশোধন করা হচ্ছে না। আবার অন্য দিকে দেখা যাচ্ছে, এই আইনের পরিধিকে বাড়িয়ে দেওয়া হচ্ছে। অর্থাৎ আগে রাস্তা, ক্যানেল বা ড্রেনেজের জন্য জায়গা দখল করা হত, কিন্তু এখন তার সঙ্গে বেটার হাউসিংটাকেও যোগ করে দেওয়া হচ্ছে। এটার ফলে মানুষকে হয়রানী করবার, তাদের উপর বোঝা চাপাবার, কষ্ট দেবার আরও খানিকটা সুযোগ এবং পরিধি সরকার বাড়িয়ে নিচ্ছেন।

প্রথমে আমি বলতে চাই যে, এতে যোগ করা হয়েছে রুরাল অ্যান্ড আর্বান এলাকায় বেটার হাউসিংএর ব্যবস্থা করার জন্য জমি দখল করা হবে। কিন্তু এটা প্রথমে কাগজে প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোলকাতার লক্ষ লক্ষ বস্তীবাসীর মধ্যে একটা সন্ত্রাসের আবহাওয়া সৃষ্টি হয়। তখন তাদের মধ্যে এই সন্ত্রাসের আবহাওয়া সৃষ্টি হয়েছিল কেন? কারণ প্রথমে তারা ভেবেছিল যে, এইভাবে বস্তীগুলির জমি যদি দখল করা হয়, তাহলে তাঁর গ্যারান্টি কোথায় যে তারা সাময়িকভাবে ২।৩ বছর কোথায় থাকবে? দ্বিতীয় এই গ্যারান্টি কোথায় যে সেখানে নতুন বাড়ী করা হবে, সেখানকার লোকদেরই সেখানে থাকতে দেওয়া হবে? এখন বহু লোক অতি কষ্টে পয়সা নেই বলে ১০।১৫ টাকা ভাড়া দিয়ে বস্তীতে থাকে। কিন্তু তার কাছ থেকে যে ৫০।৬০ টাকা ভাড়া চাওয়া হবে না তারই বা গ্যারান্টি কোথায়? সেজন্য দেখা যায় যে এই আইনটা সংবাদপত্রে প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোলকাতার বস্তীবাসীর মধ্যে আলোড়ন সৃষ্টি হয়। এছাড়া বস্তীবাসীদের অ্যাসোসিয়েশানএর তরফ থেকে প্রতিবাদ জানান হয় যে, এ জিনিষ চলতে পারে না। এখন কংগ্রেস দলের চীফ হুইপ শ্রীজগন্নাথ কোলের নামে যে সংশোধনী দেওয়া হয়েছে, তাতে দেখা যাচ্ছে যে, কোলকাতা কর্পোরেশন এলাকাকে এ থেকে বাদ দেওয়া হচ্ছে। এখন কোলকাতা বস্তীবাসীদের কাছে এইটুকুন আশ্বাসের কথা যে, এই আইন এখন চালু হলে তাদের উপর যে ষ্টীম রোলার চলত, যেভাবে অলটারনেট সেল্টারএর ব্যবস্থা না করে তাড়িয়ে দেওয়া হত এবং ভবিষ্যতে হয়ত ৫০।৬০।১০০ টাকা ভাড়া চাওয়া হত, তার থেকে সাময়িক নিষ্কৃতি পেল। ভবিষ্যতের কথা না হয় ভবিষ্যতে দেখা যাবে। কিন্তু আমার প্রশ্ন যে শুধু কোলকাতা এবং ইন্ডাষ্ট্রিয়াল এলাকাকে বাদ দেওয়া হচ্ছে কেন? এবং বাকীগুলো সম্বন্ধে বলা হচ্ছে যে গভর্নমেন্ট নোটিফাই করে জানাতে পারেন যে ইন্ডাষ্ট্রিয়াল এলাকা বা অন্য জায়গা সম্বন্ধে কি হবে। আমি জিজ্ঞাসা করি যে মফঃস্বল মিউনিসিপ্যালিটিগুলোর অবস্থা কি হবে? গত বন্যার ফলে বিধ্বস্ত নবদ্বীপ, কালনা, কাটোয়া, কৃষ্ণনগর ইত্যাদি শহরের মধ্যে যদি কোনটাকে পুনর্গঠিত করতে হয়, তাহলে সেখানে কি এই আইন অ্যাপ্লায়েড হবে? সেখানকার বস্তীবাসী সাধারণ মানুষের কাছে কি এই গ্যারান্টি দেওয়া হয়েছে যে তাদের জমিগুলি যদি দখল করা হয়, তাহলে তাদের অল্টারনেট সেল্টারএর ব্যবস্থা করে দেওয়া হবে, জায়গা দেওয়া হবে? এছাড়া এই জায়গা দেবার সময় অত্যধিক ভাড়া যে চার্জ করা হবে না, তারই বা গ্যারান্টি কোথায় আছে? অতএব দেখা যাচ্ছে যে, কোলকাতার মানুষের যে আতঙ্ক মফঃস্বলের শহরগুলোর মানুষেরাও সেই আতঙ্কের মধ্যে থেকে যাচ্ছে। সেজন্য বলছি যে এটাকে কোন মতেই মেনে নেওয়া যায় না।

আর একদিকে দেখা যাচ্ছে যে, গ্রামাঞ্চলে বেটার হাউসিংএর জন্য জমি দখল করা হবে। আমার মনে হচ্ছে যে ডাঃ বিধানচন্দ্র রায় যেভাবে আদর্শ গ্রামের ওকালতি শুরু করেছেন, তাতে সেই আদর্শ গ্রামের জন্য গ্রামাঞ্চলে জমি দখল করা হবে। আমরা এই রিপোর্ট পেয়েছি যে ২।১টা জায়গায় আদর্শ গ্রামের জন্য জমি দখল করতে গিয়ে তাঁরা ঠেকেছেন। আমি একথা বলি না যে, নীচের একটা জলা জায়গার গ্রামকে তুলে যদি উঁচু জায়গা করার জন্য জমি দখল করতে হয় তা করা হবে না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, সেখানে এই গ্যারান্টি কোথায় যে, গ্রামাঞ্চলে যাদের জায়গা দখল করা হবে, তাদেরই জায়গা দেওয়া হবে এবং তাদের কোন অসুবিধায় ফেলা হবে না? অর্থাৎ একটা গরীব মানুষ যার ১০ কাঠা বাস্তু ভিটে আছে, তার সেই ১০ কাঠা দখল করে একটা আদর্শ গ্রাম করে, তাকে মাত্র ১।১২ কাঠা দিয়ে বাকী জায়গাটাকে সেখানকার রিচার পার্সনকে দেওয়া হবে না, তার গ্যারান্টি কোথায়? আমি জানি যে কালনার পাশে একটা আদর্শ গ্রাম করা হচ্ছে এবং সেই আদর্শ গ্রামটি কোথায় করা হচ্ছে না রাস্তা থেকে অনেক নীচে নদীর গর্তে। সেখানে যে বিরাট জায়গা নেওয়া হয়েছে, তার মধ্যে কিছু জায়গা আছে যেটা বেশ উঁচু জায়গা। অর্থাৎ ঐ অঞ্চলের যারা গরীব বাউড়ী, কুলীগিরি করে ওখানে বাস করত তাদেরই সব উঁচু জায়গা ঐখানে ছিল। এছাড়া সেখানে বাকী জায়গাগুলো নীচু-নামলা জায়গা নদীর জলে চারপোয়া হয় এবং নদীর জল বাড়লে সেখানে জল এসে যায়। এখন এর ফলে সেখানকার গরীবদের মধ্যে ভয় এসে দাঁড়িয়েছে এবং তারা বলছে যে তোমরা যখন নতুন জায়গা নিচ্ছ, তখন সবটাই মাঠের জায়গা নাও। সেখানে মাঠের নীচু জায়গা হচ্ছে ১২ আনা। কিন্তু সেখানে সিকি ভাগ, যেখানে লোকের বস্তী-বাড়ী আছে বা যেগুলো বানে ভাংগে নি, সেই জায়গাগুলোই নেওয়া হচ্ছে। সেজন্য তারা বলছে যে, আমাদের কারুর যে ৬।৮ কাঠা করে জায়গা আছে, সেখান থেকে তুলে দিয়ে আমাদের ১।১২ কাঠা ঠেকিয়ে দিয়ে তা যে সেখানকার বড়লোকদের দেওয়া হবে না, তার গ্যারান্টি কোথায় আছে? এর ফলে সেখানে দেখা যাচ্ছে যে, ইতিমধ্যে সেখানকার গ্রামের অবস্থাপন্ন লোক জমিদার যারা আছেন, তাঁরা কোন প্লটটি কে নেবেন, তার চেষ্টা আরম্ভ করে দিয়েছেন। এই আদর্শ গ্রামের কোন জায়গাটি কাকে দেওয়া হবে না হবে সেটা নির্ভর করছে স্থানীয় অফিসারদের উপরে। সেজন্য জিজ্ঞাসা করছি যে, সেখানে কি গ্যারান্টি আছে যে, ঐখানে ভাল জায়গাগুলো যারা গরীব তাদেরই থাকবে বা গরীবদের বঞ্চিত করে বড়লোকদের দেওয়া হবে না? সেখানে যাদের বাড়ী আছে, সেই বাড়ী থেকে সরিয়ে দিলে গরীবরা কোথা গিয়ে দাঁড়াবে এবং তার জন্য তাদের অন্য ব্যবস্থা করার গ্যারান্টিই বা কোথায় আছে? এছাড়া এই গ্যারান্টিই বা কোথায় আছে যে এজন্য তাদের শীঘ্র দামও দেওয়া হবে। আমি জানি যে, কালনায় যেখানে টি, টি, কৃষ্ণমাচারীকে নিয়ে গিয়ে বাড়ী তৈরী দেখান হয়েছে, সেখানকার গরীবরা এস, ডি, ও-র কাছে, স্থানীয় অফিসারের কাছে বারবার তাদের দামের জন্য তাগাদা করেছে। অর্থাৎ তারা বলছে যে, বন্যায় তারা বিধ্বস্ত হয়েছে, কিন্তু আদর্শ গ্রাম হবে বলে তাদের যে জায়গাগুলো দখল করে নেওয়া হয়েছে, তার দামটা কি তারা ৫ বছর পরে পাবে? বর্তমানে তাদের রিলিফের উপর বাঁচতে হচ্ছে। অথচ তাদের এই দামটা যে কবে দেওয়া হবে তার সম্বন্ধে আইনে কোন গ্যারান্টি নেই? মাননীয় স্পীকার মহাশয়, গত ৯ বছর এই আইন যে চালু হয়েছে, তার কার্যকরী কি হয়েছে, সেটা দেখুন। আমাদের অভিজ্ঞতায় আমরা জানি এবং কংগ্রেস বেঞ্চের মাননীয় সদস্য যাঁরা আছেন বা মিনিষ্টার যাঁরা আছেন তারাও অস্বীকার করতে পারবেন না যে, এই আইনের বলে বাংলা-দেশের লাখ লাখ একর জমি গত ৮ বছরে দখল করা হয়েছে। একমাত্র ডি, ভি, সি খালের জন্য প্রায় ২ লক্ষ একর জমি দখল করা হয়েছে। এছাড়া ময়ূরাক্ষী খালের জন্য, রাস্তার জন্য, হাসপাতালের জন্য, ড্রেনেজের জন্যও অনেক জমি দখল করা হয়েছে।

[4-20—4-30 p.m.]

আমাদের বর্ধমান জেলাতে কম পক্ষে প্রায় ১ লাখ ১॥ লাখ বিঘা তো হবে তার চেয়ে বরং বেশী জমি দখল করা হয়েছে। তার মানে এক-একটি লোকের গড়ে যদি এক একর জমি দখল করা হয়ে থাকে, তাহলে বাংলাদেশের অন্ততঃপক্ষে ২।৩ লাখ গেরস্ত এই আইনের বলে অ্যাফেক্টেড হয়েছে। আমি অন্তত এই নীতির বিরুদ্ধ নই যে, একটা রাস্তা করতে গেলে, বা খাল করতে গেলে বা হসপিটাল করতে গেলে জমি দখল করা প্রয়োজন। কিন্তু দেখা দরকার দেশে

ডেভেলাপমেন্টএর জন্য যদি জায়গা দখল করি তাহলে সেই দখল করতে গিয়ে লাখ লাখ মানুষকে কি পথে বসাব। এটা দেখা উচিত যে গরীব মানুষের দুঃখ যাতে অ্যাভয়েড করা যায় এবং তাদের যাতে তাড়াতাড়ি ব্যবস্থা করা যায়, তার ব্যবস্থা করা উচিত। কিন্তু গত ৯ বছরে ঠিক তার উল্টাটা হয়েছে। অর্থাৎ এত চরম হয়রানি মানুষকে দেওয়া হচ্ছে, সেটা বলবার নয়। প্রথমে দেখা যায় জমি দখল করবার জন্য গেজেট নোটীশ দেওয়া হয়, সেখানে আমি জিজ্ঞাসা করি, গ্রামে কয় জন মানুষ সেই গেজেট পড়ে বা কয় জন মানুষ গেজেটের মানে জানে? এটা কি মন্ত্রী মহাশয়রা মনে করেন না যে যার জমি দখল করবেন তাকে একটা নোটিশ দেওয়া যে, তোমার এই জমিটা আমরা খাল বা এই কারণের জন্য নেবো। এবং এই রকম একটা কেসএ নয়, বহু কেস এইরকম গেজেটে দেওয়া হয়। যারা সেটা জানে তারা গিয়ে উকীল মোক্তারের কাছে পরামর্শ করে, আর যারা জানে না, তারা জানতেই পারল না। সেই জন্য আমরা কৃষক কনফারেন্স থেকে বারেবারে দাবী করেছিলাম যে, অন্ততঃ একটা আইন করা হউক যে, শুধু গেজেটেই নয়, যতক্ষণ না একটা লিখিত নোটিশ তাদের দেওয়া হবে, ততক্ষণ তাদের জমিতে হাত দেওয়া হবে না। কোন কোন জায়গায় নোটিশ দেওয়া হয় কিন্তু দেখা যাবে অনেক জায়গায় লিখিত নোটিশ দেওয়া হয় না। অতএব চাষীর অজান্তেই জমি দখল হয়ে গেল এবং কনট্রাকটররা কাজ করতে আরম্ভ করে দিলেন। ষ্টান্ডিং ক্রপএর বেলায় এই রকম হয়েছে। যদি চান তাহলে আমি নাম কোরে কোরে প্রমাণ দেব যে ষ্টান্ডিং ক্রপস দাঁড়িয়ে আছে, তার উপর দিয়ে চালিয়ে দেওয়া হল মাটি কাটার বুলডজার। অতএব তার প্রতিকারটা এর মধ্যে কোনখানে আছে, সেটা দেখার প্রয়োজন আছে। আপনি লোকের জমি দখল করছেন লোককে বিপদে ফেলার জন্য নয়। কিন্তু কার্যত বিপদে ফেলা হচ্ছে। জমি হয়ত দু বছর পরে কাজে লাগবে, সেই জমিকে এখন থেকেই দখল কোরে অত্যন্ত স্বার্থপরের মত সেই জমিকে এখন ফেলে রেখে দেওয়া হয়েছে। আপনারা মেন লাইনএ যারা দিল্লী গেছেন তারা দেখবেন যে, খোন্নেন রেল ষ্টেশনএর পাশে গত ৩।৪ বছর ধরে এখানে ২০০ গজ কেটে রেখে দিয়েছে। আর খানিকটা বাদ দিয়ে ওখানে ২০০ গজ মাটি কেটে জমা কোরে রেখে দিয়েছে। এর কারণটা কি না ভবিষ্যতে ঐসব জায়গায় নাকি ডি. ভি. সির খাল হবে। যে খাল হবে ৩।৪ বছর পরে সেই জায়গায় ৩।৪ বছর ধরে দখল কোরে রাখার মানে কি? গভর্নমেন্ট নোটিশে সেই সব জায়গা দখল করেছেন এবং দখল কোরে গেজেটে নোটিফিকেশান দেওয়া হয়েছে। তখন চাষীরা কেন সেই জমি ব্যবহার করবে। অতএব সেই জমিগুলিকে কেটে রেখে দিলে তারা তাতে চাষ করতে পারবে না। সেই জন্য মাঝে মাঝে খাবলা খাবলা কোরে কেটে দেওয়া হল। এখন যখন আমি নোটিফাই কোরে জমি দখল করেছি কিন্তু চাষীকে দাম ৩ বছর পরে দেব। কিন্তু নোটিফাই কোরে যখন দখল করা হয়েছে, তখন ওরা চাষ করবে কেন? এতে যদি জমিতে জল জমে জল নিকাশের অসুবিধা হয়, তা হলেও জমিকে ফেলে রেখে দেওয়া হবে। এইরকম যদি আরও উদাহরণ চান আমরা দিতে পারি। কিন্তু আমাদের কথা হচ্ছে, যতদিন পর্যন্ত না খাল কাটা হয়, ততদিন পর্যন্ত কেন সে অ্যাকোয়ার করা জমি খালি পড়ে থাকবে? সেখানে তো চাষ হতে পারে। অথচ এদিকে বড় বড় কথা বলা হয় গ্রো মোর ফুড, ভাল চাষ করতে হবে কিন্তু জমি যে ফেলে রেখে দেওয়া হচ্ছে সেটাই আমরা দেখতে পাচ্ছি। এর কোন প্রতিকার মাননীয় মন্ত্রীমহাশয় এই অ্যামেন্ডিং বিলে নিয়ে এসেছেন কি? এমনও কিছু কিছু কেস দেখা যাচ্ছে যে, যে জমি অ্যাকোয়ার করা হয়েছে দেখা গেল, সেই জমি কোন কাজে আসছে না। সেখানে এরা এত হিতাহিত, যৌক্তিকতা বিবেচনা করেন না। যে গরীব চাষীর জমি দখল করা হয়েছে, সেই জমিতে যখন চাষ হচ্ছিল, তখন তাকেই কি ফেরত দেওয়া উচিত ছিল না? আপনাকে উদাহরণ দিচ্ছি। দামোদর বাঁধের ১৯৪৬ সালে বন্যার জন্য জায়গা দখল করা হয়, অর্থাৎ কিনা আরও কিছুটা বাঁধ করা হবে। এই ব্যাপারে পাল্লা বলে একটি গ্রামের চাষীদের অনেক জায়গা চলে গেল। এখন ডি. ভি. সির কাজ হওয়ার পর থেকে বান কমে আসছে, বাঁধের যে জমি সেই জমিতে চাষ হচ্ছে, কিন্তু ইরিগেশন ডিপার্টমেন্ট করলেন কি না এ জমি যখন বন্দোবস্ত দেওয়া হবে, তখন পুরোন চাষীদের দেওয়া হবে না। একখানি বড় গ্রামের পূর্ব দক্ষিণ দিকেও জমি বাঁধের জন্য নিয়ে নেওয়া হল, আর উত্তর দিকের জমি ন্যাভিগেবল খালের জন্য নেওয়া হল। আপনারা দেখেছেন যে ন্যাভিগেবল খাল কত চওড়া হয় এবং সেই কারণে জমিরও বেশ দরকার হয়। অর্থাৎ এই গ্রামের প্রায় অর্ধেক জমি

দখল কোরে নেওয়া হল। কিন্তু সেই জমির যখন বন্দোবস্ত দেওয়া হচ্ছে, তখন পুরোন চাষীদের দেওয়া হচ্ছে না। সেখানে কি করা হয় না নীলামে যে সেই জমি নিতে পারবে, তাকেই দেওয়া হচ্ছে। এই নিয়ে গত তিন বছর যাবত সেই গ্রামের চাষীরা আন্দোলন করছে। এবং তারা বারেবারে ধর্না দিয়ে বলছে যে, আপনারা আমাদের না দিয়ে অন্যদের কেন দেবেন? কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা করা হয় নি। এরূপ কোন প্রতিকারের ব্যবস্থা কি করা হচ্ছে যে, যদি সেই জমি সরকারের না লাগে তাহলে পুরোন ওনার যারা তাদেরকে কি লীজ দেওয়া হবে? অন্যদিকে আপনারা দেখবেন যে, এলোপাথারি সমস্ত জমি দখল করা হচ্ছে। এবং এই দখল করার কোন ঠিক ঠিকানা নেই। রাস্তা বা খালের জন্য যখন জমি দখল করা হয়, তখন গ্রামের প্রয়োজনটা দেখা উচিত। অনেক ক্ষেত্রে এমনও হতে পারে যে, লাইনটাকে যদি একটু এদিক ওদিক করা হয়, তাহলে হয়ত অনেক গরীবকে বাঁচান যায়। কিন্তু দেখা যায় তা না হয়ে গ্রামের বড় বড় লোক ও জমিদারদের প্রভাব এখানে কাজ করে। অধিকাংশ কেসএ দেখবেন যখন ক্যানেলের লাইন ঠিক করা হয়, যখন রাস্তার দিক ঠিক করা হয় বা আদর্শ গ্রাম কোন জায়গায় হবে ঠিক করা হয়, তখনই দেখা যাবে যে, যে অফিসার সেখানে যাচ্ছেন তার সঙ্গে বন্দোবস্ত করে গ্রামের জমিদাররা এমনভাবে লাইনকে টানবার বন্দোবস্ত করান, যাতে তাদের জমি বেশীর ভাগ বাদ পড়ে যায়। ও'রা হয়ত বলবেন এইসব ইঞ্জিনীয়ার্স ওপিনিয়ান। কিন্তু আমি দেখাব ইঞ্জিনীয়ারদের ওপিনিয়ান কেমনভাবে বদলে যায়। গলসি থানাতে ক্ষেতুরা বলে একটি গ্রামে লাইন টানবার যখন ঠিক হল তখন গ্রামের কৃষকরা জোর আন্দোলন তুলে বলল যে, জমি কাটতে দেব না। তখন দেখা গেল যে ইঞ্জিনীয়ার বলেছিলেন যে, এই খাল দিয়ে ছাড়া কাটা যাবে না, তখন সেই ইঞ্জিনীয়ারই ঠেলায় পড়ে বললেন যে, এমন কিছু অসুবিধা হবে না ওটা ২০০ গজ পাশ দিয়ে কাটলেও চলবে। আমি বীরভূমের লাভপুর থানায় একটি গ্রামে গিয়েছিলাম, সেখানে দেখা গেল যে ক্যানেল ডিপার্টমেন্ট বললেন যে, লাইনটা গ্রামের ভিতর দিয়ে সোজা কোরে টানতে হবে। এতে গ্রামের অনেক বাড়ীঘর ভেঙ্গে ফেলতে হত। তখন তারা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট থেকে আরম্ভ কোরে ময়ূরাক্ষী প্রজেক্ট পর্যন্ত দরখাস্ত করল, কিন্তু কিছুই হল না। তখন তারা ঠিক করল যে ফাটাফাটি যা হয় হবে, আমরা কিছুতেই জায়গা ছাড়ব না। তারপর দেখা গেল সুড সুড কোরে ইঞ্জিনীয়ারদের মত বদলে গেল, এবং দেখা গেল যে তিনি বললেন যে ওটা গ্রামের বাহিরে দিয়ে কাটলেও এমন কিছু অসুবিধা হবে না। অর্থাৎ দেখা যায় যে, জমি দখল করার সময় গ্রামের যারা গরীব লোক তাদের সুখ দুঃখ মোটেই দেখা হয় না। এবং ২।৪টা বড় লোকদের প্রতি দৃষ্টি সবসময় রাখা হয়। কিন্তু এর তো কোন প্রতিকারের ব্যবস্থা হচ্ছে না। আমি জানি যে আইনে সব কিছু প্রতিকারের ব্যবস্থা হয় না। কিন্তু যদি একটা গভর্নমেন্ট এবং তার অফিসারের সাধারণ লোকের প্রতি দরদ মমতা থাকে এবং তাদের সঙ্গে পরামর্শ করার বন্দোবস্ত থাকে, তাহলে আইনের কোন কিছু লেখার প্রয়োজন থাকে না। কিন্তু ৯ বছরের অভিজ্ঞতায় দেখা যাচ্ছে, ঠিক উল্টা হচ্ছে। সেইজন্য আজ প্রয়োজন হয়ে পড়েছে আইনে এমন কিছু বেঁধে দেওয়া যাতে অফিসাররা পরামর্শ কোরে জায়গা জমি দখল করে। আদর্শ গ্রাম করতে গেলেই পাশের বড় লোকের জায়গা না নিয়ে গরীব লোকের জায়গা না হলে কি হয় না? এর মধ্যে কি ইঞ্জিনীয়ারিং ব্যাপার আছে তা জানি না। আমার সঙ্গে মাননীয় মন্ত্রী যদি কালনায় যান, তাহলে আমি দেখাব যে, আদর্শ গ্রাম যেখানে হচ্ছে সেখানে গরীবের জায়গা না হলেও এটা হতে পারত। কিন্তু ও'দের জিদ চেপে গেছে যে গ্রামের মাতব্বরদের জায়গা না নিয়ে গরীবদের জায়গা নেওয়া। সেই জন্য বলছি এগুলি দেখার প্রয়োজন আছে। এবার অন্য দিকে দাম দেবার ব্যাপারে দেখুন। এমন দেখা গেছে ৫ বিঘা জমির তিন বিঘা দখল করা হল। ১০ বিঘা জমির ৯ বিঘা দখল হয়ে গেল, কিন্তু গরীবের যে জমি দখল হয়ে গেল সে বাঁচে কি কোরে, এটাই প্রশ্ন? যার ৬০।৭০ বিঘা জমি আছে তার যদি ২।৪ বিঘা যায়, তাহলে সে মারা পড়ে না। কিন্তু ৫ বিঘা জমিতে যার খোরাকী হয় না তার যদি ৩ বিঘা চলে যায়, তাহলে কি অবস্থা হয়? আপনি আইনের কথা তুলে বলবেন যে কেন্দু কম্পেনসেশ্যানএর কথা য়্যাভারেজ মার্কেট প্রাইস আমরা দেব। কিন্তু তিন বছর পরে যদি আপনারা দেন তাহলে কি হয়? আপনি বলবেন যে, আমি তাড়াতাড়ি করছি কিন্তু সেই তাড়াতাড়ি করতেই আপনারা তিন বছর কাটিয়ে দিলেন। সেই তিন বছর পরে তাকে যে কম্পেনসেশ্যানএর টাকা দেবেন, তাতে কি তাকে বাঁচাতে পারবেন?

[4-30—4-40 p.m.]

যদি আইনে থাকত যে জমি দখল বন্দোবস্ত করার জন্য অফিসার গ্রামে গিয়ে গ্রামের লোককে সমস্ত জিজ্ঞাসা করবে, রেজিষ্ট্রি অফিসে গিয়ে কি দামে জমি কেনা বেচা হচ্ছে দেখে দেখে জমির দাম ঠিক করে ছয় মাসের মধ্যে পেমেন্ট করে দেবার বন্দোবস্ত করবে, তাহলে না হয় হত। কিন্তু যেহেতু আইনে বেঁধে দেওয়া হয় নি সেহেতু সেসব কিছুই হবে না। সেখানে আইনে আছে যে সরকারের মর্জির উপর দাম ঠিক হবে। সেখানে আবার এমন কিছু লেখা নেই যে, ছয় মাস বা ১।২।৩ বছরের মধ্যে দাম দিতে হবে। অর্থাৎ ইচ্ছা করলে আপনারা তিন বছরেও দিতে পারেন, আবার ইচ্ছা করলে সাত বছরেও দিতে পারেন। তাহলে দেখা যাচ্ছে যে, ৩।৬ মাসে না হয়ে ৩।৪।৫।৬ বছরে সমস্ত কিছু হচ্ছে। দাম কি হিসাবে দেওয়া হয়, না আইনে লেখা আছে যে মার্কেট ভ্যালু অনুসারে দেওয়া হয়। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে, দাম কম দেওয়া হয় বলে তখন মামলা করতে হয়। কালকে একজন বলেছে যে, গরীবদের পক্ষে মামলা করা সম্ভবপর নয়। আমি জানি একটি জমি যখন দখল করা হল, তার কয়েকদিন আগে সেই জমি কেনা পড়ে। রেজিষ্ট্রি অফিসে দাম লেখা ৭০০ টাকা তা সত্ত্বেও দাম তাঁরা করলো ৪০০ টাকা। ফলে তাকে মামলা করতে হয়েছে। এইভাবে দামের ক্ষেত্রে অনেক জায়গায় গোলমাল রয়ে গিয়েছে। আমি আর একটি কথা বলতে চাইছি। আগে তো ক্যানেল ইত্যাদির জন্য জমি দখল করা হয়েছে, এখন আদর্শ গ্রামের জন্য আবার জমি দখল করা হবে। ডি. ভি. সি প্রজেক্টএর জন্যে কত জায়গা দখল করা হয়েছে, এতে জনসাধারণের আনন্দ কিছুমাত্র নেই। লোকের উৎসাহের এই অভাব কেন? দুর্গাপুর কারখানা হওয়াতে স্থানীয় অধিবাসীরা কেন উৎসাহিত হয় না? তাদের মধ্যে কেন আতঙ্ক দেখা যাচ্ছে? তার মানে হচ্ছে যে, তাদের জমি, ঘর, বাড়ী ছেড়ে দেবার জন্য নোটিশ দেওয়া হচ্ছে।

[At this stage the red light was lit.]

আমাকে আর দু মিনিট টাইম দেবেন।

Mr. Speaker: I will remind the honourable members that there is a very large number of speakers who will speak on the Bill. I will allow you two minutes but I must finish the debate.

Sj. Hare Krishna Konar:

অথচ দেখা যাচ্ছে যে, সেখানে কোন ব্যবস্থা করা হচ্ছে না। দুর্গাপুর অঞ্চলে দেখা গেল যে, দামোদর থেকে অজয় পর্যন্ত কত গ্রাম দখল করা হচ্ছে, সেখানে হঠাৎ একটি গ্রাম মাঝখান থেকে বাদ পড়ে যায়। অর্থাৎ সেখানকার কোন প্রভাবশালী লোকে একটু চাপ দিতে পেরেছেন বলে যেখানে এ গ্রাম সে গ্রাম দখল করা হচ্ছে, সেখানে দেখা গেল যে হঠাৎ সেই গ্রামটি নোটিফেকেশন থেকে বাদ পড়ে যায়। এমনও কেস বহু হয়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে যে এত গ্রাম দখল করার পর সেখানকার লোককে কি দেওয়া হবে? সেই অঞ্চলের লোক যে জমি ছাড়বে না, একথা তারা বলছে না। বরং তারা এই কথা বলছে যে, গ্রামগুলোকে উঠিয়ে না দিয়ে অন্য কিছু করা যায় কি না, সেটা যেন দেখা হয়। দ্বিতীয়তঃ তাদের অল্টারনেট বাসস্থানের যেন একটা কিছু ব্যবস্থা করা হয়। কিন্তু সেখানে এটা চলবে না যে, কোন একটা পাহাড়ে জায়গায় কন্ট্রাক্টারকে দিয়ে দুটো ঘর করে দিয়ে বলবেন যে, সেখানে যাও, খেতে পাও না পাও কাঁকর চিবিয়ে খাও। অতএব তাদের সঙ্গে পরামর্শ করে কোন জায়গায় তাদের বসতি করান যায়, যাতে সেখানে তারা খেতে পরতে পায়, তার ব্যবস্থা যেন করা হয়। কিন্তু তা হয় না বলে সেই অঞ্চলের মানুষের মধ্যে বিক্ষোভ জেগে উঠেছে। আজকে যখন মন্ত্রী মহাশয় সংশোধনী বিল এনেছেন, তখন প্রয়োজন ছিল এইগুলো অন্ততঃ করা। অর্থাৎ জমি নেবার সময় লোকের সঙ্গে পরামর্শ করে নেওয়া হবে, জমির দামগুলোকে অন্তত তখনই পেমেন্ট করা হবে বা ছয় মাসের মধ্যে অন্তত পেমেন্ট করা হবে, বাড়ী নিলে তাদের বাসস্থানের ব্যবস্থা করে দেওয়া হবে। এইগুলো নেই বলেই আমাদের সংশোধনী দিতে হচ্ছে এবং বর্তমানে যেমনটি আছে তার প্রতিবাদ করতে হচ্ছে।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় সভাপাল মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিলটি এনেছেন তার উপর প্রারম্ভিক বক্তৃতায় তিনি বলেছেন যে বিলে বিশেষ কিছু নেই। সামান্য ব্যাপার, শুধু এর মেয়াদটা আমরা একটু বৃদ্ধি করতে চাই, মূল আইনের যে দোষ আছে, সেই দোষকে কিছুটা বদল করতে চাই। আমার বক্তব্য এই যে মন্ত্রী মহাশয় তাঁর যুক্তি দিয়ে আমাদের বুঝাতে পারেন নি যে, সত্যিই এই আইনের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন আছে। জমি দখল করার জন্য আইন তো আছে এবং আমরা জানি এর চেয়েও খারাপ আইন আরও আছে কিন্তু হঠাৎ এই আইনের মেয়াদ বৃদ্ধি করে তারা কতখানি এই আইনকে উপকারে লাগাতে পারবেন, সে বিষয়ে বিশেষ কিছু বলেন নি। দ্বিতীয় কথা এই যে, এই আইনের দোষ বাতিল করছেন এবং তা করবার সময় আমাদের শুনাচ্ছেন, আমরা যেন ভীত না হই। কলকাতার বস্তীবাসীদের উচ্ছেদের আদেশ এই বিলের মধ্যে নেই এবং সেইহেতু সেই ভয়টা কাটাবার জন্য তিনি আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন কংগ্রেসের চীফ হুইপ শ্রী কোলে মহাশয়, এমন সংশোধনী প্রস্তাব এই হাউসএর সামনে আনলেন, যাতে এই ভয়টা বিদূরিত হয়ে যেতে পারে। আমার একটি প্রশ্ন আছে, মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, বস্তী উচ্ছেদের ব্যাপারে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট আইন যেটা আছে, সেই আইন কি যথেষ্ট নয়? কিংবা যদি তারা বলেন হাওড়া শহরের বস্তী উন্নয়ন করার জন্য এই আইনটি প্রযুক্ত হতে পারে, আমি সেখানে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করব হাওড়া শহর ইনপ্রুভমেন্ট অ্যাক্ট যেটা আছে, সেই আইনের ভিতর দিয়ে বস্তী উন্নয়ন কি সম্ভব নয়? তিনি তাঁর বক্তৃতার মধ্যে বলেন নি, এই বস্তী উন্নয়নের জন্য আর একটি বিল আসবে, সেই বিলের মাধ্যমে পশ্চিম বাংলার বিভিন্ন শহরের বস্তী উন্নয়ন করা হবে। মন্ত্রী মহাশয় আর একটি কথা আমাদের শুনিয়েছেন তা এই যে, এই আইনের ভিতর দিয়ে যে সমস্ত গ্রামে আদর্শ পল্লী স্থাপন করা হবে, বন্যায় যে-সমস্ত গ্রাম ভেসে গিয়েছে, সেই সমস্ত গ্রামের জমি করার জন্য এই আইনের ধারাসমূহ বদল করার বিশেষ প্রয়োজন আছে। মাননীয় স্পীকার মহাশয়, তাই যদি প্রয়োজন হয়, তাহলে আমরা মনে করি যে এতবড় একটা দোষ সংশোধন করার জন্য যদি এই বিল আনা হয়, তাহলে অত্যন্ত অন্যায় করা হয়েছে। প্রথমত এরকম ধরণের পিস মিল লেজিসলেশান করে কোন রকম কাজ হয় না, দ্বিতীয়ত বস্তী উন্নয়নের জন্য যে আইন এসেছে, সেই আইনের ভিতরে এই আদর্শ পল্লী স্থাপনের জন্য জমি দখল করার জন্য ধারা রাখা যেত। সবচেয়ে বড় কথা হচ্ছে, শুধু দু-চারটা কথা, শুধু আইনের একটি ধারাকে সংশোধন করার জন্য যুক্ত করে দেওয়ার জন্য মানুষের মনে ভয় দেখা দিয়েছে। ক্যালকাটা ইমপ্রুভমেন্ট বিল যেটা আছে, তার ভিতরে উন্নয়নের যে ধারাটি সেটি মন্ত্রী মহাশয়কে পড়ে দেখতে বলি, তার মধ্যে অনেকগুলি প্রভাইসো ঢুকান আছে, যার দ্বারা মানুষের যে সন্দেহ বস্তীবাসীদের যে সন্দেহ সেই সন্দেহটা সরকারের পক্ষ থেকে কিছু নিরসনের প্রচেষ্টা সেই আইনে হয়েছে।

[4-40—4-50 p.m.]

কিন্তু এই আইনে তাঁরা যা সংশোধন করতে চলেছেন, হঠাৎ একটা কথা বদল করে দিচ্ছেন যদি দরকার হয় বস্তী সংস্কার কিম্বা অন্য কোন ব্যাপারে যদি প্রয়োজন হয়, তাহলে জমি দখল করা যাবে, বস্তী নিয়ন্ত্রণ, আদর্শ গ্রাম স্থাপনের জন্য যে সমস্ত জমি দখল করা হবে, সেই সমস্ত জমিতে এখন যারা বাস করছে তাদের সম্বন্ধে কি হবে, সে সম্বন্ধে এ আইনে কিছু বলা হয় নি। সেজন্য আমাদের সন্দেহ থাকছে, গরীব মানুষ যারা সেই সমস্ত জায়গায় বাস করে তাদের স্বার্থহানি হতে পারে। তাদের স্বার্থহানির হয়ত মন্ত্রী মহাশয়ের ইচ্ছা না থাকতে পারে, এবং তাদের অনিষ্ট না হয়, এটাও তাঁর মনের ভাব হতে পারে, কিন্তু সরকারী কর্মচারী যারা এটা প্রয়োগ করছেন, তারা জনসাধারণের যথেষ্ট কষ্ট ও অনিষ্টের কারণ হতে পারেন, সেইজন্য আমি মনে করি এই যে, বিল মন্ত্রী মহাশয় এনেছেন, এটা আনবার কোন প্রয়োজন ছিল না। যদি তাঁরা চান যে, শহরের উন্নতি করার জন্য বা বস্তীর উন্নতি করার জন্য একটা বিল আনা দরকার, তাহলে সে বিল স্বতন্ত্রভাবে এখানে আনলে পর বিশেষভাবে আলোচনা করে তা গৃহীত হতে পারবে।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, যে বিলটা আমাদের সামনে এসেছে, সেটার সম্পর্কে আলোচনা করতে গিয়ে, আজকে সর্বপ্রথম আমি এই কথা বলতে চাই যে, বেটার লিভিং কন্ডিশান, এইটেই যদি এ বিলের উদ্দেশ্য হয়, যা এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনসএ লেখা হয়েছে, তাহলে আমার প্রশ্ন করতে ইচ্ছা করে, কলকাতার নোংরা বস্তী যেখানে আলোক ঢোকে না, বাতাস খেলে না, সেখানেই আগে বেটার লিভিং কন্ডিশান করবার প্রয়োজন ছিল, আমরা শিল্পাঞ্চলে দেখি, সেখানকার শ্রমিকদের বাড়ীগুলি, সেখানকার বাড়ীওয়ালারা—

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, may I interrupt the honourable member just for a minute? I made it absolutely clear yesterday that I was going to accept the amendment that would be moved by the Chief Whip of the Congress party, and if honourable members examine that amendment they will find that we are going to exclude the industrial area and the Calcutta area. Therefore I submit there is no cause for misapprehension so far as these areas are concerned, and honourable members need not speak about these areas.

Sj. Monoranjan Hazra:

আমি যে কথা বলতে চাইছি, সে কথা আমার শেষ হয় না বলে আপনি ভুল বুঝেছেন। কথাটা হচ্ছে সেই অঞ্চলে যদি বেটার লিভিং কন্ডিশানস করবার উদ্দেশ্যে কিছু করা হত, তাহলে এই বিলের উদ্দেশ্য, এই বিলের লক্ষ্য সেইভাবে পরিবর্তন করার প্রয়োজন ছিল, কিন্তু সে দিক থেকে আমরা কোন রকম লক্ষণ দেখতে পাচ্ছি না। তারপরে, যে জিনিষটা দেখছি যে, বিলের দ্বারা বেটার লিভিং কন্ডিশানস সম্পর্কে যে আদর্শ গ্রাম তৈরী করার কথা দেখেছি, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বলি একটা উদাহরণ আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। যেমন কোংরঙে ৩৮০ বিঘা জমি দখল করা হয়েছে, এবং সেটা উন্নয়নের নাম করে দখল করা হয়েছে, প্রথমে বিষয়টার গেজেট হয়ে যায়, সাধারণ মানুষ তা জানতে পারে না, তাদের কাছে নোটিশ যায় না, তারপরে একদিন দেখা যায়, সেখানকার জমি দখল করতে এসেছেন সরকারী কর্মচারীরা! বুলডোযার নিয়ে গিয়ে সেখানকার ঘরবাড়ী ভেঙ্গে দিতে হবে, তাদের ক্ষেত খামার নষ্ট করা হবে, কোংরঙে এই রকম প্রতিদিন দেখতে পেয়েছি। সেখানকার সাধারণ মানুষ যখন চাঁদা করে টাকা যোগাড় করে হাইকোর্টে যায়, হাইকোর্ট আর্টিকেল ২২৬এর বলে উইদিন দি ল যদি কোন মামলা দায়েরও করতে যায়, তখন তাদের সেসব মামলা রিজেকটেড হয়ে যাবে। এইভাবে সাধারণ মানুষ ১৯৩৮ সালের আদর্শ গ্রাম পরিকল্পনা তৎকালীন মুখ্যমন্ত্রী ফজলুল হক সাহের রচনা করেছিলেন; ১৮ বছর পরে ধুলা সমাকীর্ণ যে ফাইল, সেই ফাইল বার করে আজ যদি চালু করবার চেষ্টা হয়, এখানে এই বিলের মাধ্যমে, তাহলে আমাকে বলতে হয়, এই কথা যে বাংলাদেশের যে সমস্ত এলাকায় বেটার লিভিং কন্ডিশানএর এই আইন প্রয়োগ করা হবে, সেই সমস্ত অঞ্চল সম্পর্কে সর্বপ্রথম অবহিত হতে হবে, বাস্তবিক সেই অবস্থা আছে কিনা, সেদিক থেকে আমার মনে হয়, এই বিলের কোন প্রয়োজনীয়তা নাই। কারণ হচ্ছে এই যে আদর্শ গ্রামের পরিকল্পনা বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার সঙ্গে খাপ খাবে কিনা— প্রথমে বিবেচনা করতে হবে। অথচ আজ যদি এই আইন গৃহীত হয়, তাহলে এর দ্বারা অপব্যয় হতে বাধ্য। এই হচ্ছে প্রথম কথা। সেদিক থেকে একটা উদাহরণ আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি। যেমন কোংরঙে ৩৮০ বিঘা জমি দখল করা হয়েছে, এবং সেটা উন্নয়নের নাম করে দখল করা হয়েছে, প্রথমে বিষয়টা গেজেট হয়ে যায়, সাধারণ মানুষ তা জানতে পারে না, তাদের কাছে নোটিশ যায় না, তারপরে একদিন দেখা যায় সেখানকার জমি দখল করতে এসেছেন সরকারী কর্মচারীরা! বুলডোজার নিয়ে গিয়ে সেখানকার ঘরবাড়ী ভেঙ্গে দিতে হবে তাদের খেতখামার নষ্ট করা হবে কোংরঙে এইরকম প্রতিদিন দেখতে পেয়েছি। সেখানকার সাধারণ মানুষ যখন চাঁদা করে টাকা যোগাড় করে হাইকোর্টে যায়, হাইকোর্ট আর্টিকেল ২২৬-এর বলে, উইদিন দি ল যদি কোন মামলা দায়েরও করতে যায় তখন তাদের সেসব মামলা রিজেকটেড হয়ে যাবে। এইভাবে সাধারণ মানুষ লড়াই করতে পারে না, আর তাদের এখন যা অবস্থা সে অবস্থায় তারা আর এগিয়ে যেতে পারে না—কেন না তাদের বাড়ীঘর নষ্ট হয়ে গেছে, তাদের ক্ষেত খামার গেছে, তাদের সর্বনাশ হয়ে গেছে।

এখন আমি রিষড়ার কথা বলছি। সেখানে প্রায় ৬০০ বিঘা জমি নিয়ন্ত্রণের নামে দখল করা হয়েছে, এবং সেখানেও ঐ একই ব্যাপার। সেখানেও হাইকোর্টে মামলা হল এবং সেখানে যে রুল দিয়েছিলেন, সে রুল ডিসচার্জ হল। এই রকম অবস্থা। সেই জন্য আজকে এই কথা বলতে চাই, আদর্শ গ্রাম ও উন্নয়ন পরিকল্পনার কথা বলে যদি এই আইন প্রয়োগ করার চেষ্টা হয়, আমি আগেই বলেছি আদৌ এখানে খাপ খায় না, এই আইনের ধারাগুলি এবং সেই কথা বিবেচনা করে এই বিলে আমরা সম্মতি দিতে পারি না। আমার শেষ কথা হচ্ছে এই যে মাননীয় মন্ত্রী মহাশয়ের যখন এখানে এই আইন পাশ করার সম্ভাবনা রয়েছে, সেদিক থেকে চিন্তা করে আমি তাঁকে বলছি, যখন রুলস তৈরী করবেন, তা তৈরী করবার সময় যেন ভাবেন সাধারণ মানুষকে দুবার উদ্বাস্তু করবার জন্য যেন বিলটা না হয়।

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, now we are talking on the last amendment of this Act. By this amending Bill Government is seeking power for five years. Such a long period was never asked for in the past. The original Act (Act II of 1948) was passed in this House on 11th March, 1948 for three years only, and it expired on the 31st March, 1951. Then came the first amendment (Act VII of 1951), and it was for only three years. On the 31st March, 1954, it expired. Then came the second amendment (Act VIII of 1954), and it was extended to 31st March, 1957. Now by the present amending Bill five years' extension has been sought. The original purpose of the Act as appears from the provisions was for facilities of transport, communication, irrigation and drainage in both urban and rural areas. The present purpose is for the construction and reconstruction of dwelling places for the people who reside there. Now, Sir, the Hon'ble Minister has accepted the amendment of the Chief Whip of the ruling party. By this amendment, Calcutta and some industrial area according to the sweet will of the Government are going to be excluded from the operation of this Act. But what about rural areas? Up to now during the continuance of this Act for the last nine years what is the improvement there in transport, communication, irrigation and drainage? The Hon'ble Minister has not given any idea as to this. I say, Sir, that nothing—practically nothing—has been done in the rural areas to fulfil these objectives.

[4-50—5 p.m.]

Now this provision is being taken away from the rural areas. Instead of that you want to construct some more new houses for the people who reside there. That is the purpose which is being introduced. Now, with regard to this purpose though nothing appears in the Objects and Reasons of the Bill, the Hon'ble Minister yesterday told us that there have been certain places ravaged by the last cyclone and flood and houses have been razed to the ground and the purpose is the reconstruction of houses in those places. If that is one of the ideas as it appears from the statement of the Hon'ble Minister, I shall say that no acquisition or requisition of land is necessary for that purpose because the people residing in those areas which have been affected either by cyclone or by flood are the owners of some land. Those houses which were standing on those lands have been razed to the ground and no acquisition or requisition of fresh land is necessary for their reconstruction. If the Government are so generous they can construct houses on those lands where previously the old houses existed. Now we have heard after our Chief Minister came back from Japan at the time of the last cyclone that he will take up a certain scheme for reconstruction of the houses according to the Japanese model and thereafter we read in newspapers that certain actions have been taken. Only a few months ago we have been told that this scheme has been taken away. We have not been told by the Hon'ble Minister what is the present scheme for improvement or construction of houses in those rural areas. My Contai subdivision is much and often affected by floods and cyclones. What has been done

for the construction of the houses in the coastal areas of Contai subdivision and some portion of Tamluk subdivision? I will only say: why not assess the general result of the last election? The Hon'ble Chief Minister gave a statement which appeared in papers. He has said that he has done enough for the rural areas and the result is that they have got spectacular success in the last election in the rural areas. They have done nothing for Calcutta and so they had reverses in Calcutta. Now, I ask the Hon'ble Chief Minister and the Minister-in-charge of the Bill why they are excluding Calcutta or certain industrial areas from the operation of this Act? The obvious purpose is that the owners of the bustees who are rich men are being given a premium to hold those lands for some time more and to extract money at the exorbitant rate from the persons who occupy those bustees and who have been allowed to remain there for the gain of the landlords.

Another provision has been made for giving notice of awards to the owners of the land. I shall say for the last time that there was no necessity for a provision like that at all. The Hon'ble Minister has not yet told us why the necessity for giving notice of an award has arisen after the life of the Act has passed for nine years.

Now, with regard to the powers of the Collector I say that the lands cover both urban and rural areas. Now of these lands the agricultural land comes under list II, item No. 18 of the Seventh Schedule of the Constitution. That is within the complete power of this House to legislate upon. In item No. 6 of List III of the Seventh Schedule of the Constitution there are lands which are not agricultural lands. Now, the Collector has been given absolute power not only to fix compensation subject to the control of the Board but he has been given further power to apportion this money amongst the co-sharers *inter se*. The question is whether the Collectors are entitled to exercise this power. This money is in the nature of compensation money, that is sharing of the land. I shall say that this sharing, this partition of the property—the compensation money is nothing but an exchange value of the land—cannot be done finally by the Collector. May be that some owners or co-sharers of the land were absent at the time of apportionment but their right to partition will remain even apart from the provisions of this Act.

I have got other things to say but I shall deal with them when I shall speak on the amendments to the clause which I have given notice of.

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিলটা সম্বন্ধে যেমন অনেক দিক দিয়ে বলা হয়েছে, তেমনি আর একটা সুর আমাদের মন্ত্রী মহাশয়ের কথায় বিলটা ইনট্রোডিউস করার সময় বাজছিল। এটা ফ্যাক্টস বলেই আমি বলছি।

The Hon'ble Bimal Chandra Sinha: Are you speaking on your amendment?

Dr. Narayan Chandra Ray: No, no. Generally.

তাঁর এই সুরে একটা মাধুর্য্য, একটা আন্তরিকতা, আর একটা বেদনা ছিল। তাঁর এই সৎ উদ্দেশ্যটা আমরা যারা ভেতরে থেকে বিরোধিতা করছি, তারা বুঝতে পারছি না, তবে হয়ত দেশবাসীরা এটা বুঝবে। আমি আপনার সামনে একটা কথা পরিবেশন করছি এবং এটাও দেখাব যে লোকের মনে এটা সম্বন্ধে একটা সন্দেহ উঠেছে। আপনারা হয়ত এটাকে স্লাইট মিসআন্ডারষ্টান্ডিং মনে করছেন। কিন্তু আমাদের এটা যখন পরে গ্রহণ করবেন তখন তাতে সব ক্লিয়ার হয়ে যাবে। বাংলা সরকারের এতবড় লিগ্যাল ডিপার্টমেন্টএর কাছ থেকে এই স্লাইট মিসআন্ডারষ্টান্ডিংটা লোকে কেমন করে আশা করতে পারে? আপনারা যাঁরা সকল মানুষের অনুভূতির দিকে নজর রেখে রাষ্ট্র চালাচ্ছেন, তাঁদের কাছে সেখানে লেখবার সময়

ক্যালকাটাকে বাইরে রেখে একসেপ্ট ক্যালকাটা যোগ করতে কেন ভুল হয়? এটা সাময়িকভাবে মানুষকে নিতে বললেও সবাই তা নিতে পারছে না। ক্যাবিনেট মন্ত্রী মহাশয়ের একার নয়। আজ প্রশ্নোত্তরের সময়

Government of India Essential Commodities Act

নিয়ে যে প্রশ্ন ছিল তাতে তার উত্তরে বলে ফেলেছেন যে, জিনিসপত্রের খোঁজ নেবার এবং ধরবার জন্য তিনি একটা প্রিলিমিনারী অর্ডার এখান থেকে পাঠিয়েছেন। কিন্তু এইসব লোককে চাল সরিয়ে সরিয়ে রাখবার জন্য আপনি ২০।২৫ দিন কেন ফাঁক দিচ্ছেন? এসবের জন্য লোকের মনে নিশ্চয় একটা কিছু সন্দেহ জাগবে। তিনি একাই ক্যাবিনেটে মন্ত্রী নন, বা যিনি মন্ত্রী তিনিই সরকার নন। কারণ কোন কিছু বলে দেবার পরে তার প্রয়োগের বেলায় নজর রাখতে পারেন না কেন? যে আইন আপনার দপ্তরের মারফৎ মানুষের উপর প্রয়োগ হবে এবং এ যাবৎ কাল যা প্রয়োগ হয়ে এসেছে, তাতে মায়া, মমতা, দরদ কোথাও ছিল না। সেসব আপনার দপ্তরকে জাজ করতে হবে। সেজন্য বলছি যে আপনি যদি আপনার দপ্তরকে বদলে দিতে না পারেন, তাহলে আপনাকে আপনার দপ্তর বদলে দিতে পারে। অতএব এরপর আপনি আর মিষ্টি কথা বলবেন না। ধরুন, এই প্রশ্নটা যদি এমন করে সাজাই তাহলে কেমন হয়। আপনাদের এর আগে কন্টিনিউয়্যান্স অভ পাওয়ার বলে যে একটা বিল ছিল, সেটা একরকম ভাল ছিল। আমার এই কথা বলার কারণ হচ্ছে যে চোখের সামনে দেখলেন একটা আইন যেটা চলছিল, সেটা কন্টিনিউয়্যাশান হল। সেখানে আবার একটা আইন আসছে এবং এটাও কন্টিনিউয়্যাশান হচ্ছে। এই কন্টিনিউয়্যাশানএর বলে সরকারের বজ্রমুষ্ঠি নরম হয়ে গেছে মোলামী হাত মেয়েদের হাতের মতন হয়ে যাবে। এই কথা বলছি এই কারণে যে, সেই হাত কোলকাতার বস্তীর উপর গিয়ে পড়বে। কিন্তু লোক আজ কেন সেই কথা মনে করবে? এখন লোকে যদি মনে করে যে, এই আইনে যে ফাঁক রইল সেটা ক্যালকাটা ইমপ্রুভমেন্ট বিলে থাকবে, তাহলে কি অন্যায় হবে? যদি লক্ষ্য করা যায়, তাহলে এটা বলা যেতে পারে যে বস্তী ইমপ্রুভমেন্ট করে এই আইনের ফাঁকে বিকল্প বাসস্থান করে নাও দিতে পারে। কিন্তু যেখানে ফ্লাড হয় নি, সেখানে আপনি ত এমন কিছু লেখেন নি মডেল ভিলেজ ইত্যাদি স্লাইট মিসআন্ডারস্টান্ডিং? কিন্তু আমরা বলবো নো ইট ইজ নট। সেজন্য এর পেছনে মানুষের নিশ্চয় একটা সন্দেহ থেকে যাবে।

[5—5-25 p.m.]

তারপর আমি মডেল ভিলেজ সম্বন্ধে বলছি। আমার আগে এক বন্ধু বলেছেন। আমি আমাদের সংশোধনীর মাধ্যমে কথাটা জানাবো। মডেল ভিলেজ সম্বন্ধে সত্যিই কলকাতার বস্তিবাসীর জন্য, এর আগে যেমন ইমপ্রুভমেন্ট বিল ছিল, তখন তাতে বিকল্প বাসস্থানের কোন বন্দোবস্ত ছিল না। মানুষকে সেখান থেকে উপড়ে দিয়েছেন সরকার। যাদের সেখান থেকে সরিয়ে দিয়ে, নতুন জায়গা করেছেন, নতুন বাড়ী করেছেন, সেই সমস্ত মানুষ কতটুকু দরদ পেয়েছেন, তা সকলে জানে, মন্ত্রী মহাশয় আজকে অন্য কথা বললে, কিছু হবে না। আজকে মডেল ভিলেজ করবার সময় কই এই মমতাটুকুত আসে নি। কলকাতা বাদ দিয়ে বাইরের গ্রামের কথা বলে থাকেন, আজ বলছেন বিকল্প বাসস্থান কলকাতা বস্তিবাসীদের দরকার নেই। শুধু ফ্লাড হয়েছে, ফ্লাডএ তার ঘরবাড়ী ভেঙ্গে গিয়েছে, সে আর একটা জায়গায় এসে বসে আছে। সেখানে হয়ত বলতে পারেন, তার জন্য বাড়ী তৈরী হলে সে আসবে। কিন্তু যেখানে ফ্লাড হয় নি, সেখানে আইনি ত এমন কিছু লেখেন নি মডেল ভিলেজ ইত্যাদি গুলির ইমপ্রুভমেন্ট হবে। ফ্লাড য়্যাফেকটেড এরিয়াতে হবে। আর কোথাও হবে না, সে কথাত বলেন নি?

[At this stage the red light was lit.]

আমি আর এক মিনিট বলে আমার বক্তব্য শেষ করে দেব।

সুতরাং আজকে সমস্ত কাঠামোর মধ্যে এতবড় ভুল কেন হতে পারে? কেন আপনার ভুল হয়েছে কলকাতাকে এক্সক্লুড করায়। কেন আপনার ভুল হয়েছে মডেল ভিলেজ করে, যাদের জন্য বাড়ী করছেন, তাদের জন্য বিকল্প বাসস্থান কোথায় করেছেন? কেন ভুল করেছেন

কম্পেনসেশান দেবার সময় ঠিক মত নির্দেশ দিতে? কম্পেনসেশান দেবার সময়, সেখানে মার্কেট ভ্যাল—এই সমস্ত কথাগুলি এখানে ঢুকিয়ে দেওয়া, স্পষ্ট করে দেওয়ার কেন অভাব হয়েছে। এইজন্যই আজকে সাধারণ মানুষের মনে সন্দেহের প্রশ্ন ওঠে। আমি এই বিলের মধ্যে সংশোধনী প্রস্তাব না করে, এই কথাগুলি সুধরে নিতে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি।

[At this stage the House adjourned for 15 minutes]

(After adjournment)

[5-25—5-35 p.m.]

Sj. Amal Kumar Ganguli:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের রাজস্বমন্ত্রী যে সংশোধনী বিল এনেছেন, সেই বিল আমরা অন্তরের সঙ্গে গ্রহণ করতে পারছি না। তার কারণ হচ্ছে যে এই বিল আনার যে উদ্দেশ্যের কথা বলেছেন, সেই উদ্দেশ্য সাধিত হচ্ছে না। কিছুদিন ধরে আইনকে যেভাবে প্রয়োগ করা হয়েছে, সে সম্বন্ধে যাঁদের অভিজ্ঞতা আছে, সেই অভিজ্ঞতার ভিত্তিতে বলা যায়, এই যে নতুন প্রস্তাব আনা হয়েছে, এই প্রস্তাবের দ্বারা আসলে দেশের জনসাধারণের কোন মঙ্গল করা হবে না। পরিকল্পনার নাম করে এতদিন তাঁরা যে আইন চালু করে রেখেছেন এবং সেই আইনের বলে জনসাধারণের উপর নানাভাবে যে জুলুম অত্যাচার চালিয়ে আসছেন, তাকে আবার নতুন করে চালান হবে, এই আশংকা আমাদের রয়েছে। এই আশঙ্কার কারণ হচ্ছে, আমাদের দেশে যে মূল পুরান আইন চালু আছে, সেই আইনের প্রয়োগ সম্পর্কে আমরা এই কথা বারবার বলেছি যে, দেশের উন্নয়ন কাজে যদি কোন জায়গা জমি নিতে হয়, তাহলে সেই জায়গা জমিতে যদি কোন গরীব চাষী বাসিন্দা থাকে, তাহলে তাকে তার বস্তি বাড়ী থেকে উচ্ছেদ করবার সময়, ভাবা দরকার যে তাকে রিহ্যাবিলেট করা যাচ্ছে কিনা। কোন বাসীন্দাকে জমিতে বসৎ না দিয়ে, তার জমিজমা কেড়ে নিয়ে এবং অনির্দিষ্ট কালের জন্য তাকে আশ্রয়হীন করে রাখা এই রকম কোন আইন চালু করা উচিত নয়। সেই রকম একটি আইনকে জোর করে, জেদ করে চালু রেখে, তারপর এই যে নতুন সংশোধনী প্রস্তাব আনা হয়েছে, তার আসল উদ্দেশ্য হল ঐরকম আরও কিছু লোককে আশ্রয়হীন করে দেওয়া ছাড়া আর কিছু নয়। এই সংশোধনের পিছনে এই রকম ষড়যন্ত্র আছে বলেই আমি মনে করি। এই রকম আইনের প্রয়োগের নজীর আমি বহু জায়গার ঘটনা উল্লেখ করে দিতে পারি। হাওড়া থেকে কোলাঘাট পর্যন্ত যে রাস্তা, যেটা বোম্বে রাস্তা বলে সকল লোকের কাছে প্রচলিত, সেই রাস্তার জন্য যখন জমি দখল করা হয়, তখন বহু লোককে সেই সব জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। এই সব লোক এখনও অনেকে আশ্রয়হীন হয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, তাদের উপযুক্ত বাসস্থানের কোন ব্যবস্থা করা হয় নি। আমরা জানি এই রকম অনেক ঘটনার কথা সরকারী দপ্তরে বলা হয়েছে, কিন্তু এদের সম্পর্কে কোন সুষ্ঠু পরিকল্পনা সরকার গ্রহণ করেন নি। তা ছাড়া আমার অভিজ্ঞতা হচ্ছে কোন কাজের নামে জমি যখন দখল করা হয়, তাতে দলীয় স্বার্থ ও কায়েমী স্বার্থ রক্ষা করবার জন্যও একটা অপচেষ্টা হয়। মূল আইন বহুদিন আগেই চালু করা হয়েছে এবং তার ভিতর যে সমস্ত ত্রুটী, গলদ দেখা দিয়েছে, সেগুলি অভিজ্ঞতার ভিত্তিতে গ্রহণ করে, তা দূর করে যদি সরকার আইন চালু করতেন, তাহলে এই নতুন সংশোধনী প্রস্তাব আমরা গ্রহণ করতে পারতাম। জমি দখলের জন্য তাঁরা যখন নোটিস দেন, তখন সেখানকার সাধারণ মানুষ এই নোটিসের কথা জানতেও পারেন না; এবং এই নোটিস দেবার আগেই কিছু কায়েমী স্বার্থের লোক, যাদের সরকারের সঙ্গে দহরম-মহরম আছে, তারা জানতে পারে যে, অমুক জায়গা দখল করা হবে, তখন সেটা বাদ দিয়ে যাতে অন্য জায়গা, জমি নেওয়া হয়, তার জন্য ঘুস ইত্যাদি মারফত তম্বির করেন, এবং তার ফলে, অনেক গরীব লোকের সর্বনাশ হয় ও সরকারের অর্থেরও অপচয় হয়। বাগনান থেকে পাকসী পর্যন্ত "বাগনান-মানকুর রোড" নামে যে রাস্তা, সেটা হচ্ছে সাত মাইল। দেখা গেল হঠাৎ সেটাকে বাড়িয়ে আট মাইল করা হয়েছে, এই আট মাইল করবার কোন যুক্তি নেই। ব্যাপক জনসাধারণের অসুবিধা সৃষ্টি করেও এই রাস্তাটিকে অন্য ধার দিয়ে ঘুরিয়ে নিয়ে যাওয়া হল; এবং এই অতিরিক্ত এক মাইল রাস্তা নির্মাণ করবার জন্য যে অর্থের প্রয়োজন, সেটা সরকারী তহবিল

থেকেই যাবে, এবং তাতে যে সমস্ত সরকারী কর্মচারীরা কাজ করবেন, তাদের জন্য প্রায় কয়েক হাজার টাকা আরও বেশী খরচ হবে। কিছু দলীয় ও কায়েমী স্বার্থ রক্ষা করবার পথে সাহায্য করবার জন্য যে ব্যবস্থা এতদিন চালু রয়েছে, সেটা সংশোধন করবার জন্য কিছুই চেষ্টা হয় নি। সেইজন্য আমরা এক্ষেত্রে স্বাভাবিকভাবেই যথেষ্ট আশঙ্কা করছি। তারপর কোন জমি যখন গেজেট করে দখল করা হয়, তখন সেই জমির উপরকার, কি প্রপার্টি আছে তা ভেরিফিকেশান করা হয় না। অর্থাৎ কার কত জমি, পুকুর, বাগান বাড়ী ইত্যাদি আছে, এই সমস্তের লিষ্ট করা হয় না। এই লিষ্ট না করার ফলে, বহু হাজার হাজার টাকার গরীবের সম্পত্তি নষ্ট হয়; এবং যখন য়্যাওয়ার্ড বা কম্পেনসেশান দেওয়া হয়, এই সমস্ত সম্পত্তির কোন উল্লেখ পর্যন্ত থাকে না। এই রকম শত শত কেস আমার জানা আছে। সেই জন্য পুরাতন আইনের সংশোধন যেটা হচ্ছে, সেটা অভিজ্ঞতার ভিত্তিতে আমাদের সরকার সংশোধন আদৌ করেন নি। আইনের ৩নং ধারা হচ্ছে, তাঁরা যখন জমি দখল করেন, তখন জমির যে প্রকৃত মালিক, তা তাঁরা দেখবার চেষ্টা করেন না; এবং কম্পেনসেশান দেবার সময় যখন প্রকৃত মালিকরা যান, তখন তাঁদের বলা হয়, আমরা কাগজে-কলমে যা আছে, সেই অনুসারে ক্ষতিপূরণ দেবো।

বাইনান ইউনিয়নে কড়িয়া-বিরামপুর নামক একটা খাল কাটা হয়েছিল বহুদিন আগে এবং ১৮ বছর পরে সেই খালের দরুন ক্ষতিপূরণ দেবার চেষ্টা হচ্ছে, এবং সেখানে অনেকে এমন জমির মালিক বলে যাচ্ছেন, যাঁরা আসলে সেই সময় জমির মালিক ছিলেন না, পরে জমি হস্তান্তরিত হবার ফলে জমির মালিক হয়েছেন, তারা পর্যন্ত টাকা পেয়েছেন; আর যারা প্রকৃত জমির মালিক তারা কিছু পাচ্ছেন না। ভেরিফিকেশানএর অর্থ হচ্ছে, যারা প্রকৃত জমির মালিক, তাদের একটা লিষ্ট করে সেডিউল ভেরিফিকেশানএ নোট করা। কিন্তু এর কোন ব্যবস্থাই এই পুরান আইনের মধ্যে নেই। কাজেই এই যে নতুন সংশোধনী প্রস্তাব আনা হয়েছে, এর দ্বারা যে সাধারণ মানুষের প্রকৃত উপকার হবে, সে বিষয়ে আমাদের মনে যথেষ্ট সন্দেহ আছে।

তারপর জমি যাদের নেওয়া হয়েছে, রেকুইজিশান বা য়্যাকুইজিশান করে, জমির প্রয়োজন নেই অথচ তাদের জমি ফেরৎ দেবার কোন চেষ্টা নেই। রাস্তার জন্য ব্রিকফিল্ডএর ব্যবস্থা করতে হবে, পাশের জমি দরকার—জমি নেওয়া হলো। সেইখানে ইটও তৈরী হয়ে গিয়েছে। কিন্তু বহুদিন পরেও সরকার সেখানকার খাল, পুকুরগুলি পূরন করবার জন্য কিছুই চেষ্টা করছেন না। উপরন্তু দু-তিন বছর সেই জমি পড়ে আছে, সেই জমি ফেরৎ দেবার কোন চেষ্টা নেই। কেন জমি ফেরৎ দিচ্ছেন না? সরকার কৈফিয়ৎ দিচ্ছেন কি? সেখান থেকে কোন কোন কনট্রাকটর তার চূড়ান্ত রিপোর্ট দেন নি। তারপর কম্পেনসেশানএর ব্যাপারে সরকারী বিভাগ কি রকম গাফলতি করেছেন সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। এ সম্বন্ধে একটা পিটিশনও মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দেওয়া হয়েছে। একজন বৃদ্ধা তার নাম পণ্যময়ী দাসী তার বাড়ী হচ্ছে উলুবেড়িয়া। এই আবেদক দরখাস্তে বলেছেন যে, আমার বসতবাটি সমেত প্রায় দেড় হাজার টাকার সম্পত্তি নেওয়া হয়, এখন যখন আমি টাকা আনতে গেলাম, আমাকে মাত্র ৪৬ টাকা দেওয়া হচ্ছে এবং এই কথা বলা হচ্ছে যে, ডিপার্টমেন্টএর পক্ষ থেকে তখন বসতবাটি লেখা হয়েছিল, বাগান লেখান হয়েছিল, পুকুর লেখান হয়েছিল, সে ডিপার্ট-মেন্টএর আন্ডারএ আমরা এখন নেই। আমরা এখন তদারক কোরে—৫ বছর পরে তদারক কোরে দেখছি যে, তোমার বাড়ী নেই, সেখানে কোন পুকুর নেই, সেখানে কোন বাগান নেই। এখন আমরা যে অবস্থায় দেখছি সেই হিসেবেই আমরা তোমাকে কম্পেনসেশান দিতে চাই। এইভাবে অত্যাচার, অবিচার জমি দখলের নামে, এবং পুনর্গঠনের কাজের নামে এই যে তারা চালিয়ে যাচ্ছেন, এটাকে অবিলম্বে বন্ধ করা দরকার। শুধু অর্থনৈতিক দিক থেকে নয়, সাধারণ মানুষের নৈতিক সমর্থন যদি দেশের পুনর্গঠনের কাজে না পাই, তাহলে তাদের যে মনকষ্ট, তাদের যে অভিশাপ, এতে কোন দেশের কল্যাণ করা যায় না। একথা আমাদের মন্ত্রী মণ্ডলীর স্মরণ থাকা দরকার। এই তিন বছরের মধ্যে গরীবের যে দুই বিঘা জমি থাকবে, তাও মহাজনের কবলে চলে যাবে। আপনারা ডি ভি, সিতে ময়ুরাক্ষীতে রাস্তার জন্য জমি দখল করেছেন।এবং ছয় মাসকে এক বছরের মধ্যে তার দাম দিয়েছেন, এই রকম কেস দেখান তো? দেখা যায় যে এই পেমেন্ট করতে ৪।৫ বছর লেগে যায়। ময়ুরাক্ষীর খাল কবে কাটা

হয়েছে, আজও দেখবেন সেই সমস্ত জমির দাম দেওয়া হয় নি। ডি, ভি, সি খালের জন্য বহু দিন আগে জমি দখল করা হয়েছে, আজও তার বড় অর্দ্ধাংশের দাম দেওয়া হয় নি। এখানে একটা ন্যাশনাল হাইওয়ে করা হচ্ছে, ঐ ব্যান্ডেল থেকে ত্রিবেনী থেকে যেটা কাটোয়ার দিকে যাবে পূর্বস্থলী পর্যন্ত করা হয়েছে—কতদিন আগে জায়গাটা দখল করা হয়েছে—অন্তত চার বছর আগে নিশ্চয় জায়গাটা দখল করা হয়েছে—কিন্তু আজও পর্যন্ত দাম দেওয়া হয় নি। আমি জানি যখন বন্যার পরে কালনার পাশে গিয়েছিলাম, বন্যা বিধ্বস্ত হয়ে গেছে, গাঁয়ের লোক বলছে, বাবু দামটা কি এই সময় পাওয়া যেত না? তাদের রিলিফ দিতে হচ্ছে। সে বলছে আমার পাওনা টাকা এই দামগুলি এখনও দিচ্ছে না? তাহলে তো বাঁচতে পারি।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়,

West Bengal Act II of 1948

এই আইন সংশোধিত আকারে আরও বাড়িয়ে দেবার চেষ্টা হচ্ছে, হয়ত এই আইন আজকে পাশ হয়ে যাবে। কিন্তু এই আইন কন্সিডারেশানএর সময় কয়েকটি কথা আমি আমার এই হাউসএ আপনার মাধ্যমে বিশেষ করে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে উত্থাপন করতে চাই। সেটা হল, এই আইন যখন ১৯৪৮ সালে প্রথম হাউসএ উত্থাপন করা হয়েছিল, তখন এই আইনটা বিশেষ জরুরী অবস্থার মধ্যে অল্প সময়ের মধ্যে মাননীয় সদস্যরা বিশেষভাবে এ বিলের প্রতিটি ধারা সম্পর্কে বিচার এবং বিশ্লেষণ করার সুযোগ তখন পান নি। তখনকার যিনি এই সভায় এসে এই আইনটা উত্থাপন করেছিলেন, মাননীয় মোহিনী মোহন বর্মন মহাশয় তিনি বলেছিলেন যে, এই আইন সম্পর্কে মাননীয় সদস্যরা যারা আছেন, তাদের চিন্তার কোন কারণ নেই। এই জন্যই নেই যে, একটা টেম্পোরারী ফেজ। এবং এই আইন দীর্ঘদিন আমাদের দেশে চালু থাকবে না। সেই জন্য তিনি ১৯৪৮ সালের ১৮ই ফেব্রুয়ারী তারিখে যখন আইন উত্থাপন করেছিলেন, এই আইন সভার মধ্যে তখন বলেছিলেন—

"It is a short measure and it is an urgent piece of legislation. It is of temporary nature and it will remain in force only for two or three years."

কিন্তু আমরা দেখছি যে, ২।৩ বছরের জন্য এই আইন এখানে চালু হচ্ছে, একথা বলে সেদিন সদস্যদের মুখ চাপা দিয়ে সদস্যরা চুলচিরা বিচার বিশ্লেষণ না করেও, সেদিন এই আইনকে আমরা গ্রহণ করেছিলাম। সেই সম্পর্কে সেদিন আজকে যিনি আবার এই আইন সভার মধ্যে নিয়ে আসছেন, মাননীয় সদস্য আমাদের বিমল সিংহ মহাশয়কে আমি আরেকবার তার মুখের কথাই বলে দিচ্ছি। তিনি সেদিন ১৯৪৮ সালের ১৯এ ফেব্রুয়ারী তারিখে যে কথা এই আইন সভার মধ্যে দাঁড়িয়ে বলেছিলেন, এই আইনের সমর্থনে সে কথাও তাকে আমি আরেকবার স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি বলেছিলেন—

"I do not think that there is any reason that the powers given in the Bill will be misused because this Bill is after all a limited Bill, limited to three years only."

আমার মনে হয় যে তিনি ১৯৪৮ সালে যে কথা আইন সভার মধ্যে দাঁড়িয়ে মন্ত্রী হিসেবে বলেছিলেন, আজকে ৯ বছর পরে ভাগ্যেরই এমন নির্মম পরিহাস যে তাঁকে আবার এখানে এসে সেই থ্রি ইয়ার্স লিমিটেড বিলকে ১৯৬২ সাল পর্যন্ত পাঁচ বছর বাড়াবার জন্য তাঁকেই আবার অ্যামেন্ডমেন্ট করতে হচ্ছে। কাজেই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমরা একথা বলতে বলছি যে, এই আইনের সম্পর্কে সেদিন যে কথা তারা বলেছিলেন যে দেশের বিশেষ কোরে আজকে এমারজেন্সি পিরিয়ডএ আজকে এই আইন শুধু কয়েক দিনের বা কয়েক বছরের জন্য চালু করছি। আজকে আমরা দেখছি, তাদের সে কথার মূল্য যদি না থাকে এবং সেই যে অ্যাক্টকে আমরা চুলচেরা বিচার করতে পারি নি, আজকে যদি নতুন আকারে সে বিল আসত তার প্রতিটি ধারা উপধারা সম্পর্কে আইনের প্রয়োজনীয়তা আছে না আছে সে সম্পর্কে আমরা আলাপ আলোচনা করতে পারতাম। আমরা দেখছি যে আমাদের দেশে অ্যাক্ট ওয়ান অফ ১৮৯৪ যেটা চালু আছে, অর্থাৎ ভারত সরকার ১৮৯৪ সালে যে আইন পাশ করেছিলেন, সেই আইনের মাধ্যমে এই আইন ল্যান্ড অ্যাকুইজিশান অ্যাক্ট ছিল। অর্থাৎ ১৯৪৮ সালে এই আইন কার্যকরী

হওয়ার আগে যে আইনের মাধ্যমে আমাদের সরকার বিভিন্ন জায়গা অ্যাকয়ার করে নিতেন, সেই আইন বাংলাদেশে এবং ভারতবর্ষে আজকেও চালু রয়েছে। সেই আইনের মাধ্যমে তিনি করতে পারতেন। কিন্তু আজকে ৯ বছর পরে দেখছি, তিনি নতুন অ্যামেন্ডমেন্ট দিচ্ছেন যে অ্যামেন্ডমেন্টএর মধ্য দিয়ে তিনি বলতে চাইছেন যে, অ্যাওয়ার্ড হয়ে যাবে, সেই অ্যাওয়ার্ড'এর নোটিসটা দিতে হবে গত ৯ বছর ধরে, এই রকম নতুন ব্যবস্থা এই আইনের মধ্যে ছিল না। কিন্তু ১৮৯৪ সালে যে ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট আছে, সেই অ্যাক্টের সেকশন ১২(২) এবং সাব-সেকশন (২) আপনারা দেখতে পারেন, সেটা এখানে ইনসার্ট করা হচ্ছে, আজকে ৯ বছর পরে। সেই সেকশন ১২, সাব-সেকশন (২) অভ অ্যাক্ট ওয়ান অভ ১৮৯৪ একথা বলছে,

Collector shall give immediate notice of his award to such of the persons interested as are not present personally or by their representatives when the award is made.

কাজেই আমরা দেখছি ৯ বছর পরে ১৮৯৪ সালের যে ধারা ছিল সেই ধারাটুকু ইনকরপোরেট করা হচ্ছে। কাজেই আমরা দেখছি সেই আইনের মধ্যে দিয়ে যখন সেটা ফর দি পাবলিক পারপাস জমি নেবার অধিকার সরকারের আছে, শুধু পশ্চিমবঙ্গেই নয়, ভারতবর্ষের প্রতিটি জায়গায় যখন আছে, তখন সেই আইনের মাধ্যমে তো নিতে পারতেন। সেদিন তারা জাষ্টিফিকেশান দিয়েছিলেন, এই আইনের যে আমরা ইমিডিয়েটলি আমরা এটাকে চালু করতে চাই। তারা ডিফারেন্সটা করতে চাইছিলেন যে, এই আইনের মাধ্যমে আমরা তাড়াতাড়ি জমি অ্যাকোয়ার করতে পারি। ১৯৫৪ সালে যে সংশোধনী আইন হয়েছে, তাতে তারা বলেছিলেন মার্কেট ভ্যালু দিতে হবে। আগে তারা চেয়েছিলেন ১৯৪৬ সালের ভ্যালুয়েশান—সেই ভ্যালুয়েশান দেবেন। ১৯৫৪ সালে নতুন সংশোধন করে যে মার্কেট ভ্যালু তা দিতে পারবেন। ১৮৯৪ সালের যে আইন ছিল সে মার্কেট ভ্যালু কথাই সে বলে। তারা ভ্যালু কম দিতে চেয়েছিলেন, কিন্তু আমরা জানি হাইকোর্ট, সুপ্রীম কোর্টএর রুলিং অনুযায়ী সেটা পরিবর্তন হয়েছে এবং সেটায় মার্কেট ভ্যালু দিচ্ছেন। কাজেই এইভাবে ছুটকো আইন না কোরে একটা কম্প্রিহেনসিভ লেজিসলেশান আমাদের সামনে আসা দরকার। এই যে ল্যান্ড অ্যাকুইজিশান এবং রিকুইজিশান, প্ল্যানিং এই সমস্তটাকে জড়িয়ে নিয়ে আমরা যদি দেখি যে একটা কম্প্রিহেনসিভ আইন আমাদের সামনে আসে, যার মধ্য দিয়ে দেশের উন্নতি, ডেভেলাপমেন্ট বা যে সমস্ত ইরিগেশান, রোড কমিউনিকেশান এবং আর্বান সাইড এবং রুরাল সাইড ডেভেলাপমেন্ট-এর কথা যা বলছেন—এই সমস্ত আমরা জানি। এই আইনে ৫ বছরে সমস্ত সমাধান হবে না। আমরা জানি ৫ বছর পরে এই আইনএর আয়ু আবার বাড়িয়ে নিতে হবে। তার কারণ তিনি বলতে পারেন না যে, যত কমিউনিকেশান দরকার, যত ডেভেলাপমেন্ট দরকার ৫ বছরের মধ্যে তিনি শেষ কোরে দেবেন। একথা তিনি নিশ্চয়ই প্রতিশ্রুতি দিতে পারেন না। কালকে যেমন অ্যাক্ট এইট অভ ১৯৫১এর আলোচনার মাধ্যমে রাজস্ব মন্ত্রী একথা বলেছিলেন যে, তিন বছর আমাকে সময় দেন, আমি প্রতিশ্রুতি দিচ্ছি, এই আইনটা আর বাড়াব না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে সেই প্রতিশ্রুতি চাই। তিনি কি সেই প্রতিশ্রুতি দিতে পারেন যে, আগামী ১৯৬৩ সালের মধ্যে সমস্ত কমিউনিকেশান, সমস্ত ডেভেলাপমেন্ট, সমস্ত জিনিস যা তিনি এই আইনের প্রিঅ্যাম্বলএ বলেছেন, তা তিনি কার্যকরী করতে পারবেন বাংলাদেশে। তা যদি না পারেন তাহলে ৫ বছর বাদে আবার বাড়িয়ে সেটা বাংলাদেশের মানুষকে ব্লাফিং করা কেন হচ্ছে? আমি সেইজন্য বলছি আপনি যদি সত্যিই মনে করেন ৫ বছরের মধ্যে এই আইনের সবকিছু কার্যকরী করা সম্ভবপর নয়, তাহলে বৃহত্তর আকারে নতুন আইন আনুন যে, আইন পার্মানেন্ট ফিচার অভ ওয়েষ্ট বেঙ্গল হবে। আরেকটা কথা বলেই আমার বক্তব্য শেষ করছি। কম্পেনসেশানএর কথা—আমি পাচলা ইউনিয়ন যে রাস্তা গেছে—৫ বছর পরেও এখন পর্যন্ত সেখানে কম্পেনসেশান পায় নি। ষ্টান্ডিং ক্রপ যা ছিল মাঠের মধ্যে তার ভ্যালুয়েশান এখন পর্যন্ত চাষীরা পায় নি। আমি জানি যারা গরীব যাদের যথাসর্বস্ব এই আইনের কবলে নষ্ট হয়েছে, তাদের রিহ্যাবিলিটেশান দরকার, শুধু কম্পেনসেশান নয়। এর জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। যারা ছোটখাট চাষী তাদের জমি যদি অ্যাকোয়ার করা হয়, তাহলে তাদের রিহ্যাবিলিটেশান করে, তারপরে তাদের জমি দখল করা দরকার অন্ততঃ সেই নৈতিক কর্তব্যচ্যুত যেন কংগ্রেস সরকার না হন।

[5-35—5-45 p.m.]

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকার মহাশয়, কয়েকটি জিনিস আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানি। প্রথম হচ্ছে যে, সাধারণের সুবিধার জন্য জলনিকাশের পথ, রাস্তাঘাট গ্রামাঞ্চলে বিশেষ করে রুরাল হেল্থ সেন্টার, ন্যাশানাল এক্সটেনশান ব্লক এসবের জন্য জমির প্রয়োজন হয়, এটা ঠিক। কিন্তু গত ৫ বছর ধরে আমি একটা বক্তব্য রাখবার চেষ্টা করছি, সেটা হচ্ছে নীতির কথা—যাদের জমি নেওয়া হয়, অন্ততঃ সেই মানুষগুলোর কি অবস্থা দেখা দরকার। কিন্তু আজ পর্যন্ত যখন বিলটা পরিবর্তন হল, তখন বাস্তব যে অসুবিধা আছে তা দূর করতে পারলে জনসাধারণের সহযোগিতা পাওয়া যেত। যে কাজগুলির জন্য সহযোগিতা বিশেষ করে প্রয়োজন আছে, সেই জায়গায় মস্তবড় বাধা আছে এই আইনির মধ্যে। কাজেই যেটা বাড়ানোর জন্য তারা বলছেন আসলে সেই বাধা দূর করবার মত বক্তব্য এর মধ্যে নাই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একথা বলতে চাই যে, অন্ততঃ এই বাধাটা যাতে দূর হতে পারে জনসাধারণ যাতে উপলব্ধি করতে পারে যে, এটা তাদের নিজেদের কাজ সেটা প্রথম হওয়া দরকার। তা নাহলে সহযোগিতা পাওয়া খুব দুষ্কর। আমরা নিজেরা দেখেছি বিভিন্ন সাব-ডিভিশান, মহকুমা অঞ্চলে হেল্থ কমিটি আছে এবং আমার অভিজ্ঞতা আছে, তারা জনসাধারণের কাছে জমি জায়গা নিতে যায়, তারাও জমি দেয় কিন্তু আমি ব্যক্তিগতভাবে দেখেছি, আমরা যে জমি নিতে চাই, সেখানে প্রথম বাধা হয় এই যে, সেই জমির বেশীর ভাগই গরীব লোকের যারা ২।৪।৫ বিঘা জমির মালিক। তাদের বাড়ী, বাস্তুভিটা ছাড়া জমি পাওয়া যায় না, বিশেষ করে সুন্দরবন অঞ্চলে ডাঙ্গা জমির পরিমাণ কম। অথচ সেই সব জমি নিতে হয়, এই সমস্ত কাজ করবার জন্য কিন্তু কম্পেনসেশানএর ব্যাপারে বা পাল্টা কম্পেনসেশানএর ব্যাপারে আমরা কোন প্রতিশ্রুতি দিতে পারি না। কারণ যে জমি নেওয়া হয়েছে আজ পর্যন্ত তার কোন কম্পেনসেশান তারা পায় নি। আমি জানি যুদ্ধের আমলে—ঐ বসে আছেন প্রফুল্লবাবু—ঐ থানা বাড়ী—রাস্তা তৈরী হল কিন্তু সেই রাস্তার জন্য আজ পর্যন্ত কম্পেনসেশান পেল না—বহুবার এটা বলেছি—এক বছর হয়ে গেল আজও কোন কম্পেনসেশান দেওয়া হল না। এই বাধা অপসারণের জন্য কি ব্যবস্থা আছে, এটাই হচ্ছে প্রথম কথা।

দ্বিতীয় কথা হচ্ছে, একটু আগে বল্লেন জনসাধারণের সহযোগিতা চান। সহযোগিতা পাবার রাস্তা কি হবে তাদের পাল্টা বসবাসের ব্যবস্থা কি হবে, গরীব লোক যারা তাদের পাল্টা বাঁচবার ব্যবস্থা কি হবে, এই সমস্ত কথা এবং কম্পেনসেশানএর টাকার কথা ক্যাটিগোরিক্যালি বলতে হবে এবং আরও বলতে হবে কত দিনের মধ্যে কম্পেনসেশান পাবে—এই কথা আইনের মধ্যে লিপিবদ্ধ করতে হবে। মুখে যাই বলুন মনে খগেনবাবুর যাই থাক এটা আইনের মধ্যে লিপিবদ্ধ করার প্রয়োজন আছে। আমার মনে হয় এটা করতে পারলে কাজ হবে, সাধারণের সহযোগিতা পাবেন। আমার মনে হয় আইনের মধ্যে এটা লিপিবদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করলে তাহলে কিছুটা রেমিডি লোকের হবে এবং সাধারণের সহযোগিতা পাওয়া যাবে, নইলে নয়, এটা আমার বাস্তব অভিজ্ঞতা।

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I was listening to this debate that was going on in this House as also to the debate that took place yesterday. The main point that was made out not only against this Act but also the Act which had the assent of the House yesterday, the main point was that compensation for any land acquired is delayed. I believe the honourable members have not cared to remember the remarks I made while moving the demand for my Grant No. 7 Land Revenue only about fifteen days back. Nobody is more keenly aware than myself that compensation is held up and sometimes inordinately delayed and that is why I made it clear, while moving the demand for my Grant, that this is a matter which requires very serious attention, and it shall be my endeavour to expedite compensation payment as quickly as possible. I also gave this House figures that three years back the total payment made by the department on account of compensation was only rupees one crore. Next year

it was two crore and last year it was three crore. We hope that this year it will be much higher. But, as I made it clear on that occasion, I am not satisfied even with that high figure and I assure this House that as soon as the Assembly session is over, I shall look into the question and try to devise ways and means by which compensation payment can be expedited. But whatever be our efforts, the honourable members should realise that there are certain judicial processes, some examination of documents, some notices, some award, some provisions for time against appeal against those awards—these take time and if we do away with them, as I said yesterday, if I sit in the Writers' Buildings in my own chamber and have unlimited authority in making awards and taking final decisions, that may quicken matters but I am sure that will lead to chaos which nobody would wish to plunge Bengal in. Therefore, we must have some independent check, some impartial criticism, some independent examination of the whole question—that must take time. You must choose between the two whether you shall have the judiciary roped in in this matter or you shall do away with it and arm the executive with absolute dictatorial powers. That is entirely your own choice. But should your choice fall on the latter alternative, I can assure you that compensation can be paid within two months. But that is surely not a desirable way. Therefore, I believe within the framework, that is to say, even entrusting this question of examination of documents and providing for time—within this framework we should try to devise ways and means by which we can expedite payment.

Now, Sir, so far as the other Act was concerned, the Act which was passed by Assembly yesterday, I had assured the House that probably we shall not have to come for more extension because we have to deal with certain pieces of land which were taken under that Act, and as soon as those cases would be finished the Act would be a dead letter. Sir, I could assure the House that all-out efforts would be made whereby within the period of three years all the cases may be disposed of, and I can straightaway announce in this House that the present Bill must come for further extensions because one honourable gentleman has quoted my speech that I had delivered. When the Act was first enacted in the House, I was reported to have said that this Act is a temporary emergency measure. Now, Sir, what was that emergency? That emergency was construction of roads. That emergency was about the construction of irrigation canals and at that time there was no Five-Year Plan. Now we have not only had the First Five-Year Plan but also we are going through the Second Five-Year Plan period and as everybody desires, this section of the House desires, that section of the House desires and every section of the House desires that there should be many more plans for years to come. In fact, our object in extending this Act for five years is to make it co-terminus with the Second Five-Year Plan period.

[5-45—5-55 p.m.]

Therefore if there was any emergency in 1948 I have no hesitation to declare that a far greater emergency exists today when we are making all-out efforts for building more roads, having irrigation canals, and so on. The question naturally arises, "Why then don't you have a permanent Act?" Sir, the reason for not having a permanent Act is quite simple because this codification of the Land Acquisition laws would not only require some time but we do not want to do away altogether with the old Land Acquisition Act of 1894, and that for a very simple reason. The reason is this, that under the Act of 1894 people got ample compensation. As a matter of fact, my personal feeling—I am not announcing any policy of the Government, I am speaking in this context as a mere individual—my personal feeling is

that the idea behind the Land Acquisition Act is totally outmoded because it provides for 15 per cent. additional compensation because you are forcibly taking away the right of private property. I put this question to the opposite section, do you agree to the right of private property and to that concept of private property which led to the passing of that Act? Supposing there is national emergency, supposing you have to benefit the people, are you to be motivated by this worn-out and obsolete ideas of private property? That is why I can assure this House that if there is a revision there will certainly be a scaling down of compensation, but we do not want to do it in haste. Therefore, we are only taking pieces away, small sectors away wherever there is absolute necessity, wherever there is inescapable necessity of taking away such chunks, such sectors out of the operation of the old Land Acquisition Act of 1894. Should the members desire I have no hesitation to set up a committee or to examine myself the question of scrapping land acquisition law as a whole. We are not going to that for the reason that I have stated just a moment before. Therefore we are only having small Acts and we are continuing them for some time more so that we can consider this question, so that the basic Act which governs the Land Acquisition Act may yet continue to be the Land Acquisition Act, but wherever Land Acquisition Act is absolutely outmoded that should not apply. That is our idea.

There is also another question. Many members have raised this question, "There are so many Acts; why don't you apply, for instance, Development Act, this Act or that Act for the purpose of land acquisition?" I believe the honourable members would have done well to have scrutinised the provisions of this Bill a little more thoroughly. I would have expected a little more informed criticism from the members who have spoken on this matter. Sir, point out to me any other simple Act in Bengal Code which gives us the power of requisition. I say, Sir, no other Act gives us the power of requisition. Land Acquisition Act, it is well-known, takes three or four years to complete. Any other Act which follows merely the Land Acquisition Act also takes a very long time. But even if it does not take a long time, for instance, the Development Act or the Planning Act it gives us power for quick acquisition—it is a matter not of requisition but of acquisition. Sir, I would have been happy if other members could have pointed out to me any other Act which gives me the power of requisition. Therefore, if the House feels that there is emergency and there is need for requisition, in that case, Sir, I have no hesitation to say that this House should unanimously assent to the Bill that has been brought forward.

Now, Sir, about payment of compensation. I have made it very clear at the very outset that I am personally not satisfied with the progress of payment for the lands acquired. Sir, even subject to that remark, I can tell this House that so far as the operation of this Act is concerned, there is delay in the payment for lands which have been acquired and as the honourable members know, they should know from their own experience that wherever there is requisition of land under this Act, that requisition is quickly followed up by acquisition proceedings. I have had figures prepared by my department and I have worked out the average and that average leads us naturally to the figure of four months. Supposing I give notice of requisition today, I find that within four months that has been followed up by acquisition proceedings. In this House several members have referred me to the case of Mayurakshi payment. I anticipated that criticism fortunately. Therefore, Sir, I would like to give before this House the actual figures about payment for Mayurakshi area. The actual area that is required for Mayurakshi Project is 15,100 acres; the actual area that has been acquired so far is 15,000 acres leaving out only 100 acres.

The total amount payable for acquiring the land is near about 1.50 crores, i.e., 1 crore 50 lakhs, and the House perhaps would be glad to know that the amount paid so far is about 1.28 crores, i.e., 1 crore 28 lakhs, and I can assure the House that within two or three months the balance of the payment will be completed. Therefore, Sir, it would not be wrong if I claim that so far as this Act is concerned, we are making all-out efforts to expedite payment of compensation and the total area in respect of which payment in the Mayurakshi area has been made so far is 12,900 acres or 13,000 acres. Therefore, Sir, it would not be a wrong claim to say that so far as this Act is concerned, compensation payment is not delayed.

Now, Sir, I would like to point out the several cases for which this Act is necessary. I have here a statement that in the year 1944-45—I am speaking of 24-Parganas only because if I give district-wise for the whole of Bengal, that would take too much time of the House and therefore I am only giving a specimen—in the 24-Parganas district in 1945 the area requisitioned under this Act was only 8.65 acres. That is not much. We have been told that lakhs and lakhs of acres have been acquired. May be under other Acts but not under this Act because I can assure this House and I can place statement before the House that this Act is used very sparingly, very carefully. Now, Sir, the amount payable was about Rs. 2,000 and the amount already paid is Rs. 1,200 and that was for some services and for roads which we acquired. We had to requisition 41.44 acres in the district of 24-Parganas in that year and the area acquired is 40.36 acres, that is, a small fraction is yet to be acquired. The amount payable was of the order of Rs. 50 lakhs of which more than Rs. 35,000 has already been paid. I can multiply instances but I think this sufficiently proves that we are very carefully watching the working of this Act and I can further assure the House that we shall more carefully watch the working of this Act in future years.

Now, Sir, I believe some other points were made out to which I need not reply in detail. I made it quite clear in my opening speech that we had no idea of slum clearance in Calcutta and industrial area under this Act. Dr. Narayan Ray has raised the point that why is it that this mistake occurred, why that has escaped the attention of the draftsmen? I can assure him that has not escaped the attention of the draftsmen. They suggested another mechanism, another legal procedure for achieving this purpose but when that was pointed out to me I felt that it would be better, instead of going through that legal procedure, to accept this amendment or to move this amendment so that it might be acquired from the very beginning. The idea was that Government should exclude this area later on. I say there is no harm if it is excluded from beforehand. Therefore, it is not true that Government was not watchful or careful in this matter.

Now, Sir, Mr. Subodh Banerjee raised, I think, one or two points which I have already answered. I think one point requires some answer and that point is that "where is the guarantee that even in the model village scheme there will be some alternative accommodation?"

[5-55—6-5 p.m.]

Sir, I happen to represent a constituency, viz., three thanas in the subdivision of Kandi in Murshidabad. The honourable member representing the Bharatpur constituency, who is sitting here, may also tell the House that we have seen for months together that in vast tracts of land there was no trace of villages. Do you mean to say, as one honourable member suggested, that we should in these cases go in for a lengthy procedure under the Land Acquisition Act and keep these villagers waiting under trees for

three years before we can give them land and reconstruct their houses? I think that is a fantastic suggestion which, if carefully scrutinised, will be acceptable to nobody. Therefore, our idea was to get hold of these lands and get the villages reconstructed as early as possible.

Some members said that these lands belong to somebody, why have fresh acquisition? This is because, as everybody knows, there is no walking space between two houses, one has to crawl through small lanes, and it is the desire of the members of the villages that they should be spaced out and there should be better villages. It might be interesting to the House to note in this connection that nowhere the model village scheme has been applied where 75 per cent. of the villagers have not approved the layout of the plan. Therefore, when members speak of popular co-operation, when members apprehend that this scheme will be forced down the throats of villagers in the name of better villages and better rural habitation, I might draw the attention of the House to the very basis of his model village scheme, the basis being that the scheme will be apllied nowhere where at least 75 per cent. of the villagers have not signified their consent to this scheme. So, even after this, I do not think that there is any reasonable ground for suspicion, but of course, if somebody continues to suspect, I cannot disillusion him or I cannot disabuse his mind of that suspicion.

Now, Sir, Dr. Kanailal Bhattacharjee raised the question of Howrah bustees and Calcutta bustees. I have already made it clear in the beginning that this Act is not going to apply to them and I may inform the House that Government is going to have a separate Slum Clearance Act for that purpose. Therefore, I believe that that criticism is completely unwarranted and, if you permit me to say, it is absolutely irrelevant also:

I believe, Sir, I have touched the main points that have been raised by the members opposite and I do not think that there is any very great controversy over this Bill. Somebody suggested that there should be examination of other sections of the Bill and we should find out whether there could be any other improvement incorporated in the Act. I do not deny that this Act should be scrutinized and I do not say that there is no scope for improvement, but that is a long-term affair. What we want is, first, that there should be extension of the period of this Act. I believe there is nobody who is supporting the Five-Year Plan who will object to the power of requisition and that is why it is essential that the life of the Act should be extended. That is my first proposition. My second proposition is that we are adding only very minor things. The most controversial point that was raised, viz., the question of introducing any new object, has, I think, been discussed sufficiently and answered. About the third point, viz., payment of compensation, I believe, the figures that I have placed before the House will satisfy the members.

Sir, with these remarks, I oppose all the amendments and I commend my motion to the acceptance of the House.

The motion of Sj. Deben Sen that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

Mr. Speaker: Motion No. 1A of Dr. Kanailal Bhattacharjee falls through, because of the earlier motion.

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill, was *then put and agreed to.*

Clause 2.

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 2, in line 4, for the figures "1962" the figures "1958" be substituted.

With regard to this clause I would say that instead of "1962" "1958" should be substituted. By this amendment I wish to restrict the operation of this Act to one year only instead of five years as proposed.

Mr. Speaker: I do not think any further reason is necessary.

Sj. Basanta Kumar Panda: Only one thing I would say with regard to this. The purposes of this Act are facilities of transport, communication, irrigation and drainage, and these are necessary factors for the villages. These things have been substituted by mere construction of houses because Calcutta and industrial area have been excluded by virtue of the proposed amendment to clause 3 of the Bill. Only one thing which remains within the purview of this Bill is the mofussil area. Now, Sir, in the mofussil area the most necessary portion is communication, irrigation and drainage. If that is taken away, only construction of kutcha houses remains, because in the mofussil area it is not in contemplation that pucca houses or permanent houses or costly houses should be constructed. For the construction of kutcha houses one year is sufficient. So, I restrict this Bill to one year only, because if the Government desire to construct such kutcha houses in the mofussil area, where certain houses have been razed to the ground due to cyclone or due to flood, that can be finished within one year.

With regard to compensation proceedings, if Government is alert enough those things can be finished within the course of one year. So, without hanging on this Bill or this Act for the coming five years, the purpose of construction of kutcha houses could be achieved within the course of one year, and for the purpose of reconstructing kutcha houses I have already said no requisition or acquisition of land is necessary, because the owners of the houses are owners of the land. The Hon'ble Minister has pointed out that for going to such places for the construction of houses an intervening space is necessary, because neighbours do not allow people to construct these houses through the intervening space. With regard to this I shall remind the Hon'ble Minister that in muffasil areas the intervening spaces are quite spacious enough to allow anybody to approach the site where the house once stood for the purpose of reconstruction and for the purpose of repairs. For these reasons, I wish to restrict the operation of this Act to one year instead of five years.

[6-5—6-15 p.m.]

The Hon'ble Bimal Chandra Sinha: I must confess that I could not follow the arguments of my honourable and learned friend opposite because he says that this Act is now meant only for the reconstruction of kutcha houses. He has perhaps forgotten that all the other objectives will still be there and this is merely an addition. Therefore so long as these objectives continue to operate, this Act is necessary. Therefore I do not think that this should be restricted to one year. As I told the House just a few minutes earlier, the plans, the development schemes under the Second Five-Year Plan—construction of more roads, more irrigation canals—would continue. Therefore one year is no limit for that.

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information, Sir, I have heard the words "Calcutta Industrial Areas". Is there any definition of the industrial areas?

The Hon'ble Bimal Chandra Sinha: That will come under clause 3.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2, in line 4, for the figures "1962" the figures "1958" be substituted was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

Mr. Speaker: With reference to clause 3, a large number of amendments were put in. The position is this. Amendments Nos. 4, 5, 6-13, 13A, 13B, 13C are out of order. The reasons are negative vote and it offends Article 207(3) of the Constitution. The only amendment which is in order is No. 4A of Sj. Jagannath Koley.

Sj. Basanta Kumar Panda: On a point of order, Sir.

Sir, I beg to draw your attention to rule 43 of the Assembly Procedure Rules. With regard to this we have put in motions. At least I have put only one motion for amendment.

Mr. Speaker: Your motion is No. 3?

Sj. Basanta Kumar Panda: Yes Sir. I have put in only one motion with regard to the whole Act. And by that motion I have sought to amend clause 2 and also to delete clauses 3, 4 and 5. So my motion is not of a negative character. Because out of the 4 clauses I have sought to amend one and to negative all the three.

Mr. Speaker: You can throw out the clause by voting against it but not by moving your amendments in that form.

Sj. Jagannath Koley: Sir, I beg to move that in clause 3, in lines 4 and 5, for the words "urban or rural areas", the words "rural or urban areas, not being an area under the administration of the Corporation of Calcutta or an industrial or other area excluded by the State Government by a notification in this behalf", be substituted.

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information, Sir. What is the definition of industrial area?

The Hon'ble Bimal Chandra Sinha: The industrial area has been defined in the Government Departments from the time of rationing of that area that is from Bansberia to Uluberia towards south. I think there was no definition about that for this purpose.

Dr. Hirendra Kumar Chatterjee: As regards the definition of industrial area from Bansberia to Uluberia, which is the southern limit, is there any notification issued in the Gazette in writing?

The Hon'ble Bimal Chandra Sinha: There were gazette notifications in writing on various occasions. But what I want to say is if it is necessary we can change that notification and extend it and this amendment gives the power to Government to extend it to other municipalities also. I may clear up another misconception here. If you go through the provisions of this Bill as it stands you will find that there is one provision for the purpose

of rehabilitation of the people of the locality. Original section 3 says—and that portion is going to remain even after the amendment—that it is for the purpose of construction and reconstruction of buildings for people residing in such areas. Therefore the question of providing alternative habitation is also included in these words. So far as notification is concerned whatever place will be suggested reasonably may be incorporated in the notification.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, my point has not been met. My point is today on the 4th of July I want to know whether there has been any definition about the industrial area.

Mr. Speaker: Dr. Chatterji before asking the Hon'ble Minister to reply I will request you to read the amendment.

Dr. Hirendra Kumar Chatterjee: I would respectively submit this: The Hon'ble Minister has told me the definition of industrial area from Bansberia to Uluberia as the southern end. My point is, is that statement corroborated by any Government notification about definition of the industrial area today on the 4th of July, 1957?

Dr. Ranendra Nath Sen: Sir, I want to raise another point of clarification so that the Hon'ble Minister can answer that point also later on.

আমার পয়েন্ট হচ্ছে, যেগ্‌লির লিগ্যাল ষ্ট্যাটাস আছে, উনি যেভাবে বললেন, বাঁশবেড়িয়া থেকে উল্‌বেড়িয়া, তার মধ্যে ভাষ্ট নাম্বার অভ ভিলেজেস আছে। তাদের ইন্ডাষ্ট্রিয়াল এরিয়া বলতে কি বোঝায়? আমি জিজ্ঞাসা করছি? এই জন্য আমরা অ্যামেন্ডমেন্ট আনতে চাচ্ছি, তা নির্দিষ্ট করবার জন্য যাতে পরে আর কোন লিগ্যাল ফ্ল বেরিয়ে না পড়ে।

Mr. Speaker: Dr. Sen, you are asking what is impossible. Whether there will be a legal flaw or not the judges will decide.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I submit that this is a very serious matter If the honourable members suggest the industrial area to be from Bally to Ballygunge, I am quite prepared to go to that end, but I am not taking this matter so lightly as the Opposition seems to have taken. I am taking it much more seriously. I want to make it clear that whether you trust Government or not trust Government here the Government is excluding Calcutta. There are well-defined limits of Calcutta under the Calcutta Municipal Act. So far as the other municipal or industrial areas are concerned, I have made it clear in this House that there is a notification issued by the Land Revenue Department and that notification may be accepted for this purpose. And if the Government side or the Opposition side suggest that the actual area should be notified in this manner, there will be no difficulty.

I am accepting the amendment of Sj. Jagannath Koley.

[Sj. Hemanta Kumar Ghosal rose to speak]

Sj. Ganesh Ghosh: Mr. Speaker, Sir, though his amendment has been ruled out of order still Sj. Ghosal wants to speak.

Mr. Speaker: He can speak on the clause, but not on the amendment.

Sj. Ganesh Ghosh: The procedure has been that on occasions amendments have been ruled out of order, but still members have been allowed to speak on those amendments.

Mr. Speaker: *He can speak on the clause, Mr. Ghosh, of course, but not on the amendment if the amendment is out of order. The amendment* has been ruled out and in common parlance I would say scored out.

[6-15—6-25 p.m.]

Sj. Bankim Mukherji: Even then when clause 3 is under discussion he can speak on clause 3.

Mr. Speaker: He wants to speak on the amendment which has already been scored out but he can speak on the clause itself.

Sj. Hare Krishna Konar:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য আমি আগেই বলেছি। আমি আশা করেছিলাম যে, বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষ যে অসুবিধা ভোগ করছে মন্ত্রী মহাশয় সে সম্বন্ধে প্রতিকারের ব্যবস্থা করবেন। মন্ত্রী মহাশয় অনেক ক্ষেত্রে দেশের ডেভেলাপমেন্ট ওয়ার্কসএর উচ্ছ্বসিত প্রশংসা করেছেন এবং এরকমভাব প্রকাশ করেছেন যে, দেশের ডেভেলাপমেন্টএর জন্য তাঁরা যে চেষ্টা করছেন তা অপোজিশানএর লোকেরা বুঝতে পারছেন না। দেশের উন্নতির জন্য জমি দখলের প্রয়োজন হতে পারে স্বীকার করি। কিন্তু জমি দখলের ব্যাপারে মানুষকে কতভাবে বেকায়দায় ফেলা হয় এবং হয়রানী করা হয়, সেটা চিন্তাও করলেন না বা প্রতিকারেরও কোন ব্যবস্থা করলেন না। ওরিজিন্যালএ আছে, একটা প্রভাইসো আছে যে, রিলিজিয়াস ল্যান্ড নেওয়া যাবে না। একটা জমি দখল করার আগে অ্যাকচুয়াল পোজিশান থেকে তার মার্কেট ভ্যালু কি হতে পারে, তা দেখা দরকার। অনেক ক্ষেত্রে জমি দখলের এমন অনেক কেস হয়েছে যে, নোটিফাই করে দখল করে ফেলে রাখা হয়েছে। অন্ততঃ এ ব্যাপারগুলির প্রতিরোধ তাঁরা ইচ্ছা করলে করতে পারেন। মন্ত্রী মহাশয়ের সেদিক দৃষ্টি আকর্ষণ করি। লক্ষ লক্ষ মানুষ এজন্য আজকে অত্যন্ত ক্ষুব্ধ এবং ডেভেলাপমেন্ট ওয়ার্কস তাদের মধ্যে উৎসাহের সঞ্চার না করে বরং বিক্ষোভেরই সৃষ্টি করেছে। আমরা অপোজিশান থেকে বার বার খাদ্যসংকট সম্বন্ধে সতর্ক করে দেওয়া সত্ত্বেও মন্ত্রী মহাশয় আমাদের কথায় গুরুত্ব আরোপ করেন নি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ৩এর যে অ্যামেন্ডমেন্ট তা আউট অভ অর্ডার হয়ে গিয়েছে, কাজেই সে সম্বন্ধে ডিসকাশান করার অসুবিধা আছে। এই ক্লজ সম্বন্ধে আমি বলতে চাচ্ছি যেখানে আমরা দেখতে পাই, জায়গা জমি নেওয়া হয়—এমন কি এর আগেও ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট অ্যাক্টএ ১৪ পারসেন্ট মোর কম্পেনসেশান দেওয়ার কথা হয়েছিল, কিন্তু সেটা কিছুদিন উঠিয়ে দিয়েছেন। যে অ্যামেন্ডমেন্টটা দিতে চেয়েছিলাম, এই অ্যাক্টএর মধ্যে সেটা ইনসার্ট করলেন না কেন? আমরা দেখেছি কোন জায়গা নেওয়া হল কোন লোকের, তাকে সেখান থেকে উঠে যেতে হয়,, উঠে যেতে গেলে তার কি খরচ হল এবং অন্যত্র জায়গা জমি কিনতে গেলে তার রেজিস্ট্রেশান খরচ কি হল ইত্যাদি নানারকম ফ্যাকড়া এসে পড়ে। সেদিকে বিবেচনা করে এটা করতে বলি। সেজন্য মন্ত্রী মহাশয় ৩নং ক্লজটা পুনর্বিবেচনা করুন এবং অদূর ভবিষ্যতে সংশোধন আনুন, এই আমার বক্তব্য।

Mr. Speaker: If you are indirectly placing before the House the amendment which I have disallowed I would request you not to do it. What you cannot do directly you cannot do indirectly.

Sj. Monoranjan Hazra:

যা বলা যায় বলেছি, সাধারণভাবে বলেছি।

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, in reply to what has been said by Sj. Monoranjan Hazra I may refer to the Land Acquisition Department memorandum No. 1133(15)L.A., dated the 25th January, 1952, which directs all the Land Acquisition Collectors to make advance payment and so on. I have not got detailed figures with me but I can tell the House

that in at least five or six cases such advance payment has been made to meet the cost of removal, etc., e.g., Jalpaiguri Town Protection Scheme, Cooch Behar Town Protection Scheme, Mathabhanga Town Protection Scheme and Karatowa Irrigation Project. Therefore, I accept Sj. Kolay's amendment and oppose the others.

The motion of Sj. Jagannath Koley that in clause 3, in lines 4 and 5, for the words "urban or rural areas", the words "rural or urban areas, not being an area under the administration of the Corporation of Calcutta or an industrial or other area excluded by the State Government by a notification in this behalf", be substituted was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Speaker: With regard to clause 4 I wish to bring to the notice of the honourable members that amendment Nos. 14 and 15 of Sj. Basanta Panda are out of order and amendment Nos. 16 and 17 of Sj. Deben Sen have not been pressed.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Mr. Speaker: There is only one amendment which is out of order.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 5A

Sj. Jagannath Koley: Sir, I seek your permission to move this amendment. I beg to move that after clause 5, the following new clause shall be substituted, namely:—

"5A. The existing preamble to the said Act shall be substituted by the following preamble:

Whereas it is expedient to provide for the requisition and speedy acquisition of land for the purposes of maintaining supplies and services essential to the life of the community, for providing proper facilities for transport, communication, irrigation or drainage and for the creation of better living conditions in urban or rural areas by the construction or reconstruction of dwelling places for people residing in such areas".

Mr. Speaker: Perhaps the honourable members would be interested to know what has exactly happened for which this amendment has come. I think a word of explanation is necessary. Sj. Subodh Banerjee drew attention of the House that the preamble was not in order. You may remember that I was against it. I have discussed with him and although I found it in order I allow the amendment as it will improve and expand the preamble.

The motion was then put and agreed to.

Clause 6

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

[6-25—6-35 p.m.]

Sj. Bhupal Chandra Panda:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই শেষ সময়েও অনুরোধ করছি, তিনি যেন যে সমস্ত সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার স্পিরিটটা গ্রহণ করেন, এবং সেই অনুরোধের সূত্র ধরে এখানে আমি কয়েকটা কথা বলতে চাই।

আমার মেদিনীপুর জেলায় অন্ততঃ দেখেছি, এই কম্পেনসেশানএর ব্যাপারে আমাদের যে সমস্ত জমি রাস্তা তৈরীর জন্য কিংবা ইরিগেশানএর জন্য গ্রহণ করা হয়েছিল, আজ পর্যন্ত সেই সমস্ত জমির কোন কম্পেনসেশান আমরা পাই নি। দুই নম্বর কথা এই যে, কম্পেনসেশান পাওয়ার ভিতরে যেভাবে আইনে লিপিবন্ধ করা রয়েছে যে, তাদের কাছে ১৫ দিনের সীমা দিয়ে নোটিফাই করে দেওয়া, কিন্তু তার পরে নোটিস তাদের কাছে পেঁছাচ্ছে, গেজেট গ্রামাঞ্চলে আসে না, সংবাদপত্রও বেশী চালু নয়, শিক্ষার অবস্থাও তেমনি শোচনীয়। কাজেই এইভাবে যে নোটিফিকেশান সেই নোটিফিকেশান যথাসময় না পেঁছানর ফলে প্রকৃতভাবে কাজ হয় না।

আমার আর একটি কথা হচ্ছে, অ্যাওয়ার্ডএর ব্যাপার। আরবিট্রেশানএর ব্যাপারে সেখানে কলেক্টরএর কাছে তাদের বক্তব্য পেঁছানর জন্য যদি সুযোগসুবিধা না থাকে অর্থাৎ যারা অতি দরিদ্র, যাদের একমাত্র বাস্তুভিটা বা একমাত্র চাষের খানিকটা জমি সেই জমি যেখানে রাস্তার মধ্যে পড়েছে বা ইরিগেশান এলাকায় পড়েছে, সেই জায়গাতে ক্ষতিপূরণ পাওয়ার জন্য আরবিট্রেশান অ্যাওয়ার্ডএ যে মামলা হয়, সেখানে তাদের শক্তি থাকে না কিছু করবার, সুতরাং ক্ষতিপূরণের জন্য যা তাদের রেটস ঠিক করে দেওয়া হয়, সেই রেটএ নিতে বাধ্য হয়। আমি আরও দেখেছি এই ক্ষতিপূরণের ব্যাপারে মেচেদা এবং তমলুকের যে রাস্তা তৈরী হচ্ছে, সেখানে ১৯৫৪ সালে জায়গা অ্যাকোয়ার করা হয়েছে এবং ১৯৫৭ সালের জুন মাস পর্যন্ত সেখানে কোন কম্পেনসেশান দেওয়া হয় নি এবং মাননীয় স্পীকার মহাশয়, নিশ্চয়ই জানবেন যে তমলুক থানার যে অঞ্চলের মধ্য দিয়ে এই রাস্তাটি হচ্ছে, সেই অঞ্চলের অধিবাসী যাঁরা তাদের প্রধানতঃ জীবিকা পানের বরজ এবং সেখানে পপুলেশানএর সংখ্যা জমির পরিমাণের চেয়ে ঢের বেশী, সেই জায়গার জমি অ্যাকোয়ার করার পর চার বছরের মধ্যেও কোন কম্পেনসেশান দেওয়া হয় নি। কাকটিতা ইত্যাদি অঞ্চলের লোক এই কম্পেনসেশানএর দাবী করে বহু আবেদন নিবেদন করেছেন, কিন্তু আজ পর্যন্ত তাদের সেই ব্যবস্থা হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, কিভাবে কম্পেনসেশান এই সরকারের নিকট থেকে আদায় করতে হয় তার নমুনা হিসাবে যদি দেখেন তাহলে নিশ্চয়ই দেখবেন এই যে বম্বে রোড তৈরী হচ্ছে সেখানে যতক্ষণ পর্যন্ত কোলাঘাটের *?* উপরে লোকে সত্যাগ্রহ না করেছিল, ততক্ষণ পর্যন্ত এই সরকারের দৃষ্টি আকৃষ্ট হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, এখানে আইনের ভিতর দিয়ে অধিকার পাওয়ার যে ব্যবস্থা হয়েছে, সেই অধিকারের ভিতর দিয়ে যদি সাধারণ মানুষের দুরবস্থা যতদূর সম্ভব লাঘব না হয়, তাহলে এটা খুবই অন্যায় হবে এবং তাতে গ্রামাঞ্চলের মানুষের মধ্যে সংকটাবস্থার সৃষ্টি হবে।

Sj. Dhirendra Nath Dhar:

স্পীকার, স্যার, ইতিপূর্বে কংগ্রেস পক্ষের চিফ হুইপ যে অ্যামেন্ডমেন্ট উপস্থিত করেছেন, তাতে এটা মনে করা যেতে পারে যে, ক্যালকাটা করপোরেশানএর যে এলাকা সেই এলাকা এই আইনের আওতা থেকে বাদ দেওয়া হল। কিন্তু যে প্রশ্ন এর সংগে জড়িত আছে সে প্রশ্ন এই অ্যামেন্ডমেন্টএর মধ্যে পরিষ্কার হয় না। যেমন যে কারণে ক্যালকাটা করপোরেশান এলাকা বাদ দেওয়া হল, ঠিক সেই কারণে হাওড়া মিউনিসিপ্যালিটি এলাকাকে বাদ দেওয়া যেতে পারে।

ক্যালকাটা করপোরেশনন বাদ দেওয়া হল পূর্বেকার ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর যে সমস্ত আইনকানুন আছে এবং রেলওয়ে কলেক্টরএর হাতে আইনের জোরে যে সমস্ত ক্ষমতা দেওয়া আছে ঠিক সেই ক্ষমতা হাওড়া মিউনিসিপ্যালিটিকে দেওয়া যেতে পারে এবং সেই সঙ্গে যে প্রশ্ন জড়িত যে বাংলাদেশে যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে তার ইমপ্রুভমেন্টএর কাজও নিশ্চয়ই প্রয়োজন, কিন্তু ইমপ্রুভমেন্টএর সঙ্গে সঙ্গে আর যে সমস্ত প্রশ্ন জড়িত আছে যে সেখানকার ইমপ্রুভমেন্ট ট্রাস্ট গঠন করা এবং যে সমস্ত জায়গা দখল করা হবে সেই সমস্ত জায়গায় যারা বাস করেন, তাদের সম্পর্কে কি ব্যবস্থা হতে পারে এবং ইমপ্রুভমেন্ট যা হবে সে সম্পর্কে স্থানীয় লোকের মতামত কি এই সব প্রশ্ন এর মধ্যে থাকা উচিত। যেভাবে বিল তাঁরা তৈরী করেছেন তাতে মনে হয়, দেশের গ্রামের প্রশ্ন এর সঙ্গে আছে, কিন্তু সকলের চোখ এড়িয়ে আইনটি এমনভাবে করা হয়েছে, যাতে ঢালাইভাবে যে কোন এরিয়া সরকার মনে করবেন, সেখানে সেই সমস্ত কথা উল্লেখ করে সকলের চোখে ধূলা দেবার চেষ্টা করেছেন। এতে কলিকাতা বস্তীবাসীদের সাংঘাতিক আপত্তি আছে, বিরোধীদলের আপত্তি আছে, সেজন্য সাত তাড়াতাড়ি এরকম একটা অ্যামেন্ডমেন্ট এনে হাজির করা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, এরকম ধরণের অ্যামেন্ডমেন্ট আনা ঠিক নয়—আমি এর তীব্র বিরোধিতা করি।

[6-35—6-45 p.m.]

Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল হাউসিং অ্যাক্ট যেটা মন্ত্রী মহাশয় এনেছেন, সে সম্পর্কে তিনি কনসিডারেশন মোশনএ বলেছেন যে, ক্ষতিপূরণ যাতে জনসাধারণ পায়, যাদের জমি দখল করা হবে তাদের ক্ষতিপূরণ দেবার জন্য ব্যবস্থা করবেন। কিন্তু আমাদের আশংকা এখনও পর্যন্ত রয়ে গিয়েছে, কারণ পূর্বের ইতিহাস এত তাড়াতাড়ি ভোলা যায় না। এরকম প্রতিশ্রুতি আমরা ১৯৫২ সাল থেকে এই ১৯৫৭ সাল পর্যন্ত অনেক বার পেয়েছি এবং আমরা দেখেছি যে প্রতিশ্রুতি দিলে কাজে সেগুলি ঠিকমত প্রতিপালিত হয় না, যার ফলে জনসাধারণের জমি দখল করবার ৬।৭ বছর পরেও ক্ষতিপূরণের ব্যবস্থা হয় না।

আমি জানি যে ফলতা থানার কাটাখালি নামে এক খাল কাটা হয়েছিল ১৯৪৮ সালে এবং আজও কিন্তু তার ক্ষতিপূরণ দেওয়া শেষ হয় নি। আমি জানাতে চাই যে, ১৯৫২ সালের পূর্বে এখন যিনি রাজস্ব মন্ত্রী সেই বিমলবাবু তখনও রাজস্ব মন্ত্রী ছিলেন এবং তিনি তখন রিলিফ বিভাগের মন্ত্রী ছিলেন, সেই সময় বহু রাস্তা তৈরী হয়েছিল, সেইজন্য জমি দখল করা হয়েছিল। তখন তাঁর সময়ে যেসব জমি দখল করা হয়েছিল—সেই ১৯৫২ সালের পূর্বে তার ক্ষতিপূরণ আজও জনসাধারণ পায় নি। তাই মনে হয় সেই সম্বন্ধে প্রতিশ্রুতি দিলেও সেই প্রতিশ্রুতি পালিত হবে না, কেন না সে সম্বন্ধে আজও আমাদের সংশয় কাটে নি। তার পরের কথা হচ্ছে যে, সমস্ত লোককে ঘরবাড়ী দেবার জন্য বলেছেন—বন্যা বিধ্বস্ত অঞ্চলে এইসব করা হবে, কিন্তু এই বিলের মধ্যে যাদের কাছ থেকে ঐ ঘরবাড়ী তৈরীর জন্য জায়গা নেওয়া হবে এবং সেখানে যে নতুন ঘরবাড়ী তৈরী হবে, তার জন্য যে মূল্য পড়বে সেই দামগুলো কি-ভাবে তাদের কাছ থেকে ইনস্টলমেন্ট বা অন্যভাবে নেওয়া হবে বা সেই দামগুলো তাদের ধার দেওয়া হবে কিনা সে কথা তাঁর বক্তব্যের মধ্য দিয়ে এখনও আমরা জানতে পারি নি। তারপরের কথা হচ্ছে যে, সেই এলাকার মধ্যে যে সমস্ত ডোয়েলিং প্লেসেস হবে সেই এলাকার লোককে যে সেই ঘরবাড়ী দেওয়া হবে সে কথা এই বিলের মধ্যে সম্পূর্ণ পরিষ্কার ভাবে বোঝা যায় না। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই যে, যাদের জমি নেওয়া হবে সেই জায়গায় ঘরবাড়ী তৈরী হবার পর তাদের দেওয়া হবে কিনা এবং যদি দেওয়া হয় তার যে মূল্য পড়বে সেই ঘরবাড়ী তৈরী করতে তার টাকা কিভাবে আদান প্রদান হবে, সেই বিষয় মাননীয় মন্ত্রী মহাশয় কিছুই বলেন নি, আশা করি তিনি সেটা বলবেন।

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের ফার্স্ট রিডিং হয়ে গেছে সেকেন্ড রিডিংও হয়ে গেছে। আজ এই তৃতীয় পর্যায়ের আলোচনার সময় মন্ত্রী মহাশয়কে এই কথাই বলতে চাই যে, গত পাঁচ বছরের অভিজ্ঞতায় দেখেছি, এই যে টুকরা টুকরা করে বিলগুলো আনা হয়, তার ভিতর দিয়ে গভর্নমেন্টের প্রচণ্ড দুর্বলতাই ধরা পড়ে। সে সম্বন্ধে মন্ত্রী মহাশয়কে হুঁশিয়ার থাকতে

বলবো, কোন বিষয়ে সামগ্রিকভাবে বিচার না করে এবং তারই ভিত্তিতে কোন আইন প্রণয়ন না করে যদি একটা প্রয়োজনমত কোন কিছু ইনসার্ট করেন, তাহলে অবস্থা এই হয় যে, যখনই সামনে কোন প্রবলেম আসে, তখনই সেই সম্পর্কিত কোন বিলকে উলট পালট করতে হয়, হয় কিছু ইনসার্ট করতে হয়, না হয় এতে নানাদিক থেকে ক্ষতি হয়। আইনের মর্যাদা নষ্ট হয়। এই আইনে ছিল, রাস্তাঘাট ও কমিউনিকেশানএর ব্যাপার নিয়ে জমি জায়গা নেওয়া। ডাঃ রায় জাপান থেকে এক নতুন অভিজ্ঞতা আনলেন, দেশে এসেই বললেন যে নতুন ধরণের নতুন গ্রাম কিছু তৈরী করতে হবে। তারই জন্য মোটামুটি সেই কথা এই আইনে চট করে ইনসার্ট করে দেওয়া হয়। এই ধারায় যদি আইন প্রণয়ন চলে তাহলে আপনাদের যেমন খুসী সেই মতই আপনারা চালাবেন। কিন্তু তার ঠেলা সামলাতে হবে বাংলাদেশের মানুষকে। জমি জায়গা নিয়ে বহু প্রশ্ন এখানে তোলা হয়েছে। পূর্বে যে সমস্ত জমি জায়গা নেওয়া হয়েছিল তার বেশীর ভাগের কম্পেনসেশানএর টাকা এখনও দেওয়া হয় নি। আমরা জানি বহু জায়গায় কম্পেনসেশানএর টাকা আদায় করবার জন্য মানুষকে যথেষ্ট ভুগতে হয়েছে ও হচ্ছে। আমরা জানি দাসপুর-কোলাঘাট রাস্তা যখন হয়, তার জন্য আপনারা সেখানে যে সমস্ত জমি নিয়েছিলেন, সেই জমির আইন সংগত কম্পেনসেশান পাওয়ার জন্য লোককে লড়াই করতে হয়েছিল, আইন অমান্য করতে হয়েছিল, নানা ঠেলা সইতে হয়েছিল, তার পরে বহু কষ্ট করে কিছু কম্পেনসেশান পেয়েছে। শুধু এই বিলটা নয়, প্রত্যেকবারে আইন সভার মিটিংয়ে দেখা যায় যে, ডেভেলাপমেন্টএর নাম করে নানারকম ছোট ছোট বিল নিয়ে আসেন নানা ছোট ছোট কারণে। সেই জন্য মন্ত্রী মহাশয়ের কাছে একটা অনুরোধ করব যে সত্যই যদি সামগ্রিক ডেভেলাপমেন্ট করতে চান এবং যদি তার জন্য যথার্থ ইচ্ছা থাকে তবে কিছু সময় নিন, কমিটি করুন, লোকের কাছে যান, লোকের সংগে আলাপ সালাপ করুন, আপনারা যখন ডেমোক্রাটিক গভর্নমেন্ট বলেন, তখন সব দলের লোকের কাছে যান, তাদের কাছে খবরাখবর নিন, তাদের প্রবলেম জানুন, তার পর সমস্ত অবস্থা পর্য্যালোচনা করে, একটি সামগ্রিক আইন করুন। যখন কোন রাস্তা করার জন্য বা অন্য কোন কাজের জন্য আপনাদের জমি নেবার দরকার হয়, তখন যাদের জমি নিলে খুবই ক্ষতি হবে, সেই রকম গরীব লোকদের জমি সহজভাবে নিয়ে নেয়, কিন্তু বড় লোকের জমি পড়লে দেখা যায়, যে সব ডিস্ট্রিক্ট অথরিটি আছেন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস, ডি, ও, সার্কেল অফিসার তাঁদের সংগে যোগসাজস করে তাঁদের জমি ছেড়ে দেওয়া হয়। এইভাবে যে প্রবলেমগুলি ওঠে সেগুলো যাতে ভবিষ্যতে না আসে, তার জন্য অনুরোধ করব। যে কোন বিল আনুন না কেন আগে বুঝে, জনসাধারণের সংগে মিলেমিশে তাদের সংগে আলাপ-সালাপ করে করুন। এইভাবে সামগ্রিক পরিকল্পনা যদি নেন, তাহলে এইভাবে যে বারে বারে বিল আনতে হয়, তা হবে না; আর এভাবে করায় লাভও হচ্ছে না, ক্ষতি ছাড়া এতে নানারকম প্রবলেম ওঠে, নানারকম লুপহোলস, ল্যাকিউনা ভবিষ্যতে দেখা দেবে।

তাই বলছি ৩নং ক্লজ সম্বন্ধে হরেকৃষ্ণবাবুর যে অ্যামেন্ডমেন্ট ছিল তা গ্রহণ করার জন্য এই দিক থেকে যাতে চিন্তা করেন, সেজন্য আপনাকে শেষ অনুরোধ জানাচ্ছি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, তৃতীয় দফা আলোচনার সময় আমি এই কথাই বলতে চাই যে, এই আইনের প্রয়োগ যেন না হয়। একটু আগেই বলা হয়েছে মডেল ভিলেজ শতকরা ৭৫ জনই চায়। আমি মনে করি যে এই ৭৫ জনের যে হিসাব দেওয়া হয়েছে, এটা সম্ভবত রাইটার্স বিল্ডিংসএর মধ্যেই সীমাবদ্ধ। আমি আরও বলতে চাই, আজকে গণতন্ত্রের কথা বলেন, কিন্তু যদি কোন জায়গায় কিছু উন্নয়ন করতে হয়, তাহলে সেই সব জায়গায় যে লোক্যাল বডিজ আছে, যেমন পঞ্চায়েত (যা সৃষ্টি হবে) তাদের হাতে ক্ষমতা রয়েছে, আইন রয়েছে, তার দ্বারা স্থান ও এলাকা ডেভেলাপ করতে পারেন, বেটার লিভিং কন্ডিশান করতে পারেন। বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট আছে, তাঁরা সেটা করুন। আজকে তাদের সেই সমস্ত অধিকারকে খর্ব করে, এইভাবে আইন করে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করা হচ্ছে কেন তা বুঝতে পারি না। আমার মনে হয় এর একমাত্র উদ্দেশ্য কোনরকম ক্ষমতা দেওয়া হবে না, সমস্ত ক্ষমতা উপরে রাখা হবে, এবং উপর থেকে সমস্ত জিনিসটা চালান হবে। আমার মনে হয় এতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা ব্যাহত হবে এবং সেটা সাফল্যমণ্ডিত করা যাবে না।

এইভাবে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করলে তাতে গণতান্ত্রিকতার সঙ্গে বিরোধিতা হবে। তাতে দেশের উন্নয়নের বিরোধিতা হবে এবং সমগ্র বঙ্গের অগ্রগতির পথের বিঘ্নস্বতা করবে। এই জন্য এই আইনের প্রয়োগ করা উচিত নয়।

Sj. Panchanan Bhattacharjee:

আমার বলবার ইচ্ছা ছিল না, কিন্তু এই আইন বিষয়ে আমার মনের যে ভাব সেটার সম্বন্ধে কিছু বলতে হয়। সেটা হচ্ছে এই যে হঠাৎ সরকার আজকে উপলব্ধি করলেন রিকনস্ট্রাকশান অথবা কনস্ট্রাকশন অব আর্বান এরিয়ার জন্য জমি দখলের প্রয়োজন হতে পারে। মডেল ভিলেজ যে উদ্দেশ্যে গ্রাম রচনা হবে পরে সেখানকার অধিবাসীদের হাতে গ্রাম ফিরিয়ে দেওয়া হবে। এইভাবে মিউনিসিপ্যালিটির জমি বা আর্বান এলাকার জমি মালিকের কাছ থেকে নিয়ে তার উপর কনসট্রাকশান করে হয়ত সেই মালিকের হাতে ফিরিয়ে•দেওয়া হবে, যদিও অন্য রকম কিছু বলা হয় নি। তারপরে রাঘব বোয়াল শ্রেণীর মিউনিসিপ্যাল এলাকার বাড়ীওয়ালা কিভাবে তার সুবিধা নেবে তার উদাহরণ দিচ্ছি। কলিকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টে বলা হয়েছে যে, যদি মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ মনে করেন যে কোন বাড়ী বাসের অযোগ্য, তাঁরা তা ভেঙ্গে ফেলতে পারেন। আমার কাছে ইনানিউমারেবল কেস আছে, যে বাড়ীওয়ালারা ভাড়াটেদের তুলতে হবে বলে কলিকাতা কর্পোরেশনএর সঙ্গে কোন রকম বন্দোবস্ত করে নালিশ করেন যে বাড়ী ভাঙ্গতে হবে। মফঃস্বলের বাড়ীওয়ালারা বিশেষ করে যেখানে হাট-বাজার আছে, সেই সমস্ত জায়গায় ভাড়া অন্য জায়গার তুলনায় খুব বাড়িয়ে দিয়েছে। সুতরাং এইভাবে সরকারের হাতে, সরকারের মুখে, সরকারী কলকেতে তামাক খাবার লোক থাকবে এবং Some will pull the string from some secret place and the benefit will accrue to owners of houses in urban areas. That is my point.

[6-45—6-57 p.m.]

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I believe the points that have been raised during the third reading of the Bill had already been discussed some time during the second reading. One point was about the payment of compensation which has been debated upon at length. The second point was that there has been some misapprehension about the misuse of the Bill even in mufussil areas. I submit, Sir, that all the loop-holes, all the lacunae cannot be prevented in the Act. Therefore keen, careful and administrative watch has to be kept and rules are to be made and instructions are to be given by which this misuse, if there be any, can be prevented. I have already assured this House and I have also quoted figures to show that this Act has been sparingly used. I can assure this House that this Act will be very sparingly used. Unless there was absolute necessity this Act has never been applied.

With these words I recommend my motion and I submit that the Bill as settled in the Assembly be now passed.

Sj. Provash Chandra Roy:

এই জমিগুলি যাদের কাছ থেকে নেওয়া হয়েছে, বাড়ী করার জন্য, তাদেরই কি সেই বাড়ীগুলি দেওয়া হবে?

Mr. Speaker: There cannot be any further discussion.

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to introduce the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957, be taken into consideration.

Sir, it has been my luck during the present session of the Assembly to request the Assembly for continuing many Acts which are due to expire and this is another item in that list. Therefore, Sir, I can quite realise the usual criticisms that would be made—"why these Acts are being extended from year to year, why should we not put an end to it, why should we not bring forth a comprehensive legislation and so on".

Sir, you will remember the situation in which this Premises Requisition Bill was passed. It was after the partition that there was absolute shortage of housing accommodation and it was absolutely necessary to requisition houses for the accommodation not only of Government officers but also of various classes of people who were coming over and were dislocated as a result of the partition. That situation, Sir, I must say, has settled down a little bit and as years are passing—I shall give you figures when I reply to the debate—as years are passing, the number of houses requisitioned are becoming fewer and fewer. At the present moment we have not very many houses under requisition. If I am correct, Sir, at present there are about 858 premises under requisition under this Act. If you scrutinise the figures which, I again say, Sir, I would try to give when I reply to the debate, you will notice these figures have in recent years constantly been dwindling. Previously we used to help the people who were absolutely stranded, no matter whether they were Government employees or not but because of certain legal decisions and administrative difficulties we had to alter our policy and at the present moment we are confining ourselves only to those parties who are either Government servants or recognised public institutions. Sir, I might also say that the policy of the Government is only to requisition those premises which are meant to be let out and where the owners try to make a profit out of them whenever such cases have been brought to our notice—even though there is a prohibitory order, not a requisition order but a prohibitory order—excepting those cases where the owners want to live in those flats or houses themselves. Therefore, Sir, this Premises Requisition Act is causing difficulty to nobody excepting those who try to make a profit by letting out their flats at very high selami and so on. I have also with me some files of cases—I could not bring all the files—where there have been notorious efforts, shameless efforts to escape the requisition order by suddenly inducting people overnight in flats and houses so that later those flats and houses might be let out at prohibitive prices or after getting very high selami. Therefore, Sir, the purpose of this Act is very limited and restricted when the housing shortage still obtains. Therefore we shall have to continue this Act for some more time so that the difficulties that existed before the partition become gradually less and less with more and more accommodation. Sir, so long as that situation continues, even if it has improved, we have to keep this alive for some more time. I have described to this House the policy that the Government is following in this matter. I will try to give in brief outlines the picture that obtains at the present moment and I believe, Sir, there would be no objection from any part of this House to giving this Act some extension of life.

Mr. Speaker: The amendments will be deemed to have been moved.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st August, 1957.

মাননীয় স্পীকার মহাশয়, আমার বেশী সময় লাগবে না। এই বিল সম্বন্ধে এদিক থেকে অনেক কথাই বলা হয়েছে, আর নতুন কোন কথা বলার নেই। আমি তিনটি কারণে এই আইনের মেয়াদ বৃদ্ধির প্রতিবাদ করছি। প্রথমতঃ, স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনসএ বলা হয়েছে যে, as the circumstances which led to the passing of the Act still continue সুতরাং এই আইনের মেয়াদ বাড়িয়ে দেবার প্রয়োজন আছে। এই আইন ১০ বৎসর আগে ১৯৪৭ সালের নভেম্বর মাসে পাশ হয়েছিল। ১৯৪৭ সালে, যুদ্ধ শেষ হবার তিন বৎসর পরে, এই আইন পাশ করা হয়। যখন প্রথম পাশ করা হয়, তখন এই এসেম্বলীতে অনেকেই এই অভিমত প্রকাশ করেছিলেন যে, এই আইনের আর কোন প্রয়োজন নেই। অর্থাৎ যুদ্ধ যখন শেষ হয়ে গেছে, তখন এই আইন নিষ্প্রয়োজন। যদি তখনই এই অভিমত প্রকাশ করা হয়ে থাকে, তাহলে ১০ বৎসর পরে, অর্থাৎ যুদ্ধ শেষ হবার ১৩ বৎসর পরে এই আইনের সত্যই আর কোন প্রয়োজন নেই। এই কয় বৎসরে কেন্দ্রীয় গভর্নমেন্ট এবং রাজ্য সরকার অনেক নতুন বাড়ী তৈরী করেছেন। সুতরাং ১৯৪৭ সালে যদি গভর্নমেন্টের বাড়ীর অভাব থেকেও থাকে, এখন আর সেই অভাব নেই। ১৯৪৭ সালে এই বিলটা ইন্ট্রোডিউস করতে গিয়ে তখনকার মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, পূর্ববঙ্গ থেকে অনেক উদ্বাস্তু এসেছে, তাদের জন্য বাড়ী-ঘরের প্রয়োজন। সত্যিই সেই প্রয়োজন তখন ছিল, কিন্তু এখন আর নেই।

আমার দ্বিতীয় কথা হচ্ছে এই যে, এই আইনটা বড়ই কঠোর। যুদ্ধকালীন ব্যবস্থার মতো। এতে বলা হয়েছে, কোন বাড়ী রিকুইজিশান করতে হলে, গভর্নমেন্ট সেই বাড়ীর মালিককে বলতে পারেন দশ দিনের মধ্যে বাড়ী খালি করে দিতে, বাড়ী ছেড়ে যেতে। মালিকের আর কোন বাড়ী থাক আর নাই থাক, দশ দিনের ভেতর তাকে ঐ বাড়ী ছেড়ে দিতে হবে। আমার আপত্তির আরও একটা কারণ আছে। এই আইন থাকার ফলে, বহুলোক বাড়ী করতে ভয় পায়, বাড়ী করলে, গভর্নমেন্ট হয়তো সেই বাড়ী রিকুইজিশান করে নিয়ে যাবে। এই চারটে কারণে, এরকম যুদ্ধকালীন ব্যবস্থা অবলম্বন অবাঞ্ছনীয়। গত দশ বছরে বহু ঘরবাড়ী গভর্নমেন্টের তরফ থেকে তৈরী হয়েছে। কিন্তু এই অ্যাক্ট বজায় থাকায় প্রাইভেট লোকেরা ঘরবাড়ী নির্মাণ করতে আশঙ্কা বোধ করছে। এই চারটা কারণে আমি এই আইনের মেয়াদ বৃদ্ধির প্রতিবাদ করছি।

Mr. Speaker: Honourable members, I am adjourning the House, but I wish to tell you something. There are certain Ordinances which, unless the corresponding Bills are passed in the meantime, will lapse within three weeks. So, I may tell the House that they will have to sit for longer hours—not tomorrow, but when the Bill would be taken up.

Sj. Jyoti Basu: But the order-paper circulated just now shows that the Bills will not be taken up first. I think we may have to change this order. For instance, on the 10th, Wednesday—9th is a holiday and so the agenda has shifted on to the 10th—there is presentation of the Report of the Public Accounts Committee and then discussion of the Annual Report of the Public Service Commission and so on. But, instead of that, Bills should come up first.

Mr. Speaker: I will remember your suggestion. Probably, we will have to take up the other way.

The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House ,was accordingly adjourned at 6-57 p.m. till 3 p.m. on Friday, the 5th July, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 5th July, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 215 Members.

[3—3-10 p.m.]

QUESTIONS AND ANSWERS

Suplementaries to *Question No. 30

Sj. Bhadra Bahadur Hamal:

खाद्य मंत्री महोदय, क्या यह ठीक है कि १० मार्च से २० अप्रील तक दार्जिलिंग के सरकारी गोदाम में कोई रेशन नहीं था ?

The Hon'ble Prafulla Chandra Sen:

पहली मार्च में ६,१५७ मन चावल था।

Sj. Bhadra Bahadur Hamal:

उसके बाद मई महीने में भी सरकारी गोदाम में कोई रेशन नहीं था।

The Hon'ble Prafulla Chandra Sen:

यह बात ठीक नहीं है।

Sj. Bhadra Bahadur Hamal:

हम ने पहिली मार्च और अप्रील के बारे में पूछा था।

The Hon'ble Prafulla Chandra Sen:

अप्रील में १०,५१८ मन और मई में १०,०४२ मन खर्चा हुआ। अगर नहीं था तो खर्चा कहां से हुआ ?

Sj. Bhadra Bahadur Hamal:

यह रेशन होते हुए भी मई महीने में क्या चावल का दाम २७ रु० ८ आ० हुआ था और अभी २७ रु० ८ आ० से भी ऊपर उठ रहा है ? क्या खाद्य मंत्री रेशन का दाम घटाने के लिये कोशिश करेंगे ?

The Hon'ble Prafulla Chandra Sen:

यह दूसरी बात है।

Sj. Bhadra Bahadur Hamal:

वहां कितने आदमी को रेशन मिल रहा है ?

The Hon'ble Prafulla Chandra Sen:

वहां एक लाख आदमी को modified रेशन दिया जा रहा है।

Sj. Satyendra Narayan Mazumdar:

শিলিগুড়িতে কোথায় কোথায় হয়েছে জানাবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আবার বলুন।

Sj. Satyendra Narayan Mazumdar:

শিলিগুড়িতে রুরাল এরিয়াতে দোকান খোলা হয়েছে, কোথায় কোথায় হয়েছে নাম জানাবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে যা আছে, আরবান এরিয়াতে ২১টা হয়েছে, রুরাল এরিয়াতে ২৩টা, এই মোট ৪৪টা দোকান হয়েছে। নোটিস দিলে স্পষ্ট ক'রে নাম বলতে পারব।

Sj. Bhadra Bahadur Hamal:

यह कब से दिया जा रहा है ?

The Hon'ble Prafulla Chandra Sen:

अप्रील महीना में १०,५१९ मन खर्चा हुआ।

Sj. Bhadra Bahadur Hamal:

क्या जिनको रेशन मिलता है पूरा रेशन मिलता है ?

The Hon'ble Prafulla Chandra Sen:

२सेर सप्ताह में।

Sj. Bhadra Bahadur Hamal:

क्या चावल न मिलने की वजह से बहुत से रेशन के दूकान बन्द हैं ?

The Hon'ble Prafulla Chandra Sen:

अगर चावल नही मिलता तो इतना खर्चा कैसे हुआ ?

Sj. Bhadra Bahadur Hamal:

कितना चावल दार्जिलिंग में भेजा गया ?

The Hon'ble Prafulla Chandra Sen:

৩৮,৮০০ मन।

Sj. Bhadra Bahadur Hamal:

৩৮,৮০০ मन में कितना चावल और कितना गेहूं है ?

The Hon'ble Prafulla Chandra Sen:

यहां गेहूं की बात नहीं है चावल की बात है।

Sj. Bhadra Bahadur Hamal:

दार्जिलिंग जिला में कितना गेहूं भेजा गया ?

Mr. Speaker:

यह जो प्रश्न किया गया है चावल के बारे में है.

Sj. Bhadra Bahadur Hamal:

गेहूँ भी रेशन में दिया गया है।

Mr. Speaker:

अगर गेहूं के बारे में सवाल करना चाहते हैं तो नया सवाल दीजिए।

Sj. Bhadra Bahadur Hamal:

अभी जहां जहां पर रेशन की दूकान नहीं मिली है जैसे बस्ती का इलाका, वहां के बारे में सरकार का क्या विचार है ?

The Hon'ble Prafulla Chandra Sen:

जहां जहां से दर्खास्त किया गया है वहां वहां खोली गयी है।

Sj. Bhadra Bahadur Hamal:

लेकिन बहुत जगह दर्खास्त देने पर भी रेशन दूकान नही मिलती है। इसके बारे में क्या सरकार को कुछ खबर है ?

The Hon'ble Prafulla Chandra Sen:

हमारे पास दर्खास्त भेजने से होगा।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Distribution of cattle-purchase loans in Chakdah police-station, district Nadia

***31.** (Admitted question No. *96.) **Dr. Suresh Chandra Banerjee:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(*a*) whether any cattle-purchase loan has been distributed within the Chakdah thana; and

(*b*) if so, how much and to how many persons it has been distributed, Union by Union?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): (*a*) Yes.

(*b*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (b) of starred question No. 31.

Subdivision and police-station.	Name of Union.	1956-57. Amount distributed.	1956-57. Number of persons benefited.	1957-58. Amount so far distributed.	1957-58. Number of persons benefited.
1	2	3	4	5	6
		Rs.		Rs.	
Ranaghat—Chakdah	Chanduria ..	4,550	16	4,000	14
	Madanpur ..	6,300	24	4,500	15
	Shimurali ..	3,100	14	2,000	7
	Kanchrapara ..	3,500	12	2,000	7
	Saguna ..	4,300	20	2,000	7
	Deuli ..	2,300	9	2,000	7
	Hingnara ..	3,100	12	2,000	7
	Silinda ..	2,900	11	2,000	7
	Tatla ..	3,100	11	2,000	7
	Ghetugachi ..	5,500	21	2,000	7
Chakdah Municipality	.. ..	500	2	..	..
1	Total ..	39,150	152	24,500	85

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, গত বৎসরের বন্যায় চাকদহ ভেসে গিয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

হ্যাঁ, জানি।

Dr. Suresh Chandra Banerjee: Supplementary question, Sir,

আপনি জানেন কি এই বন্যায় ঘরবাড়ি গর্‌বাছ্‌র অনেক ভেসে গিয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

হ্যাঁ, জানি, কিন্তু এর সঙ্গে তার কোন সম্পর্ক নাই।

Dr. Suresh Chandra Banerjee:

সম্পর্ক আছে, চাকদহ থানায় কোন কলকারখানা নাই, প্রায় সবাই কৃষিজীবি, চাষের উপর নির্ভর করে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এটা ঠিক।

Dr. Suresh Chandra Banerjee:

যদি ঠিক হয় তা হ'লে এত কম গর্‌ ক্রয় ঋণ কেন দেওয়া হয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

যারা অ্যাপ্লাই করেছে তাদের দরখাস্ত স্থানীয় অফিসার অন্‌সন্ধান ও পরীক্ষা করে দিয়েছেন এবং যারা পাবার উপয্‌ক্ত তাদেরই দিয়েছেন।

Dr. Suresh Chandra Banerjee:

কোন জায়গার লোক পেয়েছে, কোন জায়গার লোক আবার কিছ্‌ই পায় নি—যা দেওয়া হয়েছে তাকে আপনি যথেষ্ট মনে করেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সেখানকার যা দরকার ছিল সেই অন্‌সারে সেই অন্‌পাতে যথেষ্টই হয়েছে।

Sj. Jagannath Majumder:

চাকদহেতে সি পি লোন যা দেওয়া হয়েছে সেটা কি গোমড়কের অন্‌পাতে দেওয়া হয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এই হিসাবটা আগেকার।

Dr. Suresh Chandra Banerjee:

এর আগের বৎসর ১৯৫৬।৫৭ সালে কোন বন্যা হয় নি। সেবার এবারের তুলনায় বেশি ঋণ দিয়েছিলেন, এবার কেন কম দিলেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমি এই কেনর কোন উত্তর দিতে পারব না। যেরকম অ্যাপ্লিকেশন পাওয়া গিয়েছিল সেরকমই দেওয়া হয়েছে। অ্যাপ্লিকেশন না পেলে অফিসাররা কি করবেন?

Dr. Suresh Chandra Banerjee:

আপনি জানেন কি যে, চান্দ্‌য়া থানায় ৩০০ অ্যাপ্লিকেশন হয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

না, এ খবর আমার কাছে নাই।

Dr. Suresh Chandra Banerjee:

এখানে লেখা আছে, অ্যামাউন্ট সো ফার ডিস্ট্রিবিউটেড, আরও কিছু ঋণ দেবার সংকল্প আছে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

নিশ্চয়ই। বাজেট পাস হ'লে পর নতুন ইনস্টলমেন্ট পাঠান হবে।

Dr. Suresh Chandra Banerjee:

চাষের সময় প্রায় শেষ হয়ে গেল, এর পর গেলে কি হবে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এখনও চাষ হচ্ছে।

[3-10—3-20 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

চাষ হচ্ছে বটে, কিন্তু টাকাটা কি চাষের শেষে পাবে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

না, আগেই পাবে।

Dr. Suresh Chandra Banerjee:

সেটা কখন পাবে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

বাজেট পাস হয়ে গেলেই নতুন অ্যালটমেন্ট হবে।

Sj. Jagannath Majumder:

জেলাশাসক চাকদহ থানার সি পি লোন কত প্রয়োজন জানিয়েছিলেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

জানিয়েছিলেন, আর আমি বলতে পারি পশ্চিম বাংলার মধ্যে সবচেয়ে বেশি এই নদীয়া জেলায় দেওয়া হয়েছে সি পি লোন—পাঁচ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

Dr. Suresh Chandra Banerjee:

চাকদহ মিউনিসিপ্যালিটিতে ক্যাটল পারচেজ লোন দেওয়া হয় নি কেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এবার তা দেওয়া হয়েছে।

Dr. Suresh Chandra Banerjee:

না, দেওয়া হয় নি—চাকদহ মিউনিসিপ্যালিটিতে দেওয়া হয় নি।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

মিউনিসিপ্যালিটিতে নয়, মিউনিসিপ্যাল এরিয়া, সেখানে সেরকম চাহিদা হয়ত নেই, হয়ত কোন অ্যাপ্লিকেশন ছিল না।

Dr. Suresh Chandra Banerjee:

আমি জোর ক'রে বলতে পারি বহু লোকের অ্যাপ্লিকেশন এসেছিল, অথচ দেওয়া হয় নি।

Mr. Speaker: Dr. Banerjee, that is not a question but a statement.

Sj. Mihirlal Chatterjee:

বলা হয়েছে, হিসাব দৃষ্টে দেখা যায় যে, ৮৫ জন লোককে পশু ক্রয় ঋণ দেওয়া হয়েছে কিন্তু কতজন দরখাস্ত করেছিল এবং কতজনের দরখাস্ত অগ্রাহ্য করা হয়েছে সেটা জানালে সুখী হব।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

নোটিস চাই।

Sj. Durgapada Das:

যে পরিমাণ টাকা গরু কিনতে দেওয়া হয় তা দিয়ে গরু কেনা যায় কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমার মতে কেনা যায়।

Sj. Bhupal Chandra Panda:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, বর্গাদারকে গরু কেনবার ঋণ দেবার কোন পরিকল্পনা তাঁর আছে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

দেওয়া হয়। এর একটা রুল আছে, সেই অনুসারে দেওয়া হয়।

Sj. Bhupal Chandra Panda:

আমি জানি যে, তিন একর জমি যাদের আছে তারা মাত্র পায়, কিন্তু বর্গাদার যার কেবলমাত্র ঘরবাড়ি আছে, পরের জমিতে চাষ করে খায়, সে ঋণ পায় না।

Mr. Speaker: Are you asking the question with reference to Chakdah or is it a general question?

Sj. Bhupal Chandra Panda: I am referring in general.

Mr. Speaker: Then it is disallowed.

Sj. Durgapada Das:

আমি জিজ্ঞাসা করছি, এক জোড়া গরুর দাম সরকারী হিসাবে কত?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সেখানে জানতে চাইব কি রকম গরু?

Enumeration of Bhagchasis under Revisional Settlement Operation

***33.** (Admitted question No. *16.) **Sj. Sudhir Kumar Pandey:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) ১৯৫১ সালের সেন্সাস রিপোর্টে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ভাগচাষীর যে সংখ্যা ছিল, জমিদারী দখল আইন অনুসারে জরীপকার্য চলার পর সেই সংখ্যা জেলাওয়ারী কত দাঁড়াইয়াছে; এবং

(খ) বিভিন্ন জেলায় কত-সংখ্যক ভাগচাষীর নাম রেকর্ড-ভুক্ত হইয়াছে?

The Minister for Land and Land Revenue (The Hon'ble Bimal Chandra Sinha):

(ক) জরীপকার্যের চূড়ান্ত বিবরণী প্রকাশিত না হইলে ঐ সংখ্যা নির্ণয় করা যাইবে না।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Saroj Roy:

আপনি বলেছেন—'জরিপ কার্য্যের চূড়ান্ত বিবরণী প্রকাশিত না হইলে' সংখ্যা নির্ণয় করা যাবে না। আমার প্রশ্ন ছিল গত ১৯৫১ সালের সেন্সাস রিপোর্টএ যা ছিল তার থেকে আপনার কাছে এমন কোন সংবাদ আছে কিনা যে বর্ত্তমানে ভাগচাষীর সংখ্যা পশ্চিমবঙ্গে কমে গিয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

সে খবর জরিপ শেষ না হ'লে পাওয়া যাবে না।

Sj. Saroj Roy:

যে সমস্ত বর্গাদার চাষীর নাম সার্ভে রেকর্ডএ আছে, পরে নানা কারণে নাম কাটা গিয়েছে তাদের সম্পর্কে পুনরায় জরিপ এবং বিলির ব্যবস্থা সরকার করবেন কিনা?

The Hon'ble Bimal Chandra Sinha: It is a separate question and not relevant to this.

Sj. Bhupal Chandra Panda:

ভাগচাষীর নাম ফাইন্যাল রেকর্ডভুক্ত হবে কবে?

The Hon'ble Bimal Chandra Sinha:

এরকম বহু বহু জায়গায় হচ্ছে, কাজেই এ প্রশ্ন উঠে না।

Sj. Bhupal Chandra Panda:

ভাগচাষীদের নাম রেকর্ড যথাসম্ভব কমিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে কি না?

The Hon'ble Bimal Chandra Sinha:

এটা একেবারেই অসত্য।

Surplus land at Panagarh Reserve Base

***34.** (Admitted question No. *178.) **Sj. Phakir Chandra Ray:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state whether there has been any surplus land in the Panagarh Base area in the district of Burdwan released by the Union Government to the State Government?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state whether the land is obtainable by local cultivators, particularly landless cultivators, for agricultural purposes?

The Minister for Land and Land Revenue (The Hon'ble Bimal Chandra Sinha): (*a*) The Government of India have intimated that an area of 1,364.73 acres of land acquired for the Panagarh Reserve Base may be surplus to their requirements.

The lands have not, however, been actually demarcated or released to the State Government.

(*b*) The question of disposal of these lands will arise only when they are released to the State Government and the character of the land is known.

Sj. Phakir Chandra Ray:

এই ইন্টিমেশন কবে পেয়েছেন?

The Hon'ble Bimal Chandra Sinha:

গত বছর ডিসেম্বর মাসে।

Sj. Phakir Chandra Ray:

তারপরে গভর্নমেন্টএর পক্ষ থেকে কি করা হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:

গভর্নমেন্টের পক্ষ থেকে এই করা হয়েছে, তাঁরা বলেছেন ১,৩০০ একর ছেড়ে দেবেন, অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান বাজারদরে কিনতে হবে, তারপরে তাঁরা ডিমারকেট ক'রে দেবেন। এ বিষয়ে আমরা চিঠি লিখেছি, অ্যাড ইন্টারিম রিপ্লাই পেয়েছি, কিন্তু এখনও কোনরকম সিদ্ধান্ত আমরা করি নি।

Number of persons detained under Preventive Detention Act

***35.** (Admitted question No. *215.) **Sj. Haridas Mitra:** Will the Hon'ble Minister in charge of the Home Department ,be pleased to state—

(*a*) how many persons are in detention now under Preventive Detention Act in West Bengal; and

(*b*) how many of them have been arrested within police-station Tollygunge?

The Minister for Home (Police) (The Hon'ble Kalipada Mookerjee): (*a*) Twenty-five as on the 19th June, 1957.

(*b*) Five.

Sj. Haridas Mitra:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে টালিগঞ্জ পুলিস স্টেশনএর মধ্যে যে পাঁচজনকে পি ডি অ্যাক্টএ রাখা হয়েছে আপনি বলেছেন, তারা আগে অন্য আর একটা কেসএ অ্যারেস্টেড হয়েছিল কিনা?

The Hon'ble Kalipada Mookerjee:

তা আমার জানা নেই।

Sj. Haridas Mitra:

আপনি জানেন কি তারা অন্য আর একটা কেসএ অ্যারেস্টেড হয়ে অনারেবলি অ্যাকিউটেড হয়, আবার তাদের পি ডি অ্যাক্টএ ধরা হয়েছে?

The Hon'ble Kalipada Mookerjee:

এখন তাদের প্রিভেন্টিভ ডিটেনসন অ্যাক্টএ ধরা হয়েছে for the maintenance of public order.

Sj. Jatindra Chandra Chakravorty:

আপনি জানাবেন কি, যাদের পি ডি অ্যাক্টএ ধরে রাখা হয়েছে তার মধ্যে কতজন ট্রেড ইউনিয়ন ওয়ার্কার্স?

The Hon'ble Kalipada Mookerjee:

একজনও নয়।

Janab Sheikh Abdulla Farooquie:

আমি বলতে চাই দুইজন ওয়ার্কার কেশরামের, তাদের ট্রেড ইউনিয়ন অ্যাক্টিভিটিজএর জন্য ধরা হয়েছে।

The Hon'ble Kalipada Mookerjee:

ট্রেড ইউনিয়ন অ্যাক্টিভিটিজএর জন্য কাউকে ধরা হয় নি, যাদের ধরা হয়েছে সবক্ষেত্রেই for maintenance of public order.

Sj. Ganesh Ghosh: Of 25 can you give us categorywise figures as to how many belong to which category?

The Hon'ble Kalipada Mookerjee: They belong to one category and they have been arrested and detained for the maintenance of public order. Nineteen of them were arrested in Calcutta, 1 from Murshidabad and 5 from Tollygunge.

Sj. Ganesh Ghosh: Maintenance of public order is a vague term. Do they belong to goonda category or do they belong to other categories?

The Hon'ble Kalipada Mookerjee: All of them belong to one category—the goonda category, the term which you have just used.

Sj. Haridas Mitra:

টালিগঞ্জে যে পাঁচজনের কথা বলেছেন তার মধ্যে কেউ কি কোন রাজনৈতিক দলভুক্ত আছেন?

The Hon'ble Kalipada Mookerjee:

রাজনৈতিক কারণে তাদের কাউকে আটক রাখা হয় নি।

Sj. Haridas Mitra:

আপনি বলেছেন যে, রাজনৈতিক কারণে তাদের আটক রাখা হয় নি। আমার কোয়েশ্চেন হচ্ছে কোন রাজনৈতিক দলভুক্ত—পলিটিক্যাল পার্টির কেউ আছেন কি না?

The Hon'ble Kalipada Mookerjee:

আমার জানা নেই।

Janab Sheikh Abdulla Farooquie:

যে দুইজনকে গার্ডেন রিচ এলাকা থেকে ধরা হয়েছে তারা পার্মানেন্ট ওয়ার্কার—তারা গুণ্ডা বদমায়েস নয়, তবুও তাদের ধরে নেওয়া হয়েছে কেন?

Mr. Speaker: The question is disallowed.

Sj. Haridas Mitra:

টালিগঞ্জএ যে পাঁচজন আছেন তার মধ্যে একজন কংগ্রেসের মণ্ডল কমিটির সেক্রেটারি আছেন কি?

The Hon'ble Kalipada Mookerjee:

আমার জানা নেই।

Sj. Jatindra Chandra Chakravorty:

তাদের কতদিন ধরে আটক রাখা হয়েছে?

The Hon'ble Kalipada Mookerjee:

গত মে মাস থেকে।

[3-20—3-30 p.m.]

Sjkta. Manikuntala Sen:

এই যে ৫ জনকে টালিগঞ্জে ধরে রাখা হয়েছে—মন্ত্রীমহাশয় জানেন কি, তাঁদের একজনও কলকাতায় থাকেন না, জলপাইগুড়িতে চাকরি করেন?

The Hon'ble Kalipada Mookerjee:

টালিগঞ্জেই থাকেন ব'লে জানা আছে।

Sjkta. Manikuntala Sen:

তিনি শুধু দু'দিনের ছুটি নিয়ে কলকাতা এসেছিলেন, কিন্তু সাধারণত জলপাইগুড়িতে চাকরির জন্য থাকেন, এখানে থাকেন না, হঠাৎ তাঁকে ধরে নিয়ে যাওয়া হয়।

Mr. Speaker: Strictly speaking, you ought to have put a short notice question over it. The two questions do not justify the supplementary. The questions are, how many persons are in detention now; the number has been given; and how many of them have been arrested within police-station Tollygunge—the number has been given. To your question about the period of their stay there I have a feeling that the Hon'ble Minister will not be able to give a reply but you can have a try.

Sjkta. Manikuntala Sen:

কোয়েশ্চেন "বি"তে কজনকে আটক করা হয়েছে তার সংখ্যা দিয়েছেন। এই সংখ্যা জানবার সঙ্গে সঙ্গে আমি জানতে চাই তাদের সম্পর্কে আরও পার্টিকুলার্স।

Mr. Speaker: You are entitled to have all the particulars but the Hon'ble Minister who is expected to answer must be in a position to give them.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, পি ডি অ্যাক্ট অনুসারে যাদের ধরা হয় তাদের যেসমস্ত সুযোগসুবিধা পাবার কথা- যাদের ধরে রাখা হয়েছে, তাদের সেই সুযোগসুবিধা দেওয়া হচ্ছে কি না?

The Hon'ble Kalipada Mookerjee: They are being dealt with under the provisions of the Act.

Sj. Jatindra Chandra Chakravorty:

গার্ডেনরীচ থেকে যাদের ধরা হয়েছে, আমরা জানি, তারা কারখানায় কাজ করত।

Mr. Speaker: The question is disallowed. You cannot ask a question about what you claim to be within your personal knowledge.

Sj. Jatindra Chandra Chakravorty:

গার্ডেনরীচ থেকে যে দু'জনকে ধরা হয়েছে তাদের পরিবারবর্গকে যে ভাতা দেওয়ার কথা, সেটা দেওয়া হচ্ছে কি না?

The Hon'ble Kalipada Mookerjee:

পি ডি অ্যাক্টএ যা ধারা আছে সেই অনুযায়ী ব্যবস্থা হয়েছে।

Sj. Jatindra Chandra Chakravorty:

আমি যে জবাব চেয়েছি সেইটে দিন। আমি জিজ্ঞাসা করছি যে, পি ডি অ্যাক্টএ প্রভিসন আছে যদি সে বাইরে থাকাকালীন রোজগার করে, তাদের পরিবারবর্গকে ভাতা দেবার নিয়ম আছে। গার্ডেনরীচ থেকে যে দু'জনকে ধরা হয়েছে তাদের পরিবারকে ভাতা দেওয়া হচ্ছে কি না—এইটের জবাব আমি চাই।

Mr. Speaker: If I were in your position I would have framed one simple question—are the members of the family receiving anything by way of maintenance. The questions are not properly framed.

Sj. Jatindra Chandra Chakravorty: I put that question in a simple way but the Hon'ble Minister did not......

The Hon'ble Kalipada Mookerjee: I want notice to give a categorical reply.

Satyagraha in Calcutta in support of refugees returned from Bettiah

***36.** (Admitted question No. *113.) **Sj. Ganesh Ghosh:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) how many men, women and children were taken in custody each day from the 5th May to the 18th May, 1957, during the recent satyagraha offered in Calcutta in support of the refugees returned from Bettiah;

(*b*) what are the charges against the arrested persons;

(*c*) how many men, women and children were released every day during the above period by the police almost immediately after their arrest;

(*d*) if it is a fact that during the above period a number of men taken into police custody were taken in police vans to far-off places outside Calcutta at night and set free by the police;

(*e*) if so, what are the places to which such men were taken before they were released there;

(*f*) what arrangements the police made for feeding such men and for their return to Calcutta; and

(*g*) the sections of relevant Acts under which police took such men to so distant places for releasing them?

The Minister for Home (Police) (The Hon'ble Kalipada Mookerjee): (*a*) and (*c*) Statements "A" and "B" are laid on the Library Table.

(*b*) The arrested persons were charged with offences under sections 143/145 and 186, I.P.C., and under section 62(A)(1)/(6) of the Calcutta Police Act, 1866.

(*d*) No.

(*e*) to (*g*) Do not arise.

Sj. Ganesh Ghosh: With regard to answer (d), will the Hon'ble Minister kindly say what are the places where the persons who were arrested had been released?

The Hon'ble Kalipada Mookerjee: No person was taken into custody; no person was arrested.

Sj. Ganesh Ghosh: It has been denied in answer (d) that the persons were taken in police vans to distant places and released there at night. Were they taken not in police vans but in private vans?

The Hon'ble Kalipada Mookerjee: No; they were not arrested. The second portion of your question depends upon the first portion thereof. The major premise is that they were not taken into custody and so the other question does not arise.

Sj. Ganesh Ghosh: Is it a fact that without arresting or taking them into custody they had been taken in police vans to far-off places outside Calcutta and released there?

The Hon'ble Kalipada Mookerjee: They were dealt with under the provisions of rule 10 of the Calcutta Police Act.

Sj. Ganesh Ghosh: Does that Act permit police personnel forcibly to remove people outside Calcutta and release them at night?

The Hon'ble Kalipada Mookerjee: Police personnel can remove them in order to prevent them from committing an offence.

Sj. Ganesh Ghosh: What were the places to which these unfortunate refugees were taken and released?

The Hon'ble Kalipada Mookerjee: Near about Calcutta. They were not taken in custody but to prevent them from committing the offence they were removed to a place so that they might not come and immediately violate the law.

Sj. Ganesh Ghosh: What are the places to which they were taken so that they might not commit any further crime?

The Hon'ble Kalipada Mookerjee. Near about Calcutta ten miles away.

Sj. Ganesh Ghosh: At what time of night were they released?

The Hon'ble Kalipada Mookerjee: That I cannot say but they were taken in police van and they were allowed to come back They were not detained nor were they arrested.

Sj. Ganesh Ghosh: Was any arrangement made for them to come back in cars or vans?

The Hon'ble Kalipada Mookerjee: That is not the business of the Police to see—because they were free and the Police do not provide conveyance for free people.

Sj. Ganesh Ghosh: Was any arrangement made to feed them at night?

The Hon'ble Kalipada Mookerjee: Police do not feed free people.

Sj. Ganesh Ghosh: Does it authorise the Police under any section of the Police Act to forcibly remove free persons from Calcutta?

The Hon'ble Kalipada Mookerjee: Under the provisions of the Police Act a Police officer who is posted there can restrain or remove a person without formally arresting him to a place so as to prevent him from committing the offence.

Sj. Ganesh Ghosh: Did the Police officer in charge consult the Minister in charge of Police before doing it?

The Hon'ble Kalipada Mookerjee: The Act does not contemplate that.

Sj. Ganesh Ghosh: Was it done without the knowledge of the Police Minister?

The Hon'ble Kalipada Mookerjee: That question does not arise.

Sj. Ganesh Ghosh: Was the Police Minister informed of what the Police officers were doing?

The Hon'ble Kalipada Mookerjee: That question does not arise.

Sj. Ganesh Ghosh: During the whole course of these things was the Police Minister informed that the Police officers were removing these people forcibly to far-off places without arresting them or taking them into custody?

The Hon'ble Kalipada Mookerjee: They were acting under the provisions of the Act.

Sj. Ganesh Ghosh: Was the matter ever brought to the notice of the Police Minister?

The Hon'ble Kalipada Mookerjee: It has to come to my notice when you put that question.

Sj. Ganesh Ghosh: What did the Police Minister do to stop it?

The Hon'ble Kalipada Mookerjee: The movement faded away and nothing is to be done.

Sj. Ganesh Ghosh: What did the Police Minister do during these ten or fifteen days?

The Hon'ble Kalipada Mookerjee: Watching the activities of those persons.

Sj. Ganesh Ghosh: Did he simply watch and give his approval?

The Hon'ble Kalipada Mookerjee: The question of according approval does not arise.

[3-30—3-40 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, যখন তাদের ধ'রে নিয়ে যাওয়া হয়েছিল তাদের পরিবারের মধ্যে পুরুষ ও স্ত্রীলোক ছিল?

The Hon'ble Kalipada Mookerjee:

হ্যাঁ।

Sj. Jatindra Chandra Chakravorty:

যখন তাদের ধরে নিয়ে গিয়ে দূরে ছেড়ে দেওয়া হয়েছিল, মেয়েদের পৃথক ক'রে দেওয়া হয়েছিল পুরুষদের থেকে, তাদের আবার পুরুষের সঙ্গে মিলবার জন্য বন্দোবস্ত করা হয়েছিল কি?

The Hon'ble Kalipada Mookerjee:

কোন মেয়েকে দূরে নিয়ে গিয়ে ছেড়ে দেওয়া হয় নি। মেয়েদের নিয়ে গিয়ে ছেড়ে দেবার কোয়েশ্চেনই উঠে না।

Sj. Jatindra Chandra Chakravorty:

আমার প্রশ্নটা আর একবার ভাল ক'রে শুনে জবাব দিলে ভাল হয়। আমার প্রশ্ন হচ্ছে—একই পরিবারের পুরুষ ও মহিলাদের গ্রেপ্তার করার পর পুরুষদের নিয়ে যাওয়ার পর মেয়েদের দূরে নিয়ে গিয়ে ছেড়ে দেওয়া হয়েছিল এবং তাদের যে পৃথক ক'রে দেওয়া হয়েছিল তাদের একসঙ্গে মিলিত হবার জন্য কোন বন্দোবস্ত পুলিসের পক্ষ থেকে করা হয়েছিল কি?

Mr. Speaker: That question does not arise.

Sj. Ganesh Ghosh: Did the Home Minister ever enquire of the police personnel as to how far the unfortunate refugees were removed so that they could not commit any further crime?

Mr. Speaker: That question does not arise.

Sj. Ganesh Ghosh: Did the Hon'ble Minister think it necessary to enquire as to how far the persons were removed?

The Hon'ble Kalipada Mookerjee: They were not taken very far.

Sj. Ganesh Ghosh: How far they were taken—can I have an idea?

The Hon'ble Kalipada Mookerjee: I cannot reply to that.

Sj. Ganesh Ghosh: Will I be right or wrong to say that they were taken 25 miles out of Calcutta?

The Hon'ble Kalipada Mookerjee: I think it would be wrong.

Sj. Ganesh Ghosh: Will I be wrong if I say they were taken more than 15 miles out of Calcutta?

The Hon'ble Kalipada Mookerjee: I am not sure of the distance.

Sj. Ganesh Ghosh: Did the police ever enquire as to how far they were taken?

The Hon'ble Kalipada Mookerjee: I have already given my reply.

Sj. Apurba Lal Majumdar:

একই পরিবারের বেটাছেলেকে আটকে রেখে মেয়েলোকদের ছেড়ে দিয়েছেন—এইরকম হয়েছে কি?

Mr. Speaker: The question is disallowed.

Sj. Apurba Lal Majumdar:

বেতিয়া রিফিউজিদের বিরুদ্ধে বর্তমানে কোন কেস চালু আছে কি না?

Mr. Speaker: That question does not arise.

Sj. Apurba Lal Majumdar:

কোয়েশ্চেনে রয়েছে যে,

How many men, women and children were taken in custody each day from 5th May to the 18th May? What were the charges against the arrested persons?

Mr. Speaker: That question has been answered. Nobody was taken into custody.

Sj. Apurba Lal Majumdar: Were there any cases still pending against any of them?

Mr. Speaker: As there are no cases, how can there be pending cases?

Sj. Hemanta Kumar Basu: Certain Bettiah Camp refugees were arrested on certain charges. He is enquiring if the cases are pending against them.

Mr. Speaker: I am not preventing you from putting that question. I am just trying to help you. The Hon'blle Minister has wrongly said that nobody was taken in custody. Unless you take a man in custody, you cannot frame charge against him. That is the position.

Sj. Apurba Lal Majumdar: On a point of information, Sir,

যখন কোন লোককে অ্যারেস্ট করা হয় তখন কোন চার্জ তার বিরুদ্ধে থাকলে তাকে অ্যারেস্ট করা হয়।

Mr. Speaker: Not necessarily, there is section 54, I.P.C. That will help you. I cannot help by giving information.

Sj. Apurba Lal Majumdar:

কোন আসামীর বিরুদ্ধে বর্তমানে কি মামলা চালু আছে বেতিয়া রিফিউজিদের বিরুদ্ধে?

Mr. Speaker: The question is disallowed.

Sj. Ganesh Ghosh: Will the Hon'ble Minister please let us know if this practice of removing refugees without arresting them was stopped after the editorial appeared in the "Statesman" condemning this policy of the Government?

Mr. Speaker: The question is disallowed.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় "বি"র উত্তর দিয়েছেন, তাতে যাদের অ্যারেস্ট করা হয়েছিল কি কি চার্জএ তাদের অ্যারেস্ট করা হয় এবং সমস্ত অ্যারেস্টেড লোকদের ছেড়ে দেওয়া হয়েছে কি?

The Hon'ble Kalipada Mookerjee: So far as I know the case has been withdrawn.

Sj. Apurba Lal Majumdar:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, হাওড়াতে এখনও কোন কেস চালু আছে কি?

Mr. Speaker: That question speaks for itself.

Establishment of hospital or maternity centre within Garden Reach Municipality

***37.** (Admitted question No. *118.) **Janab Shaikh Abdulla Farooque:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) total population of the Garden Reach Municipal area at present (May, 1957);

(*b*) if it is a fact that not a single hospital or maternity centre exists within the Garden Reach Municipal area; and

(*c*) if so, what immediate steps Government propose to take to set up a hospital and a maternity centre there?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Roy): (*a*) 110,417.

(*b*) No.

(*c*) Does not arise.

Janab Shaikh Abdulla Farooquie:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, আমরা মিউনিসিপ্যাল অ্যাডমিনিস্ট্রেটরএর কাছ থেকে জানতে পেরেছি যে গভর্নমেন্ট অ্যাপ্রুভ্যালএর জন্য সেখানে একটা মেটারনিটি হাউস বন্ধ আছে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: If you know that, there is no answer.

Janab Shaikh Abdulla Farooquie:

এখানে বলা হয়েছে যে মেটারনিটি হাউস স্কীমএর কোন কোয়েশ্চান অ্যারইজ করে না। আমার ফার্স্ট সাপ্লিমেন্টারী কোয়েশ্চান হ'ল যে এখানে মিউনিসিপ্যালিটির তরফ থেকে একটা মেটারনিটি হাউসএর স্কীম হয়েছিল, তার ম্যাপও হয়েছিল কিন্তু শোনা গেল যে গভর্নমেন্ট অ্যাপ্রুভ্যাল দেয় নি এইজন্য এটা হয় নি। আমি জানতে চাই যে সত্যই গভর্নমেন্ট অ্যাপ্রুভ্যাল-এর জন্য এই মেটারনিটি হাউস হচ্ছে না কি?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: No such plan was made as far as is known.

Mr. Speaker: Dr. Roy, I have some doubt about your answer to question (b). Your answer "no"—what does it mean by "no"? Does it mean that there are hospitals or that there are no hospitals?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: There are three hospitals.

Dr. Ranendra Nath Sen: My question is, are they Government hospitals or private hospitals or Government aided hospitals?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: No, private hospitals.

Sjkta. Manikuntala Sen:

এখানে কোন ম্যাটার্নিটি সেন্টার আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Yes, there are.

Dr. Ranendra Nath Sen: How many?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: There are three.

Sjkta. Manikuntala Sen:

মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে ওখানে মেয়েদের তরফ থেকে একটা মাস্ ডেপুটেশন মিউনিসিপ্যাল অ্যাডমিনিস্ট্রেটরএর কাছে গিয়েছিল এবং তাতে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে একটা মেটারনিটি সেন্টার মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে খোলা হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: No.

Sj. Pabitra Mohan Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, মিউনিসিপ্যাল এরিয়াতে যেখানে কোন গভর্নমেন্ট হস্‌পিট্যাল বা মেটরনিটি সেন্টার নেই, সে ক্ষেত্রে গভর্নমেন্টএর পলিসি কি আছে, তাঁরা করবেন কি না?

Mr. Speaker: That question does not arise.

Sj. Somnath Lahiri:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে এখানে প্রাইভেট হস্‌পিট্যাল ছাড়া গভর্নমেন্ট হস্‌পিট্যাল নেই। সেইজন্য জিজ্ঞাসা করতে চাই গভর্নমেন্ট হস্‌পিট্যাল করার সেখানে কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: No, not now.

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে কেশোরাম কটন মিলএ একটা হাসপাতাল আছে, সেই হাসপাতালে কেশোরাম কটন মিলএর এম্‌প্লয়ী ছাড়া বাইরের কেউ যেতে পারে না?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Patients from outside are not allowed.

[3-40—3-50 p.m.]

Sj. Saroj Roy:

আপনি মেটারনিটি সেন্টার সম্পর্কে বলেছেন, তিনটা মেটারনিটি সেন্টার আছে। আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ থ্রি মেটারনিটি সেন্টার্স কোথায়, কোথায় আছে এবং তাদের নাম?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: (1) Maternity and Child Welfare Centre, Garden Reach Municipality; (2) Clive Mills Maternity and Child Welfare, Garden Reach; and (3) *Kesoram Cotton Mills Hospital*, 42 Garden Reach Road.

Sj. Dhirendra Nath Dhar:

ঐ হাসপাতালের নাম কি বলতে পারেন?

Mr. Speaker: Not allowed.

Janab Shaikh Abdulla Farooquie:

মেটারনিটি হাউসেসএর পারপাস সার্ভ হয় এতে?

Mr. Speaker: What other purpose should be served?

Dr. Jnanendra Nath Majumdar: Are these maternity centres used for the purpose of confinement of pregnant women?

Mr. Speaker: You don't confine anyone but a pregnant woman.

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, প্রশ্নটা তা নয়। প্রশ্নটা হচ্ছে এমপ্লয়ীজ ছাড়া, ইরেসপেক্টিভ অব এমপ্লয়ীজ, কারখানার লোক ছাড়া, জেনারেল পাবলিক সেখানে যেতে পারে কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: In this Municipal Child Welfare and Maternity Centre there is no arrangement for hospitalisation It is only for domiciliary work.

Dr. Ranendra Nath Sen:

স্যার, তাহলে গার্ডেনরীচ মিউনিসিপ্যাল এরিয়াতে গভর্নমেণ্ট কেন চিন্তা করছেন না, কোন হসপিট্যাল বা মেটারনিটি সেণ্টার খোলবার জন্য?

Mr. Speaker: The question has been answered.

Grant of holidays to workers of Roads and Buildings Sections of the Works and Buildings Department

***38.** (Admitted question No. *165.) **Sj. Chitto Basu:** Will the Hon'ble Minister in charge of the Works and Buildings Department be pleased to state—

(*a*) if it is a fact that the workers of the Buildings and Roads Sections of Works and Buildings Department do not at present get weekly holiday or any public or gazetted holiday and any compensatory leave or overtime allowances in lieu of that and get salaries on a fixed date in each month;

(*b*) whether the Government received any representation from the Works and Buildings Workers' Union seeking redress of their grievances; and

(*c*) if so, what action Government have taken or propose to take in the matter?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta): (*a*) No Road majdoors are allowed weekly rest on either Sundays or on local *hat* days. Other categories of workers are

generally allowed weekly rest on Sundays. Workers, other than Road majdoors, also generally enjoy the benefit of gazetted holidays, compensatory leave being allowed in case they do not enjoy such benefit. Their salaries are usually disbursed within the first week of each month.

(b) No.

(c) Does not arise.

Sj. Chitto Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেন রোড মজদুরদের উইকলি রেস্ট দেওয়া হয় না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তাদের উইকলি রেস্ট দেওয়া হয়—রবিবার কিম্বা হাটবার দিন।

Sj. Chitto Basu:

কিন্তু, আপনি প্রশ্নের উত্তরে "নো" বলেছেন।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

"নো"র পর ফুলস্টপ আছে।

(Laughter.)

Sj. Chitto Basu:

এটা কি পেড হলিডে? ছুটির দিন কি তাঁরা বেতন পান?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ, রবিবার দিনও তাঁরা বেতন পান।

Sj. Chitto Basu:

আপনি যেখানে বলেছেন
other categories of workers are generally allowed weekly rest or Sundays.
সেখানে আমার প্রশ্ন হচ্ছে, রোড চৌকিদার ও গোডাউন চৌকিদাররা কি সবেতন ছুটি পান?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

রোড চৌকিদারদের কথা বলতে পারবো না, তবে মোটামুটি ওয়াচার স্টাফ বলতে অনেক রকম স্টাফ আছে। রোড মজদুর ছাড়া বাকি ক্যাটাগোরির লোকদের ছুটি দেওয়া হয়। যারা ৪৫ টাকার উপর পে পান, তাদের মেডিক্যাল লিভ আছে, ক্যাজুয়াল লিভ ও আর্নড লিভও আছে। তা' ছাড়া গেজেটেড হলিডেজ তো আছেই। যারা ৪৫ টাকার কম বেতন পান তাদের জন্যও ছুটির ব্যবস্থা আছে
medical leave on half pay for 15 days, casual leave 10 days and 4 days on religious ground.

Sj. Chitto Basu:

এইসব ৪৫ টাকা বেসিক পের রোড চৌকিদার ও গোডাউন চৌকিদাররা উইকলি হলিডে এবং কম্পেনসেটরী লিভ পান?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যেসকল রোড চৌকিদার ৪৫ টাকার অধিক বেসিক পে পায়, তাদের কথা জিজ্ঞাসা করেছেন। কিন্তু, এই ক্যাটিগরীর কোন রোড চৌকিদার আছে বলে আমার জানা নেই।

Sj. Chitto Basu:

রোড মজদুরদের গেজেটেড হলিডেজ ও কম্পেনসেটরী লীভ দেওয়া হয় না কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তারা গেজেটেড হলিডেজতে ছুটি পায় না বলে, তাদের দু' টাকা ক'রে মাসে এক্সট্রা দেওয়া হয়।

Sj. Chitto Basu:

প্রশ্নের উত্তরে আপনি বলেছেন "Their salaries are usually disbursed within the first week of each month". এর জন্য কি কোন নির্দিষ্ট তারিখ আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না, কোন নির্দিষ্ট তারিখ নেই। তবে পয়লা থেকে সাত তারিখের মধ্যে তাঁদের জানিয়ে দেওয়া হয় কোন্ ডেটএ তাদের পে দেওয়া হবে।

Sj. Chitto Basu:

এতে তাদের বিশেষ অসুবিধা হয়, সেকথা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এরা সাধারণত আমাদের রেগুলার এস্টাব্লিসমেন্টএর মধ্যে নয়। কোন একটা নির্দিষ্ট কাজ করবার জন্য টেম্পোরারিলি তাদের নিযুক্ত করা হয়েছিল। সেই কাজের জন্য যে টাকা অ্যালটেড থাকে, সেই টাকা থেকে তাদের দেওয়া হয়। মাসকাবারে হিসাব হয়, এবং হিসাব ক'রে তাদের প্রাপ্য টাকা সাত দিনের ভিতর দেওয়া হয়।

Sj. Jagannath Majumder:

রোড মজদুরদের কি মাস্টার-রোল ওয়ার্কার্স ব'লে গণ্য করা হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ। কিন্তু তারা ওয়াচার স্টাফএর মধ্যে পড়ে না।

West Bengal Veterinary College

***39.** (Admitted question No. *131.) **Sj. Canesh Ghosh:** Will the Hon'ble Minister in charge of the Animal Husbandry Department be pleased to state—

(a) how many persons from among the teaching staff of the West Bengal Veterinary College possess all or any of the following academic degrees, namely:

(i) ordinary diplomas of the West Bengal Veterinary College or similar diplomas,

(ii) veterinary degrees from any Indian University, and

(iii) veterinary degrees of Foreign Universities;

(b) what pay scale the Government consider to fix for the students who will pass out of the West Bengal Veterinary College from the current year (1957) after completing the degree course and diploma course; and

(c) of the Grade IV staff attached to the West Bengal Government Veterinary College—

(i) how many are permanent, and

(ii) how many are temporary?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): (*a*)(*i*) Seventeen.

(*ii*) One.

(*iii*) Veterinary degrees—3; Veterinary diplomas—4.

(*b*) For Diploma holders: S.V.S. Class II—Rs.100—4—180—5—200; S.V.S. Class I—Rs.150—10—250.

For Degree holders: S.V.S. Class II—Rs.150—4—230—5—250; S.V.S. Class I—Rs.250—10—350.

(*c*) In this State we have no Grade IV employees.

Sj. Ganesh Ghosh: With reference to answer (b) will the Hon'ble Minister kindly state whether a decision on this pay-scale has already been taken or it is still under contemplation?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: A decision has already been taken and it was gazetted in the *Calcutta Gazette*, dated 20th September, 1952 and the classes of scale I have mentioned before.

Sj. Ganesh Ghosh: With regard to answer (c), what category the menials in the Veterinary College and Hospital are placed in? Are they placed in Grade IV—in what grade they are placed?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: In the State of West Bengal we do not call them Class IV. According to the definition given in rule 5(19) of the West Bengal Service Regulations, Part I, it states as follows: "Inferior service means any kind of service which may be specially classified as such by order of the Government and any other kind of service on pay not exceeding Rs. 40"—that is the definition.

Sj. Ganesh Ghosh: Can the Minister enlighten us as to the number of those whom we call menials in the Veterinary College and Hospitals?

[3-50—4 p.m.]

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Of these inferior service people there are 30 permanent and 21 temporary hands.

Mr. Speaker: In the Library there are printed Government Regulations and all these details are given there. Next question.

Sj. Ganesh Ghosh: Sir, I have got a few more supplementaries because this question is hanging fire for a long time.

Mr. Speaker: Apart from what you may ask, the definition of "Inferior Service" is there in print.

Sj. Ganesh Ghosh: No, I did not ask for the definition of "Inferior Service". I asked for the number of those who are placed as menials in the Veterinary College and Hospital and I further asked as to how many of them have been made permanent and how many of them are still temporary.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: I have just mentioned—permanent 30 and temporary 21.

Sj. Ganesh Ghosh: Can you further enlighten us—of those who are temporary, how long they are in service?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: The following are in temporary *service for a maximum period of two years:—*

In the scheme for investigation into the sterility of cattle in West Bengal—4, in the scheme for investigation of Physiological Norms of Indian Cattle—1, in the scheme for control and eradication of Humpsore in West Bengal—1, in the scheme for maintaining a small Dairy Unit at the Bengal Veterinary College—6, in the scheme for two-year Emergency Diploma Course in Veterinary Science—4, in the scheme for Mass Production of Rinderpest Vaccine in West Bengal—4 and in the scheme on Nutritional Significance of Milk Sugar—1. All these make 21. All these schemes are temporary. Therefore, these persons must be temporary.

Sj. Ganesh Ghosh: Of these temporary men, perhaps the Hon'ble Minister remembers that about three years back some of these menials came to see him and some of them had worked for 28 years without being made permanent. Have they been made permanent?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: They have been made permanent and they are amongst the list of 30 which I have mentioned before. The other 21 are recent recruits.

Test relief work in Birbhum district

***40.** (Admitted question No. *46.) **Sj. Mihirlal Chatterjee:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(*a*) what amount has been sanctioned for test relief work in the district of Birbhum for the year 1957-58; and

(*b*) what other relief has been sanctioned to meet the prevailing scarcity, high prices and unemployment?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Rupees one lakh and eighty thousand besides foodgrains.

(*b*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (b) of starred question No. 40

(1) Gratuitous relief—Rs.30,400.

(2) Agricultural loans—Rs.4,50,000.

(3) Special house-building loans to flood-affected people—Rs.2,00,000.

(4) House repairing grants to flood-affected people—Rs.50,000.

(5) Free supply of building materials to flood-affected people under "Build Your Own House" Scheme—

(*i*) G.C. sheets—23 tons valued at Rs.17,480.

(*ii*) Coal—528 tons valued at Rs.8,620.

(*iii*) Timber for door frames, window material, screws, washers, nails, etc.—Rs.8,000.

(6) Clothings—400 pieces.

(7) Child garments—400 pieces.

(8) Gratuitous relief to people affected by fire accidents—Rs.4,655.

(9) Rice—7,700 maunds.

(10) Wheat—12,650 maunds.

Sj. Mihirlal Chatterjee:

যা বরাদ্দ ধরা হয়েছে তার মধ্যে কত টাকা খরচ হবার সংবাদ পেয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সঠিক বলতে পারি না,
gratutious relief, agricultural loan, special house-building loan বিলি হয়েছে, হাউস-রিপেয়ারিং গ্র্যান্টসও বিলি হয়েছে।

Sj. Mihirlal Chatterjee:

স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে রিলিফের বরাদ্দ বাড়ানোর অনুরোধ পেয়েছেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

স্থানীয় কর্তৃপক্ষ যেমন যেমন টাকা চেয়েছেন সাধ্যানুযায়ী দেওয়া হয়েছে।

Sj. Durgapada Das:

কতজন লোক স্পেসাল হাউস বিল্ডিং লোন পেয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

সংখ্যা বলতে পারব না, নোটিশ চাই।

Sj. Jagannath Majumder:

এখানে স্পেসাল কথাটা বলছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এইজন্য বলছি, এইজন্য যে সিকিউরিটি যদি দিতে পারে তবে ১,০৫০ টাকা পর্যন্ত দেওয়া হয়।

Sj. Apurba Lal Majumdar:

যে টাকা দেওয়া হয়েছে অর স্যাংশান হয়েছে, সেখানকার মানুষের ডিমান্ড এর চেয়ে বেশি ছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

কর্তৃপক্ষ যেমন চেয়েছে দেওয়া হয়েছে।

Sj. Radhanath Chattoraj:

মন্ত্রী মহাশয় অবগত আছেন কি বন্যাবিধ্বস্ত বহু লোক টাকা পায় নি, তারা টাকা পাবে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

ঠিক সময়মত পাবে।

Sj. Radhanath Chattoraj:

সময় কখন হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

গভর্নমেন্ট যখন ঠিক মনে করবেন।

Sj. Radhanath Chattoraj:

টেস্ট রিলিফ ওয়ার্ক অসমাপ্ত অবস্থায় পড়ে আছে, রাস্তাগুলির কি হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

টেস্ট রিলিফ রাস্তার জন্য দেওয়া হয় না।

Sj. Amarendra Nath Sarkar:

মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে ১৩ হাজার মণ গম এখনো বিক্রি হয় নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা' বলতে পারি না।

Sj. Radhanath Chattoraj:

লাভপুর থানায়...

The Hon'ble Prafulla Chandra Sen:

লাভপুরের খবর বলতে পারব না। নোটিশ দিলে বলতে পারব।

Modified rationing in the rural areas of Hooghly district

***41.** (Admitted question No. *162.) **Sj. Monoranjan Hazra:** Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—

(ক) হুগলী জেলার কতগুলি ইউনিয়নে মডিফাইড রেশনিং চালু হইয়াছে;

(খ) ইউনিয়নগুলির নাম;

(গ) ইউনিয়নস্থ দোকানদারদের নাম; এবং

(ঘ) ঐ-সকল দোকানের কোন্‌টিতে কত লোক রেশন পাইবে তাহার সংখ্যা?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

(ক) গত ৮ই জুন পর্যন্ত ৭২টি ইউনিয়নে মডিফাইড রেশনিং চালু হইয়াছে।

(খ) হইতে (ঘ) সংশ্লিষ্ট খবরগুলি একটি বিবরণীতে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Medical College at Burdwan

1. (Admitted question No. 231.) **Sj. Pramatha Nath Dhibar:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) সরকার জানাইবেন কি যে, বর্ধমানে Medical College করিবার কোন scheme সরকারের আছে কিনা; এবং

(খ) যদি থাকে, কখন হইতে ইহা কার্যকরী করা হইবে?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Roy):

(ক) না, কোন scheme নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Mr. Speaker: On Saturday it is the practice not to allow questions. So, there will be no questions tomorrow.

Debate on the point of order

(Sj. Subodh Banerjee rose to speak.)

Mr. Speaker: To the honourable members of this House I promised a debate today on the point of order which was raised by the Judicial Minister the Hon'ble Siddartha Sankar Roy. Mr. Banerjee was particularly keen that that point of order should be debated today. But we have other important business today. Mr. Banerjee approached me and he has agreed that that point of order would be discussed next week—I will give a date.

Personal Explanation

Dr. Prafulla Chandra Ghose: The other day—on Tuesday last—Dr. Roy, the Chief Minister, said that P.S.P. received help from the Tatas. That is absolutely incorrect. I have ascertained it from the Bombay P.S.P. I did not reply then and there because although I knew it, but still I thought that before ascertaining definitely I should not contradict him. But he said something—he probably used the word "perhaps". I have received the following telegram from the Secretary of the Bombay P.S.P. "I emphatically refute West Bengal Chief Minister's allegation on the Assembly floor that Bombay Praja Socialist Party takes financial help from Tatas. Such help is monopoly of those who get Company Act suitably amended".

So, I hope, now Dr. Roy will probably correct his statement.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I said that I read in the papers an argument placed before the High Court by the opposite side that some members of the P.S.P. have been given this money. If they have not been given the money, I stand corrected.

NON-OFFICIAL RESOLUTIONS

Mr. Speaker: Now, we will take up Non-official Resolutions. Resolution No. 4, standing in the name of Shri Mohammad Yeakub Hossain will be taken up first. It is being taken out of turn.

Sj. Bijoy Singh Nahar: Sir, I beg to move......

Sj. Subodh Banerjee: On a point of order, Sir.

Mr. Speaker: I take it that a resolution ought to be moved by the member who has brought in the resolution and it any other honourable member wishes to take his place and move the resolution, permission will have to be sought from the Chair asking for liberty to move the resolution and upon that permission being obtained, such resolution can be moved by him. The rule in question, if I may draw the attention of the honourable members, is rule 96.

Sj. Bijoy Singh Nahar: Sir, a resolution has also been tabled by me on the same subject. However, I may be permitted to move this resolution.

Mr. Speaker: Yes, you move this resolution.

[4—4-10 p.m.]

Sj. Bijoy Singh Nahar: Sir, I beg to move that while whole-heartedly *welcoming the proposed scheme of the Central Government to settle the East Bengal refugees in Dandakaranya which commands an extensive area* of land measuring about 80,000 square miles and has potential resources which may be developed primarily for the resettlement of displaced persons from East Pakistan and which has potentialities not only for physical settlement but for economic rehabilitation in the midst of favourable social environment this Assembly is of opinion that—

(i) the Government of West Bengal should take up this matter with the Government of India for a speedy and successful implementation of this scheme so that the refugees who have not yet been so far properly rehabilitated in this State may be settled in Dandakaranya; and

(ii) topmost priority should be given to the implementation of this scheme under a statutory body on which West Bengal should be adequately represented along with the other States concerned.

অধ্যক্ষ মহোদয়, আমি কিছুদিন পূর্বে কাগজে দেখেছি এবং মাননীয় মন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ও এই সভায় জানিয়েছিলেন যে ভারত সরকার দণ্ডকারণ্য জায়গা যেটা উড়িষ্যা, মধ্যপ্রদেশ এবং অন্ধপ্রদেশের মাঝখানে যে বিরাট জায়গা রয়েছে সেখানে বাংলাদেশের রিফিউজিদের বসবাসের ব্যবস্থা করছেন। সেই জায়গা সম্বন্ধে যতটা আমি খবর পেয়েছি তাতে জানতে পেরেছি যে সেই জায়গাটা বাংলাদেশের সঙ্গে মিলিয়ে অনেকটা একই রকম হবে। জলের যথেষ্ট ব্যবস্থা আছে, বড় বড় নদী রয়েছে এবং শাখাপ্রশাখা নিয়ে গোদাবরী, ইরাবতী, অয়েন গঙ্গা আছে, তাই জলের যথেষ্ট সুযোগসুবিধা রয়েছে। সেখানে জঙ্গলের মধ্যে যে জায়গা তাতে এগ্রিকালচার এবং আরও অনেক রকম কাজের সুখসুবিধা আছে এবং যথেষ্ট পরিমাণ জায়গাও পাওয়া যাবে যেখানে এখানকার ভাইবোনদের পাঠিয়ে সুব্যবস্থা করা যেতে পারে। বাংলাদেশের আজ যে বিরাট প্রশ্ন রয়েছে এই উদ্বাস্তুভাইরা যারা পূর্ব পাকিস্তান থেকে এসেছে, যাদের এখানে ভালভাবে বসবাসের ব্যবস্থা হয় নি, এখানে যারা নিজেরা রোজগার করে মানুষের মত বাঁচবার উপযুক্ত হ'তে পারে নি, তাদের সেখানে বসবাসের ব্যবস্থা ক'রে যাতে এই সমস্যার আশু সমাধান হ'তে পারে তাই হ'ল সবচেয়ে বড় সমস্যা। আমি আশা করি সেখানে দলমত নির্বিশেষে এই চেষ্টা করা বিশেষ দরকার যাতে এই সমস্যার তাড়াতাড়ি সমাধান হয় এবং প্রত্যেক ভাইবোন যারা এসেছে তারা বিপদের মধ্যে যেয়ে মানুষের মত বসবাস করে সুখী ও সমৃদ্ধিশালী হয়। আজকে বাংলাদেশে যেসমস্ত ভাইবোনেরা এসেছে তাদের সকলকে এখানে স্থান দিয়ে ভালভাবে ব্যবস্থা করা সম্ভবপর নয়। কারণ এখানে স্যাচুরেশন পয়েন্ট এসে গিয়েছে, আমাদের এখানে যে সংখ্যা রয়েছে তাদের বিভিন্ন জায়গায় আরও ভাল ব্যবস্থা ক'রে পাঠান দরকার এবং ব্যবস্থা এমন হওয়া উচিত যাতে শুধু বাড়ি তৈরি নয় তারা যেন সুখেসমৃদ্ধিতে ভালভাবে থাকতে পারে। অনেকে একথা বলেন যে, বাংলার বাইরে বাঙ্গালী ভাইদের পাঠান উচিত নয়। আমি মনে করি আমাদের এমন অবস্থা এসেছে বাংলার বাইরে বাংলা ভাষার প্রচার ক'রে বাংলার কৃষ্টি- কালচার সমস্ত ভারতবর্ষে যদি ছড়াতে পারি তা হ'লে তা বাংলার শক্তি বৃদ্ধি করবে, এতে কোন লজ্জার ব্যাপার কিছু নাই। আমাদের জায়গা কম আছে যদি আমরা বাংলার বাইরে বাংলাভাষার প্রচার করতে পারি কৃষ্টির প্রচার করতে পারি, সুখী সমৃদ্ধ হ'তে পারি, রোজগার করতে পারি, নিজেদের ব্যবস্থা করতে পারি, তা হ'লে এর চেয়ে সুখের কি আছে? তার সমস্ত সুযোগ এই অঞ্চলে রয়েছে, এর বিশেষ সুযোগ দণ্ডকারণ্যে রয়েছে। আমার বিশ্বাস আছে যে, ঐ জঙ্গলের মধ্যে যে কাঠ আছে তাতে সি.পি টিকএর বহু গাছ আছে যা থেকে নিজেরা রোজগারের ব্যবস্থা করতে পারে। সেখানে চাল খুব ভাল হয় সেই সব অঞ্চলে, তার সঙ্গে আখের চাষ, আরও বহু রকম চাষের সুবিধা রয়েছে, এটা আমি জানি এবং যাঁরা সেই জায়গা দেখেছেন তাঁরাই জানবেন যে, সেখানে

এই ব্যবস্থা রয়েছে। সেখানে রাবার প্ল্যানটেশনএর অনেক সুযোগ সুবিধা পাওয়া যেতে পারে এবং তার সংগে সংগে রেশম ও কিছু কিছু ফলের উৎপাদনেরও সুযোগ পাওয়া যেতে পারে —এরকম জমি সেখানে রয়েছে। তবে একথা ঠিক যে, আমাদের বাংলাদেশের রিফিউজিদের সেখানে পাঠানোর পূর্বে এমন ব্যবস্থা করা উচিত যাতে সেখানে রোজগার করে সেখানে তারা থাকতে পারে। অনেক সময় দেখা যায় এমন অবস্থায় তাদের পাঠান হয়েছে যে, সেখানে বাড়ি রয়েছে, জমি রয়েছে কিন্তু সেখানে রোজগারের কোন ব্যবস্থা না থাকার ফলে নানারকম গণ্ডগোলের সৃষ্টি হয় এবং তারা ফিরে আসতে আরম্ভ করে। কাজেই কোন রোজগারের ব্যবস্থা করেই হোক, কটেজ ইন্ডাস্ট্রি, স্মল স্কেল ইন্ডাস্ট্রি ক'রেই হোক এবং কলকারখানার ব্যবস্থা যদি সেখানে থাকে এবং এরকম ব্যবস্থা ক'রে যদি তাদের পাঠাতে পারা যায় তা হ'লে ভাল হয়। আমি কাগজে দেখলাম ন্যাশনাল ডেভলপমেন্ট কাউন্সিল যে স্কীম করেছে, তাদের যে প্রধান স্কীম তাতে সেখানে যারা যাবে, উদ্বাস্তু ভাইবোনেরা যাবে, তাতে প্রথমে সেখানে তাদের নিয়ে গিয়ে তাদের দ্বারা সেখানে কাজ করাতে হবে এবং সেখানে যে ঘরবাড়ি, রাস্তাঘাট তৈরি হবে, সেখানে কলকারখানা তৈরি হবে, এই রিফিউজিদের দ্বারাই সেটা করান হবে যাতে তারা বুঝতে পারে যে, আমাদের মঙ্গলের জন্য আমাদের এই পরিশ্রমের ব্যবস্থা হয়েছে। আমাদের বাঁচবার ব্যবস্থা নিজেদের পায়ে দাঁড়িয়ে নিজেদের আগ্রহে করতে যাতে পারি তার সুযোগসুবিধা সুচারুরূপে করা হয়েছে। সেইজন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি যাতে এই ব্যবস্থা সুচারুরূপে করতে পারা যায় অর্থাৎ তাদের সেখান থেকে নিয়ে গিয়ে তাদের ছেড়ে দিয়ে তাদের খাবারের এবং রোজগারের ব্যবস্থা না যদি করা হয় তা হ'লে এই স্কীম ফেল করবে। আমি একথা জানিয়ে একথা বলতে চাই, সেখানে যে কুটিরশিল্পের ব্যবস্থা হবে এবং সেখানে যেসব কলকারখানার ব্যবস্থা হবে, সেখানে রিফিউজিরা প্রথমে সেইসব বিষয়ে শিক্ষা দিবার, ট্রেনিং দিবার ব্যবস্থা ক'রে যেন তারপর সেখানে নিয়ে যাওয়া হয়। তা হ'লে তারা গোলমাল সৃষ্টি করবে না এবং করলেও আর ফিরিয়ে আনা হবে না। আর সেখানে যা কিছু কাজ হবে, পরিশ্রমের কাজ যে ভাইবোনরা সে কাজ করতে চান তাঁদের যেন সেই সুযোগসুবিধা দেওয়া হয়। সাধারণত দেখা যায়, সরকারী কাজ কন্ট্রাক্টরদের দ্বারা করান হয় এবং পরে দেখা যায় তার ফলে অনেক সময় সে কাজ ভাল হয় না। কাজেই সে কাজ যাতে এদের দ্বারা করান হয় এবং নিজেদের জিনিস নিজেরাই করতে পারে এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং যে স্কীম হবে, যে ব্যবস্থা হবে, তার মধ্যে যদি এরকম পরিকল্পনা থাকে তা হ'লে এদের মঙ্গল সুনিশ্চিত।

আর একটা ব্যবস্থা করা দরকার। যখন স্কীম কার্যকরী হবে তখন যারা স্বেচ্ছায় সেখানে যেতে চাইবে তাদেরই যেন পাঠান হয়। কারণ তারা যেন অনুভব না করে আমাদের জোর ক'রে বাংলাদেশের বাইরে পাঠিয়ে দেওয়া হচ্ছে। আমি জানি, অনেকের সংগে কথা বলেছি, বহু লোক বহু রিফিউজি ভাইরা এসব জায়গায় যেতে চান নিজেদের বাঁচবার ব্যবস্থা নিজেরাই করতে চান যদি সুযোগ তাঁদের দেওয়া হয়। আমি মনে করি এবং বিশ্বাস করি এই ব্যাপারে সর্বদল মিলে মিশে চেষ্টা করা যেতে পারে। যাঁরা আগে যেতে চান তাঁদের আগে পাঠিয়ে যাতে ভাল থাকবার ব্যবস্থা করতে পারা যায় সরকার যেন সেদিকে দৃষ্টি দেন।

[4-10—4-20 p.m.]

অন্য জায়গার অফিসার যদি ব্যবস্থা করেন সেখানে কিরকম থাকবার খাবার ব্যবস্থা রয়েছে, কি রকম অভ্যাস তাদের রয়েছে আমাদের এখানে তা না জানবার দরুন অনেক উল্টো জিনিস হ'তে পারে এং তার জন্য অনেক অসুবিধা ভোগ করতে হবে তাদেরই রিফিউজি যারা নাকি সেখানে যাবেন। আমি বলব বাংলাদেশের এমন অফিসার পাঠানো হোক, যাঁরা সেখানে থাকবেন, বসবাস করবেন—এই ডিক্লারেশন দিতে পারবেন সেই রকম অফিসারের ব্যবস্থা যদি হয়, তা হ'লে তাঁরা মিলে মিশে তাদের সংগে থাকবেন এবং তার ফলে সেখানকার ব্যবস্থা সুচারুরূপে সম্পন্ন হবে। কেবল কতকগুলি অফিসার যাবেন, দু'দিন বাদে চ'লে আসবেন, তাদের দিয়ে পুনর্বসতির কাজ সার্থক হবে না। এই রকম অফিসার যদি যান যাঁরা সেখানে থাকবেন তাদের সংগে মিলেমিশে কাজ করবেন তা হ'লে অনেক কিছু ভাল সেখানে করতে পারা যাবে। সুযোগ যখন একটা

পাওয়া গেছে আসুন আমরা সকলে মিলে যাতে একটা সুব্যবস্থা করতে পারি সেই জায়গায় তার ব্যবস্থা করি এবং আমাদের এখানে যে বিরাট প্রশ্ন, রিফিউজি প্রশ্ন সেটা যাতে তাড়াতাড়ি শেষ করতে পারি এবং ভালভাবে যাতে রিফিউজি ভাইবোনেরা নিজেরা থাকবার সুযোগ পান সেই ব্যবস্থার কথা এই প্রস্তাবের ভিতর রয়েছে। সুতরাং এই সুযোগ যেন আমরা নিই এবং নিয়ে যেন কাজটা তাড়াতাড়ি করতে পারি এই ব'লে আমার বক্তব্য শেষ করলাম।

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that for the words beginning with "while whole-heartedly welcoming" and ending with "social environment" in line 7, the words, "In view of the paucity of information relating to the question of economic rehabilitation of refugees from East Pakistan in Dandakaranya" be substituted.

I also beg to move that for the words beginning with "the Government of West Bengal" in line 9, and ending with "other States concerned" in last line, the words, "the Government of West Bengal should ask the Government of India to furnish them with all details of the Dandakaranya Scheme so as to enable the people of West Bengal to consider the desirability or otherwise of sending refugees from East Pakistan to Dandakaranya", the substituted.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that for the words beginning with "whole-heartedly" and ending with "social environment" the following be substituted, viz.,—

"This Assembly takes note of the reported proposal of the Government of India to develop, for the purpose of resettling displaced persons from East Pakistan, Dandakaranya which is said to command an extensive area of about 80,000 square miles and to have potential resources not only for the physical re-settlement of such displaced persons but also for their economic rehabilitation in the midst of favourable social environment."

I also beg to move that for the paragraphs (i) and (ii) of the resolution, the following be substituted, viz., -

"(a) the West Bengal Government should ascertain from the Government of India the details of the proposed scheme for the development of Dandakaranya; and

(b) thereafter call a conference of the representatives of the different parties and groups in this House and place the scheme before it for consideration."

Sj. Jagannath Majumdar: Sir, before he proceeds, may I know what has happened to my short notice amendment?

Mr. Speaker: You wanted to include Andaman and Nicobar Islands—but that amendment is rather out of touch and so out of order. Yes, Shri Jyoti Basu.

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, যে প্রস্তাবটা আমাদের সামনে আনা হয়েছে, আজকে দণ্ডকারণ্যে, বহুদূরে বাস্তুহারাদের নিয়ে যাবার জন্য এবং তাদের সেখানে পুনর্বাসনের জন্য, আমি মনে করি, এই প্রস্তাব এইভাবে আনা সমীচীন হয় নাই, না আনাই উচিত ছিল। কারণ এটা যদি গুরুত্বপূর্ণ প্রস্তাব হয় এবং কংগ্রেসপক্ষ যদি এটা গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং তাড়াতাড়ি এটা কার্যে পরিণত করার প্রয়োজনীয়তা আছে মনে করতেন তা হ'লে আমাদের কাছে যেরকম বক্তৃতা নিয়ে প্রস্তাব রাখা হয়েছে নিশ্চয়ই সেটা রাখা হ'ত না। শোনা যাচ্ছে

ঐরকম কোন স্কীমই হয় নাই। আমরা ত' জানি না কি স্কীম আছে। কাগজে কতকগুলি সংবাদ দেখেছি—ছাড়া ছাড়া কতকগুলি সংবাদ তা থেকে বলতে পারি না আমরা কোন একটা সমষ্টিগত পরিকল্পনা দণ্ডকারণ্য সম্বন্ধে আছে। এর আয়তন সম্বন্ধে শুনেছি কিন্তু সমষ্টিগত পরিকল্পনা কি এটা কেউ বলেন নি। শ্রীবিজয় সিং নাহার যে বক্তৃতা দিলেন তা থেকেও বুঝতে পারলাম না এবং কাগজে যা পড়েছি তা থেকেও বেশি কিছু বুঝতে পারি নি। আমি মনে করি আজ এটা একটা সিরিয়াস ব্যাপার, একটা গুরুত্বপূর্ণ বিষয়—আমাদের কাছে অন্ততপক্ষে, তাই যদি হয়, তা হ'লে আমি বলব যে, এ প্রস্তাব প্রত্যাহার ক'রে নেওয়া উচিত। কারণ এটা এনে আপনারা কি করছেন? আমি মনে করি এই প্রস্তাব যদি কোন লোক আলোচনা করতে চান তা হ'লে তিনি কি বলতে পারবেন? কোন ফ্যাক্ট এখানে নেই, কোন ঘটনা নাই যাকে নাকি আমরা ওয়েলকাম করছি। এখানে লেখা আছে—আমরা এই প্রস্তাবকে স্বাগত জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি সেটা কোন্ কোন্ প্রস্তাব? আমার মনে হয়, একটা দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় আমাদের সামনে এই প্রস্তাবটা এনে দিয়েছে। আমি মনে করি যে, একটা কাঠামো থাকা উচিত যে, এইভাবে এত রিফিউজি যাবে, এত দিনের মধ্যে, এত জায়গায় এত পরিবার বসতে পারবে। সেই পরিবারের পুনর্বসতি কত হবে জমিতে, কত হবে কুটিরশিল্পে, কত বা হবে অন্যান্য বড় শিল্পে তা কিছুই আমাদের কাছে নাই। অথচ ব'লে দেওয়া হচ্ছে, একে অভিনন্দন জানাচ্ছি স্বাগত জানাচ্ছি! এইভাবে আমরা অভিনন্দন জানাতে পারি না, স্বাগত জানাতে পারি না।

দ্বিতীয়ত, আমাদের সংশোধনী যে প্রস্তাব, সে প্রস্তাবে আমরা বলতে চেষ্টা করেছি, আমরা একথা বলি নি যে, এরকম কোন প্রস্তাব আমরা চাই না। এরকম কোন প্রস্তাব আমাদের সামনে আনবেন না, বা এরকম প্রস্তাব আমরা কনসিডার করতে রাজি নই, একথা বলি নাই। আমাদের মোট কথা হচ্ছে, আমরা বলেছি—এইরকম প্রস্তাব যদি কিছু থাকে, পরিকল্পনা যদি কিছু থাকে, ভারতবর্ষের সরকারের কাছ থেকে বা প্ল্যানিং কমিশনের কাছ থেকে আপনারা নিয়ে আসুন কিভাবে সারভে তাঁরা করেছেন, কি তাঁদের পরিকল্পনা, কত টাকা তাঁরা খরচ করবেন। কিছুই বলছেন না বিজয় সিং নাহার। আমরা বলছি সেগুলি আনুন, এনে তারপর আসবেন, আমরা আলোচনা করব। যদি এরকম হ'ত যে, একটা পোস্ট করতে হবে, একটা বড় রাস্তা করতে হবে, দুর্গম পাহাড়ে রাস্তা করতে হবে, এরকম একটা ব্যাপার যদি হ'ত তা হ'লে সে সম্পর্কে স্বীকৃতি এই ভেবে দিতাম যে, আচ্ছা, আরম্ভ ত' হোক, পরে দেখা যাবে। এ ত' তা নয়। এ জঙ্গল পরিষ্কার ক'রে জমি হচ্ছে, তা নয়। দশ বৎসর ধরে আপনাদের অভিজ্ঞতা আছে যে, বাস্তুহারা সমস্যার সমাধান কি, কতটা জটিল সমস্যা নিয়ে সেখানে কারবার। শুধু কতকগুলি মানুষকে কুলির কাজে পাঠালেন, তারপরে তাদের বসতি দিয়ে বললেন—মজুরি করবে, তোমাদের পরিবারবর্গ নিয়ে এখানে থাক, তারপরে জঙ্গল পরিষ্কার হ'লে দেখা যাবে কত জমি পাওয়া যায়—এইভাবে লোভ দেখিয়ে তাদের নিয়ে যাওয়া যায়—এত হ'তে পারে না। বলছেন হাজার হাজার লোককে, লক্ষ লক্ষ লোককে সেখানে নিয়ে যাবেন এবং এখানে যারা ক্যাম্পে আছে তাদেরও বলছেন ঐখানে যেতে হবে। আগামী ভবিষ্যতে পূর্ববঙ্গ থেকে যারা আসছে তাদেরও কারও পশ্চিমবঙ্গে জায়গা হবে না। এতগুলি পরিবারকে, এতগুলি লোককে আমরা সেখানে পাঠাচ্ছি অথচ যে দৃষ্টিভঙ্গি নিয়ে মানুষের পুনর্বাসনের কথা বলা হচ্ছে সেরকম ব্যবস্থা ত' কিছুই করা হচ্ছে না। প্রথম এটা যখন কাগজে দেখি, তারপরে যখন অ্যাসেম্বলির এই প্রস্তাব দেখলাম, আমি শ্রীখান্নাকে গিয়ে বললাম—এ প্রস্তাব এইভাবে না এনে অ্যাসেম্বলি বন্ধ হ'লে একটা সম্মেলন ডেকে সমস্ত তথ্য নিয়ে সে যদি রাখেন তা হ'লে আমাদের সুবিধা হয়। পার্টিগতভাবে এবং ব্যক্তিগতভাবে জিনিসটা আলোচনা করব এবং বিবেচনা করব যে সবাই মিলে কিছু একটা করা যায় কিনা।

[4-20—4-30 p.m.]

এইসবের পর সেটা একেবারে বর্জনীয়, নাকি খানিকটা গ্রহণযোগ্য, নাকি খানিকটা বর্জনীয় সেটা আমরা বিবেচনা করতে পারি। কিন্তু আমরা দেখলাম যে, সেসব কিছুই হ'ল না। অথচ আপনারা এইরকম একটা প্রস্তাব আনলেন। এখন এ থেকে আমি আবার বলছি যে, আমার মনে হচ্ছে যে, সম্পূর্ণ দায়িত্বটা আপনারা এখনও বোঝেন নি। সেজন্য বলছি যে,

যখন আপনারা এই প্রস্তাব এনেছেন তখন এই প্রস্তাবকে যে গুরুত্ব দিয়ে দেখা দরকার তা আপনারা দিচ্ছেন না। সেজন্য আমি বলব যে, যদি আমাকে জিজ্ঞাসা করেন যে, নীতিগতভাবে আপনি কি এটা চান না যে, একজন রিফিউজিও বাংলাদেশের বাহিরে যাবে না? আমি স্পষ্ট বলছি এবং আগেও বলেছি যে, নীতিগতভাবে আমি এই কথা বলব না যে, কোনদিন কোন কারণে এবং কোথায় কোন বাঙ্গালী বাহিরে যাবে না। এইরকম কোন নীতিতে আমি বিশ্বাস করি না। তাদের বাহিরে যেতে হ'তে পারে যদি তাদের জন্য খুঁজে আপনারা ভাল বসতি বার করতে পারেন। যাই হোক নীতিগতভাবে আমি সেসব বাধার মধ্যে যাচ্ছি না। যেমন তারা আন্দামানে গেছে বা অন্য কোথায় গেছে ব'লে আমি নীতিগতভাবে কখনও বাধা দিই নি বা কখনও সেইভাবে বাধা দিচ্ছি না। কিন্তু মুশকিল হচ্ছে এই যে, আমাদের কতকগুলো অভিজ্ঞতা থেকে বলছি যে, তাদের বাহিরে যাওয়া না যাওয়া আলোচনা আমাদের করা দরকার এবং সেটা আমি আপনাদের সবাইকে ভেবে দেখতে বলব। কিন্তু সেইসব না ক'রে আপনারা ছোট ছোট স্কীম ক'রে উড়িষ্যার চরবেতিয়ায়, বিহারে, সৌরাষ্ট্রে গিয়েছেন এবং হায়দ্রাবাদে কিছু কিছু লোক পাঠিয়ে দিলেন। কিন্তু আমরা তার বিরোধী ছিলাম এইজন্য যে, আমরা জানি যে, সেখানে কোনরকম ব্যবস্থা না ক'রেই আপনারা তাদের নিয়ে যাচ্ছেন। এর ফলে অনেক জায়গা থেকে ডিজারশন হয়েছে এবং অনেক জায়গা থেকে তারা চলে আসতে বাধ্য হয়েছে। আজকে চড়বেতিয়ার কিছু বন্ধু আমার কাছে এসেছিলেন এবং তাঁরা দু' বছর ধ'রে ওখানে পড়ে আছেন কিন্তু আজও অবধি তাদের জন্য কোন ব্যবস্থাই সেখানে হয় নি। আমরা সৌরাষ্ট্রের ঘটনার কথা আর উল্লেখ করতে চাই না। এই হাউসেই সে কথা উঠেছিল যে, সেখানে যাদের আপনারা নিয়ে গেলেন তাদের এমনভাবে সেখানে রাখলেন যে, তাদের প্রতি দুর্ব্যবহার হ'ল। সেই সময় আমরা এবং আপনারাও বলেছিলেন যে, আনঅ্যাটাচ্‌ড্‌ মেয়েদের এভাবে নিয়ে যাওয়া উচিত হয় নি। সেজন্য আমরা আমাদের অভিজ্ঞতা থেকে বলছি যে, এইভাবে কোন কিছুই করা ঠিক নয়, আর একটা বলছি যে, এই হিউম্যান বিইংএর সমস্যা-গুলোও আপনারা ধরছেন না। অর্থাৎ তাদের ভাষা কি হবে, ভবিষ্যতে তাদের ছেলেপিলেদের কিভাবে কোন্‌ ভাষায় শিক্ষা দেওয়া হবে, কোন্‌ স্টেটের সিটিজেন হবে ইত্যাদি সম্বন্ধে কোন কথাই আপনারা এই প্রস্তাবের মধ্যে বলেন নি। আমি কেন এটা বলছি সেটা একবার ভেবে দেখবেন। তবে এটা ঠিক আমি অন প্রিন্সিপল্‌ রিফিউজিদের বাহিরে পাঠাবেন না এই কথা বলি না। কিন্তু মুশকিল হচ্ছে কি যে, আবার অভিজ্ঞতার কথা আসে। ধরুন অনেক বাঙ্গালী আসামে গিয়ে বসতি করেছেন। কিন্তু সেখানে আমরা দেখেছি এবং আপনারাও জানেন যে, ভাষার প্রশ্ন আসে। অর্থাৎ কোন্‌ ভাষায় স্কুলে তাদের শিক্ষা দেওয়া হবে, কলেজ কি হবে ইত্যাদি নিয়ে বাঙ্গালী-আসামী নিয়ে নানারকম গোলমাল লেগেই আছে। এ ছাড়া আবার ট্রাইবিউনালও ওখানে অনেক আছে। তাদের নিয়ে নানারকম গোলমাল আছে। সেজন্য বলছি যে, এগুলি যদি পরিষ্কার না হয় তা হ'লে অনর্থক একটা গণ্ডগোলের সৃষ্টি হয়। সেই কারণেই বলছি যে, ভবিষ্যতটা একটু ভাবতে হবে, কারণ এগুলিকে আমরা এখনও ঠেকাতে পারি না। অবশ্য এজন্য সব দোষ আমি আপনাদের দেব না। কিন্তু যে-কোন কারণেই হোক কংগ্রেস সমস্ত জায়গায় রাজত্ব করছে তবুও এ জিনিসটা তাঁরা এখনও দূর করতে পারেন নি। কোথাও বঙ্গাল খেদা আন্দোলন, কোথাও বলছেন ডোমিসাইল্ড সার্টিফিকেট ছাড়া বাঙ্গালীদের চাকরি দেব না ইত্যাদি সব হচ্ছে। এইসব কথা আমরা বলি না, কারণ বললে হয়ত প্রাদেশিকতার প্রশ্ন এসে যাবে। কিন্তু এইসব ফ্যাক্ট। যেমন বিহারে কোন বাঙ্গালী চাকরি করতে গেলে তাকে বলছে যে, ডোমিসাইল্ড সার্টিফিকেট দেখাও। সে কোথা থেকে তা দেখাবে। এখন আপনারা যখন রিফিউজিদের বাহিরে পাঠাচ্ছেন তখন কি এগুলোকে আপনারা ভাল ক'রে ভেবে দেখে পাঠিয়েছেন? আমার মনে হয় না, আপনারা তা করেছেন। আমার মনে আছে ইলেকশনের সময় আমি যখন টাটানগরে গিয়েছিলাম তখন আমি এইসব কথা শুনেছি। জামসেদপুরে আমি দেখেছিলাম যে, রিফিউজিদের আপনারা অনেকদিন আগে সেখানে নিয়ে গেছেন, তাদের বাড়ির জন্য কিছু লোন দেওয়া হয়েছে—তার মধ্যে কোন বাড়ি অর্ধেক হয়েছে বা হয় নি। কিন্তু তাঁরা আমাকে বললেন যে, দেখুন আমরা এখানে এসেছি জমি তো আর নিয়ে আসি নি যে, বাড়ি করব; অথচ তারা লোন ইত্যাদি সব দিচ্ছে। কিন্তু তাদের সবথেকে মুশকিল হচ্ছে যেটা, সেটা আমাকে তাঁরা বললেন যে, দেখুন আমাদের ঘরের

দশটা ছেলের একটা ছেলের টাটার একটি কারখানাতেও চাকরি পাচ্ছে না। সেখানে শুধু টাটাই নয়, অনেক ছোট ছোট সাবসিডিয়ারি কারখানায় তারা চাকরি পাচ্ছে না। সেজন্য তারা সেখানে চিনেবাদাম বিক্রি করছে বা মুচির দোকানে কাজ করে আছে। অথচ সেই টাটা কোম্পানিকে ভারত সরকার বিনা সুদে এক কোটি টাকা ধার দিয়েছেন। সেখানে কি তাঁরা প্রভিসন করতে পারতেন না যে, এদের দশটা ছেলেকে, নিম্ন মধ্যবিত্ত ঘরের ছেলে ট্রেন্ড ক'রে তোমরা তাদের চাকরিবাকরি দাও? কিন্তু এগুলি যে-কোন কারণেই হোক হয় নি। সেই কারণেই তাদের মনে একটা সন্দেহ হয়েছে যে, ওখানে তাদের কোন উপায় নেই। এসবের জন্য বাংলাদেশে আবার ফিরে আসবে কিনা যখন আমাকে জিগ্‌গেস করল তখন আমি তাদের বললাম যে, খবরদার যাবেন না, সেখানে গিয়ে স্টেশনে পড়ে থাকতে হবে, কেউ দেখবে না এবং তখন আমরাও কিছু করতে পারব না, সরকারও কিছু করতে পারবেন না। এই হচ্ছে প্রকৃত অবস্থা এবং এ সম্বন্ধে বিভিন্ন জায়গার অনেক উদাহরণও অনেকে দিতে পারেন। আমাদের মুখ্যমন্ত্রী পর্যন্ত বাজেট বক্তৃতা দিতে গিয়ে এই কথা তিনি বলেন এবং আগেও বলেছেন যে, আমাদের এখানে সেখানে ডেভলপমেন্ট হচ্ছে, সেখানে যদি কারখানা ক'রে দশ হাজার লোকের চাকরির সংস্থান করি তা হ'লে তার মানে এটা হবে না যে, সেখানে সমস্ত বাঙ্গালীই চাকরি পাবে, বাহিরের লোকও এসে সেখানে চাকরি পাবে। অর্থাৎ তার মানে হচ্ছে বাংলাদেশের টাকা বাহিরে চলে যাবে এবং যাতে সমস্ত দিক থেকে সামগ্রিকভাবে বাংলাদেশ লাভবান হবে না। কিন্তু আপনারা যখন বাঙ্গালীদের বাহিরে পাঠাচ্ছেন তাদের এইসমস্ত অসুবিধার কথা চিন্তা না ক'রেই পাঠাচ্ছেন। অর্থাৎ তাদের চাকরিবাকরি, বাড়ি, সোস্যাল এনভায়রনমেন্ট কিছুই চিন্তা করলেন না এবং বললেনও না যে, সেখানে কি হবে। শ্রীবিজয় সিং নাহার মহাশয় বলেছেন যে, সেখানে আমাদের বাংলাভাষা, কৃষ্টি ইত্যাদির প্রচার হবে। এইসব শুনতে বেশ সুন্দর লাগে, কিন্তু মুশকিল হচ্ছে যে, সেটা আপনি কি ক'রে জানলেন? কারণ সেখানে ৩টি স্টেট এবং সেই ৩টি স্টেটের মধ্যে এদের আলাদা আলাদা ক'রে আপনারা ঢোকাবেন। আমরা এমন কোন কথা শুনলাম না যে, সেখানে একটা জায়গায় ঘন বসতি ক'রে আপনারা ১০-১২ লাখ লোককে রাখবেন বা তাদের ভবিষ্যৎ কি হবে তাও আমরা জানলাম না। কোন দিক থেকেই আমরা কিছুই বুঝতে পারছি না। আমি কেবল আপনাদের চিন্তার জন্য সমস্যাগুলোকে তুলে ধরছি। আপনারা বলছেন আপনারা এটাকে ওয়েলকাম করেন এবং রিফিউজিদের তাড়াতাড়ি ক'রে পাঠিয়ে দাও। কিন্তু এই বিশেষ স্কীমটার ব্যাপারে আমি যতদূর দেখেছি যে, এটা কাগজ আসমাত্র বাস্তুহারাদের মধ্যে একটা বেশি চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। শ্রীবিজয় সিং নাহার একটা ভাল কথা বলেছেন যে, এইরকম স্কীম করলে যারা সেখানে স্বেচ্ছায় যেতে চায় তাদের পাঠাও, জোর ক'রে যেন কাউকে পাঠান না হয়। এটা তো ভাল কথা যে, কেউ যদি স্বেচ্ছায় কোথাও যেতে চান তাঁকে পাঠান। আমরা নিশ্চয় তাদের গিয়ে বলব না যে, আপনারা স্বেচ্ছায় যাবেন না, শুধু গভর্নমেন্টের বিরুদ্ধে লাগুন। অথচ উনি সেইরকম একটা কিছু বলবার চেষ্টা করেছেন যে, এইরকম লোক কিছু আছে যারা নাকি বাহিরে যায় তাদের ফিরে আসার জন্য প্ররোচনা দেয়। যাই হোক এইসব ছোট কথার মধ্যে আমি যাব না। কিন্তু কথা হচ্ছে যে, স্বেচ্ছায় যদি লোক যায় তা হ'লে সেটা তো আর স্কীম নয়। স্কীমের মধ্যে যা আছে তাতে আপনারা ঠিক ক'রে ফেলেছেন যে, বাংলাদেশে জায়গাজমি কিছু নেই ব'লে যারা ক্যাম্পে আছে তাদের আপনারা সেটল্ করতে পারছেন না এবং সেই কারণেই তাদের সবাইকে বাহিরে যেতে হবে। অর্থাৎ অনেকদিন ধরে যারা আছে তাদেরও যেতে হবে এবং ভবিষ্যতে যারা আসবে তাদেরও যেতে হবে।

এই প্রসঙ্গে আমি একটা কথা এখানে স্কীম সম্বন্ধে বলতে চাচ্ছি। এখানে একটা এরিয়াল সার্ভে হয়েছে। সেই এরিয়াল সার্ভেতে আমরা দেখলাম যে, সার্ভে অব ইন্ডিয়া ১৩,০০০ স্কোয়ার মাইলএর সার্ভে করবার ব্যবস্থা করছেন এবং একবার তাঁরা এরোপ্লেনএ ক'রে ঘুরেছেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: They have completed the survey and given the maps.

Sj. Jyoti Basu:

যাই হোক এ'দের সার্ভের রিপোর্টে দেখলাম যে এখানে অনেক খনিজ পদার্থ পাওয়া যাবে ব'লে এ'রা মনে করেন। এ সার্ভে ছাড়া আমরা দেখেছি যে, আরও দু'টি স্পট সার্ভেও হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is in Bankura.

Sj. Jyoti Basu:

প্ল্যানিং কমিশন থেকে বোধ হয় এটার ব্যবস্থা করেছিলেন। ৮০ হাজার স্কোয়ার মাইলএর কথা বলা হয়েছিল, কিন্তু এ'রা মাত্র ২টি জায়গায় সার্ভে করেছেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: About 33,000 sq. miles have been surveyed and the maps have been prepared.

Sj. Jyoti Basu:

সেসব আমাদের কিছু জানা নেই, আপনি যখন বক্তৃতা দেবেন সেইসব বলবেন। আমরা কাগজে যা দেখেছি তা থেকে বলছি যে, সেখানে একটি জায়গা তাঁরা সার্ভে ক'রে ঠিক ক'রে ফেলেছেন যে, এখানে পাঠানো যাবে। এখন ওর বিরোধী যে কতকগুলো কথা আছে সেগুলো বোঝা দরকার। সেখানে এক ভদ্রলোক গদাধর দত্ত, এম-এল-এ, উড়িষ্যা অ্যাসেম্ব্লি পার্টির সেক্রেটারি —বাস্তুহারাদের বসাবার জন্য যে দু'টি জায়গা হচ্ছে তার সম্বন্ধে রেফারেন্স দিয়ে বলেছেন যে, ৫ কোটি টাকা খরচ করবার জন্য যে ব্যবস্থা এই জায়গায় হচ্ছে সেটা একেবারে নষ্ট হবে। কারণ এমন খারাপ জায়গা যে, সেখানে ঐভাবে কোনরকম বসতি হ'তে পারে না। ও'র এই চিঠি সংবাদপত্রে বেরিয়েছে তা আপনারাও জানেন। সুতরাং এটা আমার কথা নয়, এটা ঐ অ্যাসেম্ব্লি পার্টির যিনি সেক্রেটারি সেই ভদ্রলোকের কথা।

[4-30—4-40 p.m.]

উনি সেকথা কেন বলেছেন, তাঁর নিজের কোন স্বার্থ আছে কি না জানি না। আমি কিছুই জানি না ঐ এলাকা সম্বন্ধে। এটা আমি ধর্তব্যের মধ্যে আনব এবং দেখাব যে এই ব্যাপারটা কি?

দ্বিতীয়ত, আমাদের 'স্টেটসম্যান'এ ২৭এ তারিখে যে চিঠি বেরিয়েছে সেটা দেখছি, জে এন সেনগুপ্ত, উনি ২৫এ তারিখে লিখেছেন দণ্ডকারণ্য সম্বন্ধে। ইনি বলেছেন "The cultivable fertile valleys in between are much too few to be of great use. With an average rainfall of 30 to 50 inches a year, there is acute water scarcity during most of the year and because of lack of communications, reclamation of this tract for the purpose in view is bound to entail enormous expenditure of money for many years. The above adverse topographical factors account for the present density of population. A drive from Jagdalpur (Bastar State) to Vizianagram via Koraput by the only motorable road is all that is necessary to bring the position home to any one. The physical and economic poverty of the countryside impressed the writer during a sojourn in the area early in 1954 when as a Consultant of F.A.O. he had opportunities for making a regional study of the problem of shifting cultivation in India" (*vide* article in the "Statesman").

উনি একটা আর্টিকেল লিখেছিলেন এ সম্বন্ধে 'স্টেটসম্যান'এ ১৯৫৪ সালে, তাতে তিনি বলেছেন "If I may venture a suggestion it is that the restoration of forests on the hills and soil conservation by an intensive drive against felling, burning, grazing, lopping, etc., supplemented by reafforestation should precede any large-scale work of refugee rehabilitation on the erection of dams or hydro-electric plant, otherwise it would be like putting the cart before the horse and result in a huge waste of money."

এই ভদ্রলোক এই কথা বলেছেন, এখানে ইনি খানিকটা এক্সপার্ট ওপিনিয়ন দিয়েছেন, অবশ্য সমস্ত জায়গাটা সার্ভে করেন নি, সেটা দেখা আপনাদের প্রয়োজন আছে। আমি এই অবস্থা

সম্বন্ধে বলতে গিয়ে আমার যে বক্তব্য সেটা বলছি, এই প্রস্তাব নিয়ে কি করা উচিত। এটা উঠিয়ে নেওয়া উচিত এবং উঠিয়ে নিয়ে যাওয়ার পর, আমাদের সকলকে ডাকা উচিত—ভারতের কি ম্যাপ-টেপ আছে, কত বছরে কত টাকা, কি খরচ হবে, এগুলি সব আমাদের কাছে আনুন; আমরা সবাই মিলে আলোচনা করি, তারপর একটা সমীক্ষার জন্য পরামর্শ করে, সিদ্ধান্তে আমরা আসতে পারি। কিন্তু আমি জিজ্ঞাসা করছি, আগে করেছি, আবার করছি—এটা যে আপনি হঠাৎ ঠিক ক'রে ফেললেন যে, বাংলাদেশে একজনও রিফিউজির স্থান নেই, এটা আমরা মানতে পারছি না। কারণ, আপনারা যেসমস্ত ল্যান্ড রিক্লামেশন অর্থাৎ অনাবাদী জমি পড়ে আছে, যে ওয়াটারলগ্‌ড জমি পড়ে আছে, সেগুলিও উদ্ধার করতে পারেন কিনা? এমন কি বে অব বেঙ্গল সমুদ্র থেকে জমি উদ্ধার করা যায় কিনা? যেমন করে শুনেছি, নেদারল্যান্ডসএ যা কিছু জমি, তার শতকরা ৬০ ভাগের উদ্ধার করা হয়েছে সমুদ্রের বুক থেকে; যদিও তাতে অনেক টাকা লাগে সন্দেহ নাই, কিন্তু সেগুলি করা যায়। এইভাবে, এইরকমভাবে এগুলি আপনারা কিছুই চিন্তা করলেন না জমির ব্যাপারে। হঠাৎ সিদ্ধান্ত করলেন আর এখানে কোন জমি নেই, এখানে আর কিছু হয় না। ঠিক সেইরকমভাবে, কুটিরশিল্প ব্যাপারেও যেখানে হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষকে, তাদের জীবিকা উপার্জনের জন্য ব্যবস্থা করা যায়, সেই ব্যবস্থাও আপনারা আজ দশ বছরের মধ্যে করেন নি; এবং এখনও কোন পরিকল্পনা দেখছি না। তাদের পুনর্জীবিত করবার জন্য ছোট ছোট শিল্পের দ্বারাই হোক, তা আপনারা কিছুই করছেন না। আমাদের এখানে বারবার এই কথাই মনে পড়ছে, আপনারা ধরে নিলেন ইন দি ইয়ার নাইনটিন ফিফটি সেভেন, আর রিফিউজিদের এখানে থাকবার স্থান নেই, তা হ'লে আমি ভাবি, শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের ফ্যামিলি প্ল্যানিং ফেল করে, খানিকটা আরও যদি পপুলেশন এইভাবে বাড়তে থাকে, তা হ'লে আপনি দশ বছর পরে কি করবেন? দশ বছর পরে, যে রেটএ লোকসংখ্যা বাড়ছে, সেইভাবে যদি ৫০ লক্ষ বেড়ে যায়, তা হ'লে তাদের কোথায় পাঠাবেন? বে অব বেঙ্গলএ ফেলে দেবেন? আর যদি শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের ফ্যামিলি প্ল্যানিং সাকসেসফুল হয়, তা হ'লে কমতে পারে, পপুলেশন বাড়বে না এবং তা হ'লে আমাদের লিভিং স্পেস থাকবে; নতুবা এর ওর জমি দখল করবার প্রশ্ন উঠবে। আমাদের বাংলাদেশ প্রথমত এ সম্বন্ধে এত পিছিয়ে আছে যে, বলবার নয়। হঠাৎ শুনলাম বলা হ'ল যে, এখানে আমরা স্যাচুরেশন পয়েন্টএ রিচ ক'রে গিয়েছি। স্যাচুরেশন পয়েন্টএর অর্থ জানেন, যে ব'লে ফেললেন?

(Laughter.)

আমরা ইকনমিক প্রব্লেমএ স্যাচুরেশন পয়েন্টএ এত তাড়াতাড়ি কি ক'রে রিচ করব? আমাদের কুটিরশিল্প হ'ল না, জমি উদ্ধার আপনারা কিছুই করলেন না; যদিও বললেন যে, এত পারসেন্ট হেমবাবুর ফরেস্ট করতে হবে। আমরা যেসমস্ত ক্ষেত্রে ব্যাকওয়ার্ড আছি, ইন্ডাস্ট্রি প্রভৃতি সমস্ত কিছু সার্ভে ক'রে যদি একটা সায়েন্টিফিক প্ল্যানিংএর উপর সিদ্ধান্ত করতেন তা হ'লে মেনে নিতে পারতাম। কিন্তু আপনারা তা করেন নি। আপনাদের যদি সিনসিয়ারিটি থাকত তা হ'লে আপনারা সেইভাবে কমিটি ক'রে সায়েন্টিস্টদের নিয়ে সার্ভেএর ব্যবস্থা করতেন। আপনারা এটা বিবেচনা করতে পারেন নি। ভারত সরকারের সঙ্গে এক হয়ে যদি কোন প্রদেশের লোককে, সেই প্রদেশেই বসতি করান যায়, তার চেয়ে বড় আর কিছু নেই। যতই বলি ভারত এক এবং অভিন্ন, তবুও যে যার প্রদেশের মানুষ, সে তার নিজের প্রদেশেই থাকতে চায়। এটা অবশ্য কঠিন, কিন্তু যতটা পারেন, তা যদি করতেন তা হ'লে রিফিউজিরা বুঝত একটা অ্যাটেম্পট্ আপনারা করেছেন। কিন্তু আপনারা সে অ্যাটেম্পট্‌ও করেন নি। আপনারা দশ বছরে যে ডেভেলপমেন্ট করবেন দুটো ফাইভ-ইয়ার প্ল্যানএ, সেখানে আপনি যদি মনে করতেন যে, বাংলাদেশে বিশেষ বিশেষ সমস্যা সমাধানের কাজ, যেটা ১০ বছরের প্ল্যানএ, তা যদি ৫ বছরে করতে পারি, তা হ'লে অনেক বেশি লোকের প্রতিসন করতে পারছি; তা হ'লে সেটা আপনি করতেন। অর্থাৎ বেশি টাকা খরচ ক'রে দশ বৎসরে যা করতেন, সেই টাকা খরচ ক'রে যদি পাঁচ বছরের একটা পরিকল্পনা নিতেন, জমির ব্যাপারে, কুটিরশিল্পের ব্যাপারে ও অন্যান্য শিল্পের ব্যাপারে, এইসব যদি করতেন তা হ'লে লক্ষ লক্ষ লোকের সংস্থান এই পশ্চিম বাংলায় আপনি করতে পারতেন। কিন্তু সেগুলি আপনি বিন্দুমাত্রও করলেন না।

আপনার সমস্ত জিনিস প্ল্যানলেস, হ্যাপাজার্ড। এই ধরুন, যে জমি কিছু কিছু নেওয়া হয়েছে বাংলাদেশের বিভিন্ন স্থানে, সেগুলি দেখেশুনে ঠিকমত প্ল্যান অনুযায়ী নেওয়া হয় নি। ফলে সেখানে গোলমাল লেগেই আছে। কার জমি নেবেন, কি ধরনের জমি নেবেন, কৃষকদের ধানী জমিও নিয়ে নিয়েছেন, সে সম্বন্ধে কোন দেখাশুনার কথা নেই। পূর্ব বাঙ্গলার লোকের সঙ্গে পশ্চিম বাঙ্গলার লোকের গোলমাল লেগে যাচ্ছে—এগুলি বাঞ্ছনীয় নয়। সাধারণ লোক যারা গ্রামে বাস করে তাদের কাছে গেলেন না, কোনদিন আমাদের পরামর্শ ও সহায়তা নিলেন না; কেবল রাইটার্স বিল্ডিংসএ বসে ম্যাপএ দাগ নম্বর ইত্যাদি দেখে সব জমি নিয়ে নিলেন। যে জমিতে জল ছিল সেই জমি উদ্ধার হ'ল, সেই জমি নিলেন, কিন্তু কার জমি খোঁজ নিলেন না। পশ্চিম বাংলার কৃষকের জমি যদি এইভাবে কেড়ে নিয়ে, তাকে ফেরৎ না দেন, তা হ'লে দেশের অবস্থা এইরকমই হবে।

বাস্তুহারা থেকে আরম্ভ ক'রে প্রতিটি ব্যাপারে এইরকম জিনিস চলেছে। সেইজন্য আমার কথা হচ্ছে, এই জিনিসগুলির জন্য অলটারনেটিভ প্ল্যানএ বাংলাদেশে কতগুলি লোককে বসাতে পারি এই লক্ষ্য এই ডিটারমিনেশন নিয়ে আপনার এগুতে হবে। এই যদি করতেন তা হ'লে যে কথাগুলি আমি বললাম শিল্প সম্বন্ধে এবং জমি সম্বন্ধে ও কুটিরশিল্প সম্বন্ধে, পতিত জমিকে উদ্ধার করা সম্বন্ধে, এগুলি আপনি ব্যবস্থা করতে পারতেন। আমি ১৯৫০-৫১ সালের একটা রিপোর্টে দেখলাম কারেন্ট ফ্যালো জমি বাদ দিয়ে ১৮ লক্ষ ২৯ হাজার একর আনকাল্টিভেটেড ল্যান্ড বাংলাদেশে আছে।

উনি মাথা নাড়ছেন—না, না ব'লে। তা হ'লে আপনি লেখেন কেন? এটা কি আমরা তৈরি করেছি? এটা আপনার ১৯৫০-৫১ সালের রিপোর্ট এখানে বলা হচ্ছে আনকাল্টিভেটেড ল্যান্ড এক্সক্লুডিং কারেন্ট ফ্যালো ১৮ লক্ষ ২৯ হাজার একর। এই যদি থাকে, তা হ'লে আমি বলছি না, কেবল ঐ সবটা নিয়ে রিফিউজিদের বসিয়ে দিন। এই জমির যতখানি উদ্ধার করতে পারেন, তার মধ্যে তিন লক্ষ লোককে বসাতে পারেন স্বাভাবিকভাবে। আমি বলব না সমস্ত রিফিউজিদের সেখানে বসান। তবে এক লক্ষ, দু' লক্ষ রিফিউজিদের সেখানে অনায়াসে ব্যবস্থা করতে পারেন। কিন্তু, এইরকম ফিগার রয়ে গেল, অথচ মাথা নাড়ছেন ডাঃ বিধানচন্দ্র রায়। বৃটিশ আমলে, মুশলিম লীগ আমলে যে হিসাব ছিল তা পুরান হয়ে গিয়েছে। তারপর সেন্সাস রিপোর্টে যা একটু কিছু আছে তার উপরও তা আপনি ব্যবস্থা করলেন না। আমরা মানতে রাজী নই যে, বাংলাদেশে আর একজনও রিফিউজিকে রাখবার মত জায়গা নেই। রিফিউজিদের মনোভাবও তাই, তারা বলে বাংলাদেশের বাইরে আমরা কেউ যাব না।

[4-40—4-50 p.m.]

বাংলাদেশে আর একজন রিফিউজিও রাখা যাবে না, এটা একটা এক্সট্রিম কথা। আমরা এটা মানতে পারি না। রিফিউজিদের মনোভাব আপনারা আগে বুঝতে চেষ্টা করুন। বাইরে গিয়ে তাদের অনেকেরই অভিজ্ঞতা খুব খারাপ হয়েছে। যদি প্রকৃতই বাইরে যেতে হয় তা হ'লে যেতেই হবে, কিন্তু তার আগে স্যাটিসফায়েড হওয়া দরকার যে, বাংলাদেশে আর সত্যিই সম্ভাবনা নাই। আমি যতদূর বুঝি, যতদূর স্টাডি করেছি, আমি এটা মানতে পারি না। আমার বেশি কিছু বলার নাই। আমি এটুকু শুধু বলব, লন্ডএনএর একজন সুপারআনুয়েটেড অফিসারকে দুর্গাপুরে আনলেন, তিনি আসানসোলের অনেক খনিজ পদার্থ সন্ধান পেলেন, বললেন, সেখানে বহুলোকের কাজের সম্ভাবনা আছে এবং ডাঃ রায় বলেছিলেন এই এলেকাটা রুট অব ওয়েস্ট বেঙ্গল হ'তে পারে, কিন্তু এসব জায়গা আপনি ডেভেলপ করলেন না। নানারকম কমপ্লি-কেশনএর মধ্যে না গিয়ে আমি বলতে চাই এইসব জায়গায় কিছু না ক'রে, এখানকার সোস্যাল এনভায়রনমেন্টও ভাল, তবে জঙ্গলের মধ্যে কেন গেলেন? সরকারের থেকেই জানতে পেরেছি ৮০ হাজার বর্গমাইলের মধ্যে ৪০ হাজার জঙ্গল রাখতে হবে, আর ৪০ হাজারে আদিবাসীও রাখতে হবে। এতই যদি ভাল জায়গা হয়, তা হ'লে অন্ধ্রের লোক, বিহারের লোক কলকাতার দিকে ছুটত না, কলকাতা থেকেও গিয়ে সেখানে বসবাস করত। সেখানে খেতে পায় না ব'লেই দলে দলে লোক কলকাতা ও ইন্ডাস্ট্রিয়াল বেল্টএর দিকে ছুটে আসে। দশ বৎসরের মধ্যে এর উন্নতি করতে পারলেন না। সেজন্য আপাতত এই প্রস্তাব মানতে পারি না।

Sj. Pramatha Ranjan Thakur:

মাননীয় স্পীকার মহাশয়, দণ্ডকারণ্য সম্বন্ধে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করি। আজ আমি প্রথমেই ব'লে রাখি যেসব লোকদের সেখানে পাঠান হবে তারা রিফিউজি। আমি একজন রিফিউজি, পূর্ব থেকে পশ্চিমবঙ্গে সর্বসম্পত্তি হারিয়ে এসেছি। আমি এখন চেষ্টা করছি কি প্রকারে এখানে বাস করা যায়। আজ এই দশ বৎসরের অভিজ্ঞতায় একথা বেশ পরিষ্কার বুঝতে পারা যাচ্ছে পশ্চিমবঙ্গে স্থানসংকুলান হচ্ছে না। অনেক রিফিউজিকে আমি নিজে জায়গা দিয়েছি, অনেক চেষ্টা করেছি, কিন্তু দেখেছি বাস্তবিক তাঁরা জায়গা পাচ্ছেন না। আজ যে জায়গার কথা আলোচনা হচ্ছে সেই দণ্ডকারণ্যে ৮০ হাজার বর্গমাইল বিস্তৃত জায়গা আছে, অর্থাৎ পশ্চিমবঙ্গের তিনগুণ স্থান সেখানে হবে। একবার ভেবে দেখুন দেখি, এখানে যদি বাঙ্গালী কলোনি গড়ে উঠে তা হ'লে কি ব্যাপার হবে। আজ পশ্চিম বাংলায় উদ্বাস্তু সমস্যার ব্যাপারে একটা ভীষণ অবস্থা উপস্থিত হয়েছে। আজ এখানেও লোক সংকুলান হচ্ছে না, বাইরে যাঁরা যাচ্ছেন তাঁরাও সেখানে থাকতে পারছেন না, মারা যাচ্ছেন, খেতে পারছেন না। আমি সরকারকে দোষ দিচ্ছি না, তাঁরা অনেক চেষ্টা করেছেন। একটা কথা এখানে বুঝা দরকার আছে। সরকার চেষ্টা করলে কি হবে, এত লোকের জায়গা হতে পারে না ; যে কথাটার প্রতি আমি বিশেষভাবে জোর দিচ্ছি সেটা হচ্ছে, এই বিরাট জনসংখ্যার সুষ্ঠু অর্থনৈতিক পুনর্বাসন শুধু পশ্চিমবঙ্গে সম্ভব হ'তে পারে না। এজন্যই আজ বিশেষ ক'রে পূর্ববঙ্গের বাস্তুত্যাগীদের ভারতের বিভিন্ন প্রদেশে ছড়িয়ে দেবার প্রয়োজনীয়তা রয়েছে। আজ যাঁরা এখানে আছেন তাঁরাও সুবিধাজনকভাবে বাস করতে পারছেন না। আজ যদি ভারত গভর্নমেন্ট আন্তরিকভাবে চেষ্টা করেন তা হ'লে দণ্ডকারণ্য সম্পূর্ণভাবে বাঙ্গালী অধ্যুষিত প্রদেশে পরিণত হ'তে পারে। তাই আজ এই প্রস্তাব আমাদের সর্বান্তঃকরণে অনুমোদন করা প্রয়োজন। আজ বিরোধীদলের নেতা অনেক কথাই বলেছেন। তাঁর অভিমত হচ্ছে পশ্চিম বাংলায়ই যাতে জায়গা হয় সেই চেষ্টা করাই উচিত এবং বাস্তুহারাদের বাইরে পাঠান উচিত নয় নানা কথাই তিনি বলেছেন। এই প্রসঙ্গে আমি বলব উদ্বাস্তু পুনর্বাসন সমস্যাটা তাঁরা কোনদিন ভাল ক'রে বুঝবার চেষ্টা করেন নি। সম্প্রতি নির্বাচনের আগে তাঁরা উদ্বাস্তুদের ভিতর গিয়ে তাদের অনেক আশাভরসাব কথা ব'লে ক্ষেপিয়ে তুলেছেন। আমার কাছে অনেকেই এই কথা বলেছে। আমি তাঁদের বলি তাদের ক্ষেপিয়ে হয়তো আপনাদের কার্যাসিদ্ধি হতে পারে, কিন্তু তাদের প্রকৃত মঙ্গল ওতে হবে না। বুদ্ধিমানের মত অনেক মুখরোচক আপাতমধুর কথাই ওঁরা বলেছেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি, কি করেছেন ওঁরা এদের পুনর্বসতির জন্য। এখন দণ্ডকারণ্যে পাঠাবার প্রস্তাব হচ্ছে। আমরা চেষ্টা ক'রে দেখব সেখানে কিছু হ'তে পারে কিনা। বাংলাদেশে যদি বাসোপযোগী উদ্বৃত্ত জমি থাকে তবে নিশ্চয়ই সেখানেই প্রথমে চেষ্টা করা উচিত, যদিও এর একটা অন্তরায়ের কথা আমি পূর্বে উল্লেখ করেছি : অর্থাৎ অর্থনৈতিক পুনর্বাসন চাই। পূর্ব পাকিস্তান থেকে এখনও ৮০ লক্ষ লোক আসবার জন্য উন্মুখ হয়ে আছে। তারা কোথায় যাবে, আরও দেখুন, তাদের ছেলেপিলেরা কোথায় যাবে? যে হারে নাকি আমাদের পুত্রকন্যার সংখ্যা বাড়ছে! (সভায় হাস্যধ্বনি)। এটা কিন্তু প্রকৃতই হাসবার কথা নয় গভীরভাবে চিন্তার বিষয়। যাই হোক, আজ আমরা দেখছি, পশ্চিম বাংলায় যে স্থান আছে তাতে বাস্তবিক স্থান সংকুলান করা যায় না। দণ্ডকারণ্যের কথা তাই উঠেছে। আমি এই প্রস্তাবকে স্বাগত জানিয়েছি, কিন্তু স্থানটা কিরকম সেটা পূর্বাহ্নে দেখা দরকার। তিনটি প্রদেশের মধ্যে দণ্ডকারণ্য পড়েছে, উড়িষ্যা, মধ্যপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ। এখানে আমার সুচিন্তিত বক্তব্য হচ্ছে, এই বিস্তৃত এলেকা কেন্দ্রীয় সরকার কর্তৃক পরিচালিত হওয়া কর্তব্য, শুধু কর্তব্য নয়, করতে হবে। আজ বাঙ্গালী পৃথিবীর কোথায় নাই? বাঙ্গালীর কৃষ্টি ও সভ্যতার ছোঁয়া পৃথিবীর দূরতম প্রদেশকেও স্পর্শ করেছে। তাই আমি বিশেষ ক'রে বলব, দণ্ডকারণ্যে উদ্বাস্তু পুনর্বসতির সঙ্গে সঙ্গে সেখানে যাতে বাঙ্গালীর কৃষ্টি ও সভ্যতার পূর্ণ বিকাশসাধন হ'তে পারে সেই পরিবেশ সৃষ্টি করা প্রয়োজন। এই যে আজকে তারা এদিকে ওদিকে বিচ্ছিন্ন হয়ে পড়ে আছে এটার প্রতিরোধ ক'রে তাদের এক জায়গায় বসিয়ে তাদের মধ্যে ঐক্যবোধ জাগিয়ে তুলতে হবে এবং পশ্চিমবঙ্গের সঙ্গে সম্পর্ক রেখে তারা যাতে বেড়ে উঠতে পারে এবং পৃথিবীর মধ্যে আবার স্থান ফিরে পেতে পাবে সেদিকে আমাদের দৃষ্টি নিবদ্ধ করতে হবে। তাই আজ দণ্ডকারণ্যের

নাম শুনে ভয় খেলে চলবে না। ১৯২৭ সালে আমি ইউরোপে ভ্রমণে ছিলাম। তখন আমার সঙ্গে একদল আমেরিকান ট্যুরিস্টএর দেখা হয়েছিল। তাঁরা আমাকে বলেছিলেন, আমাদের পূর্বপুরুষরা কত কষ্ট ক'রে জঙ্গল কেটে আমেরিকায় বসতি স্থাপন করেছিল। আমরা আজ দেখছি সেই জঙ্গলাকীর্ণ আমেরিকা ইংলন্ডের থেকেও সুন্দর হয়েছে। দন্ডকারণ্যও বাংলাদেশ থেকে ভাল হ'তে পারে। এখন আমরা স্বাধীন দেশের লোক, অনেক জিনিস আমরা করতে পারি। দন্ডকারণ্যেও আমরা একটা নতুন বাংলাদেশ করতে পারি এবং সেটা বাংলাদেশের চাইতেও ভাল জায়গায় পরিণত হতে পারে।

[4-50—5-15 p.m.]

আজ তাই দরকার হয়ে পড়েছে আমাদের এই দন্ডকারণ্যে যাতে সেখানে বাঙ্গালীর একটা পরিবেশ সৃষ্টি ক'রে পুনর্বাসন করা যায়। কাজেই সেদিকে আমাদের সর্বতোভাবে চেষ্টা করা দরকার।

স্যার, আর একটি কথা আমি উদ্বাস্তু সমস্যা সম্পর্কে বলতে চাই। যদিও একথা বলতে গিয়ে আমি একটু ক্রিটিক্যাল হব, তবুও একথা না ব'লে আমি পারছি না।

[Interruptions from question benches.]

Mr. Speaker: Order, order. Throughout the debate I expect that the same courtesy as was shown to your Leader will be shown to the members of the other side, and there will be no comment of any description. This is a very, very important matter which is being debated.

Sj. Pramatha Ranjan Thakur:

এযাবৎ আমাদের সরকার পুনর্বাসন সম্পর্কে মনে করতেন যে এটা একটা সোস্যাল ওয়ার্ক, সেজন্য আমরা দেখতে পাচ্ছি যে, সেন্টার থেকে কৃষ্ণমাচারী নাকি বলেছেন যে, আমরা
86 crores of Rupees
ব্যয় করেছি, কিন্তু আমরা বাস্তবিক একজন লোককেও এখানে পুনর্বাসন দিতে পারি নি। এটা অতি দুঃখের কথা। আজ সেন্সাস বা স্ট্যাটিসটিক্স নিয়েও আমরা বুঝতে পারি না যে, কতগুলো রিফিউজি পূর্ব বাংলা থেকে পশ্চিম বাংলায় এসেছে। আমাদের প্রধানমন্ত্রী বলেছেন যে, আমরা পার্সোন্যালি ১৯ লক্ষ লোককে বসাতে পেরেছি। এটা কতটা সত্যি কথা আমি তা জানি না। কিন্তু আমরা যারা এসেছি আমরাও এখানে বসেছি, তবে সম্পূর্ণভাবে যে আমরা এখানে বসতে পারি নি একথা জানি। এই ১৯ লক্ষ লোককে উনি কিভাবে বসিয়েছেন তা আমরা জানি না। পার্সিয়াল রিহ্যাবিলিটেশন মানে যে কি, তা বোঝা বড় শক্ত। কিন্তু আমি একথা জানি যে, অনেককে যাদের লোন দেওয়া হয়েছে সেই লোন অভাবে পড়ে তারা খেয়েছে এবং ঘরবাড়ি বিক্রি ক'রে তারা আবার পাকিস্তানে চলে গেছে। সেখানে গিয়ে অভাবে পড়ে আবার তারা এখানে চলে এসেছে। এইরকমভাবে কতবার যে লোন নিয়ে পশ্চিমবঙ্গ থেকে পূর্ববঙ্গে গিয়েছে এবং পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে এসেছে তার খবর বোধ হয় গভর্নমেন্ট রাখেন না। পূর্ব পাকিস্তান থেকে পশ্চিম বাংলায় আসার কারণটা কি? ১০ বছর যাবৎ এই পশ্চিম বাংলা দ্বার উন্মুক্ত ক'রে রেখেছে যে, যারা পাকিস্তানে না থাকতে পার তারা এখানে চ'লে এস। কিন্তু এই দরজা উন্মুক্ত রাখার আজ কি প্রয়োজন আছে তা আমি বুঝতে পারি না। স্যার, আপনি জানেন যে, প্রথম মহাযুদ্ধের পরে টার্কি এবং গ্রীসের সঙ্গে যে চুক্তি হয়েছিল তাতে ঠিক হয়েছিল যে, তারা দশ বছর যাবৎ দরজা উন্মুক্ত রাখবে এবং এক্সচেঞ্জ অব পপুলেশন এই দশ বছরের ভেতরে যা হবে তার পরে আর হতে পারবে না। আমাদেরও সেইরকম একটা টাইম লিমিট থাকা দরকার। যারা সেই রাষ্ট্রে সাম্প্রদায়িকতার জন্য থাকতে পারবে না তারা পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে চলে এসেছে। কিন্তু যারা এখন সেখানে রয়েছে তারা বলছে যে তারা এখন সেখানে খেতে পারছে না। এই খেতে পাওয়া জিনিসটা তো কোন পলিটিক্যাল রিজন নয়? মুসলমানরাও তো পাকিস্তানে খেতে পায় না? কিন্তু তার জন্য পশ্চিমবঙ্গের দুয়ার যে সব সময় খোলা রাখতে হবে তার তো কোন মানে হয় না। একথা

বলে আমি অনেক জায়গায় আনপপুলার হয়েছি কিন্তু একথা আমি নিশ্চয় বলব যে এইরকম-ভাবে দরজা খোলা রাখা একটা বোকামী ছাড়া আর কিছুই নয়। কারণ ৮০ লক্ষ হিন্দু যদি এখনও সেখান থেকে এসে না থাকে তাহলে এরা যে কতকাল ধ'রে আসবে তা জানা যায় না। একজন প্রসিদ্ধ এম-পি দরজা কতকাল খোলা রাখতে হবে সে সম্বন্ধে বলেছেন যে,

till eternity or doomsday whichever is longer.

এইরকম যদি ব্যবস্থা থাকে তাহলে আমি বলব যে পশ্চিম বাংলা রাজ্যের নিরপেক্ষতা ভেঙ্গে পড়বে এবং তাতে যারা এখানে আছে তাদের কোন সুষ্ঠু ব্যবস্থা হবে না বা আমরা যারা পূর্বে উদ্বাস্তু হিসাবে এখানে এসেছি আমাদের কোন সুবিধে হবে না। অতএব আমি বলব যে যতদিন পর্যন্ত এই যে উদ্বাস্তু এসেছে এদের সুষ্ঠুভাবে পুনর্বাসন না হয় ততদিন পর্যন্ত বর্ডার একেবারে সিল ক'রে দেওয়া দরকার এবং ব'লে দেওয়া দরকার যে আমরা যতগুলো লোক পেয়েছি এদেরই সুষ্ঠুভাবে বসাতে না পারলে বর্ডার কখনো খোলা হবে না। এটা বাস্তবিক এখন থেকে করা উচিত। যদি পূর্ববঙ্গ থেকে হিন্দুরা আসে তবে টাইমলিমিট্ এখন থেকেই ক'রে দেওয়া দরকার। কারণ এখান থেকে মুসলমানেরা তো ওখানে যায় না। মিঃ খান্না বলেছেন যে মুসলমানদের পরিত্যক্ত সম্পত্তিতে পশ্চিম পাঞ্জাবের অনেক উদ্বাস্তু বসেছে। এ যদি সত্য হয় তাহলে আমরা এ সত্য এখানে ফলাতে চাই না। কারণ এখানে মুসলমান যারা রয়েছেন তাঁরা কোন গোলমাল করছেন না এবং আমাদের ইন্ডিয়ান ইউনিয়নকে তাঁরা মেনেও নিয়েছেন। সেজন্য তাঁদের পূর্ব বাংলায় যাওয়ার কোন প্রশ্ন আসে না। অতএব যারা আসবে তাদের পুনর্বাসন যদি করাতে হয় তাহলে সেটা বাংলার বাহিরে ছাড়া অন্য কোন জায়গায় হ'তে পারে না। কিন্তু আমি চাই যে দণ্ডকারণ্য ব'লে যে এরিয়াটা নেওয়া হচ্ছে সেটাকে সেন্ট্রালি অ্যাডমিনিস্টার্ড এরিয়া ব'লে নেওয়া হোক। মিঃ সেন যেটা বলেছেন ৮০ লক্ষ সেখানকার হিন্দু এখানে না এসে পারবে না—তাঁকেই আমি বলতে চাই যে তাদের সেখানেই বসাতে হবে এবং বাঙ্গালীর পরিবেশ সেখানে সৃষ্টি করতে হবে। মানুষ নতুন জায়গায় গেলে মনে ক'রে কিরকম অবস্থায় আমরা বাস ক'রে এসেছি আর আজ কি অবস্থায় এসে পড়েছি- এইসব নানা কথা ভেবে তার সুখ শান্তি নষ্ট হয়, কিন্তু এটা সত্যি

Happiness is a condition of feeling and not a condition of circumstances.

যাই হোক, আমাদের যদি সেখানে তাদের বসাতে হয়, তাদের যাতে বুঝতে পারি যে এই দেশ সত্যই সুন্দর দেশ তার চেষ্টা করতে হবে। আমি ব্যক্তিগতভাবে কলোনী ক'রে দেখেছি এই কলকাতা থেকে ৩০ মাইল দূরে। প্রথম প্রথম লোক সেখানে থাকতে চায় না, কিন্তু একটা কথা বলেছিলাম তা' এই যে আস্তে আস্তে আমাদের এই জায়গা সুন্দর জায়গা হবে। বাস্তবিক ১০ বছরে সেটা সুন্দর দেশ হয়েছে—সেখানে স্কুল, হাসপাতাল সব হয়েছে। তাই বলছি দণ্ডকারণ্যের ব্যাপার যদিও ভয়ংকর ব'লে মনে হয় আস্তে আস্তে কাজ করলে সেই জায়গাই একদিন সুখের জায়গা হবে, স্বর্গ হয়ে উঠবে। তাই অপোজিসনএর তরফ থেকে যেসমস্ত প্রস্তাব এসেছে তার আমি বিরোধিতা করি

[At this stage the House was adjourned till 5-15 p.m.]

[*After adjournment.*]

[5-15—5-25 p.m.]

Sj. Jagannath Kolay: Sir, with your permission I am moving a short-notice amendment.

I beg to move that in Amendment No. 6A after the words "takes note" the words "with interest" be inserted.

In Amendment No. 6B after clause (b) another new clause be inserted, namely:—

(c) the implementation of the scheme when finally approved should be undertaken by a statutory body in which the West Bengal Government should be adequately represented.

Mr. Speaker: Before Dr. Ghose addresses the House I wish to make the position clear. You have noticed that Mr. Kolay has moved a further *amendment. It is a short-notice amendment and I have directed that this* should be printed and circulated straightaway, so that you can see the actual text of the amendment. If I am not wrong, the position is that the amendment is being introduced as a result of certain talks between Mr. Kolay and the honourable members of the other side of the House.

Dr. Prafulla Chandra Ghose: Mr. Speaker, Sir, the amendment to our amendment which Mr. Kolay has proposed I support that entirely. When our friend Sj. Bijoy Singh Nahar proposed the main resolution, our opposition was not to oppose that the East Bengal refugees should go outside West Bengal. I have always supported the East Bengal refugees going outside West Bengal, and I may assure our friend Sj. Bijoy Singh Nahar that if our Prime Minister of India can arrange for the East Bengal refugees even going to Canada or Australia, I shall support that. If he can arrange to send one lakh people or two lakh people to Canada or Australia or even in the United States of America......

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You send me there.

Dr. Prafulla Chandra Ghose: Then you will go alone. What I was saying is that the density of the population in all these places is very low and I do not know whether my friend Sj. Jyoti Basu, the Leader of the Communist Party, has got any influence with the Russian Communist Party, if he can even send one lakh people to Russia......

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Siberia.

Dr. Prafulla Chandra Ghose: Why not Siberia? You do not know how Siberia has been developed now. Therefore, even if they send them to Siberia, the density of population will be 25 per cent. I shall welcome that. What I say is we have never been opposed to this. As my friend Sj. Pramatha Ranjan Thakur has said the Bengalees will multiply. Nobody can stop that. In spite of the family planning and this and that everywhere in the world at least there has been an increase of population by 10, 12, 13 per cent. in the course of ten years. Therefore, if the Bengalees go outside Bengal, I shall welcome that irrespective of the fact that they are refugees or non-refugees even. So if anybody says that the East Bengal refugees must remain in West Bengal on principle, I shall certainly oppose that. Even I have opposed this in a refugee meeting. I say there is no fear on this ground. But why we oppose this Dandakaranya scheme is this: where is the scheme? We do not know what the scheme is. I tried to get it from the Central Government. I tried to get it from Sj. Mehr Chand Khanna. He was not in Calcutta. Nobody could give us the scheme. Without knowing what the scheme is we cannot sign a blank paper. That is simply impossible. If and when the scheme is given to us and when we shall know that the scheme is good, we shall certainly welcome that proposal. I have made it absolutely clear in public meetings and I want to make it clear here too.

Then Sj. Jyoti Basu has quoted from Sj. J. N. Sen Gupta's report and said that rainfall there is between 30 to 50 inches annually and there is water scarcity. Sj. Siddhartha Sankar Roy has said that the figure is not that. The rainfall there is between 50 to 60 inches. In certain areas

there is water scarcity. We must know where the people will be going and how many people will be going. Suppose the scheme is going to be accepted, we want to know how many people will be going in 1957-58 and *how many people will be rehabilitated in 1958-59 and 1959-60? We must have a clear picture of what can be done. There are 11 lakhs of people* according to the Government figure to be rehabilitated yet. Nineteen lakhs of people have been given help of some kind or other. Whether they have been rehabilitated or not there is a difference of opinion about that. Even Mr. Krishnamachari has said nobody has been rehabilitated. Supposing for example some people have been rehabilitated, still according to Government figures 11 lakhs remain to be rehabilitated. How many people out of that 11 lakhs can be taken in Dandakaranya within the next two or three years and what will be the fate of the rest? The rest cannot remain in air. You say that they cannot be rehabilitated in West Bengal. Where will they be rehabilitated? We must have a clear picture about it. As I was reading a book of Sir E. John Russel, former Director of the Rothamsted Agricultural Research Station in England entitled "World Population and World Food Supply", 1954 Edition—the book was written in 1954—there he says "In Assam the percentage of actually sown land to what is called actual cultivable land is only 22 per cent.; whereas in West Bengal it is 80 per cent., in Bombay 81 per cent., in Bihar 65 per cent. So in all the provinces, namely, Bihar, Orissa and other provinces, the percentage of sown land is three or four times more than that of Assam. So there is plenty of cultivable land in Assam lying unsown. Even many people from East Bengal have told me that there is plenty of cultivable land in Assam. It is only the cussedness of the Assam Government which does not allow them to go there. I say, Sir, that India is one, Indian citizenship is one and all the Governments excepting Kerala are Congress Governments and the Congress must have a hold on the people of Assam, on the Congress Ministry of Assam so that at least one or two million refugees can go to Assam. Assam for the Assamese—this sort of cry is a very bad cry. If this thing goes on then provincialism of one place will be reflected by provincialism in another place and so on and so forth, which will ultimately lead to disintegration of India. There is land in Assam and the Congress Working Committee or Pandit Jawaharlal Nehru should see to it that when there is enough cultivable land in Assam, they should be allowed to go to Assam and settle. At least on an independent testimony of a man, a great scientist, D.Sc., Fellow of the Royal Society who was the head of the Rothamsted Experimental Station, a well-known agricultural research station, only 22 per cent. of the cultivable land is sown and so people should be allowed to go to Assam. Bengalees will like to go to Assam which is a nearabout area and there is plenty of water and everything there is congenial.

[5-25—5-35 p.m.]

But as regards this land—about Dandakaranya—I would request my friend Sj. Nahar, before welcoming this proposal, to go there and see for himself and see whether Dandakaranya is what the other people say. Somebody was telling me, quoting from ancient Ramayana that Atri Muni described it as a very nice place and Shri Ramachandra went to Dandakaranya. When Yaksha was banished in the Ramagiri the "Meghdoot" was written by Kalidasa and this is also the month of Ashar and my friend Sj. Bijoylal is a poet and he welcomed this resolution also. I would request him to go to Ramagiri Ashram and see for himself the things there. He can take me—I can go with him—but I am not a poet and I will not be able

to write "Meghdoot." So, I would say that before this is given effect to, the place must be seen. When there was a controversy about sending the refugees to Andamans, I went there actually and saw almost every part and I remained there for a few days and then I wrote in the paper that *about 50,000 refugees can go there. In the Government report it is stated* that about 40,000 refugees could be sent there. Of course Government had more details. But let this 40,000 be settled there. If the Government of India really want to settle them there, why are they not sending them there?

There is another thing which I want to mention and it is this that these people should not be sent to any relief camp anywhere outside West Bengal, as for example, in Bettiah where they were sent in relief camp. Why should they be sent to relief camps? If and when there is the possibility of rehabilitating them, they are to be sent to those places. If at all, they should be sent to relief camps in West Bengal, and not outside. From these camps they should be taken away straight to the place where they are to be rehabilitated. What is the point in opening a camp there? I cannot understand it. In this way you are making much more complications. Now, I am glad that all parties have agreed on this resolution including the Congress. I hope my friend Sj. Nahar will also welcome this new proposal wholeheartedly so that the resolution may be passed unanimously (Sj. BIJOY SINGH NAHAR: This is my proposal). I am glad that it is your proposal. Sir, we want that Bengalees may go outside if need be, if there is necessity but we must know what it is before we send them over there. We must first see the whole scheme—full plan—full picture—and when we get the full picture there would be no difficulty for us to send them. That is all that I want to say at this stage. There is no more necessity for any more debate and I think we shall all unanimously accept it. With these words I support the resolution.

Mr. Speaker: Now that there is a possibility of unanimity I would expect honourable members not to strike a discordant note in their speeches whatever they might have originally thought about the subject. In view of this unanimity I hope the honourable members would also cut short their speeches slightly.

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, দণ্ডকারণ্যে উদ্বাস্তু পুনর্বাসনের উপর যে প্রস্তাব এসেছে তার উপর আমার যে সংশোধনী প্রস্তাব আছে সে সম্পর্কে আমার কয়েকটি কথা বলার আছে। সরকারী তরফের এই প্রস্তাবের উত্থাপক শ্রীবিজয় সিং নাহারের বক্তৃতার পর সরকারপক্ষভুক্ত আর একজন সদস্য শ্রী পি আর ঠাকুর মহাশয় নাহার মহাশয়ের সমর্থনে যে বক্তৃতা দিয়েছেন সেই বক্তৃতা অত্যন্ত আপত্তিজনক। আমি জানি না, ঠাকুর মহাশয়ের বক্তৃতা সরকারী উদ্বাস্তু পুনর্বাসন নীতির সহিত সম্পর্কিত কিনা? মিঃ স্পীকার, স্যার, আপনার নিশ্চয় স্মরণ আছে যে, যেদিন বিধানসভায় উদ্বাস্তু পুনর্বাসন বাজেট আলোচিত হয় ঠিক সেদিনের বিকেলবেলায় কংগ্রেসভবনে কংগ্রেস-কর্মীদের একটা সভা হয়েছিল এবং সেই সভায় ভবিষ্যতে উদ্বাস্তু পুনর্বাসন কিভাবে করা হবে সে সম্পর্কে আলোচনাও হয়েছিল। সেই সভাতে ঠাকুর মহাশয় বলেছিলেন যে, সীমান্ত বন্ধ ক'রে দেওয়া হোক যাতে ক'রে আর কোন উদ্বাস্তু এই রাজ্যে প্রবেশ করতে না পারে। তাঁর সে বক্তৃতার প্রতিবাদ আজ পর্যন্ত সরকারপক্ষের কেউ করেন নাই। আজ বিধানসভায় বক্তৃতাপ্রসঙ্গে তিনি সেই একই কথা বলেছেন। এরও কোন প্রতিবাদ সরকারপক্ষের কেউ করেন নাই। তা হ'লে কি বুঝব—সরকার বর্ডার সিল ক'রে দিতে চান উদ্বাস্তু আগমন বন্ধ করার উদ্দেশ্যে? শ্রীযুত ঠাকুর নিজে নিরাপদে আছেন বলেই বর্ডার সিল ক'রে দেওয়ার কথা বলেছেন। আমি মনে করি যে

It is a definite betrayal of the people. It is a falling back on the assurances given by the Congress leaders to the countrymen.

দেশ বিভাগের সময় কংগ্রেসী নেতারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, দেশবিভাগের জন্য পূর্ব বাংলার লোক যদি পশ্চিম বাংলায় চলে আসতে চায় তা হ'লে তাতে কোনরকম বাধা সৃষ্টি করা হবে না, পক্ষান্তরে আগত উদ্বাস্তুদের পুনর্বাসনের পূর্ণ দায়িত্ব সরকার গ্রহণ করবেন। শ্রী ঠাকুর নিশ্চয়ই তাঁর ধনসম্পত্তি নির্বিবাদে এই রাজ্যে আনতে সক্ষম হয়েছেন; কারণ তা না হ'লে সীমান্ত বন্ধ ক'রে দেবার কথা তিনি বলতে পারতেন না। এই ধরনের কথা হীন স্বার্থপরতার কথা, চূড়ান্ত হৃদয়হীনতার কথা, অমানুষিক দায়িত্বহীনতার কথা এবং সেইজন্যই তা সর্বতোভাবে নিন্দনীয়। আমি দাবি করি যে, সরকারপক্ষ শ্রী ঠাকুরের কথার প্রতিবাদ করুন। যদি তাঁরা তা না করেন তা হ'লে আমরা মনে করব যে, সরকার উদ্বাস্তু আগমন বন্ধ করার জন্য সীমান্ত বন্ধ করার ষড়যন্ত্র করছেন।

দণ্ডকারণ্য সম্বন্ধে আমার যেটুকু জানা আছে সে সম্পর্কে আমি এবার কিছু বলব। সরকারী মতে পশ্চিম বাংলায় ৩১ লক্ষ উদ্বাস্তু আছে। সরকার নিজেই স্বীকার করেছেন যে, তার মধ্যে ১৯ লক্ষকে তাঁরা আংশিকভাবে পুনর্বাসন করেছেন। তা হ'লে বাকি রইল ১২ লক্ষ। দণ্ডকারণ্যে উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে যা শুনেছি তাতে বুঝেছি যে, ১০ লক্ষ বর্গমাইল আপাতত সরকার গ্রহণ করতে যাচ্ছেন এবং সেই স্থানে ৬ লক্ষ উদ্বাস্তুকে তাঁরা পুনর্বাসনের জন্য পাঠাবেন। এই যদি পরিকল্পনা হয় তা হ'লে বাকি ৬ লক্ষ উদ্বাস্তুর কি হবে? এ সম্পর্কে কেউ কিছু বলেন নি। আমরা আশা করেছিলাম যে, যিনি এই প্রস্তাবের উত্থাপক তিনি তাঁর বক্তৃতায় এ সম্পর্কে কিছু বলবেন। তা হ'লে দেখা গেল দণ্ডকারণ্য পরিকল্পনা যদি সফলও হয় তা হ'লেও ৬ লক্ষ উদ্বাস্তু পড়ে থাকবে। তা ছাড়া যারা ভবিষ্যতে সীমান্ত অতিক্রম করবে তারা তো আছেই। তা ছাড়া শুধু পুনর্বাসন হ'লে হবে না; অর্থনৈতিক পুনর্বাসন করাই হচ্ছে আসল কথা। তাই দণ্ডকারণ্যে পাঠিয়ে দেওয়াটাই কাজের কথা নয়। উদ্বাস্তুরা সেখানে গেলে পরে মানুষের মত বাস করতে পারবে কিনা সেটাই হ'ল প্রশ্ন। এই অর্থনৈতিক পুনর্বাসন করতে হ'লে প্রথমত উদ্বাস্তুদের শ্রেণী ও বৃত্তি হিসাবে ভাগ করা দরকার। দণ্ডকারণ্যে যে ৬ লক্ষ উদ্বাস্তু পাঠাতে চান তারা সেখানে কোন্ কাজ করবে? কৃষি কাজ? কৃষি কাজ করতে হ'লে কৃষক উদ্বাস্তু পরিবার পাঠাতে হবে। ৬ লক্ষের মধ্যে কারা সেই কৃষক পরিবারভুক্ত তার হিসাব দেওয়া হয় নি। ফলে যারা কৃষক পরিবারভুক্ত নয় এমন বহু পরিবারকে সেখানে পাঠান হবে যারা আবার এখানে চলে আসতে বাধ্য হবে। সুতরাং এইভাবে পরিকল্পনাহীন পরিকল্পনার কি দরকার? দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের পাঠাবার প্রস্তাব যিনি উত্থাপন করেছেন তিনি এ সম্বন্ধে কোন কথাই বলেন নি। তবে একটা জিনিস তাঁর কথা থেকে বুঝতে পেরেছি। পশ্চিমবাংলায় উদ্বাস্তু বসাবার জন্য আর জমি পাওয়া যাবে না ব'লেই দণ্ডকারণ্যে উদ্বাস্তু পাঠান দরকার—এটা প্রস্তাবের মূল কথা। এ সম্পর্কে বহু কথা আমাদের বলবার আছে। পশ্চিম বাংলায় দেশের লোকের প্রয়োজনের তুলনায় এই রাজ্যের গরিব চাষী, ভূমিহীন চাষী ও ক্ষেতমজুরের চাহিদার তুলনায় কম জমি আছে—এ সম্পর্কে সন্দেহ নেই। আর এই রাজ্যের এইসব চাষী ও ক্ষেতমজুরদের জমি থেকে উচ্ছেদ ক'রে দিয়ে সেই জমিতে উদ্বাস্তু পুনর্বাসনের নীতিও সমর্থনযোগ্য নয়। সুন্দরবনের গরিব ভাগচাষীকে জমি হ'তে জোর ক'রে উচ্ছেদ ক'রে ভাগচাষীর জমিতে সরকার উদ্বাস্তু বসিয়েছেন। এইমাত্র কয়েকদিন আগে মুড়োগাছা ও আড়প্যাঁচে দরিদ্র কৃষকের জমি কেড়ে নিয়ে সরকার সেখানে উদ্বাস্তুদের বসিয়ে দিয়েছেন। উদ্বাস্তু পুনর্বাসন নিশ্চয়ই আমরা চাই। কিন্তু এইভাবে চাই না। এই রাজ্যের ক্ষেতমজুর, ভূমিহীন চাষী ও গরিব চাষী যারা তিন পুরুষ ধ'রে এক জমি চাষ করছে সেই জমি থেকে তাদের উচ্ছেদ ক'রে উদ্বাস্তু ক'রে দেওয়া হচ্ছে। তারা শেওলার মত ভেসে ভেসে বেড়াবে—এ কখনও হ'তে পারে না। এইভাবে উদ্বাস্তু বসাবার ফলে উদ্বাস্তু ও এই রাজ্যের দরিদ্র চাষীমজুরদের মধ্যে বিভেদ সৃষ্টি হচ্ছে। এ জিনিস আমরা চাই না। এসব কথা ব'লেও আমি বলব—চোখ-কান বুজে উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠাবার আগে পশ্চিম বাংলার জমিতে উদ্বাস্তুদের পুনর্বাসন করা এখনও সম্ভব কিনা তা হিসাব ক'রে দেখতে হবে।

[5-35—5-45 p.m.]

এই রাজ্যে উদ্বাস্তু পুনর্বাসন করা যায় কিনা সে প্রশ্ন বিবেচনা করার জন্য হিসেব ক'রে দেখা দরকার—কত লোককে আপনারা পশ্চিম বাংলায় রাখতে পারবেন। হিসাবে যদি দেখা যায় যে, পশ্চিম বাংলায় আর উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া যাবে না, তা হ'লে তাদের অন্যত্র বসাতে হবে। কিন্তু কোনদিনই কি সরকার কোন হিসাব নিয়েছেন? পশ্চিম বাংলায় স্যাচুরেশন পয়েন্ট পৌঁছে গিয়েছে একথা বলা অবৈজ্ঞানিক। শিল্পোন্নতি ঘটাতে পারলে এখনও এই রাজ্যে কোটি কোটি লোককে পুনবর্সতি দেওয়া সম্ভব। পশ্চিম বাংলায় শিল্পোন্নতির কতটা সুযোগ আছে, তাতে কোন বাড়তি লোক নিযুক্ত করা যেতে পারে কিনা ইত্যাদি মূল মূল প্রশ্ন হিসাব করার পর স্যাচুরেশন পয়েন্টএর কথা উঠতে পারে—তার আগে নয়। সে সমস্ত কথা চিন্তা করা হয়েছে কি? তা করা হয় নাই। তাই আমি বলব যে, উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠাবার আগে সরকার এই তথ্যগুলি নিন। যতসংখ্যক উদ্বাস্তুকে এই রাজ্যে পুনর্বাসন দেওয়া সম্ভব তাদের এখানে বসান; বাকি সংখ্যাকে অন্য জায়গায় পাঠান। যারা কৃষি-পরিবারভুক্ত তাদের দণ্ডকারণ্যে পাঠান যেতে পারে যদি পরীক্ষান্তে দেখা যায় সেখানে অর্থনৈতিক পুনর্বাসন হবে। আর যারা কৃষি পরিবারভুক্ত নয়, তাদের সেখানে পাঠানোর প্রশ্নই ওঠে না। তাদের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করবেন সে সম্পর্কে চিন্তা করুন। অর্থাৎ সমস্ত বিষয়টিকে একটা ইন্টিগ্রেটেড প্ল্যান অনুযায়ী দেখুন।

' নাহার মহাশয়ের একটা কথার প্রতিবাদ না ক'রে পারি না। তাঁর ধারণা যে, উদ্বাস্তুরা জায়গা ছেড়ে চ'লে আসে প্ররোচনাকারীদের উস্কানির জন্য। আমি জানি না কোন্ তথ্যের উপর ভিত্তি ক'রে এইকথা তিনি বলেছেন। যদি মনে করেন আমাদের মত একজন লোকের বা পার্টির ডাকে হাজার হাজার উদ্বাস্তু তাদের ঘরবাড়ি ছেড়ে চলে আসে ও অনির্দিষ্ট ভবিষ্যতের মধ্যে ঝাঁপিয়ে পড়ে, আমি মনে করি, কংগ্রেস তা হ'লে এতদিন গদিতে থাকতে পারত না, অনেক আগেই আমরা বিপ্লব ক'রে কংগ্রেসকে গদি ছাড়া ক'রে দিতাম। সরকারী কলোনি ত্যাগের কারণ অন্যত্র নিহিত আছে। (এ ভয়েস: আপনারা চেষ্টা করেছেন, কিন্তু পারেন নি।) আপনারা উদ্বাস্তুদের অর্থ দিচ্ছেন, জমি দিচ্ছেন, তবে কেন তারা সেখান থেকে চলে আসে? তাদের সেখানে অর্থনৈতিক পুনর্বাসন হয় না ব'লেই তারা চ'লে আসে। উদ্বাস্তুদের এমন জায়গায় পাঠান হয় যেখানে লোকে যেতে চায় না। যেখানে চাষ হয় না, সেখানে উদ্বাস্তু চাষী পরিবারদের পাঠাচ্ছেন! নিজেদের দোষগুলি আপনারা দেখেন না। একটু সেল্‌ফ ক্রিটিক্যাল হবেন না? অন্যের ঘাড়ে দোষ চাপিয়ে আপনারা নিজেদের নীতির ব্যর্থতার কারণ ঢাকতে চাইছেন।

আপনারা পুনর্বাসনের জন্য সবশুদ্ধ প্রায় ৪০ কোটি টাকা খরচ করেছেন। ফ্যাক্ট ফাইন্ডিং কমিটির রিপোর্ট পড়ে দেখুন। মিনিস্টারস কমিটির রিপোর্ট পড়ে দেখুন। এ আমার নিজের কথা নয়। আপনাদের কংগ্রেসমন্ত্রীরা কি কথা বলেছেন শুনুন।

"70 per cent. of the money spent for rehabilitation is misspent

কোটি কোটি টাকা খরচ করেছেন, অথচ উদ্বাস্তুদের পুনর্বাসন হয় নি। দণ্ডকারণ্যে সেই জিনিস হবে না তার স্থিরতা কোথায়? টাকা খরচ করার আগে সে কথা চিন্তা করার দরকার আছে।

যতটুকু জানা গিয়েছে, তাতে জেনেছি যে, দণ্ডকারণ্যে বছরে ৩০ থেকে ৫০ ইঞ্চি বৃষ্টিপাত হয়। আর প্রস্তাবক বললেন যে, সেখানে ধানের ভাল চাষ হয়, আখেরও এমন কি রবার চাষও হয়। বিজ্ঞান বলে যে, যে জায়গায় বছরে ৫০ ইঞ্চি বৃষ্টিপাত হয় সেখানে ধানের চাষ, আখের চাষ ভাল হ'তে পারে না; রবারের চাষ তো হতেই পারে না। মালয়ের বৃষ্টিপাত, ব্রেজিলের আমাজন নদীর অববাহিকার বৃষ্টিপাত কত তা দেখুন। তবেই রবার হয়। দণ্ডকারণ্যে তার কণামাত্র বৃষ্টি হয় না। দণ্ডকারণ্যে চাষীপরিবার পাঠাতে চান? তার আগে ওখানকার

টপোগ্রাফিক্যাল কন্ডিশন জানা দরকার। আমরা শুনেছি এরোশনএ সেখানকার বহু জায়গার মাটি ফেটে চৌচির হয়ে গেছে। একজন এফ এ ও'র রিপ্রেজেন্টেটিভ তিনিও একথা বলছেন। এইসব বক্তব্য সত্য কিনা তা একবার দেখলেন না। তার আগেই উদ্বাস্তুদের পাঠাতে চান? আবার কি ৪০ কোটি টাকা জলে ফেলতে চান নাকি? এই টাকা কার? নিশ্চয় গৌরী সেনের নয়। এই টাকা জনসাধারণের। তাদের সেই টাকা নয়-ছয় করতে দেওয়া যেতে পারে না। আর উদ্বাস্তুদেরও মালের মত এক জায়গা হ'তে অন্য জায়গায় আবার সেখান হ'তে অন্য জায়গায় চালান করতে আমরা নারাজ। সুতরাং দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের পাঠাবার প্রস্তাব গ্রহণ করবার আগে সমগ্র প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হোক। তারপর সেইসমস্ত তথ্য পশ্চিম বাংলার জনসাধারণের কাছে উপস্থাপিত করা হোক; জনসাধারণ যদি মনে করে যে, উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠান ছাড়া গত্যন্তর নেই এবং উদ্বাস্তুদের সেখানে অর্থনৈতিক পুনর্বাসন হবে কেবল তখনই উদ্বাস্তুদের সেখানে পাঠান হবে দণ্ডকারণ্যকে উপযুক্তভাবে উন্নত করার পর। সরকার আজকে কিছুসংখ্যক বিরোধীপক্ষের একটা সংশোধনী প্রস্তাব আংশিকভাবে মেনে নিয়েছেন। তা সত্ত্বেও দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের পাঠান উচিত কিনা সে সম্পর্কে সমস্ত তথ্য পাবার আগে এবং পাঠাবার ঔচিত্য সম্পর্কে পশ্চিম বাংলার জনসাধারণকে বোঝাবার আগে আমার সংশোধনী প্রস্তাবের পক্ষেই আমি বিধানসভার সমর্থন চাইব।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে দণ্ডকারণ্যের ব্যাপার নিয়ে আমাদের উভয় দলের মধ্যে যে একটা মিটমাটের অবস্থায় এল, তাতে আমার বিশেষভাবে আনন্দ অনুভব করছি।

এখন পর্যন্ত বাংলাদেশে পুনর্বসতির ব্যাপারে রিফিউজিদের পুনর্বাসনের ঠিক কোন নীতি গ্রহণ করা হয় নাই। অনেক জায়গায় এর আগে রিফিউজি পাঠান হয়েছে। যেখানে মৎস্য-চাষীদের অনুপযুক্ত, সেই চাষের জমিতে হয়ত তাদের পাঠান হয়েছে। সরকার কোন একটা নীতি ধরে তাদের পাঠান না। অনেক সময় তাদের পাঠান হয়েছে শালবনীতে বনমালীপুর। এই রকম জায়গায় যেখানে একেবারে কাঁকর জমি। যেমন বীরভূম তেলীপাড়া কাঁকর জমি, যেখানে কোনরকম চাষবাস কোনরকমে সম্ভব না। এইসব জায়গায় চাষী উদ্বাস্তুদের পাঠান হয়েছে। আবার সেখান থেকে তারা ফিরে এসেছে। তারপর তাদের পুনরায় গয়েশপুর প্রভৃতি স্থানে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। কাজেই পুনর্বাসনের যে নীতি সরকার অনুসরণ ক'রে চলেছেন, তাতে কাজের কাজ কিছু হচ্ছে না। আমরা বরাবর বিরোধী পক্ষ থেকে ব'লে আসছি যে, সরকার একটা অর্থনৈতিক পুনর্বাসনের নীতি গ্রহণ করুন এবং যেখানে তাদের পাঠান হবে, সেখানে যেন তারা নূতন ক'রে জীবন আরম্ভ করতে পারে, তেমন অর্থনৈতিক সুযোগসুবিধা তাদের ক'রে দিতে হবে। যেমন চরবাগে তাদের পাঠান হয়েছিল। সেখানে বড় বড় শালগাছ, তার মধ্যে তাদের থাকবার ব্যবস্থা ক'রে দেওয়া হয়েছিল, সেখানে চাষের ব্যবস্থা ক'রে দেওয়া হয়েছিল। কিন্তু কিছুদিন পরে দেখা গেল সেখানে থাকা অসম্ভব এবং সেখানকার স্থানীয় কর্মচারীদের দুর্ব্যবহারে চরবাগ থেকে উদ্বাস্তুরা ফিরে এলেন। এইরকমভাবে উদ্বাস্তুদের পুনর্বাসন বাইরে হোক বা আমাদের বাংলাদেশের মধ্যেই হোক, পুনর্বাসনের নীতি ঠিকমত গ্রহণ না করলে এই পুনর্বাসন সমস্যার সমাধান হবে না। বাংলাদেশের বিভিন্ন জায়গায় যেসমস্ত উদ্বাস্তুরা আছে, যদিও ডাঃ রায় বলেছেন ১৯ লক্ষ লোকের পুনর্বাসনের ব্যবস্থা ক'রে দেওয়া হয়েছে, সারা বাংলাদেশ ঘুরলে দেখা যাবে কোথাও তাদের পুনর্বাসনের ব্যবস্থা হয় নাই। তাহেরপুরে যান, গয়েশপুর যান, গোপালপুরে যান সেখানেই দেখবেন বাস্তবিকই এই সমস্ত উদ্বাস্তুদের একটা অর্থনৈতিক পরিকল্পনার উপর ভিত্তি ক'রে এই পুনর্বাসনের ব্যবস্থা হয় নাই। এই সমস্ত ভেবে চিন্তে যখন দণ্ডকারণ্যের প্রস্তাব বিজয়বাবু আনলেন, তখন যে আমাদের মধ্যে একটা সন্দেহের উদ্রেক হ'তে পারে এবং উদ্বাস্তুদের মধ্যেও এই সন্দেহ জাগতে পারে, এটা সম্পূর্ণ স্বাভাবিক। সেইজন্য আমাদের প্রস্তাব রয়েছে বাস্তবিক দণ্ডকারণ্য জায়গাটা কি রকম এবং সেখানে গভর্নমেন্ট কি স্কীম গ্রহণ করছেন তা জানা প্রথমে দরকার। গভর্নমেন্ট হয়ত তাদের জঙ্গলের মধ্যে পাঠিয়ে দিলেন, একটা তাঁবু দিলেন, সেখানে জলের কোন ব্যবস্থা নাই, ডাক্তারের ব্যবস্থা নাই, কাছে হয়ত কোন হাটবাজার নাই। কারণ যে জায়গাটা সিলেক্ট করা

হয়েছে, সেই জায়গাটা রেলওয়ে স্টেশন থেকে ৫০ মাইল দূরে। কোন জায়গা হয়ত একশ' মাইল দূরে রেলওয়ে স্টেশন থেকে। কাজেই রাস্তাঘাটের যাতায়াতের ঠিকমত ব্যবস্থা না ক'রে পুনর্বাসনের ব্যবস্থা যদি করেন, তা হ'লে আমরা সেই স্কীম কি ক'রে সমর্থন করতে পারি? সেদিক থেকে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী বললেন যে, বেতিয়া মুভমেন্ট ফেড ক'রে গিয়েছে। আমরা বলছি তা ফেড ক'রে যায় নি।

[5-45—5-55 p.m.]

এখানে বলবার কথা হচ্ছে, বেতিয়ায় যারা গিয়েছিল এবং যে অবস্থায় তারা সেখানে ছিল এটা আজ স্বীকৃত হয়েছে যে, এইসমস্ত দুঃখকষ্ট ও অভাবঅভিযোগ দূর না হ'লে তারা সেখানে মানুষের মত বাঁচতে পারে না। কাজেই তারা আন্দোলনের পথ বেছে নিতে বাধ্য হয়েছে; আন্দোলনের পর অবস্থার সামান্য কিছু উন্নতি হ'লেও আন্দোলন এখনও সম্পূর্ণ ফেড করে নি। তবু আমরা তাদের ফিরে যাবারই উপদেশ দিলাম। এখানে আমার বক্তব্য হচ্ছে, যদি বাস্তবিকই বাইরে যাবার প্রশ্ন আসে এবং যদি একটা সুষ্ঠু প্ল্যানের মারফত তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয় তবে নিশ্চয়ই আমরা সে প্রস্তাব সমর্থন করব। এখানেও তাই হয়েছে, সরকার সুব্যবস্থার আশ্বাস দিলেন আমরাও উপদেশ দিলাম ফিরে যাবার এবং আপনারাও তাদের সেখানে নিয়ে গিয়েছেন। প্রথমে আন্দামান থেকেও ফিরে এসেছিল কারণ তাদের যেসব সুযোগসুবিধা দেওয়া উচিত ছিল তা দেওয়া হয় নি। কিন্তু এখন তাঁরা আন্দামানে থাকতেই চান এবং আত্মীয়স্বজন অনেককেই নিয়ে গিয়েছেন। এইসমস্ত বিবেচনা ক'রে এই দণ্ডকারণ্য স্কীম যেন আমাদের সামনে উপস্থিত না করা হয়। যেসমস্ত সুযোগসুবিধার অভাবে তাঁরা ফিরে আসতে বাধ্য হয়েছেন, এইসব রকম ব্যবস্থা ক'রে দিতে পারেন, অর্থাৎ জলের ব্যবস্থা, রাস্তার ব্যবস্থা, খাবারের ব্যবস্থা করতে পারেন, যাতে তারা জীবিকার্জন করতে পারে তখন আমরা সকলে মিলে বলব উদ্বাস্তুরা সেখানে যান। সেখানকার জমির যে অবস্থা ১৯৫২ সেন্সাস রিপোর্টএ যা আছেঃ

Orissa Inland Division: This tract has a type of soil which is known as red earth. The granite, which is widespread in this region, gives rise to rather coarse sandy soil with just sufficient clay to hold it together. There is accumulation of plenty of iron hydroxide on the surface which causes the uppermost crust of the soil to set as hard as cement in dry season. The soils are poor in organic matter and plant nutrients. These characteristics are most marked in Bamanghaty subdivision of Mayurbhanj, Bonai subdivision and basin of Sundargarh.

কাজেই জমি যে খুব ভাল তা নয়, অনেক স্থানেই কাঁকরের জন্য চাষ হ'তে পারে না। তবে ৮০ হাজার বর্গমাইলের চাষযোগ্য জমি নাই এটাও হ'তে পারে না। একথা সত্য যে, সেখানে যেসব মিনারেল আছে তা যদি কাজে লাগাবার কোন পরিকল্পনা হয় তা হ'লেও অনেক কাজ হ'তে পারে, এদিকে দৃষ্টি দেবার জন্য আমি সরকারকে অনুরোধ করছি। আমার আর বিশেষ কিছু বলবার নাই। আজ আমাদের এই সভায় উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে প্রেরণ করা সম্বন্ধে এবং ডি-ভি-সি সম্বন্ধে যে সর্ববাদী ঐকমত প্রতিষ্ঠিত হ'ল তজ্জন্য আমি সকলকে এবং বিশেষ ক'রে সরকারকে ধন্যবাদ দেব। সরকারকে ধন্যবাদ দেব বিশেষ ক'রে এইজন্য যে, তাঁরা ডি-ভি-সি'র ব্যাপারেও একটা সঙ্গত প্রস্তাব নিয়ে এসেছেন। আমি এই প্রস্তাব সমর্থন করছি এবং আশা করি উদ্বাস্তুদের পুনর্বসতির ব্যাপারেও দলগত রাজনীতির উর্ধ্বে থেকে তাঁরা এ ব্যাপারে অগ্রসর হবেন সকল দলের সক্রিয় সহযোগিতা নিয়ে।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, দণ্ডকারণ্য স্কীমকে স্বাগত জানিয়ে কংগ্রেসপক্ষ থেকে যে প্রস্তাব পেশ করা হয়েছে আবার তার সংশোধন হিসাবে যে প্রস্তাব এসেছে এই সংশোধনী প্রস্তাবের পক্ষে মত পেশ করতে চাই। যে দলগুলি নিয়ে বিরোধীপক্ষ গঠিত হয়েছে তাদের বিরুদ্ধে একটা অভিযোগ হয়ে থাকে যে, পূর্ববঙ্গ থেকে যেসমস্ত উদ্বাস্তু পশ্চিমবঙ্গে আছেন তাঁদের পশ্চিমবঙ্গের মধ্যেই পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে, বাইরে যেতে দেওয়া হবে না এই দাবী

তাঁদের পক্ষ থেকে করা হয়, কিন্তু আজকে যে দলগুলি নিয়ে বিরোধীদল গঠিত তাদের প্রত্যেকটি দল পরিষ্কারভাবে ঘোষণা করেছে যে, যদি বাংলাদেশের বাইরে যাবার প্রয়োজন হয় তা হ'লে উদ্বাস্তুদের সেখানে যেতে হবে। একথা আজ সুস্পষ্টকণ্ঠে তাঁরা ঘোষণা করেছেন। এটারই পরিপ্রেক্ষিতে দণ্ডকারণ্য স্কীম এসেছে। আমরা জানি, আজকে পশ্চিমবাংলার আর্থিক অবস্থা শোচনীয়, শিল্প, বাণিজ্যব্যবস্থা ইত্যাদিতে বাঙ্গালীর কোন হাত নাই, কলকারখানায় বাঙ্গালীর কোন স্থান নাই। এই অবস্থার মধ্যে আজকে পূর্ব পাকিস্থান থেকে হিন্দুরা চলে আসছে এতেও গভীর জটিলতার সৃষ্টি হয়েছে একথা ঠিক। আজকে পশ্চিমবঙ্গে উদ্বাস্তু পুনর্বাসন স্যাচুরেশন পয়েন্টএ পৌঁছেছে কিনা এই বিষয়ে তর্কের অবকাশ থাকলেও সেই তর্কের পরে একথা ঠিক যে, বাইরে যেতে হতে পারে। এই প্রসঙ্গেই আজকে দণ্ডকারণ্য স্কীম এসেছে। কিন্তু দণ্ডকারণ্য সম্বন্ধে আমাদের সবচেয়ে বড় আপত্তি হচ্ছে, এটার কথা আমরা প্রথমে শুনি নি। কাগজের মারফত উড়ো খবর হিসাবে কতগুলি খবর আমাদের কাছে এসেছে। আজ পূর্ববঙ্গ থেকে ৮০ লক্ষ উদ্বাস্তুর চ'লে আসবার আশঙ্কা দেখা দিয়েছে—এটা আমার কথা নয়। কেন্দ্রীয় সরকারের আইনমন্ত্রী কিছুদিন আগে সেকথা বলেছেন প্রেস কনফারেন্সএ। আজকে আশা করি অনেক কংগ্রেস সভ্যও স্বীকার করবেন যে, এই ৮০ লক্ষ লোক পশ্চিমবঙ্গে চ'লে আসবার জন্য পা তুলে বসে আছে। কংগ্রেসের নীতি কি এই ব্যাপারে আমরা জানতে চাই। আমার কাছে তথ্য আছে, সংবাদ আছে—আমি তা থেকে বলতে পারি পূর্ব পাকিস্থানের ডেপুটি হাই কমিশনারএর অফিসে প্রতি মাসে ৩৫ হাজার দরখাস্ত পড়ে—এ খবর কেন্দ্রীয় সরকারও জানেন, আমাদের পশ্চিমবঙ্গ সরকার জানেন কি না আমি জানি না। তবে আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি এই দরখাস্ত অত্যন্ত কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয় এবং কেবলমাত্র কয়েক হাজার দরখাস্ত মঞ্জুর করা হয়। কিন্তু এখানে সবচেয়ে বড় কথা হচ্ছে বিবাহযোগ্যা কন্যা ও অল্পবয়স্কা বিধবা তাঁরাও আজ এই নিয়ন্ত্রণের ফলে বিপন্ন, তাঁদের কোনপ্রকার অগ্রাধিকার দেওয়া হয় নি। যাই হোক, আজকে ৮০ লক্ষ সংখ্যালঘুর জীবনে নানারকম আশংকা দেখা দিয়েছে ব'লেই তারা চ'লে আসতে চায় এবং যদি চলে আসে তা হ'লে নিশ্চয়ই পশ্চিমবঙ্গে স্থান হবে না।

[5-55—6-5 p.m.]

সেজন্য আজকে আমার মনে আশংকা রয়েছে যে, ৮০ লক্ষ সংখ্যালঘু যারা আজ ওদেশ থেকে চ'লে আসতে চান তাঁরা এখানে এলে নিশ্চয় পশ্চিমবঙ্গে তাঁদের স্থান হবে না এবং তাঁদের বাইরে যেতে হবে। এই পরিপ্রেক্ষিতেই দণ্ডকারণ্য স্কীম এসেছে। এই দণ্ডকারণ্য স্কীম সম্বন্ধে প্রথম আমরা ১৮ই তারিখের "স্টেটসম্যান"এ খবর পেলাম। সেই খবরে আমরা প্রথম দেখতে পাই যে, কৃষ্ণমাচারীর সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী গ্রেট ইস্টার্ন হোটেলএ বসে কফির পাত্রে চুমুক দিতে দিতে এই দণ্ডকারণ্য স্কীম সম্বন্ধে আলাপ আলোচনা করেন। সেই আলোচনার পর যে খবর বেরোয় তাতে আমরা কয়েকটা কথা দেখতে পাই। অর্থাৎ আজ ৫০ হাজার ফ্যামিলির পুনর্বাসনের বন্দোবস্ত নাকি তাঁরা দণ্ডকারণ্যে করবেন। সঙ্গে সঙ্গে ২৬ তারিখের স্টেটসম্যান কাগজের মারফত আমরা জানতে পারি যে, এর জন্য একটা ডেভেলপমেন্ট কাউন্সিল হচ্ছে। অর্থাৎ দণ্ডকারণ্য ডেভেলপমেন্ট কমিটি ব'লে নাকি একটা বসান হচ্ছে এবং যেটা সংক্ষেপে বলা হয় এ, ম, পি, ও অন্ধ্র, মধ্যপ্রদেশ এবং উড়িষ্যা। তারা নাকি একটা ডিটেল্ড প্ল্যানও সাবমিট করেছে কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সেই ডিটেল্ড প্ল্যান আমাদের কাছে এখনও পেশ করা হয় নি। সুতরাং আমরা আর অন্ধকারের মধ্যে লাফ দিতে চাই না। আবার আমরা দেখছি যে, এরজন্য নাকি একটা অটোনমাস অথরিটি সেট আপ করবারও কথা আছে। কিন্তু এই অটোনমাস অথরিটি কিভাবে গঠিত হবে, বা কাকে কাকে নিয়ে গঠিত হবে সেসব কিছুই জানি না। দামোদর ভ্যালী কর্পোরেশনে আমরা জানি যে, সেখানে একটা অটোনমাস অথরিটি রয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের সঙ্গে বলেছেন যে, সেখানে যদিও আমরা টাকা দিচ্ছি তবুও পশ্চিমবঙ্গ-সরকারের সেখানে তার অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে কথা বলবার কোন অধিকার নেই। সুতরাং অটোনমাস অথরিটি সম্বন্ধে যতক্ষণ পর্যন্ত কোন পরিষ্কার ধারণা আমাদের সামনে উপস্থিত করা না হবে ততক্ষণ পর্যন্ত আমরা তাকে স্বীকার করে নিতে পারি না। এখানে এই কথা বলা হচ্ছে যে,

পশ্চিমবঙ্গের তিনগুণ জায়গা সেখানে রয়েছে। কিন্তু তার সম্বন্ধে আমরা জানি যে, মলেঙ্গীরি তালুক ব'লে যে জায়গা রয়েছে সে সম্বন্ধে উড়িষ্যা অ্যাসেম্বলি কংগ্রেস পার্টির যিনি সম্পাদক তিনি তাঁর বিরুদ্ধে বহু অভিযোগ করেছেন। সেখানে অনেক ফ্যামিলিকে পাঠাবার কথা হয়েছিল, কিন্তু সে জায়গা এমন দুর্গম যে, সেখানে তারা থাকতে রাজি হয় নি। সেসমস্ত *জায়গায় যদি পুনর্বাসনের জন্য আজকে স্কীম তৈরি হয়ে থাকে তা হ'লে তাকে গ্রহণ করবার আগে আমরা নিশ্চয় তার বিরোধিতা করব। সেজন্যই আজকে বিরোধীদলের পক্ষ থেকে সে* প্রস্তাব এসেছে। 'আর সরকারের যে প্রস্তাব সেই প্রস্তাব গ্রহণ করার আগে বা তাকে স্বাগত জানাবার আগে একটা এনকোয়ারি হোক। অর্থাৎ এনকোয়ারি ক'রে যেসমস্ত তথ্য জানবার প্রয়োজন সেই সমস্ত তথ্য জানবার পর সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে ব্যবস্থা অবলম্বন করার পর তাকে সমর্থন জানান উচিত। এই প্রস্তাব বিরোধী দলের পক্ষ থেকে এসেছে এবং সরকারপক্ষও সেই প্রস্তাব মেনে নিয়েছেন। সুতরাং আজকে সর্বসম্মতিক্রমে যে প্রস্তাব গৃহীত হতে চলেছে—বিরোধী দলের সেই সংশোধনী প্রস্তাব—সরকার তা মেনে নিয়ে তাকে মঞ্জুর করতে চলেছেন। আমি আশা করি সেই প্রস্তাব কেবলমাত্র ডেড লেটার হয়ে থাকবে না, বরং আন্তরিকতার সঙ্গে তাঁরা তাকে গ্রহণ ক'রে কার্যকরী করবেন এবং পুনর্বাসনের মধ্যে যে গলদ রয়েছে, তাকে সংশোধন করবেন এবং দুঃস্থ ছিন্নমূল মানুষের যাতে সত্যি সত্যি সুষ্ঠু পুনর্বাসন হয় তার জন্য তাঁরা সচেষ্ট হবেন। এই কথা বলে আজকে প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হতে চলেছে তার প্রতি আমি আমার সমর্থন জানাচ্ছি।

Sj. Phakir Chandra Ray:

অধ্যক্ষ মহাশয়, নীতি হিসাবে পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু যারা আসছে তাদের পশ্চিমবঙ্গের বাইরে পাঠান যেতে পারে এবং সেটা যে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে, এটা সুখের কথা। পাঞ্জাব থেকে যেসমস্ত রিফিউজি এসেছে তারা সকলেই তাদের নিজেদের সমস্যা নিজেরাই অনেকখানি সমাধান করেছে। পূর্ব পাঞ্জাবের কাছে দিল্লীর চতুষ্পার্শ্বে যেসমস্ত জায়গা রয়েছে সেখানেই তারা বসবাস আরম্ভ করে। ঠিক সেইভাবে বাঙ্গালী সমাজের সঙ্গে ঐক্য বজায় রেখে পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের যাতে পুনর্বাসনের ব্যবস্থা করা হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। তা না হ'লে দণ্ডকারণ্যে কিছু বা সৌরাষ্ট্রে কিছু পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের যদি এইভাবে চারিদিকে ছড়িয়ে দেওয়া হয় তা হ'লে বাঙ্গালী সমাজের পক্ষে সেটা ক্ষতিকর হবে। অর্থাৎ বিজয়বাবু যে কথা বলেছেন তদনুসারে সৌরাষ্ট্রে কিছু বা দণ্ডকারণ্যে কিছু পুনর্বাসন দিলে বাঙ্গালী সমাজের কৃষ্টি বা সংস্কৃতির পক্ষে ভাল না হয়ে ক্ষতিই হবে। সেজন্য ডাঃ ঘোষ আসামের কথা বলেছেন। অতএব আসামে বা পশ্চিমবঙ্গের সংশ্লিষ্ট উড়িষ্যা, এবং বিহারে যেসমস্ত জায়গা রয়েছে সেইসমস্ত জায়গাতে যাতে বাঙ্গালী উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করা যায় সরকারের সে বিষয়ে লক্ষ্য রাখা দরকার। এটা যদি লক্ষ্য করা না হয় তা হ'লে উদ্বাস্তুসমস্যা থেকেই যাবে।

আর একটা কথা বলতে চাই। ঠাকুর মহাশয় বর্ডার সিল করার কথা বলেছেন, কিন্তু এই বর্ডার সিল করার কথাটা একেবারে অযৌক্তিক। কারণ যতক্ষণ পর্যন্ত ভারতবর্ষের সঙ্গে পাকিস্থানের একটা সম্পূর্ণ মৈত্রীর সম্পর্ক প্রতিষ্ঠিত না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই সমস্যার সমাধান হবে না। আমি আর বেশি কিছু বলব না, তবে সর্বসম্মতিক্রমে এখানে যা স্বীকৃত হয়েছে তাকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sjkta. Maya Banerjee:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাংলাদেশে সবচেয়ে যে বড় সমস্যা যাকে এই সাধারণ নির্বাচনের পরে নতুন বিরোধী দলের এবং সরকারী দলের উভয় পক্ষের সদস্যরা অ্যাসেম্বলি ভবনে সব চাইতে বেশি গুরুত্ব দিয়েছেন সেই বাস্তুহারা সমস্যা নিয়ে যে গুরুত্বপূর্ণ বেসরকারী প্রস্তাব আংশিক সংশোধন আকারে আমাদের সামনে এসেছে তাকে প্রথম সমর্থন জানাই। বিরোধী এবং সরকারপক্ষের সদস্যরা যেসমস্ত কথা বলেছেন তাতে কিছু কিছু নতুন নতুন যে প্রশ্ন আবার এই হাউসএর সামনে উঠেছে আমি সমর্থন জানাতে উঠে একজন দায়িত্বশীল কর্মী হিসাবে মনে করি যে, সে সকল প্রশ্নেরও উত্তর অন্তত আমার যতখানি শক্তি, তা দেওয়া উচিত।

সেজন্যে আমি কিছু বলব এবং বলার আগে এই মস্ত বড় সমস্যা সমাধানে আজকে হাউসএর সকলে এক হয়ে একমত হয়ে এই প্রস্তাবকে সমর্থন করেছেন এবং ক'রে বাংলাদেশে যে নতুন আলোকের আভাস দেখেয়েছেন তাকে অভিনন্দন জানাব। সারা ভারতবর্ষে এ একটা নতুন নজির সৃষ্টি করবে যে, বাংলাদেশ বাঙালী জানে কি ক'রে তাদের সমস্যা তারা সমাধান করবে ; বাংলাদেশের নেতারা জানেন এই সমস্যাকে কি ক'রে সমাধানের পথে এগিয়ে নেওয়া যাবে। আজ সেই এগিয়ে নিয়ে যাবার পথে নতুন ক'রে এসেছে অন্যদেশে গিয়ে বসতি স্থাপন করার কথা। বাঙালীর পক্ষে এটা নতুন নয়। বিরোধী দলের অন্যতম নেতা ডাঃ পি সি ঘোষের মুখ থেকে প্রথম দিন আমরা শুনেছি আন্দামানে যারা বাস্তুহারা গিয়েছিলেন তাঁরা সুন্দরভাবে বসতি স্থাপন করেছেন। তিনি বলেছেন আরও বাস্তুহারা সেখানে পাঠান যায়। আজকে আন্দামানকে সুন্দর ক'রে তুলেছে বাঙালী।

[6-5—6-15 p.m.]

কে আজ আন্দামানকে সুন্দর করল? বাঙালী। তারা বাস্তুহারা হতে পারে, কিন্তু তারা অবিভক্ত বাংলার একটা অংশ ছিল এবং বাঙালীর যে ট্যালেন্ট, বাঙালীর যে শক্তি, বাঙালীর যে বুদ্ধি তাই নিয়ে তারা সেখানে গিয়েছিল, জঙ্গল কাটিয়ে সেখানে অনাবাদী জমিকে আবাদী করেছে এবং অন্যান্য বাঙালীর যাওয়ার পথ, অগ্রগতির পথ অগ্রসর ক'রে দিয়েছে। আজ সেইজন্য বিরোধী দলের সদস্যরা যে আশঙ্কা প্রকাশ করেছেন, বা আমাদের মধ্যেও অনেকের মনে প্রশ্ন আসবে যে কি তাদের ভবিষ্যৎ। এ প্রশ্ন ওঠা স্বাভাবিক, কিন্তু এতদিন আমরা নেগেটিভ অ্যাসপেক্ট দেখে এসেছি, পসিটিভ অ্যাসপেক্টএ যে কাজ শুরু করার পথ খুলে দিয়েছে সেটা নিশ্চয় আমাদের পক্ষে খুব আশাপ্রদ হয়েছে। আজকে আমাদের এই সমস্যা সম্পর্কে আলোচনা করতে গেলে আমাদের জানতে হবে যে সমস্যার ভলিউম কত। আমরা প্রথম দিন থেকে একই পরিসংখ্যান শুনে আসছি যে, সমস্ত পশ্চিমবঙ্গে আজকে ৩২ লক্ষ বাস্তুহারা আছে। এই ৩২ লক্ষের মধ্যে ৩ লক্ষ ক্যাম্পে আছে। ক্যাম্প মানে কি? নিশ্চয়ই বিরোধী দলের বা সরকারী দলের সকলেই দেখেছেন যে, কি অবস্থায় তারা আছে। মাত্র ২ মাস হ'ল আমি এখানে নূতন এসেছি, আগে হয়ত এতখানি ধারণা আমার ছিল না। যা আমি দেখেছি তাতে বুঝেছি যে, কত দুঃখকষ্টের মধ্যে পাশাপাশি সঙ্কীর্ণ জায়গায় বাস করছে। বিশেষ ক'রে মেয়েদের ক্যাম্প, মিক্সড ক্যাম্প ও পি এল ক্যাম্প রয়েছে সমস্ত জায়গায় দেখেছি। দুঃখকষ্ট তাদের যথেষ্ট রয়েছে নিশ্চয়। মানুষের যে ফান্ডামেন্টাল রাইট যে তারা পরিবার নিয়ে নিজেরা বাঁচবে, ছেলেমেয়েদের মানুষ করবে, নিজের সামাজিকতা বজায় রাখবে, তার জন্য দরকার তার নিজের বাড়ী, আজ সেই ক্যাম্প অমরা যত তাড়াতাড় তুলে দিতে পারব বা যত তাড়াতাড়ি পুনর্বসতি দিতে পারব ততই তাদের সকলের মঙ্গল সাধিত হবে। এটাই তাঁরা চান। বলতে পারেন এটার জ্ঞান আমার ফাইল ঘেঁটে ঘেঁটে হয়েছে, তা নয়, আমি প্রত্যেকটা ক্যাম্পে গিয়েছি এবং যতদূর সম্ভব প্রত্যেকটি মেয়ের সঙ্গে কথা বলেছি এবং সেখানকার মেয়েপুরুষ সকলেই বলেছে আমাদের পুনর্বসতি দিন। তারা যে তাই চায় এ বিষয়ে কোন সন্দেহ নাই। তা যদি দিতে হয় তা হ'লে আমাদের জমির দরকার। জমি কোথা থেকে আনা যায়—সেখানে আমরা বার বার বলেছি বাংলাদেশে জমিদারী প্রথা উচ্ছেদ হয়েছে বটে, কিন্তু আজকে জমি থাকতে পারে না। কিন্তু আজকে বিরোধী দলের সদস্যরা এবং বিরোধী দলের নেতা পর্যন্ত বলছেন যে, বাংলাদেশে অনেক জমি আছে। আমি খুব নূতন সদস্য বা সাধারণ সদস্য হ'লেও একথা শুনে অবাক হচ্ছি।

আমি পশ্চিমবঙ্গের গ্রামে গ্রামে ঘুরে ভূমিহীন কৃষকদের, ভাগচাষীদের ও জোতদারদের প্রত্যেকের অবস্থা দেখেছি যে, সেখানে কতটুকু জমি পাওয়ার সম্ভাবনা হ'তে পারে। আজকে যে জমি সরকারের হাতে এসেছে সেটা উদ্বৃত্ত জমি। আপনারা অনেকে বলেছেন যে, সেটা নাকি বেশির ভাগ অনুর্বর জমি। বাংলাদেশে সেই অনুর্বর জমি আমরা রিক্লেম করব। তা যদি করতে পারি তা হ'লে আজ অন্ধ্র, উড়িষ্যা ও মধ্যপ্রদেশের বর্ডার নিয়ে যে জায়গা তৈরি করবার কথা উঠেছে, সেই দণ্ডকারণ্য হ'লে পর তাতে আশঙ্কা করবার কারণ কি? সুন্দরবন কাটতে গিয়ে মেদিনীপুরের লোকেরা বাস্তুহারার মত সমস্ত সংসার পরিবার ত্যাগ ক'রে

সামান্য এক বিঘা দুই বিঘা জমির জন্য বৎসরের পর বৎসর জঙ্গল কেটে অনাবাদী জমিকে যদি আবাদী করতে পারে তা হ'লে আজকে সেই বাঙ্গালী কেন নূতন জায়গায় গিয়ে ভয় পাবে? *তাই বিরোধী দলের নেতাকে অনুরোধ জানাই যে, আপনারা তাদের উৎসাহ দিন। এই* বাঙ্গালী যদি সুন্দরবনের জঙ্গল কেটে জমি করতে পারে তা হ'লে তারা নিশ্চয় পশ্চিমবঙ্গের সীমানা ছেড়ে যতদূর যেতে হয় যাবে কিন্তু আমরা সেখানে নিশ্চয় দাবি করব যে, তারা একা যাবে না, লক্ষ লক্ষ বাঙ্গালী আজ সেখানে যাবে। কারণ বিভিন্ন প্রদেশে পূর্বে যেমন খণ্ড ছিন্ন আকারে বাঙ্গালীরা গিয়েছিল সেখানে তাদের ভাষা নিয়ে, সংস্কৃতি নিয়ে নানারূপ বিরোধিতার সম্মুখীন হতে হয়েছিল—এসব অতীতের ইতিহাস আমাদের সামনে আছে এবং একথা এই হাউসের সকলেই তা জানেন। সেই ইতিহাস আজ আমাদের মনে আছে ব'লেই আজ আমরা আলাদা ক'রে পাঠাতে চাই না। একসঙ্গেই পাঠাতে চাই। একসঙ্গে যদি লক্ষ লক্ষ বাঙ্গালী সেখানে যায়, নিশ্চয় তারা তাদের সংস্কৃতি গড়ে তুলতে পারবে এবং নিশ্চয়ই সেখানে বাংলা ভাষার মর্যাদা রক্ষা হবে। একদিন এই বাঙ্গালী সমস্ত ভারতবর্ষে চাকরির উদ্দেশ্যে গিয়েছিল এবং যে প্রদেশেই চাকরি করতে গিয়েছে সেখানেই তাদের বুদ্ধি এবং সংস্কৃতির প্রভাব বিস্তারলাভ করেছে এবং তারা উচ্চ উচ্চ আসন অধিকার ক'রে বাংলার প্রসার ও বাঙ্গালীর মর্যাদা রক্ষা করতে পেরেছে এবং সংস্কৃতির মর্যাদা রক্ষা করতে পেরেছে। যদিও অনেকগুলি বিষয় হয়ত না জেনে কেহ কেহ কিছু কিছু বলেছেন কিন্তু সেই না জানার কারণ এমন হ'তে পারে যে, সকল তথ্য ও খবর ঠিক এসে পৌঁছায় নি ব'লেই তাঁরা একথা বলেছেন। সর্বশেষে তবুও তাঁরা যে সমর্থন জানিয়েছেন সেইটাই প্রথম কথা। সমর্থন যখন জানিয়েছেন তারপর "it is a matter of detail"

অর্থাৎ এই পরিকল্পনা কিভাবে আসবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি আমাদের কাছে বলেছেন, এ বিষয় নিয়ে আমাদের একটা কমিটি হবে, এ পরিকল্পনা পেশ করার পর এবং সেটা একটা অটোনমাস বডি হবে এবং এখানে প্রস্তাব পাশ হওয়ার পর পার্লামেন্টে প্রস্তাব যাবে। পার্লামেন্টের বিভিন্ন প্রদেশের সঙ্গে যে সম্পর্ক রয়েছে সেটা নিয়ে বাংলাদেশে যাঁরা সদস্য আছেন তাঁরা সেখানে সামগ্রিকভাবে চেষ্টা করবেন যেহেতু সকল পক্ষ একমত হয়ে প্রস্তাব সমর্থন করছেন। তাই আমাদের দায়িত্ব থেকে গেল, এটা পার্লামেন্টে পাশ করাবার এবং সেখানে একটা বডি গঠন করার উপর নির্ভর করবে দণ্ডকারণ্য পরিকল্পনার অগ্রগতি। অতএব আমরা এক হয়ে যতটা করতে পারব ততই সেই কমিটি ভালভাবে কাজ করতে পারবে। কিন্তু আমাদের ভিতরকার কোন কাজের জন্য যদি এই প্রস্তাবকে সাফল্যে না আনতে পারি এবং এমন কোন প্রচেষ্টা যদি হয় তা হ'লে বিরোধী দলের একজন সদস্য যেমন বলেছেন বাঙালী বাংলার প্রতি অন্যায় করবে এবং সরকারী বা বেসরকারী প্রত্যেক বাঙালী বাংলাকে বিদ্রোহ করবে একথা যেন মনে থাকে। এ দায়িত্ব আমাদের প্রত্যেকের গ্রহণ করা উচিত। আজ জমির কথা উঠেছে, এবং বিরোধী দলের নেতা বলেছেন যে, জমি আছে। জমি কোথায় আমাদের? ভাগচাষী এবং ভূমিহীন কৃষক সারা পশ্চিম বাংলায় ১৯৫১ সালের সেন্সাস অনুসারে ছিল ৬৫ লক্ষ, আর আমাদের 'ডেফিসিট' কৃষক হ'ল ৭০ লক্ষ এবং স্বাবলম্বী কৃষক ১৭½ লক্ষ আর 'সারপ্লাস' কৃষক ৫৫ লক্ষ। তা হ'লে যারা ভূমিহীন কৃষক, যারা ভাগচাষী, যারা 'ডেফিসিট' কৃষক এই ৬৫ লক্ষ এবং ৭০ লক্ষ এরা বাংলাদেশের কাছে কিছু আশা করতে পারে না? পশ্চিম বাংলার পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে জমির উদ্ধার হয়েছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ পর্যন্ত যা হবে তাতেও পুনর্বাসনের জমি হবে না। আর একজন বিরোধী সদস্য যা বলেছেন এটা সত্য নয়। আমার কাছে একটা 'প্রেস কাটিং' আছে সেখানে দু রকম বিবরণ। একটা জায়গায় বলা হচ্ছে স্থানীয় কৃষকেরা উন্মত্ত হয়েছে, তারা বাস্তুহারাদের জমি দখল নিতে দেবে না, এই বাস্তুহারাদের সেই জমিতে চাষ করতে দেবে না। কোন কোন কলোনিতে বিশিষ্ট বিশিষ্ট দলের নেতারা সভা করছেন যে, না, আমরা বাংলার বাহিরে যাব না, আমরা দণ্ডকারণ্য বর্জন করব এবং আমরা বৃহত্তর পশ্চিম বাংলায় পুনর্বাসন চাই। এই বৃহত্তর পশ্চিম বাংলার অর্থ কি? আজ বাংলার যে অংশ আমরা পেয়েছি সেটা সব মিলিয়ে ৩৫ হাজার স্কোয়ার মাইল, আর আমরা যে জমি দণ্ডকারণ্যে পেতে যাচ্ছি সেটা ৮০ হাজার স্কোয়ার মাইল, সুতরাং আজকে যে দ্বন্দ্ব হচ্ছে তা কেউ এড়িয়ে যেতে পারছেন না। বিরোধী দলের কোন কোন সদস্য হয়ত দুই পক্ষে দ্বন্দ্ব লাগিয়ে দিয়ে মজা দেখতে চাইছেন। তার প্রমাণস্বরূপ বলতে পারি আমার

কাছে যে, 'প্রেস কাটিং' আছে তাতে দেখি একদিনে একই কাগজে দুরকম কন্ট্রাডিক্টরি জিনিস বেরিয়েছে। একটা স্থানীয় কৃষকদের সমর্থন করছে আবার এই স্থানে বাস্তুহারা কৃষকদের জন্য সেই জমি দিতে হবে বলছে। আবার আর এক জায়গায় দেখছি স্থানীয় কৃষকেরা নিরস্ত করছে। তাই এই প্রস্তাব পাশ ক'রে আমরা যেন আমাদের ভবিষ্যৎ দায়িত্ব ঠিকমত মেনে চলি।

Mr. Speaker: Miss Banerjee, you will kindly remember this: now that the House is going to be unanimous on this point it would be not to the interest of anybody to strike a discordant note.

Sjkta. Maya Banerjee: I am just clarifying the points which have been raised by the Leader of the Opposition.

Mr. Speaker: What I want to say is that unanimity was arrived at after Sj. Jyoti Basu, Leader of the Opposition, had been consulted.

[6-15—6-25 p.m.]

Sjkta. Maya Banerjee:

এখানে একটা পয়েন্ট উঠেছে যে, পশ্চিম বাংলায় কেন জমি রিক্লেম করা হয় নি? পশ্চিম বাংলায় কলকাতার খুব কাছে আড়াপ্যাঁচ এবং বাগজলা ব'লে দুটি পরিকল্পনা হচ্ছে। সেই সোনারপুর-আড়াপ্যাঁচ দেখেন নি এমন কেউ আছেন ব'লে আমি জানি না। সেখানে ৩৫ বর্গমাইল জমি রিক্লেমড হয়েছে। এই জমি কোন জমি না, এই জমি হ'ল হোগলা বনের জমি, জলের তলায় থাকত এবং কেউ কোনদিন এই জমি ভোগ করত না। এখন এই জমি রিক্লেম করল কে? ক্যাম্প রিফিউজিরা ওয়ার্কসাইট ক্যাম্পে এসে সেখানে সেই জমিগুলোকে তারাই পুনরুদ্ধার করল। কিন্তু এর ফলে বাস্তবিক দেখছি যে, সোনারপুরে একটা সমস্যা দেখা দিয়েছে। কি সমস্যা? এটা ঠিক যে, স্থানীয় গরিব কৃষকরা যদি দেখে যে, যে জমিতে ফসল ফলে সেই ফসল তাদের বুকের উপর বসে বাস্তুহারারা ভোগ করবে, তারা কেন পাবে না? আবার এটাও ঠিক যে, বাস্তুহারা ভাইরা যারা ওয়ার্কসাইট ক্যাম্প থেকে এসে সেই জমি রিক্লেম করে তাতে যদি কোন ফসল ফলে তা হ'লে তারা তা কেন পাবে না। এর দ্বারা আমি কোন বিরোধিতা করছি না বরং আমি শুধু বোঝাতে চাচ্ছি যে, পশ্চিম বাংলায় সত্যিকারের কোন জমি নেই। যে বিশেষ পত্রিকায় খবর বেরিয়েছে তাঁরা প্রমাণ দেখিয়েছেন পশ্চিমবঙ্গে কোন জমি নেই এবং যেটা বিল বলে আছে তা যদি উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে আজকে রিক্লেম করা হয় তা হ'লে সেই জমি ভোগ করবে কে? আমি বলব যে, ভূমিহীন কৃষক যারা এতদিন বসেছিল তারাই আজকে সেই জমি ভোগ করবে। এই সম্পর্কে বিরোধী দলের কোন কোন সদস্য একমত হয়ে তাঁরা আমাকে সমর্থনও জানিয়েছেন। এই ক্ষেত্রে এই হ'ল সমস্যা এটা বোঝবার দরকার আছে। আমাদের এখানে স্যাচুরেশন পয়েন্টের কথা উঠেছে। অর্থাৎ এইরকম পয়েন্ট নাকি এখনও আমাদের এখানে আসে নি। আমি বলছি যে, হ্যাঁ, সেটা এসেছে এবং আজকের দিনে পশ্চিমবঙ্গে যে আর জমি নেই সেটা আমাদের বুঝতে হবে। তবে এই কথা ঠিক যে, সকলে এই কথা মনে রেখে এই প্রস্তাবকে সমর্থন করেছেন এবং এই প্রস্তাব সমর্থন করার পর যে একটা কথা ওঠে নি সেটা বলবার জন্য আমি এত কথা বলছি। সেটা হ'ল এই যে, আমাদের দায়িত্ব হচ্ছে এই প্রস্তাবকে সুন্দর করে কার্যে রূপায়িত করা এবং তার জন্য যদি আমরা একমত হয়ে এই প্রস্তাব পাস ক'রে থাকি, তা হ'লে সেটা শুধু হাউসের মধ্যে নয় আগামী ৫ বছরের কাজের দায়িত্বও আজ আমাদের কাছে এসে পড়েছে। সেজন্য এই প্রস্তাবকে আমি অভিনন্দন জানাই। স্ক্রিনিংএর কথা অনেকে এখানে বলেছেন। ক্যাম্পে ক্যাম্পে গিয়ে স্ক্রিনিংএর কাজ আরম্ভ হয়েছে। অতএব সেদিক থেকে কোন ভয় নেই। দণ্ডকারণ্য সম্পর্কে নিশ্চয় আমরা সকলে একমত যে সেখানে জলাভাব রয়েছে জায়গাটাও খুব সুদূর অঞ্চলে, পাহাড় পর্বত জায়গা। কিন্তু আজকে যদি ভারতবর্ষে অথবা নাংগাল ক'রে দিল্লী রাজপুতনার মতন জায়গায় জলের ব্যবস্থা করা যায়, তা হ'লে আমরা ভারত সরকারের কাছে গিয়ে দাবি করতে পারব যে, আলাদা আলাদা ক'রে কোন পরিকল্পনা করা হোক যার মধ্য দিয়ে দণ্ডকারণ্যে এইসমস্ত সমস্যার সমাধান হ'তে পারে। স্পীকার মহাশয়, আমি আবার আমার আন্তরিক ধন্যবাদ জানিয়ে আসন গ্রহণ করছি।

The Hon'ble Siddartha Sankar Roy: Mr. Speaker, Sir, we have just listened to a very fine maiden effort and I agree wholly with the views of the last honourable member. Sir, to my mind the 5th of July 1957 will be remembered as a red letter day so far as this Assembly is concerned. It will be remembered that it was on this day that the representatives of the State of West Bengal after having gathered together practically unanimously agreed—I say practically unanimously because amendments were agreed upon unanimously—on one of the most vital issues that has to be faced by the Government of our State today. Sir, it is therefore only proper that there should not be any acrimony of whatsoever nature introduced in the proceedings this evening. In fact I was going to say that whether there was unanimity or not the subject under discussion was one which could not possibly admit of any rancour. This is a matter, this is an issue vital for us. We are not here to play with human lives We are here to see that the future welfare of our State is guaranteed. And, therefore, this particular issue is an issue which has to be kept above party politics. Sir, whatever be one's ideology, whether it be the ideology which can perhaps be best described in one sentence: "from each according to his ability to each according to his work, or the finer form from each according to his ability to each according to his needs" or whether it be based on the theory that the ownership and control of the material resources of the community should be so distributed as to best sub-serve the common good--whatever be one's ideology - this is such an issue as has to be kept above all ideological quarrels Whenever we have any quarrel on the floor of the House it is not because I dislike either the Leader of the Opposition or Dr. Ghose or Shri Hemanta Kumar Basu or the other honourable members on the other side of the House We believe in a particular state of society My friends on the left believe in another form of society. I do not find much difference ideologically between us and Dr Ghose and his group Be that as it may this is an issue which has to be kept above all quarrels Sir, we have to approach this issue analytically, logically, step by step. What is the first step? What is the reasoning which forces us to accept this particular proposal of the Government of India? There are two things which must be considered Firstly, we owe it to the people of East Pakistan to resettle or rehabilitate them either in the State of West Bengal or somewhere else in India We cannot possibly forget that these people now crossing the border and coming into our State, are the very people who or whose fathers and grand-fathers had worked, fought shoulder to shoulder with us, our fathers and grand-fathers in the struggle for our independence, in our fight for freedom An honourable member from this side of the House had suggested that we should seal the border Sir, I want to make it absolutely clear that that is not the policy or intention of this Government An honourable member from the other side pointed out that this particular view had been expressed by my honourable friend here at a meeting of the Congres Party. But I can assure, Sir, the honourable members present in the House that the present view aired by my friend will meet with the same disfavour as it had at that party meeting Therefore, Sir, one of the most important things that we have to do is to resettle or rehabilitate the people coming over from East Pakistan in India

The other important thing that has to be taken into account is this It is our sacred duty to see that the people of West Bengal, the original inhabitants of West Bengal do not suffer an economic collapse due to the unbearable pressure of population on the State of West Bengal itself

[6-25—6-35 p.m.]

That is another sacred duty which we have to take into account in

formulating any policy so far as this particular issue is concerned. Having these two things in mind let us proceed analytically. What is, therefore, to be done? Whereas we have a duty to the East Pakistan refugees we have also a duty to the original inhabitants of our own State. The next question, which therefore arises is as to how best to resettle or rehabilitate the East Bengal refugees keeping the interest of the original inhabitants of West Bengal duly in mind. The first question is can we have them in West Bengal? The Leader of the Opposition was pleased to make certain comments. I do not wish to deal with those comments at this stage but suffice it to say that this Government takes a contrary view to that expressed by the Leader of the Opposition. This Government feels that we have reached a saturation point. I think the Leader of the Opposition will give some credit to this side of the House for understanding one or two things. Therefore, since West Bengal has reached a saturation point as far as resettling East Pakistan refugees in this State is concerned, the only other obvious thing which this Government can do is to find out other places where we can, consistent with our duty, rehabilitate these unfortunate persons—our brothers and sisters from East Pakistan. While taking this point into consideration there is another very important factor which we cannot and must not forget. There are, as has been pointed out by some honourable members on this side of the House, another 80 lakhs of Hindus in East Pakistan. Sir, it was not very long ago that I had the privilege of going to East Pakistan in connection with the Zemindary abolition case there. I had to go to Dacca three times for this purpose and had to stay there for quite a long time. I came in contact with people from all walks of life, Hindus as well as Muslims. I am not bringing in any communal question but what I wish to tell you Sir, is this that after a discussion with them it became crystal clear that if the zemindary system was to be abolished in East Pakistan numerous Hindus would be again crossing the border and coming over into West Bengal. You will remember that the economy of East Pakistan depended entirely on the zemindary system. Every person whatever his profession, whatever his trade depended on the zemindary system for his livelihood either directly or indirectly. The zemindary system is now gone. In fact, only about four or five days ago two or three of the foremost zemindars of East Pakistan came and saw me and they said that they had come over to India and they do not like to go back. Sir, these zemindars were at the head of the society in East Pakistan. Wherever the Hindus lived in East Pakistan they remained there because they knew that here was a zemindar who had been looking after their interests and they had no difficulty and they remained as long as he remained. Now, these zemindars are coming away from East Pakistan to West Bengal one by one and in their wake will come, mark my words, Sir, at least half of the Hindus that are now in East Pakistan, if not the entire Hindu population. Sir, it will be a gigantic problem which you can never settle unless you agree to rehabilitate the East Pakistan refugees in some other parts of India. Therefore, if you take it from this point of view, or from the point of view of West Bengal's economy or if you take it from the point of view of the welfare of our State, from whatever point of view you take it you can come only to one irresistible conclusion and that is this that the East Pakistan refugees cannot all be rehabilitated in West Bengal. Sir, the rehabilitation of East Pakistan refugees in other parts of the country has not been unsuccessful—take the Terrai region in Nainital or take the case of the Andamans. If honourable members of the Opposition care to read the relevant reports they would find that these refugees have been comfortably resettled there economically as well as psychologically. There cannot be any dispute with regard to this. This is exactly what this Government

intends doing in so far as every refugee is concerned. We have to send the refugees outside Bengal as we have no land to settle them in West Bengal.

Sir, the next step in this argument is obviously this whether to send them to Dandakaranya under the Dandakaranya Scheme. Dr. Ghose, leader of the Praja Socialist Party, was ridiculing Atri Muni who had said that Dandakaranya was good and so on and so forth. In fact, Sir, I do not quote Atri Muni as an authority as I am not an old fashioned person but it sometimes interests me to know as to what this old sage had said. I am not therefore quoting from the Ramayana in support of my own argument but it may interest others. I found last night in the Aranya Kanda—it is stated there— that Rama and Lakshmana were wondering as to the place they should go to before going to Dandakaranya and Atri Muni blessed them and said you better go to Dandakaranya.

This description of Dandakaranya is given in the following manner. . . .

.. অত্রি মহামুনি ও রামায়ণ অরণ্যকান্ড

আশীর্বাদ করিলেন অত্রি মহামুনি।
কহিলেন উপদেশ উপযুক্ত বাণী॥
শুন রাম রাক্ষসপ্রধান এই দেশ।
সদা উপদ্রব করে, দেয় বহু ক্লেশ॥
অগ্রেতে দণ্ডকারণ্য অতি রম্য স্থান।
তথা গিয়া রঘুবীর কর অবস্থান॥

[Loud laughter and applause from Congress members.]

Sj. Ganesh Ghosh: Sir, if the Hon'ble Minister cuts short his speech we can have another resolution because the description of Dandakaranya is not very necessary here.

The Hon'ble Siddartha Sankar Roy: Sir, I am as progressive as Mr Ganesh Ghosh of the other side I know he hates the Ramayana and I do not love it very much either So let us come straight to Dandakaranya itself as it stands today (Sj Subodh Banerji: The Judicial Minister must know that we do not hate the Ramayana We admit its historical value) Sir, I can never say no to Sj Subodh Banerjee (Laughter) There cannot be any acrimony here Now, Sir, let me quote the next passage from the Ramayan.

ফল পুষ্প দেখেন সুগন্ধে আমোদিত।
ময়ূরের কেকাধ্বনি, ভ্রমরের গীত॥
নাল পক্ষী কলরব শুনিতে মধুর।
সরোবরে মনোহর কমল প্রচুর॥

(Laughter.)

Be that as it may, the question is what is Dandakaranya today and on that I wish to place certain facts before the honourable members of this House for their consideration. The vastness of Dandakaranya and the immensity of its potentialities are perhaps not recognised by all of us. It spreads over an area of 80,000 square miles. It includes portions of North east Andhra, South-east Madhya Pradesh and South-west Orissa. Actually this region previously consisted partly of portions of the ertswhile State of Bastar and Hyderabad and partly of the Jaipur zemindary. Dr. Ghose or perhaps the Leader of the Opposition Mr Jyoti Basu said that if Dandakaranya was so good why did people not flock to that place earlier? Why had they all come to Calcutta?

[3-35—6-45 p.m.]

The obvious answer to this is that the greater part of this area of Dandakaranya was then occupied by the Native States. The Government of India could not do anything in the matter, nor could the Governments of the various States. As a result since the Native State rulers did not think it fit to develop this particular part of the country, it remained undeveloped and nobody was attracted to it. This area is criss-crossed by numerous streams and rivers—Godavari, Indramati and Wen-Ganga. As early as in June 1957 a decision was taken by the National Development Council in New Delhi to develop this area for the purpose of resettling the East Bengal refugees therein and the proposal was to set up an autonomous body of the type similar to that of the Damodar Valley Corporation and to give this autonomous body the task of developing 20,000 square miles of the vast virgin forest land as quickly as possible. It was expected that rich agricultural land would be found in this area for distribution to the refugees. In connection with agriculture we have to take into account the rainfall. Dr. Ghosh referred to a letter written to the editor of the "Statesman" by some gentleman. I have read that letter. The premises upon which the writer of that letter had come to his conclusion was that the rainfall there was 30″ per year. (Dr. PRAFULLA CHANDRA GHOSE: 30″ to 50″). That is wrong, because the rainfall there is 50 to 60 inches, per year. If you compare this rainfall with the rainfall in the districts of West Bengal—I have got the figures of the districts here—you will find that it compares favourably with all other districts of West Bengal except Jalpaiguri and Darjeeling. As far as the rainfall is concerned, it seems that the area is good enough for the purpose of having as much agricultural land there as possible. It has also been reported that some parts of this forest land have been developed by the new Machkund Dam and the hydro-electricity project. A railway route across the area has also been suggested. I have said already that there are numerous streams. Some of these can be dammed—the channels and reservoirs which can be constructed thereby can irrigate a comparatively large area to supplement the rainfall if the rainfall is not up to expectation Rice, millet, groundnut and sugarcane can be cultivated with ease. There are possibilities of sericulture, horticulture and rubber cultivation. I understand that these are carried on there in a limited way. Deposits of available minerals are also believed to be in existence. These being the facts and the offer of the Government of India being there of setting up an autonomous body, if we—that is State of West Bengal—can have an effective representation on that body and if we are allowed to resettle and rehabilitate as many of the East Bengal refugees as possible from here, I do not see how we can oppose such a scheme if we really look to the welfare of the refugees and our State.

Since we have already reached unanimity as far as this particular issue is concerned, I thank you Sir, for having allowed me to speak on this matter. I repeat that this scheme can do nothing but good to the people of our State.

The motion of Sj. Jagannath Kolay that in amendment No. 6A of Sj. Jyoti Basu, after the words "takes note" the words "with interest" be inserted, was then put and agreed to.

The motion of Sj. Jagannath Kolay that in amendment No. 6B of Sj. Jyoti Basu, after clause (b) the following clause be added, namely:—

"(c) the implementation of a scheme when finally approved should be undertaken by a statutory body in which the West Bengal Government should be adequately represented",

was then put and agreed to.

The motion of Sj. Jyoti Basu (Nos. 6A and 6B combined together) as amended by the motions of Sj. Jagannath Kolay Nos. 6C and 6D that this Assembly takes note with interest of the reported proposal of the Government of India to develop, for the purpose of resettling displaced persons from East Pakistan, Dandakaranya which is said to command an extensive area of about 80,000 square miles and to have potential resources not only for the physical resettlement of such displaced persons but also for their economic rehabilitation in the midst of favourable social environment and is of opinion that—

(a) the West Bengal Government should ascertain from the Government of India the details of the proposed scheme for the development of Dandakaranya;

(b) thereafter call a conference of the representatives of the different parties and groups in this House and place the scheme before it for consideration; and

(c) the implementation of a scheme when finally approved should be undertaken by a statutory body in which the West Bengal Government should be adequately represented,

was then put and agreed to.

[The other motions fell through.]

[6-45—6-55 p.m.]

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that whereas the Sunderbans area has a vital role in the economy of this State first as its potential granary and secondly as the hinterland essential for the maintenance of the industrial belt of Calcutta, and whereas vast tracts of arable land are lying submerged under saline water through the failure of Government agencies in constructing and properly maintaining protective embankments and also in making provision for discharging of saline water by installing sluice gates; and

Whereas the peasantry in this area has been brought to near famine conditions due to floods, accumulation of saline waters and the resultant crop failure;

This Assembly is of opinion that the Government should adopt forthwith the following short-term and long-term measures, viz.,—

As short-term measures—

(1) To sanction for the current financial year a sum of rupees one crore for excavating a number of canals for discharge of tidal saline water and for immediately repairing the damaged sluice gates;

(2) To set up Mauza Committees to advise and direct official agencies in fulfilling the above tasks and it should be made obligatory on the part of the official agencies to go by the advice of the Mauza Committees;

(3) To appoint two watchers for the supervision of the work of embankments per mile;

(4) To prohibit the conversion of agricultural lands into fisheries; and

(5) To stop leasing out canals to private parties so that these may not be used for inundating agricultural tracts.

And as long-term measures—

(1) To arrange for protection of the towns of Taki and Basirhat from the erosion of the Ichamati; and

(2) To formulate under the advice of experts a comprehensive plan for flood control and drainage of the entire Sunderbans area for artificial regeneration of forests for the protection of the coastal belt.

স্পীকার মহাশয়, আমি যে প্রস্তাব রাখছি এই প্রস্তাব যে শুধু সুন্দরবন অঞ্চলের উন্নতি হবে —এই দৃষ্টিভঙ্গি নিয়ে রাখি নি। আমার প্রস্তাব হচ্ছে যে, পশ্চিম বাংলার যে অর্থনীতি সেটা সুন্দরবন অঞ্চলের উন্নতির উপর নির্ভরশীল। সমস্ত সুন্দরবন অঞ্চলের যদি আমরা হিসাব ক'রে দেখি তা হ'লে ৩ হাজার ৮৯ বর্গমাইল জমি যেখানে চাষ হয় এবং হতে পারে সেই জায়গা আজকে পশ্চিম বাংলার একমাত্র খাদ্যশস্যভান্ডার ব'লে ধরা যেতে পারে—যদি সুন্দরবনের উন্নয়নের জন্য সকলে মিলে একযোগে চেষ্টা করার ব্যবস্থা করি। এই সুন্দরবনের উন্নয়ন কোন ব্যক্তিবিশেষের প্রশ্ন নয়—আজকে বিজ্ঞানের যে উন্নতি হয়েছে তার সাহায্যে যদি আমরা এই সুন্দরবনের উন্নয়নের জন্য সঠিক পরিকল্পনা নিয়ে সমস্ত দল ও মতের লোক একত্র হয়ে এই পরিকল্পনার উপর দাঁড়িয়ে কাজ করতে পারি তা হ'লে পশ্চিমবঙ্গের জাতীয় জীবনের চেহারাকে ফিরিয়ে দিতে পারব—এ বিশ্বাস আমার নিশ্চয়ই আছে। আমরা সাধারণত দেখছি যে প্রধান যে সমস্যা সেই সমস্যা হচ্ছে মোটামুটি এই সুন্দরবন জায়গা প্রধানত উপজাতীয় প্রধান অঞ্চল যার শতকরা ৮০ ভাগই চাষের উপর নির্ভরশীল এবং এই সুন্দরবন নদীনালায় ঘেরা। আমরা যদি চেষ্টা করি তা হ'লে ৩,০৮৯ বর্গমাইল জায়গা নূতন ক'রে ফসলযোগ্য করতে পারি। শুধু একটা ফসল নয়, এই সুন্দরবনকে ২।৩ ফসলে পরিণত করতে পারি—যার উৎপাদন এখন যতটা হচ্ছে তার তিনগুণ হতে পারবে। কিন্তু প্রকৃত অবস্থা যা রয়েছে সেখানে প্রায় ৩ লক্ষ বিঘা জমি লোনা জলে ডুবে আছে যা থেকে আপনারা অনেক টাকা মুনাফা করতে চান, এই মুনাফার আশায় এই জমিকে লোনা জলে ডুবিয়ে রাখেন। দ্বিতীয় আমরা দেখছি এমত পতিত জমি প্রায় ২২ লক্ষ বিঘা জমি, যে জমিতে এখনও একটু চেষ্টা করলে নূতন ক'রে চাষের ব্যবস্থা করা যেতে পারে। আমি এজন্যই এই সুন্দরবনের উপর জোর দিই। ভারত সরকারের যে ঘোষিত নীতি তার প্রথম কথা হচ্ছে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ ক'রে ফেলতে হবে। দ্বিতীয় হচ্ছে সবচেয়ে অনগ্রসর এলেকা, সেইগুলির উন্নয়নের কাজ স্টেটকে আগে শুরু করতে হবে। কলকাতার এত কাছে আমরা যদি সঠিক মত চেষ্টা করি তা হ'লে এই জায়গা থেকে পশ্চিম বাংলার খাদ্যের যে অবস্থা সেই অবস্থাকে আমরা ফিরিয়ে দিতে পারি। দ্বিতীয়ত এত কাছের এলেকা অথচ এত অনগ্রসর সেখানেই যদি প্রথম হাত দিই তা হ'লে ভারত সরকারের যে ঘোষিত নীতি সেই নীতিকে কার্যকরী করতে হবে কিন্তু এ বিষয়ে জানাতে হচ্ছে, দুঃখের বিষয় যে নীতি তারা ঘোষণা করেছেন, কাজের দিক থেকে সেই নীতি কার্যকরী করার কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। সুন্দরবন অঞ্চলে ২,২০০ মাইল বাঁধ, তার উপর ৩,০৮৯ বর্গমাইল চাষের জমি নির্ভর করছে, এই বাঁধসমস্যা সেখানকার প্রধান সমস্যা। দ্বিতীয় সমস্যা নদীনালা সমস্যা। এটা আমরা জানি যে, এই নদী দিনের পর দিন মজে যাচ্ছে নদী সিল্টেড হয়ে যাচ্ছে, এই নদী সংস্কারের ব্যবস্থা কার্যকরী আজ পর্যন্ত হয় নি। আমি এই নদীনালার যে সমস্যা এই সমস্যা সমাধানের জন্য কার্যকরী ব্যবস্থা অবলম্বন করার জন্য দাবি করছি। দ্বিতীয়ত আমরা বলছি যে, এই ২,২০০ বর্গমাইল বাঁধ তার উপরই বেশি উৎপাদন নির্ভর করছে। এই যে ২,২০০ মাইল বাঁধ যার সম্বন্ধে গত ৫ বছর ধরে বলে এসেছি আজ পর্যন্ত কি পশ্চিমবঙ্গ সরকার কি কেন্দ্রীয় সরকার এই বাঁধকে সঠিকভাবে কাজে হাত দিয়ে তার কার্যকরী ব্যবস্থা অবলম্বন করবার কোন দায়িত্বই তারা গ্রহণ করেন নি। বহু

প্রচেষ্টা হয়েছে। তারা যখন কাজ আরম্ভ করে তার কিছুদিন পরই বর্ষা আগত হয় এবং সেই সময় টাকা মঞ্জুর করে এবং সেই টাকায় যে কাজ শুরু হয় তার শতকরা ৫০ ভাগ টাকাই ব্যর্থ হয়। স্টেটএর টাকা এইভাবে ওয়েস্টেজ হয় অথচ সত্যিকার কোন কাজ হয় না। ফলে লক্ষ লক্ষ বিঘা জমির উৎপাদন বছরের পর বছর নষ্ট হয়ে যায় সেই কাজের ফলে। তৃতীয়ত সুন্দরবনের সমস্যাকে পশ্চিম বাংলার একটা বিশেষ সমস্যা হিসাবে গ্রহণ করে সেখানে এক্সপার্ট কমিটি বসিয়ে পশ্চিমবঙ্গের সরকারের তরফ থেকে এদের মতামত নিয়ে সুন্দরবনের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে চাপ দেওয়া এবং বলা উচিত তার অর্থ মঞ্জুর করার জন্য কিন্তু সেই রকম উদ্যোগ তাদের নেই বললেই চলে। ফলে কি অবস্থা হয়েছে? শুধু লক্ষ লক্ষ বিঘা জমিই যে নষ্ট হয়েছে তা নয়। এই সুন্দরবন ঘিরে যে কৃষিসমাজ গড়ে উঠেছে, সেই কৃষি-সমাজের উন্নতি করার প্রচেষ্টা হিসাবে যেমন শহরে বিদ্যালয় এবং যে ছোট ছোট মিউনিসি-প্যালিটি গড়ে উঠেছে এই সমস্ত অন্যান্য অঞ্চলের তুলনায় খুব কম যেমন আমি বলতে পারি, বসিরহাট, টাকী, দমদম, ডায়মন্ডহারবার এবং ক্যানিংএ প্রচেষ্টা হয়েছে, কিন্তু আজকার অবস্থা কি? শুধু যে সুন্দরবনের চাষীর অর্থনীতি নষ্ট হয়ে যাচ্ছে তা নয়, বহু শহরের মধ্য দিয়ে যে প্রগতির আলো ছড়িয়ে পড়েছিল সেই শহর আজ ধ্বংসোন্মুখী হতে চলেছে এবং বহুবার আবেদন নিবেদন করেছি, অনেক প্ল্যান আমরা দিয়েছি বাংলা সরকারের কাছে বহুবার বলেছি, কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছি কিন্তু এতে পশ্চিমবঙ্গ সরকার বিশেষ গুরুত্ব দেন নি এবং তার উন্নয়নের জন্য যে প্রচেষ্টা হওয়া উচিত তা দেখি না। তাই আজকে শুধু পশ্চিমবঙ্গ নয় সমস্ত ভারতের সঙ্গে মিলে মিশে ইহাকে জাতীয় স্বার্থ হিসাবে দেখে সকলে মিলে উন্নয়ন পরিকল্পনার ব্যবস্থা ক'রে সেই প্রস্তাব কার্যকরী করবার চেষ্টা করা, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাহায্য নিয়ে বৈজ্ঞানিক পরিকল্পনার ভিত্তিতে এক্সপার্ট নিয়ে সেখানে উন্নতির ব্যবস্থা করতে যদি পারি তা হ'লে নিশ্চয়ই আমরা পশ্চিমবঙ্গের বর্তমান অবস্থা ফিরিয়ে দিতে পারব।

[6-55—7 p.m.]

শুধু কৃষির উন্নতি নয়: আমরা দেখেছি নদীনালা ঘেরা এই দেশে আজ রাস্তাঘাট তৈরি হচ্ছে। তার আশেপাশে শিল্প পত্তন করবার যথেষ্ট সম্ভাবনা আছে। আমরা দেখেছি সেখানে জঙ্গলে কাঁচামাল উৎপন্ন হ'তে পারে। সেখানে ছোট ছোট কলকারখানা গড়ে সেখানকার সাধারণ মানুষ যারা জমির উপর নির্ভরশীল তাদের আমরা নূতন কাজের মধ্যে নিযুক্ত করতে পারি। এবং তাতে নূতন একটা অর্থনৈতিক অবস্থার সৃষ্টি করতে পারি যার সুযোগ এবং সম্ভাবনা সেখানে বর্তমান আছে। কিন্তু আমরা দেখছি যে বহু চেষ্টার মধ্য দিয়েও প্রতি বছর আবেদন নিবেদনের মধ্য দিয়ে অর্থ মঞ্জুর করা হয়েছে। কিন্তু মিলিত প্রচেষ্টার অভাবে সেই অর্থই ঠিক সময়মত কাজে গিয়ে পৌঁছায় না। আমরা সমবেতভাবে প্রচেষ্টা করছি, উন্নতি করবার জন্য চেষ্টা করছি। কেন্দ্রের কাছে সমবেত শক্তি দিয়ে কেন্দ্রের দৃষ্টি আকর্ষণ করাতে কেন্দ্রীয় মন্ত্রী এখানে এসেছেন, এখানকার বাস্তব অবস্থা পরিদর্শন করবার জন্য। আমাদের বাংলাদেশের মন্ত্রী তাঁর সঙ্গে সেখানে ছিলেন, আমিও আমার এলাকা হ'তে সেইসঙ্গে ছিলাম। মাননীয় অজয়বাবু বসিরহাট যে ধ্বংস হচ্ছে তা প্রত্যক্ষভাবে জানবার জন্য তাঁকে নিয়ে গিয়ে-ছিলেন এবং তা জানান হ'লে পরে প্রকাশ্য সভায় দাঁড়িয়ে বললেন যে, মাত্র শ্রীপ্রফুল্ল বন্দ্যোপাধ্যায়ের চেষ্টায় সেখানে কিছু কিছু কাজ হয়েছে এবং তার পরে আর যা কিছু কাজ করবার তা আমরা শ্রীপ্রফুল্ল বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আলোচনা ক'রে করব। আজ তাঁরা সহযোগিতার কথা বলেন, সামগ্রিক উন্নতির কথা বলেন, অথচ এই বিভাগেরই একজন মন্ত্রী সেখানে রাজনীতির খেলা খেলবার চেষ্টা করেছেন। সেই সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গির মধ্য দিয়ে নয়, সামগ্রিক উন্নতির জন্য যে প্রচেষ্টা করা দরকার—তাকে আঘাত দেবার চেষ্টা করা হয়েছে। আজ বাংলাদেশের যে অবস্থা, 'রিফিউজি রিহ্যাবিলিটেশন'এর সমস্যার সঙ্গে তার সাথে আছে সুন্দরবনের উন্নতি—শুধু কৃষির উন্নতি নয়, সেখানকার সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক সমস্ত দিক থেকে তার উন্নয়ন করতে পারা যাবে যদি আমরা সঙ্কীর্ণ দৃষ্টি পরিত্যাগ করি এবং সমবেত শক্তি দিয়ে এই প্রচেষ্টার উপর দাঁড়িয়ে কাজ করার চেষ্টা করি। তা হ'লে নিশ্চয় এই সুন্দরবনের উন্নয়ন করতে পারব।

সর্বশেষে আমি বলতে চাই যে, এর গুরুত্ব এত বেশি যে, সেখানে যেটুকু রাস্তাঘাট, যেটুকু শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে উঠেছে তাও ধ্বংস হবে, এরূপ সাংঘাতিক অবস্থা সুন্দরবনের হবে। কাজেই আমি আবেদন করব সমস্ত দল ও মত মিলে সুন্দরবনের উন্নতির জন্য আমাদের চেষ্টা করা উচিত এবং তা করতে হবে।

আমি আশা করি আমাদের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হবে।

Mr. Speaker: The House stands adjourned till 9 a.m. tomorrow.

Adjournment

The House was then adjourned at 7 p.m. till 9 a.m. on Saturday, the 6th July, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 6th July, 1957, at 9 a.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 212 Members.

[9—9-10 a.m.]

Obituary

Mr. Speaker: Hon'ble members, I regret to announce the death of **Mr. Pratul Chandra Ganguly** who died in Calcutta yesterday. Mr. Ganguly was a well-known revolutionary leader of Bengal. He was imprisoned for ten years in connection with the Barisal Conspiracy Case in 1913. He also spent another fifteen years in jail on different occasions. He was a member of the old Bengal Legislative Council from 1929 to 1934 and also a member of the old Bengal Legislative Assembly from 1939 to 1946.

I have also the melancholy duty to refer to the death of **Dr. Anugraha Narayan Sinha,** the Finance Minister of Bihar. He was a veteran Congress leader and was a Minister in Bihar since 1937 except for the few years during the war when there was no Ministry there. We all most sincerely regret the death of these patriotic gentlemen and express our sympathy for the members of the families of the deceased.

As a mark of respect to the memory of the deceased gentlemen, honourable members will please rise in their seats and remain standing for two minutes in silence.

(Honourable members rose in their seats for two minutes.)

Thank you, ladies and gentlemen. Secretary will do the needful.

Point of order

Sj. Subodh Banerjee: Sir, I would like to speak on the point of order.

Mr. Speaker: I find Mr. Das is not here. So, would it not be preferable if this debate takes place when Mr. Das comes because he asked me for special leave to speak on this matter—he is taking a little interest in it. That is what I would suggest.

Sj. Subodh Banerjee: All right, Sir.

Government Bills

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957.

Dr. Abu Asad Md. Obaidul Ghani: Mr. Speaker, Sir, the other day I tried to listen with all attention to the speech of the Hon'ble Minister in order to find out if he could cite any justification for continuation of this Act in the shape of any emergency or any urgent necessity for the same. I honestly and frankly confess that I failed to discover anything in his speech which could encourage me to support this particular Act. So far as I know, this is one of the legacies of the closing period of British rule.

Even then they justfied this Act by the presence of war emergency. The Hon'ble Minister has not been able to cite anything approaching or approximating to the war emergency. The war is over; the British rule is ended, but unfortunately, the Hon'ble Minister desires to hang on to this Act and without any justification to assume its special and sweeping powers. The other day he regretted that it fell to his lot to try to perpetuate this Act. Well, Sir, we are glad to hear him say so, but why did he feel bound down to take such sweeping powers? He has failed to cite any emergency to justify this. Partition, the first Five-Year Plan, the Second Five-Year Plan—all these were deliberate events, and these cannot be said to cause any emergency for which this Act may be necessary. Besides, an emergency when chronic ceases to be an emergency. New conditions do require well considered measures of a permanent nature, and I do not think that such temporary measures can solve any problem or allay any distress caused by new conditions. The remedy, for example, of house shortage is construction of new houses and not the requisitioning of old ones. What sense there is in driving out some people in order to accommodate others? When we talk of nationalisation of industries, the Hon'ble the Chief Minister as well as our Prime Minister have repeatedly said that it is not economical to waste money on old machineries. Well, Sir, if that is so, I think the requisitioning of old houses, old premises, instead of building new ones is certainly much worse, because it does not solve the problem of house shortage. Besides, by it a large number of people are uprooted. This is specially cruel to the poorer section of the middle class strata of society in these days of house shortage when it is very difficult to procure flats or tenements at a reasonable rent and without *selami*. In fact, I could compare it to the Ranger's Sweep prize which one in a thousand has a chance of getting. Besides, it will kill the very incentive of some middle class families to build houses for their own use where they could pass the closing days of their lives in peace, because they are afraid of being ousted from their houses. In addition to that, it acts as a deterrent to the Government scheme of house-building, for Government will find it very convenient to carry on with the expansion of their work by occupying old houses after driving out people from them instead of building new ones. I think, Sir, the only rational course for Government is to build new houses according to their needs. In the meantime, if there are certain difficulties financial or otherwise, they can be tided over in other ways House rent and rent control laws may be amended and properly enforced in the bigger cities of the province. If we look about, we will find many big palatial buildings used as private residences where the space used by the occupants is out of all proportion to their requirements even after making allowance for their comforts; these spare spaces could be utilised. Besides, even these big houses could be requisitioned, for certainly the richer section of the population must find it much easier to find alternative accommodation rather than the poorer section of the people. I understand that there is a legal enactment for industrial concerns to make provision for a Reserve fund which must be utilised for providing residences for their employees.

[9-10—9-20 a.m.]

This could be enforced. This will reduce some pressure on the existing housing problem. New constructions should be taken up wherever possible as a necessary measure along with other planned constructions. Instead of this if ordinary people are kept perpetually worried by the fear of eviction from their own houses and turned out on to the streets—for practically that is going to happen in the majority of cases under the existing housing difficulties in spite of some time being given to them to find an alternative accommodation—I should say, to say the very least, that

this is very unjust. Sir, I want just to state a few examples from one town in the district of Birbhum. The house of Shri Narayan Kinkar Sinha, Siva Kinkar Sinha and Kamal Kinkar Sinha was requisitioned in 1947-48. Ten years have passed and the family could not get their house released yet. Their petition for the release of their house was made to Government through the Deputy Commissioner in 1954 and since then the Deputy Commissioner wrote back that the house could be released when the present occupant, some Dr. Malakar finds an alternate accommodation. He has shifted on 20th July, 1956. Still those people have not got their house back. The other interesting case was that of the father of Shri Kamal Krishna Das, Congress M.P., whose house was requisitioned sometime ago. Government was paying Rs. 20 to him and was utilising this house as a store house. This house has been released. Government is paying Rs. 250 for the other houses which they have taken up. The de-requisitioned house is still lying vacant but the Sinha family is still going about without any house. I think the Hon'ble Minister will realise what a cruel steam roller has been let loose upon the people. I do not for a moment doubt the good intentions of the Government, but the requisitioning machine is such a ruthless monster that it will not spare the ordinary people.

Sj. Basanta Kumar Panda: In the Objects and Reasons of the Bill it is stated that the circumstances which necessitated the passing of the Act still continue and therefore power has been sought for extension of this Bill for three years more. Now, I would say that the powers once in the hands of the State should not be continued in one pretext or another. Of course, in the case of the present Bill, the Hon'ble Minister in charge of the Bill has not been so eloquent as with regard to the previous two Bills. This time he has approached us with a faltering voice only stating that up to now we have 858 premises in occupation. It may be 858, it may be one or it may be two. The position is the principle has to be considered. This was a very extraordinary Act passed in 1947 by which the owners of the houses or the tenants occupying the houses were deprived of their residences for the purpose of the State. At that time there was influx of the refugees and other special considerations. The State has got ten years' time and within this period it has got the monopoly with regard to all the building materials. Within this time the State ought to have made arrangements in Calcutta or near about Calcutta or in municipal or industrial areas for the construction of houses for the accommodation of their officers and servants. That has not yet been I think completed. Now one patent defect in this Act is that in the original Act the expression 'public purposes' has not been defined in a positive way. Only in a negative way it was defined by an amendment in section 2, sub-section (ff) 'Public purpose' does not include purpose of the Union. But what is the purpose of the State for which 'public purpose' is meant? That has not been defined. That is the defect in the Act, and that has been seriously and consistently commented upon in several judgments of the High Court, one delivered by Mr. Justice Bose and another by Mr. Justice Das and Mr. Justice Debabrota Mukherjea. The Government is silent about the purpose of this Act and it can be stretched for any purpose unknown or unimaginable and that has been done in the name of the purpose of the State with the result that the people have been deprived of their residences. This may be a very emergent measure but from time to time the life of this Act has been prolonged in some way or other. It was first introduced in the Statute Book by Ordinance No. X of 1947 followed by an Act—Act V of 1947. it was passed on the 1st January, 1948. At the initial stage its life was up to 1953. Thereafter by one amendment by Act X of 1953 it was extended only by one year up to 31st March, 1954. Thereafter by another amendment, by Act VII of 1957,

it was elongated up to 31st March, 1957 and then three years' more life is being sought by this Bill. Now, if the Hon'ble Minister states that he is now in occupation of only 858 houses by the operation of this Act and as the Government is in a monopoly position with regard to building materials I would ask how long more would they require for the purpose of construction of houses for their own servants.

Another thing is this: Government has not yet been able to give accommodation to their servants and even if some accommodation is made, still some Government servants are residing in rented houses. Private houses have been requisitioned for this purpose and these Government servants are not either being accommodated in Government quarters or they out of their own volition are occupying these premises by some contrivance or other. The thing is if in the houses constructed by the State there is still accommodation then the premises which are included within these 858 requisitioned premises must be vacated for this purpose, and the owners or the previous tenants of these premises should be allowed to retain or regain their possession just after these have been vacated. Now I come to know that Government has constructed some houses but the rents being higher it is not within the powers of the employees to remain or occupy those premises. Therefore, on one pretext or other they are continuing in the requisitioned premises. If that is the position, that is undesirable. Either the previous owners or the previous tenants should be at once replaced in their own possession and the Government premises should not be allowed to remain vacant for any length of time because in that way Government is being deprived of the rent and at the same time people are being harassed. With regard to further continuance of this Act I want an assurance from the Minister because three years' time is too long. Three years from this time will be practically the end of the Second Five-Year Plan period and such a long time is not necessary for the construction or supply of accommodation for only 858 families. If they require such a long time then I hope there will never be an end of this Act and further occasions will arise for prolonging this act. So I would request the Hon'ble Minister not to ask for three years' time by this amendment. If necessary he may take at best one year or two years and not more than that if these powers are not necessary. I would further ask the Hon'ble Minister not to make fresh requisition of premises under the powers given by this Act. In this way only the bona fide application of this Act can be apprehended. Another thing is that for the owners of these requisitioned houses who have been forced to live in rented houses, these premises should be released at once.

And if the tenants who were in occupation of these houses were paying in alternative houses rent higher than charged for the original premises, I would ask the Hon'ble Minister to make specific enquiry with regard to the requirement of each of the previous owners and each of the occupants of those premises. If it is found on enquiry that some people are being harassed and Government has no real alternative accommodation and the officers on one pretext or another are not going to occupy those Government premises, they should be compelled to do so and immediate steps should be taken by the State for construction of further houses as soon as possible so as to release these 858 houses.

[9-20—9-30 a.m.]

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিলটা আমাদের সামনে উপস্থিত করায় মাননীয় মন্ত্রি-মহাশয়ের লজ্জার যথেষ্ট কারণ ছিল, কারণ পরপর তিনটা পিরিয়ড কন্টিনিউয়েশন অব পাওয়ার্স নিচ্ছেন। আগের বিলটার মত এই বিলটাও এক্সটেনশন অব পাওয়ার, পরিধি বাড়ানোর জন্য

মন্ত্রিমহাশয় আমাদের সামনে রেখেছেন। কলকাতার পুরানো বাসিন্দা হিসাবে এই সমস্যাটা আমি গুরুতর ব'লে মনে করি। আপনাদের হাতে বর্তমানে ৮৫৫টি বাড়ী আছে। মাননীয় সদস্য শ্রীবসন্তকুমার পাণ্ডা বললেন, যে বাড়িগুলি আপনারা আইনবলে নিয়েছেন সেগুলির ভাড়াবৃদ্ধি হওয়ার জন্য ছাড়তে চাচ্ছেন না। এই রকম উদ্দেশ্যই যদি হয় তবে সেক্ষেত্রে পাওয়ার কন্টিনিউয়েশন না ক'রে বাড়ীভাড়া কমানো উপযুক্ত হ'ত কিনা মন্ত্রিমহাশয়কে বিবেচনা করতে বলি। আপনার মাধ্যমে আজকে মন্ত্রিমহাশয় যে সমস্যাটা রেখেছেন—প্রেমিসেস রিকুইজিশন অ্যান্ড কন্ট্রোল—এটা কলকাতা এবং বাংলাদেশের বহুবিধ সমস্যার মধ্যে একটা সমস্যা। আমরা সরকারের নীতির সমালোচনা করি, আমাদের সমালোচনার জন্যই সরকার আজকে ফুড প্রবলেম, মেডিকেল প্রবলেম এইগুলিকে জাতীয় সমস্যা ব'লে গ্রহণ করেছেন। আমি বলি এই হাউসিং প্রবলেমটাও সেইভাবে নেন না কেন? আপনারা পুরানো আইনটা পছন্দ করেন না, সেই আইনের চেহারা ভাল নয়, তারই জন্য আগের বিলটার এক্সটেনশন ক'রে খানিকটা চেহারা বদলে ও পরিধি বাড়িয়ে নিচ্ছেন। কিন্তু আমি বলি এভাবে বাড়াতে পারেন কিনা, সেটাও ভাবুন। আমাদের ভারতবর্ষের বিভিন্ন শহরে আইন আছে বাড়ীওয়ালার মাধ্যমে ভাড়া না দিয়ে সরকারের মাধ্যমে ভাড়া ও বন্দোবস্ত দিতে পারেন। আমি আপনাদের চিন্তা করতে অনুরোধ করছি যে, আপনারা যে প্রোগ্রাম নিয়েছেন, যে বাড়ীগুলি তৈরি করছেন এবং তৈরি হয়েছে তাতে ক'রে প্রয়োজন হ'লে রিকুইজিশনড্ হাউসগুলি ছেড়ে দেবার কোন নীতি হ'তে পারে কিনা। আমি জানি এই রকম যদি বন্দোবস্ত হ'তে পারে, বর্তমানে যেমন সরকারী দপ্তর আলাদা আলাদা আছে, সেই রকম একটা আলাদা পোর্টফোলিও থাকলে কেউ অন্যায় মনে করত না, কারণ আজকের দিনে হাউসিং সমস্যা একটা দরকারী ও গুরুতর সমস্যা। কলকাতার মধ্যে যে বাড়ী হচ্ছে বা হবে বা অলরেডি রিকুইজিশন আছে, সেগুলি নীতি হিসাবে যদি ভাড়াটের ছেড়ে দেবার কথা থাকত এবং যদি সেলামী ও ঘুষের ব্যাপার বন্ধ করবার একটা নীতি থাকত এবং সরকারী দপ্তরে ওপেনলি টানানো থাকত এ লিস্ট অব প্রেমিসেস অ্যান্ড অ্যাকোমোডেশন অ্যাভেলএবল এবং যদি ভাড়াটেদের বাড়িওয়ালাদের চাপ থেকে মুক্ত করতে পারেন এবং প্রসপেকটিভ ক্যান্ডিডেটদের একটা লিস্ট ক'রে অ্যাভেলেএবল স্পেসেস অব অ্যাকোমোডেশন ইন অর্ডার অব প্রায়োরিটি সরকারী দপ্তর থেকে বিতরণ করবার ব্যবস্থা করতে পারেন তা হ'লে আমরা সেলামী থেকেও মুক্তি পেতাম আর লোককেও প্রয়োজন অনুযায়ী অ্যাকোমোডেশন দিতে পারতাম। এতে হাউসিং প্রবলেমএর একটা সুরাহা হ'তে পারত এবং বেটার ইউটিলাইজেশন অব দি রিকুইজিশনড্ হাউসেসও হ'তে পারত। এই রকম জনকল্যাণমূলক উদ্দেশ্যে যদি আপনারা পাওয়ার এক্সটেনশন করতেন বা নতুন ক'রে একটা বিল আনতেন এই আইনসভার মধ্যে আমরা বিচার ক'রে দেখতাম। কিন্তু আপনারা যেটা করতে যাচ্ছেন তা সমর্থনযোগ্য নয়। পাওয়ার একবার হাতে পেয়ে পুরানো হয়ে গেলে ছেড়ে দেওয়া কঠিন, সেটা আঁকড়ে রাখবার চেষ্টাই করা হয়। আপনারাও হাতে পাওয়ার পেলে ছাড়তে চান না। এটা একটা সরকারের পক্ষে গৌরবের বস্তু নয়। এই নীতি পরিহার ক'রে বাড়ী, রেন্ট, হাউসিং প্রবলেম ডিসকাস করার জন্য বিল আনুন যাতে অ্যাভেলেবল স্পেসেস ফর ডিস্ট্রিবিউশন মানুষের মধ্যে ছেড়ে দিতে পারেন। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Bimal Chandra Sinha:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলটার মেয়াদ বাড়াবার জন্য যে প্রস্তাব এই সভায় এনেছি সেই প্রস্তাবের সময় বলেছিলাম এই আইনের প্রয়োগের দুটো দিক আছে। একটা দিক হচ্ছে এই যে, যদি কোন মালিক তার নিজের বসবাসের জন্য বাড়ি ব্যবহার করে তবে তাকে তাড়িয়ে অন্য কাউকে ঢোকাবার কোন ব্যবস্থা করি নি, তবে যদি কোথাও ভুলক্রমে প্রহিবিটোরি অর্ডার অর রিকুইজিশন অর্ডার দেওয়া হয়ে থাকে তাহলে আমরা এ রকম খোঁজ অনেক সময়, অনেক সময় কেন, প্রায় সময়ই পেয়ে থাকি এবং যখনই পেয়ে থাকি, তৎক্ষণাৎ ছেড়ে দিই। আমি আশা করেছিলাম গনি সাহেব এসম্বন্ধে বলতে গিয়ে সম্প্রতি পার্কসার্কাসে যে ঘটনা ঘটেছিল সেই কথাটা উল্লেখ করবেন। তা না ক'রে তিনি বীরভূমের তিনটা বাড়ির কথা বলেছেন, এ সম্পর্কে খবর না নিলে বিস্তারিত বলা বা বিস্তারিত বিবরণ এ সভার সামনে পেশ করা সম্ভব নয়। কিন্তু গণি সাহেব সকলের চেয়ে বেশি জানেন সেখানে যে বাড়ী রিকুইজিশন করা হয়েছিল—আমি মালিকের নাম করতে চাই না—সেই বাড়িটায় একটা ফ্ল্যাট বহুদিন খালি ছিল। তার ভাই

সম্ভবত তিনি সম্প্রতি বিদেশপ্রত্যাগাত হয়ে ফিরে এসেছেন—তিনি সেখানে থাকবেন সেকথা বিশ্বাস্য কি অবিশ্বাস্য সে প্রশ্নও তুলছিনা। কিন্তু আমার মনে এই বিশ্বাস আছে তাঁর নিজের প্রয়োজন না হলেও তাঁর ভাইএর প্রয়োজনে কাজে লাগাবার জন্য—গণি সাহেব সকলের চেয়ে বেশি সাক্ষ্য দিতে পারবেন—সে বাড়ি ছেড়ে দেওয়া হয়েছিল কি না?

(Dr. ABU ASAD MD. OBAIDUL GHANI:—I agree, that has been done.)

ইউ এগ্রি, গভর্নমেণ্ট অর্ডার উপেক্ষা ক'রে পুলিস নিয়ে গিয়ে ঘর বন্ধ করবার চেষ্টা করা সত্ত্বেও সে খবর পেঁছানর পর সে বাড়ি ছেড়ে দেওয়া হয়েছে কি না আমার চেয়ে গণি সাহেব বেশি জানেন।

[9-30—9-40 a.m.]

যখন তাঁরা সেই খবর আমাদের কাছে পেঁছে দিলেন, তখনি আমরা সে বাড়ি ছেড়ে দিয়েছি কিনা সেকথা আমার চেয়ে গণি সাহেব নিশ্চয়ই ভাল জানেন। কাজেই একটা কথা আমি প্রথমেই আপনাদের পরিষ্কার ক'রে ব'লে দিতে চাই, কোন মধ্যবিত্তই হোন, যেই হোন, যাঁর নিজের বসতবাড়ি তাঁকে সেখান থেকে রাস্তার ধারে টেনে নামিয়ে সেখানে গভর্নমেণ্ট অফিসারই হোক বা যেই হোক, তাকে সেখানে বসাবার চেষ্টা আমরা করি না। এ যেমন একটা কথার উল্লেখ আমি করলাম, আর দ্বিতীয় কথা আর একটা হচ্ছে বিরোধীপক্ষ থেকে যেমন বলা হয়েছে শ্রীযুক্ত সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছেন যে, প্রাইভেট ইনসেন্টিভ কমে যাবে, তার উত্তরে আমি বলছি আপনারা প্রেমিসেস রেণ্ট কণ্ট্রোল অ্যাক্ট দেখেছেন, সেই অ্যাক্টএ একটা বিশেষ ধারা আছে। নূতন কোন বাড়ি যদি কেউ করেন তিনি, ঠিক আমার মনে নেই—হয়তো এই আছে, ৬ পারসেণ্ট বা ৫ পারসেণ্ট রিটার্ন এই রকম হিসেবে নিয়ে সে বাড়ি ভাড়া দিতে পারবেন।

Dr. Suresh Chandra Banerjee: On a point of information, Sir, is the Rent Control Act applicable to such cases?

The Hon'ble Bimal Chandra Sinha:

এ ইনফরমেশন দেওয়ার চেয়ে মাননীয় সভ্য মহাশয় যদি আমার কথাগুলি শুনতেন তা হ'লে ইনফরমেশন পেয়ে যেতেন। একটু সামান্য ধৈর্য ধ'রে শুনলে পর আর কষ্ট ক'রে উঠে দাঁড়াবার প্রয়োজন হ'ত না। যেকথা আমার বলবার ছিল সেইটে শুনলেই বুঝতে পারতেন। কথাটা হচ্ছে নূতন হাউস তৈরির পক্ষে ইনিশিয়েটিভ কি ক'রে বজায় রাখা যায়। আমার কথা হচ্ছে প্রাইভেট লোককে বাড়ি করবার জন্য ইনিশিয়েটিভ দেবার প্রয়োজন আছে। সেকথা কেউ অস্বীকার করতে পারে না। সেই ইনসেনটিভ কি ক'রে দেওয়া হচ্ছে প্রেমিসেস রেণ্ট কন্ট্রোল অ্যাক্টএ তা আছে। যদি কেউ নূতন বাড়ি করেন তা হ'লে তাঁকে পার্সেণ্টেজএ পুষিয়ে দেওয়া হবে। এবং সে পার্সেণ্টেজ খারাপ পার্সেণ্টেজ নয়—এই হচ্ছে এক নম্বর কথা। দু' নম্বর কথা হচ্ছে, যেসব ছোট ছোট বাড়ি তৈরি হচ্ছে—আমি যতগুলি বাড়ির কথা জানি আমি স্বীকার করব যে ৮৫৮টা বাড়ির প্রত্যেকটা বাড়ির কথা আমি মুখস্থ ক'রে মনে রেখে বলছি নে, আমার দু'চারটের কথা বিস্মরণ হ'তে পারে, আমি যতটুকু দেখেছি তাতে জানি যেসমস্ত ছোট ছোট বাড়ি নিজের বসবাসের জন্য তৈরি হয়েছে কোন রকমে, কোন কেসএই তাতে জবর-দখল আইন প্রয়োগ করা হয় নি। আমি আগে এখানে বলেছি, একটি লোক আটটি ফ্ল্যাট তৈরি করেছেল ভাড়া দেবার জন্য। আমরা সেখানে অবশ্য প্রয়োগ করব জবরদখল আইন। কারণ ঐসকল আটটা ফ্ল্যাট তৈরি সে মায়ারপুর রোডে, কলকাতার মধ্যে বা উপকণ্ঠে হোক—সেগুলি বসবাসের জন্য তৈরি হয় নি। কলকাতার মধ্যে—আমি নাম ক'রে বলতে পারি একটি লোক—তিনি গভর্নমেণ্টকে ভাড়া দেবেন ব'লে কিছু কিছু সিমেণ্ট পর্যন্ত গভর্নমেণ্ট অব ইণ্ডিয়ার কাছ থেকে নিয়েছিলেন। আর যখন বাড়ি শেষ হ'ল তখন তিনি তাঁর প্রতিশ্রুতি ভঙ্গ ক'রে অন্য লোকের কাছে বেশি ভাড়া আদায়ের জন্য, তত্টা না হ'লেও সেলামীর লোভে, ভাড়া দিতে চেষ্টা করেছিলেন। আমরা সেসব ক্ষেত্রে নিশ্চয়ই জবরদখল আইন প্রয়োগ করব। একথা আমি এই সভার সামনে পরিষ্কার ঘোষণা করতে চাই, যেখানেই ঐরকম ছ'টা-সাতটা-আটটা ফ্ল্যাট তৈরি ক'রে ভাড়া দেবার চেষ্টা চলবে সেখানে যদি গভর্নমেণ্ট উপযুক্ত মনে করেন জবরদখল

আইন নিশ্চয়ই প্রয়োগ করবেন। তার কারণ আছে। সাধারণত গভর্নমেন্ট অফিসারদের বসবাসের বা অ্যাকোমোডেশনএর প্রয়োজন আছে বটে, সেইটেই বড় প্রশ্ন নয়। তার চেয়েও বড় প্রশ্ন আছে—যেকথা আমি আমার উদ্বোধনী বক্তৃতায় বলেছিলাম—যদি এই আইন না থাকত তা হ'লে আমি আপনাদের সামনে এই প্রশ্ন রাখছি, কলকাতায় যাঁরা বাড়ি ভাড়া দেন তাঁদের মাথার উপর ভয় যদি না থাকত তা হ'লে তাঁরা যে পরিমাণ সেলামীর তাণ্ডব লাগাবেন বাড়িভাড়া দেবেন ক'রে সেটা মেনে নিতে আপনারা রাজী আছেন কি না আছেন?—এইটেই বড় প্রশ্ন। এক জায়গায় হয়তো খবর না পেয়ে প্রহিবিটরি অর্ডার বা রিকুইজিশন অর্ডার দেওয়া হ'ল। যদি খবর পাই যে মালিক সত্যই সেখানে বসবাস করবেন তা হ'লে তাঁকে সেই বাড়ি ছেড়ে দেব। সেরকম একটা বা দু'টো কেস। কিন্তু বাকি শতকরা ৯০ ভাগ কেস-এ বাড়ির মালিক যেখানে কেবলমাত্র সেলামী বা বেশি ভাড়ার জন্য ছটফট ক'রে ঘুরে বেড়ায় এবং কালবাজারী চালায় সেখানে এই আইন না থাকলে বা এই আইন উঠে গেলে যারা ছোট ছোট বাড়ি উপযুক্ত মানের ভাড়া স্বীকার ক'রে বাড়ি পান না তাদের পক্ষে বাড়ি পাওয়া আরও কঠিন হবে কিনা, এই প্রশ্ন আপনাদের বিবেচনা করতে অনুরোধ করি।

তৃতীয় কথা হচ্ছে ইমারজেন্সি মেজার। যুদ্ধের সময় যে ইমারজেন্সি ছিল এখন সে ইমারজেন্সি মেজারএর প্রয়োজন চ'লে গেছে। কারণ বাড়ি সৈনিক বা কোন সৈনাধ্যক্ষের বসবাসের জন্য নেওয়ার প্রয়োজন আর নাই। কিন্তু আজও আমাদের দেশে নানারকম কাজ চলছে, সেজন্য নানারকম লোকদের আমাদের এখানে বসিয়ে রাখতে হচ্ছে। তার জন্য ইমারজেন্সি প্রয়োজন। এবং এই সংগে আর একটা কথা আপনাদের বিবেচনা করতে হবে। আমার এখানে হিসেব রয়েছে, এখনও আমাদের অন্তত ৩০০ জন গভর্নমেন্ট অফিসার দরখাস্ত ক'রে ব'সে আছেন। ঐ ৩০০ জনের দরখাস্ত ক'রে ব'সে থাকা সত্ত্বেও আমাদের দীর্ঘ সময় চ'লে গেছে আমরা তাদের বসবাসের ব্যবস্থা করতে পারি নি। আপনারা প্রশ্ন করেছেন যখন গভর্নমেন্ট অফিসারদের জন্য নিচ্ছি তবু তাদের বাড়ি ক'রে দিচ্ছ না কেন? আমি বলব তার উত্তরে যে গভর্নমেন্ট অফিসার যারা কলকাতায় আসেন তাঁরা কলকাতাতেই কায়েম মোকাম হয়ে ব'সে থাকেন, আর কলকাতা ছেড়ে বাইরে চলে যাবেন না, এমন কথা সত্য নয়। একজন এলেন, তাঁর জন্য একটা বাড়ি হ'ল, আর একজন এলেন, তার জন্যও আর একটা বাড়ি হ'ল, তারপরে তৃতীয় আর একজন এলেন, তার জন্যও আর একটা বাড়ি তৈরি হ'ল, তারপরে সেই তিনজনই যখন বাড়ি ছেড়ে চ'লে যাবেন তখন যে বাড়িগুলি খালি প'ড়ে থাকবে।

Sj. Hemanta Kumar Ghosal:

না হয়, অন্য লোককে দেবেন।

The Hon'ble Bimal Chandra Sinha:

অন্য লোককে দেবার এটা প্রশ্ন নয়, কাজেই গভর্নমেন্ট অফিসারদের জন্য বাড়ি প্রস্তুত ক'রে দেবার প্রশ্ন আপনাদের সেই পরিপ্রেক্ষিতে বিবেচনা করতে হবে।

তারপরে তৃতীয় প্রশ্ন হচ্ছে এই যে, সেখানে জনসাধারণকে কেন ঢুকতে দেওয়া হবে না। আপনারা ঐ বইটার পাতা উলটে দেখুন, তা হ'লে দেখতে পাবেন হাউসিং মিনিস্ট্রি ব'লে একটা ডিপার্টমেন্ট আছে। আমরা জানি এর চার্জএ আছেন মাননীয় খগেন্দ্রনাথ দাশগুপ্ত মহাশয়। মাননীয় খগেন্দ্রনাথ দাশগুপ্ত ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম এবং অন্য হাউসিং স্কীম বহু জায়গায় করতে আরম্ভ করেছেন। তার জন্য আলাদা জয়েন্ট সেক্রেটারি আছে, তার জন্য নানারকম লোন নিচ্ছেন গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছ থেকে। কাজেই এই অভিযোগ যদি করা হয় যে, হাউসিং স্কীমএর দিকে আমরা নজর দিচ্ছি না, সেটা অন্যায় হবে। আর আজকের দিনে এই হাউসিং প্রবলেম নিয়ে আমরা ভারতবর্ষেই শুধু বিব্রত হচ্ছি না, আজকে তাকিয়ে দেখুন প্রাচ্য ও পাশ্চাত্যের প্রায় প্রত্যেকটা বড় শহরে এই বিরাট সমস্যা বিদ্যমান, কোথায়ও এ সমস্যার আশু সমাধান সম্ভব হয় নি। সুতরাং দু' দিনে হাউসিং প্রবলেমএর সলিউশন হওয়া অসম্ভব। তা ছাড়া আমাদের দেশে গৃহনির্মাণ করবার যেসব উপাদান, যেমন সিমেন্ট প্রভৃতি, তার সম্বন্ধে আমাদের বেস্ট ইউজ করতে হবে। সেইসব বিবেচনা ক'রে আমাদের হাউসিং মিনিস্ট্রি যে কাজ আরম্ভ করেন নি বা করতে অগ্রসর হন নি, এমন কথা বলা যায় না। আর যখন দেখি অন্যান্য

দেশও এই হাউসিং প্রবলেম সলিউশনএর চেষ্টা করছে তখন আমাদের কিছু সামান্য সীমাবদ্ধ প্রয়োজন সিদ্ধির জন্য, বাড়ির মালিকদের ভীতিপ্রদর্শন করবার জন্য এই যে জবরদখল আইনের আপনাদের সামনে পুনর্জীবনের প্রস্তাব এনেছি তাতে, আশা করি, আপনাদের আপত্তি হবে না। কাজেই এই আইন সম্বন্ধে আপনাদের এইটুকু বিবেচনা করা দরকার যে, এই আইন একটা ইমারজেন্সি আইন, ইনডাইরেক্টলি একটা জনকল্যাণকর আইন এবং এই আইনের জীবন যদি তিন বৎসর বৃদ্ধি করি তা হ'লে আমাদের যে উদ্দেশ্য সে উদ্দেশ্য সফল হবে। এবং যদি জনসাধারণের কোন কষ্ট হয়, আমাদের কাছে যদি দরখাস্ত আসে, আমরা ছেড়ে দিই।

আমি এখানে আপনাদের কাছে ঘোষণা করবার সুযোগ পেয়ে বলছি, পার্ক স্ট্রীটএর মোড়ে এবং লোয়ার সার্কুলার রোডে দুটো বাড়ি গভর্নমেন্ট অব ইন্ডিয়ার—তাঁদের বাড়ি নয়, অন্য লোকের বাড়ি—তাতে কিছু জবরদস্ত লোক ঢুকে ব'সে আছে। তার প্রত্যেক বাড়ির জন্য ১,৫০০ টাকা ক'রে মাসিক ভাড়া দিতে বাধ্য হচ্ছেন গভর্নমেন্ট অব ইন্ডিয়া। যাতে সেই বাড়িগুলি দখল ক'রে না রাখা হয় মাসিক ১,৫০০ টাকা ক'রে না দিতে হয়, সেজন্য তাঁরা বাংলা সরকারকে লোন দিচ্ছেন, তার দ্বারা, সেখানে অত্যন্ত আলোকিত যে ৫-৬ খানা বাড়ি হচ্ছে তাতে বাথরুম, জলের ব্যবস্থা, ইলেকট্রিক লাইট ইত্যাদি আছে এবং তাতে মাত্র এক-একটা ইউনিটএর জন্য ২০ টাকা ক'রে ভাড়া সাব্যস্ত হয়েছে। কিন্তু সেখানে ২০ টাকা ভাড়া দিয়ে ক'জন লোক যাবে তা আমরা নেক্স্ট সেশনএ বলতে পারব। সেজন্য আমার সন্দেহ আছে যে হয়তো সেখানে সমস্ত বাড়ি ভর্তি হবে না। সেখানে ৭০০ মতন ইউনিট আছে। কাজেই আপনারা বলছেন যে, ২০ টাকা ভাড়া দিয়ে বাড়ি তৈরি কর, কিন্তু তা ভর্তি হবে কিনা সন্দেহ আছে। আপনারা জানেন যে যাঁরা বস্তীতে থাকেন তাঁরা বস্তীর মালিকদের কবলে প'ড়ে ছোট ছোট আলো-বাতাস বর্জিত ঘরের ভাড়া তাঁদের ১৫ টাকা ক'রে দিতে হয়। আমি বস্তী সার্ভে ক'রে দেখেছি যে, মধ্যবিত্ত সম্প্রদায়ের ফটোগ্রাফার, স্কুল-শিক্ষক, যাঁরা কোনদিন বস্তীতে থাকার কোনরকম কল্পনা করতে পারতেন না, তাঁরা পর্যন্ত আজকে বস্তীতে থাকতে বাধ্য হয়েছেন এবং এক-একটি ঘরের জন্য ১৫-১৬ টাকা ক'রে ভাড়া দিচ্ছেন। সেই জায়গায় যদি পাকা বাড়িতে আলো-জল নিয়ে ২০ টাকা ভাড়ায় লোক না পাওয়া যায় তা হ'লে শুধু বাড়ি করলেই সমস্যার সমাধান মিটবে, তা নয়। এইসব গুরুতর বিষয় চিন্তা ক'রে আমাদের কাজে অগ্রসর হ'তে হয়। সেজন্য আমাদের এইসমস্ত পিকচারএর মধ্যে একটা অত্যন্ত ছোট জিনিস আমি নিজে বিশ্বাস করি যে, এত ক্ষতির বদলে বরং ভাড়াটে এবং যারা বাসিন্দা, উভয় পক্ষের একটা প্রত্যক্ষ এবং পরোক্ষ উপকার হচ্ছে। এইজন্য আমি প্রস্তাব করছি যে, আপনারা আমার প্রস্তাব অনুমোদন ক'রে এই আইনের মেয়াদ বৃদ্ধি করবার প্রস্তাবকে সমর্থন করবেন।

[9-40—9-50 a.m.]

The motion of Dr. Suresh Chandra Banerjee that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and a division taken with the following result:—

AYES 69.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Jyoti
Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Bose, Sj. Jagat
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Das, Sj. Sunil
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjkta. Labanya Prova
Golam Yazdani, Dr.
Halder, Sj. Ramanul
Halder, Sj. Renupada

Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Kunar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Haran Chandra
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Prasad, Sj. Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy Choudhury, Sj. Khagendra Kumar
Sah's, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Tah, Sj. Dasarathi
Taher Hossain, Janab

NOES -88.

Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Satindra Nath
Bhattacharjee, Sj. Shyamapada
Bose, Dr. Maitreyee
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhyay, Sj. Bijoylal
Chattopadhyay, Sj. Dhirendra Nath
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Gokul Behari
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjkta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh The Hon'ble Tarun Kanti
Haldar, Sj. Kuber Chand
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Khan, Sjkta. Anjali
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Rajkrishna
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Muzaffar Hussain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Pemantle, Sjkta. Olive
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Yeakub Hossain, Janab Mohammad

The Ayes being 69 and the Noes 88, the motion was lost.

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that in clause 2, line 4, for the words and figures "March, 1960" the words and figures "March, 1958" be substituted.

The motion was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

[9-50—10 a.m.]

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি ভেবেছিলাম যে এতে বক্তৃতা না দিলেই চলবে, কিন্তু মন্ত্রিমহাশয়ের বক্তৃতা শুনে আমার মনে হচ্ছে যে কিছু বলা দরকার। উনি এত উত্তেজিত হয়ে কেন যে বক্তৃতা দিলেন তা আমি কিছুই বুঝতে পারলাম না। কারণ উনি যে বিশেষ ক্ষমতা চাচ্ছেন এই আইনটার সময় বাড়াবার জন্য, এটা তো খুব সোজা কথা যে গভর্নমেন্ট অফিসারদের জন্য কিছু বাড়ি চায়। সাধারণ কথায় বলতে গেলে এই বুঝি যে কিছু অফিসার আছেন—৩-৪ শো— তাঁদের বাড়ি দিতে পারেছন না, তাঁদের জন্য বাড়ি চায়। মন্ত্রীরাও এটার মধ্যে পড়বেন কিনা জানি না, তবে শুনি যে তাঁদেরও অনেকের বাড়ি দরকার। তাঁরা বাড়ি পাচ্ছেন না, সেটা পাবলিক পারপাসএ পড়বে কিনা আমি জানি না। গভর্নমেন্ট অফিসার যদি থাকেন, তা হ'লে তাঁদের বাড়িঘরদোর দিতে হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই, কিন্তু তার জন্য এত বড় বড় বক্তৃতা দেবার তো দরকার হয় না। বস্তী, অমুক-তমুক, সেলামী, জনসাধারণের জন্য কত কি করছি —এইসব কিছুরই ব্যাপার নয়। জনসাধারণের জন্য আপনারা কিছুই করছেন না, যে বাড়ি নিয়েছেন তা জনসাধারণকে দেন নি। দেবেন কি ক'রে আপনি, এটা তো সেই ব্যাপারই নয় এবং এখানে যেটা শ্রী পান্ডা বলেছেন, পাবলিক পারপাসটা ডিফাইন ক'রে দিন,—অন্তত এতদিন পর কিছু ডিফাইন করা উচিত ছিল, তাও আপনারা করলেন না। এখানে মুশকিল হচ্ছে এই যে, আমারও তো মিসআন্ডারস্ট্যান্ডিং হ'তে পারে। যেমন আমি একটা উদাহরণ দিচ্ছি দেওয়ার দরকার হ'ত না, কিন্তু উনি বড় বড় কথা বললেন ব'লেই বলছি, তা না হ'লে এটা এখানে বলার দরকার হ'ত না। আমি অনেকদিন আগে, বছরখানেক আগে আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এবং তাঁর পরিবারের জন্য একটা ভাল, বেশি ঘরওয়ালা বাড়ির কথা বলেছিলাম। আপনারা জানেন যে ঐ পরিবারের স্বামী-স্ত্রী দুর্ভাগ্য অসুস্থ

এবং তার জন্য চারটা ঘর চেয়েছিলাম ডাক্তার বিধানচন্দ্র রায়ের কাছে, কারণ তাঁর পরিবারের সঙ্গে আমাদের জানাশুনা আছে। কিন্তু এই আইনে সেটা দিতে পারেন কি পারেন না সেটা বিচার্য বিষয়। কিন্তু আমার আপাতদৃষ্টিতে মনে হচ্ছে যে, আপনারা দিতে পারেন না যার জন্য কোন রিকুইজিশন করা যায়। অনেক চাওয়ার পর তাঁরা বললেন যে, কড়েয়া রোডে বা অন্য জায়গায় যেখানে গভর্নমেন্ট ফ্ল্যাট আছে সেই একটা দিতে পারেন, অর্থাৎ দুই ঘরওয়ালা একটা ফ্ল্যাট, কিন্তু দুটো ঘরো হবে না। বড় পরিবার, সেজন্য অসুবিধা হয়ে গেল, সেটা পাওয়া গেল না আজ অবধি। সেদিন তাঁর জন্মদিনে আমি গিয়েছিলাম। তাঁর বাড়ির লোকেদের কাছে শুনলাম যে করাচি থেকে, এখান থেকে, ওখান থেকে টেলিগ্রাম আসছে যে এত কষ্ট ক'রে ওখানে আছে কেন, এখানে চ'লে এস, আমরা তোমাকে খুব ভাল ক'রে রাখব। এর পেছনে হয়তো পাকিস্তানের পলিটিক্স আছে, এখান থেকে চ'লে গেলে আমাদের বদনাম হবে• এই সমস্ত জিনিস। অথচ আপনারা তাঁকে জাতীয় কবি হিসাবে মানেন এবং এটা আপনি জানেন যে, আমাদের বাংলা সরকার কিছু পেন্সনও এ'দের দিচ্ছেন এবং সেন্ট্রাল গভর্নমেন্টও দিচ্ছেন বোধ হয়, কিম্বা দুজনে মিলিয়ে দিচ্ছেন। যা হোক কংগ্রেস গভর্নমেন্ট দিচ্ছেন এবং পাকিস্তান থেকেও এ'রা কিছু পান। কাজেই টাকার দিক থেকে বলতে পারেন না যে এই ভদ্রলোক টাকা দিতে পারবেন না, সেজন্য তাঁকে ফ্ল্যাট বাড়ি দিতে পারেন না—এটা পাবলিক পারপাস হ'ল না। আপনারা কোথায় সরকারী কর্মচারীদের দেবেন, সেটা পাবলিক পারপাস হয়ে গেল। এই আইনে আপনারা তাঁদের জন্য বাড়ি নেবেন এবং নিয়েছেন, তাঁদের জন্য আপনাদের মাথাব্যথা আছে এবং থাকতে হবে, কারণ তা না হ'লে গভর্নমেন্ট অফিসাররা থাকবেন কোথায়? তা বুঝি, তার আমি বিরোধিতা করছি না এবং আপনারা যতদিন বাড়িঘরদোর তৈরি করতে পারবেন না, ততদিন এটা চালাবেন। সেটা বুঝতে পাচ্ছি, যদিও এটা অন্যায় ব'লে মনে করি। গভর্নমেন্ট অফিসার ইত্যাদির জন্য একটা ব্যবস্থা করা উচিত ছিল, সিমেন্ট এনে, সেই রকম জায়গা দেখে আপনাদের এক্সটেনশন প্রভৃতি অনেককিছু হচ্ছে, তাঁদের জন্য জায়গা দিতে হবে। আপনাদের সামগ্রিক পরিকল্পনা তো কিছুই নেই, কোন ব্যাপারে নেই, এটাতেও নেই। উনি জোর ক'রে বললেন যে, একজন যদি পাঁচটা ফ্ল্যাট করে নিশ্চয়ই সেখানে এই আইন প্রয়োগ করবেন। খুব ভাল কথা, কিন্তু কাদের জন্য প্রয়োগ করবেন? আপনি কিছু নম্বরীর লোক এনে ফ্ল্যাটগুলি দিন না দু'-তিনশো টাকা ভাড়া নিচ্ছেন যেগুলি একশো টাকা, পঞ্চাশ টাকা ভাড়া হবে। এগুলি যদি পাবলিক পারপাস ব'লে ধরা হ'ত তা হ'লে আমি এক মিনিটও আপত্তি করতাম না, আপনার সঙ্গে একমত হয়ে বলতে পারতাম ভোটের আর দরকার নেই, আমরা এটা মেনে নিচ্ছি। তা না ক'রে অতি স্পেসিফিক ব্যাপারে, অতি সংকীর্ণ ব্যাপারে আপনি ক্ষমতা চাচ্ছেন এবং দশ বছর এর কোন প্রতিকার আপনি করতে পারলেন না। সেজন্য আমরা বলছি যে, এই ক্ষমতা আপনাদের দিতে ইচ্ছা করে না, এই রকমভাবে যদি চলেন আগামী ভবিষ্যতে আমরা বুঝতে পাচ্ছি না যে এই ক্ষমতা দিয়ে গভর্নমেন্ট সার্ভেন্টদের জন্য আপনারা অন্য কিছু ভাল ব্যবস্থা হয়তো গভর্নমেন্ট থেকে করবেন। হয়তো ছোটবড় বাড়িওয়ালা সবাইএর উপর এইভাবে দখল আপনারা দেবেন। বড় বাড়িওয়ালা যাদের কোন প্রয়োজন নেই বাড়িভাড়া দেবার তাদের উপর যদি করেন তবে আপত্তি নেই, কিন্তু আমার বিশেষভাবে বলার কারণ হচ্ছে যাতে একটা রং ইম্প্রেশন না হয়, কারণ মন্ত্রিমহাশয় যা বক্তৃতা দিলেন তাতে মানুষের মনে ভুল ধারণা হ'তে পারে। আমি অবাক হয়ে ও'র বক্তৃতা শুনছিলাম যে কোথায় বস্তী, কোথায় কি সাধারণ মানুষ, এইসবের কথা বলতে উনি আরম্ভ করলেন। এটা তো সেই আইন নয়, উনি ভুল বুঝেছেন এই আইনের ব্যাখ্যা বা ঠিক বুঝেও এই ধরনের বক্তৃতা দিলেন। এটা ও'র কাছ থেকে আমরা আশা করি নি—এই হচ্ছে আমার কথা। সেজন্য আমি বলছি যে, একটু ভেবে দেখুন, এই আইনে আপনারা একজন জাতীয় কবিকে একটা বাড়ি দিতে পারছেন না! আপনাদের অফিসারদের সঙ্গে আমি কথা বলেছি, তাঁরা বললেন—মশায়, এই আইনের মধ্যে বোধ হয় আমরা তাঁকে আনতে পারি না, কোর্টে গিয়ে কেস ক'রে খারিজ ক'রে নেবে, ডিফিকাল্টি আছে। এইসব তাঁরা বললেন। এই তো অবস্থা, আর এখানে বড় বড় কথা বলছেন। সেজন্য এখনও বলি, এই মুহূর্তে হয়তো আপনারা করতে পারছেন না, পাস করিয়ে নেবেন মেজরিটি দিয়ে, তবুও আমি বলছি গভর্নমেন্ট অফিসারদের বাড়িঘরদোর দেবার জন্য এই আইন হয় তা হ'লে দ্যাট পারপাস বি ডিফাইন্‌ড্‌; অন্তত এই আইনের জন্য জেনারেল রুল যাই

থাকুক আপনারা সেটা ডিফাইন ক'রে দিন, তারপর আমরা বলতে পারব যে ক' বছর চলবে। সেই পার্টিকুলার পারপাসএর জন্য যদি হয় তা হ'লে সেটা ডিফাইন করা হোক কিম্বা আপনারা বলুন ব্রড ডেফিনিশন যার মধ্যে ন্যাশন্যাল পোয়েন্টও পড়তে পারে। যদি ওটা করতেন তা হ'লে আমরা খুশি হতাম, কিন্তু এতে সেইসব ব্যবস্থা আপনারা কিছুই রাখেন নি।

The Hon'ble Bimal Chandra Sinha:

আমি অপোজিশন লীডারকে শুধু এটুকু বলতে চাই যে, প্রথমে যখন বাড়িভাড়া আইন হয় তখন শ্রদ্ধেয় বারীন ঘোষ এবং অন্যান্য আরও লোকের জন্য আমরা এই চেয়েছিলাম, কিন্তু হাইকোর্টে সে জিনিস টেকে নি।

[10—10-10 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I want to say a few words on two points raised by Shri Jyoti Basu. The first was—why don't you define the words 'public purpose'? Sir, 'public purpose' is an expression which is not defined even in the Constitution. As a matter of fact, the words 'public purpose' are justiciable and can be challenged in the High Court and have been challenged there. Hundreds of cases have come up before the High Court in order to decide whether the particular object for which a house has been taken is a public purpose or not. Therefore, I myself feel that it would be much better to leave it undefined for a little while. Sir, it is not only for the purpose of Government servants that we want this power. A large number of Consular representatives—representatives of foreign countries—have also come to us and we have got to requisition houses for them. The only point we make is that we do not want to drive out a tenant from a house in order to requisition the house. It is only when there is vacancy in a particular place that we requisition the house.

Sir, with regard to the other point he has raised about the building, I might say that he is aware and his friends are also aware that we have got about 200 tenements in the Karaya Road. We have got also tenements in Entally and I have spoken already during the Budget session that we have started building a few more tenements at Garahat Road. And if luck is on our side we might be able to put in 4,000 of these tenements somewhere very near Calcutta. What we have got to do is this. It is true as everybody would say that we ought not to prevent the owner of a house from occupying it for the purpose of any other person but the difficulty in our way is this. At the present moment the building materials are very difficult to get. If you want to erect a building in Calcutta, you would be in need of cement and steel, both of which are very difficult to get. We had a programme to put in during the last two years at least 700 to 800 tenements. We have got the land. The difficulty was the material. Therefore, it is not that we are not trying to do it. We are trying to do it and we hope to do it in the near future. Till then we want some opportunity of providing the living space for our own people whom we ought to provide with houses for public purposes. Therefore, Sir, I do not see that there is any harm in our continuing this power for a little while. I can assure my friends and I can challenge them to show that there has been any case in recent years where a house has been taken for a public purpose, I am talking only of the last three or four years, excepting for the purpose of residence of Government servants or Consular representatives, and also I challenge them to show that in any case we have driven out a resident, a person who has been a resident in a particular house. I do not think my friends should object to our providing for a living space for our employees.

With these words I support the motion.

Sj. Somnath Lahiri:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এক্ষুনি বললেন যে পাবলিক পারপাস জিনিসটা জাস্টিশিয়েবল, সুতরাং এতে বিশেষ কোন অবিচার হবার আশংকা নাই। কিন্তু ঐ আইনের আর একটা ধারা আছে, যেটা হচ্ছে ২১ ধারা—২১(আই)—যাতে বলছে—

"No order passed in exercise of any powers by or under this Act shall be called in question in any Court."

কাজেই পাবলিক পারপাসএর জাস্টিশিয়েবিলিটি লিমিটেড, অবিচার হবার আশংকায় হাইকোর্ট যে পাবলিক পারপাসএ নেওয়া হয়েছে কিনা, এ সম্বন্ধে একটু-আধটু আলোচনা করতে পারেন, তার দ্বারা নিশ্চিন্ত হবার কারণ পাচ্ছি না। মাননীয় সদস্য বসন্তবাবু পয়েন্ট আউট করেছেন যে, সেইজন্য হাইকোর্ট থেকে অনেক সময় এ বিষয়ে স্ট্রিকচার দেওয়া হয়েছে। সেকশন ২১টা একটা অত্যন্ত ওয়াইড সেকশন, যার যে-কোন মানে করা যেতে পারে।

অ্যাবিউস হয়েছে কিনা সে প্রশ্ন পরে আসছে। প্রথম কথা হচ্ছে, অ্যাবিউজ হবার সুবিধা হচ্ছে কিনা। আজকে অ্যাবেউজ না হয়ে থাকে কালকে হ'তে পারে—যেহেতু ওয়াইড পাওয়ার দেওয়া হয়েছে। আমি এটা বুঝতে পারি না যে সত্যি সত্যি গভর্নমেন্ট কোন উচিত পারপাসএ রিকুইজিশন করছেন কিনা, সেকথা কোর্টএ বিচার করা যেতে পারবে না কেন। আইন সেইভাবে সুস্পষ্ট রকম সংশোধন হবে না কেন তাও আমি বুঝতে পারি না। এমন হ'তে পারে যে, যে অফিসার রিকুইজিশন করলেন তিনি অন্যায়ভাবে রিকুইজিশন করলেন। সমস্ত ব্যাপারে মন্ত্রীরা দৃষ্টি রাখেন বা রাখতে পারবেন এমন তো কোন কথা নাই। কাজেই অবিচার দূর করবার জন্য পারপাস সম্বন্ধে কোর্টএ যাতে ট্রায়াল হ'তে পারে এইরূপ বিধান থাকা উচিত ছিল। কিন্তু যখন নূতন করে এই আইনের জীবনের মেয়াদ বাড়াবার জন্য বিল আনা হ'ল, তখন আইনের যেগুলি ত্রুটি, যেগুলি অন্যায়, তাই ব্যাপক পাওয়ার দিয়ে জিইয়ে রাখছেন? তাঁদের আটশো বাড়ি বজায় রাখা প্রয়োজন? বেশ, তবে শুধু তাই লিখে আইন কেন সংশোধন করলেন না? ফলে আমার আশংকা হয়, যে-কোন সময়ে যে-কোন জিনিস অফিসারের মর্জি অনুসারে ঘটতে পারে।

কিরকম ওয়াইড পাওয়ার দেওয়া হয়েছে যে-কোন লোকাল এলাকা সম্বন্ধে! ধরুন সমস্ত টার্মস কোন একটা হোল এরিয়া, তার মধ্যে যেসমস্ত প্রেমিসেস ভেক্যান্ট হবে সেইসমস্ত গভর্নমেন্ট ইচ্ছা করলে রিকুইজিশন করতে পারবেন এই আইনের বলে। বর্তমানে এইসকল আইনের এই রকম ধারা—তিন-চার-পাঁচ বছরের জন্য বজায় রাখার কি কারণ থাকতে পারে—বুঝতে পারি না! আইনটা সেইসমস্ত ব্যাপক ক্ষমতাসহ আরও তিন বছরের জন্য বাড়ানো হচ্ছে। সেইজন্যই আপত্তি।

মাননীয় মন্ত্রী বিমলবাবু বলেছেন, বসবাসের জন্য যদি কেউ বাড়ি করে আমরা বাড়িওয়ালাকে তাড়াই না, অথবা যদি এই রকম বাড়িওয়ালাকে সরিয়ে দেওয়া হয়ে থাকে, বর্তমানে তাঁরা যদি বসবাসের জন্য চান, তা হ'লে আমরা তাঁদের ফেরত দেবার চেষ্টা করি। একথা বলাতে আমার একটা ঘটনা মনে পড়ল। মাত্র তিন-চার দিন আগে এক ভদ্রলোক আমার কাছে এসেছিলেন। তাঁর বাড়িটা হচ্ছে ইন্দ্র রায় রোডের কাছাকাছি। আশা করি মন্ত্রিমহাশয় একটু নোট করবেন। ভদ্রলোকের নামটা আমার মনে নেই। তবে তিনি জর্জ টেলিগ্রাফ কমার্শিয়াল কলেজের প্রিন্সিপ্যাল। ১৯৪৭ সালে রায়টএর সময় ভয় পেয়ে—তাঁর থেকে যা শুনেছি, আমার পার্সন্যাল নলেজ নাই—তিনি বলেছেন ১৯৪৭ সালে রায়টএর ভয় পেয়ে তিনি বাড়ি ছেড়ে দিয়ে নবদ্বীপে গিয়ে নিরাপদে বাস করতে থাকেন। সেই সময় বাড়ি খালি ছিল। ফলে গভর্নমেন্ট সেটা রিকুইজিশন করেন। তারপর আশংকার কারণ কেটে যাবার পরে তিনি সপরিবারে কলিকাতায় এসে বাস করবার জন্য বাড়ি চান। যেহেতু বাড়ি গভর্নমেন্ট রিকুইজিশন ক'রে নিয়েছেন সেই হেতু তিনি তা ফেরত পান নাই। যার ফলে আজ পর্যন্ত তাঁকে ভাড়া দিয়ে অন্য বাড়িতে থাকতে হচ্ছে—নিজের বাড়ি থাকা সত্ত্বেও সেখানে যেতে পারছেন না। বহুবার তিনি এ সম্বন্ধে আবেদন-নিবেদন করেছেন। সম্প্রতি একটা দুর্ঘটনা ঘটেছে। তাঁর একটা

ছেলের অ্যাকসিডেন্টএ পা কেটে গেছে। তার জন্য সেই ভাড়া-করা দোতলা বাড়িতে থাকা কঠিন হয়ে উঠেছে। তা সত্ত্বেও তিনি আবেদন-নিবেদন ক'রে তাঁর সেই বাড়ি খালি করতে পারেন নি। কারণ সেখানে কয়েকজন পুলিস অফিসার ইত্যাদি আছেন। কাজেই মন্ত্রিমশায় যে বললেন, বাড়িওয়ালা নিজের বসবাসের জন্য এসে বাড়ি ফেরত চাইলেই আমরা তার দেওয়ার ব্যবস্থা করি, একথা সম্পূর্ণ বাস্তব নয়। অন্তত একথা যদি সত্য হয় তবে এ সম্বন্ধে যতগুলি কেস আসবে, সেইসমস্ত কেস বিচার করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করবেন- এটা আমি নিশ্চয়ই মন্ত্রিমশায়ের কাছে আশা করতে পারি।

কথাটা হচ্ছে, আজকে না হয় শুধু আটশো না কয়শো বাড়ি তাঁদের নেওয়া প্রয়োজন। কিন্তু গভর্নমেন্টের মতিগতি আগামী তিন বছরে—যেটা এক্সটেনশন করছেন—ঐ একই রকম থাকবে তার কোন গ্যারান্টি আছে? তাঁদের মতিগতির পরিবর্তন আসতে পারে। যে ব্যাপক ক্ষমতা আজকে তাঁদের দিয়ে রাখার জন্য অনুরোধ করছেন সেই ব্যাপক ক্ষমতা যদি তাঁদের হাতে থাকে, তা হ'লে এক বছর পরে তাঁদের ইচ্ছা বদলে যেতে পারে। বদলে যাবার পর তাঁরা বলতে পারেন, এবার আমরা সেই ব্যাপক ক্ষমতা প্রয়োগ করি। তখন কি হবে?

পয়েন্ট তোলা হচ্ছে যে, কম্পেনসেশন দেবার ব্যবস্থা আছে। কিন্তু যাঁরা রিকুইজিশনড্ বাড়িতে ব্যবসায় ইত্যাদি করছিলেন, যা থেকে রোজগার করছিলেন, তাঁদের কম্পেনসেশন সম্বন্ধে বিলে শুধু এই প্রভিশন আছে যে, যেদিন নোটিস দেওয়া হয়েছে সেদিন থেকে যেদিন দখল করা হয়েছে সেই পর্যন্ত তার যে লোকসান হ'ল, সেই লোকসানটার পূরণ করার ব্যবস্থা হবে। কিন্তু তার ব্যবসায় উঠে যাবার জন্য যে লোকসান হ'ল, নূতন করে নূতন জায়গায় গিয়ে পুনরায় ব্যবসায় আরম্ভ ক'রে জীবনে পুনপ্রতিষ্ঠিত হবার জন্য যে ক্ষয়ক্ষতি তাকে সহ্য করতে হবে, সেই ক্ষতিপূরণ দেওয়ার কোন ব্যবস্থা এই বিলে নাই। আইনে যে ক্ষতিপূরণের ব্যবস্থা হয়েছে, সেটা বড় লোকদের দিকে চেয়ে হয়েছে, গরিব লোকদের দিকে চেয়ে হয় নি। কাজেই এই ব্যাপক ক্ষমতাসম্পন্ন আইনকে আমরা কিছুতেই সমর্থন করতে পারি না।

[10-10—10-40 a.m.]

Sj. Subodh Banerjee: On a point of information, Sir. The Chief Minister has raised the question of power of the Court to determine whether the public purpose for which the land is acquired is justiciable.

আমি তাঁকে জিজ্ঞাসা করি, এই বিশেষ আইনটির বলে জমি অধিকার করলে সে অধিকার জাস্টিশিয়েবল কিনা তা বিচার করার ক্ষমতা কোন কোর্টএর আছে কি? আমার যতদূর ধারণা, সংবিধান চালু হবার আঠার মাস আগে যেসব আইন বিধিবদ্ধ হয়েছে, সেই আইনগুলি সম্বন্ধে কোর্টএর এই অধিকার নাই। বর্তমান আইনটি সংবিধান চালু হবার বেশ কয়েক বছর আগে বিধিবদ্ধ হয়েছে; সুতরাং এই আইনের বলে অধিকৃত জমি যে উদ্দেশ্যে ব্যবহৃত হবে তা পাবলিক পারপাস কিনা এবং পাবলিক পারপাস হ'লে তা জাস্টিশিয়েবল কিনা তা বিচার করার ক্ষমতা কোন কোর্টএর নেই। হোয়াট ইজ দি অ্যাকচুয়াল লিগ্যাল পজিশন? সংবিধান চালু হবার পর যেসব আইন হয়েছে সেইসব আইনের বলে সম্পাদিত কাজ জাস্টিশিয়েবিলিটি কিনা তা চ্যালেঞ্জ করতে পারা যায় না—

because in that case we are protected by the fundamental rights guaranteed by the Constitution.

এ ক্ষেত্রে পারা যায় না ব'লেই আমার ধারণা।

The Hon'ble Siddartha Sankar Roy: My Chief Minister has asked me to reply to the point raised by my friend Shri Subodh Banerjee. I would refer him to a decision of the Supreme Court reported in 58 Supreme Court Appeals 41. Sir, you know the case very well—the case of the State of West Bengal *versus* Bella Banerjee—in which it was conceded by the appellant that "the existence of a public purpose must be established objectively; any provision in a law to the effect that the determination of the Legislature or Executive as to the existence of public purpose shall be

final is unconstitutional". In our country whether a matter is public purpose or not is now well recognised as a question which is justiciable. The words "public purpose" are not new. They have been in existence in our Statutes since 1894—the Land Acquisition Act—Act I of 1894. I can think of hundreds of decisions which have clearly laid down what is public purpose and what is not public purpose. Therefore by the use of the words "public purpose" no right of the citizen is taken away. We all know what public purpose is.

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[At this stage the House was adjourned for twenty minutes]

[After adjournment]

[10-40—10-50 a.m.]

The Calcutta University (Second Amendment) Bill, 1957.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the Calcutta University (Second Amendment) Bill, 1957.

(Secretary then read the title of the Bill)

Sj. Sisir Kumar Das: Sir, what about the point of order to which you referred at the beginning today?

Mr. Speaker: That matter will be taken up on Wednesday.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Calcutta University (Second Amendment) Bill, 1957, be taken into consideration.

Since the Bill has been passed in 1951 there have already been two amendments; this is the third amendment. I confess that I do not like these piecemeal amendments. When the University finds it difficult to give effect to the provisions of the Act they come up to us for remedy and we have come up before the House for that purpose. We were waiting for the University to come to us The University has realised that it is necessary to have a proper alteration of the Act so that all the lacunae may be filled up. We shall have to have a composite amendment later on, but for the time being the reason why we have come up before the Assembly is this: in November, 1956, we passed an amendment Act to provide for the registration of graduates for purposes of election. After such amendment the University wanted some time to frame necessary Statutes to give effect to the provisions of the amending Act relating to registration and to take steps for the registration of graduates in accordance with those Statutes. Now they find that it is not possible for the Vice-Chancellor to give effect to the provisions of the amending Act within three months. It is therefore that we have provided in this amending Act that instead of saying "not later than three months from the dates on which the vacancies arise as he thinks fit" we should have the following words "as he thinks fit, not later than three months from the dates on which the vacancies arise or such extended period as the Chancellor may fix by order made in this behalf". We still maintain that ordinarily three months should be ample for the University and the Vice-Chancellor to give effect to the provisions of the Act but in case of difficulty—like the one that has arisen— we have made

a provision that the Vice-Chancellor may approach the Chancellor to increase the period during which the action is to be taken. The Vice-Chancellor cannot possibly review his own powers and therefore some other authority is required and the Chancellor is the best authoriity to fix by order whether there should be an extension of the provision. That in simple language is the purpose of the amendment that I put before the House.

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনের দ্বিতীয় সংশোধনী আইন আনা হয়েছে। এ সম্পর্কে আমার প্রথম আপত্তি হ'ল যে, সরকারপক্ষ হ'তে এইভাবে টুকরো টুকরো আইন আনা অত্যন্ত অন্যায়। যখন কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনের প্রথম সংশোধনী বিল এসেছিল তারও আগে আমি একটা বেসরকারী বিল এনেছিলাম কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনটিকে ত্রুটিশূন্য করার উদ্দেশ্যে। তৎকালীন শিক্ষামন্ত্রী পান্নালাল বসু মশায় তখন বিধানসভাকে এই আশ্বাস দেন যে, বিশ্ববিদ্যালয় আইনকে ত্রুটিশূন্য করার জন্য সরকারের তরফ হ'তে খুব শীঘ্রই একটা বিল আনা হবে। তারপর প্রায় চার বছর কেটে গিয়েছে, কিন্তু এই দীর্ঘ সময়ের মধ্যে সরকার তাঁর পূর্বোক্ত প্রতিশ্রুতি রক্ষা করেন নি; পক্ষান্তরে মধ্যে প্রথম সংশোধনী বিল একটা আনা হয়েছে; এখন দ্বিতীয় সংশোধনী বিল আনা হয়েছে এবং এই দু'টি সংশোধনী আইনই মূল কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনের ত্রুটি দূর না ক'রে শুধু জোড়াতালি দিয়ে কাজ চালাবার ব্যবস্থা করেছে। এর ফলে কোন প্রকার কোহেশন থাকছে না, আইনে ফাঁক থেকে যাচ্ছে এবং নানারকম অসুবিধা দেখা দিচ্ছে।

এই বিল সম্পর্কে দ্বিতীয় কথা হ'ল, এই বিলের দ্বারা পুরানো কতগুলি বডির জীবন বাড়িয়ে দেওয়া হচ্ছে তিন মাসের জন্য। অ্যাকাডেমিক কাউন্সিল কলিকাতা বিশ্ববিদ্যালয়ের একমাত্র বডি নয়; এই রকম আরও বহু বডি আছে, যেমন- ফ্যাকাল্টি, বোর্ড, সিন্ডিকেট, ফিন্যান্স কমিটি ইত্যাদি। এ বডিগুলির কি হবে সে সম্বন্ধে কোন কথা এই বিলে নেই। এই সংস্থাগুলির কি অবস্থা দাঁড়িয়েছে দেখুন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার পরীক্ষক নিযুক্ত করা যাচ্ছে না, বোর্ড নাই, ফ্যাকাল্টি নাই, সব উঠে গিয়েছে, ফলে চারিদিকে গণ্ডগোল দেখা দিয়েছে।

বোর্ড অব স্টাডিজ ইন এগ্রিকালচারএর অবস্থা দেখুন। এই সংস্থার নয়জন সভ্যের মধ্যে সাতজন মূল বিশ্ববিদ্যালয় আইনের ত্রুটির জন্য আর ঐ সংস্থার বর্তমান সদস্য নন; ঐ সংস্থায় এখন আছেন মাত্র দুইজন সদস্য। অথচ স্ট্যাটিউটএ বলেছে যে, কমপক্ষে তিনজন সদস্য না হ'লে কোরাম হবে না। ফলে এখন বোর্ড অব স্টাডিজ ইন এগ্রিকালচারএর কোরাম হয় না; আর তা না হওয়ার জন্য বোর্ড কাজ করতে পাচ্ছে না। এই অসুবিধা দেখানো হ'ল, সরকারী কর্তারা বললেন—

The Board of studies in Agriculture is functioning in a depleted State.

কিন্তু ডিপ্লিটেড স্টেটএ যে কাজ চলতে পারে না। যেখানে পরিষ্কারভাবে বলা রয়েছে যে কোরাম হওয়ার জন্য তিনজন সদস্যের দরকার এবং কোরাম না হ'লে কোন কার্যকরী সিদ্ধান্ত গৃহীত হবে না সেখানে মাত্র দুইজন সদস্য আছে। এই বোর্ডএর কাজ কি?

To draw up syllabus, to appoint examiners, these are some of the functions of the Board.

সুতরাং পরীক্ষক নিযুক্ত করা যাচ্ছে না পোস্ট-গ্র্যাজুয়েট ক্লাসএ, পাঠ্যতালিকাও প্রস্তুত করা যাচ্ছে না। দু'দিন বাদে পোস্ট-গ্র্যাজুয়েট ক্লাসএ ছাত্র ভর্তি হওয়া শুরু হবে। তারা কি বই পড়বে, কোন্ বিষয় পড়বে তার কোন নির্দেশ পাবে না। এই অবস্থা কেবলমাত্র একটা বোর্ডএর বেলায় হয়েছে তা নয়; বোর্ড অব স্টাডিজ ইন অ্যানথ্রোপলজির নয়জন সভ্যের মধ্যে আটজনের পদ শূন্য; মাত্র একজন আছেন। কি ক'রে কাজ হবে? ডিসেম্বর মাস পর্যন্ত এই একজন সভ্যের ডিকটেশনএ বাংলাদেশের লেখাপড়া চলবে অ্যানথ্রোপলজি ডিপার্টমেন্টএ? এর নাম শিক্ষা সম্বন্ধে আইন করা? বোর্ড অব স্টাডিজ ইন অ্যারাবিক, পার্শিয়ান অ্যান্ড উর্দুতে দুজন মাত্র সদস্য আছেন আর সব নস্যাৎ; বাংলা বিভাগের একজন আছেন আর সব খালি। তা হ'লে দেখুন কি অবস্থা চলছে। অথচ এই বোর্ডগুলিই বিশেষ বিষয়ে লেখাপড়া-সংক্রান্ত

ব্যাপারে, সিলেবাস-সংক্রান্ত ব্যাপারে, অ্যাপয়েন্টমেন্ট অব এগজামিনার্সএর ব্যাপারে, টেক্সট-বুক সিলেকশনএর ব্যাপারে সমস্ত কাজ করেন। এইসব কাজের কিছুই হ'তে পারছে না। এর ফলে ইউনিভার্সিটিতে শিক্ষা ছাড়া আর সব হচ্ছে। চমৎকার অ্যাডভান্সমেন্ট অব লার্নিং! কেবলমাত্র বোর্ড নয়; ফাইন্যান্স কমিটির কথা ধরুন, সেখানে সরকার-মনোনীত সদস্য যিনি আছেন তিনি ছাড়া বাকি যে ক'জন এক্সপার্ট হিসাবে ছিলেন তাঁরা সব আজ আর সদস্য নন। অ্যাকাডেমিক কাউন্সিলএর সদস্য হিসাবে বিভিন্ন শিক্ষা বিভাগের এগারজন ডীন ছিলেন, তাঁরা তাঁদের শিক্ষা বিষয় সম্পর্কে মত দিতেন। কিন্তু সেই এগারজন ডীন আজ আর অ্যাকাডেমিক কাউন্সিলএর সদস্য নন। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-সংক্রান্ত ব্যাপারে সমস্তকিছু ঠিক করা এই অ্যাকাডেমিক কাউন্সিলএর কাজ। ডীনরা হলেন সেখানে বিশেষ বিশেষ শিক্ষা বিষয়ে এক্সপার্ট। সেই ডীনরা আজ বিদায় নিয়েছেন, প'ড়ে আছেন শুধু ছোবড়ারা। তারপর সিন্ডিকেট দেখুন—

it is the executive body of the Calcutta Universiiy.

সেখানে ২৩ জন সদস্যের মধ্যে ছ'জন বিদায় নিয়েছেন। এই ছ'জন হলেন ডীন। এইভাবে বিভিন্ন সংস্থা নিজেদের খেয়ালখুশিমত চলছে। এর নাম কি আইন—আমি জিজ্ঞাসা করি? যখন প্রথম কলিকাতা বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল এসেছিল তখন বারবার ক'রে বলেছিলাম যে, ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট, ১৯৫১এর খোল-নলচে বদলে হুঁকো তৈরি করা দরকার। এই আইনের একটা ধারা আর একটা ধারার বিরোধী। এমন কতকগুলি ধারা আছে যেগুলি সংবিধানবিরোধী। সেগুলি হয়তো ডাঃ চ্যাটার্জি'র কাছে শুনতে পাবেন। আমরা যারা আইন-বিদ নই যদি সেই ত্রুটিগুলি আমাদের চোখেই পড়ে তা হ'লে সরকারের এত বড় আইন বিভাগ রয়েছে, তাদের চোখে এগুলি পড়ে না কেন? আমি শুনেছি যে ডাঃ রায় বিশ্ববিদ্যালয়ের কাছে এ ব্যাপারে মতামত চেয়েছিলেন, তাঁরা তা দেন নি। যদি তা সত্য হয় তা হ'লে তিনি তা খোলাখুলিভাবে বলুন। আমরা বিশ্ববিদ্যালয়কে তার দায়িত্ব পালন করতে বাধ্য করব। ক্যালকাটা ইউনিভার্সিটির সঙ্গে আমার কিছু সম্বন্ধ আছে। আমি জানি ক্যালকাটা ইউনি-ভার্সিটির সেনেট এবং সিন্ডিকেট বারবার মূল আইনকে সংশোধন করার কথা লিখিতভাবে বলেছেন। সরকারের কাছে তা যদি না পৌঁছে থাকে তা হ'লে ডাঃ রায় যেন তাঁর বক্তৃতায় সেকথা জানান। এইরূপ ত্রুটিপূর্ণ আইন যদি চলতে থাকে তা হ'লে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার সমাধি হয়ে যাবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যাপারে, তার অ্যাডমিনিস্ট্রেশন-সংক্রান্ত ব্যাপারে সর্বনাশ ক'রে দেওয়া হচ্ছে এই ধরনের পীসমীল আইন করে। জানি এইভাবে পীসমীল আইন আনার উদ্দেশ্য হ'ল, যে বিপদ এসেছে তাকে ঠেকানো। বিপদ কাটাতে হ'লে মূল আইনকে ত্রুটিশূন্য করতে হবে; টুকরো টুকরো আইন এনে বিপদ কাটিয়ে উঠতে পারবেন না।

আর একটা বিষয় সম্পর্কে আমার আপত্তি আছে। নির্বাচিত সংস্থার জীবন ইচ্ছামত বাড়িয়ে দেবেন কেন? কেন সময়মত আপনারা নির্বাচন করেন না? প্রথম সংশোধনী বিলে বিশ্ব-বিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরএর কাজের মেয়াদ বৃদ্ধি করেছিলেন। তিনি ছিলেন শ্রীশম্ভুনাথ ব্যানার্জি। বিশ্ববিদ্যালয়ের প্রথম নির্বাচন করার সময় শ্রীশম্ভুনাথ ব্যানার্জি'র কাজের মেয়াদ বাড়িয়ে দেওয়া হ'ল। তিনি কি ধরনের ভাইস-চ্যান্সেলর ছিলেন তা আমি বহু বক্তৃতায় বলেছি, এখন আর বলব না। এবার কতকগুলি নির্বাচিত সংস্থার জীবন বাড়িয়ে দেওয়া হচ্ছে। কেন এই ধরনের ব্যাপার বারবার ঘটে? এ জিনিস হওয়া উচিত নয়। দূরদৃষ্টির অভাবের জন্য এইসব ঘটছে। ঘাড়ের উপর বিপদ না আসা পর্যন্ত যদি চোখে কিছু না পড়ে তো অন্ধ ছাড়া আর কিছু বলা যায় না। এইটুকু সামান্য দূরদৃষ্টি যে সরকারের নেই, সারা রাজ্যের শিক্ষা ব্যাপারে যে দূরদৃষ্টির প্রয়োজন তা তার কাছে আশা করা বাতুলতা। তার হাতে শিক্ষার ভার দেওয়া সর্বনাশকর। শিক্ষাব্যাপারে দূরদৃষ্টির অভাব, টেকনিক্যাল ব্যাপারে দূরদৃষ্টির অভাব, যাদের এত তাদের হাতে শিক্ষার ভার থাকলে কি অবস্থা হ'তে পারে তা সকলেই বুঝবেন। এই রাজ্যে সেই অবস্থাই হয়েছে। সরকারের কাছে আমার দাবি যে, কলিকাতা বিশ্ববিদ্যালয় আইন, ১৯৫১, তাকে এমনভাবে সংশোধন করা হোক যাতে এডুকেশন সিস্টেম বিকামস মোর ডেমোক্রেটিক। অধ্যাপকদের শিক্ষা সম্বন্ধে বক্তব্য আরও বেশি মর্যাদা পাক, ইত্যাদি, ইত্যাদি।

[10-50—11 a.m.]

Dr. Hirendra Kumar Chatterjee: Mr. Speaker, Sir, when amendments to an Act come in a clockwork regularity every time the session of the Assembly is on, certainly we have got to think that there is something fundamentally wrong in the Act which was not envisaged before. It will not be out of place here to recount that as early as 1953 on the 11th March I had an interview with the then Hon'ble Minister of Education, the late Pannalal Basu, and in the Writers' Buildings we had a talk for about an hour and he was impressed and he had to admit that there were fundamental defects in the Act of 1951 and he told me that he was not the father of the Act but the father of this Act was Rai Harendra Nath Chowdhury. He mentioned this name. I do not know. I will certainly stand corrected if that is wrong. But that is what he told me and he also stated that for the defects of the Act he apologised in this sense and in an apologetic tone he said that it is the Secretary who is responsible for all these things, because the Minister does not get any time to go through the Act and find out the defects. Of course, we know, Mr. Speaker, that in this Assembly we have had occasion to examine and to come across the efficiency of the Secretariat of the Education Department; I won't repeat it. But the fact remains that after the 11th March, 1953, our friend Mr. Subodh Banerjee did bring a non-official Bill to rectify some of the defects but unfortunately the introduction of that Bill was refused because—I repeat again what I said a year and a half back--perhaps our friends in the Government side think that wisdom should be the sole monopoly of them and the Opposition must not have any fraction of intelligence or any fraction of wisdom. Whatever it may be, I can tell you one thing. When the first amendment was moved by our Chief Minister regarding the University Act, he said—I remember his speech—that there were three lacunae in this University Act and he tried to rectify them. On that occasion I told that—and I did so most respectfully—if he had eyes to see and ears to hear he would have found not three lacunae but at least ten times that number and I am happy, his student practically spoke in a wise tone because the lacunae are appearing. After that one by one these came and if this continues, I think there will be thirty amendments to this Bill within the course of the next three years. That is what I find. One point has been raised by Mr. Subodh Banerjee that the Chief Minister had told him that the Senate and the Syndicate were written to by the Chief Minister to have their recommendations regarding the modification of the Bill. I am a member of the Senate and I also keep some information about the Syndicate because whatever is decided upon by the Syndicate is reported to the Senate. There has been no communication by the Education Department, no initiative taken by the Education Department and nothing has been written to the University on this score. It was only the university when they began to work this Act at the very beginning, when we began our Senate life three or four years back that we told Dr. Jnan Ghosh who was then the Vice-Chancellor. In his speech he pointed out that there were lacunae in this Act, there were fundamental defects in this Act but I think in the Syndicate there is representation of the Government, the D.P.I. is there, there are nominated members and ex-officio members. I do not know why they did not report to the Government these inherent defects of which the Vice-Chancellor himself spoke publicly in the Senate. And what has been the result? The university, when it goes on to work, stumbles, there is some difficulty here, some difficulty there and it writes to the Education Department for a modification. When the Assembly was not in session these things came in as ordinances, none of them came as regular Amendment Bills but as ordinances, and who takes the initiative? It is always the university. I am

afraid, the Chief Minister in his speech just now told that the university when it finds difficulty, takes the initiative. Sir, this is not the real state of affairs that we welcome because he has got his secretariat. There is wisdom; I do not think the Education Department is completely bankrupt of wisdom because a Bill is drafted not by the University but a Bill is drafted by Government, by the Education Department and the Legislative Department is there. Therefore the responsibility of the experts is there, the educational experts are there in the Education Department, the legal experts are there in the Legislative Department and by putting their heads together they form a Bill which suddenly becomes unworkable and amendments are called for. The university which has got to work that Bill certainly is not the blacksmith but the Writers' Building is the blacksmith which makes the weapon and the university is the user of that weapon. Therefore if the weapon is to be blamed, it is not the user of the weapon who is to be blamed but the maker who is to be blamed, and I think the Chief Minister has shirked his responsibility as the Education Minister. That is what I find.

Now, Sir, coming to the Act itself, if you go into this Act you will find not only this thing but what has happened I will tell you now. Sir, it has been already said by my friend Shri Subodh Banerjee that these are are the authorities of the University according to section 15, viz., the Senate, the Syndicate, the Finance Committee, the Academic Council, the Faculties, the Board of Studies, the Board of Health, the Board of Residence and Discipline, and such other bodies as may be declared by the statutes to be authorities of the university. There are altogether eight authorities mentioned and the ninth is a collective authority, that is, a group of authorities. Now, the amendment that was moved by the Chief Minister only touched three of these authorities. By arrangement they extended the life of the Senate, the life of the Syndicate, the life of the Academic Council and left the other authorities to their fate. Therefore, what we find is—as has been stated by my friend Shri Subodh Banerjee—I won't recount that matter—that in the Board of Studies there are nine members and three of them should form a quorum. In some of these Board of Studies there is one left, in some two and therefore I can only say in Bengali

আঁটকুড়ো রাজার চার ছেলে, দুই ছেলে মরে গেছে, দুই ছেলে নেই।

What has been the result of this amendment? Therefore the wisdom of the Education Department and the wisdom of the Legislative Department in the West Bengal Government is also evident in this piece of legislation.

Then, Sir, we find that there are gross irregularities and inequalities in the Act in section 10(1) that the Vice-Chancellor shall be a member ex-officio and the Chairman of the Syndicate and the Academic Council. When we come to section 21, while speaking of the composition of the Syndicate, the Vice-Chancellor certainly figures as the Chairman and ex-officio member, but when we come to section 26(1) pertaining to the Academic Council, we find that the Vice-Chancellor evaporates. He goes out of the picture although in the earlier section it is said that he is the Chairman and ex-officio member and this also is repeated in section 21. While speaking of the Academic Council there is no cognizance of the Vice-Chancellor and it may be possible that the members of the Academic Council will refuse admission to the Vice-Chancellor saying 'do not get in because you do not figure in the Academic Council'. That is the first thing. In the second place, in the composition of the Senate as laid down in section 16(1)(vi) the university professors figure as ex-officio members and so also the readers who are the heads of the departments of teaching but

there are also other departments where the heads of teaching are lecturers but there is no place for them in the Senate. Therefore certain departments of teaching go unrepresented in the Senate and in the Academic Council. Supposing it is a department of arts, music and painting. The professor of Sanskrit will give his expert opinion on art and music because the man who represents that department is conspicuous by his absence, thanks to the wisdom of this Act. Next, in the composition of the Senate there is representation of all types of teachers, that is, there are four categories of teachers—the university teachers, teachers of constituent colleges, teachers of affiliated colleges and teachers of professional colleges. Therefore the composition of the Senate is perfect because all kinds of teachers are there. But when we come to the real academic body, which is the academic council, where the mode of teaching, text-books, syllabus and curricula are decided upon, we suddenly find want of this wisdom. Two categories of teachers, that is, affiliated teachers and constituent college teachers, are present but the professional teachers and the university teachers evaporate. Therefore if there is any debate, any discussion about professional education, certainly opinion must be coming from some people other than the experts in professional teaching. Now. . ....

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order. This is an amendment for altering one section of the Act which refers to the powers of the Vice-Chancellor and I do not know whether any member can traverse over the formation of the Senate, composition of the Syndicate, powers of teachers, etc.

[11—11-10 a.m.]

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, with all respect to the Chief Minister, on the last occasion when Mr. Saila Mukherjee was the Speaker, it was stated and a ruling was given that whenever there is an amendment —and this amendment aims at rectifying some mistake—it is the right of the members also to refer to the main Act to draw the attention of the Chief Minister to the lacunae, and therefore, Sir, on that authority I am speaking It is a very grave thing because, I tell you, Sir, the whole University Act can be challenged as it runs counter.. .....

Mr. Speaker: What is being suggested is this. It has been conceded at the start that the piecemeal legislation is not desirable—that has been conceded by the mover himself and that is the opinion of the House. The only point for consideration and which I am called upon to decide is whether we should cover the entire piece of legislation which has already been passed. Now, the scope of the present amendment is confined to a particular section. Therefore, I do not think we need go and traverse the entire field, but any criticism arising out of the proposed piece of legislation should certainly be permissible, but I do not think we should go beyond that.

Dr. Hirendra Kumar Chatterjee: I think the field has already been crossed and I am at the end of the field. I may tell you that even in spite of this amendment it was aimed to have the life of the University authorities continued, but I sound a note of warning that, in spite of the best efforts of the Chief Minister, there may be untimely death not only of the authorities but of the Act itself. For example, does not the provision of the section with regard to the composition of the Academic Council run counter to the Constitution of India itself because there has been discriminatory legislation in the provision regarding the Academic Council as two categories of teachers have been denied representation in the Academic Council while two other categories have been given representation.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I again raise the issue that the formation of the Academic Council was the decision of the legislature. So, how can you raise the question of composition of the Academic Council? That matter is not before us for discussion.

Dr. Hirendra Kumar Chatterjee: I do admit it is not. But you may remember, on the last occasion I appealed to you........

Mr. Speaker: I do not like to interfere with your speech at all, but I may point out that even if we admit that it is a piece of discriminatory legislation, this House is not competent to go into that question. I only remind you of that.

Dr. Hirendra Kumar Chatterjee: I take a note of it. However, I may tell you one thing. In spite of the prolongation of life that has been done, the aim of the prolongation would be nullified by the fact that even if the University may continue, it will continue only in form but not in practice or in spirit because the real academic portion of the legislation is dead by this amendment. This is not wise. There are five Boards of Studies whose duty is—Shri Subodh Banerjee said—appointment of examiners—he was a little bit wrong—it is not appointment of examiners but recommendation on the appointment of examiners because examiners are appointed by the Syndicate but the recommendations are very rational and necessary as the Syndicate cannot judge the merits of the examiners—it is the Board of Studies that does so. The amendment that has been presented here as well as all the other amendments which passed through the Education Department and the Legislative Department have been framed as a result of an absolutely coursory examination of the Act. The thing is our Chief Minister was a teacher in Medicine and he was an allopathic practitioner. It is symptomatic treatment that is being done. One symptom here and it is being treated and so on.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is homeopathy.

Dr. Hirendra Kumar Chatterjee: I say so. It is not really speaking, rational, at least from the point of view of the Western Medical Science. Therefore, I appeal to you to appoint a committee to go thoroughly into the question.

The Hon'ble Siddartha Sankar Roy: Do you say that Homeopathy is not rational? Dr. Majumdar is there.

Dr. Hirendra Kumar Chatterjee: Dr. Majumdar might be a Homeopath, but don't forget that his foundation is Western Medical Science. He was one of the brightest students in the Medical College.

I do say that it would not be worthwhile for the Chief Minister to wait for the University because when I speak on the floor of the University, the Vice-Chancellor tells me "We are helpless. This thing is not provided for in the Act." The Chief Minister says that the University is not moving and the University says that Government is not moving and, as a result of this, education is not only at a standstill but education is pracically being done away with in the University. There is no recommendation for text-books, there is no recommendation for selection of examiners. The curriculum and syllabus cannot be gone through before January—Shri Subodh Banerjee said December but I say it is not before January or February, as late as that. If you extend the influenza vacation up to January or February, I think that will be best for the University—we postpone education.

Sir, one thing more. We do not want that this amendment which has been moved by the Chief Minister should be a permanent one because we understand that it is only to tide over the present crisis which has arisen that he has moved this amendment. I thoroughly support his move that this amendment should simply be made applicable only this time because I hope it will give him incentive to go through the Act thoroughly and appoint a committee and do away with all the lacunae that exist in the Act. Of course, nobody can be perfect. But the imperfections here come in a recurring manner. That bespeaks not of wisdom but just the reverse.

Therefore, Sir, I would request the Hon'ble Minister not to have this amendment. I always say that when we find that something is radically wrong in a shoe, it is much better to change the shoe—to go to a shoe-maker and not a cobbler.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, my friend Shri Subodh Banerjee imported a lot of vehemence into his speech about the amending Bill. Let us for one moment examine the Constitution of the Act. In the Act some of my friends have said that there is discrimination. You read the Act. The composition or constitution of the Academic Council, Syndicate and Senate are provided in the Act. But with regard to the other bodies like the Finance Committee, the Board of Studies and the Faculties, the Act says that the constitution and power of the Finance Committee shall be prescribed by the Statute, and who makes the Statute? The Senate. Then it says that the constitution, powers and duties of the Board of Studies shall be prescribed by the Statute. Who makes the Statute? The Senate. Then it says that the constitution and powers and functions of the Faculties must be prescribed by the Statute. Who makes the Statute? The Senate. Therefore the arrangement is that while the composition and some of the functions of the Academic Council, Senate and the Syndicate are given in the Act itself, there is a distinction made. Although there are 6 or 7 items given as those which form the authorities of the university, with regard to the first three the Act goes on to prescribe the Constitution. But with regard to the others they leave it to the Senate to make its own Statutes. If the Board of Studies are not functioning, what is the Statute for, and who makes the Statute? My friend Dr. Hirendra Kumar Chattopadhyay is a member of the Senate. Why does he not raise the issue before the Senate? It is not for the legislature to provide that the Board of Studies should meet on such and such days or that it should have such and such functions. These are all to be provided in the Statute. The reason why we have had to make 2 or 3 amendments is not regarding the functions of any of the authorities of the University or the composition because with regard to the first three, the composition is already fixed by the Act, while with regard to the others the composition is fixed by the Statute. The first amendment we made was as to who is a registered graduate. Though the Act says that there was a particular provision for the first election there was no provision for subsequent elections. It was pointed out by the University that that required modification. Neither the University nor the Senate can do it.

The second is that we have declared under section 52 of the Act that on a particular date to be mentioned in the official gazette these bodies will start functioning.

[11-10—11-20 a.m.]

With regard to Academic Council, Senate and the Syndicate—I may say also that according to the Act the Senate, Academic Council and the Syndicate consist not merely of elected persons but also ex-officio persons—the question arose as to whether these elected persons should cease to

function from the date three years after the first election. The first election took place sometime in 1953 and they are becoming *functus officio* in 1956. In order to make it clear we have an amendment to say that until the new election takes place to fill up these bodies, the original body should continue in office. That was a part of the duty of the Government to place before the legislature to get back their sanction. The other amendment was whether in electing the members of the Academic Council, the Colleges of Tippera should also be included, I mean the affiliated colleges of Tippera and Chandernagore should be included. Because the original Act was formed in 1951 when the question of Tippera's affiliation was not before us. So in 1953 we had an amendment to include the colleges of Chandernagore and Tippera as part of the constituent colleges. This has to be done by Legislature and not by the University. Today the point raised was that last year in 1956 we made some alterations or amendments to the Act in which we stated that the term of office of the existing members of the Senate, Academic Council and the Syndicate should continue to work until the new election takes place. That is why the amendment was there. The whole question was this election can only be provided for by Statutes and the University represented to us that the Statutes would take a little time before they can be formed and therefore we had to extend the date by three months, a little in advance. My friends do not realise perhaps that there is in the Act itself a separate treatment of the Academic Council, Senate and the Syndicate as against all other consituted authorities of the University. The position of these bodies, their functions, when they will meet, what will be the quorum and so on and so forth—all these are done by the Statute. It is only because the constitution of the Senate, the Syndicate and the Academic Council has been included in the Act itself that we had to make a differential treatment with regard to these three bodies. I do not know as to what Statutes the Senate have formed for operation on the Board of Studies, Finance Committees, Faculties. But it should be provided in the Statutes, which have to be initiated in the Senate, as to how these bodies should function and when would these become *functus officio*. It is only because of their composition in the Act that we have to provide for by an amendment of this Act so that there will be no difficulty in their functioning at all. Sir, I do not think that there is anything wrong in this procedure nor do I think that it is possible for the Government or the Legislature to consider the proposition of the University until the University tell us what they want. Sir, it is not the correct position that the Government should go out of their way and ask the University "Look, I have given you a Constitution. Have you any difficulty?" We may ask them informally but it is for the University which may find difficulty in the operating of the University to come forward and say "This is our difficulty". As I said in the Act itself the words "registered graduates" occurred but there is no power under the Statute given to the University to prescribe the fees except for the first body of registered graduates. Therfore we had to alter that and bring amendments to the House. I say again that if there are any difficulties with regard to the working of any of the bodies of the University which require consideration by the Legislature or the Government, we shall be very glad to do so but we have got to wait until the University come to us and say "This is our difficulty. This is the way things should be done. It is not within our jurisdiction. We cannot give effect to it until the Legislature alters the Act." Therefore, as I said in the beginning I do not like this piecemeal arrangement. It is not for us to form a Committee. I would suggest Dr. Chatterjee to propose in the Senate the formation of a Committee to sit down and to find out what are the ways in which this University Act is not operating in the

interest of education and when they have formulated their objectives they may come up to Government and we shall certainly place those things before the Legislature for their consideration.

With these words I commend my motion to the acceptance of the House.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Calcutta University (Second Amendment) Bill, 1957, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that in clause 2, in line 6, after the words "extended period" the words "for the first election after the amendment of the Act on 30th November, 1956" be inserted.

As I have already said that my amendment aims at certainly reminding the Chief Minister that this is a special occasion and special difficulty has arisen due to an inherent defect of the Act. Therefore, the amending Bill that is being presented today should be of such a nature that it should be only the intention of the Government to tide over the present difficulty. Therefore I do not oppose the amending Bill but I would only want to restrict its application to this election only so that in the meantime there might be efforts to rectify the Bill completely. Therefore I do not want to have the Government take all the powers for all time to come and repeat the mistakes. So this can be said that it is only as a correctional method that I have proposed this amendment. In this connection I would only remind our Chief Minister that in section 22, he has said, Faculties and Board of Studies have their own Statutes. But I should also remind him that in section 26 of the Act the composition of the Faculty is interwoven with the Academic Council. Therefore if there is any amendment touching the Academic Council that has got an indirect effect on the Faculty as well. Even if the Board of Studies left free, in the composition of the Faculty also there is one-third member from the Academic Council. Therefore the Academic Council has got some contribution to the Faculty and as such the composition of the Faculty is interwoven with people outside the Academic Council, one-third of the members being from the Academic Council. That is the composition.

Lastly, I have got one point to tell you that the University has really appointed a Committee but the fact is—we are very sorry he will remember—that on the 26th June, 1956, the Statutes were framed and unanimously passed by the University, I mean regarding the establishment of post-graduate College but unfortunately these Statutes never reached the Chancellor. I had an interview with the late Governor Mookerjee and he told me after five months from June that those Statutes were never placed by his Secretary before the Chancellor. Therefore the delay in having these Statutes approved has been absolutely a constant disease with the Secretary and I did place, Sir, when we were discussing Education Budget sometime back that our Secretary of the Education Department is a trivalent today. He is Education Secretary, he is also D.P.I. and he is the Secretary to the Chancellor.

That the West Bengal Legislative Council at its meeting held on the 10th July, 1957, agreed to the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 10th July, 1957.

(4)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 10th July, 1957, agreed to the Calcutta University (Second Amendment) Bill, 1957, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 10th July, 1957.

GOVERNMENT BILL

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957.

Mr. Speaker: Mr. Sinha has already addressed the House. The amendments will be deemed to have been read.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st of August, 1957.

Sj. Sunil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1957.

Sj. Samar Mukhopadhyay: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th July, 1957.

Sj. Bejoy Krishna Modak: Sir, I beg to move that the Bill be circulated for purpose of eliciting opinion thereon by the 25th July, 1957.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th July, 1957.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 19th July, 1957.

Sj. Niranjan Sengupta: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 18th July, 1957.

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th day of July, 1957.

Sj. Samar Mukhopadhyay:

মাননীয় স্পীকার, স্যার, আজকে আমরা এখানে যে বিল নিয়ে আলোচনা করছি, এ বিলটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এ বিলটা যেভাবে আনা হয়েছে, তার ফলে কয়েক লক্ষ উদ্বাস্তুর জীবনে একটা নূতন আতঙ্কের সৃষ্টি হয়েছে। সেইজন্য এই বিলের বিরুদ্ধে তীব্র বিক্ষোভ এই কয়েকদিন বিভিন্ন অঞ্চলে ছড়িয়েছে। এই যে আইন—সংশোধিত আকারে এই যে বিল আনা হয়েছে—সেই আইনের নাম হচ্ছে এ্যাক্ট এক্সভিআই অফ ১৯৫১। এই এ্যাক্ট এক্সভিআই অফ ১৯৫১—এর নাম দেওয়া হয়েছে—Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land Bill

এই যে আইন তৈরি হয়েছিল ১৯৫১ সালে, যে বিশেষ অবস্থায় এই আইন তৈরি হ'ল, সেই অবস্থা ছিল—হাজার হাজার উদ্বাস্তু এখানে এসে যখন দেখল সরকার থেকে তাদের জমি অথবা বাসস্থান অথবা কোনরকম কোন পুনর্বাসনের বন্দোবস্ত নেই, তখন তারা নিজেদের বাঁচবার তাগিদে তারা বিভিন্ন পতিত জমি, জলা জমি—এই সমস্ত দখল করে। তাদের সেই দখল থেকে উৎখাত করার জন্য বহু চেষ্টা হয়েছিল, কিন্তু তখন তাদের উৎখাত করা সম্ভব হয় নি, তখন সেখানের সমস্ত জমির বড় বড় মালিক যারা, তারা সরকারকে এসে চাপ দেয় এই সমস্ত লোকদের জমি থেকে উৎখাত করে মালিকদের সেই জমি আবার ফেরত দেওয়া হোক। গভর্নমেন্ট মালিকদের চাপে উৎখাত বিল আনার চেষ্টা করেন কিন্তু যখন তা করা সম্ভব হয় নি, উপরন্তু সেই জমিতে উদ্বাস্তুদের স্বীকৃতি দেবার জন্য একটা তীব্র আন্দোলন হ'ল তখন গভর্নমেন্ট এই আইনের একটা ধারা সেই উদ্বাস্তু, যারা জবর দখল করেছে, সেটা তারা মেনে নিয়ে তার কিছুটা রক্ষা করার জন্য একটা ধারা প্রবর্তন করেন। সেই ধারা ছিল ৪নং ধারা—প্রটেকসন-এর জন্য। সেই অবস্থাকে রক্ষা করার জন্য সেই ধারা সন্নিবিষ্ট হ'ল। বাঁকী এই গোটা আইনে যেভাবে অন্যান্য ধারাগুলি আছে তাতে এই আইনের যে চরিত্র, সেই চরিত্র বিশ্লেষণ করলে বুঝা যায় আসলে সমগ্র উদ্বাস্তুর পুনর্বাসনের জন্য এই আইন তৈরি হয় নি। তৈরি হয়েছিল, যেসমস্ত উদ্বাস্তুদের যাদের এই সমস্ত জমি থেকে উৎখাত করা গভর্নমেন্ট পক্ষ থেকে সম্ভব হয় নি, কারণ ১৬নং এ্যাক্ট-এর বিরুদ্ধে যথেষ্ট আন্দোলন হয়েছিল কিন্তু তা সত্ত্বেও ১৬নং এ্যাক্ট-এ যে জমি দখল বা জবর-দখল করে, মিলিটারী ব্যারাকস ও লোকের খালি বাড়ী দখল করে, তখন এই বিলে উদ্বাস্তুদের প্রটেকসন দেবার বন্দোবস্ত ছিল। তখন গভর্নমেন্ট এই আইন তৈরি করার সময় দেশের সামনে, উদ্বাস্তুদের সামনে, এই প্রতিশ্রুতি দিয়েছিলেন—"আমরা যে আইন করব, এই আইনের বলে যাদের জমি থেকে, অথবা জোর-দখল বাড়ী থেকে তুলে দিতে চাই, তাদের একটা বিকল্প বন্দোবস্ত করব"। সেই জন্য আইনের ধারায় এই সংযোজন করা হয়েছিল যে, জবর-দখল কলোনী বা বাড়ী থেকে এই সমস্ত উদ্বাস্তুদের উৎখাত করা হবে না—যতক্ষণ তাদের কোন বিকল্প জমি ও বাড়ী অথবা বাড়ী বাবদ কোন লোন গভর্নমেন্ট থেকে না দেওয়া হয়।

[2-50—3 p.m.]

কিন্তু সেই আইন করবার সময় যেভাবে আইনের ধারাকে সীমাবদ্ধ করা হয়েছিল, সেই ধারাকে এখনো বাতিল করা হয় নাই। অর্থাৎ উদ্বাস্তু ব্যাখ্যা ইত্যাদি—সেগুলিতে পরে আসছি। তখন গভর্নমেন্ট এই লক্ষ্য নিয়ে এই আইন তৈরী করেন যে, গভর্নমেন্টের হাতে এখনো জমি আছে, এখনো গভর্নমেন্ট কিছু জমি দখল করে খুব তাড়াতাড়ি করে সমস্ত উদ্বাস্তুদের একটা বিকল্প বন্দোবস্ত করবে এই সমস্ত জমি মালিককে ফিরিয়ে দেবার বন্দোবস্ত করবেন। সুতরাং উদ্বাস্তুদের ভয়ের কোন কারণ নাই। কিন্তু সেই উদ্দেশ্য নিয়ে আইন তৈরী করে গভর্নমেন্ট সেই আইনের মেয়াদ ঠিক করেছিলেন যে, আইনটা হবে ১৯৫৪-৫৫ সাল পর্যন্ত। এর মধ্যে জবর-দখল কলোনী কিরকম হয়, সরকার নিজের হাতে নিয়ে নয়, বিকল্প বন্দোবস্ত করেও নয়, পরিত্যক্ত মিলিটারী ব্যারাকে যারা পরিত্যক্ত বস্তীতে বাড়ীঘর দখল করে বসেছিল, তাদের একটা বিকল্প বাসস্থানের ব্যবস্থা করে দিবেন এবং মালিক যদি চায় গভর্নমেন্ট তাদের বাড়ীগুলি ফিরিয়ে দিবেন। কিন্তু আমরা দেখলাম ১৯৫৪ সালের আইনের ১৬ নম্বর ধারা যে উদ্দেশ্যে ঘোষিত হয়েছিল, তা হ'ল না। তখন

আবার তারা মেয়াদ এক বৎসরের জন্য বাড়ান হ'ল। তখন গভর্নমেন্ট বললেন আমরা মোটামুটি একটা ফ্যাক্ট ফাইন্ডিং কমিটী করে, একটা সার্ভে করেছি এবং আমরা ঠিক করেছি আর এক বছরের ভেতরে উদ্বাস্তুদের পুনর্বাসন সমস্যা ও যারা জবর-দখল কলোনী করে বসে আছে তাদের সমস্যা মিটিয়ে দেব। সুতরাং আর এক বৎসর মেয়াদ বাড়ান হোক। এক বৎসর গেলে আবার সংশোধন হ'ল। ১৯৫৫ সালে গভর্নমেন্ট বললেন আরো দু-বৎসর এর মেয়াদ বাড়িয়ে দিতে হবে। তারপর আবার আজকে ১৯৫৭ সালে তার সংশোধন উপস্থিত করছেন, এর মেয়াদ আরো এক বৎসর বাড়ানের জন্য অর্থাৎ ১৯৫৮ সালের ৩১শে মার্চ পর্যন্ত। উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য যে আইন তৈরী হয়েছিল ১৯৫১ সালে, সেই আইন আজ ১৯৫৭ সালে, এত বৎসর পরে, আজ এক্সটেনসন-এর জন্য এই আইনের সংশোধনী আনা হচ্ছে। কি যুক্তি দিয়ে? না, বহু কেস ডিসপোজড অফ করতে হবে। ছোট ছোট বাড়ীর ও ছোট ছোট জমির মালিক যারা, তাদের ন্যায্য ক্ষতিপূরণ দিয়ে, তাদের জমি ও বাড়ী ফেরত দিতে হবে ইত্যাদি যুক্তি দিয়ে আজকে বলা হচ্ছে, এ্যাক্ট-এর এ্যামেন্ডমেন্ট করে এর জীবনকে আর এক বৎসরের জন্য বাড়িয়ে দেওয়া হোক।

এই যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, এর দ্বারা প্রমাণ হয় যে উদ্দেশ্যে গভর্নমেন্ট এই আইন চালু করেছিলেন, সেই উদ্দেশ্য ব্যর্থ হয়েছে। অর্থাৎ উদ্বাস্তুদের জবর-দখল কলোনীগুলো সরকার আজ পর্যন্ত রেগুলারাইজ করেন নাই। অথবা তার কোন বিকল্প ব্যবস্থা করেন নাই। যে-সমস্ত ব্যারাক-বস্তীতে উদ্বাস্তুরা উঠে আসতে বাধ্য হয়েছিল, তাদের সেখান থেকে সরিয়ে মালিকদের বসবার ব্যবস্থা হয় নাই। গভর্নমেন্ট ১৯৫৫ সালে একটা সার্ভে করে বললেন ১৩৩টী স্কোয়াটার্স কলোনী আছে, আমাদের ইচ্ছা সেগুলো আমরা রেগুলারাইজ করবো। ১৯৫৩ সালে একটা ফ্যাক্ট ফাইন্ডিং কমিটী হলো, তাঁরা একটা রিপোর্ট তৈরী করলেন। তারপরে আবার একটা মিনিস্টেরিয়াল কমিটী হলো। তাঁরা কতকগুলি সুপারিশ করলেন। তাঁরা বললেন, আমাদের লক্ষ্য হচ্ছে ১৩৩টী যে স্কোয়াটার্স কলোনী আছে, সেগুলো রেগুলারাইজ করবো। আর আমরা এখানে কি রিপোর্ট পেলাম? আজ পর্যন্ত মোট ৬৯টী কলোনী রেগুলারাইজ করা হয়েছে! তারও যেভাবে রেগুলারাইজেসন-এর ব্যবস্থা হয়েছে, তাও পার্সিয়ালি। সেখানে সেই রেগুলারাইজেসন-এর ভেতর দিয়ে স্কোয়াটার্সরা জমির প্রকৃত মালিকানা পায় নি। তাদের নিজেদের যে ঘরবাড়ী, বস্তী ইত্যাদি হয়েছে, এ-কথা আজও তারা বলতে পারে না। এই থেকে বুঝতে পারা যায় সরকার এই রিফিউজীদের পুনর্বাসনের ব্যবস্থা করার ব্যাপারে, অথবা কলোনী স্বীকার করবার কাজে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। ইতিমধ্যে অবস্থার পরিবর্তন হয়েছে। ১৯৫০ সালের আগে যে উদ্বাস্তুরা এসেছিল তারপর আরো এসেছে, তারা জমি দখল করে কলোনী গ'ড়ে তুলেছে। তা ছাড়া আরো বহু উদ্বাস্তু, তাঁরা নিজেদের বাঁচবার তাগিদে গভর্নমেন্টের হৃদয়হীনতা উপেক্ষা করে আরো কতকগুলি কলোনীর প্রতিষ্ঠা করেছেন। গভর্নমেন্ট এ-পর্যন্ত পুরান সেই সার্ভে অনুযায়ী ধরে নিয়েছেন যে ১৩৩টী কলোনী যা আছে, তাই তাঁরা রেগুলারাইজ করবেন। প্রকৃতপক্ষে কলোনী গ'ড়ে উঠেছে প্রায় আড়াইশোর মত। আরো প্রায় একশো কলোনী গড়বার মুখে। এখন প্রশ্ন হচ্ছে, সেগুলি কি করে বৈধ করা যায়, কি করে আজকে তাদের জমি দেওয়া যায়। অথবা যারা ৬।৭ বৎসর ধরে পরিত্যক্ত বাড়ীতে, ব্যারাকে পড়ে আছে, তাদের কি করে পুনর্বাসন দেওয়ার ব্যবস্থা করা যায়—আইনকে সেইদিক থেকে সংশোধন না করে, আইনকে যেভাবে সংশোধনের ব্যবস্থা হচ্ছে, সেটা ঠিক উল্টো। অর্থাৎ যারা উদ্বাস্তু তাদের কোন বেনিফিট না দিয়ে আরো চেষ্টা হচ্ছে, সেই আইনকে কি করে আরো ফার্দার রিজেক্ট করা যায়, তার দিকে সংশোধনী গভর্নমেন্ট আনতে চলেছেন। ১৬নং ধারায় যে-যে জিনিষগুলির পরিবর্তন আনা উচিত ছিল, সেই পরিবর্তন তাঁরা আনেন নাই, যা তাঁদের আনা উচিত ছিল, যেমন উদ্বাস্তুর সংজ্ঞা, ডেফিনিশন অফ ডিসপ্লেসড পার্সনস। এই ডিসপ্লেসড পার্সনস-এর যে সংজ্ঞা তাঁরা দিয়েছেন তা হচ্ছে ১৯৫০ সালে ৩১শে ডিসেম্বর পর্যন্ত পূর্ববঙ্গ ত্যাগ করে পশ্চিমবঙ্গে যাঁরা এসেছেন, তাঁরা এই আইন বলে ডিসপ্লেসড পার্সন বলে স্বীকৃত হবেন। আর তারপরে যাঁরা এসেছেন তাঁরা রিফিউজী বা ডিসপ্লেসড পার্সনস নয়। অর্থাৎ এই আইন দ্বারা উদ্বাস্তুদের দুটী ভাগে, দুটি ক্যাটিগরীতে ভাগ করা হয়েছে। তাঁদের—১৯৫০ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে

যারা এসেছে- জমি দখল করা দরকার। আর যারা ১৯৫১ সালের জানুয়ারী মাসে এসে জমি দখল করেছে, তারা এই ১৬নং আইনের বেনিফিট পাবে না; জমি থেকে উৎখাত হবে। সুতরাং ১৬নং ধারার বেনিফিট দেওয়া হচ্ছে একটা সীমাবদ্ধ অংশকে। যারা জমি দখল করে নিজেদের বাঁচার তাগিদে গত ৬ বৎসর ধরে সমাজ-সংসার, ঘরবাড়ী ইত্যাদি কোনরকম করে কায়ক্লেশে গ'ড়ে তুলে জীবন চালাচ্ছেন, তাঁদের এই ১৯৫৭ সালের আইনে গভর্নমেন্ট কোন প্রটেকশন-এর ব্যবস্থা করলেন না। আইনের মধ্যে সেইভাবে সংশোধনের জন্যও তাঁরা কোন ধারা সংযোজিত করলেন না।

১৯৫০ সালের পরে অনেক স্কোয়াটারস কলোনী হয়েছে। তাদের সম্বন্ধে তাহলে কি হবে? সে-কথা সরকার চিন্তা করেন নাই। এই তো গেল স্কোয়াটার কলোনীর কথা। সাধারণভাবে আড়াই শো হচ্ছে তার সংখ্যা। তার কোন ব্যবস্থা এই এ্যামেন্ডমেন্ট-এর মধ্যে নাই।

তারপর বলছেন রেগুলারাইজ করা হবে। কয়েকদিন আগে গভর্নমেন্টের একটা প্রেস নোট বেরিয়েছিল। সেখানে তাঁরা বলছেন ৬৯টী কলোনী রেগুলারাইজ হয়ে গেছে, আরো ৮৭টী কলোনী রেগুলারাইজ হবে। এই ৮৭টী কলোনী তাঁরা কি ভিত্তিতে ঠিক করলেন তা আমাদের বলেন নাই। আমরা আগে শুনেছিলাম ১৩৩টী রেগুলারাইজ করা হবে। তাহলে টেকনিক্যাল গ্রাউন্ড-এ কয়টী রেগুলারাইজ করা যাবে না? এ তো শুধু রেগুলারাইজেসন-এর ব্যাপার নয়, এর মধ্যে বহু কারচুপি আছে। যা তাঁরা বলছেন রেগুলারাইজেসন করা হবে, তা মেনে নেই, যদি বুঝি তাদের ডিসপ্লেসড পার্সনস হিসেবে স্বীকৃতি দেওয়া হবে। তা যদি হয়, তাহলে এই স্বীকৃতি তাঁরা কি ভিত্তিতে দিয়েছিলেন? তার নীতি কি হচ্ছে, তা পড়ে শোনাচ্ছি; মিনিষ্টারিয়াল কমিটী তাদের রিপোর্টে বললেন—

Apart from the law and the legal position, it would be inhuman to evict such displaced persons without giving them alternative accommodation.

[3—3-10 p.m.]

১৯৫০ সালে এইভাবে এসেছিল, তারা বিপদে পড়ে, দুঃখদুর্দশাগ্রস্ত হয়ে এসেছে, এগুলি কি মানবিকতার মধ্যে পড়ে না, এগুলি কি হিউম্যান কন্সিডারেশন নয়? তাঁরা তাদের পলিশি কি হবে সে সম্পর্কে বলেছিলেন—

We have carefully considered the question of future policy in this behalf. There is considerable advantage in the regularisation of these colonies as displaced persons settled therein are generally gainfully employed in the vicinity. Further in many colonies they have organised some sort of corporate life in the form of schools, clubs, private dispensaries, etc. and their removal from the existing squatters colonies is likely to dislocate their social and economic life. But the question of financial commitments involved in the regularisation of these colonies must necessarily affect the decision.

হিউম্যান কন্সিডারেশন-এ ফিউচার পলিশি নির্ধারিত হবে এ-কথা স্বীকার করেছিলেন এবং বলেছিলেন, যে-সমস্ত উদ্বাস্তুরা নিজেদের পরিশ্রমে, নিজেদের চেষ্টায় একটা একটা কলোনীতে সামাজিক গোষ্ঠী প্রতিষ্ঠিত করে নানারকম সংস্কার-সাধন করে নিয়েছে, তাদের কলোনী রেগুলারাইজ করা দরকার। এই হিউম্যান কন্সিডারেশন পলিশি এ্যাপ্লিকেশন-এর ক্ষেত্রে—১৯৫১ সালে এটা হ'ল,—১৯৫৭ সালে এই আইনের এক্সটেনশন চান—মাঝে মাঝেও এক্সটেন্ড করেছেন। শেষ কালে বাধা সৃষ্টি করছেন, নানারকম লুপ-হোল সৃষ্টি করছেন, কার্য্যকরী করছেন না। স্টেট ফাইন্যান্স কমিটি—যাক, এই ফাইন্যান্স কমিটির কথাটা আমি পরে আলোচনা করব। কিন্তু কথা হচ্ছে যে, কাজগুলি এখুনি হওয়া দরকার, সেগুলি সম্বন্ধে গভর্নমেন্ট কি করেছেন? ১৯৫৪ সালে কোন কোন এলেকায় টপোগ্র্যাফিক্যাল সার্ভে আরম্ভ করেছিলেন, এনিউমারেশন ইত্যাদি বন্দোবস্ত করেছেন। কিন্তু রেগুলারাইজেশন হওয়া সত্ত্বেও কোন কোন জায়গায় আজ পর্যন্ত অর্পণপত্র যায় নি।

The Hon'ble Bimal Chandra Sinha: I believe the honourable member has not carefully studied the provisions of the Act. I find that he is talking about regularisation of squatters' colonies and he is complaining that *arpanpatra* has not been given. If I may point out, this Act does not deal with regularisation of squatters' colonies. That is done under the ordinary Act. This is a specific Act providing specific rehabilitation of a few persons who have applied for rehabilitation under this Act, and the owners have applied for getting back the land under a specific provision of a particular Act. I think the points that have been made out by the honourable member about squatters' colonies are of no consequence so far as this Act is concerned.

Sj. Samar Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে এ্যাক্ট-এর প্রভিশন, এই প্রভিশন দ্বারা যারা অথরাইজড অকুপেশন করেছে এবং আনঅথরাইজড অকুপেশন করে, তারা প্রটেকশন পাবে। যারা ১৯৫০র ৩১শে ডিসেম্বর-এর মধ্যে এসেছে এবং অকুপাই করেছে— .

The Hon'ble Bimal Chandra Sinha: I am sorry to again interrupt the honourable member. The Act lays down that those who have come before a particular date and have applied for rehabilitation under this Act, they are only getting protection under this Act.

Sj. Samar Mukhopadhyay:

আচ্ছা, এখন আইনের যে ব্যাখ্যাই হোক, আমি মিনিস্টেরিয়াল কমিটির রিপোর্টটা পড়ছি, Apart from the law and the legal position, it would be inhuman to evict these displaced persons without giving them alternative accommodation.

আইনটা সেভাবেই সংশোধন হওয়া উচিত ছিল যাতে স্কোয়াটার্সরা বেনিফিট পেতে পারে, কিন্তু সেভাবে সংশোধন হ'ল না, টেকনিক্যাল ফ্রজ দেখিয়ে সে-সমস্ত লোকের প্রভিশন-এর কোন বন্দোবস্ত করলেন না। এখন এই যে ডেফিনিশন হচ্ছে যে ১৯৫০ সালের মধ্যে এসেছে এবং জমি দখল করেছে তার প্রমাণ দিতে হবে, তার আরো নানারকম ঝামেলা আছে এবং সেই প্রমাণ বহু উদ্বাস্তু দিতে পারবে না, যার ফলে এই আনঅথরাইজড অকুপেশন তার যে প্রটেকশন বেনিফিট বহু লোককে দেওয়া হয় নি, সেজন্য এই আইন বজায় রাখা হয়েছে এবং বজায় রেখে যেভাবেতে এক্সটেনশন চাচ্ছে, এই এক্সটেনশন-এর পরিণাম হবে আনঅথরাইজড অকুপেশন যে কয়েক লক্ষ উদ্বাস্তু, যারা জমি দখল করেছে অথবা ব্যারাকস-বস্তি ইত্যাদি দখল করেছে, তাদের প্রটেকশন না দিয়ে তাদের উচ্ছেদ করা হ'ল। সেজন্য এই আইন সম্বন্ধে আজকে রিকন্সিডারেশন করা উচিত এবং আমি আপনার মাধ্যমে এই সরকারকে বলছি যে, সংশোধনগুলি পুনর্বিবেচনা করুন। আজকের দিনে "ডিসপ্লেসড" এই কথাটার ডেফিনিশন আরো ব্রড করা দরকার। তাঁরা আজকে এখানে যে ডেফিনিশন রেখেছেন, অর্থাৎ ১৯৫০ সালে এবং ১৯৫০ সালের মধ্যে তাদের জমি অথবা বস্তি বা ব্যারাক দখল করার প্রমাণ করতে হবে তবে বেনিফিট পাবে, দ্বিতীয়, এই আইনে ছিল এটা এফেক্টেড করতে পারবেন না, এ্যাক্ট ১৬ অনুসারে যতক্ষণ পর্যন্ত না তাদের বিকল্প জমি বা বাড়ী বা গৃহনির্মাণ ঋণ দেওয়া হয়। তাঁরা এখন যে সংশোধন আনছেন তাতে তাঁরা বলছেন, বিকল্প জমি অথবা ল্যান্ড পারচেজ লোন উদ্বাস্তুদের দিয়ে এভিক্ট করবেন। ল্যান্ড পারচেজ লোন দেওয়া গভর্নমেন্ট-এর পক্ষে খুব সহজ; এভিকশন অর্ডার দিয়ে তাঁরা বলবেন, ওখানে একটা বাড়ী আছে, জমি দেওয়া আমাদের কোন রেসপন্সিবিলিটি নয়। এইভাবে নানা অজুহাতে তাঁরা তাঁদের রেসপন্সিবিলিটি সার্ক করতে চাচ্ছেন। তা ছাড়া, উদ্বাস্তুদের সুবিধার ব্যাপারে যে ব্রড স্কোপ ছিল, সেটাও সঙ্কুচিত করতে হচ্ছে। সংকোচন করতে চাচ্ছেন এইভাবে যে, যারা কোনদিন পূর্ববঙ্গে ফিরে যাবে না, শুধু সেই রকম লোককে কেবলমাত্র বেনিফিট দেবেন। তা ছাড়া, তাঁরা এ্যামেন্ডমেন্ট আনছেন যে, কম্পিটেন্ট অথরিটির হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে বা কিছু সঙ্কুচিত করে স্টেট গভর্নমেন্ট-এর হাতে আনছেন। এই কম্পিটেন্ট অথরিটিও গভর্নমেন্ট-এর

দ্বারা নিযুক্ত, কিন্তু এই কম্পিটেন্ট অথরিটি অনেক ক্ষেত্রে ডিসক্রিশনারী পাওয়ার ব্যবহার করতে চান। অনেক ক্ষেত্রে "ডিসপ্লেসড" ব'লে দেখাতে পারে না এমন লোককেও কম্পিটেন্ট অথরিটি......এভিডেন্স-এ উদ্বাস্তু ব'লে ঘোষণা করেছেন, এবং এ্যাক্ট-এর ৪ নম্বর সেকশন-এ অনেক টেকনিক্যাল ফ্ল আছে বলেছেন। কম্পিটেন্ট অথরিটির সমস্ত ক্ষমতা সংকুচিত করে দিয়েছেন, যার ফলে কম্পিটেন্ট কোর্ট-এ গিয়ে যা কিছু কিছু সুযোগ পেত উদ্বাস্তুরা, সেই সুযোগ-সুবিধা বেনিফিট থেকে এই এ্যামেন্ডমেন্ট দ্বারা বঞ্চিত করবার চেষ্টা করা হচ্ছে।

[3-10—3-20 p.m.]

আমি একটা উদাহরণ দিচ্ছি কম্পেনসেসনের ব্যাপারে। কম্পেনসেসনের ব্যাপারে কম্পিটেন্ট অথরিটি রায় দিয়েছেন। হাওড়া স্টেশনে যে ক্যাম্প আছে, ৬৫-রেস্ট ক্যাম্প, তার একটা উদাহরণ দিচ্ছি। সেখানে কম্পিটেন্ট অথরিটির কোর্টে মামলা উঠলো, ১৯৫৫ সেপ্টেম্বর কম্পিটেন্ট অথরিটি বিচার করে রায় দিয়েছেন যে, ১৯৫৫ সেপ্টেম্বর থেকে তাদের কম্পেনসেসন দিতে হবে, পরশু দিন আমি সেখানে গেলাম, আমাকে একটা ডকুমেন্ট দেখানো হ'ল যে, ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্ট কম্পিটেন্ট অথরিটির রায়ের বিরুদ্ধে এ্যাপীল করেছেন ট্রাইবুনালে এবং ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্টের এ্যাপীলের বক্তব্য হচ্ছে যে, কম্পেনসেসন দিতে হবে ফ্রম দি ডেট অফ অকুপেশন। আমি জিজ্ঞাসা করলাম, সেই ভদ্রলোককে যে, আপনি কবে এসেছেন, তিনি বল্লেন ১৯৪৭ সালে। সেই ১৯৪৭ সাল থেকে তাঁকে কম্পেনসেসন দিতে হবে। কম্পিটেন্ট অথরিটি বল্লেন, সেপ্টেম্বর, ১৯৫৫ থেকে দিতে হবে, কিন্তু গভর্নমেন্ট সেই কম্পিটেন্ট অথরিটির রায় রিভিসন করে পুরা কম্পেনসেসন আদায় করতে যাচ্ছেন। সেজন্য তাঁকে যদি কম্পেনসেসন দিতে হয় তাহলে সেখানে প্রায় ৬শো টাকার মত তাঁকে কম্পেনসেসন দিতে হবে এবং ঐ টাকা কম্পেনসেসন দিয়ে তারপর ল্যান্ড পারচেজ লোন নিয়ে জমি কিনে তিনি বাড়ী করবেন, এ হয় না। কম্পেনসেসনের ব্যাপারে গভর্নমেন্ট যেভাবে এই আইনকে বজায় রেখেছেন এবং যেভাবে তাঁরা কেস করছেন এবং কম্পেনসেসন ধার্য্য করছেন, তাতে উদ্বাস্তুদের যথেষ্ট আশংকার কারণ আছে। এই কম্পেনসেসনের ২।১টা রায় আমি উল্লেখ করে যাচ্ছি, যেমন একটা অর্ডার ৩৭১।৫১, এখানে কম্পেনসেসন ধার্য্য করা হয়েছে কোকোনাট ১১০ টাকা, জ্যাক-ফ্রুট ১৫ টাকা, লিচি ৫০ টাকা, ম্যাঙ্গো ৪০ টাকা, পাম ৬০ টাকা, বিটেল নাট ২৯০ টাকা, জামরুল ১২ টাকা, এই সমস্ত কম্পেনসেসন ধার্য্য হয়েছে এবং আস্তাবল যাঁরা দখল করেছিলেন, তাদের সেই আস্তাবলের ভাড়া, তাদের ঘর-ভাড়া, এই সমস্ত ধরে পার হেড ১১৲ পার মান্থ ধার্য্য হচ্ছে। যদি ৫ জনের ফ্যামিলি হয় তাহলে ৫×১১=৫৫ টাকা প্রতি মাসে একজনের ওপর কম্পেনসেসন ধার্য্য হবে এবং ৬ বছর যদি সেখানে এসে থাকেন, তাহলে ৬ বছরের টোটাল কম্পেনসেসন তাঁর কাছ থেকে আদায় করা হবে, এটা হচ্ছে কম্পিটেন্ট অথরিটির রায় এবং যে এ্যামেন্ডমেন্ট আসছে তাতে এই কম্পেনসেসনগুলি আদায় করা হবে পাবলিক ডিম্যান্ডস রিকভারী এ্যাক্ট অনুসারে অর্থাৎ আগেকার সিভিল কোর্ট প্রসিডিওর এটা ক্যানসেল করে দিয়ে এই কম্পেনসেসন পাবলিক ডিম্যান্ড রিকভারী এ্যাক্টে আদায় করা হবে এবং এই কম্পেনসেসনের ক্ষেত্রে বড় বড় জমির মালিকদের ইন্টারেষ্ট বড় করে দেখা হয়েছে। যেমন পোদ্দারনগর কলোনীর কথা বলছি, তাকে রেগুলারাইজেশন থেকে বাদ দেওয়া হয়েছে। সেখানে ৬ বছর ধরে যাঁরা বসে আছেন, তাঁদের যদি কম্পেনসেসন দিতে হয় তাহলে একটা বিরাট পরিমাণ কম্পেনসেসন এই জমির মালিকদের দেওয়ার বন্দোবস্ত হবে। সেজন্য এই যে এ্যামেন্ডমেন্ট, এই এ্যামেন্ডমেন্টের মূল লক্ষ্য হচ্ছে বড় বড় জমির মালিকদের কম্পেনসেসন দেওয়া, যদিও এখানে ওঁরা বলছেন যে ছোট ছোট জমির মালিকদের জন্য আমরা এই সমস্ত ব্যবস্থা করতে চলেছি। ছোট ছোট জমির মালিকদের ব্যাপারে বারে-বারে আমাদের পক্ষ থেকে বলা হয়েছে যে, একটা কম্প্রোমাইজে আসুন, কম্প্রোমাইজ হ'লে ছোট ছোট মালিকদের সঙ্গে বহুদিন আগে একটা ফয়সালা হয়ে যেত। তা ছাড়া যে-সমস্ত জমি ও বাড়ীর মালিক মুসলীম, তাদের সঙ্গে বহুদিন আগে কম্প্রোমাইজ করে তাদের ঘর ছেড়ে দিয়ে গভর্নমেন্ট যে বিকল্প ব্যবস্থা করে দিতেন, সেই ব্যবস্থা মেনে নেবার ব্যবস্থা হয়েছিল কিন্তু গভর্নমেন্ট থেকে তার কোন ব্যবস্থা করা হয় নি এবং ৬ বছর ধরে এগুলি রেগুলারাইজেশন হয় নি, তাদের রিহ্যাবিলিটেসনের ব্যবস্থা করা

হয় নি। আজ ৬ বছর ধরে উদ্বাস্তুদের সেই সমস্ত জায়গায় ফেলে রেখে দেওয়া হয়েছে এবং আজকে তাদের কাছ থেকে ৬ বছরের কম্পেনসেসন আদায় করার বন্দোবস্ত করা হচ্ছে। আমি বলি, উদ্বাস্তুদের কাছ থেকে এই কম্পেনসেসন আদায় করার কোন যুক্তি নেই. কম্পেনসেসন যদি দিতে হয়, তাহলে তার রেসপন্সিবিলিটি গভর্নমেন্টকে নিতে হবে, কারণ গভর্নমেন্টের ব্যর্থতার জনাই এই সমস্ত উদ্বাস্তুদের ৬ বছর ধরে ঐ-সমস্ত জায়গায় পড়ে থাকতে হয়েছে, পরিত্যক্ত ব্যারাক এবং বাড়ীতে তাদের পড়ে থাকতে হয়েছে এবং তাদের জীবন সেখানে আজ দুর্বিসহ হয়ে উঠেছে।

Mr. Speaker: Mr. Mukherji, I have already given you 30 minutes. I may tell the honourable members that I shall be very strict about the time as many members will speak on this amendment.

Sj. Samar Mukhopadhyay:

তা ছাড়া এই যে বিল আনা হয়েছে, তাতে কম্পিটেন্ট অথরিটি নর্ম্যাল কোর্সে কেস ডিসপোজ অফ করতে না পারলে পুলিশ কমিশনার অথবা পুলিশ সুপারিন্টেন্ডেন্টের সাহায্য নিয়ে জোর-জবরদস্তী করে এই সমস্ত এভিকসনের বন্দোবস্ত করা হবে। আজকে গভর্নমেন্ট মোর এ্যান্ড মোর পিপ্‌ল-এর কো-অপারেশন না নিয়ে এত বড় একটা সিরিয়াস ব্যাপারে, যেখানে লক্ষ লক্ষ লোকের স্বার্থ জড়িত আছে, সেখানে বিরোধীদলের সংগে পরামর্শ না করে, রিফিউজীদের অর্গানাইজেশনের সংগে পরামর্শ না করে, তাদের সংগে একটা কম্প্রোমাইজ না করে গভর্নমেন্ট মোর এ্যান্ড মোর পুলিশের উপর নিভর করে, অত্যাচার করে, জোর-জবরদস্তি এভিকসন করতে যাচ্ছেন। আমি বলি, গভর্নমেন্টের এই প্রচেষ্টা যদি চলে তাহলে তাঁরা জেনে রাখুন যে, তাঁদের উদ্দেশ্য ব্যর্থ হতে বাধ্য এবং এই ধরণের এ্যামেন্ডমেন্ট যদি জোর করে পাশ করাবার চেষ্টা হয়, তাহলে সারা পশ্চিমবাংলায় একটা প্রচণ্ড আন্দোলনের ঝড় উঠবে। সেজন্য আমার দাবী এটাকে হয় স্থগিত রাখুন, না হয় এটাকে সার্কুলেশনে দেওয়া হোক ফর পাবলিক ওপিনিয়ন।

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় বিমল সিংহ মহাশয়, এই বিলটা উথাপন করতে উঠে যখন বক্তৃতা দিচ্ছিলেন, তখন গভীর মনোযোগের সংগে আমি শুনেছি। আমি তাঁর অনেক বক্তৃতা এর আগে শুনেছি কিন্তু এমন ভাসভাসা বক্তৃতা আর কখনও শুনি নি। সর্বক্ষণই আমার মনে হচ্ছিল, তিনি যা বলছেন তার সংগে তাঁর শুধু মুখের সম্পর্ক, অন্তরের কোন যোগ নাই। তাঁর মুখের দিকে আমি সর্বক্ষণ তাকিয়ে ছিলাম। তিনি চেষ্টা করেছিলেন মুখের স্বচ্ছতা সর্বক্ষণ অম্লান রাখতে। কিন্তু অন্তরের মলিনতা মুখে ফুটে উঠে মুখকে ম্লান করে দিচ্ছিল। তিনি মুখে বল্লেন, এই বিল উদ্বাস্তুদের ওয়েলফেয়ার অর্থাৎ মংগলের জন্য। তাঁর মুখের দিকে তাকিয়ে মনে হয়েছিল অন্তরের সংগে তিনি এ-কথা বিশ্বাস করতে পারেন নি। শুধু তাই নয়, এই বিল সম্বন্ধে আর একজন মন্ত্রীর সংগে সামান্য একটু আলোচনা করেছিলাম। আমি যখন বললাম, বিলের উদ্দেশ্য কি? তখন তিনি মুচকি হেসে মুখ ফিরিয়ে নিয়ে গেলেন লজ্জায়। এই বিলে এমন কয়েকটা জিনিষ আনা হয়েছে যার ফলে বিলটাকে প্রায় নেফেরিয়াস বলা চলে, বার্বারাস বলা চলে, স্যাটানিক বলা চলে। মূল আইনে ছিল জবর-দখল কলোনীর কোন উদ্বাস্তুকে যদি তার বাস্তু থেকে সরাতে হয় তবে তাকে বিকল্প জমি দিতে হবে কিংবা বাসগৃহ ও জমি উভয়ই দিতে হবে। সেই জমি ও বাসগৃহ এমন জায়গায় হবে যে, যে ব্যবসা-বাণিজ্য তিনি চালাচ্ছিলেন কিংবা যে কাজ-কর্ম তিনি করছিলেন, সে ব্যবসা-বাণিজ্য কিংবা কাজ-কর্মে কোন ব্যাঘাত না ঘটে। এবং এই সমস্ত বিষয় বিচার করবার ভার থাকবে একজন জজের উপর, যাকে বলা হয় কম্পিটেন্ট অথরিটি। এই ছিল আইনের সার কথা—যার সংশোধন করতে এই নূতন বিলে চেষ্টা হয়েছে। যে সংশোধনী বিল আনা হয়েছে, তাতেও বিকল্প জমি ও বাসগৃহের কথা আছে বটে কিন্তু সংগে সংগে একটা সাংঘাতিক ধারা জুড়ে দেওয়া হয়েছে। এই ধারায় বলা হয়েছে যে, বিকল্প স্থান কিংবা বাসগৃহ না দিলেও চলবে। তাকে শুধু টাকা দিলেই চলবে। এ টাকা ল্যান্ড

পারচেজ লোন হ'তে পারে, হাউস বিল্ডিং লোন হ'তে পারে। কি পরিমাণ টাকা দেওয়া হবে তা ঠিক করে দেবেন কম্পিটেন্ট অথরিটি নয়, জজ নয়, ষ্টেট অর্থাৎ গভর্নমেন্ট নিজে। মোদ্দা কথা এই দাঁড়াল—জবর-দখল কলোনীর যে-কোন অধিকারীর কাছে এই আইনের বলে গভর্নমেন্ট গিয়ে বলতে পারবে—

Here is your money—get out, get out

এর চেয়ে বার্বারাস আইন পৃথিবীর কোথাও আছে কি? মূল আইন যেমন সুন্দর ছিল এই সংশোধনী আইনটি তেমনিই স্যাটানিক হয়েছে। কি করে যে সরকার এই আইনের কল্পনা করতে পারলেন তা আমি ভেবে পাই না। আমাদের মতো একটা গণতান্ত্রিক দেশে যার ঐতিহ্য এত উজ্জ্বল ও মহৎ, সে দেশের সরকার যে এমন একটা স্যাটানিক কাজ করতে পারেন, আমি তা কল্পনাও করতে পারি না।

[3-20—3-30 p.m.]

১৯৫১-এর বিলে ছিল যে, যে-কোন জবর-দখলকারী উদ্বাস্তুকে উঠাতে হ'লে অল্টারনেটিভ ল্যান্ড এ্যান্ড হাউস দেওয়া হবে, তা মেদিনীপুর জেলায় হতে পারে, বাঁকুড়া জেলায় হতে পারে, দার্জিলিং-এ হতে পারে। কোন স্কোয়াটার এ-ব্যবস্থা পছন্দ করল না। কেন করল না? কেন না, তাহলে তাদের ব্যবসা-বাণিজ্য সব পণ্ড হয়ে যাবে। তারা সত্যাগ্রহ করে, অাইন অমান্য আন্দোলন আরম্ভ করে, যার ফলে গভর্নমেন্টকে বাধ্য হতে হয় সেই এভিকসন বিলকে রিহ্যাবিলিটেশন বিল-এ পরিণত করতে। তার ফলে আমরা দেখতে পাচ্ছি আজ কলকাতার আশেপাশে নূতন নূতন নগরী ও উপনগরী গ'ড়ে উঠেছে। এইসব স্কোয়াটার কলোনীতে উদ্বাস্তুদের সংখ্যা ঠিক কত তা বলতে পারি না, তবে এটা বলতে পারি যে, তারা সকলেই প্রায় সেলফ সাপোর্টিং—স্বাবলম্বী। এ-ব্যাপারে গভর্নমেন্ট তাদের কোনরকম আর্থিক সাহায্য করেন নি। গভর্নমেন্টের কাছ থেকে তারা মাত্র তিনটি জিনিষ পেয়েছে, এক গুলি, দুই টিয়ার গ্যাস, তিন লাঠি। এই তিনটি জিনিষ ছাড়া স্কোয়াটার কলোনীর লোকেরা সরকারের কাছ থেকে কোন সাহায্য পায় নি। গভর্নমেন্টের এই বিরোধিতা সত্বেও তারা নিজেদের পায়ে দাঁড়িয়েছে, নিজেদের চেষ্টায় স্বাবলম্বী হয়েছে। গভর্নমেন্ট সেদিন বলেছেন, ১৯০০টা গভর্নমেন্ট স্পনসার্ড কলোনী স্থাপিত হয়েছে। এসব কলোনীতে এমন একটা লোকও খুঁজে পাওয়া যাবে না, যাকে গভর্নমেন্ট পূর্ণ পুনর্বসতি দিতে সমর্থ হয়েছেন। গভর্নমেন্ট হয় তো কাউকে খানিকটে জায়গা দিয়েছেন, সংগে সংগে টাকাও হয় তো কিছু দিয়েছেন, কিন্তু তা দিয়ে তাদের অর্থনৈতিক পুনর্বাসন হয় নি। অথচ গভর্নমেন্ট যে কাজ নিজে করতে পারেন নি, সেই কাজ যারা নিজেদের চেষ্টায় করতে পেরেছে, তা থেকে তাদের বঞ্চিত করতে উঠে পড়ে লেগেছেন।

মূল আইনে কম্পিটেন্ট অথরিটির ব্যবস্থা ছিল। তাতে উচ্ছেদ কঠিন হয়ে পড়েছিল। আর এখন উচ্ছেদ যাতে সহজে সম্পন্ন হতে পারে সেজন্য কম্পিটেন্ট অথরিটির কাজ গভর্নমেন্ট নিজে হাতে নিয়েছেন।

উচ্ছেদ সহজসাধ্য করবার উদ্দেশ্যে আরও একটা অস্ত্র গভর্নমেন্ট নিজেদের হাতে নিচ্ছেন। মালিকের যদি কিছু টাকা পাওনা থাকে তা মূল আইন অনুসারে অর্ডার অফ দি কোর্ট হিসাবে আদায় হতে পারত অর্থাৎ পিয়ন গিয়ে আদায় করতে চেষ্টা করত। এই ব্যবস্থা ছিল। আর এখন আদায় হবে এ্যাজ এ পাবলিক ডিম্যান্ড, সার্টিফিকেট নিয়ে পুলিশ গিয়ে সরাসরি হাজির হবে, যেন উচ্ছেদটা খুব তাড়তাড়ি হতে পারে। অতএব এটা স্পষ্টই বোঝা যায় এই বিলের এই সংশোধনীর উদ্দেশ্যই হচ্ছে জবর-দখলকারীদের উঠিয়ে দেওয়া। মূল আইন ছিল কোন উদ্বাস্তুকে তার জমি থেকে উঠাতে গেলে সহজে পুলিশের সাহায্য নিতে পারা যাবে না। আর এখন এমন ব্যবস্থা করা হ'ল যাতে করে সহজেই পুলিশের সাহায্য নিয়ে উঠানো যায়। যদি কলকাতায় হয়, পুলিশ কমিশনারের সাহায্য নেওয়া যাবে, কলকাতার বাইরে বিভিন্ন জেলায় যদি হয়, জেলা পুলিশ সুপারিন্টেন্ডেন্টের সাহায্য নেওয়া যাবে। আগের-বারে উচ্ছেদ আইন পুনর্বাসন আইনে পরিণত হয়েছিল। এই সংশোধনী আইনে পুনর্বাসন আইনকে উচ্ছেদ আইনে পরিণত করা হয়েছে।

যেদিন থেকে এই বিলটা এসেছে, সেই দিন থেকে একটা চিন্তা আমায় পেয়ে বসেছে—গভর্নমেন্ট কি তাদের নীতি পরিবর্তন করেছেন? ১৯৫৪ সালে আমার নিশ্চিত বিশ্বাস হয়েছিল, পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের পশ্চিমবঙ্গেই পুনর্বসতি দিতে ইচ্ছুক। তখনকার উদ্বাস্তু পুনর্বাসনমন্ত্রী রেনুকা রায় আমায় লিখে জানিয়েছিলেন যে, বিনিময় সম্পত্তি বিধিসম্মত করবার জন্য একটা আইনের খসড়া তৈরী করে দিল্লী পাঠানো হয়েছে। এখন কিন্তু সে সম্বন্ধে কোন উচ্চ-বাচ্য নেই। তখন ডাঃ রায় চিঠি লিখে আমায় জানিয়েছিলেন—কয়েকটি গভর্নমেন্ট স্পনসোর্ড কলোনীতে স্পিনিং মিল স্থাপন করা হবে, যেন এইসব মিলে কাজ করে কলোনীর লোকেরা খেয়ে-পরে থাকতে পারে। আর একটা কথা বলেছিলাম, রেগুলারাইজেশন অফ স্কোয়াটারস কলোনীজ ত্বরান্বিত করা হবে। কিন্তু এসব কাজ গভর্নমেন্ট করেন নি। যদি করতেন তবে উদ্বাস্তু পুনর্বাসনের কাজে অনেক এগিয়ে যেতো, কিন্তু তা না করে গভর্নমেন্ট এই প্রস্তাব এনেছেন। দণ্ডকারণ্যের প্রস্তাব সম্বন্ধে যেসব খবর বেরিয়েছে, তাতে আমার এই ধারণা হয়েছে—৩ লক্ষ উদ্বাস্তু, যারা এখন ক্যাম্প-এ আছে, তাদের অনতিবিলম্বে দণ্ডকারণ্যে পাঠানো হবে। বিভিন্ন স্পনসোর্ড কলোনীতে যদি স্পিনিং মিল স্থাপন করে, উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করা হ'ত, তাহলে তারা খেয়ে-পরে সুখে থাকতে পারত। আজ দুর্ভিক্ষের করাল ছায়া বিভিন্ন কলোনীতে ছড়িয়ে পড়েছে কিন্তু কলোনীর লোকদের রিলিফ দেওয়া হচ্ছে না বল্লেই চলে। এইভাবে চল্লে—

50 per cent. of the people in Government sponsored colonies will die of starvation.

এই ১৯৫৭ সালে অর্দ্ধেক লোক না খেয়ে মরবে আর অর্দ্ধেক লোক কলোনী ত্যাগ করে শেয়ালদা ষ্টেশনে আশ্রয় নিবে কিংবা অন্যত্র যেতে চাইবে। তখন গভর্নমেন্ট থেকে বলা হবে—Go to Dandakaranya or similar other places.

গভর্নমেন্ট যদি চাইতেন, তবে স্কোয়াটারস কলোনী সমূহের রেগুলারাইজেশন এত দিনে সম্পন্ন হ'তে পারত। কলোনীগুলো রেগুলারাইজ করার পরিবর্তে এই সাংঘাতিক বিল আনা হয়েছে, যার ফলে যে-কোন স্কোয়াটারস কলোনীর যে-কোন লোককে গভর্নমেন্ট যে-কোন সময়ে বলতে পারবেন—

Get out, Get out, here is the money If not here is the Police.

এই তো আইন, অন্ততঃ আমরা যা বুঝেছি।

(The Hon'ble Bimal Chandra Sinha: ট্রাইবুন্যাল কোথায় গেল?)

Tribunal will be guided by the Government

এই তো আপনাদের আইন। এইসব করে বাংলাদেশে একটি উদ্বাস্তুকেও থাকতে দেবেন না। যাতে তারা না থাকতে পারে তার ব্যবস্থাই গভর্নমেন্ট থেকে করা হচ্ছে।

আমি একটা কথা স্পষ্ট করে বলে দিচ্ছি সরকারকে—পূর্ববঙ্গের লোকেরা এই অন্যায়, এই জুলুম মাথা নত করে সহ্য করবে না। তারা অতীতে অনেক সংগ্রাম করেছে, এই এভিকসন বিলকে রিহ্যাবিলিটেসন বিল-এ পরিণত করবার জন্য আবার তারা সংগ্রাম করবে। যে প্রতিশ্রুতি পশ্চিমবঙ্গের লোকেরা পূর্ববঙ্গের লোকদের দিয়েছে, কংগ্রেসের নেতারা পার্টিসনের পূর্বে সুস্পষ্ট ভাষায় একবার নয়, দুবার নয়, বার-বার বলেছেন—ডাঃ ঘোষ বলেছেন, আমরাও বলেছি, আমরা তখন কংগ্রেসে ছিলাম, যে বঙ্গভঙ্গের ফলে পূর্ববঙ্গের লোকের যদি কোন অসুবিধা হয়, আমরা দেখব—আমরা পেছনে আছি। কিরণশঙ্কর রায় আমাকে বারবার ওয়ার্নিং দিয়েছিলেন, তিনি বলেছিলেন—সুরেশবাবু, এসব প্রতিশ্রুতির বিশেষ মূল্য নেই, দেখবেন কার্যকালে অন্যরূপ হবে। আমি বিশ্বাস করি নি, ভাবতেও পারি নি কংগ্রেসের লোকেরা তাদের কথা রাখবে না। গভর্নমেন্টের নীতি যে এত খারাপ হতে পারে, আমি তা কল্পনাও করতে পারি নি। আজ কিরণবাবুর কথা মনে হচ্ছে। কিরণবাবুর কথা শুনে তখন মনে করেছিলাম এটা তাঁর অন্যায় ধারণা, কিন্তু এখন দেখছি কিরণবাবুর কথা সম্পূর্ণ সত্য। আমার বক্তৃতা শেষ হয়ে এসেছে। ১৯৫১ সালে এভিকসন

বিল সম্বন্ধে যখন আলোচনা হয়েছিল, তখন ডাঃ রায় যে কথা বলেছিলেন—যদিও ডাঃ রায় এই হাউসে এখন নেই, অন্য মন্ত্রীরা রয়েছেন, তাঁদের মারফত ডাঃ রায়কে পেঁছে দিতে চাই—যখন সে সময় কথা উঠেছিল কম্পিটেন্ট অথরিটি কে হবে। প্রথমে বলা হ'ল, একজন ম্যাজিস্ট্রেট, পরে প্রস্তাব করা হল, না, একজন জজ হবে। ডাঃ রায় বললেন—এটা এ্যাসেম্বলির প্রসেডিংস-এ আছে—ডাঃ রায় বলেছিলেন—

Dr. Roy said that he felt that it was a correct suggestion, because the competent authority will have to decide the main issue which, as a Judge, he will be more competent to decide than probably a Magistrate......

[3-30—3-40 p.m.]

এই ভাবধারার পরিবর্তন যে কি করে হ'ল, তা আমি বুঝতে পারি না। সেদিন মন্ত্রীমহাশয় বলেছেন যে, কম্পিটেন্ট অথরিটির জায়গায় গভর্নমেন্টকে আনা হ'ল এইজন্য যে, অনেক মামলা জমে গিয়েছে এবং কম্পিটেন্ট অথরিটি তার কাজ ঠিক মত করতে পারছেন না, ডেমক্র্যাসি ফেল পড়ছে। তাই এই অটোক্র্যাসি আমরা আনতে বাধ্য হচ্ছি।

That was the argument for the substitution of a magistrate in place of the judge for the position of the competent authority.

ডাঃ রায় আর একটা কথা বলেছিলেন, ১৯৫১-এর বিল যখন আলোচনা করা হয়েছিল, তখন সেই কথা আমি মন্ত্রীমহাশয়কে শুনতে অনুরোধ করছি। ডক্তার রায় বলেছিলেন—এ্যাজ টু দি এ্যাপ্লিকেশন অফ ফোর্স, তাদের মানুষের মত বিচার করতে হবে, কারণ তারাও মানুষ—

As to the application of force Dr. Roy said that the clearest human approach to this human problem would be in a different direction .

এই কথা আজ গভর্নমেন্ট কেন ভুলে যাচ্ছেন, বিশেষ করে ডাঃ রায় যে কেন ভুলে যাচ্ছেন, তা আমি বুঝতে পারি না। আর একটা নিবেদন জানিয়ে আমি আমার ভাষণ শেষ করব। যখন ১৯৫১ সালে এভিকসন বিল আনা হয়, তখন আমরা ছিলাম, বিরোধী দলে—অবশ্য অত্যন্ত অল্প সংখ্যায়—৯ জন মাত্র ছিলাম। তাও সকলে একমত ছিলাম না। সেই সামান্য বিরোধী পক্ষের কথায় গভর্নমেন্ট অনেকটা নতি স্বীকার করেছিলেন। ডাঃ রায় বক্তৃতা দিতে উঠে বলেছিলেন বিলের আলোচনা স্থগিত রাখা হ'ল। এর পর আমাদের সংগে আলাপ-আলোচনা করলেন এবং বিরোধী পক্ষের কথা শুনে একটা মীমাংসা করলেন। তার রেজাল্ট হচ্ছে এই আইন—রিহ্যাবিলিটেশন আইন অফ ১৯৫১। এর বিশেষ বিশেষ ধারাগুলি রচিত হয়েছিল একটা কম্প্রোমাইজ-এর ফলে। আমি এই গভর্নমেন্টকে এবং গভর্নমেন্টের নেতা ডাঃ রায়কে অনুরোধ করব, ১৯৫১ সালে যা করা হয়েছিল, আজও তা করা হোক। আবার এই বিলের আলোচনা স্থগিত রাখা হোক।

The clearest approach to this human problem would be in a different direction. You cannot forget that the refugees did not come here of their own choice. They have come here forced by circumstances. They have come here dishevelled, bereft of everything they possessed.

আমার প্রস্তাব হচ্ছে যে অল্প সময়ের জন্য অন্তত স্থগিত রাখা হোক—১ ঘন্টাও হতে পারে, ২ ঘন্টাও হতে পারে; সেবারে ১ দিন রাখা হয়েছিল এবং বিরোধী দলের নেতা এবং গভর্নমেন্টের লোকরা একত্র বসে মীমাংসা করে একটা কম্প্রোমাইজ বিল এনেছিলেন, তেমনি আনুন। এই সাংঘাতিক বিল কেউই অনুমোদন করবে না—কংগ্রেসের লোকও এটা সমর্থন করতে পারবে না। এইরকম বিল আনবেন না। একটা কাগজে দেখলাম কমিউনিষ্ট পার্টি, তাদের নিজেদের গভর্নমেন্ট, কেরালা গভর্নমেন্টকে বলেছে এক চমৎকার কথা। তোমরা অপোজিসন পার্টির সংগে পরামর্শ করে কাজ কর। কমিউনিষ্ট পার্টি, কমিউনিষ্ট গভর্নমেন্টকে একথা বলছেন—কোন ডেমোক্র্যাটিক গভর্নমেন্ট-এর পক্ষে অপোজিসনকে ইগনোর করা উচিত নয়, তাদের সংগে মিলে মিশে কাজ করা উচিত, কারণ তারাও দেশের লোক, দেশের সেবক। যদি আলোচনার ফলে আপোষ সম্ভব না হয়, তখন ভেবে দেখতে হবে, কি করা যায়, সে পরের কথা। সেজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব

এই বিলের আলোচনা এখন না করে স্থগিত রাখা হোক এবং দুই পক্ষের নেতারা বসে ১৯৫১ সালে যেমন করেছিলেন, আবার সেইরকম করে দেখুন--কম্প্রোমাইজ করা যায় কি না সেই চেষ্টা করুন। সর্বশেষে আমি আবার অনুরোধ করছি যে, এই আইনকে আপনারা এভাবে পাস করবেন না। এই বলেই আমি শেষ করছি।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়—যে বিল আনা হয়েছে, সে বিলের ধারাগুলি যদি আমরা দেখি এবং আইনের যে পরিবর্তন চাওয়া হয়েছে, তার থেকে আমার মনে হয় যে এটা অত্যন্ত মারাত্মক এবং গভীর চক্রান্তমূলক। ক্ষমতা হস্তান্তরের পূর্বে আমাদের কংগ্রেস নেতারা প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং রেডিও মারফৎ ঘোষণা করেছিলেন যে, ঐপারের ভাই-বোনরা যদি মর্যাদা ও আত্মসম্মান নিয়ে সেখানে না থাকতে পারে তাহলে এপারে এলে তাদের জন্য নানারকম বন্দোবস্ত করা হবে। যখন সেখানে এমন অবস্থার সৃষ্টি হ'ল, যে মনুষ্যত্ব সেখানে অপমানিত, নারীর মর্যাদা সেখানে বিপন্ন এবং যখন সেই অবস্থায় হাজারে হাজারে, লাখে লাখে ছিন্নমূল মানুষ এদেশে চলে আসতে লাগল, তখন নেতাদের সেই প্রতিশ্রুতি কিভাবে কংগ্রেস সরকার রক্ষা করেছিলেন, সেটা, সেই ইতিহাস কারও অজানা নেই। কংগ্রেসী সরকারের যে পুনর্বাসন নীতি, সেটা একটা শোচনীয় ব্যর্থতার ইতিহাস এবং পশ্চিমবঙ্গের মাননীয় মন্ত্রীবৃন্দ, পুনর্বাসন মন্ত্রী, রাজস্ব মন্ত্রী, কেন্দ্রীয় সরকারের আইন মন্ত্রী এবং অর্থ-মন্ত্রী—তাঁরা বার বার সেই ব্যর্থতার কথা স্বীকার করেছেন। তাঁরা বলেছেন যে, ৩১ লক্ষ উদ্বাস্তু পূর্ববঙ্গ থেকে চলে এসেছে, তার মধ্যে কেবলমাত্র ১৯ লক্ষ লোকের আংশিক পুনর্বাসন করা হয়েছে। সেই সময় আমরা দেখি, যখন একদল উদ্বাস্তু, যাদের একদিন সব ছিল, পূর্ববঙ্গে যাদের সোনার সংসার ছিল, সেই সব ফেলে তারা এদেশে এল-সরকারের কোন সাহায্য না নিয়ে, নিজেদের সাহস, নিজেদের চেষ্টা, নিজেদের হিম্মতের উপর নির্ভর করে বন্য-শৃগাল এবং সাপ-কুমীরের সঙ্গে লড়াই করে, নানা দুঃখ-কষ্ট ভোগ করে, নানা বিপদ বরণ করে, নূতন করে যখন তারা ঘর বাঁধল, তখন আমরা দেখেছি—১৯৫১ সালে এই আইন করবার চেষ্টা হয়েছিল। কাদের স্বার্থে সেটা হয়েছিল, তা আমরা জানি। নূতন যারা ঘর করেছিল, তাদের স্বার্থে নয়, হয়েছিল জমিদারদের স্বার্থে—ঐ লয়ালকা-পোদ্দার কোম্পানী জমিদারদের স্বার্থে। তখন বহু কষ্ট স্বীকার করে, উদ্বাস্তুরা নূতন যে ঘর তৈয়ার করেছিল, সেটা ভাঙ্গবার জন্যই সেই বিল তখন আনা হয়েছিল। সেদিন সেই ছিন্নমূল মানুষ রুখে দাঁড়িয়েছিল, এর বিরুদ্ধে আন্দোলন করেছিল--তাদের মাথায় লাঠি পড়েছিল এবং তারা টিয়ার গ্যাস-এর মোকাবেলা করেছিল। আমরা জানি, ১৯৫১ সালে এই এ্যাসেমব্লী ভবনের সামনে এইসব ছিন্নমূল মানুষ সেদিন হাজারে হাজারে জড় হয়েছিল এবং তাদের বিক্ষোভ ও আন্দোলনের ফলে আমরা দেখেছিলাম—কলকাতার রাজপথ লাল হয়ে গিয়েছিল। তার ফলেই সেই বিল সংশোধিত হয়েছিল। এবং বিরোধী নেতাদের সাথে বসে মুখ্যমন্ত্রী মহাশয় বাধ্য হ'লেন একটা আপোষ করতে। যে বিল আনা হয়েছিল, সংশোধিত আকারে তখন তা আইন হয়। আজ আবার সঙ্কট দেখা দিয়েছে তারা যে সমাজ-জীবন নূতনভাবে গড়ে তুলেছিল ঘরবাড়ী তৈয়ার করেছিল, এই নূতন সংশোধনী বিলের মধ্য দিয়ে, সেই সব বিপর্যস্ত করবার একটা চক্রান্ত করা হচ্ছে যাকে বলা যায় একটা ডায়াবলিক্যাল মুভ এই কথা সরকার পক্ষ থেকে বলা হয়েছে—মুসলমানদের বাড়ী যা দখল করা হয়েছে, সেই সব বাড়ী ফিরিয়ে দেবার জন্য এই বিলের প্রয়োজন আছে। কিন্তু আমরা সরকারের এসব কথা বিশ্বাস করতে পারি না। কারণ নিরাপত্তা আইন এই সভায় যখন মঞ্জুরী নেওয়া হয়, তখন মুখ্যমন্ত্রী মহাশয় পরিস্কার এ-কথা ঘোষণা করেছিলেন যে, নিরাপত্তা আইন শুধু সমাজ বিরোধীদের বিরুদ্ধে প্রয়োগ করা হবে। কিন্তু আমরা দেখেছি, বার বার এই নিরাপত্তা আইন, গণতান্ত্রিক আন্দোলনকে দমন করবার জন্য, শ্রমিক আন্দোলনকে দমন করবার জন্য প্রয়োগ করা হয়েছে। আজ মাননীয় স্পীকার মহোদয়, আজ দেখছি যে সেই আইনের মধ্যে যে আইন সেদিন পাশ হয়েছিল, মঞ্জুরী হয়েছিল, সেই ১৯৫১ সালের যে আইন, যে আইনকে সংশোধন করবার জন্য আজ এই বিল এসেছে—সেদিন কতকগুলি অধিকার সেই আইনের মধ্যে দেওয়া হয়েছিল—সেদিনকার আন্দোলনের মারফৎ স্বীকার করে নেওয়া হয়েছিল। সেই বিলের মধ্যে ছিল ৪নং ক্লজ, সেদিন ছিল যে, স্টেট গভর্নমেন্ট অফারস ফর হিম—

[3-40—3-50 p.m.]

সেই বিলের মধ্যে ৪নং ক্লজে ছিল 'ষ্টেট গভর্নমেন্ট অফারস'। সেই অফারস কথাটার জায়গায় সেদিন আন্দোলনের ফলে আপোষ হয়েছিল বিরোধী দলের সাথে এবং ঐ অফারস-এর জায়গায় প্রোভাইডস করা হয়েছিল। তা ছাড়া চার নম্বর ধারার (এ) এ্যান্ড (বি) উপধারা দুটি সম্পূর্ণভাবে সেই আন্দোলনের ফলে সেদিন সংযোজিত হয়েছিল। আজকে আমরা দেখছি, সেই যে অধিকার, তাকে এই এ্যামেন্ডমেন্ট সংশোধনী বিলের মারফৎ, সেই সমস্ত সুযোগ-সুবিধা লিকুইডেট করে দেবার জন্য, নিশ্চিহ্ন করে দেবার জন্য, একটা চক্রান্ত চলেছে। যখন বিরোধী দলের নেতৃবৃন্দের সাথে মুখ্যমন্ত্রী নিজে আপোষ করে, সমঝোতা করে সেদিন যে আইন তৈরী হয়েছিল, আজকে তিনি গ্রস ব্রীচ অফ ফেইথ করে এই নূতন সংশোধনী প্রস্তাব এনেছেন। যতক্ষণ পর্যন্ত না, বিরোধী দলের নেতাদের সাথে সেই সম্পর্কে কোন আপোষ আলোচনা করে এই আইন সংশোধনী প্রস্তাব না আনা হচ্ছে, সে পর্যন্ত আমরা একে সমর্থন করতে পারি না। প্রেস নোট বের করে বলা হয়েছে এই যে, বিল আনা হয়েছে তাতে—

regularisation of squatters colonies will not be affected as a result of the passage of the amending Bill.

কিন্তু ইন ফ্যাক্ট, বাস্তবক্ষেত্রে আমরা দেখছি এখনও পর্যন্ত কোন স্কোয়াটারস কলোনী সম্পূর্ণভাবে রেগুলারাইজেসন করা হয় নি। অর্পণ-পত্রের কথা বলা হয়, কিন্তু বাস্তবপক্ষে এই অর্পণ-পত্র একটা মিসনমার। কারণ, এ্যাট বেষ্ট, অর্পণ-পত্র হচ্ছে—

in the strictest sense it is only a letter of authority to occupy, it is only a licence to possess which is revocable at any time.

অর্থাৎ এ্যাট বেষ্ট অর্পণ-পত্রের জায়গায় অনুমতি-পত্র বলা যেতে পারে। দেখুন, কিভাবে অর্পণ-পত্রে প্লট দেওয়া হচ্ছে—

বাঘা-যতীন কলোনীতে ১,৪০০ প্লট আছে, সেখানে কেবলমাত্র বেছে বেছে সিলেক্টেড পারসনসকে ১৫০টি দেওয়া হয়েছে। তারপর নেতাজী কলোনীতে ১৫০টি প্লট আছে, অথচ বেছে বেছে মাত্র ২৯টিকে অর্পণ-পত্র দেওয়া হয়েছে। তারপর বিদ্যাসাগর কলোনীতে ৮০০ ফ্যামিলি আছে, সেখানে চিঠি দেওয়া হয়েছে, মাত্র ৭০টি পরিবারকে, যাতে তারা এসে অর্পণ-পত্র গ্রহণ করে। এইভাবে দেখছি সেকসন (৪), যে আইন আছে, তার চার ধারা সম্বন্ধে কয়েকজন বক্তা যে কথা বলেছেন—কম্পিটেন্ট অথরিটির জায়গায় আজকে দেখছি ষ্টেট গভর্নমেন্ট-এর হাতে সেই সমস্ত ক্ষমতা ছেড়ে দেওয়া হচ্ছে: অথচ আমরা জানি তিন ধারাতে, কম্পিটেন্ট অথরিটি যে এভিকসন অর্ডার দিত, এবং এভিকসন অর্ডার দেওয়ার পর, একজিকিউসন করবার জন্য গভর্নমেন্টকে কতকগুলি সর্ত প্রতিপালন করতে হ'ত। আমাদের এই আইনে দেখেছি যে, কম্পিটেন্ট অথরিটি, সেই ডিসাইড ক'রত, যে এগজিকিউসন করবার সময় সরকার সেই শর্ত্ত প্রতিপালন করলো কি না? কিন্তু বর্তমান এ্যামেণ্ডিং বিল-এ দেখছি সেটা ডিটারমিন করবে কে, না কম্পিটেন্ট অথরিটির জায়গায় স্টেট গভর্নমেন্ট অর্থাৎ মোর প্রেসাইসলি, সরকারী কর্মচারী যারা। আজকে জানতে চাই যে, গভর্নমেন্টকে ঐ (৩) ধারার শর্ত্ত পালন করতে হবে, সেই গভর্নমেন্টের হাতে দায়িত্ব দেওয়া হচ্ছে: বিচার করতে হবে সেখানে, সরকার সেই সমস্ত সর্তগুলি প্রতিপালন করছেন কি না?

(Here blue light was lit)

মিঃ স্পীকার, স্যার, আমি আরও দু-মিনিট সময় চাই। এবং তারপর দেখুন, আর একটা মারাত্মক কথা, যে, এখানে 'এনি ল্যান্ড', এই কথাটা দেওয়া আছে। এর আগে বর্তমান আইনে ১৯৫০ সাল অনুযায়ী, একজন উদ্বাস্তু যদি কোন একটা জায়গা আন-অথরাইজড অকুপেশন ক'রত এবং যদি কলোনীতে এসে ১৯৫২ বা ১৯৫৩ সালে সেই জায়গা দখল ক'রত, তাহলে কম্পিটেন্ট অথরিটি সেটা বিচার করে দেখত—

any land in unauthorised occupation

১৯৫০ সালের আগে করেছিল কি না? এবং তাহলে ঐ কলোনীতে তাকে আন-অথরাইজড

অকুপায়ার ব'লে গ্রহণ করা হ'ত, ও সেই সমস্ত শর্ত্ত তাকে উচ্ছেদ করতে গিয়ে মানতে হ'ত। কিন্তু আজকে দেখছি কলোনীর ভিতর বহু প্লট উদ্বাস্তুরা দখল করে বসে আছে। ১৯৫০ সালের আগে থেকে কেউ যদি সেই জায়গা দখল করে থাকে, তবেই কেবলমাত্র সেটা সম্ভবপর হবে।

তৃতীয়ত, আমরা একটা জিনিষ দেখছি, পূর্বে যে অর্ডিনান্স জারী করা হয়েছিল, সেই অর্ডিনান্স-এর মধ্যে ৯(বি)তে, প্রচলিত আইনে কম্পেনসেসন-এর প্রশ্ন আছে। কিন্তু বর্তমান বিলে কম্পেসেসন-এর ব্যাপারে আজকে দেখছি বলা হয়েছে

for the period of unauthorised occupation by certificate procedure under Public Demands Recovery Act

অনুসারে রিয়ালাইজ করা হবে। কিন্তু ঠিক নির্বাচনের পূর্বে যখন গলায় কাঁটা বিধেছিল, তখন আমরা দেখেছি সেই অর্ডিনান্স-এর মধ্যে এই ধারাগুলি ছিল না। আজকে যখন নির্বাচন শেষ হয়ে গিয়েছে, তখন আমরা দেখতে পাচ্ছি এই সার্টিফিকেট প্রসিডিওর এর কথা তার মধ্যে সন্নিবেশিত করা হয়েছে। আমার শেষ পয়েন্ট স্পীকার মহোদয়, আর একটা কথা আমি আপনাকে বলতে চাই, সেটা হচ্ছে কম্পিটেন্ট অথরিটির ব্যাপার সম্পর্কে।

[At this state the blue light was lit]

আর এক মিনিট, স্পীকার মহোদয়। কম্পিটেন্ট অথরিটির সামনে উদ্বাস্তুরা গিয়ে যে রিপ্রেজেন্টেসন করতে পারত এবং

reasonableness of its findings could be tested judicially by appeal before a tribunal or by an appeal under section 227 of the Indian Constitution

আজকে আমরা দেখছি সেই অধিকার এই এ্যামেণ্ডিং বিল-এ নিয়ে যাওয়া হচ্ছে ষ্টেট গভর্নমেন্ট-এর উপরে, এবং এই অধিকার দেবার ফলে আমাদের কোন এ্যাপীল-এর সুযোগ থাকছে না। সুতরাং হাই কোর্ট-এ যাওয়ারও কোন সুযোগ থাকছে না, এবং এর ফলে আমরা দেখছি যে, ডিসক্রিমিনেসন-এর সুযোগ দেওয়া হচ্ছে যারা কংগ্রেস বিরোধী উদ্বাস্তু তাদের বিরুদ্ধে গভর্নমেন্ট অফিসিয়ালসরা আজকে ঐ আইন প্রয়োগ করবে। আমার মনে হয়, এর ফলে, এতে সন্দেহ করা অসম্ভব নয়, এবং আশংকা আমাদের আছে পলিটিক্যাল কনসিডারেসন থেকে এই বিল আনা হচ্ছে।

সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই বিল এইভাবে পাশ না করে, ডঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় যে প্রস্তাব করেছেন এবং শ্রীসমর মুখার্জী মহাশয় যে প্রস্তাব করেছেন, যে বিরোধী দলের সংগে বসে বিচার বিবেচনা করে, তারপর যেন এই বিল আনা হয়। যদি তাঁদের সদিচ্ছা থাকে এবং যদি তাঁদের বদ মতলব না থাকে, তাহলে আমি আশা করবো তাঁরা আমাদের প্রস্তাব মেনে নেবেন।

[3-50—4 p.m.]

Sj. Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, এ্যাক্ট ১৬ অফ ১৯৫১, সংশোধনী বিল আইনটার প্রথম শিরনামা হ'ল

Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land Act, 1951.

এই নামটার সংগে যে সংশোধনী বিল উত্থাপন করা হয়েছে, তার কোন যোগাযোগ আছে বলে আমার মনে হয় না। আমার মনে হয়—

rehabilitation of displaced persons and

পর্যন্ত বাদ দিয়ে, এখানে—

eviction of persons in unauthorised occupation

দাঁড়িয়েছে। এই আইন প্রথম যখন ১৯৫১ সালে গ্রহণ করা হয়েছিল, তখন সেদিন যাঁরা এই আইনকে পাইলট করেছিলেন, তাঁদের তরফ থেকে অনেক ভাল, ভাল কথা এই আইন সভার

কক্ষে উচ্চারিত হয়েছিল। আমরা দেখেছিলাম সেদিন তাঁরা এই আইনকে বলতেন—

it is our anxiety for the refugees that has compelled us to bring forward this Bill,

আর আজকে এই আইনের সংশোধনী যে ধারাগুলি উত্থাপন করা হয়েছে, তার মধ্যে দু-একটা ধারা এমনিই দেখতে পাই, তাতে এই কথা লেখা আছে যে—

it would cause hardship to the owner;

এবং এই যে 'হার্ডশিপ টু দি ওনার', এটাকে কমাবার জন্য—

তাতে এ-কথাগুলি লেখা আছে,

it would cause hardship to the owner.

এবং ওনার-এর উপর সিভিল কোর্ট-এ যে পন্থা নিয়ে উদ্বাস্তুদের বাড়ী থেকে উচ্ছেদ করা যেত সেটা না করে সেজাসুজি ক্ষমতা দিলেন, পুলিশের সাহায্যে বাড়ী থেকে উচ্ছেদ করতে পারবে। গতকাল শ্রীযুক্তবিমলচন্দ্র সিংহ মহাশয় কতগুলি কথা বলেছিলেন, আমি সেগুলি ধৈর্যসহকারে শোনবার চেষ্টা করেছি। তিনি বলেছিলেন, কলকাতায় কম্পিটেন্ট অথরিটির কোর্ট-এ যে ২৫০টা মামলা দায়ের হয়েছে, তার মধ্যে মাত্র ৪২টির পুনর্বাসনের সুযোগ কম্পিটেন্ট অথরিটির মাধ্যমে করতে পেরেছেন। এটা অত্যন্ত অন্যায় কথা। ১৯৫৭ সাল পর্যন্ত কম্পিটেন্ট অথরিটি কোর্ট এ যে-সমস্ত মামলা ডিসপোজড অফ হয়ে গিয়েছে, তার মধ্যে কলকাতায় ৪২ জনের বন্দোবস্ত করেছেন, বাসস্থান, জমি ইত্যাদি দেবার ব্যবস্থা করেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি এর সঙ্গে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি হাওড়া জেলার প্রতি আকৃষ্ট করতে চাই। হাওড়া জেলায় ১৯৫১ সাল থেকে আরম্ভ করে এই মে পর্যন্ত ৭৬৭টি মামলা দায়ের হয়েছে এবং তার মধ্যে ৬৩৯ কেসেস ডিসপোজড হয়েছে। ৪৬২টি বাড়ী দখল করা হয়েছে, কোর্ট থেকে রায়ও দেওয়া হয়েছে, কিন্তু আমাদের সরকার ৪।৫ বছর ধরে মাত্র ১১টি বাড়ী খালি করতে পেরেছেন, অথচ এই ৪৬২টি বাড়ী সম্পূর্ণ খালি করে ল্যান্ডলর্ডকে পজেশন দেওয়ার জন্য কোর্ট-এর ফাইন্ডিংস ছিল এবং এটা ১৯৫২ থেকেই আরম্ভ হয়েছে। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখছি বিকল্প ব্যবস্থা, অর্থনৈতিক পুনর্বাসন ব্যবস্থা করে সে বাড়ী দেওয়া হয় নি। এবং শুধু তাই নয়, রেকমেন্ডেশন ফর রিহ্যাবিলিটেশন, তার মধ্যে ৯৫টি রিফিউজী কেসের মধ্যে, যেখানে অন্ততঃ ১ হাজার উদ্বাস্তু পরিবারের অন্যত্র বাসস্থানের ব্যবস্থা ক'রে পুনর্বাসনের ব্যবস্থা করার জন্য কোর্ট থেকে ডাইরেকসন দেওয়া হয়েছে, সেক্ষেত্রে আমাদের সরকার পাঁচ বছরে ২৮টি পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করতে পেরেছেন, এটা সরকারের চরম ব্যর্থতারই পরিচায়ক। বিভিন্ন জায়গায় কোর্টের ডাইরেকসন—অনেক জায়গায় এমনও অর্ডার হয়েছে, উইদিন টু মান্থস ল্যান্ডলর্ডকে জায়গা দেবার জন্য, আমি অবাক হয়ে গেলাম, কোর্টের নির্দেশ সত্ত্বেও কোর্টের অর্ডার ফ্লাউট করা হয়েছে। আমি, মাননীয় স্পীকার মহাশয়, এখানে স্মরণ করিয়ে দিতে চাই যে, শুধু হাওড়া সাবডিভিশনেই ১৬টি কলোনী স্থাপন করা হয়েছে, যেখান থেকে এক হাজার পরিবারকে জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। যাদের বিরুদ্ধে মামলা নাই, যেখানে জমি না দিলেও চলতে পারত, তাদের কেস্ বিচার করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু যাদের বিরুদ্ধে ডিক্রী হয়েছে, কম্পেনসেশন আদায় করার জন্য তাদের বেলায় অর্ডার এগজিকিউট করে তাদের ঘটিবাটি পর্যন্ত আটক করা হয়েছে এবং পুলিশের সাহায্যে বাড়ী থেকে বের করে দেবার ব্যবস্থা করা হয়েছে। বছরের পর বছর তারা সে-সব বাড়ীতে থাকতে বাধ্য হয়েছে। অথচ সরকার তাদের পুনর্বাসনের ব্যবস্থা না ক'রে অন্য লোকের পুনর্বাসনের ব্যবস্থা করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি এ-সম্পর্কে একটা চিঠির প্রতি রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি; হাওড়ার

Competent authority 3rd September, 1950,

লিখছেন, রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট-এ—চিঠির নম্বর হচ্ছে ৮৫সএ, এতে মন্তব্য করা হয়েছে,

It has been reported to me by some pleaders representing the refugees that many persons against whom no case has been started are being given residential plots at Jogacha and Balarampota within P.S. Bouria but it is not understood why the refugees in unauthorised occupation of Muslim houses cannot be rehabilitated there. There should be preferential treatment in the matter of rehabilitation of such persons in unauthorised occupation. In order to avoid haphazard allotment of land to displaced persons some priorities on definite principles should be laid down. I bring the above representation of the refugees to your attention for suitable action.

[4—4-10 p.m.]

As the matter is urgent I would request you to let me know what arrangements have been made for the rehabilitation of these displaced persons and if they may be allotted land as suggested, for which many refugees have expressed their preference to me.

The names and addresses of the owners and the persons in unauthorised occupation (displaced persons) with the copies of orders had already been sent to you.

এখন অবস্থা দেখুন. আজকে আমি খোঁজ নিয়ে জানতে পারলাম, ১৯৫০ সালের থার্ড সেপ্টেম্বর, কম্পিটেন্ট কোর্ট লিখছেন অথচ আজ পর্যন্ত তার জবাব তাঁর কাছে পেঁাছায় নি। এর ফলাফল কি হয়েছে, এ-সম্পর্কে দুয়েকটা কথা বলাও দরকার। এখন আমরা কোন নূতন কেস দেখি না, ৩১শে থেকে কোন নূতন কেস উত্থাপন করতে পারেন নি, কোন বাড়ীওয়ালা উচ্ছেদের সুযোগ নিতে পারে নি। ১৯৫১ সালে আইন-সভায় এটা প্রথম উত্থাপিত হয়েছিল, তখন এ-কথা বলা হয়েছিল -

The usual procedures for eviction of the trespasser through civil court are expensive, dilatory and harassing to the parties concerned, and they also cause great hardship to the refugees unless they can get lands for their resettlement.

কিন্তু আমরা দেখেছি এই আইন এক বছর বাড়িয়ে নেন। এখন আমরা দেখছি নূতন কোন কেস এই আইনের মাধ্যমে চালু করা সম্ভব হবে না এবং ৩১শে মার্চের পর থেকে ল্যান্ডলর্ড উচ্ছেদের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আর একটা বিশেষ ধারায় বিভিন্ন বক্তারা বলেছেন— যারা মুসলমানের বাড়ীতে দীর্ঘদিন ধরে বাস করে আসছে, তারাও এইভাবে আইনের সংশোধনের বলে সেই বাড়ী ছাড়তে বাধ্য। আমি এই বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক'রে বলতে চাই যে, এই বিল চালু থাকা সত্ত্বেও এই স্কীম করা হয়েছে, কিন্তু কথা ছিল হাউস-বিল্ডিং লোন পেয়ে বাড়ী কনস্ট্রাক্ট করা চাই। কিন্তু আমি জানি বাড়ীর প্ল্যান স্যাংশন এক বছরের অধিক সময়ের মধ্যে একটিও করা হয় নি। সুতরাং এইভাবে প্রকারান্তরে তাদের বাড়ী ছাড়তে বাধ্য করাই হবে; এখন এই অবস্থায় তারা কোথায় গিয়ে দাঁড়াবে?

এবার কম্পেনসেসন ব্যাপার নিয়ে কিরকম অন্যায় করা হচ্ছে, সে সম্বন্ধে দুয়েকটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। সিভিল কোর্ট প্রোসিডিওর-এর মারফৎ কম্পেনসেসন আদায় করার রীতির সঙ্গেই আমরা পরিচিত। সমস্ত লোকের ক্ষেত্রে এই সিভিল কোর্ট প্রোসিডিওরই প্রয়োজ্য হয়; কিন্তু রিফিউজীদের বেলায় ডিসক্রিমিনেশন করে বলা হচ্ছে সার্টিফিকেট জারী করে আদায় করতে হবে। আরো একটা জিনিষের প্রতি আমি কিছু বলতে চাই, এবং এটাই হচ্ছে সবচেয়ে মারাত্মক ত্রুটি, এই বিলের মধ্যে—কম্পিটেন্ট অথরিটিকে সমস্ত রকম নির্দেশ প্রপারলি এক্‌জিকিউটেড হচ্ছে কিনা সেটা দেখবার জন্য কোন প্রভিসন বা ক্ষমতা দেওয়া হয় নি এই বিলে, অথচ ক্লজ ৯-এতে সুপারিনটেন্ডেন্ট অফ পুলিশ অর পুলিশ কমিশনারকে পাওয়ার দেওয়া হচ্ছে জোর ক'রে সরিয়ে দেবার জন্য। এটা কোন মতে উচিত হয় নি।

[4-10—4-20 p.m.]

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, প্রথমে আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই যে, বর্তমান বিলটা এসেছে Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land এর সঙ্গে ভূমি এবং ভূমি রাজস্ব বিভাগের কি সম্পর্ক আছে? আমি বুঝতে পারলাম না এই বিল ভূমি-রাজস্বমন্ত্রী পাইলট করছেন কেন। এটা প্রফুল্লবাবুরই পাইলট করা উচিত। কারণ, প্রফুল্লবাবুরই উপযুক্ত এই বিল। যাতে তিনি হাত দেবেন তা শেষ করে ছাড়বেন, ভাল যদি কোনদিন একটুখানিও কোথাও হয়ে থাকে, এই মন্ত্রীমহাশয়ের হাতে পড়লে সেটাও তিনি বরবাদ করে ছাড়বেন, এ সম্পর্কে আগের আইনটায় যা ছিল, তাও খারাপই; প্রফুল্লবাবুর হাতে পড়ে সেটা ততধিক খারাপ হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে, জানি না এই বিল কারা ড্রাফ্‌ট্ করেছেন। তবে ড্রাফ্‌টিং ইজ এক্সট্রিমলি ব্যাড। আমাদের লেজিসলেটিভ ডিপার্টমেন্ট দিন দিন যা হচ্ছেন, তাতে তাদের সম্পর্কে আর বলার কিছুই নেই। আমি আইনজ্ঞ নই, কিন্তু আইনবিদ না হয়েও বর্তমান বিলের যা ড্রাফটিং দেখছি, তাতে নিন্দা না করে পারা যায় না। মিঃ স্পীকার, স্যার, তাকিয়ে দেখুন, ডিসপ্লেসড পার্সনের সংজ্ঞার দিকে; ডেফিনিসনের মধ্যে এভার টু রিটার্ন টু ইষ্ট বেঙ্গল কথাটা রয়েছে। এর অর্থটা কি? "রিটার্ন" কথার মধ্যে এভাব কথাটার ফোর্স আছে। সুতরাং এক্ষেত্রে এভার কথাটা বাহুল্য। আর এভার কথাটা যদি দিতেই হয় তাহলে সব শেষে ফর পার্মানেন্ট সেটেলমেন্ট কথাগুলি বসাতে হয়, তা নেই। আরও দেখুন, এই বিলের ৫ নম্বর ক্লজ আইটেম "সি"তে যা বলা হয়েছে, তা মূল আইনের সঙ্গে ফিট ইন করে না। কারণ ক্লজ এ এবং ক্লজ বি বলে যা বর্তমান বিলে বলা হয়েছে সেগুলিকে আদতে ক্লজ বলা যায় না, আইটেম বলতে হয়। আইটেম এ এবং বি-র পরে দুটো আইটেমকে কভার করে কতকগুলি কথা আছে। এই শেষোক্ত কথাগুলিকে এই বিল দ্বারা পরিবর্তন করতে চাওয়া হচ্ছে। যেভাবে এগুলি বর্তমান বিলে লেখা হয়েছে তাতে এই উদ্দেশ্য আদৌ সাধিত হচ্ছে না। উপযুক্ত ভাষা দেওয়ার এই সামান্য কাজ, যাঁরা করতে পারেন না, তাঁরা ভাল কাজ করবেন কি করে? এমন কর্মিষ্ঠ এবং উপযুক্ত লোক নিয়ে শাসন চলছে! মন্ত্রীমহাশয় যখন এই বিল পাইলট করছেন, তখন এগুলি তাঁর আগে থেকেই ভাল করে দেখা দরকার। এসব গেল টেকনিক্যাল সাইডের কথা। এইবারে নীতিগত দিক থেকে কয়েকটা কথা বলবো। মূল আইনটা খারাপ ছিল, বর্তমান বিল তার চেয়েও বেশী খারাপ। কোনদিক থেকে অধিকতর খারাপ দেখুন। প্রথমতঃ, উদ্বাস্তু কাদের বলা হবে? আমরা দাবী করেছিলাম উদ্বাস্তু তাদেরই বলা হবে, যাদের পূর্ববঙ্গে সম্পত্তি আছে, অথচ এখানে চলে আসতে বাধ্য হয়েছেন এবং দেশে ফিরে যেতে পারছেন না। এইভাবে না বলে আইনে একটা তারিখ বেঁধে দেওয়া হয়েছে। মূল আইনে যা ছিল এখানেও সেটা রইল। তা ছাড়া বর্তমান বিলে 'এভার' কথাটা যোগ করে দেওয়ায় চিরতরে দেশে যাওয়া বন্ধ হয়ে গেল। দেশের সম্পত্তি বিক্রী করতে হবে। পূর্বপাকিস্তানে না গেলে সম্পত্তি বিক্রী করা সম্ভব নয়। তবুও যাওয়া সম্ভব হবে না, কারণ এ ব্যাপারে একবার দেশে গেলেই সে আর উদ্বাস্তুর সংজ্ঞায় পড়বে না। এইদিক হতে বর্তমান বিল মূল আইনের চেয়ে খারাপ। দ্বিতীয়তঃ বিকল্প বাসস্থান নির্বাচনের ক্ষেত্রে জুডিসিয়ারীর হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে একজিকিউটিভের হাতে দেওয়া হচ্ছে। মূল আইনে ছিল যে, কম্পিটেন্ট অথরিটি যে জমি উপযুক্ত মনে করবেন, সেই জমি না দিয়ে সরকার উদ্বাস্তুদের উচ্ছেদ করতে পারবেন না। এইভাবে কোর্টের উপর স্থান বিচারের ভার দেওয়া ছিল। বর্তমান বিলে সরকার কম্পিটেন্ট অথরিটির হাত থেকে সেই ক্ষমতা কেড়ে নিয়ে নিজের হাতে রাখছেন। উদ্বাস্তুরা বর্তমানে যে জায়গায় বাস করছেন তাতে তাঁরা নিজের জীবন-ধারণের উপায় নিজেরাই করে নিয়েছেন কোন রকমে। এই বাসস্থান থেকে উচ্ছেদ করার সময় কম্পিটেন্ট অথরিটি এই কথা স্মরণে রেখে স্থান নির্বাচন করতেন। অথচ সরকার চান উদ্বাস্তুদের দূরে পাঠাতে। এই নিয়ে কম্পিটেন্ট অথরিটির সঙ্গে সরকারের মতবিরোধ ঘটতে থাকে। তার জন্যই কি স্থান নির্বাচনের ক্ষমতা সরকার নিতে চাচ্ছেন? উই হ্যাভ এভরি রিজন টু বিলিভ যে, সরকারের হাতে ক্ষমতা গেলে অবস্থা খারাপ হবে। উদ্বাস্তুদের তাদের বর্তমান বাসস্থান

থেকে সরিয়ে নিয়ে গিয়ে দূরের জায়গায়, যেমন দণ্ডকারণ্যে বা ঐরকম কোন জায়গায় ফেলে দিতে পারলে সরকার নিশ্চিন্ত হন। এই কারণেই কি আইনের ধারাটি বদলান হচ্ছে? মূল আইনে ছিল যে, জমির বদলে জমি দিতে হবে। এই আইনে সেটা বদলিয়ে, জমির বদলে জমি কিংবা জমি কেনা ঋণ দেবার ব্যবস্থা হচ্ছে। এটা সর্বনাশের কথা। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে, নগদ টাকা যা আপনারা দেন তা একসঙ্গে দেন না, কিস্তিতে দেন। ফলে এইভাবে কিস্তিতে ঋণ দেওয়ায় ঋণগ্রহীতা কোন কাজই করতে পারে না। এতদিন তবু জমির বদলে জমি দেব'র ব্যবস্থা ছিল, জমিত আর কামড়ে খাওয়া যায় না, ফলে তাতে খানিকটা রিহ্যাবিলিটেশনের পসিবিলিটি থাকতো। আজ করেছেন কি? জমি দেবেন না, জমির বদলে ঋণ দেবেন। যাঁদের ঋণ দেবেন তাঁরা ঠিকমত ব্যবহার করতে পারবে না। অভাবের তাড়নায় ঋণের টাকা খেয়ে ফেলবে; ফলে যেভাবে উদ্বাস্তু হয়ে তারা এসেছিলেন, সেইভাবেই উদ্বাস্তু হয়ে তাঁদের থাকতে হবে, বাড়ী আর হবে না।

অর্থাৎ উদ্বাস্তুরা নিজেদের চেষ্টায় যেটুকু পুনর্বাসন ব্যবস্থা করেছে, তা থেকে বঞ্চিত হচ্ছে। তাহলেও ত তিনদিক থেকে খারাপ হচ্ছে।

[4-20—4-55 p.m.]

চতুর্থতঃ পাবলিক ডিম্যান্ডস রিকভারি এ্যাক্ট অনুযায়ী আপনারা মালিকদের টাকা আদায় করে দেবেন, এই ব্যবস্থা আগে ছিল না, এখন তা করা হচ্ছে। জিজ্ঞাসা করি মন্ত্রীমহাশয়কে, মালিকদের প্রতি কেন এত দরদ? কই, সরকার ত উদ্বাস্তুদের জন্য ঐসব কথা বলেন না, বলেন না, গরীব লোকদের এইসব অসুবিধা হচ্ছে, তাদের জন্য এই সুবিধাটা করে দিই। অথচ মালিকের বেলায় টনক নড়ে কেন? জিজ্ঞাসা করি, পোদ্দার কি এইসব স্কোয়াটার্স কলোনীর মালিক? একবার যাদবপুরে গিয়ে দেখবেন হাজার হাজার বিঘার মালিক এঁরা কি না? এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট-এ এঁদের জমি নেওয়া হ'ল না। নন-এগ্রিকালচারাল ল্যান্ড-এর যে সিলিং বেঁধে দিয়েছেন তাতে ধরতে পারেন না? ধরতে পারেন না ভাওয়ালকা আর আনন্দীলাল পোদ্দারকে? তাঁদের জমিতে উদ্বাস্তু বসেছে, কাজেই তাঁদের বাঁচাতে হবে। তাই উদ্বাস্তু উচ্ছেদ কোরে দিয়ে, টাকা আদায় করে দেবার মহান দায়িত্ব মন্ত্রীমহাশয় নিয়েছেন। আর সেই সঙ্গে বলছেন -

"it is a Welfare State, our interest is to look after the interest of the people.

তার চেয়ে তাঁরা গলা উঁচু কোরে বলুন যে, "আমরা ভুওয়ালকার স্বার্থ রক্ষা করছি, পোদ্দারের স্বার্থ রক্ষা করছি। এই উদ্বাস্তুদের কাছ থেকে টাকা আদায়ের যে দায়িত্ব তা আমরা নিজের মাথার উপর নিচ্ছি, যাতে মালিকদের হয়ে উদ্বাস্তুদের কাছ থেকে টাকা আদায় করতে পারি।"

[At this stage the red light was lit]

Mr. Speaker: Mr. Banerjee, you will kindly resume your seat. I have been carefully listening to your speech and I have been carefully analysing the sections. I have certain reasons to adjourn the House for half an hour. I am to tell you straightaway that I have given certain suggestions to the Minister in charge. The suggestions deal with certain other aspects of the Bill but not the points touched by you.

[At this stage the House was adjourned for half an hour.]

[After adjournment]

[4-55—5-5 p.m.]

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনার কাজ আরম্ভ করবার আগে আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই; সেটা এই যে, আজ যে বিল নিয়ে আলোচনা হচ্ছে তার বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য বাহিরে হাজার হাজার বাস্তুহারা এসেছে, বিভিন্ন জায়গা থেকে।

আপনি অন্য একটা কারণে আধ-ঘন্টা এখানকার কাজ স্থগিত রেখেছেন এবং সেই ব্যাপারে সরকারের সংগে আলোচনায় আমরা ব্যস্ত ছিলাম এবং মাত্র আধ-ঘন্টা সময় পেয়েছিলাম ব'লে যে ডেমনেস্ট্রেশন এসেছে, তাদের ওখানে আমরা যেতে পারি নি। আমাদের এখন সেখানে যেতে হবে। আমি আপনাকে অনুরোধ করতে পারি, যদিও আমি জানি আপনি তা শুনবেন না—যে আবার আধ-ঘন্টার জন্য অধিবেশন স্থগিত রাখুন। সরকারের সংগে যে আলোচনা হয়েছে, সেটা ঠিক কি দাঁড়াল, কেন না তার মধ্যে কতকগুলি এ্যামেণ্ডমেন্ট তাঁরা গ্রহণ করতে রাজী হন নি, সেগুলি লিখিতভাবে আমাদের হাতে না এলে ঠিক বুঝতে পারছি না, এবং এখানে অনর্থক কতকগুলি বক্তৃতা দিয়ে লাভ হবে না। তাই বলছি, আপনি আবার হাউস একটু বন্ধ ক'রে দিন, এবং সাইক্লোস্টাইল্ড হয়ে যে সংশোধন সরকার গ্রহণ করেছেন সেগুলি আমাদের কাছে দিন, যাতে সেগুলি যে কি তা পরিষ্কার হয়। কেন না সরকার কিছু কিছু মেনেছেন, কিছু কিছু মানেন নি। আর সেটা পেলে আমাদের বক্তৃতা দেবার উৎসাহও কমে যেতে পারে, তা ছাড়া সেটা সম্পূর্ণভাবে সবাই জানেন না যে কি সংশোধন হয়েছে। সেইজন্য অনর্থক সময় নষ্ট না ক'রে সেগুলো তৈরী ক'রে সকলকে দেওয়া হউক। সেইজন্য কাজটা যাতে সুষ্ঠুভাবে এবং শীঘ্র হতে পারে, সেইজন্য আমি বলছি যে, আবার আপনি আধ-ঘন্টা কিংবা চল্লিশ মিনিটের জন্য হাউস বন্ধ ক'রে দিন। তাতে বক্তৃতা কম হ'লে কাজ সহজ হবে এবং এই সময়ের মধ্যে সেগুলো আমাদের কাছে দিয়ে দেবেন। ইতিমধ্যে আমরা বাহিরে গিয়ে কাজ সেরে আসি এবং আমি অনুরোধ করি মন্ত্রীদের মধ্যে যাঁরা যুবক-মন্ত্রী, যেমন শ্রীসিদ্ধার্থ রায়—যাঁরা পায়ে হেঁটে আমাদের সংগে যেতে পারবেন, তাঁরা গিয়ে বোঝাতে পারবেন যে, বাস্তবিক এতে ভয়ের কিছু নেই। কাজেই আপনার কাছে অনুরোধ করছি যে, আধ-ঘন্টার জন্য বন্ধ করে দিন।

[5-5—5-45 p.m.]

Sj. Suresh Chandra Banerjee:

লিডার অফ দি অপোজিশন যে প্রস্তাব আপনার সম্মুখে উপস্থাপিত করেছেন, সেই প্রস্তাব সমর্থন ক'রে আমি বলছি যে, এই শোভাযাত্রা কাছেই আছে, এবং কমপক্ষে ৩০ হাজার লোক এই মুষলধারা বৃষ্টিতে ভিজে রয়েছে। তাদের এখন বোঝান দরকার। আমি সেইজন্য অনুরোধ করছি যে, আধ-ঘন্টা সময় দিন, যাতে আমরা তাদের বুঝিয়ে ফিরে আসতে পারি; আর তার ভিতর আপনি যা-যা সংশোধন হয়েছে সেটার ড্রাফ্ট করান। সব মেম্বারের তা জানা নাই। সুতরাং আমি অনুরোধ করছি, সভাটা আধ-ঘন্টা দয়া কোরে স্থগিত করুন।

Mr. Speaker: Mr. Bose, I have heard you. The only thing that I can tell you is this: It is not that—what you suggest—in any event I am going to refuse it. According to the well-known traditions of this House I cannot take any notice of what is going on outside. My principal concern and only concern in this House is the proceeding of this House. If you are embarrassed and if you have not time to consider the amendments, I am willing to take note of it, but what is happening outside the House is a thing which I regret to say that I cannot take note of.

Sj. Jyoti Basu: What about my second point—the amendments which the Government intend to move are not with the other members of the House.

Mr. Speaker: I know that certain amendments are being introduced for the first time today and if the members want a little time I can give them fifteen minutes—because I know what the amendment is and fifteen minutes' time should be enough.

Sj. Subodh Banerjee: Make it half an hour.

Mr. Speaker: Even five minutes should be sufficient.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There is only one amendment consisting of four words.

Mr. Speaker: The consideration motion may go on and I will see that you get the suggested amendment within a few minutes.

Sj. Subodh Banerjee:

আলোচনা চলার আগে প্রস্তাবিত সংশোধনী কথাটা আমাদের বুঝা দরকার। চিফ হুইপ ও চিফ মিনিষ্টার এখানে আছেন। এটা বুঝতে পারছি—গভর্নমেন্ট আমাদের কতকগুলি সাজেসশন এ্যাকসেপ্ট করেছেন। কিন্তু এ্যামেণ্ডমেন্টটা যে কিভাবে আসছে, তা ঠিক বুঝতে পারছি না।

Mr. Speaker: I will make over the amendment to you in the course of a few minutes.

Sj. Subodh Banerjee:

এই বিল সম্পর্কে বহু হাজার ভাই-বোন এসেছে—আমি অনুরোধ জানাচ্ছি—সেই সম্পর্কে আপনি একটু নজর দিন। ব্যাপার হচ্ছে কতকগুলি জিনিষ তাদের বুঝাবার দরকার আছে শুধু ফরমালি মুভ করার প্রশ্ন নয়—

It is a question of making them and understand also—

অবস্থাটা কি দাঁড়িয়েছে।

Mr. Speaker: That I take it that you can do even tomorrow morning.

Sj. Subodh Banerjee:

কিন্তু তারা এসেছে—একসঙ্গে তারা এসেছে—সেইজন্য তাদের এই সময় বোঝাবার সুবিধা রয়েছে—মাত্র আধ-ঘন্টা সময় দিলেও সুবিধা হয়।

Sj. Jyoti Basu: The path which I have suggested will save time. You are saying "let the consideration go on". Let it go on, I have no objection In that case it will take us till 8 o'clock today, till 8 o'clock tomorrow and the day after. If after having read the amendment I can discuss it with the members on my side I can cut off five speakers from my side.

Mr. Speaker: I can give you time to discuss the amendment with your party, but about going outside the House and discussing with the people I cannot take notice of what is going on outside the House.

Sj. Jyoti Basu: You don't take notice but for this give us time.

Sj. Jatindra Chandra Chakravorty: Make it half an hour.

Mr. Speaker: I have thought that fifteen minutes would be enough. If the amendment cannot be made available within a reasonable time I shall see that some more time is given, but I am making it plain to the House that I am not taking notice of what is going on outside.

[At this stage the House was adjourned for half an hour.]

[After adjournment]

[5-45—5-55 p.m.]

Mr. Speaker: You have had an opportunity to look at the cyclostyled amendment., May I also assume that it is an agreed formula? If that is so, need there be long debates in the House? I am entirely in the hands of the honourable members but if the main point of difference has been solved in discussion with the Treasury bench—I do not know what actually has happened—I take it that the debate may be cut short.

Sj. Jyoti Basu: I think the debate will be curtailed no doubt but let it go on and in the meantime we shall find out as to how many people have new points to make because the Act will be in operation for the next one year. Some of the members will be talking on the operation of the Act as it has taken place during the last four or five years in order that the Government might get an inkling as to how to operate the Act in the future even with the amendment. As such some of the speeches will go on but I find that the other thing that was agreed upon is not there—I do not know about that word "ever"......

The Hon'ble Bimal Chandra Sinha: We shall accept your amendment.

Sj. Jyoti Basu: All right.

Mr. Speaker: If I am not wrong, clause 7 of the Bill is not going to be pressed by the Government. Am I right?

The Hon'ble Bimal Chandra Sinha: Yes.

Mr. Speaker: Will honourable members kindly take note of the fact that clause 7 of the Bill is not going to be pressed by the Government. It is, therefore, going to be virtually struck off. That is the position. So far as the agreed formula is concerned, you have got the cyclostyled copy. The other amendment about "ever" is casual. Therefore, there should not be much discussion about clause 7 and so on which will not be pressed, and a great deal of time will be saved. Let Dr. Ranen Sen speak.

Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহাশয়, খুব দেরীতে হলেও যেটা ইংরেজীতে বলে বেটার লেট দ্যান নেভার। বাইরে যে আন্দোলন হচ্ছে এবং এসেমব্লীর ভেতরে যে প্রতিবাদ উঠেছিল, সেই সম্পর্কে সরকার পক্ষ অবহিত হয়ে নিজেরা একটা এ্যামেন্ডমেন্ট এনেছেন। এটা অত্যন্ত সুখের কথা। কিন্তু তাহলেও প্রথমে এই বিলের কয়েকটি বিষয়ে বলা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে—শ্রীজগন্নাথ কোলের এ্যামেন্ডমেন্ট-এর পরেও। আমরা সকলে দিন পনের আগে খবরের কাগজে ওয়েণ্ট বেঙ্গল গভর্নমেণ্টের প্রেস নোট দেখি, তাতে তাঁরা বলেছিলেন—বস্তুতঃ বাস্তুহারাদের এভিকশন-এর জন্য এই বিল আনা হয় নাই এবং কিছু দুষ্ট-বুদ্ধিসম্পন্ন লোক, তারাই এই গোলমাল করবার চেষ্টা করছে। এ-কথা সরকারী প্রেস নোট মারফৎ বলবার দরকার হয়েছিল এই জন্য—এটা তখনই তাঁরা অনুভব করেছিলেন যে, এই বিল আসার সঙ্গে সঙ্গে প্রচুর গোলমাল, আন্দোলন বাইরে হতে আরম্ভ করেছে, তখনই সরকারের ভাল করে সংশোধন করে দেখা উচিত ছিল এবং সত্যিই কোথাও কোন অহেতুক এভিকশন হবার সম্ভাবনা আছে কিনা সেটা পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করা উচিত ছিল। মাননীয় মন্ত্রীমহাশয় যে বক্তৃতা দিলেন, তার মধ্যে কোন আঁচ দিলেন না সত্যিকারের এভিকশন হবে, কি, হবে না। তিনি তো অত্যন্ত সহজ, সরলভাবে বলে গেলেন, কিছুই পরিবর্তন হচ্ছে না। নূতন করে বিশেষ কিছু আনা হচ্ছে না যে ল্যান্ড পারচেজ লোন-এর কথা ঢোকান হয়েছে, সেটাও শেষে "অশ্বত্থমা হতঃ ইতি গজঃ" মত শেষে ছোট্ট করে বললেন। এটা যে কি মারাত্মক ছিল! শেষকালে যে গভর্নমেন্ট বুঝেছেন! ভাল কথা। কিন্তু এই বিলের সম্বন্ধে শেষ পর্যন্ত গভর্নমেন্ট এ্যামেন্ডমেন্ট আনলেন। এতে করে যদি তাঁরা এটা বোঝাতে চান যে, সত্যিকারের বাস্তুহারার গায়ে তাঁরা হাত দিতে চাইবেন না, তাহলে আমি বলবো অরিজিন্যাল বিল-এর ছোট্ট একটু জায়গায় ছোট্ট একটা এ্যামেন্ডমেন্ট আনলেন কেন? যে ডিসপ্লেসড পার্সন-এর সংজ্ঞা দিচ্ছেন, সেটা একটু বদলে দিলেই পারতেন! আমাদের অধিকার নাই, অরিজিন্যাল এ্যাক্ট-এর এ্যামেন্ডমেন্ট দেওয়ার। আমি গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি, এই ছোট্ট জিনিষের উপর—ডিসপ্লেসড পার্সনস-এর সংজ্ঞা যা করেছেন, পূর্ববঙ্গ থেকে যাঁরা এসেছেন, যাঁরা—

arrived in West Bengal on or before the 31st day of December, 1950.

যাঁদের সেই বাস্তুহারাদের কথা স্মরণ আছে, তাঁরা বলবেন ১৯৫০ সালে যখন সবচেয়ে বেশী বাস্তুহারা আসতে থাকলো, তা আসা শেষ হয়ে গেল না। পূর্ববঙ্গে যে গোলমাল হয়, পশ্চিমবঙ্গে যে গোলমাল হয়, তার ফলে ১৯৫১ সালেও লোক এসেছে এবং তার পরবর্তী যুগেও এসেছে। এই আইন অনুসারে আমরা বুঝবো, তাঁরা ডিসপ্লেসড পার্সনস-এর সংজ্ঞা যা করেছেন তাতে ১৯৫১-৫২ ও ১৯৫৩ সালে যাঁরা এসেছেন, তাঁদের ডিসপ্লেসড পার্সনস বলে গণ্য করা হবে না। এবং তাঁরা যদি কলোনী করে থাকেন, সেখানে বাড়ী করে বাস করতে থাকেন, তাহলে তাঁরাও উৎখাত হয়ে যাবে। এই কি এর মানে পরিষ্কার হয়ে বেরোয় না? তাহলে আমি বলবো শতকরা ৫০ ভাগ ডিসপ্লেসড পার্সনসদের তাঁরা টেকনিক্যালি ডিসপ্লেসড পার্সনস বলছেন না। তাঁরা বাদ পড়ে যাচ্ছেন, ফলে দ্বিতীয়বার তাঁরা ডিসপ্লেসড হয়ে যাবে। সুতরাং সরকার যখন এতই আগ্রহী হয়েছেন, তখন মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো এই ডিসপ্লেসড পার্সনস-এর সংজ্ঞাটা আর একটু বাড়িয়ে দিন। আমি বলছি না—১৯৫৬-৫৭ সাল পর্যন্ত করে দিন। তবে আরো যদি কয়েক বছরের মত বাড়িয়ে করে দেন, তাহলে কয়েক লক্ষ বাস্তুহারার পুনর্বাসনের ব্যবস্থা করতে পারবেন। এটা আমি জোরের সঙ্গে সরকারের দৃষ্টিতে আনছি। নতুবা যেটা এ্যামেন্ডমেন্ট করলেন, তার উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে।

দ্বিতীয় কথা বলতে চাই, সেটা খুব ভাল করে সরকারের মন্ত্রীদের বোঝা দরকার। ১৯৫১ সালের আইনকে বাড়াতে বাড়াতে এতদূর পর্যন্ত এনেছেন। আজ ১৯৫৭ সাল যখন এলো, তখনো কিন্তু এদের আইন অনুসারে পুনর্বাসন হ'ল না। আমি শুধু একটা ঘটনা এখানে উপস্থিত করছি। "সতীন সেন পল্লী" বলে একটা পল্লী আছে, ৯৮, মানিকতলা মেন রোডে বাস্তুহারা একটা কলোনী প্রতিষ্ঠা করে। সেটা গভর্নমেন্টের রিকুইজিসণ্ড বাড়ী ছিল। গভর্নমেন্টকে (?) ভাড়া দিল তারা। গভর্নমেন্ট তাদের কিছুদিন ক্যাশ-ডোল দিলেন। তারপর আর কিছু পেল না। তাদের আর পুনর্বাসনের কোন কথাও হ'ল না। ১৯৫২-৫৩ সালে তারা গভর্নমেন্টের কাছে গেল। তখন গভর্নমেন্ট থেকে বলা হ'ল, আগে ক্যাম্প রিফিউজীদের ব্যবস্থা হোক, তারপর কলোনী রিফিউজীদের ব্যবস্থার কথা দেখা যাবে। ১৯৫৩-৫৪ সালে শ্রীমতী রেণুকা রায়, শ্রীমতী পূরবী মুখার্জী, শ্রীযুক্ত বীজেশ সেন প্রভৃতির কাছে তারা আবেদন নিবেদন করলো। অবশেষে ১৯৫৭ সালে তাদের বিষয় একটা এনকোয়ারী হলো, এ. আর. ও. গেলেন। এই এনকোয়ারীর পরে তারা একটা নোটীশ পাচ্ছে পনের দিন পরে ছেড়ে যেতে হবে। এই অদ্ভুত নোটীশের কিছুটা আমি এখানে পড়ে দিচ্ছি -

Government of West Bengal, Office of the Controller, Refugee Relief and Rehabilitation Department Memo. No. 12246C.R.R., dated 22nd June 1957, addressed to Sailendra Nath Bose, 98 Manicktolla Main Road.

You are occupying a portion of the premises number such and such as a displaced person from East Pakistan as trespasser. You are, therefore, requested to vacate the premises now occupied by you and to remove yourself with your family to the portion of the premises under the Ganguly Bagan Housing Scheme within fifteen days from receipt of this letter.

এইরকম দেড়শো পরিবার, তারা নিজেদের চেষ্টায় সেখানে বসবাস করছে। তাদের উপর নোটীশ হলো! তারা কার জমিতে আছে? শীল ষ্টেটের উমেশ শীলের জমিদারীতে তারা আছে। আমরা বারবার বলেছি, গভর্নমেন্টের সমস্ত প্রচেষ্টা চলে কায়েমী স্বার্থদের সুবিধা রক্ষার জন্য। এই যে আইন তাঁরা এনেছেন, এই আইনে যে সুবিধা বাস্তুহারারা পেতে পারতো, তা পেল না। কারণ তাদের একমাত্র চিন্তা হচ্ছে কি করে কায়েমী-স্বার্থদের রক্ষা করা যায়। বাস্তুহারারা যে ভূস্বামীদের ও ভাণ্ডারের জায়গা-জমি দখল করে বসে আছে, তাদের সেই জমি রক্ষা করবার জন্য এই বিলে ব্যবস্থা করা হয়েছে। অথচ বলা হয়েছে, ছোট ছোট জমির মালিক মধ্যবিত্ত, তাদের স্বার্থ রক্ষার জন্য এই কাজ করা হচ্ছে। কিন্তু ছোট ছোট জমির মালিক, তারা বহু জায়গায় ক্ষতিপূরণ চেয়েছিল, গভর্নমেন্টের মারফৎ দরখাস্ত করেছিল। তারা বলেছিল আমাদের এমন একটা ব্যবস্থা করে দাও যাতে আমরা অন্ততঃ

জমির দাম পাই। সে বিষয়ে গভর্নমেন্টের ছোট মালিকদের ব্যাপারে কোন আগ্রহ হয় নাই। গভর্নমেন্ট বারবার কথা তুলেছিলেন, মুসলমানদের কথা। সেই মুসলমানদের সঙ্গে যুক্তি করে, সমঝোতা করে বাস্তুহারা সমস্যার একটা ব্যবস্থা করে দেবেন। তাও গভর্নমেন্ট ৬ বছরের মধ্যে পারেন নাই। শুধু যে তাঁরা পারেন নাই, তা নয়, সেই অজুহাতে লায়ালকা ভুয়ালকা, বাপুর, তাদের স্টেট রক্ষার জন্য সরকার উঠে পড়ে লেগেছেন।

তারপর সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, তাঁদের কম্পেনসেশন রুজ সম্বন্ধে। কম্পেনসেশন ব্যাপারে এ্যামেণ্ডমেন্ট কিছু উঠছে কি না, বুঝতে পারছি না। আমরা কোন এ্যামেণ্ডমেন্ট পাই নাই। পুরানো কথার পুনরাবৃত্তি করে বলতে চাই—১৯৫০ সালের পরে যারা কলোনী করেছে, অথবা হাউস স্কোয়াটার্স আছে, তাদের কি কম্পেনসেশন দিতে হবে? তারা কি উৎখাত হয়ে যাবে? তাদের যদি কিছু কম্পেনসেশন দিতে হয়, তাহলে ১৯৫০ সালের আগ পর্যন্ত বাদ দিলেও বাস্তুহারাদের যে কম্পেনসেশন দিতে হবে, তার পরিমাণ প্রায় ৩।৪ কোটী টাকা দাঁড়ায়। দরিদ্র বাস্তুহারা, যারা ক্যাম্পের মধ্যে রয়েছে, তাদেরও যদি এই কম্পেনসেশন দিতে হয়, তাহলে সেই টাকার পরিমাণ আরো বেড়ে যাবে। তবে সেটা এখনো তাঁরা চিন্তা করছেন না। গভর্নমেন্ট যখন একটা এ্যামেণ্ডমেন্ট উপস্থিত করেছেন, তখন এই কম্পেনসেশন সম্পর্কেও পরিষ্কার বলা দরকার। কেন না, এটা একটা গুরুতর ব্যাপার। এ বিষয়টা গভর্নমেন্টের দৃষ্টিতে আনতে চাচ্ছি। এই বিলের আওতায় হাউস স্কোয়াটারসও পড়বে। কয়েক হাজার এই হাউস স্কোয়াটারস এই কলিকাতা শহরে, বাংলাদেশে হয়ত কয়েক লক্ষ হবে। মানিকতলার পূর্বাঞ্চলে কয়েকটী হাউস স্কোয়াটারস আছে। বিরাট পরিত্যক্ত বাড়ীতে, যেখানে পনের আনা বাড়ীর মালিকানা মুসলমানদের হাত থেকে হিন্দু ভাইদরে হাতে এসেছে। মুসলমান ভাইরা যখন বুঝতে পারলো যে, গভর্নমেন্ট তাদের পুনর্বাসনের ব্যবস্থা করলেন না, তখন তারা ধীরে ধীরে হিন্দু জমিদার, হিন্দু বাড়ীওয়ালার হাতে সেগলো তুলে দিলো। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। প্রায় বার-আনা বাড়ী এই রকমভাবে হিন্দুদের হাতে গেছে, সেখানে বাস্তুহারাদের পুনর্বাসনের ব্যবস্থা গভর্নমেন্ট করেন নাই। এই আইন অনুসারে গভর্নমেন্ট বলেছিলেন যে, এই হুকুম দেওয়া হচ্ছে যে, ল্যান্ড পার্চেজ লোন দেওয়া হবে।

[5-55—6-5 p.m.]

ল্যান্ড পার্চেজ লোন তাঁরা পান নি, এ-কথা শ্রীমতী পূরবী মুখার্জী অস্বীকার করতে পারবেন না। বাগমারী ও মুরারীপুকুর অঞ্চলে ৯০টি পরিবার দরখাস্ত করেছিল, ৪১টি পরিবার পেয়েছেন আর ৪৯টি পরিবার পেলেন না, টাকাটা মারা গেল। এইরকম কত লোক দরখাস্ত করেছিল, কিন্তু বেনামী হওয়ার দরুন টাকা মারা গেল। তারপর, পুরানো ভাঙ্গা-বাড়ী বর্ষার সময় ভেসে যায়, উদ্বাস্তুরা এইসব বাড়ীতে থাকতে পারেন না। অথচ গভর্নমেন্ট থেকে বলা হবে আমরা তাদের পুনর্বাসনের ব্যবস্থা করেছি। ডিসপ্লেসড পার্সনসদের সম্বন্ধে তাঁদের যে কর্তব্য তা পালন না করে তাদের অধিকার এভাবে খণ্ডন করা হয়েছে। প্রবল বর্ষা গেল, বর্ষার সময় মুরারীপুকুরের ৫০০ পরিবার ও বাগমারীর ৪০টি পরিবার দরখাস্ত করেছিল, কিন্তু দুঃখের বিষয়, আমাদের সরকার তাদের জন্য কোন বন্দোবস্ত করেন নি। এখন গভর্নমেন্ট এভিকশন-এর ব্যবস্থা করছেন। ১৯৫০ সালের উদ্বাস্তুদের কথা ওঁরা খুব বল্লেন, কিন্তু পাঁচ হাজার পরিবার এইরকম অবস্থায় রয়েছে। এই বিলের যে সংশোধন আগে হয়েছে, এবং বর্তমানে যে এ্যামেণ্ডমেন্ট করছেন, তাতে তাঁরা বাঁচবার পথ পাচ্ছেন না। মন্ত্রীমহাশয় বলবেন, এই ব্যাপারটা এর মধ্যে আসে না। মন্ত্রীমহাশয় বলে দেবেন, এই আইনের সীমাবদ্ধতা সহজতর করা হচ্ছে, কিন্তু আমরা জানি ঠিক উল্টোই হচ্ছে। এই আইন হলে আন-অথোরাইজড উদ্বাস্তুরাও কিছু পাবেন দরখাস্ত করলে; কিন্তু আইনের কোন জায়গায় নাই সে কথা। আইনে আছে, জমিদার কম্পিটেন্ট কোর্ট-এ দরখাস্ত করতে পারবেন। অনেক এ-কথা সে-কথা ব'লে একটা অসুবিধার সৃষ্টি করা হচ্ছে। উদ্বাস্তুরা ভাঙ্গা-বাড়ীতে থাকতে চায় না, মুসলমানের বাড়ী দখল করে রয়েছে ইত্যাদি নানারকম অজুহাত দেখিয়ে আজকে একটা ঝামেলার সৃষ্টি করা হচ্ছে।

আমি এদিকে গভর্নমেন্ট-এর সতর্ক দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, যে এ্যামেণ্ডমেন্ট হয়েছে, সেই এ্যামেণ্ডমেন্ট থাকা সত্ত্বেও আরো কয়েকটা কথা আনতে যাচ্ছেন, এ-কথা আগে কোন কোন বক্তা বলেছেন। আজকে গভর্নমেন্ট কম্পিটেন্ট অথরিটি দেখিয়ে বলছেন, কম্পিটেন্ট অথরিটি আছে, আইন আছে। কিন্তু তাঁদের হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে নেওয়া হয়েছে। গভর্নমেন্ট-এর হাতে ক্ষমতা নিয়ে আসা হচ্ছে। আজকে ৬ বছরের উপর হ'ল এ-সম্বন্ধে আমরা বহু অভিযোগ নানারকমের শুনে আসছি। এটা কোন গভর্নমেন্ট করতে পারে না, আমাদের সরকার ছাড়া। অরিজিন্যাল এ্যাক্ট ৪-এ সমস্ত ধারায় পরে আজকে দেখাচ্ছেন—

Or a land purchase loan on prescribed terms and conditions and of amount suitable for him in the opinion of the State Government.

আশ্চর্যের ব্যাপার, কি হবে সেটা ষ্টেট গভর্নমেন্ট ঠিক করে দেবেন। ছোট ছোট ব্যাপার ল্যান্ড পার্চেজ লোন ইত্যাদির আইনটা এক্সটেণ্ড করার দরকার, এটাই সমস্ত গভর্নমেন্ট বাড়িয়ে দেবেন কেন? এটা কেন আপনারা কম্পিটেন্ট কোর্ট-এর হাতে দেবেন না? এটা আনবার কোনই দরকার ছিল না। সুতরাং আমি বলছি, গভর্নমেন্ট-এর দিকে দৃষ্টি দেবার দরকার। এইরকম করে সম্পূর্ণ অধিকার গভর্নমেন্ট, একটা ব্যুরোক্রেটিক আওতার মধ্যে নিয়ে এলেন। এতে অনেকরকম দুর্নীতি প্রকাশ পাবে, আমাদের আশঙ্কা, কিন্তু আমাদের ডাঃ রায় বলছেন তাতে দুর্নীতি রোধ করা হবে। আশ্চর্য! সুতরাং এদিকেও গভর্নমেন্ট-এর দেখা দরকার। আমি আরেকটা পয়েন্ট এখানে বলতে চাই। গভর্নমেন্ট এখানে একটা সূত্র প্রচার করছেন, ডিসপ্লেসড পার্সনস, রিফিউজী সম্বন্ধে। যারা ১৯৫০ সালের পর এসেছে, তারা রিফিউজী হিসাবে এগুলি পাবে না। ডিসপ্লেসড হ'লেও পাবে না। অর্থাৎ নূতন ডিসপ্লেসড, নূতন রিফিউজীরা, তারা নূতন হবার দরুন এই সুবিধা পাবে না। এই এ্যামেণ্ডমেন্ট দ্বারা হাতে ক্ষমতা নেবার পূর্বে আমি তাঁদের এটা ভাল ক'রে চিন্তা ক'রে দেখতে বলি। আমার শেষ কথা যেটা এখানে উপস্থিত করতে চাই, সেটা হচ্ছে আমরা বিরোধী দল থেকে সমালোচনা করি ব'লেই যেন তাঁরা এই জিনিসটা এভাবে দ্বিধা ও সংশয়ের মধ্যে না রেখে 'ডিসপ্লেসড পার্সনস'-এর সংজ্ঞা কি হবে তা গভীরভাবে চিন্তা ক'রে ঠিক করেন। স্কোয়াটার্সদের বিষয়টাও যেন একবার চিন্তা ক'রে দেখবেন। ল্যান্ড পার্চেজ লোন তারা এখন পাচ্ছে না, ভবিষ্যতে তাদের পাইয়ে দেবার ব্যবস্থা করা যায় কি না চিন্তা করুন। ব্যুরোক্রেসীর সস্তা ক্ষমতায় প্রলুব্ধ হবেন না; ব্যুরোক্রেসীর হাতে ক্ষমতা ছেড়ে দিয়ে নিশ্চিন্ত হবেন না। যদি প্রকৃতই লোন দেন, আগামী অক্টোবরেই এটা কার্যকরী করুন, বৃথা সময় নষ্ট করবেন না। সেদিন শ্রীমতী পূরবী মুখার্জী গেয়ে গেলেন জমি নাই। রণেনবাবুর মস্তক থেকে জমি না থাকলে জমির ব্যবস্থা হতে পারে না। সত্যি কথা! তবে ইংলন্ড থেকেও জমি আনবার দরকার হবে না। এখানে যে জমিতে স্কোয়াটার্সরা রয়েছে, তাতে ইংলন্ড থেকে মস্তক আনবার দরকার হয় না। এই এসেমব্লীতে তিনি যেন দায়িত্বের সংগে কথা বলেন। এবং সত্যিকারের রিফিউজীরা এভিক্টেড না হয়ে যায় সে-কথা চিন্তা করে দেখুন।

Sj. Sudhir Chandra Ray Choudhuri: Mr. Speaker, Sir, I would like to say a few words over the amendment that has just been circulated in the name of the Chief Whip of the Government. Sir, I do not find any difference whatsoever between what was originally in the Bill and what it comes to after the proposed amendment. Sir, there was the alternative there—"or a land purchase loan on prescribed terms and conditions and of amount suitable for him in the opinion of the State Government". He could have a land or in the alternative he could have a loan for getting a land and Sir, in between these alternatives I cannot yet follow what is the necessity of this option—"at the option of the displaced person"—that option is there.

The Hon'ble Siddartha Sankar Roy: Dr. Ghosh says that it was not there.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Dr. Ghosh probably thought that the language does not fit in. What Dr. Ghosh wanted was that there should be some amount of option in the matter of eviction—not in the matter of either getting land or getting a loan for the land. Government is bound to give him either of the two. What benefit do they derive by this amendment —that is the question. Dr. Ghosh wanted that so long as the loan is not available there should be some protection to the displaced person against eviction, if I have understood him correctly.

Now, Sir, another thing that we find lacking in the Bill is that a squatter has built a house at his own cost on others' land. Sir, what provision has been made in this Bill for his protection? There are hundreds and thousands of cases like that. He has first occupied the land in an unauthorised way. After that, he with his own money or money taken on loan has built a small house on that particular land. Sir, is there any provision in the Bill to compensate him? No; I do not find any. You may give him loan for land, or loan for house, but what about the money that he has already spent for building a small house on his unauthorisedly occupied land? Some sort of a provision has to be made if you are really serious to evict the displaced persons. We are not for a compromise to be bluffed or to be hoodwinked by the Government, because we know that by the weight of their majority they will carry whatever they bring before the House. We cannot stop it. We are only trying to minimise the hardships, if possible, by way of some agreed amendment, so that some relief can be given to the poor refugees. But in my view, Sir, that is not going to be. There will be no protection to these people in any shape whatsoever. This Bill, as it has already been remarked by many speakers before me, has been only brought to evict the poor refugees for the benefit of big land-owners.

[6-5—6-15 p.m.]

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, এই বিল সম্বন্ধে বলতে গিয়ে প্রথম আমি বলতে চাই যে, আমি জানি না কেন এরকম একটা গুরুত্বপূর্ণ আইন যখন আলোচনা করবার জন্য আমাদের কাছে রাখা হয়েছে, তখন একবার আগে থেকে বসে একটা আলোচনার ব্যবস্থা সরকার পক্ষ থেকে করা হয় নি। অথচ সরকার জানেন যে, এই বিল সম্বন্ধে কিরকম তীব্র প্রতিবাদ বাস্তুহারাদের মধ্য থেকে উঠেছিল এবং আমরাও এই বিল ১৯৫১ সালে যখন এখানে আসে, তাদের সঙ্গে একমত হয়ে ঐ প্রতিবাদে যোগ দিয়েছিলাম। সরকারের হয় ত মনে থাকতে পারে, সে সময়কার বহু পুরান প্রসিডিংস পড়লে মনে পড়বে যে, সে সময় দিনের পর দিন এই বিলের আলোচনা হয়েছে এবং এখানে এবং হাউস-এর বাইরে সেই প্রতিবাদ সংঘটিত হয়েছে, সাধারণ মানুষ ও বাস্তুহারাদের দ্বারা। এটা জানা সত্ত্বেও হঠাৎ একটি বিল আনা হ'ল। আমি অবশ্য কাল থেকে চেষ্টা করছিলাম যাতে ক'রে মন্ত্রীদের সঙ্গে আলোচনা ক'রে কিছু করা যায়। কাল কাউকে কাউকে পাওয়া যায় নি, ধরা যায় নি। যাইহোক, আজকে আমরা আলোচনা করবার পর দেখলাম যে, অন্ততঃ দু'-একটা ব্যাপার সরকার জানতে পারেন। প্রথম সেইগুলি সম্বন্ধে আমি বলি, তারপর এই বিল সম্বন্ধে আমার মূল কথা বলব, যে সংশোধনী আমার আছে এই বিলে সে সম্বন্ধে বলব। আমরা আলোচনা ক'রে দেখলাম যে, একটি ধারা সেখানে পুলিশের ক্ষমতা নেওয়া হয়েছে, সরকার পক্ষ থেকে বাস্তুহারাদের উঠাবার জন্য জবরদখলী কলোনী বা এলাকা থেকে এটা আসলে দেখা গেল রিডানডেন্ট। এমন নয় যে একটা খুব বড় জিৎ আমাদের হ'ল। কেন যে এটা সংযোজিত করা হয়েছিল সেটি আমি বুঝতে পারছি না এবং আমার এতে মনে হয়েছিল এই ক্ষমতাটা তো এখনও আছে। এখনও যে এ্যাক্ট ইন অপারেশন, এই এ্যাক্ট-এর মধ্যে এমন ক্ষমতা আছে যাতে ক'রে পুলিশ ব্যবহার করতে পারেন—করবেন কি করবেন না, সে সরকার পক্ষ থেকে ঠিক করবেন। আমি স্বভাবতঃই বলব খুব প্রয়োজন পড়লেও করবেন না, কারণ, লাঠি মেরে এ সমস্যার

সমাধান হয় না। এইসব বুঝে-শুনে আমাদের সাহায্য নিয়ে যদি আপনারা কাজ করেন বা বাস্তুহারাদের যে সংগঠন আছে, তাদের সাহায্য নেন, তাহলে হয় ত আপনারা কিছু জায়গা খালি করতে পারবেন, কিছু লোককে বসাতে পারবেন, কিছু লোককে উঠাতে পারবেন, তাদের বিকল্প ব্যবস্থা হয় ত আপনারা করতে পারবেন। কিন্তু করবেন কি না করবেন সেটা ভবিষ্যতের ব্যাপার, আপনাদের উপর তা নির্ভর করছে। সেটা আপনারা ভেবে দেখবেন। কিন্তু আমি আবারও বলছি, এটা রিডানডেন্ট—কোন প্রয়োজন এর ছিল না। এতে একটা গেল—সরকার যা মনেছেন এবং বলেছেন এটা তাঁরা রাখবেন না; এটা উঠে গেল, ভাল হ'ল কিন্তু সকলে এতে দেখেছি সেখানে একটা ব্যাপক বিক্ষোভ দানা বেঁধে উঠেছিল, এটা বিভিন্ন জায়গায় আমরা দেখেছি, কাজেই এটা উঠিয়ে নিয়ে ভাল করেছেন। দ্বিতীয় কথা হচ্ছে, যেটা সুধীরবাবু বলেছেন—উনি আইন ব্যবসা করেন, ওঁর কথা মনোযোগ দিয়ে শুনতে হয়; আমরা যারা ডাঃ রায়ের কাছে গিয়েছিলাম এবং মন্ত্রীদের সঙ্গে আলোচনায় গিয়েছি, আমরা কেউ আইন ব্যবসা করি না, সুতরাং সুধীরবাবু যা বলেছেন, সেদিকে সরকার পক্ষ থেকে এবং জুডিসিয়াল মিনিষ্টার-এর নজর দেওয়া উচিত। আমাদের সঙ্গে আলোচনার সময় একটা জিনিষ ওঁরা মেনেছেন, কিন্তু সেটার ভাষায় যদি কারও মনে হয় অর্থ ঠিক হচ্ছে না, ঐ জায়গা ঠিক করলেন না; যে জায়গায় করলেন সেখানে এলে কোন মানে হচ্ছে না, অর্থাৎ পূর্বে যা ছিল তাই থেকে যাচ্ছে। নিশ্চয়ই এখনও সময় আছে, আজকেই আমাদের বিল শেষ হচ্ছে না। নিশ্চয়ই সরকার পক্ষ আমাদের ঠকাবার জন্য আমাদের সঙ্গে একমত হন নি। মন্ত্রীমহাশয়কে তাই জিজ্ঞাসা করব আলোচনার সময় তিনি ছিলেন, আমিও ছিলাম আমি ঠিক বুঝতে পারি নি, উনি সেটা যেন পরিষ্কার ক'রে বলেন। আপনারা সংশোধনী এনেছেন—পুরান যে আইন আছে তাতে আগে ছিল চার নম্বর ধারায় আছে যে, একজনের জমি জবর-দখল ক'রে বসেছেন, কোন বাস্তুহারা তাকে যদি হঠাৎ উঠাতে চান, তাকে কোথাও সুটেব্‌ল ল্যান্ড দিতে হবে। যে জমি থেকে তিনি যে ব্যবসা-বাণিজ্য আগে করতেন, সেগুলি ঠিকমত করতে পারেন।

[6-15—6-25 p.m.]

যে জমি থেকে তারা ব্যবসা-বাণিজ্য করত, সেগুলি তারা সেইভাবে করতে পারবে। এ সোজা কথা, এবং কম্পিটেন্ট অর্থরিটির উপর এই ভার ছিল, এই জমি দেওয়ার ভার। কম্পিটেন্ট অর্থরিটি সরকারের কাছে লিখতেন যে, এইরকম ক'জনকে দিতে হবে। সরকার জায়গা যা দেবেন সেটার সম্বন্ধে বিচার হ'ত যে, এটা ঠিক জায়গা, কি বেঠিক জায়গা। তখন বিরোধীর মত স্বীকার ক'রে আইন করেছিলেন, যখন মনে হয়েছিল যে, অন্ততঃপক্ষে আকস্মিকভাবে যারা দলে দলে বাস্তুহারা হয়েছে, তাদের কোন জবর-দখল জায়গা থেকে উঠিয়ে দেওয়া সরকারের পক্ষে কঠিন, কারণ, ঐরকম জায়গা যদি সুটেব্‌ল হয়, তাতে পুনর্বসতি করুন আপত্তি নাই, আর সুটেব্‌ল ল্যান্ড না হ'লে আমরা বলেছিলাম যে, ওঠাতে পারবেন না। এবার যে নূতন সংশোধন করা হ'ল, তাতে বলা হ'ল যে, ল্যান্ড তোমাদের দিতে পারছি না, সেইজন্য ওঁরা বললেন "অর ল্যান্ড পারচেজ লোন", অর্থাৎ আমরা যদি জমি না দিতে পারি লোন দেব, এবং সেই লোন নিয়ে তোমরা ঠিক করবে, সেটা সরকার ঠিক করবেন না যে, কোথায় সে জমি, সেটা আর কম্পিটেন্ট অর্থরিটির হাতে নাই। সরকার লোন দেবেন আর বাস্তুহারাদের দায়িত্ব হ'ল সেটা দেখা। তার মানে হ'ল আমরা লোন দিচ্ছি তোমাকে ৫০০ টাকা, তুমি যেখানে খুসী যাও, তোমাকে জমি দিতে পারব না, তুমি যেখানে খুসী গিয়ে জমি কেন। এটার আমরা তীব্র বিরোধীতা করেছিলাম। এটা যদি থাকত তবে স্বেচ্ছায় টাকা নিয়ে জমি ছেড়ে তাঁরা চলে যেতে চাইবেন, নিজেরা ব্যবস্থা করে নেবেন। শ্রীবিমল সিংহ মন্ত্রীমহাশয় যখন এই বিল আনেন তখন তিনি যে হিসাব দিয়েছিলেন, তাতে বলেছিলেন যে, বাস্তুহারাদের ওঁর কাছে এ্যাপ্লিকেশন আছে যে, টাকা দিলে অন্য কোথাও ব্যবস্থা ক'রে নিতে পারবেন। এইরকম থাকলে তাঁরা সরকারকে জমি ছেড়ে দিন, অন্য কোথাও গিয়ে টাকা নিয়ে জমি কিনুন, তাতে আমরা আপত্তি ক'রব না। কিন্তু অন্য বাস্তুহারারা বলছে আমরা আসলে জমি কোথায় পাব? সরকার ত বলেছেন 'জমি নাই'; সেখানে আমাদের অসুবিধা হবে। সেইজন্য "অর" যদি দেওয়া থাকে জমিটা পাব না, আমাদের কতকগুলি টাকা দিয়ে বলবেন 'তোমরা সরে পড়'। সেইজন্য আমাদের ভীতির সঞ্চার হয়েছে।

সেটা সংশোধন করবার জন্য আমরা সরকারকে বলেছিলাম এবং সুবোধবাবুরও সে সম্বন্ধে একটা এ্যামেণ্ডমেন্ট আছে; সেটাও নেওয়া হয় নি। রিফিউজীরা যদি স্বেচ্ছায় জমির বদলে ধার সরকার থেকে নেন, জমি কেনার জন্য, তাহলে তাঁরা নিতে পারেন। স্বেচ্ছায় যদি কেউ না নেন, জোর কোরে তাদের উপর চাপিয়ে দিতে পারবেন না যে, এই টাকা তোমায় দেব, তুমি নিয়ে সরে পড়। এই ছিল উদ্দেশ্য। জোর ক'রে কারও উপর টাকা চাপিয়ে দেওয়া হবে না। যদি টাকা না দেন, তাকে ঐরকম উপযুক্ত জমি দেবার চেষ্টা করবেন। কম্পিটেন্ট অথরিটি আগে যেরম ছিল তা করা প্রয়োজন। সরকার বলছেন যেরকমভাবে আইন হয়েছে, তাতে এটা হবে না। কম্পিটেন্ট অথরিটি কিছুই করতে পারবে না, সরকারই ঠিক করবেন কোন জায়গা কোন বাস্তুহারাকে দেবেন। এইটুকু বুঝেছি সরকারের সঙ্গে কথাবার্ত্তায়। এটায় আমরা মত দিতে পারি না। কিন্তু এই ব্যাপারে আমরা একমত হয়েছি যে, যদি কেউ লোন না নেন তবে তাকে জোর কোরে লোন দেওয়া হবে না। এই নিয়ে আমরা আলোচনা করেছিলাম এবং সেই আলোচনায় সুধীরবাবু ছিলেন না। কিন্তু সেটা যে কার্য্যকরী হচ্ছে না, আসলে ফাঁক একটু আছে এটা নিশ্চয় বলব, আর সেটার কারণ সরকার পক্ষই বলবেন। আমাদের মোটামুটি এই এগ্রিমেন্ট হয়েছে। তা ছাড়া একটা 'এভার' কথা ছিল, সেটা বড় কথা নয়; সরকার সেটা মেনে নিয়েছেন। আমি আজ তার ভিতর যাচ্ছি না। এখন আমার মূল কয়েকটা কথা বলব। যেরকমভাবে আইন এল এবং যেরকমভাবে আলোচনা হ'ল তাতে হঠাৎ আমরা দেখলাম যে, দুই-একটা এ্যামেণ্ডমেন্ট সরকার পক্ষ গ্রহণ করেছেন, আর দুই-একটা মানলেন আংশিকভাবে, পুরা মানলেন না। তাতে মনে হবে যে, আমরা বিরোধী দল এবং সরকার পক্ষ একমত হয়ে একটা আইন এনেছি। ব্যাপারটা কিন্তু তা নয়। যদি এরকম মিসআণ্ডারষ্ট্যাণ্ডিং কারও মনে থাকে, তবে তা দূর ক'রে দেওয়া ভাল। কারণ, বুঝতে হবে যে, এ আইন আমরা চাই নি। এ-কথা ঠিক নয় যে, এ আইন আমাদের সঙ্গে আলোচনা ক'রে আনা হয়েছে। ১৯৫১ সালেও চাই নি, আজও চাই না। আমরা চেয়েছিলাম অন্যভাবে বাস্তুহারা সমস্যার সমাধান। আমরা চেয়েছিলাম যে, জবর-দখল কলোনী, যারা জমি দখল ক'রে রয়েছে, তারা জবর-দখল ব'লে নয়, সেটা অন্যভাবে মালিকের সঙ্গে পরামর্শ ক'রে ঐ সমস্যার সমাধান ক'রে সেটা দখল করতে। ওদের সঙ্গে যদি অন্যভাবে মিটমাট হ'ত সেটা ভাল হ'ত। কিন্তু সরকার জোর ক'রে একটা আইন এনেছেন, এবং সে আইন কার্য্যকরী করতে গিয়ে অনেক রকম অসুবিধা হচ্ছে। সেইজন্য আমরা যখন জানি যে, সরকার যে এটা পাশ ক'রে দেবেন, এ-বিষয়ে সন্দেহ নেই, কেন না, ওঁদের মেজরিটি আছে—সেইজন্য আমরা দেখছি যে, কতটা এর হাত থেকে বাস্তুহারাদের বাঁচান যায়, এবং মন্দের ভাল কতটা করা যায়—বিশেষতঃ যেসব ধারা নিয়ে তাঁদের সঙ্গে আমাদের একমত হওয়া সম্ভব হয় নি সেগুলি সম্বন্ধে। আর দুই-একটা ধারায়ও আমরা একমত নই। এই কম্পেনসেশন আদায়ের ব্যাপারটা "পাবলিক ডিম্যাণ্ডস রিকভারীর" মধ্যে আনায় আমরা একমত হ'তে পারি না। কারণ, টাকাটা তারা কি কোরে দেবে? 'পাবলিক ডিম্যাণ্ডস রিকভারী' আইনে তাদের কাছ থেকে জোর ক'রে নিতে পারেন কিন্তু টাকা তাদের নেই, তারা দিতে পারবে না। তারা সেই কম্পেসেশন-এর টাকা যদি না দিতে পারে এবং তাদের যদি অর্পণ-পত্র দিয়ে থাকেন, আর তাদের মেনে নিয়ে থাকেন, তাহলে আবার তারা বিতাড়িত হ'তে পারবে না। সে বিপদও আছে। এই বিপদের কথা সরকার চিন্তা করছেন না। এই দুটো বিপদের কথা ব'লে তারপরে বলব যে, ১৯৫১ সালে যে লেখালেখি হয়, সেগুলো খুলে দেখলে দেখবেন যে, আমরা বারে বারে বলেছি যে, এদের মধ্যে ডিফারেনসিয়েশন করতে হবে, যারা জবর-দখল ক'রে অর্থাৎ অন্য লোকের জমিতে বাস্তুহারারা আছে, সেখানে সেই লোককে জমি ফেরত দিতে হবে। আমরা সেখানে বলেছি যে, এখানে কিছু ডিফারেনসিয়েট করতে হবে। যাদের নিজের প্রয়োজনে খুব বেশী জমির দরকার নেই, আর যারা অল্প-বিত্তশালী, সাধারণ মানুষ, যাদের জমিতে বাস্তুহারারা বসেছে, তারা মুসলমান হতে পারে, অমুসলমানও হতে পারে, হিন্দু হতে পারে, খৃষ্টান হতে পারে, তাদেরই জমি ফিরিয়ে দেবার কথা হচ্ছে প্রথম কথা। তাদের কম্পেনসেশন দেবার কথা সর্ব্ব-প্রথম কথা; কিন্তু দুঃখের বিষয় সরকার সেভাবে সমস্যাটা দেখছেন না। ওঁদের কাছে লক্ষপতি জমিদার, বড় বড় মাড়োয়ারী, যারা জঙ্গলের মধ্যে জমি কিনে রেখেছিল, আর যারা কৃষক, যার দশ বিঘা, পাঁচ বিঘা জমি ছিল এবং তার উপর বাস্তুহারা এসে বসেছে, এক

কথায় ওরাও যে তাই, অর্থাৎ বাস্তুহারার মত। আমরা তাই বলেছিলাম এরকম করবেন না; আসুন আমরা এক সংগে বসি এবং আপনারা একটা লিষ্ট তৈরী করবেন। আমাদের লিষ্ট তৈরী করবার মত সরকার তখন কোন ফিগার দিতে পারেন নি। কতজন মুসলমানের জমিতে বসেছে, কতজন গরীব পশ্চিম-বাংলার অধিবাসীর জমিতে বসেছে, কতজন বড় লোকের জমিতে বসেছে, এরকম কোন সংখ্যা আমাদের দিতে পারেন নি। তাঁরা বললেন এইসব সংখ্যা আমাদের নাই, এসব পরে বিবেচনা ক'রে দেখব। ১৯৫১ সালের আলোচনায় এইসব হয়েছিল। আমরা তখনও বলেছিলাম, এখনও বলছি যে, জোর ক'রে কোন ব্যবস্থা করতে পারবেন না, সেইজন্য যদি একসংগে পরামর্শ করতেন, যদি সেরকম লিষ্ট তৈরী করতেন যে ছাড়তে হবে, এমন আটশো জায়গা আছে বা তার কম্পেনসেশন দিতে হবে, সেগুলি নিয়ে দু'পক্ষ বা তিন পক্ষকে ডাকিয়ে আমরা যদি আলোচনা করতাম, তাহলে ভাল হ'ত। এমন হ'তে পারে কতকগুলি জায়গায় জমি ফিরিয়ে দিতে হবে, কতকগুলিতে কম্পেনসেশন দিতে হবে, আবার এমনও হ'তে পারে, বাস্তুহারার আশেপাশে জমি আছে, সেখানে কিছু ফেরত দিতে হবে না, যাদের জমি তারা খুসী হয়ে অন্য জায়গায় চলে যাবে, বিশেষ ক'রে মুসলমান অনেক আছে, টালিগঞ্জে তাদের সংগে কথা হয়েছে, তারা দেশে ফিরে যাবে, আজকে যদি বাস্তুহারা কলোনী ক'রে দেওয়া হয়।

[6-25—6-35 p.m.]

বিশেষ করে টালিগঞ্জের মুসলমানদের সংগে আমার এই নিয়ে কথা হয়েছে। কিন্তু তারা কোথায় ফিরে যাবে? যদি আপনি এই আইনের মারফৎ বাস্তুহারা কলোনীগুলোকে ডিসব্যাণ্ড করে দেন এবং বলে দেন যে, এই জবর-দখল কলোনীগুলো ফেরৎ দিতে হবে তাহলে সেই মুসলমান ভাইরা কি সেখানে ফেরৎ যাবেন? আমি তাদের সংগে কথা বলে দেখেছি যে তারা ফেরৎ যেতে পারবে না। সেখানে বিরাট বিরাট কলোনী গ'ড়ে উঠেছে। আমার কাছে এইরকম একজন কৃষক সম্প্রদায়ের লোক এসেছিলেন। তাঁর নাম মুন্সী জামসেদ আলি। তাঁর পরিবারে ১০ জন লোক আছে। এ'র ২২ বিঘা জমি আছে এবং এটা যেখানে বাঘা যতীন কলোনী, বাপুজী কলোনী ইত্যাদি আছে, সেখানে তাঁর জমি ছিল। আমি তাঁকে জিজ্ঞাসা করলাম যে, আপনি কি চান যে সেই কলোনীগুলো ভেংগে আপনার ধানী জমি আপনাকে ফেরৎ দেওয়া হোক? তিনি উত্তরে বললেন যে, তিনি এটা মোটেই চান না। কারণ, উনি জানেন যে, তাঁর আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব সব অন্য জায়গায় স্ক্যাটার হয়ে গেছে বলে সেখানে আর থাকা সম্ভব নয়। কিন্তু ওঁকে যদি কিছু দাম ধরে দেওয়া হ'ত, কিছু কম্পেনসেশন দেওয়া হ'ত, তাহলে ওঁর কোনও পথের একটা ব্যবস্থা করে যেতে পারলেই উনি খুসী হতেন। এইরকমভাবে বিভিন্ন জায়গায় এই অবস্থা আছে। আবার কতকগুলো জায়গায় এই নিয়ে আমরা, যেমন বরাহনগরে জয়েণ্ট কমিটিও করেছি। বাস্তুহারারা, যারা মুসলমানদের ঘর দখল করেছে, সেই ব্যাপার নিয়ে আমরা কবে থেকে সরকারকে বলছি যে, এই পাশের জমিগুলো যদি আপনারা এ্যাকোয়ার করে বাস্তুহারাদের সেখানে বসাতে পারেন তাহলে দু' মাসের মধ্যে ঐ বাড়ীগুলো আপনারা ছেড়ে দিতে পারেন। কিন্তু ৫ বছর হয়ে গেল আমাদের কথায় কেউ কর্ণপাত করেন নি। এই সমস্ত ঘটনা আমি শুধু উদাহরণ হিসাবেই আপনাকে দিচ্ছি। কাজেই এখানে মুসলমান ও বিধবা এই কথা বলে কোন আইন করা যায় না। বিধানবাবু হয় ত তিনটি বিষয়ে দেখেন যে কেন তিনি এই আইন আনছেন—বিধবা, রিটায়ার্ড এবং মুসলমান। আমি বলছি এই লিষ্ট অনুযায়ী আইন করলে কোন কিছুই হবে না, অর্থাৎ আপনারা এইরকম করলে কার্যাকরী কোন সুব্যবস্থাই করতে পারবেন না। দশ-কুড়িজন খারাপ লোক, যারা কথা শুনবে না তাদের জন্য আইন আপনারা প্রয়োগ করতে পারেন। কিন্তু আমার মনে হয় সবাই মিলে চেষ্টা করলে এইসবের প্রয়োজন হবে না, কারণ এইরকম অনেক উদাহরণ আমাদের জানা আছে। আপনাদের আইন যে ব্যর্থ হয়েছে সেটা আপনারা নিজেরাই দেখছেন। ডাঃ বিধান-চন্দ্র রায় বলেছিলেন যে, তিন বছরের জন্য সময় নিচ্ছি। তারপর আর একজন মন্ত্রী তিন বছরের পর বললেন ২½ বছর সময় দিলে সেই ২½ বছরের মধ্যে সব ব্যবস্থা করে দেওয়া যাবে। কিন্তু কোথায় কিছুই তো করতে পারলেন না? আবার আজকে শ্রীবিমল সিংহ বলছেন

যে, এক বছর সময় দিলে দেখি কি করতে পারা যায়। আপনারা কিছুই করতে পারছেন না, কারণ আপনাদের সেই পদ্ধতিই নেই। আপনারা এমনভাবে অর্ডার দেন যাতে করে পূর্ব-বাংলা পশ্চিম-বাংলার মানুষের মধ্যে একটা বিবাদ লেগে যায়। আপনারা এইসব বিষয়ে কারুর কো-অপারেশন নেবেন না। আপনারা সব সময় মনে করেন যে, রাইটার্স বিল্ডিং আর অর্ডার দিয়ে সব করবেন। এবং যদি ও'দের সাহায্য নিতে যাওয়া হয় তাহলে ওঁদের নাম হয়ে গেলে বিপদ হয়ে যাবে। আমি বলছি যে, ৪২ বছর পর এটা আপনারা ভাবতে আরম্ভ করবেন। ইলেকশনের ৬ মাস যখন বাঁকী থাকবে, তখন আর আমাদের সঙ্গে কথাই বলবেন না এবং খালি রিলিফই দিয়ে যাবেন। এ ছাড়া ফ্লাড বলে আপনাদের বেশ সুবিধাও হয়ে যাবে। কিন্তু আমি বলছি যে, এই ১২ বছর তো একসঙ্গে হয়ে যে কতকগুলো কাজ করা যায় সেগুলো আমরা করবার চেষ্টা করি। এখানে যদি আপনারা দেখেন যে, আমরা সেখানে রাজনীতি করছি বা আমরা যদি দেখি এইসব নিয়ে আপনারা রাজনীতি করছেন এবং কারুর সমস্যা সমাধানের কোন মতিগতি নেই সেখানে আপনারা নিজেদের মধ্যে আলোচনা করতে পারেন। কিন্তু আপনারা এইরকম কোন উপদেষ্টা কমিটিই করলেন না। সেজন্য আজ এইরকম দুর্দশার মধ্যে বাস্তুহারাদের এনে ফেলেছেন এবং আপনারাও পড়েছেন। যাহোক এই ব্যাপারে আমি আর খুব বেশী সময় নেব না। কিন্তু অনেকেই আমাদের মধ্যে বলছেন যে, আপনারা যখন একটা সংশোধন আনলেন তখন রিফিউজীর ডেফিনেশনটা বদলালেন না কেন? এটা অবশ্য আপনাদের নীতি নয় বলে আপনারা বলবেন যে, আমরা বদলাব না এবং দণ্ডকারণ্যে যখন পাঠাব তখন আর এখানে এইসব বদলে কি লাভ আছে। কিন্তু আসলে তো সেটাও হবে না। সেজন্য আমি বলি যে, আমাকে বাস্তুহারা বন্ধুরা বলেছিলেন যে, বোধ হয় ১০০টা বাস্তুহারা কলোনী আছে, যেগুলোকে আপনারা রিকগনাইজ করতে পারেন। কথাটা সত্য কি না সে বিষয়ে আপনাদের তো খোঁজ-খবর নেওয়া দরকার। অর্থাৎ সেগুলো অনাবাদী জমি কি না, পড়েছিল কি না সেটা তো খোঁজ নেওয়া দরকার। আইন করেছি বলে সংশোধন কখনও করব না, এমন তো আপনাদের কথা নয়। কারণ বারে-বারে সংশোধন করবার জন্য, মেয়াদ বৃদ্ধির জন্য যখন আইন আনছেন, তখন এই ১০০টা কলোনী, যাদের আপনি রিকগনাইজ করবেন বলেছেন সেগুলো তো আপনি করতে পারতেন। এজন্য আপনাদের রিফিউজীদের জন্য ডেফিনেশন বদলাতে হবে। কিন্তু আপনারা সে সব কিছুই করলেন না। অর্থাৎ ১৯৫০ সালের পর যারা এসেছে এবং তারা যদি কলোনী জবর-দখল করে গ'ড়ে থাকে, তাহলে সে সব কিছুই আপনারা যে মানবেন না সেটা আপনারা ঠিক করছেন। এই ব্যাপারে আমি বলব যে, বিশেষ করে ছোট ছোট জমির যারা মালিক, যাদের নিজের কাজের জন্য জমির প্রয়োজন বা যারা সারা জীবনের সঞ্চিত অর্থ দিয়ে জমি কিনেছিল, যাদের জমিতে বাস্তুহারারা বসেছে, সেই সমস্ত কেসে আমরা অত্যন্ত ইন্টারেস্টেড। এগুলো আপনাদের দেখা দরকার। অর্থাৎ যাতে করে তারা সেগুলো ফেরৎ পায় বা এমন কম্পেনসেশন পায় যাতে করে তারা অন্য কোথাও কোন ব্যবস্থা করে নিতে পারে। কিন্তু ঐ লয়েলকা বা শ্রীআনন্দীলাল পোদ্দার জমি ফেরৎ পাবে কি না সে বিষয়ে খুব বেশী ইন্টারেস্টেড নয়। কারণ আমরা জানি যে, তাঁরা শুধু ব্যবসার খাতিরে জমি ফেরৎ চাচ্ছেন। আপনারা দেখুন যে, এজন্য কত বড় অন্যায় হচ্ছে। এবিষয়ে আমি শ্রীমতী রেণুকা রায়কে বহুবার বলেছি, কিন্তু কোন সহযোগিতা পাই নি। শ্রীআনন্দীলাল পোদ্দারের জমি আপনারা ছেড়ে দেবেন এবং বোধ হয় ৫০।৬০ বিঘা জমি আপনারা ছেড়েও দিয়েছেন। কিন্তু সেখান থেকে রিফিউজীদের এখনও পর্যন্ত ওঠাতে পারেন নি বলে তাদের জন্য টেনিমেন্ট করছেন। এবং বলছেন যে, তাদের লাঠি মেরে উঠিয়ে দিয়ে টেনিমেন্ট-এ পাঠিয়ে দেবেন এবং জমিগুলোকে খালি করে কাকে দেবেন। কিন্তু কিসের জন্য? উনি কি বাড়ী করে সেখানে থাকবেন? না উনি ওখানে চাষবাস করবেন? বরং অনেক দামে সেই জমি তিনি বিক্রী করবেন। অর্থাৎ ওখানে "জয়" কারখানা ইত্যাদি যা আছে তাদের কাছে বিক্রী করবেন। আমি নিজের কথাই একটু বলি। আমার দিদি, তার মেয়ের জন্য একটা জমি রেখেছিল যেখানে, সেখানে বাস্তুহারা বসেছে। সেখানে ৫।৬টা ফ্যামিলি বসেছে। আমার দিদি আমাকে জিজ্ঞাসা করলেন যে, তোমাদের তো অনেক আইন-কানুন হয়, তাতে ঐখানে যেখানে পোদ্দারের জমি ছেড়ে দেওয়া হ'ল, সেখানে আমার জমিটা কেন ছাড়া হ'ল না? শ্রীমতী

রেণুকা রায় আমাকে বলেছিলেন যে, এর একমাত্র উত্তর হচ্ছে যে, ভারতবর্ষের সরকারকে দিয়ে এটা উনি ছাড়িয়ে এনেছেন বলে আমাদের সঙ্গে তার কোন সম্পর্ক নেই। এর উত্তরে আমি বললাম যে, এটা কি উনি বুঝবেন? কংগ্রেস গভর্নমেন্ট তো সব জায়গায় আছে কিন্তু এটা কি হ'ল? আমরা জানি যে ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে এইরকম বড় বড় লোকেরা অনেকেই তারা এই নিয়ে এসেছে যে, ওদের জমিগুলো খালি করে দেওয়া হোক যাতে ওরা ঐগুলো বিক্রী করতে পারে। আমি বলছি যে, আমার দিদির মতন জমিতে যদি বাস্তুহারা পরিবার বসে থাকে এবং আসেপাশে যদি কোন জায়গা না থাকে তাহলে তা আপনারা দেবেন না। কারণ, আমি জানি যে, সেই জমি না পেলে সে না খেয়ে মরবে না বা তার মেয়েও না খেয়ে মরবে না। সেজন্য সেই জমি আপনি বাস্তুহারাকে দিয়ে দিন এবং তারা সেখানে যখন একবার দখল করে বসেছে, তখন তারা সেখানে বসুক। কিন্তু তাকে টাকা দিন যাতে সে অন্য ব্যবস্থা করতে পারে। এইরকমভাবে গরীব লোকের জমির উপরে যখন তারা বসেছে তখন ঐ গরীব লোকের একটা ব্যবস্থা আপনারা করে দিন, না হয় টাকা দিন যাতে করে তারা অন্য জায়গায় ব্যবস্থা করে নিতে পারে। আপনারা কার্যক্ষেত্রে নানারকম কথা বলেন, কিন্তু আসলে আপনারা ঐ বড় লোকের দিকেই খালি তাকান। অর্থাৎ ঐ জমিগুলোকে কি করে খালি করা যায় এবং বাস্তুহারাদের সেখান থেকে লাথি মেরে তোলা যায়, সেদিকেই নজর আছে। কাজেই আপনাদের কাছে মানুষের চেয়ে বড় লোকের সম্পত্তির কদরটাই হচ্ছে সব চেয়ে বেশী। আপনাদের এই যে বিল, যেটা আজকে এনেছেন এবং যে আইন আপনাদের আছে তার মধ্যে এটাই আমি অন্ততঃ দেখতে পাই। মানুষের জীবনের চেয়ে, বাস্তুহারাদের চেয়ে কিছু বড় লোককে কি করে টাকা দেওয়া যাবে, তাদের জমি কি করে ছেড়ে দেওয়া যাবে, এটাই আপনাদের কাছে বড় কথা। কারণ তা না হলে যে জঙ্গল জমি পড়েছিল সেগুলোকে বাস্তুহারারা উদ্ধার করে যখন বসেছিল তখন আপনারা বাস্তুহারাদের দিকে ফিরেও একবার তাকান নি। যখন শেয়ালদা ষ্টেশনে কুকুর-বেড়ালের মতন তাদের ছেলেপেলেরা মরেছে, তখন তাদের দিকে আপনারা তাকান নি বলে তারা আইন ভঙ্গ করতে বাধ্য হয়েছে এবং সেই কারণেই তারা কোলকাতার আসেপাশে জমি দখল করে বসেছে। এজন্য আপনারা কি বলবেন যে তারা অন্যায় করেছে? আপনারা তা বলতে পারবেন না। আইনের চোখে তারা অন্যায় করতে পারে, কিন্তু মানবতার কাছে তারা তো অন্যায় করে নি। মানুষ মরে যাবে তবু তারা জঙ্গল জমিতে গিয়ে, অন্য লোকের জমিতে বসবে না, কেউ একথা বলবে না। সেজন্য আমি আপনাদের বলব যে, আজও আপনাদের চিন্তা করবার সময় আছে। আপনারা এক বছর সময় নেবেন বলে এই আইনও আপনারা পাশ করাবেন। কিন্তু আমি জানি যে, ১।২।৩ বছরেও আপনারা কিছুই করতে পারবেন না, যদি না আপনারা আপনাদের দৃষ্টিভঙ্গী বদলান। আপনারা যদি দৃষ্টিভঙ্গী বদলে প্রত্যেকের সহযোগিতা নেন এবং আমাদের প্রভাব বেড়ে গেল বলে ৪ বছর যদি ভয়টা না করেন তাহলে সব সমস্যা সহজ হয়ে যাবে। মানুষের যদি ভাল হয়, মানুষই আপনাদের আশীর্বাদ করবে। এই সমস্ত করে দেখুন যে, সমস্যা সমাধান করা যায় কি না। ২।৪টা কেস হয় ত করা যাবে না সেগুলো কিভাবে করা যায় সে-সব আমরা দেখব।

[6-35—6-45 p.m.]

কাজেই মুসলমানদের কথা বলবো। আমি আপনার কাছে বলতে পারি—আপনি লাঠি মেরে লোক উঠিয়ে দিয়ে, মুসলমানদের বলবেন, তোমাদের জমি খালি করে দিলাম, তোমরা ওখানে গিয়ে বসবাস কর। কিন্তু যারা গরীব মুসলমান, তারা কখনও ঐ জায়গায় বসবাস করতে চাইবে না। বারে-বারে তারা সমস্ত কিছু হারিয়েছে, তা সত্ত্বেও তারা বলছে মিলমিস করে, একটা আলোচনা করে, একটা জিনিষ করি। তারা এ-কথা বলেছে এবং অল্টারনেটিভ, বিকল্প ব্যবস্থা দেখিয়ে দিচ্ছে, কিন্তু সেদিকে তাঁরা যাচ্ছেন না। খালি অর্ডার আসে, ফাইল চাপা পড়ে থাকে, লালফিতে দিয়ে বাঁধা থাকে, এইসব জিনিষ হচ্ছে। সেইজন্য আইন করুন, আর যা কিছু করুন না কেন, কিছুই হবে না। আমি তাই মন্ত্রীমহাশয়কে বলছি, একটা ষ্টেটমেন্ট করুন, কম্পেসেশনের ব্যাপারে। এই কম্পেনসেশনের ব্যাপারে বাস্তুহারারা এত ভয় পাচ্ছে কেন? পাঁচ, সাত বছরের কম্পেনসেশন দেবার ব্যবস্থা

সরকার করে দেবেন। বাস্তুহারাদের লোন দেবেন, যাতে করে তারা, তাদের জমির মালিককে কম্পেনসেশন দিতে পারে; অথচ এটা আইনে থাকবে না। তাহলে একটা স্টেটমেন্টই থাক; সেই ভাল। মুখ্যমন্ত্রী মহাশয় বা আইনমন্ত্রী, যিনি বিল এনেছেন, তিনি যদি এই ফ্লোর অফ দি হাউস-এ দাঁড়িয়ে একটা ষ্টেটমেন্ট করেন তাহলে কিছুটা আশ্বস্ত হতে পারি; কারণ ভারত-সরকারের সঙ্গে কথা চলছে। কাজেই আমি এই কথাটা বলে রাখলাম, কারণ, এখনও সেই রকম কোন ষ্টেটমেন্ট আসে নি। এই কয়েকটি কথা বলার পরে, আমার শেষ কথা, শেষ আবেদন আপনার কাছে—এই আইন অত্যন্ত খারাপ, সামগ্রিকভাবে আমি এই আইনের বিরোধী, এই আইন কার্যকরী হয় নি, এই আইন কখনও কার্যকরী হবে না। কিন্তু আইন যখন পাশ করবেন, তখন বসে থাকবেন না, এ্যাসেম্বলি বন্ধ হবার সঙ্গে সঙ্গে, আমাদের সবাইকে ডাকুন, লিষ্ট সব তৈরী করুন, দেখুন কিভাবে, কোথায় কি ব্যবস্থা করা যায়। এই হচ্ছে আপনার কাছে আমার শেষ আবেদন। তা যদি না করেন, তাহলে, আপনাকে বারে-বারে আসতে হবে, মার্চ মাসে আবার এসে বলতে হবে, আর আমাদের দু-বছর সময় বাড়িয়ে দিন, এবার আমরা লাঠি মেরে লোককে তাড়াবো। আমি বলি, লাঠি মেরে ত অনেক কিছু করলেন; আর করবেন না, অনেক মেরেছেন, এবার আসুন শান্তিপূর্ণভাবে কোন ব্যবস্থা সাধারণ মানুষের জন্য করা যায় কিনা দেখুন। এক বছর, দু-বছরের জন্য অন্ততঃ একটা টেষ্ট করে দেখুন যে সেটা কার্যকরী হয় কি না? আমার অনুরোধ এই আইন আপনি বাস্তুহারাদের উপর চাপিয়ে দিয়ে সর্বনাশ করবেন না। এই আইন বাস্তুহারারা মানবে না, আমরাও মানব না। আমাদের আবার হয় ত আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে হবে, তাতে আবার আপনাকে একটা রোড মিছিলের সম্মুখীন হতে হবে। এতে আপনার লাভ নেই, বাস্তুহারাদের লাভ নেই, আমাদের কারও লাভ নেই। সেইজন্য আমি আমার এই আবেদনের পরে, আমার বক্তব্য শেষ করছি।

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমার যে এ্যামেণ্ডমেন্টটা দেওয়া আছে, সেটা কম্প্রোমাইজ এ্যামেণ্ডমেন্ট, আমি লইয়ার নই। কিন্তু আমি যে কথা বুঝেছিলাম, ডাঃ রায়ের সঙ্গে যে কথা হয়েছিল, সে কথা এ্যামেণ্ডমেন্ট-এর মধ্যে ফুটে ওঠে নি, লেজিসলেশনেও নেই। গভর্নমেন্ট সাইডে অনেক অভিজ্ঞ লোক আছেন, তাঁরা লিখেছেন

in clause 5, sub-clause b(ii), after the word "or" in line 2, the words "at the option of the displaced person" be inserted. It is all right.

কিন্তু সাফিসিয়েন্ট হ'ল না।

"at the opinion of the displaced person"

আরও দু-জায়গায় এ্যাড করতে হবে। কোথায়, কোথায় হবে, আমি সেটা পড়ে শোনাচ্ছি

in clause (c) in clause (b)(ii) for the words "such other land, and house or house-building loan" the words "such other land, or at the option of the displaced person land purchase loan and house or at the option of the displaced person house-building loan" shall be substituted.

এইটুকু যদি এ্যাড করা হয়, তাহলে আংশিক হয়ে গেল। উদ্দেশ্যটা কি? অরিজিন্যাল বিল-এর আইনে ছিল বিকল্প বাড়ী কিংবা সুবিধামত জায়গা দিয়ে তাদের সেখান থেকে ওঠান যাবে। আর এখন বলা হচ্ছে, ল্যান্ড পারচেজ লোন, হাউস পারচেজ লোন দেওয়া হবে। এই ল্যান্ড পারচেজ লোন দেবার বেলায় এ্যাট দি অপশান ইউজ করা হয়েছে। কিন্তু শেষে যা বলা হয়েছে

such other land or land purchase loan and house or house-building loan,—

দেওয়া হয় নাই। তার ফলে আইনের প্রধান দোষ হচ্ছে যে, উদ্বাস্তুকে যখন, তখন উঠিয়ে দেওয়া যাবে, তার ব্যবস্থা করেছেন। আইনের ভাষা কি হবে জানি না। কিন্তু এ্যাট দি অপশান অফ দি ডিসপ্লেসড পারসন, এটা আরও দু-জায়গায় এ্যাড করতে হবে।

in clause (c)(b)(ii) such other land or at the option of the displaced person land purchase loan and house or at the option of the displaced person house-building loan

এইটুকু করে দিলে ভাল হয়। আমার সংগে ডাঃ রায়ের যে কথা হয়েছিল, যার ফলে জগন্নাথ কোলে মহাশয় গভর্নমেন্টের তরফ থেকে এই সংশোধনী প্রস্তাব এনেছেন, এটা হ'লে পূর্ণ হয়ে যায়, আর তা না হ'লে আংশিক হয়ে যায়।

Mr. Speaker: I take it that what you mean is that by not mentioning the words "at the option" in the other sub-paragraph there is a possibility of it being construed that in the second part the option is not there. This is a very important amendment which is being brought forward; it touches the interests of the displaced persons; and I think it would be worth everybody's while to examine it a little more closely. That is my personal view of the matter. These amendments will not come up before the House earlier than tomorrow. I had decided to sit up till 7-30 p.m. but we cannot spend this time usefully; so far, however, as the speeches on the consideration motion are concerned, they can go on till 7 o'clock today. I shall ask the Hon'ble Minister to consider the amendment and we shall start the House tomorrow at 2-30 p.m.; if you all agree, tomorrow we will not have any questions so that all the attention may be focused on this very important matter and we may not be running short of time

Sj. Ganesh Ghosh: Tomorrow we have other business; shall we change the programme?

Mr. Speaker: The other business will follow the present Bill which is being discussed. The only thing we are suggesting is that we may not have questions tomorrow. Meanwhile today you may deliver such speeches on the Bill as you like up to 7 o'clock. Shri Haridas Mitra will kindly speak.

Sj. Haridas Mitra: I would like to speak tomorrow.

Mr. Speaker: So far as the consideration motion is concerned I would like to finish it today. Shri Haridas Mitra will kindly speak. Mr. Mitra, may I request you not to cover the same ground which has been already covered?

[6-45—6-55 p.m.]

Sj. Haridas Mitra:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী শ্রীবিমলচন্দ্র সিংহ ১৯৫১ সালের আইনের উপর যে সংশোধনী প্রস্তাব এনেছেন, সে সম্বন্ধে আমি দুয়েকটি কথা বলব। আমি বাংলাদেশের সবচেয়ে বড় যে জবর-দখল কলোনী আছে সেই অঞ্চলগুলি থেকে এসেছি এই বিধান সভায়। আজকে এই জবর-দখল কলোনীগুলির সমস্যা কি সেটা আমরা প্রতিদিন বুঝতে পারছি। সেদিন থেকে আমি তাদের সম্বন্ধে দুয়েকটা কথা এখানে মাননীয় মন্ত্রীর সামনে রাখা দরকার বলে মনে করি। আমরা প্রথমেই দেখলাম, এই যে রাজ্যপালিকার ভাষণ, এই ভাষণে স্কোয়াটার্স কলোনী সম্বন্ধে কোন উল্লেখ নাই, অথচ আমরা প্রত্যেকে জানি এইসব স্কোয়াটার্স কলোনীগুলিতে বাংলাদেশের অন্ততপক্ষে ২ লক্ষ লোক বাস করে; আশ্চর্য্য এই যে, এদের সম্বন্ধে রাজ্যপালিকা তাঁর ভাষণে কিছুই বলেন নি। আজকে যে এ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে, এতে যে ৪টি বিশেষ ধারা আছে, সে সম্বন্ধে আমি কালকে আলোচনা করব কিন্তু আজকে এখানে একটা কথা খুব পরিষ্কারভাবে বলা দরকার, সেটা হচ্ছে ২ লক্ষ ৩৫ হাজার পরিবার সরকারের উপর এতটুকু চাপ না দিয়ে সম্পূর্ণ নিজেদের চেষ্টায় কলোনী গড়ে তুলছে, আজ পর্যন্ত সরকার তাদের সাহায্য করেন নি। মাননীয় মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, সেদিন বলেছিলেন, গত কয়েক বছর ধরে তিনি গভর্নমেন্টের তরফ থেকে যে ডোল

দিয়েছেন, তার পরিমাণ ৪০ কোটি টাকা। ৪০ কোটি টাকার ডোল দেওয়া সত্ত্বেও একটি মানুষকেও রিহ্যাবিলিটেট করতে পারেন নি, অথচ ৪০ কোটি টাকার ডোলএ ও যদি আজকে সরকারের পক্ষ থেকে তাদের পুনর্বাসনের বন্দোবস্ত না করা হয় তবে আজকে যে ২ লক্ষ থেকে ২।। লক্ষ লোক যারা সরকারের উপর চাপ না দিয়ে নিজেদের চেষ্টায় কলোনী গড়ে তুলেছে, তার জন্য আমার মনে হয় সরকারের কৃতজ্ঞ থাকা উচিত। সেই কৃতজ্ঞতা প্রকাশ করা তো দূরের কথা, যে আইন আনতে যাচ্ছেন, সেই আইনের বলে তাদের পুনরায় উদ্বাস্তু করার চেষ্টা করা হচ্ছে। টালিগঞ্জ এলেকায় বিবেকনগর কলোনীর কয়েকজন কলোনীবাসী ১৯৫০ সালে ডাঃ রায়ের সঙ্গে দেখা করতে এসেছিল। ডাঃ রায় তখন তাঁদের বলেছিলেন, তোমরা যদি ৫০ হাজার টাকা দিতে পার, তাহলে আমি তোমাদের সম্বন্ধে বিবেচনা করব। তাঁরা এক মাসের মধ্যে ৫০ হাজার টাকা তাঁর হাতে দিলেন। তখন তিনি বল্লেন, তোমরা টাকাটা ষ্টেট ব্যাঙ্কে জমা ক'রে দাও, আমি বিবেচনা করব। এ-সম্বন্ধে চিঠিপত্রগুলি আমার কাছে আছে। ১৯৫১ সালে ঘটিবাটি, মেয়েদের গহনাগাঁটি বিক্রী করে, বন্ধক দিয়ে এইসব ছিন্নমূল মানুষ ডাঃ রায়ের এক কথায় ৫০ হাজার টাকা দিলেন। ডাঃ রায় ডি, ও, দিলেন ষ্টেট ব্যাঙ্কে। জমা দেবার জন্য, ডি, ও, নং হচ্ছে ২১৬০পিএস, তারিখ ২১-৭-৫১। তারপর বহুদিন এ-সম্বন্ধে কোন উচ্চবাচ্য নাই। শেষে ১৯৫৪ সালে বিবেকনগর কলোনীর লোকদের জানান হ'ল, তোমরা টাকা নিয়ে যেতে পার। সেই কলোনীতে ড্রেইনেজ, রেগুলারাইজেশন ইত্যাদি কিছুই গভর্নমেন্ট করে না। আজকে ডাঃ রায়, মন্ত্রী বিমলচন্দ্র সিংহ মশাইকে দিয়ে বিল আনিয়ে মস্ত বড় কথা বলছেন কি না, কম্পেনসেশন, খেসারৎ দিতে হবে। এইসব দরিদ্র লোকের টাকা ৪ বছর ডাঃ রায়ের হাতে ছিল, অথচ একটা পয়সাও সুদ হিসাবে তাদের দেওয়া হয় নি। এখন আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে পরিষ্কারভাবে জিজ্ঞাসা করতে চাই, এইসব দরিদ্র দেশবাসীদের কাছ থেকে কম্পেনসেশন-এর কথা কেমন ক'রে উঠতে পারে, যদি সরকার তাদের ৫০ হাজার টাকা নিয়ে ৪ বছর ধ'রে কোন কম্পেনসেশন-এর ব্যবস্থা না করেন? এই যে সার্টিফিকেট জারী করে কম্পেনসেশন আদায় করার ধারা আইনের মধ্যে রাখা হচ্ছে, আমি এ-সম্পর্কে জিজ্ঞাসা করতে চাই, কেন এবং কাদের কাছ থেকে আদায় করা হবে। যেখানে জঙ্গল ছিল, অসমতল জমি ছিল, সেখানে আজ রাস্তাঘাট, স্কুলকলেজ তৈরী হয়েছে, মানুষের বসতি গড়ে উঠেছে, সেখানে হয়েছে আজ নতুন সমাজের গোড়া পত্তন। দরিদ্র মুসলমানদের কথা আজ ডাঃ রায় কেমন করে বলেন? এই সেদিন একটা মিটিং-এ ২৫০ জন মুসলমান এসেছিলেন, তার মধ্যে ৫০ জন বোরখা-পরা মুসলমান মহিলাও ছিলেন। তাঁরা প্রিন্স আনওয়ার শা রোডের মিটিং-এ পরিষ্কারভাবে এই সিদ্ধান্ত গ্রহণ করে বলেন যে, তাঁরা উদ্বাস্তুদের জমি থেকে উঠিয়ে দিতে চান না। তাঁরা জমি ফেরত চান না, তাঁরা জমির উপযুক্ত মূল্য সরকারের সঙ্গে বন্দোবস্ত করে টাকা চান। ১৯৫০ সাল থেকে শুরু করে জনসাধারণের মধ্যে কম্পেনসেশন-এর বন্দোবস্ত করলেন না, জমিও এ্যাকোয়ার করাও হয় নি। তাদের প্রথম কথা হচ্ছে, উদ্বাস্তুদের সরিয়ে দিয়ে তারা সেইসব জায়গায় যেতে চায় না। আজকে কেন এই কম্পেনসেশন দেবার কথা উঠেছে? সেখানে আমাদের আনন্দীলাল পোদ্দার মহাশয়ের পোদ্দারনগর কলোনীতে ১০০ বিঘা জমি আছে, কাটজুনগর কলোনীতেও ১০০ বিঘা জমি আছে। এখন এই আইনের বলে সেখান থেকে ৫০০ পরিবার এভিকটেড হয়ে যাবে। সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ করে নতুন নতুন বাড়ী তৈরী করেছেন। পোদ্দার মহাশয়ের পোদ্দারনগর কলোনীতে ইতিমধ্যেই উচ্ছেদ করবার অর্ডার হয়েছে। যাই হোক, সেখানে কোন বাঙ্গালী পরিবার বাস করতে পারে না। ৭ হাত বাই ৯ হাতের ঘরে—বাথরুম ও প্রিভি ইত্যাদি সম্বলিত যে ঘর হয়েছে, তাতে বাঙ্গালী পরিবারের কোন মেয়ের পক্ষে থাকা সম্ভব নয়। একজন লোককে খুসী করবার জন্য আপনারা কেন এই ১৬ লক্ষ টাকা খরচ করলেন? আজ পর্যন্ত সে-সব কলোনীতে এনুমারেশন হয় নি, সার্ভে হয় নি, রেগুলারাইজেশন-এর কোনটাই করা হয় নি। আজ ডাঃ রায় দরিদ্র মুসলমানদের কথা ব'লে এভিকশনের কথা বলছেন, কিন্তু আমি বলব তিনি তাদের শিখণ্ডীস্বরূপ সামনে রেখে ভাওয়ালকা, পোদ্দার ইত্যাদি মালিকদের স্বার্থেই এটা করছেন, এতে কোনরূপ সন্দেহ থাকতে পারে না। আমি এবার কলোনীর রেগুলারাইজেশন সম্বন্ধে কয়েকটা কথা বলব।

[6-55—7-5 p.m.]

মাননীয়া মন্ত্রী পূরবী মুখোপাধ্যায় বলেছিলেন, এখানে এ্যাসেম্বলির ফ্লোর-এ দাঁড়িয়ে বলেছিলেন এবং প্রেস ষ্টেটমেন্ট গভর্নমেন্টের তরফ থেকে দেওয়া হয়েছে যে, রেগুলারাইজেশন যেমন চলছে তেমনি চলছে, ইন স্পাইট অফ দিস বিল। সেখানে অন্ততঃপক্ষে এই হাউসকে জানান দরকার এবং মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি, যে, রেগুলারাইজেশন যা হয়েছে তা খবরের কাগজে খুব বড় বড় অক্ষরে লিখেছেন—৬৯টি কলোনী রেগুলারাইজ করা হয়েছে ইত্যাদি। হয়ে থাকে হোক, কিন্তু সত্যিকারের রেগুলারাইজেশন কাকে বলে? বিদ্যাসাগর কলোনীতে আছে আট শত প্লট, তার মধ্যে ৯০টি প্লট চিঠি দেওয়া হয়েছে এলিজিবল বলে। তারপর গান্ধী কলোনীতে ২০৩টি প্লট, ৮৬টি প্লট-এ দেওয়া হয়েছে। বাঘা যতীন—১৪১৩টি প্লট, ১৪৭টিকে দেওয়া হয়েছে। শ্রী কলোনীতে ৭০০টি প্লট আছে, তার মধ্যে ৬২টিকে দেওয়া হয়েছে। বিধান পল্লীতে ২১১টি প্লট-এর মধ্যে ৭৫টিকে এলিজিবিলিটী দেওয়া হয়েছে ইত্যাদি। এই কি রেগুলারাইজেশন? এর মানে রেগুলারাইজেশন নয়। এবং রেগুলারাইজেশন করার দিক থেকে যেসমস্ত ফ্যাঁকড়া তুলেছেন এবং যেসমস্ত প্রমাণপত্র চাইছেন, কোন মানুষের পক্ষে তা দেওয়া সম্ভব নয়। কম্পিটেন্ট কোর্ট সেখানে জাজমেন্ট দিয়েছেন যে, তারা রিফিউজী রেগুলারাইজেশন-এর সময় গেলে তাকে রিফিউজী হিসাবে গ্রহণ করা হচ্ছে না। কম্পিটেন্ট কোর্ট-এর জাজমেন্টে গ্রহণ করা হয় নি, এরকম বহু কেস আমার হাতে আছে। আমি জানি লক্ষ্মীনারায়ণ নগর বলে একটি কলোনী আছে, খবরের কাগজে ছাপালেন সেটা রেগুলারাইজড হয়েছে, কিন্তু ২০০ প্লট-এর মধ্যে মাত্র একটি প্লট রেগুলারাইজ করা হয়েছে। অর্পণপত্র নিয়ে এসেছে, এলিজিবিলিটীর চিঠি, অথচ খবরের কাগজে লিখেছেন রেগুলারাইজেশন করা হয়েছে। এর আমরা তীব্র প্রতিবাদ করি।

তারপর কম্পেনসেশন-এর ব্যাপারে যা চলছে সেটা বলবার কথা নয়। এরকম জমি আছে যার এক এক কাঠা জমিতে ৪১/২ টাকা। মানে কত টাকা হতে পারে? কম্পেনসেশন এসেছে তিন টাকা এক আনা প্রতি কাঠায়, প্রতি মাসে, তাহলে বার মাসে কত হয়, গত সাত বছরে কত হয় কম্পেনসেশন? আমাদের দেশে যশোহর জেলায় একটা কথা আছে 'ঢাকের দায়ে মনসা বিকিয়ে গেল', এমন একটা ব্যাপার হচ্ছে যে, যে জমির সিলিং পড়ছে ১,২৫০ টাকা, তারা কম্পেনসেশন ৭৭১ টাকা। এমন জমি আছে সেখানে কম্পেনসেশন ধার্য্য হয়েছে ৭৬২ টাকা। এই যে কম্পেনসেশন বিল আনা হয়েছে, তাতে প্রথম তো তাদের ঘটিবাটী যাবে এই কম্পেনসেশন দিতে। তারপর ছাগল-গরু যাবে, তারপর তাদের জমাজমি আটক পড়বে, তারপর সার্টিফিকেট জারী করে তাদের জেলে ধরে নিয়ে যাওয়া হবে। শুধু কি তাই? এই কম্পেনসেশন পাবে কে? পাবে যারা জমিদার তারা, ওই ধনিকেরা পাবে। জমিদার এবং ধনী যারা, তারাই কংগ্রেসের স্তম্ভ। কারণ, যে সরকারকে জনসাধারণ এখানে পাঠিয়েছেন তারা কেন যাবেন ওই জমিদার ও তাদের এজেন্টদের জন্য কম্পেনসেশন-এর টাকা আদায় করুন, তা বুঝতে পারি না। ওই টাকা জমিদার যারা আছেন, তাঁরা যদি আদায় করতে পারেন আইনের মাধ্যমে, তাই করুন, সেজন্যে সিভিল কোর্ট, তাদের জন্য খোলা আছে, সেখানকার মারফৎ আদায় করতে পারেন তারা করুন, কিন্তু কেন আমাদের সরকার তাদের এজেন্ট হিসাবে আদায় করতে যাবেন? আজ পর্যন্ত আমরা এরকম কথা শুনি নি যে, সরকারী টাকা মনে করে এই টাকা আদায় করে সরকারের দিতে হবে। ১৯৫১ সালে এই বিল পাশ হয়েছিল, ১৯৫২ সালে যদি এই আইনের ধারাগুলি প্রয়োগ করতেন, আমাদের সরকার তাহলে সাত বছর ধরে কম্পেনসেশন-এর ভার আমাদের ঘাড়ে পড়ত না। টালিগঞ্জ এরিয়া জমি দখল আইনের ভিতর থেকে বাদ দিলেন তার একমাত্র কারণ, যদি এই আইনের মধ্যে টালিগঞ্জ এরিয়া নেওয়া যায়, ওখানে ৬২।৬৩টি কলোনী আছে, তার বেশীর ভাগ জায়গায় বড় বড় ধনী লোকের জমি আছে, তাদের তাহলে সেই জমি থেকে ভবিষ্যতে বেশী পয়সা পাওয়ার সুবিধা হয় না। আমরা মনে করি, সেজন্যে যখন টালিগঞ্জ মিউনিসিপ্যাল এরিয়া ছিল, তখন এই আইনটা বিধান সভায় এসেছিল এবং বিধান সভায় তাকে এ্যামেণ্ড করা হয়েছিল। টালিগঞ্জ এরিয়াকে জমি দখল আইনের আওতা থেকে বের করে দেওয়া হয়েছিল। সুতরাং এ্যাকোয়ারমেন্ট যদি প্রপারলি করা হত, তাহলে ওই দরিদ্র মুসলমানরা

তাদের টাকা ঠিক ঠিক পেয়ে যেত এবং আজকের দিনে রিফিউজীদের উপরে এরকম দুর্দশা চেপে বসত না। সেদিক থেকে আমরা মনে করি এই আইনটি সম্পূর্ণভাবে প্রত্যাহৃত হওয়া উচিত, এর প্রতিটি ধারা প্রত্যাহৃত হওয়া উচিত। আমি যে কম্প্রোমাইজ করার কথা বলেছি তার মানে এই নয় যে, এই আইন সংশোধন করে নিতে রাজী আমরা। আমরা এটাকে প্রত্যাহার করতে বলি এবং জনমতও তাই চায়।

Mr. Speaker: The House stands adjourned till 2 p.m. tomorrow.

Adjournment

The House was then adjourned at 7-5 p.m. till 2 p.m. on Thursday, the 11th July, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 11th July 1957, at 2 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 218 Members.

GOVERNMENT BILLS

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957.

[2—2-10 p.m.]

Sj. Ganesh Ghosh: Mr. Speaker, Sir, before you take up this Bill for discussion today, I shall be glad if the Hon'ble Minister piloting the Bill will kindly give us clarification on two points—the first which deals with Competent Authority and on which we have differed and also on the point on which he speaks about recovery of compensation through the Public Demands Recovery Act. We shall be very glad if he can give us a little clarification on those two points and the implications and the possibilities of those two points.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, should I speak at this stage or after the conclusion of the debate?

Mr. Speaker: I think it will be better if you speak at this stage because then the speeches will be cut short. If you explain the matter, the doubts that the honourable members of the Opposition have will be removed.

The Hon'ble Bimal Chandra Sinha: Thank you, Sir.

কালকে এই বিলের যখন আলোচনা হচ্ছিল, সেই আলোচনা হ'তে হ'তে বিরোধীপক্ষের এবং আমাদের মধ্যে আলোচনার পর যা হয় তা সংসদের সামনে ঘোষণা করি। অনেক বিষয়ে আমাদের মতের মিল হয়, সরকারপক্ষ তাঁদের অনেকগুলি সাজেশন গ্রহণ করতে পেরেছেন। আমি যতটুকু কাগজপত্র দেখেছি তাতে মনে হয়, এই বিল আসলে রিফিউজি ডিপার্টমেন্টএর বিল। তাঁরা আসলে যে কাগজপত্র আমাকে দিয়েছিলেন তাতে সরাসরি বাস্তুহারাদের উচ্ছেদ করার উদ্দেশ্য ছিল না। যা হোক, আমি সেসব বিতর্কের মধ্যে যেতে চাই না।

আলোচনার পর তিনটে জিনিস গ্রহণ করা আমাদের সম্ভবপর হয়েছে। প্রথম হচ্ছে, তৃতীয় ক্লজ যেটা তাতে কথা ছিল যে যেসব রিফিউজিরা রিফিউজি সংজ্ঞা নির্দেশ যা করা হয়েছে সেই অনুসারে তাঁরা বলবেন যে, তারা আর পূর্ব পাকিস্তানে ফিরে যাবেন না। সেখানে একটা প্রস্তাব ছিল যে ইনটেন্ড টু রিটার্ন, তার জায়গায় - ইনটেন্ড টু রিটার্ন ফর এভার। এই 'ফর এভার' কথাটা আমরা তুলে দিতে চাই। সেইজন্য আমরা যখন এই ধারা সম্বন্ধে মত গ্রহণ করি সংসদে, তখন যেমন বিরোধীপক্ষ বলবেন যে এই ক্লজ এই বিলের অন্তর্ভুক্ত না হয়, তাঁরাও সেইসঙ্গে বলবেন - এই ধারা এই বিলের অন্তর্ভুক্ত না হয়।

দ্বিতীয় কথা হচ্ছে যে, ৫নং আমাদের যে ক্লজ ছিল তাতে বলা হয়েছিল যে, আইনে ৯(ক) ধারা যুক্ত করা হোক, যার ফলে পুলিসের সাহায্যে উচ্ছেদ করা যাবে। আগেতে পুলিসের সাহায্য কম্‌পিটেন্ট অথরিটি যে গ্রহণ করেন নি তা নয়, তাঁরা গ্রহণ করেছেন, যেমন - কোড অব সিভিল প্রসিডিওরএ থাকে সেটা রয়ে গেছে। কোড অব সিভিল প্রসিডিওরতে বিরোধীপক্ষের আপত্তি নাই, কারণ ডাঃ সুরেশ ব্যানার্জির নিজের অ্যামেন্ডমেন্টতেই তা আছে। তাই এই ধারা তুলে দিতে মনস্থ করেছি। তৃতীয়ত, যখন ৭নং ক্লজ আসবে তখন আমরা উভয়পক্ষ

সমস্বরে 'না' বলব, তা হ'লে সেই ধারা উঠে যাবে, আপত্তি হবে না। কারণ নেগেটিভ অ্যামেন্ডমেন্ট দেওয়া যায় না। আর তাতে আমরা বিরোধীপক্ষের সঙ্গে কতটা মিলে চলতে প্রস্তুত তারও প্রমাণ হবে। উভয়পক্ষ মিলিত হয়ে বলবে—'না'। তারপরে আর একটা কথা হচ্ছে, ৫নং ক্লজে আগে যে ধারা ছিল তা বদল ক'রে আমরা একটা নূতন ধারা করেছি। তার মধ্যে একটা কথা ছিল যে, আগের আইনে প্রস্তাব ছিল যে একটা অলটারনেটিভ জমি দিতে হবে। তারপরে যে বিল আপনাদের সামনে উপস্থিত করা হয়েছে সেই বিলে প্রস্তাব করা হয় যে জমি অথবা জমি কেনবার টাকা ধার। তাতে কিন্তু সন্দেহের কারণ উপস্থিত হয়েছিল এই যে, যদি জমি না দিয়ে শুধু কিছু টাকা দিয়ে ছেড়ে দেওয়া হয় তা হ'লে আমাদের অধিকার জন্মাবে এবং সেখানে যারা রিফিউজি তাদের সরাসরি তুলে দেওয়া যাবে। কিন্তু সে উদ্দেশ্য আমাদের ছিল না। কারণ আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় যে কথা বলেছিলাম যে অনেক জায়গায় এমন দেখা গেছে—আমি হিসাবও দিয়েছিলাম যে ২৭৮টা কেসএর মধ্যে সম্ভবত ২২২টা কেসএ সেখানে রিফিউজিরা নিজেরা জমির বন্দোবস্ত ক'রে বলেছে যে—তোমরা যদি লোন দাও তা হ'লে আমরা সেইসব জমিতে বাড়ি করবার নিজেরা ব্যবস্থা করতে পারব। তাতে হয়তো আরও দ্রুত আমাদের রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা হ'তে পারে। সেই ব্যবস্থা যাতে সম্ভব হয় তার ব্যবস্থা করা এই ধারার উদ্দেশ্য ছিল। সেইজন্য এখানে যাতে কোন সন্দেহের অবকাশ না থাকে সেইজন্য ব'লে দেওয়া হচ্ছে যে, এই ধারার মধ্যে আছে যে ল্যান্ড পারচেজ লোন দেওয়া হবে। সেইজন্য এই একটা কথা যুক্ত করছি যে,

That in clause 5, sub-clause (b)(ii), after the word "or" in line 2, the words "at the option of the displaced persons" be inserted.

অর্থাৎ এই ধার যদি সেই রিফিউজিরা ইচ্ছা করেন তা হ'লে পাবেন, অন্যথা নয়; অর্থাৎ তাঁদেরই উপর ভার দেওয়া হচ্ছে তাঁরা কোন্‌টা নেবেন জমি অথবা টাকা। তাঁদেরই উপর এই বিচার ছেড়ে দেওয়া হবে। এই নূতন যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি সেই অ্যামেন্ডমেন্টএর উদ্দেশ্য এই তিনটা; আর বাকি তিনটা সেখানে যা আছে সেগুলিতে আমাদের একমত হওয়া সম্ভব নয়। আমি আশা করি যে এই তিনটা ধারায় আজকে আমরা একমত হ'তে পারব, যার ফলে আমাদের অনেকে এখন এই বিল গ্রহণযোগ্য হয়েছে ব'লে মনে করবেন। তা ছাড়া আর একটা কথা আমি এখানে ঘোষণা করতে চাই। সেটা হচ্ছে এই যে, অনেকে সন্দেহ করেছেন যে এই কম্পেনসেশন আদায়ের ব্যাপারে পাবলিক ডিমান্ডস রিকভারী অ্যাক্টএর মধ্য দিয়ে আদায় করলে তা অত্যন্ত পীড়াদায়ক ও কষ্টকর হবে যে বাস্তুহারারা সেখানে বাস করে তাদের পক্ষে। এক্ষেত্রে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাকে জানিয়েছেন যে, তিনি ভারত সরকারের সঙ্গে কথা বলেছেন এবং সেই সরকার যতক্ষণ মত না দেন ততক্ষণ তা এই আইনের মধ্যে সন্নিবেশিত করা সম্ভব হয় না। কিন্তু কথাবার্তা প্রায় শেষ হয়ে গেছে, তবে তার উপর এখনও ঠিক নির্ভর করা যায় না। তাই তিনি একথা বলেছেন যে, যদি বাস্তুহারারা এই কম্পেনসেশনএর পেমেন্ট করতে অসুবিধায় পড়েন তা হ'লে গভর্নমেন্ট তাঁদের আর্থিক সাহায্য করবেন। কাজেই এই হ'লে আপনাদের ঐ ধারা সম্বন্ধে বিশেষ চিন্তার কারণ আর থাকবে না।

Sj. Ganesh Ghosh:

গভর্নমেন্ট যে সাহায্য দেবেন বলছেন সেটা লোন না অ্যাসিস্ট্যান্স?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

অ্যাসিস্ট্যান্স।

The Hon'ble Bimal Chandra Sinha:

তা হ'লে যদি বিল পড়েন, এই বিলের প্রথম ধারা হ'ল যে বিলের জীবন কিছুদিনের জন্য বৃদ্ধি করা।

দ্বিতীয় হচ্ছে, কেবল কম্‌পিটেন্ট অথরিটির জায়গায় একটিমাত্র ব্যাপারে বদলে সেখানে স্টেট গভর্নমেন্ট করা হচ্ছে। কালকে মাননীয় ডাঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় অকারণ ভীত, চিন্তিত এবং ক্রুদ্ধ হচ্ছিলেন। তার মধ্যে একটা জায়গায় আমি বলেছিলাম যে ট্রাইব্যুনাল রয়ে গেছে। উনি বললেন—উনি আইন কিছু বোঝেন। তিনি বয়সে আমার চেয়ে অনেক বড়,

কাজেই আমি তখন তর্ক করি নি। পরে আমি আইনজ্ঞের কাছে জিজ্ঞাসা ক'রে দেখেছি যে. আমার তখন যা মনে হয়েছিল যে আইনটা তিনি যদি ভাল ক'রে পড়তেন তা হ'লে অনেক অকারণ উদ্বেগের হাত থেকে নিষ্কৃতি পেতেন।

[2-10—2-20 p.m.]

কারণ ৩নং ধারায় কম্‌পিটেন্ট অর্থরিটি কি করে—না, সে প্রথমে খোঁজ নেয় এবং পরে উচ্ছেদের অর্ডার দেয়। এই ৩নং ধারার পরে ৪নং ধারাটা হচ্ছে প্রটেকটিং ক্লজ। এই ৩নং ধারায় যে এভিকশন অর্ডার হয় সেটা কোন্ কোন্ সময় হবে এবং কোন্ কোন্ সময় হবে না তার সম্বন্ধেও কতকগুলি বাঁধাধরা বিধিনির্দেশ দেওয়া হচ্ছে। কিন্তু এই ৪নং ধারায় বলা হচ্ছে যে. সে উচ্ছেদের অর্ডার দেওয়ার আগে কতকগুলি কাজ করবে। এখন সে কি কি কাজ করবে--না, প্রথমে যদি অন্য কোথায়ও জমি পাওয়া যায় তার জন্য রিফিউজি ডিপার্টমেন্টকে বলবে। সে জমির যদি সন্ধান হয় এবং সেই জমি যদি কম্‌পিটেন্ট অর্থরিটি সুটেবল মনে করেন তা হ'লে সেই জমি রিফিউজিদের অফার করা হবে। এখন সেই অফার যদি তারা গ্রহণ না করে তা হ'লে তাদের উচ্ছেদ করা হবে। আবার সে যখন অর্ডার করবে তখন সেই অর্ডারএর উপর ৬নং ধারা অনুসারে ট্রাইব্যুনালএর কাছে আপীল হবে। সুতরাং আজকে যেটুকু পরিবর্তন করা হচ্ছে সেটা করা হচ্ছে কেবল ওপিনিয়ন সম্বন্ধে. যার এগেনস্টএ আগে কোন আপীল চলত না। ওপিনিয়নএর এগেনস্টএ কোন আপীল চলে না। ওপিনিয়নএর এগেনস্টএ আপীল যে চলে এটাই হচ্ছে আইনের স্বতঃসিদ্ধ সিদ্ধান্ত। কাজেই ৩নং ধারায় যে সিদ্ধান্ত হবে তা কম্‌পিটেন্ট অর্থরিটির হাতে রইল এবং ৪নং ধারায় যে সিদ্ধান্ত হবে সেটাও কম্‌পিটেন্ট অর্থরিটির হাতে রইল। কেবলমাত্র কোন্ জমি সুটেবল. সেই সুটেবিলিটির ওপিনিয়নটা কম্‌পিটেন্ট অর্থরিটির বদলে স্টেট গভর্নমেন্ট করবেন। এটা কেন স্টেট গভর্নমেন্ট করবেন সেটা আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম। সেটা হচ্ছে এই যে. একটা বড় প্লট অব ল্যান্ডএর মধ্যে হয়তো একটিমাত্র প্লটএর মালিক উচ্ছেদের জন্য দরখাস্ত করেছেন এবং আবার হয়তো সাতটি প্লট দূরেতে আর একটা প্লটএর জন্য দরখাস্ত করাতে অসুবিধায় পড়তে হয়। কারণ এক্ষেত্রে একজনকে সেখান থেকে নিয়ে গিয়ে বেহালায় আর একজনকে যদি বারাকপুরে বসাতে হয় তা হ'লে নিশ্চয় তার প্রপার ইকনমিক রিহ্যাবি- লিটেশন হবে না। পক্ষান্তরে এখানে প্রায় ৩০ লক্ষ রিফিউজিদের রিহ্যাবিলি- টেশন প্লানএর ভার ডিপার্টমেন্টকে নিতে হচ্ছে। তখন তাঁরা যদি এক জায়গায় জমি অ্যাকোয়ার ক'রে আর্থিক পুনর্বাসনের ব্যবস্থা চিন্তা ক'রে একটা বড় কোন স্কীম করতে পারেন তা হ'লে সেইক্ষেত্রে এই কাজ সত্যি সত্যি সফল হওয়া সম্ভবপর হ'তে পারে। সেজন্য এই ধারার পরিবর্তনের মূল কারণ হ'ল যে. পীসমীলভাবে রিহ্যাবিলিটেশন না হয়ে যাতে কমপ্যাক্ট হোল স্কীম. ইন্ডিপেন্ডেন্ট স্কীম একটা হ'তে পারে তারই উদ্দেশ্যে এটা করা। আবার স্টেট গভর্নমেন্ট না হ'লে কম্‌পিটেন্ট অর্থরিটির পক্ষে খুচরো খুচরো ব্যাপারগুলো স্টেট গভর্নমেন্টএর নজরে না এনে একটা হোল প্ল্যানিং. ইন্টিগ্রেটেড প্ল্যানিং বা পুরোপুরি একটা স্কীম করা সম্ভব হবে না। এই একমাত্র পরিবর্তন এখানে হচ্ছে। আমি পুনরায় বলছি যে. ৩ ধারা এবং ৪ ধারায় যেখানে যেখানে অর্ডার আছে তার এগেনস্টএ ট্রাইব্যুনালএর ব্যবস্থা যেমন ৬ ধারায় ছিল. তেমনি ৬ ধারা এখনও বর্তমান রইল। অর্থাৎ তার এগেনস্টএ আপীল করবার বিষয়ে কোন পরিবর্তন হয় নি। এই হচ্ছে মোটামুটি কথা। এই কথা বিবেচনা করার পর আমার মনে হয় যে, খুব বেশি এর উপর বিতর্কের প্রয়োজন হবে না। এই বিলটা সম্বন্ধে ধারার পরিবর্তনে আমাদের অনেকখানি একমত হওয়া সম্ভবপর হবে ব'লে আমি মনে করি। সুতরাং এই যে বিল আপনাদের সামনে উপস্থাপিত হয়েছে, আশা করি, আপনারা তা গ্রহণ করবেন।

Dr. Suresh Chandra Banerjee:

অন এ পয়েন্ট অব ইনফরমেশন, স্যার। কাল আমি বলেছিলাম যে অ্যাটাদি অপশন অব দি ডিসপ্লেসড্ পার্সন—এই অ্যামেন্ডমেন্ট আনা আছে গভর্নমেন্ট পক্ষ থেকে, সেটা আংশিক- ভাবে আনা হয়েছে। এর পরে ৫বি(টু-আই)র জায়গায়

such other land or at the option of the displaced persons.

এর পরে

land-purchase loan and house or house-building loan—

সেটা অ্যাড হওয়া দরকার। তা না হ'লে অর অ্যাট দি অপশন অব দি ডিসপ্লেসড্ পার্সন -এটা রয়েই গেল।

The Hon'ble Bimal Chandra Sinha:

ডাঃ ব্যানার্জি যা বলেছেন সেটা সম্পূর্ণ অপ্রয়োজনীয়, কারণ এটা হচ্ছে ল-এর ড্রাফটিংএর ব্যাপার। সেজন্য আমার মনে হয় এখানে তর্ক ক'রে কোন লাভ নেই এবং এ বিষয়ে আমি আইনজ্ঞদের পরামর্শও নিয়েছি। কথা হচ্ছে যে, দ্বিতীয় ধারায় যেটা আপনারা অপশন বলছেন সেটা অত্যন্ত অপ্রয়োজনীয়। কারণ অপশন এক্সারসাইজ করছে যখন অফার দেওয়া হচ্ছে। সেখানেও আমরা অপশনএর প্রভিশন ক'রে দিয়েছি। তার পরের ধারায় আছে যে, সে যখন অপশন এক্সারসাইজ ক'রে হোক, জমি হোক, বাড়ি হোক, টাকা হোক, ইত্যাদি যা হোক একটা কিছু পেল তখন সেটা কিভাবে ব্যবহৃত হবে সে সম্বন্ধে সে ধারায় আছে। কিন্তু তার আগেই অপশন এক্সারসাইজ হয়ে গেছে। কাজেই অপশন যেখানে এক্সারসাইজ করা প্রয়োজন সেখানে অপশন দেওয়া হয়েছে। তারপরে অপশন এক্সারসাইজ ক'রে সে যে জিনিসটা পেল তখন তার অপশনএর কোন প্রশ্ন উঠতে পারে না।

Dr. Suresh Chandra Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কথা কিছুই বুঝতে পারলাম না। আইনজ্ঞরা কি করবে না করবে সেটা আমরা কিছু জানি। আমরা এখানে যখন আইন পাস করেছিলাম তখন আইনজ্ঞরা বলেছিলেন ঠিক আছে; কিন্তু হাটকোর্ট বলে জিনিসটা কলকাতা শহরে নেই। আইনে কি হয় না হয় সেটা আমরা জানি না। আমরা সাধারণ মানুষ, সাধারণভাবে জিনিসটা স্পষ্ট ভাষায় বুঝতে চাই। এখানে আমরা দেখছি যে,

other land which in the opinion of the competent authority, etc., etc.

এবং

and also house or such other land or house-building loan

এর পরেতেও এটা আসা দরকার। তা না হ'লে এটা হাউসএর বেলায়

কিছু টাকা দিলে সে থেকে গেল। কাজেকাজেই শুধু ল্যান্ড নিয়ে টাকা দিলেই হাউস হবে না। সেদিন আমি ক্রুদ্ধ হয়ে বলেছিলাম—আজও আমি সিম্পিল গেট আউট। এটা হচ্ছে মূল কথা। সুতরাং এই অপশনটা অ্যাড করা দরকার।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: As a procedural matter I think speeches on the consideration motion should be finished first.

Mr. Speaker: Dr. Banerjee, the motion for consideration of the Bill is now before the House and let the speeches be finished first.

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার, স্যার,—বিমল সিংহ মহাশয় বললেন যে, সংশোধিত আকারে যে বিলটা এখানে পেশ করা হচ্ছে সেটা নাকি অনেক লোকের পক্ষেই গ্রহণযোগ্য হবে। কিন্তু এ বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। কেন না, এই উদ্বাস্তু পুনর্বাসন ও জবরদখল জায়গা উদ্ধার বিলটি ১৯৫১ সাল থেকে চালু আছে। এই বিলের দ্বারা কাজ কতটা হয়েছে তা বিভিন্ন বক্তাদের কাছ থেকে আপনি শুনলেন। আজকে যেসমস্ত সংশোধিত প্রস্তাবসহ এই বিল উপস্থাপিত হয়েছে, তা পাস হ'লে সত্যিকার কিরকমভাবে এ দ্বারা গৃহহারা লোকেরা উপকৃত হবে তা অনুমান করতে পারা যায়! আমি কয়েকটা উদাহরণ দিয়ে বলতে পারি যে, গৃহহারা হয়ে কতকগুলি লোকের দুঃখদুর্দশা যা ঘটেছিল, ১৯৫১ সালে এই বিল পাস হবার পর, তা দূর হয় নি। এই সাত বছরে তার কিছুই প্রতিকার হয় নি।

প্রথমেই আমি কলকাতার মসজিদগুলির কথা বলছি। কলকাতার মুসলমানদের সংখ্যা কম নয় এবং এখানে যেসব মসজিদ আছে তার সংখ্যাও কম নয়। তার মধ্যে যেসমস্ত মসজিদে উদ্বাস্তুরা বাস করছিল তার সংখ্যা হচ্ছে প্রায় ৫০। এখনও ৪০টা মসজিদে উদ্বাস্তুরা বসবাস করছে। উদ্বাস্তুরা মসজিদে বাস করছে, এইভাবে মুসলমানদের ধর্মীয় সেন্টিমেন্টএর উপর আঘাত দেওয়া হচ্ছে। তার জন্য অনেকবার মুসলমানদের তরফ থেকে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কম্পিটেন্ট অথরিটির কাছে বহুবার আবেদন করা হয়েছে, কিন্তু দেখতে পাচ্ছি যে, ১৯৫১ সালে এই বিল পাস হবার পর বিলের মধ্যে যে সম্ভাবনা ছিল সেইমত কাজ হয় নি। যেসমস্ত কাজ কম্পিটেন্ট অথরিটি করবেন ব'লে আশা করা গিয়েছিল, দেখা গেল তার কিছুই করা হয় নি এখনও পর্যন্ত। উদ্বাস্তুরা যেসমস্ত জায়গা জবরদখল ক'রে আছে উপযুক্ত স্থানে পুনর্বাসন ক'রে তাদেরকে সেখান থেকে সরাতে হবে। এই বিষয়ে গতকাল জ্যোতিবাবু কতকগুলি সাজেশনস দিয়েছিলেন। যতক্ষণ সেইরকমভাবে উদ্বাস্তুদেরকে জবরদখল জায়গা ইত্যাদি থেকে সরিয়ে দেবার বন্দোবস্ত না করা যাবে ততক্ষণ পর্যন্ত বিল পাস হয়ে গেলেও তার দ্বারা গৃহহারাদের কোন লাভ হবে ব'লে আমরা মনে করি না। এইমাত্র আমি বলেছি যে, কলকাতায় এখনও প্রায় ৪০টি মসজিদে উদ্বাস্তুরা বসবাস করছে। আমি এইরকম অনেক জায়গায় গিয়েছি এবং স্থানীয় উদ্বাস্তুদের সঙ্গে কথা বলেছি। তারা যে খুশি হয়ে এইসমস্ত ধর্মস্থানে বাস করছে তা নয়, অত্যন্ত বাধ্য হয়েই তারা সেইসমস্ত মসজিদে বাস করছে। সরকারের তরফ থেকে যদি তাদের অন্য জায়গায় বসবাসের ব্যবস্থা ক'রে দেওয়া হয় তা হ'লে তারা খুশির সঙ্গে সঙ্গেসঙ্গে চ'লে যাবে এবং ধর্মের স্থান মসজিদগুলি তারা সঙ্গেসঙ্গে ছেড়ে দেবে। তারা যে এইসমস্ত ধর্মস্থানে বাস করছে তার জন্য তারা দুঃখিত ও মর্মাহত।

[2-20—2-30 p.m.]

১৯৫১ সালের পরে জবরদখল করা যে সমস্ত বাড়ি, ঘর, জমি ছিল, তা ফিরে পাবার জন্য বিলে যে প্রভিশন ছিল, তার নির্দেশমত সরকার ঠিকভাবে কাজ করতে পারেন নি। মসজিদের ব্যাপারে আর একটা ঘটনার কথা বলব। খড়গপুরে একটা মসজিদ সরকার নীলামে বিক্রি ক'রে দিয়েছিলেন এক ভদ্রলোকের কাছে। স্থানীয় মুসলমানদের অনুরোধে সেই ভদ্রলোক সহানুভূতির সঙ্গে বিবেচনা ক'রে মসজিদটি বন্ধ ক'রে রেখেছেন। আমি কলকাতার কথা বলেছি, এখানে ৪০টি মসজিদে, প্রায় ৫০'টি রিফিউজি পরিবার বাস করছে। এ ছাড়া হাওড়াতে কত আছে তা আমি আজ বলতে পারলাম না। সমস্ত বাংলা দেশে কত আছে জানি না। সরকার এ সম্বন্ধে যদি অবহিত হন তা হ'লে ভাল হয়। কেন না, আমাদের দেশের একটা সেকশনএর লোকের মনে এজন্যে আঘাত নিশ্চয়ই রয়ে গিয়েছে। তারপর, মুসলমানদের যে সমস্ত ঘরবাড়ি পূর্ববঙ্গের উদ্বাস্তুরা দখল ক'রে রেখেছে, তার মধ্যে উত্তর কলিকাতা ও দক্ষিণ কলিকাতার নানা অঞ্চলেই অনেক বেশি। সেই সমস্ত বাড়ি, মালিকদের ফিরিয়ে দেবার যে বন্দোবস্ত আছে সরকারের তরফ থেকে, তা কার্যকরী মোটেই হচ্ছে না। স্থানীয় ভদ্রলোকদের নিয়ে এবং স্থানীয় রিফিউজি এবং স্থানীয় যেসব বাড়ির মালিকরা রিফিউজি হ'য়ে গিয়েছে তাদেরকে নিয়ে, যতক্ষণ পর্যন্ত সরকার মিলেমিশে একটা ব্যবস্থা না করতে পারবেন, সে পর্যন্ত এ সমস্যার সমাধান হবে না। সমস্ত জায়গারই মুসলমানরা তাদের নিজেদের ছেড়ে দেওয়া ঘরবাড়ি ফিরে পেতে চায় তা নয়। অনেকে পরিবর্তিত পরিস্থিতির মাঝে ফিরে যেতে চায় না। এইরূপ জায়গায় তারা যদি ক্ষতিপূরণ পেয়ে যায় তা হ'লে তারা নিজেদের বাড়িঘর ফিরে চাইবে না। সেই টাকা দিয়ে অন্যত্র ঘর বাঁধবে। ক্ষতিপূরণ তারা কি ক'রে পেতে পারে, তার আভাস জ্যোতি বাবু গতকাল দিয়েছেন। তারপর, এই যে জবরদখল এটা শুধু মুসলমানদের ঘর, বাড়ি, জমি, ও মসজিদের মধ্যেই সীমাবদ্ধ তা নয়। কলকাতায় মুসলমানদের যে সব কবরস্থান আছে, তারও অনেকগুলি জবরদখল হ'য়ে আছে। একটা কবরস্থান দেখে এলাম খাটাল করা হয়েছে। কোনটায় বা ফুটবলের মাঠ করা হয়েছে, এবং নানা ভাবে অন্য কবরস্থানকে দূষিত করা হচ্ছে। এতে আজকে মুসলমানদের মনে কত যে আঘাত দেওয়া হচ্ছে, তা সরকার জানেন।

Mr. Speaker: Please be a little more relevent. I do not see much relevancy in what you are saying now.

Janab Golam Yazdani:

আমি শুধু এইটুকু বলতে চাই যে ১৯৫১ সালে যে বিল পাস হয়েছে, সেই বিলে যথেষ্ট প্রভিসন ছিল যার দ্বারা, সমস্ত জবরদখল করা ঘরবাড়ি ইত্যাদিগুলি ফিরিয়ে পাওয়া সম্ভব ছিল। কিন্তু সরকার সহানুভূতির সঙ্গে কোন কাজ করতে পারেন নি; সেইজন্য এই সমস্ত কাজ কার্যকরী হতে পারে নি। এখন এ্যামেন্ডমেন্ট সহ যে বিল পাস হ'তে চলেছে, তাতে যে কতটুকু উপকার হবে, সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। আমি জানি, এইসব কথা বললে অনেকেই সাম্প্রদায়িকতা ব'লে উষ্মা প্রকাশ করেন। কিন্তু যে জিনিস বাস্তব, তাকে যদি প্রচার করা যায়, তাতে উষ্মা প্রকাশ ক'রে লাভ কি আছে, আমি বুঝতে পারি না। এদেশের বাস্তুচ্যুতরা যে আমাদেরই দেশের লোক সেইজন্য এদের সমস্যা নিয়ে আমার কথা পেশ করছি। আমার শুধু বলবার এই যে, যেখানে আমাদের সরকারের দায়িত্ব এবং সরকারের তরফ থেকে আমাদের দেশের জন্য যে সমস্ত করা উচিত ছিল সেই সমস্ত যখন সরকার করতে পারেন নি বা সেই সমস্ত করতে পারছেন না ব'লে আমরা দেখিয়ে দিই, তখন সেটা সরকার যদি পছন্দ না করেন তবে তা ঠিক হবে না। কেন না, একটা দেশ শাসন করতে হ'লে, সেখানকার সমস্ত স্তরের লোকদের জন্য চিন্তা করতে হবে। তাতে যদি কোন দিকে গাফিলতি হয়, যদি ঠিকমত কর্তব্য পালন না করা যায়, তা হ'লে সেটা খুব ভাল বলা যায়, তা নয়। সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে বলছি যে ১৯৫১ সালে যে বিল পাস হয়েছিল, এ্যামেন্ডমেন্টসহ আজও সেই বিল গ্রহণযোগ্য হবে ব'লে অনেকে মনে করবেন কি না, জানিনা। আমি এইটুকু বলতে চাইছিলাম যে ১৯৫১ সালে এই বিল পাস হওয়ার পর, সেটা কার্যকরী হয় নি, এবং আজও এই সংশোধিত বিল পাস হলে পর কতটা কার্যকরী হবে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। গতকাল জ্যোতি বাবু যে সমস্ত সাজেসশন দিয়েছেন সরকার সেইভাবে যদি কাজ করেন, সাজেসশনগুলিকে সরকার যদি কার্যকরী করেন, তা হ'লে জবরদখল সমস্যার সমাধান হয়ত হতে পারে।

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I am very sorry to interrupt but I have an important announcement to make. As you directed there has been a change in the term that has been used. The word "clause" in clause 5 should be renamed as "paragraph" This is a formal change.

Sj. Sunil Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলে কতকগুলি অবাঞ্ছনীয়, অবাস্তব ও অনাবশ্যক যে ধারা ইনসার্ট করা হয়েছিল তার কয়েকটি মন্ত্রীমহাশয় আমাদের আশ্বাস দিয়েছেন যে তুলে নেওয়া হবে। কিন্তু কথা হ'ল বিল সম্বন্ধে আরও যেসমস্ত আপত্তি গতকাল এবং আজ এই সভায় আলোচিত হয়েছে সে সম্পর্কে কোন পরিবর্তন কিম্বা সম্প্রসারণ সম্পর্কে মন্ত্রীমহাশয় আমাদের কিছুই জানালেন না। যেমন ডিসপ্লেসড পার্সনস সম্পর্কে আলোচনা হয়েছে, ডিসপ্লেসড পার্সনসএর ডেফিনিশনকে এক্সটেন্ড করা যায় কিনা। আমরা ভেবেছিলাম কালকে যখন এই হাউস অ্যাডজোর্নড হয়ে গেল এবং এই বিল সম্পর্কে পুনর্বিবেচনা করবার জন্য সময় নেওয়া হ'ল তখন এখানে যেসমস্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্থাপন করা হয়েছে সেই সম্পর্কে পুনর্বিবেচনা ক'রে কিছু কিছু সংশোধন ক'রে অ্যামেন্ডিং বিল এখানে আনা হবে। সেদিক থেকে আমরা নিরাশ হয়েছি। আরও কথা হ'ল, মুখ্য-মন্ত্রীমহাশয়ের নির্দেশে মন্ত্রীমহাশয় যেকথা বললেন কম্পেনসেশন সম্পর্কে তা আমরা বুঝতে পারলাম না। সেই ধারা, সেই যে নির্দেশ, তাঁর যে মত সেটা আইনে স্থান পাবে কিনা? সরকারের পক্ষ থেকে একটা বিবৃতি দেওয়া উচিত ছিল যে, তাঁরা এ সম্বন্ধে তাঁদের দায়িত্ব সমাধান করবেন কি না, কারণ এ সম্পর্কে মন্ত্রীমহাশয়ের কথা থেকে আমরা স্পষ্ট কিছু বুঝতে পারলাম না। যদি আইনের ভিতর এমন কোন ব্যবস্থা না থাকে কমপেনসেশন সম্পর্কে, যাতে বলা হবে যে যে মত মন্ত্রীমহাশয় প্রকাশ করলেন, সেটা সরকার গ্রহণ করেছেন—তা না হ'লে আমরা বলব শুধু প্রেস-নোটএর দ্বারা সরকার তাঁর কর্তব্য সমাধান করতে চান, এবং সেখানে তাঁরা মনে করতে পারেন তাঁদের দায়িত্ব শেষ করলেন। এই হাউসে আমরা যারা এদিকে রয়েছি, আমরা সেটা গ্রহণ করতে পারব না; এবং বাইরে যারা জনসাধারণ রয়েছেন ও উদ্বিগ্ন হ'য়ে লক্ষ লক্ষ উদ্বাস্তুরা রয়েছেন তাঁরাও সরকারের সেই কথা গ্রহণ করতে পারবেন না। সেদিক থেকে আমি মনে করি এই বিলে যে মূলগত ত্রুটি ছিল সেগুলি রয়ে গিয়েছে এবং যদি

এ সম্পর্কে পুনর্বিবেচনা না হয়, তা হ'লে এই মূলগত ত্রুটিগুলি সম্পর্কে আমাদের পূর্বে যে মত ছিল, এখনও সেই মত রয়েছে এবং থাকবে। এই বিলের (৭) নং ধারা সরকারপক্ষ বলেছেন তুলে দেওয়া হবে। যে এ্যামেন্ডমেন্ট রয়েছে (৭) নং ধারা তুলে দেওয়া সম্পর্কে এবং তার উপর বিরোধীপক্ষ থেকে যে এ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে, আশা করি তা, তাঁরা সমর্থন করবেন। আমি বলতে চাই, বিলে সরকারপক্ষের এই ধারা থাকলে, তা সরকারকে যে ভাবে কলঙ্কিত করত, সেই কলঙ্কের হাত থেকে অব্যাহতি পাবার জন্য তাঁরা এই ধরণের একটা প্রস্তাবে রাজী হয়েছেন। কিন্তু তাতে বিলের কোন মূলগত উন্নতি কিছু হয়েছে ব'লে আমি মনে করি না। পাবলিক ডিমান্ডস রিকভারী এ্যাক্টএর আশ্রয় নিয়ে জমিদারদের এজেন্সী করবার জন্য সরকার যে উদ্যত হয়েছিলেন, এবং তার দ্বারা নিজেদের কলঙ্ক-কালিমা নিজেদের মুখেই মাখতেন, এর চেয়ে বেশি কিছু তাঁরা করবেন না। সুতরাং বিলের মূলগত ত্রুটিগুলির সংশোধন হয় নি, এবং তা না হ'লে সমগ্র বিলটা আমাদের কাছে গ্রহণযোগ্য হতে পারে না।

[2-30—2-40 p.m.]

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, গতকাল মন্ত্রীমহাশয়, এই বিলকে অভিনন্দন জানাতে ও সরকারের সঙ্গে সহযোগিতা করার জন্য আমাদের আহ্বান জানিয়েছেন। আমাদেরও এই বিলকে অভিনন্দন জানাতে আপত্তি ছিল না যদি প্রকৃতই একে সর্বাঙ্গসুন্দর ও জনকল্যাণমূলক করা হ'ত। এই বিল সম্পর্কে সর্বপ্রথম যেটা আমার মনে হচ্ছে সেটা হচ্ছে ডিসপ্লেসড পার্সন সংজ্ঞাটা যদি সর্বজনগ্রাহ্য করা যেত তা হ'লে ভাল হ'ত, কিন্তু সেদিক থেকে কোন চেষ্টা আমরা দেখি না। ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বরের মধ্যে সীমাবদ্ধ ক'রে দেওয়া হচ্ছে এতে পূর্ববঙ্গ হতে আগত উদ্বাস্তুদের অধিকার অনেক অংশে গ্রাহ্য করা হবে না। অন্যদিকে দেখি যে সমস্ত জায়গায় তারা নিজেদের চেষ্টায় কলোনী ইত্যাদি গ'ড়ে তুলেছে, সেখানে যদিও আইন অনুযায়ী অর্পণপত্র দেওয়া হচ্ছে সেখানেও কতকগুলি জিনিস হচ্ছে। আমি যে অঞ্চল থেকে এসেছি সেখানকার কথা আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখতে চাই। শ্রীরামপুর কলোনীতে ২৮৫টি ফ্যামিলি আছে অথচ সেখানে দেখান হয়েছে ১৮৫, কোন্নগর কলোনীতে আছে প্রায় ২০০ ফ্যামিলি, অথচ সেখানে লেখা হয়েছে ৪০টি। এতে আমরা দেখতে পাই বহুলোক বাদ প'ড়ে গিয়েছে, অর্ধেকের বেশি লোক অর্পণপত্র পান নি। তারপর, রিফিউজির পরিচয়স্বরূপ যে জিনিসগুলি আপনারা ঠিক করেছেন, যেমন, সেনসাস রিপোর্ট, ভোটারস লিষ্ট, এগুলি ভালই হয়েছে, এতে আমার আপত্তি নাই। কিন্তু এমন বহু বাস্তুহারা মানুষ আছে যাদের না কি এগুলি নাই, তাদের বেলায় দোকানের ভাউচার, ডক্টরস প্রেসক্রিপশন, মাসিক যে দোকানের মাল খায় সেই দোকানের হিসাবপত্র ইত্যাদি দেখালে কেন সেগুলি গ্রাহ্য হবে না, আমি বুঝতে পারি না। সেদিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। আমি আর বেশি কিছু বলতে চাই না। আজকে উদ্বাস্তুদের ব্যাপারে যে অবস্থার সৃষ্টি হয়েছে এবং অদূর ভবিষ্যতেও যে পরিস্থিতির উদ্ভব হওয়ার সম্ভাবনা আছে তাতে আমি মনে করি সরকার যদি এদিকে দৃষ্টি রাখেন তা হ'লে আশা করি বাংলাদেশের রিফিউজি সমস্যার অন্তত এক দিকটা আমরা দূর করতে পারব।

Sj. Pabitra Mohan Roy:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে যে বিলের আলোচনা হচ্ছে, এর ওরিজিন্যাল, পূর্ব পূর্ব অ্যামেন্ডমেন্ট, এবং সরকার কর্তৃক প্রচারিত যে ইস্তাহার আমরা দেখেছি, সব মিলিয়ে সাধারণ লোক বিশেষ ক'রে যাঁরা আইনজ্ঞ নন তাঁদের কাছে একটা প্রহেলিকা সৃষ্টি করেছে। আজকে এ সম্বন্ধে আমি দুয়েকটি কথা আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে তুলে ধরছি। ওয়েস্ট বেঙ্গল উইকলীতে স্কোয়াটার্স কলোনীর রেগুলারাইজেশন সম্বন্ধে যা লেখা হয়েছে তাতে দেখছি গভর্নমেন্ট বলছেন, ইনটারেস্টেড পারসন এই বিল সম্পর্কে প্রপাগান্ডা ক'রে বেড়াচ্ছে, কিন্তু

Government desires to make it clearly known that the Bill does not in any way affect the programme of regularisation

খুব ভাল কথা, তাই যদি হয়, মন্ত্রীমহাশয়ের কাছে জানবার দরকার ছিল এই বিল একেবারে

সোজাসুজি আনতে পারতেন তা হ'লে একটা দিক পরিষ্কার হ'ত। তারপর আছে the process of regularisation of such colonies under the scheme of regularisation will continue as well.

এই যে অবস্থা এটাই যদি হয়ে থাকে তা হ'লে সেটা পরিষ্কার ক'রে বল্লে আমাদের পক্ষে বুঝতে সুবিধা হ'ত। আজকে যে ব্যবস্থা করা হচ্ছে তাতে অলটারনেটিভ এ্যাকোমোডেশনএর পরিবর্তে জায়গা বা টাকা দেওয়ার জন্য এই এ্যামেন্ডমেন্টএ চেষ্টা করা হচ্ছে। এটা মাননীয় সদস্যরা কি লাইটে নেবেন জানি না। এই আইন দ্বারা সরকার পুরাপুরি এভিকশনএর ব্যবস্থাই করছেন এই সন্দেহ আমাদের মনে জাগছে। দমদম মিউনিসিপ্যালিটির কোন কোন জায়গা আমি দেখেছি- তখন এই বিলের আলোচনা হয় নি—রিফিউজি রিহ্যাবিলিটেশন কমিশনারএর সই করা চিঠি গিয়েছে যে, যদি মিউনিসিপ্যাল এলেকায় পাকা রাস্তার উপর ভাল জমি পাওয়া যায় এবং সে জমি রিফিউজিরা নিজেরা জোগাড় ক'রে দিতে পারে তা হ'লে ১০০০ টাকা এবং কাঁচা রাস্তায় হ'লে ৬০০ টাকা দেওয়া হবে। অলটারনেটিভ এ্যাকোমোডেশন সম্বন্ধে পরিষ্কার ব'লে দেওয়া হয়েছে আমরা পারছি না জমি জোগাড় করতে। তোমরা মিউনিসিপ্যালিটির মধ্যে এগুলি জোগাড় ক'রে নাও। দমদম মিউনিসিপ্যালিটির সঙ্গে আমি জড়িত আছি। সেখানে পাকা রাস্তার উপর ১০০০ টাকায় পাওয়া সম্ভব নয়। এই যদি হয়, এই প্রিন্সিপলএ যদি আপনারা চলেন তা হ'লে সেটা কোন কমপ্রোমাইজএর কথা হবে না।

এই বাস্তুহারার বিল ১৯৫১ সালে যখন এসেছিল এবং যখন এ্যামেন্ডমেন্ট এবং যা-কিছু হয়ে বিলটা নতুন রূপ নিয়েছিল, তার থেকে আজকে ছ' বছর পার হয়ে গিয়েছে। এই ছয় বছরে বাস্তুহারারা সেইসমস্ত জায়গায় জমি দখল ক'রে যে অবস্থায় আছে সেই অবস্থা করতে তাদের যে খরচ করতে হয়েছে সেইসমস্ত কাজের জন্য তাদের কম্পেনসেশন দেওয়ার কোন প্রশ্ন এখানে উত্থাপিত হয় নি। মুসলিম হোল্ডার্সদের সম্পর্কে আমি জানি, আমার এলাকায় অনেক মুসলিম আছেন যাঁরা বাড়ি ছেড়ে চ'লে যেতে বাধ্য হয়েছেন। বিভিন্ন জায়গায় এ'রা বলছেন বাড়ি ফেরত দেবার এবং এমনকি অলটারনেটিভ এ্যাকোমোডেশন দেবার ব্যবস্থা হয়েছে; কিন্তু সেইসমস্ত মুসলিমদের অলটারনেটিভ এ্যাকোমোডেশনএর ব্যবস্থা যে কি হয়েছে তা আমরা জানি। দমদম এলাকায় বহু মুসলিম ভোটার ইলেকশনএর আগে আমার কাছে এসেছিলেন এবং পরেও এসেছেন এবং তাঁরা বলেছেন কোন কোন এলাকায়, যেমন দমদম এলাকায়, খড়দা থানা এলাকার যে বিল আছে তা যদি সংস্কার ক'রে উন্নত করা যায় তা হ'লে সেখানে বাস্তুহারা মুসলিমদের পুনর্বাসনের ব্যবস্থা সম্ভব হয়। কিন্তু কয়েক হাজার টাকার অর্থব্যয়েও সরকার সেই কাজ করতে চান না। আমরা জানি যেখানে কোটি কোটি টাকা খরচের ব্যাপার নেই সেখানে সরকার এগুতে চান না। আমি বলি, হয় মুসলিমদের সেখানে বসান, নতুবা বাস্তুহারাদের সেখানে বসান—অন্তত এইভাবে একটা সমস্যার সমাধান করুন। সেই স্পিরিট নিয়ে, সেইসমস্ত দিকে নজর রেখে যদি এই বিল আনা হ'ত তা হ'লে এই বিল মেনে নিয়ে আমরা আলোচনা করতাম। আজকে এমন একটা অবস্থা এসেছে যখন এই বিল আমরা ভালভাবে মানতে পারি না বা গ্রহণ করতে পারি না।

[2-40—2-50 p.m.]

Sj. Anandilall Poddar: Mr. Speaker, Sir, I rise on a matter of personal explanation. I was surprised to hear that the Leader of the Opposition, Shri Jyoti Basu and Shri Haridas Mitra and Shri Subodh Banerjee made charges against me, while speaking in this House, that the Bill is being amended and passed in the interest of myself and others.

Sj. Jyoti Basu: What were the charges?

Mr. Speaker: I do not know.

Sj. Jyoti Basu: There was no charge against him.

Sj. Anandilall Poddar:

জ্যোতিবাবু কালকে বলেছেন আমার ছয় কাঠা জমি ছাড়া হল না, কিন্তু আনন্দিলাল পোদ্দারের ৯০ বিঘা জমি ছাড়া হল।

Are these not charges at all? He should have enquired either from the public or from the Government or from myself who was here and he could have asked me. Not an inch of my land has been released, but what has happened, Sir, is that 90 bighas of land, belonging to a limited liability company of which I am a Director and a shoreholder, was being squatted upon on and from 6th February, 1950 and in 1954 the then Rehabilitation Minister, Shri Ajit Prosad Jain, made out a scheme that if anybody gives his land, he is prepared to give money for the building, he is prepared to transfer the squatters over there I wrote to my Company to offer them and we offered them ten bighas of land which was officially handed over in January, 1955 and the India Government has spent over 80 lakhs of rupees in building 384 tenements. The tenements are now ready, but these squatters have not been removed up till now. I also understand, Sir, that of those who have squatted on that property—although most of them hail from East Bengal—more than fifty per cent. were actually working in Calcutta before August, 1946, when the first wave of the riot came and in August, 1947, when Bengal was partitioned—they were all working—most of them in Government offices. ('Question', 'question' from Opposition benches.)

Sj. Suhrid Kumar Mullick Choudhury:

মিঃ স্পীকার, স্যার, এই বিল যখন এখানে এসেছে তার আগে তার একটু ইতিহাস দেওয়া দরকার। মাননীয় মন্ত্রী যিনি এই বিলটা এনেছেন, এঁর সঙ্গে ল্যান্ড-হোল্ডার্স এ্যাসোসিয়েশনএর যোগাযোগ থাকার কথা আমরা শুনি। তাঁদের কোন কোন সদস্য চেয়েছিলেন যে, তাঁদের জমি থেকে স্কোয়াটার্সদের সরিয়ে দিতে এবং তার জন্য বিগত মন্ত্রিমণ্ডলীর কাছে তাঁরা নানাভাবে প্রতিনিধি পাঠিয়ে আবেদন-নিবেদনও করেছিলেন। কিন্তু ইতিপূর্বে যিনি এ বিভাগের কর্তা ছিলেন তাঁর কাছ থেকে আমরা এ ধরনের বিল পাই নি। আমাদের নূতন মন্ত্রিমহাশয় এসে যে বিল এখানে উপস্থিত করেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি যে, জমিদারদের স্বার্থকে অক্ষুণ্ণ রাখবার জন্য তাঁর পক্ষ থেকে প্রচেষ্টা হচ্ছে। কিন্তু আনন্দের কথা যে বিরোধীপক্ষের সমালোচনার সম্মুখীন হয়ে তিনি কতকগুলো সংশোধন মেনে নিয়েছেন ব'লে বিলের খানিকটা রূপান্তর ঘটেছে। অথচ তা সত্ত্বেও কতকগুলো ঘটনা বা ব্যাপার আপনার সামনে আমি তুলে ধরতে চাই মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য। ডিসপ্লেসড পার্সন এই সরকার তাঁদের ব'লে থাকেন যাঁদের সম্পর্কে রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে মাঝে মাঝে সংজ্ঞা নিরূপণ ক'রে দেন। এঁদের সংজ্ঞা নিরূপণের ক্ষেত্রে আমরা দেখতে পাই যে, প্রথম দিকে রিফিউজি বা ডিসপ্লেসড পারসনএর সংজ্ঞা নিরূপণের ক্ষেত্রে সরকার একটা সহজ উপায় করেছিলেন। সেই উপায়ের মধ্যে ছিল যে, যদি কোন ডিসপ্লেসড পারসন পূর্ববাংলা থেকে এদেশে আসেন এবং এঁরা স্কোয়াটার্স হিসেবে থাকেন তা হ'লে তাঁদের এফিডেভিট করলেই কাজ স্বীকার ক'রে দিতেন, এবং সার্টিফিকেট দিতেন তা হ'লে তাঁরা ডিসপ্লেসড পারসন অথবা রিফিউজি হতে পারতেন! কিন্তু তারপরে আমরা দেখেছি, প্রতি দু' বছর অন্তর অথবা বছর বছর তাঁদের নীতির পরিবর্তন হচ্ছে। বর্তমানে আমরা দেখতে পাচ্ছি উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ যে "রিফিউজি ক্যাটিগরী" অথবা ডিসপ্লেসড পারসন ক্যাটিগরী স্থির করেছেন সেই সংজ্ঞাকে এমনভাবে সংকুচিত করা হয়েছে যে তার আওতার মধ্যে রিফিউজি বা ডিসপ্লেসড পারসন খুব কম সংখ্যক লোক পড়ে। এই সংজ্ঞা নিরূপণের ক্ষমতা বিভাগীয় উচ্চপদস্থ কর্মচারীদের হাতে দেওয়ার ফলে কংগ্রেসের কিছু লোক এবং কর্মচারীদের পেটোয়া কিছু ব্যক্তিদের ভাগ্যই প্রসন্ন হয়েছে। আনন্দীলাল পোদ্দার মহাশয় এইমাত্র বললেন যে, কলোনীতে রিফিউজি অর ডিসপ্লেসড পারসন না হয়েও বহু সরকারী কর্মচারী ডিসপ্লেসড পারসন বা রিফিউজি ব'লে রয়েছেন,

সেক্ষেত্রে আমার কথার প্রমাণই তিনি দিচ্ছেন। অর্থাৎ কংগ্রেস ও সরকারী কর্ত্তৃপক্ষের পক্ষ থেকে এমন কিছু কিছু লোক স্কোয়াটার হিসেবে এইসমস্ত স্কোয়াটার্স কলোনীতে রয়েছেন যাঁদের সরকারী সাহায্যে সেখানে বসবাস করানোর ব্যবস্থা করা হয়েছে।

[2-50—3 p.m.]

অথচ যারা যথার্থ রিফিউজি, যারা যথার্থ ডিসপ্লেসড পারসন তাদের সেখানে স্থান পাওয়া দুর্লভ হয়েছে। এদের সম্পর্কে ব্যবস্থা বিলের মধ্যে থাকলে ভাল হ'ত। রিফিউজি ও ডিসপ্লেসড পারসন না হয়েও সরকারের বিভাগীয় কর্তৃপক্ষের খেয়ালখুশিমত তাদের পৃষ্ঠ-পোষকতায় ও কংগ্রেসের দলপোষণের নামে কেউ কেউ স্কোয়াটার্স কলোনিতে স্থান পেয়ে থাকেন, তাদের দূর করবার ব্যবস্থা থাকা উচিত ছিল। কিন্তু তা থাকবে না, কারণ তারা সরকারের সমর্থক পক্ষ থেকে এসেছেন ব'লে সেটা সম্ভবপর হয় না। যা হোক, আমার মনে হয় এই বিলে স্কোয়াটার্সদের তুলে দেবার ব্যাপারে যে সংশোধন করেছেন তারপরে একটা প্রশ্ন থেকে যাবে। কাদের হাতে এই ব্যবস্থার ভার দিচ্ছেন? আগে কম্পিটেন্ট অথরিটির ওপর এই ভার দেওয়া ছিল, কিন্তু এখন ব্যুরোক্রেটিক গভর্নমেন্টএর নিদর্শন হিসেবে অফিসারসদের হাতে সমস্ত ক্ষমতা নিয়ে যাওয়া হচ্ছে এই বিলের মারফতে। আমরা দেখেছি, রিফিউজিদের মধ্যে কেউ যদি কোন আবেদন পাঠিয়েছে অফিসারদের কাছে, অফিসারবা সেসব আবেদনের কখনও দু' বছর, কখনও তিন বছর, কখনও বা চার বছর ধ'রেও তার কোন সুরাহা করতে পারেন নি, এমনকি উত্তর পর্যন্ত দেন নি। সুতরাং কম্পিটেন্ট অথরিটির হাতে যে ব্যাপার ছিল তাদের হাত থেকে সেটা স্টেট গভর্নমেন্টএর নিজের হাতে নিয়ে আসবার ফলে দেখা যাবে স্কোয়াটার্সদের ভাগ্যের কোন পরিবর্তন হয় নাই। শুধু আমরা দেখতে পাব তাদের সরিয়ে দেওয়া হবে জমি থেকে এবং তারপরে তারা বাধ্য হবে সেইসমস্ত অফিসারের কাছে ধর্ণা দিতে দিনের পর দিন। এইভাবে তারা প্রচুর অর্থব্যয় করতে বাধ্য হচ্ছে এবং ভবিষ্যতে আরও বেশি অর্থব্যয় করতে বাধ্য হবে। সুতরাং যে সংশোধনী এসেছে, আমরা মনে করি এর দ্বারা ডিসপ্লেসড্ পার্সনস অথবা রিফিউজি স্কোয়াটার্স যারা আছে তাদের কেসের সুরাহা করা যাবে না।

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I have tried to explain the provisions of this Bill to this House on more than one occasion. In my introductory speech I tried to explain the main changes that are sought to be made. Then we had discussed with various members of the Opposition and even some time back I explained the new changes that have been introduced. Therefore, Sir, it would not be perhaps necessary to waste the time of the House in covering the same ground again and I shall not try to do so.

I find, Sir, that on the occasion of this debate not only the specific clauses of this very limited Act have been brought under discussion but practically there has been a discussion about the policy of the Government regarding refugee rehabilitation. Sir, I quite appreciate the anxiety of the Opposition members about the proper rehabilitation of these displaced persons but at the same time, Sir, I submit that the department of which I am in charge has merely taken charge of this Bill because it happens to be in relation to land. When the whole policy of refugee rehabilitation has to be discussed, it has to be discussed on a different occasion and I am sure my friend the Hon'ble Refugee Minister will deal with all the specific cases mentioned in the course of this debate. Therefore, I would not also go into that. Lastly, Sir, I want to add a few words about the comments that have been offered by Mr. Suhrid Mullick Chowdhury. He has said that the previous Minister who held charge of this portfolio had never thought of bringing out such a Bill. May I remind him that I am only enacting the Ordinance that was passed some time back by my predecessor? He has said that I happen to be a member of the landholders organisation and he has heard that some landlorders' organisation had applied to the Government

for quick eviction to get back their lands. Sir, this Act is on the Statute Book from 1951 and I am not aware when the landholders applied. At least I do not find any letters in Government files. About the other point, Sir, that I happen to be a member of the landholders' association, I can only say that had he not been speaking in this House under the protection of this House and as a member of this House, I would have fillled that a filthy lie

Point of Order

Sj. Deben Sen: On a point of order, Sir. Is this phrase 'filthy lie' parliamentary?

The Hon'ble Bimal Chandra Sinha: It is certainly parliamentary. Therefore, I said 'had he not been a member of this House . . ....

Sj. Deben Sen: You have used that phrase..... .....

The Hon'ble Bimal Chandra Sinha: That is absolutely parliamentary. I can show you.

Sj. Deben Sen: I am raising a point of order. I am not asking for any reply from you. My point of order was..........

Mr. Speaker: I know your point of order. It it had been directed against any particular member, surely I would have disallowed it. It is a general statement, that statement has been made without reference to any member. As a matter of fact, I always dislike use of strong language in the House. But perhaps what the Hon'ble Minister considered filthy was that he himself was a member of that association. In any case I think it was not directed against anybody—either the Minister or anybody else in the House but I always dislike strong language.

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

তাহলে আপনি বলছেন
filthy lie parliamentary.

Mr. Speaker: I have never said that 'filthy lie' is parliamentary. It was not directed against anybody.

Sj. Sudhir Chandra Ray Choudhuri: It was most certainly directed against a particular member in a round-about way in this House. If you allow this, it will be repeated by us.

Sj. Deben Sen: Mr. Speaker, Sir, will you kindly look into the language used by the Hon'ble Minister—what is the language?

Mr. Speaker: I shall look into the proceedings and I shall see.

Sj. Sudhir Chandra Ray Choudhuri: Why should you next time, why not now? It is a very important matter.

The Hon'ble Bimal Chandra Sinha: If you so desire, I can withdraw the words straightaway. Sir, I can show any number of instances in May's Parliamentary Practice where very experienced parliamentarians including Mr. Churchill had exactly used this phrase 'that had not the honourable member as an honourable member of the House said so'. So I have exactly followed that.

Sj. Deben Sen: I have also read May, I have not seen any such example.

The Hon'ble Bimal Chandra Sinha: I have no objection to withdraw if the honourable member so desires, but the attack was most unwarranted.

Mr. Speaker: You may withdraw this as a strong language but I will equally remind other members not to directly or indirectly attack. It is well-known that Mr. Sinha belongs to the landholders' class but he is not a member of the landholders' organisation.

Sj. Suhrid Mullick Choudhury: On personal explanation Sir, আমি আপনার কাছে আমার বক্তব্য বলতে গিয়ে বলেছি যে, মাননীয় বিমল সিংহের সঙ্গে ল্যান্ড-হোল্ডার্স অ্যাসোসিয়েশনএর যোগাযোগ আছে ব'লে শুনেছি। ল্যান্ড-হোল্ডার্স অ্যাসোসিয়েশনএর পক্ষ থেকে বহুদিন থেকে একটা প্রচেষ্টা চলেছে সেখানে যেসমস্ত জমিদারদের জমি উদ্বাস্তুরা অধিকার ক'রে রয়েছে সে সম্পর্কে সরকার যাতে জমিদারদের ফিরিয়ে দেন তারই জন্যে আন্দোলন করা হচ্ছে। তিনি বলেছেন, সে সম্পর্কে তিনি কাগজপত্র দেখেন নি। কিন্তু, স্পীকার মহাশয়, আপনি যদি আমাকে সুযোগ দেন তা হ'লে আমি দেখাব এইসমস্ত জমিদারদের উদ্যোগে অনুষ্ঠিত সভায় মন্ত্রী শ্রীকালীপদ মুখার্জি, শ্রীপ্রফুল্ল সেন, শ্রীবিমল সিংহ ও কংগ্রেস-অধিপতি শ্রীঅতুল্য ঘোষ মহাশয় যোগদান ক'রে তাঁদের বক্তব্য শুনেছেন। খবরের কাগজের রিপোর্ট আমার কথার সত্যতা প্রমাণ করবে। তা ছাড়া উদ্বাস্তু বিভাগের মন্ত্রি-মহাশয়ের কাছে কয়েকটি জমিদার গিয়েছিলেন এবং সেখানে সে সম্পর্কে কথাবার্তা হয়েছে।

Mr. Speaker:

কোন জমিদার যদি গিয়ে থাকেন তা হলে ল্যান্ড-হোল্ডার্স অ্যাসোসিয়েশনএর প্রতিনিধি হিসেবে— -

Sj. Suhrid Mullick Chowdhury:

স্যার, আমি চ্যালেঞ্জ করতে পারি।

Mr. Speaker: I do not allow this matter to be discussed further

Sj. Bankim Mukherjee: Mr Speaker, Sir, whatever be in May's Parliamentary Practice, in our Assembly 'lie' is said to be unparliamentary

Mr. Speaker: Mr Mukherjee I have made the position perfectly clear Leaving May's Parliamentary Practice alone, I have sufficiently expressed myself I say I dislike strong language and all honourable members will please refrain from using such language

Now, I am putting amendments Nos. 1 and 2

[3—3-10 p.m]

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957.

The motion of Dr. Suresh Chandra Banerjee that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

AYES -84.

Abdulla Farooquie, Janab Sha'kh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Bose, Sj. Jagat
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Durgapada
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Das, Sj. Sunil
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar

Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjkta. Labanya Prova
Golam Yazdani, Dr.
Gupta, Sj. Sitaram
Halder, Sj. Ramanuj
Hamai, Sj. Bhadra Bahadur
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Kinar, Sj. Hare Krishna
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Sj. Satyendra Narayan
Misra, Sj. Monoranjan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Rai, Sj. Deo Prakash
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Ray Choudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Bhakta Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy Choudhury, Sj. Khagendra Kuma
Saha, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan
Singh, Sj. Dasarathi

NOES—127.

Abdul Hameed, Hazi
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blancho, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjkta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, Sj. Byomkes
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mukherjee, Sj. Pijus Kanti
Mukherji The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath

Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad

The Ayes being 84 and the Noes 127, the motion was lost.

Mr. Speaker: The other motions fall through

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 2A

Dr. A. A. M. Obaidul Ghani: Sir, I beg to move that after clause 2, the following new clause be inserted, namely,—

> "2A. In sub-clause (a) of clause (1) of section 2 of the said Act, the words 'on or before the 31st day of December, 1950' shall be omitted."

Sir, the amendment that I have moved appears, to my mind, to be a very modest one and simple one because I cannot understand in what way the Hon'ble Minister has selected that fateful day—the 31st December 1950—as the date which drives a wedge amongst the refugees, separating those who came before that date and those who came after that date. Sir, there are many points which I would like to submit as against this arbitrary decision. First of all, I would like to say that so far as I know it seems to be contrary to the conception of the Union Government to make any distinction between these two terms—there I have not found any distinction made between refugees and displaced persons depending upon any date. Here as the problem really affects this State and affects it in a very special way, I would submit to the House that this arbitrariness should be taken into full consideraton before passing this Bill. If we want to put in some sort of circumscription only from the point of view that the problem is a huge, vast and ever-growing one, if we want to wriggle out of this vastness, then we can put in any arbitrary date. But I would request the Hon'ble Minister

to cite any great event, any great magic, that took place on that date which changed the whole problem so much that all those unfortunate people, who happened to cross the border after that date, are to be denied any benefits which this Bill proposes to give to others. So far as the deletion of this little clause, limiting the date, is concerned, I would request all honourable members of the House, to rise above all party considerations to think over this aspect of the question, that we are dealing not with any time-barred event, but with a huge problem which is almost a national problem and which has taken place as a result of all those forces of history which have been acting and reacting on us during the last thirty or forty years or even more. This problem has taken shape as a result of all that. The refugees are not responsible for being refugees. They are not responsible for the fact that they had to come over to this side of the border after a certain date

[3-10—3-20 p.m.]

What I say is, that things happened after 1947, in fact some time before it, which led to this mass up-rooting of humanity from various parts of Indian subcontinent. Unfortunately this Bill dates from the 31st December, 1950, that very year in the earlier part of which farther events happened in East Pakistan which enhanced the flow of refugees from that State to this State. What I expected was that as a result of their taking the history more objectively, the Government should have realised that if there was any improvement in the conditions of the minorities of the two States, then that had definitely taken a bad turn since the events of 1950, and that effect is still continuing in spite of certain facts which perhaps helped saving the situation from getting worse But the flow of refugees persists and as such I would request the House to consider the dropping of that specific date or time-limit, because I fail to understand any utility of that and because it will give benefit to a large number of refugees who would otherwise be deprived for no fault of theirs. That will certainly imply an amendment to the definition of the term. But at the same time I think that it will help in the solution of the squatters' problem in its totality. In fact upto date, as is evident from the Government records, as shown by the Statement of the Hon'ble Minister, a very small amount of this problem has so far been solved. The Hon'ble Minister has the other day given us a further limitation of the benefit, saying that it would only go to those refugees who have submitted proper and regular applications within that date. Unfortunately some refugees have missed that date. They are not getting any such benefit as those refugees who came here before that date. This limitation did not help in the solution of the problem. The problem is getting bigger and bigger every day. It has grown much bigger than what the Government has so far shown. The only solution or rather the only attempt at solution would be to take this matter up in its totality, to try to solve it from a more humane, from a more national and from a more integral point of view rather than from the point of view of any time limit. In fact I do believe that the amendment that I am submitting to the House today is above all contradictions, above all controversies. I would request all honourable members to take it from that point of view, and see that they can delete that artificial time limit and make this Bill an all-embracing means of solution of the problem, as a whole.

Thank you, Sir.

Dr. Suresh Chandra Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আমি মিঃ গণির সংশোধনী প্রস্তাব সমর্থনে দু-একটা কথা বলতে চাই। ১৯৫১ সালে এই আইন পাশ হয়েছিল। সেজন্য তখন ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত সময়ের কথা বলা হয়েছিল। তখন যদি ১৯৫১ সাল না হয়ে ১৯৫৪ সাল হ'ত, তা হ'লে

১৯৫৩ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত সময় দেওয়া হ'ত। আমাদের কারও ইচ্ছা নেই, এবং ঐ কংগ্রেসদলও এমন ইচ্ছা করতে পারেন না, যে পূর্ববঙ্গ থেকে আগত কোন লোক উদ্বাস্তু ডেজিগনেশন থেকে বাদ পড়ে। কারণ আমরা সকলেই উদ্বাস্তুদের প্রতিশ্রুতি দিয়েছিলাম এবং তারিখ নির্দিষ্ট ক'রে দিই নি। তখন বলেছিলাম যে দেশ বিভাগের ফলে পূর্ববঙ্গ থেকে যদি কোন লোক পশ্চিম বাংলায় আসতে বাধ্য হয় এবং সে যখনই আসুক না কেন, তাকে আমরা এখানে আশ্রয় দেব। সুতরাং এখন যদি ১৯৫৭ সালে আমরা এই কথা বলি যে ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত যারা এসেছে তারাই কেবল উদ্বাস্তু ব'লে গণ্য হবে, আর এর পরে যারা এসেছে তারা উদ্বাস্তু ব'লে গণ্য হবে না, সেটা গুরুতর অন্যায় হবে এবং যে কথা আমরা পূর্বে দিয়েছিলাম তার খেলাপ হবে। সুতরাং আমি এই হাউসকে অনুরোধ করছি, তাঁদের পূর্ব-প্রতিশ্রুতি স্মরণ ক'রে এই সংশোধন প্রস্তাব গ্রহণ করতে। এটা অতি ন্যায়সঙ্গত প্রস্তাব, এবং এই প্রস্তাব আমাদের গ্রহণ করা উচিত।

Sj. Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, এই যে অ্যামেন্ডমেন্টটা মুভ করা হয়েছে, এই অ্যামেন্ডমেন্টটা সমর্থন ক'রে আমি দু-একটা কথা বলতে চাই। আমি খুব সংক্ষেপে বলব। ১৯৫১ সালে যখন এই আইন পাস হয় তখন হয়তো এই ধারণা ছিল যে, ১৯৫০ সালের মধ্যে অধিকাংশ উদ্বাস্তু যারা পূর্ববঙ্গ থেকে আসবে তারা এসে যাবে। কিন্তু ঘটনাচক্রে দেখছি ১৯৫১ সালে কম বাস্তুহারা এল। ১৯৫২, '৫৩, '৫৪ সালে পরপর বছর আমরা দেখছি উদ্বাস্তুর সংখ্যা ক্রমশ বেড়ে চলেছে এবং ১৯৫১ সালের চেয়ে অনেক বেশি এসেছে। যদি আমরা এখানে একটা টাইম লিমিট করি, অর্থাৎ ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বরের মধ্যে যারা অন্যের ঘরবাড়ি আনঅথরাইজড্ অকুপেশন বা জমি দখল ক'রে থাকবে কেবল তাদের ক্ষেত্রেই এই আইন চালু করি তা হ'লে দেখা যাবে অনেক ক্ষেত্রে যারা এখন বোনাফাইডি রিফিউজি, যদিও তাদের ১৯৫১ সালের বর্ডার স্লিপ আছে ও অন্যান্য কাগজপত্র দিয়ে প্রমাণ করতে পারে যে সে বোনাফাইডি ডিসপ্লেসড্ পার্সন, তা হলেও তার সেই বাড়ি থেকে অন্য জায়গায় পুনর্বাসনের সুযোগ না দিয়ে উচ্ছেদ করবার চেষ্টা হচ্ছে। বিশেষ ক'রে কোর্টএ হাওড়ার আশেপাশে যেসমস্ত মামলা হয়ে গিয়েছে তার বিভিন্ন ক্ষেত্রে কমপিটেন্ট অথরিটির ক্ষমতা না থাকার দরুন সমস্ত ডকুমেন্ট প্রডিউস ক'রে তাকে স্যাটিসফাই করতে পেরেছে যে সে বোনাফাইডি রিফিউজি; তা সত্ত্বেও বিভিন্ন জায়গায় কোর্টএ মামলা করতে গিয়ে দেখেছি সমস্ত রকম বোনাফাইডি ক্যারাকটার থাকা সত্ত্বেও যেহেতু আইনের মধ্যে একটা টাইম লিমিট ক'রে দেওয়া হয়েছে তার জন্য বহু সত্যিকারের যারা উদ্বাস্তু তারা বঞ্চিত হচ্ছে। বর্তমান আইনে এই টাইম-লিমিট রাখার কোন যৌক্তিকতা আছে ব'লে আমি মনে করি না। আজকে তাদের পুনর্বাসন করানো যদি সত্যই সরকারের উদ্দেশ্য হয়ে থাকে তা হ'লে আরবিট্রারিলি ডেট লাইন কেন ঠিক ক'রে দিলেন? বিভিন্ন কলোনি বা স্কোয়াটার্স কলোনি বা বিভিন্ন পরিত্যক্ত বাড়িতে যারা আশ্রয় গ্রহণ ক'রে রয়েছে তাদের বেলায় এই আইন গ্রহণ করার কি অজুহাত বা যুক্তি থাকতে পারে তা আমি বুঝি না। অনেক ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, হাওড়া অঞ্চলে বহু জায়গায় অনেক পোড়ো বাড়ি আছে এবং সেগুলি ১৯৫১-৫২ সাল থেকে রিফিউজিরা দখল ক'রে বসবাস করছে। কলকাতার বিভিন্ন অঞ্চলে এবং চব্বিশপরগনার বিভিন্ন অঞ্চলে এইরকম ধরনের বহু পোড়ো বাড়ি উদ্বাস্তুরা দখল ক'রে বাস করছে। উদ্বাস্তু হিসাবে ১৯৫০ সালের ভিতর যারা এসেছে তারা যতখানি ক্ষতিগ্রস্ত হয়েছে পূর্ববঙ্গ ছেড়ে আসায়, ঠিক তেমনি ক্ষতিগ্রস্ত হয়েছে সেইসমস্ত উদ্বাস্তুরা যারা ১৯৫১-৫২ সালে পূর্ববঙ্গ থেকে চ'লে আসতে বাধ্য হয়েছে তাদের সর্বস্ব হারিয়ে। কাজেই এই ডেট-লাইন দেওয়ার কোন সত্যিকারের যুক্তি নেই। সত্যিকারের যদি তারা ডিসপ্লেসড্ পার্সন হয়ে থাকে, যদি তারা বোনাফাইডি ডিসপ্লেসড্ পার্সন হয়ে থাকে, তা হ'লে নিশ্চয়ই তাকে তার আনঅথরাইজড্ অকুপেশন থেকে সরাবার পূর্বে ল্যান্ড, হাউস-বিল্ডিং লোন প্রভৃতি দেওয়ার ব্যবস্থা করা উচিত। তার আগে কখনই তাকে তার জমি বা বাড়ি থেকে উচ্ছেদ করা উচিত নয়। আমার মনে হয়, এদিক দিয়ে এটা রাখবার কোন যুক্তি নেই। সুতরাং মিঃ গণি যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা গ্রহণ করবার জন্য আমি হাউসএর সমস্ত সদস্যদের সমর্থন পাবার জন্য জানাচ্ছি।

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I would have been happy if I could accept this amendment. But so far as I know this Act is only for a specific purpose. It has a very limited objective in view and it is an expiring Act. Besides, there are thousands and thousands of cases which are to be dealt with by the Government and there are many many squatters colonies and many many refugee areas which are demanding satisfactory solution. Therefore when the Act is a very limited one and is due to expire next year, I believe no purpose would be served by accepting the amendment. I am sure that the suggestions made by the honourable members of the House would be considered by the Refugee Department when they will tackle the problem as a whole.

The motion of Dr. A. A. M. Obaidul Ghani that after clause 2, the following new clause be inserted, namely,—

> "2A. In sub-clause (a) of clause (1) of section 2 of the said Act, the words 'on or before the 31st day of December, 1950' shall be omitted."

was then put and lost.

Mr. Speaker: The next amendment motion I am taking to be moved.

Sj. Samar Mukhopadhyay: Sir, I beg to move that after clause 2, the following new clause be inserted, namely,—

> "2A. In sub-clause (a) of clause (1) of section 2 of the said Act, for the words "31st day of December, 1950' the words '31st day of December, 1956' shall be substituted."

The motion was then put and lost.

[3-20—3-30 p.m.]

Clause 3.

Mr. Speaker: Government is not pressing this clause. The question that clause 3 do stand part of the Bill was then put and lost.

Clause 4.

Mr. Speaker: Sj. Apurba Lal Majumdar's amendment is out of order.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 4A.

Sjkta. Mani Kuntala Sen: Sir, I beg to move that after clause 4 the following new clause be inserted, namely—

> "4A. In sub-section (2) of section 3 of the said Act, the words 'and pay to the owner compensation for unauthorised occupation' shall be omitted."

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫১ সালের এই সম্বন্ধে যে অ্যাক্ট সেই অ্যাক্টএ আমি কিছুটা পরিবর্তনের জন্য বলছি। আমার পরিবর্তন হচ্ছে, ৩নং ক্লজএর ২নং উপধারায় যেখানে আছে "shall pay to the owner compensation for unauthorised occupation" এটা তুলে দেবার জন্য আমি এই অ্যামেন্ডমেন্টটা এনেছি। এই বিষয়ে অবশ্য অনেক কথা আছে। আমি আশা করেছিলাম মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন, কিন্তু দুঃখের বিষয় তিনি গ্রহণ করছেন না। এখন ভারতবর্ষ স্বাধীন হয়েছে। পূর্ব পাকিস্তানের লোকেরা যথেষ্ট কম্পেনসেশনএর খেসারত দিয়েছেন। ঘরবাড়ি, সম্পত্তি সব ছেড়ে চ'লে এসে তাঁরা যথেষ্ট কম্পেনসেশন খেসারত দিয়েছেন। এ'রা কেন উলটো আবার কম্পেনসেশন দেবেন? কথা ছিল যারা পূর্ববঙ্গ থেকে চ'লে আসবে তাদের দায়িত্ব নিয়ে গভর্নমেন্ট তাঁদের বসবাসের ব্যবস্থা

ক'রে দেবেন। এখন মন্ত্রিমহাশয় একটা মৌখিক বিবৃতি দিয়েছেন। এই বিবৃতিতে আমি সন্তুষ্ট নই। তাঁর মৌখিক বিবৃতিতে আমরা নিশ্চিন্ত থাকতে পারি না, মৌখিক বিবৃতি তিনি যা দিয়েছেন তার খুব বেশি মূল্য নাই। কাজেই আমার মনে হয়, এটা চিন্তা করা দরকার, যেসমস্ত কলোনিতে তারা নিজেরা বসতি স্থাপন করেছে, ঘরবাড়ি তুলেছে, তাদের কোন্ নীতিতে আপনারা বলবেন—তোমরা চ'লে যাও; এবং তারাই বা কেন কম্পেনসেশন দেবে? যেসমস্ত জায়গাগুলি জলা ছিল, জঙ্গল ছিল, বাঁশবন ছিল, দিনদুপুরে শেয়াল ডাকত—মন্ত্রিমহাশয় এগুলি না জানেন তা নয়, তাঁর নিজের এরকম বহু জমি প'ড়ে আছে—এইসমস্ত জায়গা উদ্বাস্তুরা নিজেদের পরিশ্রমে ও টাকা-পয়সায় উন্নত করেছে। এইসমস্ত জায়গার জন্যে কেন তারা ক্ষতিপূরণ দেবে আমি বুঝতে পারি না। তারা সবরকমে ক্ষতিগ্রস্ত হয়েছে, পূর্ববঙ্গের সবকিছু গেল, ছ' বৎসরের পরিশ্রম গেল, অর্থ গেল। যে জমি তারা পরিশ্রম ও অর্থব্যয় ক'রেও পেল না সেই জমিরই জন্য তারা ক্ষতিপূরণ দেবে? যে ঘরবাড়ি তুলেছিল সেগুলিও গেল; এর জন্যই কি ক্ষতিপূরণ দেবে ল্যান্ডলর্ডকে? আমার মনে হয় ক্ষতিপূরণ তাদেরই পাবার কথা সরকার থেকে, ল্যান্ডলর্ড তাদের ক্ষতিপূরণ দেবে। যে ল্যান্ডএ তারা আছে সেই ল্যান্ড তারা উন্নত করেছে। তারা পূর্ববঙ্গের ঘরবাড়ি ছেড়ে চ'লে এসেছে। এটা যদি গভর্নমেন্টএর ভুলে হয়ে থাকে গভর্নমেন্ট তাদের ক্ষতিপূরণ দেবে। উদ্বাস্তুরা সেইসমস্ত জায়গায় ছিল বই কিছু নষ্ট করে নি। আপনারা তাদের জন্য হাউস-বিল্ডিং লোনএর ব্যবস্থা করতে পারেন নি। তারা যদি হাউস-বিল্ডিং লোন পেত তা হ'লে কবে ছেড়ে চ'লে যেত। তারা করপোরেশনএর ভাঙ্গাবাড়িতে বছরের পর বছর থেকেছে। করপোরেশন থেকে ডিমলিশএর অর্ডার হয়েছে, তারা আপনাদের কাছে বারবার দরবার করেছে। এই অবস্থায়ও আপনারা কিছুই ব্যবস্থা করেন নি। অকল্যান্ড হাউসএর গড়িমসি ও অকর্মণ্যতার জন্যই এই অবস্থা হয়েছে। এ তো গেল করপোরেশন এলেকার কথা, কলোনিগুলির ক্ষেত্রেও একই ব্যাপার। অর্পণপত্রের ব্যাপারে গড়িমসির কথাও আজ অজানা নাই। ছ' বৎসরের মধ্যে কোন মূল সমস্যার সমাধান হ'ল না, কিন্তু কার দোষে হ'ল না? এজন্য উদ্বাস্তুরা খেসারত দেবে কেন? হিউম্যানিটি এবং জাস্টিসএর দিক থেকে বিচার করবার জন্য আমি আবেদন জানাই এবং এই সংশোধনী গ্রহণ করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করি।

[3-30—3-40 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, শ্রীযুক্ত মণিকুন্তলা সেন যে সংশোধনী প্রস্তাব এনেছেন সে সম্বন্ধে আমি দু-একটি কথা বলব। ১৯৫১ সালে যখন প্রথম এই অ্যাক্ট হয় তখন আমরা ভাবতে পারিনি যে ১৯৫৭ সালে আবার আমাদের এ সম্বন্ধে আলোচনা করতে হবে। আমরা ভেবেছিলাম ২-১ বছরের মধ্যে গভর্নমেন্ট সব ব্যবস্থা ক'রে ফেলবেন। উদ্বাস্তুদের বসতি স্থাপনের যাবতীয় ব্যবস্থা করবেন ব'লে আমরা আশা করেছিলাম। কিন্তু যে কারণেই হোক, এই কাজ হয় নি এবং তার জন্য সরকারই দায়ী। এখন গরীব ও অসহায় উদ্বাস্তুরা ক্ষতিপূরণ দেবে এর অর্থ কি? প্রথম কথা হচ্ছে, তারা সর্বস্বান্ত হয়ে এসেছে। বঙ্গবিভাগের সময় আমরা তাদের বলেছিলাম, আমরা তোমাদের পেছনে আছি, তাই তারা সব ছেড়ে ছুটে চলে এসেছে। তাদের দোষ নেই, তারা কোন অপরাধ করে নি। তখন আশ্বাস দেওয়া হয়েছিল কংগ্রেস গভর্নমেন্ট দায়িত্ব নিয়ে ঘরবাড়ি দিয়ে, জমিজায়গা দিয়ে, টাকাপয়সা দিয়ে সব ব্যবস্থা ক'রে দেবেন, কিন্তু তা তাঁরা করেন নি। এখন তাদের কাছ থেকে কমপেনসেশন আদায় করার ব্যবস্থা করা হচ্ছে, অথচ অন্য কোন প্রয়োজনীয় ব্যবস্থা গভর্নমেন্ট করতে পারেন নি। এ একটা যেন পরিহাসের ব্যাপার। যাদের শতকরা আশিজন বেকার, যারা দুবেলা পেট ভ'রে খেতে পাচ্ছে না তাদের উপর লোনের বোঝা, ক্ষতিপূরণের বোঝা চাপানো হচ্ছে। এর কনসিকোয়েন্স কি হবে? সুতরাং শ্রীযুক্তা মণিকুন্তলা সেন ঠিকই বলেছেন, ১৯৫১ সালে এটা প্রযোজ্য ছিল in the year 1957 it is not at all applicable.

সুতরাং আমি গভর্নমেন্টের কাছে আবেদন করছি যে এই কম্পেনসেশন যদি দিতে হয় তবে সরকারের দেওয়া উচিত। যাদের জমিতে উদ্বাস্তুরা বাড়িঘর করেছে তাদের কম্পেনসেশন যদি দিতে হয় তা হ'লে সেটা গভর্নমেন্টেরই দেওয়া উচিত। কোন অবস্থাতেই উদ্বাস্তুদের ঘাড়ে তা চাপানো উচিত নয়।

Sj. Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, আমার এ্যামেন্ডমেন্ট নং ২১তে রয়েছে

after clause 4 the following new clause be inserted, namely,—

"4A. After sub-section (5) of section 3 of the said Act, the following new sub-section shall be inserted, namely:—

'(6) Within three months from the order of the Competent Authority passed under section 3(3), the State Government shall provide the person with alternative accommodation, amenities or otherwise as per order of the Competent Authority, and pending the providing of the same no portion of the order of the Competent Authority be executed.' "

মিঃ স্পীকার স্যার, আমার মনে হয় এই ক্লজটা বিশেষ গুরুত্বপূর্ণ। গুরুত্বপূর্ণ এইজন্য বলছি যে এই আইনের মুখ্য উদ্দেশ্য হচ্ছে বাস্তুহারাদের জমি এবং বাসস্থানের ব্যবস্থা ক'রে দেওয়া, পুনর্বাসনের সুযোগ ক'রে দেওয়া। যদিও আইনের ৪ ধারায় প্রোটেকশন দেবার ব্যবস্থা আছে কিন্তু আমরা দেখি যে কম্পিটেন্ট অথরিটি যে রায় দেন সেই রায় বছরের পর বছর প'ড়ে থাকে, সেই রায় কার্যকরী হয় না। তার ফল এই দাঁড়ায় যে তাঁরা যে কমপেনসেশন এ্যাসেসমেন্ট করেন, সেই কমপেনসেশন এ্যাসেসমেন্টের সংখ্যা এত বেশি বেড়ে যায় যে তা বাস্তুহারাদের দেবার ক্ষমতার বাইরে চ'লে যায়। বিশেষ ক'রে কমপিটেন্ট কোর্ট যখন সরকারের দৃষ্টি আকর্ষণ করেন যে এদের পুনর্বাসনের ব্যবস্থা ক'রে দিতে হবে তখন অনেক ক্ষেত্রে আমরা দেখতে পাই যে তাদের সেই রায় সরকার গ্রহণ করেন না এবং সেই রায় অনুসারে তাদের পুনর্বাসনের কোন সুযোগ তাঁরা দেন না, কোন ল্যান্ড অফার করেন না। আমি কতকগুলি কেস আপনার কাছে উত্থাপন করছি। যেমন ধরুন, কেস নম্বর ৭২ অব ১৯৫১, হাফিজ বিবি। ৭নং জাননগর রোডের বাড়ি খালি করার জন্য কমপিটেন্ট কোর্টএ নালিশ করা হ'ল, ১০৪ নম্বর সদরবক্স লেনের বাড়ি ২৩-১২-৫২ তারিখে মামলা করা হ'ল খালি করবার জন্য। সেই মামলার রায় হ'ল যে, ওখান থেকে সরিয়ে নিয়ে যাও এবং কম্পেনসেশনও অ্যাসেস ক'রে দেন ১৯৫২ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত। এই পাঁচ বছরের মধ্যে কম্পেনসেশন বেড়ে কয়েকশো টাকায় রূপান্তরিত হয়েছে। কাজেই আমরা দেখছি, এখনও এমন ক্ষমতা আছে যে জমিদার ইচ্ছা করলে সেই টাকা কোর্টএর মাধ্যমে একজিবিট ক'রে আদায় করতে পারেন। সরকার নূতন যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেই অ্যামেন্ডমেন্টএর মধ্য দিয়ে তাঁরা বলতে চাচ্ছেন যে পাবলিক ডিমান্ডস রিকভারি অ্যাক্ট অনুসারে সেই টাকা উদ্বাস্তুদের কাছ থেকে আদায় করা হবে। এখানে সিভিল কোর্টএর ফাংশন শেষ হয়ে যাচ্ছে এবং একজিকিউটিভ ওয়েতে সেই টাকা উদ্বাস্তুদের কাছ থেকে আদায় করবার ব্যবস্থা হচ্ছে। কমপিটেন্ট কোর্ট রায় দেওয়া সত্ত্বেও এবং তাদের পুনর্বাসনের নির্দেশ দেওয়া সত্ত্বেও দীর্ঘ পাঁচ বছরের মধ্যে সরকারের তরফ থেকে তাদের পুনর্বাসনের কোন সুযোগ দেওয়া হয় নি এবং আজকে একসঙ্গে যদি পাঁচ বৎসরের সমস্ত ক্ষতিপূরণের টাকা সরকারপক্ষ থেকে পাবলিক ডিমান্ডস রিকভারি অ্যাক্ট অনুসারে আদায় করার ব্যবস্থা হয় তা হ'লে উদ্বাস্তুরা বাধ্য হবে ওখান থেকে পালিয়ে যেতে এবং এই বিলের যা মুখ্য উদ্দেশ্য -উদ্বাস্তুদের জায়গা এবং বাসস্থানের ব্যবস্থা ক'রে দেওয়া —সেই উদ্দেশ্য ব্যর্থ হ'তে বাধ্য এবং এই ক্লজ অ্যাকসেপ্ট না করলে সেইসমস্ত কম্পেনসেশন উদ্বাস্তুদের কাছ থেকে আদায় করা যাবে না। এমনি ক'রে কেসএর পর কেস, অন্তত একশোটা কেস আমি দেখাতে পারি যে তিন-চার বছর ধ'রে পড়ে আছে, শত শত টাকা কম্পেনসেশন হয়ে ব'সে আছে যা তাদের দেবার ক্ষমতা নেই। কাজেই আমার সংশোধনীতে আমি বলেছি কমপিটেন্ট কোর্টএর যে রায় তাকে কার্যকরী না করা পর্যন্ত কম্পেনসেশনএর টাকা আদায় করার কোন ব্যবস্থা যেন আইনে না থাকে।

Sj. Sitaram Gupta: Sir, I beg to move that after clause 4, the following new clause be inserted, namely,—

"4A. In sub-section (3) of section 3 of the said Act, for the words beginning with 'and to pay to the owner such compensation' and

ending with 'actual pecuniary loss, if any, sustained by the owner, ', the words 'and pay to the owner such compensation not exceeding rupees ten only' shall be substituted."

स्पीकर महोदय, मैं आज कहना चाहता हूं कि १९५७ साल चल रहा है और इस bill को पास हुए एक साल हो गया है। हम नहीं समझते है कि उनका अभी क्या मतलब है ? मंत्री महोदय ने अपने भाषण में कहा है कि अगर हरजाना जो लागू किया जायेगा वह जो refugee लोग नहीं दे सकते है तो सरकार देगी। हमलोगों का पुराना तजरबा है कि जब सरकार किसी चीज को पास करवाना चाहती है तो बहुत तरह का वादा करती है मगर जब वह विधान सभा से पास कर कानून बन कर बाहर निकलता है तो सरकार वह काम करती है जो वह चाहती है। जो हरजाना लिया जाना है उसकी तो जिम्मेदारी सरकार के ऊपर है इनलोगों पर नहीं है। जो बास्तुहारा बस्तियां हैं अगर सरकार उनको मान ले तो हरजाना देने का सवाल ही नहीं उठता है।

सरकार Competent authority की शक्ति को अपने हाथ में ले रही है। इस शक्ति को ले कर सरकार को Party बाजी करने का अच्छा मौका मिलेगा।

[At this stage red light was lit and honourable member took his seat.]

Mr. Speaker: You are off the track. I cannot allow that.

The Hon'ble Bimal Chandra Sinha:

মাননীয় স্পীকার মহাশয়, শ্রীযুক্তা মণিকুন্তলা সেন যে কথা বলেছেন সেটা সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে, কম্পেনসেশন যারা দিতে পারবে না তাদের কাছ থেকে জোর ক'রে কম্পেনসেশন আদায় ক'রে নেওয়া—এটা সত্যই অসম্ভব ব্যাপার। আমি এ বিষয়ে অনুসন্ধান করেছিলাম, তবে সব জায়গার খবর পাওয়া সম্ভব হয় নি। কিন্তু চব্বিশপরগনা এবং কলকাতায় যিনি কম্পিটেন্ট অথরিটি বর্তমানে আছেন তাঁর কাছে আমি জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন তাঁর স্মৃতি থেকে যে এ পর্যন্ত একটা ক্ষেত্রে মাত্র স্যালারি অ্যাটাচ ক'রে কম্পেনসেশন আদায়ের চেষ্টা হয়েছিল। তা ছাড়া আর কোথায়ও সেটা সম্ভবপর হয় নি এবং যাঁর ক্ষেত্রে স্যালারি অ্যাটাচ করা হয়েছিল তিনি ঠিক যাকে উদ্বাস্তু বলে তা নন, কারণ তিনি এখানে বহুদিন চাকরি করছেন। পূর্বেই পশ্চিমবঙ্গ সরকার দুর্গত বাস্তুহারাদের, যাদের অভাব সত্যই আছে তাদের তাঁরা নিজেরা টাকা দিয়ে সেই কম্পেনসেশনএর টাকা পূরণ করবেন এই আশ্বাস দিয়েছিলেন। কিন্তু সেই আশ্বাস কেন আইনে বিধিবদ্ধ করা সম্ভব হয় নি সে কথা আমি পূর্বেই বলেছি। কিন্তু যদি এই ক্লজ অ্যাকসেপ্ট করা যায়—যে কথা শ্রীযুক্তা মণিকুন্তলা সেন বলেছেন—তা হ'লে এই সঙ্গে মেনে নিতে হবে, যেসমস্ত লোক হচ্ছে প্রকৃত বাস্তুহারা তাদের মধ্যে একটাও ভেজাল নেই এবং তাদের মধ্যে এমন লোক নেই যারা সত্যিকারের বাস্তুহারাদের পর্যায়ের বাইরে পড়ে না।

[3-40—3-50 p.m.]

এবং সেইসঙ্গে এ কথা মেনে নিতে হবে যাঁরা মালিক তাঁরা সকলেই বড় লোক, কোন গরিব লোক তাঁদের ভিতর নেই। কাল এই প্রশ্ন উঠেছিল, সেইজন্য এখানে কাল রাত্রে যতটা সম্ভব সমস্ত স্টেটমেন্ট নিয়েছি এবং আমার সঙ্গে দুটো জায়গায় রেজেস্ট্রি আছে—আমি তা এখানে পড়ব না—কেন না, তা পড়তে গেলে ব্যাপারটা দাঁড়াবে সেই আমেরিকান কংগ্রেসম্যানএর মত, যিনি রিডিং আউট অব দি হোল কনস্টিটিউশন প'ড়ে আমেরিকান সেনেটকে আটকে রেখেছিলেন। কাজেই সব দিক বিবেচনা ক'রে মনে হয়, যে অ্যামেন্ডমেন্টটা শ্রীযুক্ত মণিকুন্তলা সেন নিয়ে এসেছেন তার কোন প্রয়োজন নেই। কম্পেনসেশন আগে ছিল, পরেও থাকবে, নূতন কিছু নয় এবং কার্যক্ষেত্রে সরকার যে আশ্বাস দিচ্ছেন সে কথাও আমি বলেছি। সুতরাং শ্রীযুক্তা মণিকুন্তলা সেনের এবং আরও কয়েকজন সদস্যের যে কয়টা অ্যামেন্ডমেন্ট আছে আমি তার সবগুলির বিরোধিতা করছি।

Sj. Bijoy Singh Nahar:
মন্ত্রিমহাশয় বলেছেন, তারা পুরা রিফিউজি নয়। তারা কি হাফ রিফিউজি না কোয়ার্টার রিফিউজি?

The Hon'ble Bimal Chandra Sinha:
আপনি প্রশ্নটা লিখিতভাবে জিজ্ঞাসা করবেন, জবাব আমি লিখে পাঠাব।

The motion of Sjkta. Manikuntala Sen that after clause 4, the following new clause be inserted, namely,—

"4A. In sub-section (2) of section 3 of the said Act, the words 'and pay to the owner compensation for unauthorised occupation' shall be omitted.", was then put and lost.

The motion of Sj. Sitaram Gupta that after clause 4, the following new clause be inserted, namely,—

"4A. In sub-section (3) of section 3 of the said Act, for the words beginning with 'and to pay to the owner such compensation' and ending with 'actual pecuniary loss, if any, sustained by the owner,' the words 'and pay to the owner such compensation not exceeding rupees ten only' shall be substituted", was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that after clause 4 the following new clause be inserted, namely,—

"4A. After sub-section (5) of section 3 of the said Act, the following new sub-section shall be inserted, namely:—

'(6) Within three months from the order of the Competent Authority passed under section 3(3) the State Government shall provide the person with alternative accommodation, amenities or otherwise as per order of the Competent Authority, and pending the providing of the same no portion of the order of the Competent Authority be executed'.", was then put and lost.

Clause 5

Sj. Jagannath Koley: Sir, I beg to move that in clause 5, sub-clause (b)(ii), after the word "or" in line 2, the words "at the option of the displaced person" be inserted.

Sir, I also beg to move that—

(1) in sub-clause (b) of clause 5, for the words "clause (a)", the words "paragraph (a)" shall be substituted;

(2) in sub-clause (c) of clause 5 for the words "clause (b)", the words "paragraph (b)" shall be substituted.

Mr. Speaker: As regards the rest of the amendments I am taking them as moved.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 5, before item (a) the following new item be inserted, namely,—

"(ai) for the words, '31st day of December, 1950' the words '31st day of March, 1957' shall be substituted."

Sj. Rabindra Nath Mukhopadhyay: Sir, I beg to move that clause 5(a) be omitted.

Sj. Haridas Mitra: Sir, I beg to move that clause 5(b) be omitted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that clause 5(b)(i) be omitted.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that in clause 5(b)(i), lines 2 and 3, for the words "which in the opinion of the State Government" the words "which in the opinion of an officer not below the rank of a District Judge appointed in this behalf by the State Government" be substituted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 5(b)(ii), in line 5, for the words "State Government" the words "Competent Authority" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 5(b)(ii), in line 5, after the words "State Government" the words "if he agrees to vacate the land occupied by him on receipt of the land-purchase loan" be inserted.

Sj. Pabitra Mohan Roy: Sir, I beg to move that clause 5(c) be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 5(c), before the item (i) the following new item be inserted, namely,

"(ai) after the words, 'and of amount,' the words 'if he agrees to take the house-building loan in lieu of the house,' shall be inserted."

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that clause 5(c)(i) be omitted.

Sj. Ajit Kumar Ganguli: Sir, I beg to move that in clause 5(c)(i), in lines 2 to 4, for the words "suitable for him in the opinion of the State Government" the words "suitable for him in the opinion of an officer not below the rank of a District Judge appointed in this behalf by the State Government" be substituted.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that clause 5(c)(ii) be omitted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 5(c)(ii), lines 2 to 4, for the words "such other land, or land-purchase loan and house or house-building loan" the words "such other land with house, or land-purchase loan including house, or a house with house-building loan" be substituted.

Sj. Jagat Bose: Sir, I beg to move that in clause 5(c)(ii), lines 2 to 4, for the words "such other land, or land-purchase loan and house or house-building loan" the words "such other land and the same land under unauthorised occupation of a person in a squatters' colony and house or house-bulding loan" be substituted.

Sj. Samar Mukhopadhyay: Sir, I beg to move that in clause 5, after sub-clause (c), the following new sub-clause be added, namely,—

"(d) for the words beginning with 'and pending the providing of such other land,' and endng with 'as the Competent Authority may by order deem fit to assess' the following words shall be substituted, namely,—

'and pending the providing of such other land, and house (if any) and the same land under the unauthorised occupation of persons in squatters' colony, the displaced person shall be permitted to use and occupy the land and house (if any), of which he was in unauthorised occupation'."

Sj. Rabindra Nath Mukhopadhyay: Sir, I beg to move that in Clause 5, before sub-clause (a) the following new sub-clause be added, namely:—

"(a1) the words 'on the 31st day of December, 1950' shall be omitted."

Sj. Samar Mukherjee: Sir, I beg to move that in Clause 5, before sub-Clause (a), the following new sub-clause be added, namely:—

"(a1) for the figures '1950' the figures '1956' shall be substituted."

Sjkta. Manikuntala Sen: Sir, I beg to move that in clause 5(c)(ii), in line 3, after the words "land-purchase loan" the words "if prayed for by a squatter in a house and the same land under occupation of a person in a squarters' colony" be inserted.

Sj. Samar Mukherjee: Sir, I beg to move that in clause 5, after sub-clause (c) the following new sub-clause be added, namely:—

"(d) the words 'on payment of such consideration periodically or otherwise to the owner as the Competent Authority may by order deem fit to assess' shall be omitted."

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আমার তিনটে সংশোধনী প্রস্তাব আছে। মূল আইনের ৪নং ধারার ১নং উপধারায় বলা হচ্ছে যে, যারা ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত কোন জমি বেআইনী-ভাবে অধিকার করেছিল কেবলমাত্র সেইরকম উদ্বাস্তুদেরই উচ্ছেদ করতে হ'লে বিকল্প জমি দিতে হবে, কিংবা জমির বদলে জমিক্রয় ঋণ দেওয়া হবে; জবরদখল জমির উপর বাড়ি থাকলে উচ্ছেদকালে তার পরিবর্তে বাড়ি দেওয়া হবে কিংবা বাড়ি তৈরি করার জন্য ঋণ দেওয়া হবে। এই সম্পর্কেই আমার সংশোধনী প্রস্তাবগুলি। ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত যাঁরা জবরদখল জমিতে আছেন কেবলমাত্র তাঁদের এই সুবিধা দেওয়া হবে, আর যাঁরা তারপরে এসেছেন তাঁদের দেওয়া হবে না—এই বৈষম্যমূলক ব্যবহারের কোন যুক্তি নেই। আমি মনে করি, দেশবিভাগের জন্য যাঁরাই দেশ ছেড়ে এখানে চ'লে এসেছেন এবং ফিরে যাবার উপায় নেই তাঁদেরই এই সুযোগ দেওয়া উচিত।

Mr. Speaker: I think you have covered the field.

Sj. Subodh Banerjee: No, we have not.

Mr. Speaker: In an earlier clause the same thing was discussed as to whether there should be any time limit fixed for the purpose of treating a person as a refugee or not.

Sj. Subodh Banerjee: That was in respect of the definition of the word 'refugee'. I am dealing with something else.

Mr. Speaker: I know it comes to the same thing.

Sj. Subodh Banerjee:

আজ পর্যন্ত যাঁরাই জবরদখল জমিতে আছেন তাঁদের এই সুবিধা দেওয়া হোক। ১৯৫০ সাল পর্যন্ত সীমা টানার যুক্তি কি? কংগ্রেস জনসাধারণের ইচ্ছার বিরুদ্ধে দেশবিভাগ চেয়েছিলেন। দেশবিভাগের পর যেসমস্ত উদ্বাস্তু ভাইবোনেরা আসবেন তাঁদের প্রত্যেককে পুনর্বাসন দেওয়া হবে—এই প্রতিশ্রুতি তখন কংগ্রেসী নেতারা দিয়েছিলেন। সেই প্রতিশ্রুতির মর্যাদা রাখতে হ'লে ১৯৫০ সাল পর্যন্ত যাঁরা জমি জবরদখল ক'রে নিজেদের পুনর্বাসন করেছেন তাঁদের এবং তারপরে যাঁরা এসেছেন ও আসবেন তাঁদের সম্বন্ধেও ব্যবস্থার প্রয়োজন আছে। ১৯৫০ সালের পর যাঁরা জমি জবরদখল ক'রে নিজেদের পুনর্বাসন নিজেরা করেছেন তাঁদের আইনের সুবিধা হ'তে বঞ্চিত করলে বহু উদ্বাস্তু পরিবার আবার উদ্বাস্তু হবেন এবং শ্যাওলার মত এখানে-ওখানে ভেসে বেড়াতে বাধ্য হবেন। সেইজন্য আমি বলব যে, ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত যেসমস্ত উদ্বাস্তু জমি জবরদখল ক'রে আছেন তাঁদের যে সুযোগ-সুবিধা দিচ্ছেন, যাঁরা তারপরে এসেছেন এবং জবরদখল জমিতে বাস করছেন তাঁদেরও সেই সুবিধা দেওয়া উচিত। কাজেই আমার সংশোধনী প্রস্তাবের — হ'ল ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বর কথাগুলির স্থানে ৩১এ মার্চ ১৯৫৭ করা হোক।

আমার ২নং সংশোধনী প্রস্তাব সরকারপক্ষ মেনে নিয়েছেন। জমির বদলে জমি অথবা জমিক্রয় ঋণ দেওয়া হবে যদি উদ্বাস্তুটি ঋণ নিতে রাজী হয় তবেই ঋণ দেওয়া হবে, তা না হ'লে নয়। অর্থাৎ

if the refugee agrees to accept the land purchase loan in lieu of the land only then the loan will be given otherwise land for land shall be the guiding principle.

আমার তৃতীয় বক্তব্য হচ্ছে, আর একটা জিনিস এ সম্পর্কে বিবেচনা করা দরকার। মূল আইনে আছে যে, জবরদখলী জমিতে যদি বাড়ি থাকে তা হ'লে উচ্ছেদের সময় বাড়ির বদলে বাড়ি অথবা গৃহনির্মাণের ঋণ দেওয়া হবে। এখানে উদ্বাস্তুটির ইচ্ছা-অনিচ্ছার কথা নেই। উদ্বাস্তুটি গৃহনির্মাণ ঋণ নিতে রাজী না হ'লেও তাকে জোর ক'রে তা দেওয়া যাবে। জমির বদলে জমি অথবা জমিকেনা ঋণ—কোনটা দেওয়া হবে তা উদ্বাস্তুটির ইচ্ছার উপর নির্ভর করবে; বাড়ির বেলায় কেন তা হবে না? কেউ যদি বাড়ির বদলে বাড়ি চায় তবে তাকে বাড়ি দিতে হবে; আবার কেউ যদি বাড়ির বদলে বাড়ি তৈরি করবার ঋণ চায় তা হ'লে তাকে ঋণ দেওয়া হবে—এই ব্যবস্থা থাকা দরকার। তা না ক'রে সরকার যা দেওয়া স্থির করবেন তাই দেওয়া হবে, উদ্বাস্তুদের ইচ্ছার কোন স্কোপ থাকবে না এ ব্যবস্থা এখন আইনে আছে। এটা ঠিক নয়।

[3-50—4 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay: Sir, I beg to move that clause 5(a) be omitted.

এই প্রসঙ্গে আমার যা বক্তব্য সেটা হচ্ছে যে যদি সরকারপক্ষ এটা মনে করেন যে রিহ্যাবিলিটেশন তাঁদের লক্ষ্য, উচ্ছেদ লক্ষ্য নয়, তা হ'লে তাঁরা স্বভাবতই কথাগুলির প্রথমে আমার যে ফ্রেজ সেটা এমনভাবে যোগ করতেন যাতে রিফিউজিরা ভালভাবে রিহ্যাবিলিটেটেড হ'তে পারত। কিন্তু যাতে তারা সম্পূর্ণভাবে ডিসপ্লেসড্ পার্সন্সএ পরিণত হ'তে পারে সেইদিকে লক্ষ্য রেখেই এই সংশোধনী বিল এনেছেন এটা লক্ষ্য করলেই দেখা যাবে। আমরাও জানি এবং সরকারপক্ষও জানেন যে, ১৯৪৮ সালে যারা এই দেশে এসেছে, যারা রিফিউজি ব'লে সত্যসত্যই

আখ্যা পাবার উপযুক্ত তারা আজ যেখানে আছে, তারা এই জমি দখল ক'রে অপরাধ করেছে, এই কথা এখানে বলা হচ্ছে। কিন্তু প্রথমে যারা এখানে এসে শেয়ালদ' স্টেশনএ কিছুদিন থাকল, তারপর আর এক জায়গায় গিয়ে উপস্থিত হ'ল, সেখান থেকে বরানগরে বা অন্য কোথায়ও জায়গা করল, হয়তো সেখানে কিছুদিন থাকল, তারপর আর এক জায়গায় যেতে বাধ্য হ'ল—এইরকমভাবে যারা যাযাবরের মত ঘুরে বেড়িয়েছে তাদের সংখ্যা প্রচুর আছে। তারা ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বরের আগে আসলেও দেখা যাবে এই সংশোধনীর ফলে তারা উচ্ছেদ হয়ে যাবে। এটা একটা বিপজ্জনক ব্যাপার। যদিও দেখতে পাচ্ছি যে, ১৯৪৯ সালে এসেছে এইরকম শত শত, হাজার হাজার রিফিউজি আছে, আজকে এক জায়গায় আছে, আবার কিছুদিন আর এক জায়গায় থাকল, তারা উচ্ছেদ হয়ে যাবে। এর পিছনে যদি সৎ উদ্দেশ্য থাকে তা হ'লে এখানে বলা দরকার যে, তারা যে জায়গা দখল ক'রে আছে সেখান থেকে তাদের উচ্ছেদ করতে হ'লে তাদের এর চেয়ে একটা বেটার জায়গা দেওয়া হবে। তা না হ'লে তারা এক জায়গায় বহুদিন বসবাস ক'রে একটা সমাজ তৈরি করেছে, একটা সংসার করেছে, সেই জায়গা থেকে তাদের উচ্ছেদ করা হ'লে তারাই আজকে ডিসপ্লেসড্ পার্সনস হয়ে যাবে। এখানে যে ১লা জানুয়ারির কথা বলা হয়েছে তাতে দেখা যাবে যে, এই সংশোধনীর দ্বারা উচ্ছেদ করার চেষ্টা করা হবে। অবশ্য এখানে মন্ত্রিমহাশয় বলতে পারেন যে, এখানে এমন লোক রয়েছেন যে হয়তো চার জায়গায় জমি রেখেছে। এইরকম যেসমস্ত ফ্রড আছে তাদের আমরাও নিশ্চয়ই সমর্থন করি না। এখানে যথেষ্ট আইন আছে যা দিয়ে এইসমস্ত লোককে উচ্ছেদ করা যায় এবং তা যদি পরিপূর্ণভাবে প্রয়োগ করা হয় তা হলে বিরোধীপক্ষ তা সম্পূর্ণ সমর্থন করবে। কাজেই আমার বক্তব্য হচ্ছে, ১৯৪৮ সালে যারা এখানে এসেছে অথচ এক জায়গায় বেশি দিন বসবাস করে নি, বাস্তবিকপক্ষে এখানে যে জমি তারা পরে দখল ক'রে বসেছে, তারাও এই ১৯৫১ সালের ১লা জানুয়ারি হ'লে এর আওতায় এসে যাবে। সেইজন্য আমাদের মনে হয় যে, এই বিলের উদ্দেশ্য রিফিউজি রিহ্যাবিলিটেশন নয়, সেদিকে সরকারের লক্ষ্য নয়, কোথায় একটা ফাঁক ধ'রে উচ্ছেদ করা যায় সেই উদ্দেশ্যেই এই বিল আনা হয়েছে এবং সেইটাই হচ্ছে সরকারের লক্ষ্য। সুতরাং এই অ্যামেন্ডমেন্ট বিলের লক্ষ্য হচ্ছে উৎখাত করা, এই কথা বলতে আমি বাধ্য হচ্ছি। আশা করি, আপনারা এনি ল্যান্ড যে কথাটা এখানে বলা হয়েছে সে সম্বন্ধেও যদি প্রতিশ্রুতি দেন তা হ'লেও তাদের কিছু পরিমাণে স্বার্থরক্ষা করার চেষ্টা করা হবে ব'লে আমি মনে করি।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার, স্যার, এই ক্লজ ৫, এটা biggest clause in the Act এবং এই ক্লজ ৫-এর উপর আমার পাঁচটা অ্যামেন্ডমেন্ট আছে। তা হচ্ছে, ২৯, ৩৪, ৩৫, ৪৩ অ্যান্ড ৪৭। আমি মূলত ২৯, ৩৫ অ্যান্ড ৪৩-এর উপরই বিশেষভাবে বলছি। মূল আইনে ছিল যে কর্মাপিটেন্ট অথরিটি তিনি কমপক্ষে একজন জজ হবেন। এইসমস্ত ব্যাপারটা যদি আমরা বিবেচনা ও বিশ্লেষণ করি তা হ'লে এই আইনটায় দেখতে পাই যে জুডিশিয়ারির হাত থেকে আস্তে আস্তে ক্ষমতা এক্সিকিউটিভএর হাতে নেবার সুক্ষ্ম প্রচেষ্টা হচ্ছে। এটা অত্যন্ত দুঃখ ও বেদনাজনক যে আমাদের দেশে যখন আমরা চেষ্টা করছি ইন্ডিপেন্ডেন্স অব দি জুডিশিয়ারি, তার হাতেই বিচার ও বিশ্লেষণের ভার দেওয়া দরকার, সেখানে আমরা এই আইনে নূতন সংশোধনী প্রস্তাব এনে জুডিশিয়ারির পাওয়ার কার্টেল করার প্রচেষ্টা করছি এবং এক্সিকিউটিভএর হাতে আরও বেশি ক্ষমতা দিতে চাচ্ছি। কিন্তু ১৯৫১ সালে যখন এই আইন প্রথম আনা হ'ল তখন ৫ই এপ্রিল, ১৯৫১, বিধানচন্দ্র রায় মহাশয় একটা ভাষণ দিয়েছিলেন যে,

"At first we suggested that a competent authority should be a person from the executive side. The suggestion was put forward that he should be a Judge. I felt that it was a correct suggestion because he would have to decide many issues which he as a Judge would be more competent to decide than probably a Magistrate would be able to d

কাজেই কর্মাপিটেন্ট অথরিটি যেখানে কর্মাপিটেন্ট অফিসার হিসাবে সমস্ত বিচার-বিশ্লেষণ করেছেন সেখানে দেখছি সেই কর্মাপিটেন্ট অফিসারএর ইনকর্মাপিটেন্স হোক বা যে কোন কারণেই

হোক না কেন, সেই কম্পিটেন্ট অথরিটির পাওয়ার আজকে সরকার এক্সিকিউটিভএর হাতে দিচ্ছেন। ল্যান্ডএর ব্যাপারে আমরা দেখেছি, হাওড়া জেলার লোক চব্বিশপরগনায় যাবে কিনা, মেদিনীপুর জেলার লোক হাওড়ায় যাবে কিনা। সে দেখেছে যে জাজ যে বিচার করেন, সেটা ন্যায়বিচারই করেছেন, কিন্তু এক্সিকিউটিভএর হাতে দিলে সেটা করতে পারেন নি। মাননীয় বিমল সিংহ মহাশয় বলেছিলেন যে ওপিনিয়ন কম্পিটেন্ট কোর্ট দিত সেই ওপিনিয়ন এখন এক্সিকিউটিভ দেবে। আমরা স্বীকার করি যে ওপিনিয়ন কম্পিটেন্ট কোর্ট দিত তা এক্সিকিউটিভ দিতে পারে না। কিন্তু সে কম্পিটেন্ট অথরিটি, জজ যে ওপিনিয়ন দেবেন তা জুডিসিয়াল ওপিনিয়ন। সেই জুডিসিয়াল ওপিনিয়ন যতটা ন্যায়সংগত হবে, একজন এক্সিকিউটিভ অফিসার বা আমলাতান্ত্রিকের সেই জুডিসিয়াল ফ্রেম অব মাইন্ড কি ক'রে আমরা পেতে পারি? সুতরাং এই এক্সিকিউটিভ অফিসারএর কাছ থেকে জুডিসিয়াল ফ্রেম অব মাইন্ড কোনদিনই আমরা আশা করতে পারি নি। সেই এক্সিকিউটিভ অফিসারের হাতে এমন একটা গুরুত্বপূর্ণ সেকশন যে সেই সেকশনএ একজন অফিসার মনে করলে এক জেলা থেকে আর এক অঞ্চলে নিয়ে যেতে পারবেন। সেই দায়িত্বটা আমার মনে হয় যার জুডিসিয়াল ফ্রেম অব মাইন্ড আছে অর্থাৎ একজন জজএর উপর দেওয়া উচিত ছিল এবং ১৯৫১ সালে যে সুযোগটা ছিল আজকে এইরকম একটা সংশোধন এনে সেই জুডিশিয়াল ডিসক্রিশন থেকে, সেই জুডিশিয়াল ওপিনিয়ন থেকে আজকে আমাদের উদ্বাস্তুরা বঞ্চিত হচ্ছে এবং আমরা অ্যাপ্রিহেণ্ড করি হয়তো এমন অনেক জায়গায় দেখা যাবে, যেমন আমরা দেখেছি বহু ক্ষেত্রে আমাদের কম্পিটেন্ট অফিসার যে রায় দিয়েছে তাতে দেখা গিয়েছে, একজন চব্বিশ-পরগনার লোককে ৫০ মাইল দূরে পুনর্বাসনের জায়গা দেওয়া হয়েছে, হাওড়া জেলার যে লোক মিল-কলকারখানায় ৬টার সময় হাজিরা দেয় সেই লোককে ৫০ মাইল দূরে দেবার প্রচেষ্টা হয়েছে। কম্পিটেন্ট কোর্ট সেখানে বাধা দিয়েছে, যে লোকের প্রফেশন হচ্ছে ৬টার সময় ডিউটিতে জয়েন করা তাকে তুমি ৫০ মাইল দূরে নিলে সে প্রফেশন থেকে লুজার হবে এবং এই প্রফেশন তাকে ছেড়ে দিতে হবে। তাই আমরা সেসব ক্ষেত্রে কম্পিটেন্ট কোর্টএর কাছ থেকে জুডি-শিয়াল ফ্রেম অব মাইন্ড, ন্যায়বিচার পেয়েছি, একজন এক্সিকিউটিভ অফিসারএর কাছ থেকে এই বিচার আমরা পাব না। আমরা জানি যে ৬টার সময় তাকে ডিউটিতে অ্যাপিয়ার হ'তে হয় তাকে হয়তো এমন জায়গায় পুনর্বাসনের জায়গা দেওয়া হবে যেখান থেকে আসতে হয়তো চার ঘণ্টা লাগবে। কাজেই যে ইকনমিক রিহ্যাবিলিটেশন, যা ৫-৬ বৎসর ধ'রে সেখানে গ'ড়ে উঠেছিল, সেই ইকনমিক রিহ্যাবিলিটেশন বা ইকনমিক ফাউন্ডেশনটা সম্পূর্ণ তছনছ হয়ে যেতে পারে এই এক্সিকিউটিভ অফিসারএর একটা খামখেয়ালি অর্ডারএ। সেটা আমাদের মেনে নিতে হবে? কাজেই এই সেকশন গুরুত্বপূর্ণ ব'লে আমি হাউসএর কাছে উপস্থাপিত করছি। আর একটি কথা এখানে বলছি, যে কথা মাননীয় সুবোধবাবু এখানে উত্থাপন করেছেন—যা অত্যন্ত গুরুত্বপূর্ণ--২২নং যে সংশোধন সেই সংশোধনকে সমর্থন ক'রে আমি এই কথা বলছি যে সত্যি, এ কথা আগেও বলেছিলাম, পুনরাবৃত্তি না করে বলতে হয় যে সত্যিই যদি আপনারা সমস্ত বাস্তুহারাকে পুনর্বাসন দেবার ব্যবস্থা করতে চান তা হ'লে নিশ্চয়ই আপনাদের উচিত, যখনই হোক না কেন, তারা যখনই আসুক না কেন, তাদেরও আপনারা ৪৪৮এ নিতে পারছেন না, ট্রেসপাসার ব'লে ক্রিমিন্যাল কোডএর ভিতর নিতে পারছেন না তখন সেদিকে সিভিল কোর্টএ আনঅথরাইজড্ অকুপেশন যেমন হয় তখন আপনাদের এই আইনের সুযোগ দিয়ে অন্তত ১৯৫৭ সাল পর্যন্ত যদি সে সিভিল ট্রেসপাস না ক'রে কোন আনঅথরাইজড্ অকুপেশন ক'রে থাকে তা হ'লে সেখানে পুনর্বাসনের ব্যবস্থা না ক'রে উচ্ছেদ করার কোন যুক্তি যে থাকতে পারে—অন্তত আমার মনে তো সেরকম যুক্তি আসে না। কাজেই আমি এই হাউসএর প্রত্যেকটি মাননীয় সদস্যকে আপনার মাধ্যমে অন্তত অনুরোধ করব যে, এই যে ২২নং সেকশন যেটাকে তিনি উত্থাপন করেছেন সেটাকে সমর্থন জানাবেন এবং সঙ্গে সঙ্গে জুডিসিয়াল ফ্রেম অব মাইন্ড যা আছে ডিস্ট্রিক্ট জজএর, তাঁকে অন্তত সুযোগ দেবেন ন্যায়-বিচার করার জন্য।

[4—4-10 p.m.]

কাজেই এই হাউসএর প্রত্যেকটি সদস্যের কাছে আপনার মাধ্যমে অন্তত অনুরোধ করব, এই সেকশন (২২) যেটা উত্থাপন করা হয়েছে তার সমর্থন জানাবেন। এবং সঙ্গে সঙ্গে জুডিশিয়াল

ফ্রেম অব মাইন্ডএর লোক, ডিস্ট্রিক্ট জাজ হ'লে, তাঁকে অন্তত সুযোগ দেবেন সেই ন্যায়বিচার করবার জন্য। যে বাস্তুহারাকে পুনর্বাসন ক'রে দিলেন তার যে অ্যাভোকেশন অ্যান্ড প্রফেশন, তার যেন ক্ষতি না হয় এটা দেখা সরকারের দায়িত্ব। সরকারের তরফ থেকে অনেক উদ্বাস্তুকে চাকরি দিতে পারেন নি। তারা অনেকে ব্যবসা ক'রে, নানারকম কায়িক পরিশ্রম ক'রে নিজেদের প্রচেষ্টায় কাজ যোগাড় ক'রে নিয়েছে, নিজেদের প্রচেষ্টায় ইকনমিক স্টেবিলিটি স্থাপন করেছেন, প্রত্যেকটি পরিবার একটা ইকনমিক্যালি স্টেবল পজিশনএ আসবার চেষ্টা করছেন, সেই সময় যদি এইসমস্ত বাস্তুহারা পরিবারদের নিজ নিজ ব্যবসাক্ষেত্র থেকে বহু দূরে অন্যত্র পুনর্বসতি দেওয়া হয় তা হ'লে তাদের সেই ইকনমিক ফাউন্ডেশনকে ধ্বংস করা হবে। আজকে এই আইনের মাধ্যমে খেয়ালখুশিমত যদি এক্সিকিউটিভএর হাতে পাওয়ার দেওয়া হয় তা হ'লে তারা যেটুকু ইকনমিক স্টেবিলিটি নিজেদের প্রচেষ্টায় স্থাপন করেছে তা সম্পূর্ণ ধ্বংস হয়ে যাবে। কারণ এই এক্সিকিউটিভ পাওয়ার সম্বন্ধে আমার নিজের যা অভিজ্ঞতা আছে তাতে দেখেছি, ন্যায়বিচার অনেক জায়গা থেকেই পায় নি। বিভিন্ন ক্ষেত্রে উপলব্ধি করেছি তাদের মানবতার দৃষ্টিভঙ্গি নেই। তাদের অসুবিধার দিকে না তাকিয়ে নিজেদের খেয়ালখুশিকে চরিতার্থ করবার জন্যই ঝোঁক বেশি।

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার, স্যার, আমার একটা অ্যামেন্ডমেন্ট আছে। অ্যামেন্ডমেন্ট নম্বর ২৮ - একই অ্যামেন্ডমেন্ট। ব্যাপারটা কি দাঁড়িয়েছে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়কে একটু ভেবে দেখতে বলি। অবশ্য তিনি আমার উপর ক্রুদ্ধ হয়ে আছেন বুঝতে পারছি, তবুও আমি অতি বিনীতভাবে এই জিনিসটা ভাবতে বলছি—আগে কি ছিল। আগে ছিল গভর্নমেন্ট জমি সংগ্রহ ক'রে দেবেন, সেই জমি উদ্বাস্তুদের পক্ষে উপযুক্ত হ'ল কি হ'ল না তা বিচার করবেন কম্পিটেন্ট অথরিটি। এখন কি হচ্ছে? মাননীয় মন্ত্রিমহাশয় দয়া ক'রে শুনবেন। গভর্নমেন্ট জমি দখল ক'রে দেবেন এবং গভর্নমেন্টই বিচার করবেন সেই জমি স্কোয়াটার্সদের পক্ষে উপযুক্ত কিনা। অর্থাৎ যে এক্সিকিউটিভ সেই জুডিশিয়ারি। আমরা আগাগোড়া চেষ্টা করছি এক্সিকিউটিভ অ্যান্ড জুডিসিয়ারিকে পৃথক করতে। একবার পৃথক ক'রে দেওয়া হয়েছিল ১৯৫১ সালের আইনে। কালকে কমপ্রোমাইজএর কথা যেটা হচ্ছিল তখন কমপিটেন্ট অথরিটি শ্রী কে কে হাজরার মুখে শুনলাম, এই অবস্থায় অসুবিধা হচ্ছে। অর্থাৎ যদি জুডিশিয়ারিকে এক্সিকিউটিভ থেকে আলাদা ক'রে রাখা হয় তা হ'লে অনেক অসুবিধা হয়। কিছুদিন আগে খাদ্যমন্ত্রী শ্রী পি সি সেন মহাশয়ের কাছ থেকে শুনেছিলাম, "আমি যদি ডিক্টেটর হতাম, আমার যদি অসীম ক্ষমতা থাকত, তা হ'লে সমস্ত কাজ অনায়াসে ক'রে ফেলতাম।" এক্সিকিউটিভ ও জুডিসিয়াল ক্ষমতা যদি একই ব্যক্তির হাতে থাকে তা হ'লে অনেক সহজে কাজ হ'তে পারে সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু দুর্ভাগ্যবশত আমরা মেনে নিয়েছি ডেমোক্রেসির ফান্ডামেন্টাল রাইট হিসেবে সেপারেশন অব দি এক্সিকিউটিভ অ্যান্ড দি জুডিশিয়াল। এতে অসুবিধা হ'তে পারে, কিন্তু যাঁরা মানুষের ফান্ডামেন্টাল রাইটস নির্ণয় করেছেন, তাঁরাই বলছেন—

There must be separation of the Judiciary from the Executive.

সুতরাং এতে অসুবিধা আছে মানি, তবুও এটা আমরা মেনে নিয়েছি। এখন করা হচ্ছে কি? গভর্নমেন্ট একটা রিঅ্যাকশনারি মুভ নিয়েছেন। আমরা সামান্য কিছু অসুবিধা ভোগ করছি, হয়তো ২০-২৫টা ব্যাপারে অসুবিধা হয়েছে। কিন্তু তাড়াতাড়ি কাজ করবার অজুহাতে আমরা গণতন্ত্রকে যেন জলাঞ্জলি না দিই। আগেকার আইনে জুডিসিয়ারিকে, একজন জজকে কমপিটেন্ট অথরিটি রাখার কথা ছিল। জজ সরকারী কর্মচারী হ'লেও বস্তুত জজ ইজ অ্যান ইন্ডিপেন্ডেন্ট পার্সন। কিন্তু সংশোধিত আইনে জাজ বাদ দেওয়া হয়েছে, গভর্নমেন্ট নিজের হাতে কমপিটেন্ট অথরিটির ক্ষমতা নিয়েছেন। ডেমোক্রেসির দিকে লক্ষ্য রেখে ডাঃ রায় বক্তৃতা-প্রসংগে যে মূল্যবান কথা বলেছিলেন আজ সামান্য একটু অসুবিধার সম্মুখীন হ'তেই গভর্নমেন্ট তা থেকে পিছু হটে যাচ্ছেন, ভুলে যাচ্ছেন

that we are working under a democratic system.

ডেমোক্রেসিতে অসুবিধা অনেক আছে, তবুও ভুললে চলবে না যে,

we are working under a democratic system because we believe in the fundamental rights of the people.

সুতরাং আমি মন্ত্রিমহোদয়কে বলছি এই দৃষ্টিভঙ্গি না বদলাতে, বদলালে অত্যন্ত খারাপ হবে, উদ্বাস্তুদের উপর অবিচার করা হবে; স্কোয়াটার্সদের আবার এভিক্ট হ'তে হবে। ১৯৫১ সালের বিলে ছিল, যাকে-তাকে গভর্নমেন্ট যেখানে-সেখানে পাঠিয়ে দিতে পারবেন। তার বিরুদ্ধে ফাইট করার ফলে ঠিক হ'ল, আর কাউকে যেখানে-সেখানো পাঠানো চলবে না। আমরা ঠিক করলাম, যেখানে-সেখানে নয়,

in a suitable place to be settled by the competent authority.

এখন গভর্নমেন্ট সে মত বদলিয়ে আবার ঠিক করছেন যে তাঁরাই সব ঠিকঠাক ক'রে তাদের বাইরে পাঠিয়ে দেবেন। এই আইন পাস হ'লে গভর্নমেন্ট যদি মনে করেন যে একজন যাদবপুরের লোককে কৃষ্ণনগরে পাঠাব, তা হ'লে তার বিরুদ্ধে কিছু বলবার থাকবে না। একজন যাদবপুরের লোককে গভর্নমেন্ট যদি বলেন বাঁকুড়ায় যেতে হবে তা হ'লে সেই জায়গায় তাকে যেতেই হবে।

If the Hon'ble Bimal Sinha's Government

মনে করেন যে, সেই জায়গা উপযুক্ত, তা হ'লে যাকে সে কথা বলা হবে তার আর কিছু বলবার থাকবে না।

He is utterly helpless.

যে আইন ১৯৫১ সালে প্রথম আনা হয়েছিল তাই আবার ঘুরিয়ে-ফিরিয়ে প্রকারান্তরে আনা হচ্ছে—

that is what the Government is doing.

এই কয়েকটি কথা ব'লে আমি বিনীত নিবেদন করছি, গভর্নমেন্ট এ সম্পর্কে একটু বিবেচনা ক'রে দেখুন।

Sj. Panchanan Bhattacharjee:

মিঃ স্পীকার, স্যার, এই উদ্বাস্তু সংক্রান্ত আইনের বিধানে যেসব ব্যবস্থা আছে, তার মধ্যে চারটা বিষয়ে বিশেষ অসুবিধা আছে। সেটার প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার মনে হয়, আইনের বিধানে এইসব অসুবিধাগুলি দূর করবার কোনরকম সুযোগ নেই। জি টি রোডএর উপরে মাননীয় মন্ত্রিমহাশয়ের বাড়ির খানিকটা আগে, সিঁথি রোডএর মোড়ে একটা বাগানে কতকগুলি মধ্যবিত্ত উদ্বাস্তু বাস করতেন। এবং গভর্নমেন্ট রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর স্যাংশন নিয়ে যারা শাক-পাতা বাগানের মালিক, যারা ৫ টাকা, ১০ টাকা ঘরভাড়া দিয়ে সেখানে বাস করত, সম্প্রতি তাদের উপর নোটিস দেওয়া হয়েছে। আমি জানি, সেখানে তাদের মধ্যে কেউ কেউ দোকান করেছেন, কেউ কেউ স্কুল-মাস্টারি করছেন। তাদের বলা হ'ল ১৫ টাকা ভাড়ায় গাঙ্গুলীবাগানে যেতে হবে। এটা ঠিক এভিকশন নয়, অলটারনেটিভ অ্যাকোমোডেশন হ'ল, অর্থাৎ যাদবপুরে তাদের পাঠানো হ'ল, যেখানে থেকে তাদের পক্ষে দোকান চালানো যাবে না, স্কুল-মাস্টারিও করা যাবে না এবং ৫ টাকার জায়গায় ১৫ টাকা ঘরভাড়া দিতে হবে। দ্বিতীয়, আর একটা উদাহরণ দিচ্ছি.........

Mr. Speaker: Will the honourable member tell me on which amendment he is speaking—the number?

Sj. Panchanan Bhattacharjee: On the amendment of Dr. Suresh Chandra Banerjee, No. 28.

Mr. Speaker: All right.

Sj. Panchanan Bhattacharjee:

বনহুগলির মোড়ে একজন উদ্বাস্তু ভদ্রলোক—তিনি খাঁটি উদ্বাস্তু, কিন্তু নাম লেখান নি—ঐখানে দুই কাঠা জমি কেনেন। সে জমি কেনার পরে তাঁর কাছ থেকে সেই জমি গভর্নমেন্ট রিকুইজিশন ক'রে নিয়েছেন, কেন না সেখানে আর একটা কলোনির স্কীম" আছে। এই

ভদ্রলোক তাঁর নাম লেখান নাই উদ্বাস্তু হিসাবে। সুতরাং ইনি এসেছেন পরে, ঘটি-বাটি বিক্রয় করেছেন, পুনরায় তিনি উদ্বাস্তু হলেন। এই শ্রেণীর লোকের কোন ব্যবস্থা করবার সুযোগ এই বিলে নেই। আমি আর একটা উদাহরণ বলব। ইছাপুরে একটা বাজার আছে, তার নাম লাইন বাজার। সেখানে ভেন্ডর্স এবং এমপ্লয়িজ মিলিয়ে এক হাজারের মধ্যে কম ক'রে ৯০০র উপর উদ্বাস্তু আছেন। তাঁরাও সরকারের কাছে ঋণটিন না নিয়ে, নিজেরা ব্যবস্থা ক'রে, সরকারকে কেউ ১৫ টাকা, কেউ ২০ টাকা ভাড়া দিয়ে ল্যান্ড নিয়ে সেখানকার বাজারে জিনিসপত্র বিক্রয় ক'রে নিজেদের জীবিকা অর্জন করছেন আজ প্রায় ৫-৭ বছর ধ'রে। তাদের উপর eviction notice by the Central Government এসেছে। কিন্তু এই এভিকশনকে রোকবার কোন উপায় নেই। এটা সিভিল সুটএর ব্যাপার, তা বলতে চাই না। কিন্তু এভিকশন হবার পর তারা যে কিভাবে পুনর্বসতি পাবে সেইটাই সমস্যা।

Mr. Speaker: Are you generally speaking on refugee rehabilitation?

Sj. Panchanan Bhattacharjee: No, Sir.

Mr. Speaker: Then please confine your speech to the amendment.

Sj. Panchanan Bhattacharjee: I am already doing that.

Mr. Speaker: In my opinion you are departing from it.

Sj. Panchanan Bhattacharjee: I have almost finished.

[Red light was lit and the honourable member resumed his seat.]

[4-10—4-20 p.m.]

Sj. Gopal Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি ২৭নং অ্যামেন্ডমেন্টএর উপর বলছি। এর দ্বারা স্টেট গভর্নমেন্ট হাতে ক্ষমতা নিচ্ছেন। জুডিশিয়ারির হাত থেকে এইভাবে ক্ষমতা নিয়ে নেওয়ার এই প্রস্তাব উদ্বাস্তুদের মধ্যে আতংকের সৃষ্টি করেছে। এইজন্যই আমরা এটার পরিবর্তন দাবি করি। ছ' বৎসর ধ'রে সরকার ঘোষণা করেছিলেন স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজন্সএ যে, whereas the Government has enough land in its hand. সকল উদ্বাস্তু—স্কোয়াটার্স অর আনঅথরাইজড্ অকুপেশন ক'রে যারা আছে, তাদের পুনর্বসতির ব্যবস্থা হবে এইরকম একটা অ্যাক্ট ছিল। কিন্তু তাদের কোনই ব্যবস্থা করতে পারে নি গত কয়েক বছরে। তারা নিজেদের চেষ্টায় ইকনমিক রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা ক'রে নিয়েছে কোন কোন জায়গায়। আজকে সেসব জায়গা থেকে তাদের সরিয়ে দেবার ষড়যন্ত্র হচ্ছে, তাই উদ্বাস্তুরা আজকে আতংকগ্রস্ত হয়েছে। অনেক সময় কমপিটেন্ট অথরিটির কাছে আপীল ক'রেও কোনরকম রিড্রেস পাওয়া যায় না। সময় কম ব'লে আমি বিস্তৃতভাবে বলতে পারলাম না। এরকম ঘটনা আমাদের জানা আছে যে, কমপিটেন্ট অথরিটির রায় উপেক্ষা ক'রে গভর্নমেন্ট উদ্বাস্তুদের উপর জুলুমবাজি করেছেন। তাই আজকে কমপিটেন্ট অথরিটিকে উপেক্ষা ক'রে স্টেট গভর্নমেন্টএর হাতে সমস্ত ক্ষমতা কনসেনট্রেট করার যে ব্যবস্থা করা হচ্ছে, এতে উদ্বাস্তুদের মনে গভীর আতংক সৃষ্টি হয়েছে। তাই আজকে উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসন ব্যবস্থা থেকে বঞ্চিত করার জন্য যে ষড়যন্ত্র হচ্ছে তার বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং কমপিটেন্ট অথরিটির হাতে ক্ষমতা বহাল রাখবার জন্য দাবি জানাচ্ছি।

Sj. Niranjan Sengupta:

মাননীয় স্পীকার মহাশয়, আমি বেশি কিছু বলব না, শুধু ৪১নং অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে সামান্য কয়েকটা কথা বলব। স্টেট গভর্নমেন্ট কমপিটেন্ট অথরিটিকে দায়িত্ব দিতে রাজী নন, এতে সবকিছু ভণ্ডুল হয়ে যাচ্ছে। কাঁচড়াপাড়ায় শহীদনগর কলোনিতে উদ্বাস্তুরা নিজেদের চেষ্টায় বসতি স্থাপন করে দিনযাপন করছিল। ১৯৫০ সালে স্টেট গভর্নমেন্ট থেকে প্রথমে বলা হয়—তোমাদের ফোটোগ্রাফ দিতে হবে। ১৯৫১-৫২ সালে ফোটোগ্রাফ নিয়ে যে কি করা হ'ল, কোন খবর তাঁরা দেন নি। তাঁরা পুনরায় বলেন—তোমরা যে রিফিউজি তা প্রমাণ কর।

নতুন প্রমাণ তারা কি দেবে? নতুন প্রমাণ কিছু নাই। সুতরাং সরকার চুপ ক'রে থাকেন। তাই আমাদের আশংকা হয়, এই সরকারের হাতে ক্ষমতা গেলে সবকিছু ভণ্ডুল হবে। আমরা জানি, বিচারের ক্ষমতা চিরকাল জুডিসিয়াল দপ্তরেরই। তা ছাড়া, সরকারের হাতে ক্ষমতা গেলে শেষ পর্যন্ত সেই ক্ষমতা অকল্যান্ড হাউসএর অফিসারদের হাতেই যাবে। আমি আবেদন জানাচ্ছি কমপিটেন্ট অথরিটির হাতেই ক্ষমতা থাকুক, তাতে উদ্বাস্তুরা খানিকটা সুযোগসুবিধা পাবে। সরকারী অফিসারের হাতে গেলে তারা ক্ষতিগ্রস্ত হবে।" আমি এটা অপোজ করছি ও অমিট করার জন্য আবেদন জানাচ্ছি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের দ্বারা এ'রা গভর্নমেন্টএর হাতে ক্ষমতা রাখতে চাচ্ছেন। এর কারণও আছে। ডাঃ রায় একবার এই হাউসএ বলেছিলেন, আমি সেটাই রিপিট করছি—

"রথ ভাবে আমি দেব,
পথ ভাবে আমি,
মূর্তি ভাবে আমি দেব,
হাসে অন্তর্যামী।"

আমাদের মন্ত্রী শ্রীযুক্ত বিমল সিংহ মহাশয় বিলটি এনেছেন। পিছন থেকে অন্তর্যামী নিশ্চয়ই এর রহস্য উপভোগ করছেন। যিনি পুনর্বাসন বিভাগের মন্ত্রী রয়েছেন তাঁরই বিভাগের ব্যাপার এটা, অথচ বিল আনছেন শ্রীযুক্ত বিমলচন্দ্র সিংহ। এভাবে অন্তর্যামীকে এড়িয়ে যাবার চেষ্টা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, স্টেট গভর্নমেন্টকে এটা করতে যাচ্ছেন কেন? এটা সহজ-ভাবেই বুঝা যায়, কতকগুলি জমিদারকে কিছু টাকা পাইয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে সরকারী টাকা থেকে। তাঁরা এখন এ জায়গাগুলি বেশি দামে বেচতে পারবেন। এসব চক্রান্ত হচ্ছে। তাই আমি মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে নিবেদন করব—কংগ্রেসপক্ষের বন্ধুদেরও বলব—যদি প্রকৃতই সহযোগিতা চান, তা হ'লে এই সংশোধনী গ্রহণ করবেন, নতুবা কতকগুলি লোককে টাকা পাইয়ে দেবার এই চক্রান্ত আমরা রোধ করতে পারব না। এটা গ্রহণ করার জন্য আমি পুনরায় আবেদন জানাচ্ছি।

[4-20—4-30 p.m.]

Dr. Suresh Chandra Banerjee: I spoke only on the competent authority but as I have two other amendments on this clause I want to say one or two words

আমার কিছু সংশোধনী আছে, কিন্তু সে সম্বন্ধে আমার কিছু বলবার নেই। আমার মনে একটা সন্দেহ আছে—অবশ্য আপনি সেই সন্দেহ দূর করেছেন। তবুও পরিষ্কার ক'রে বলতে চাই যে, আমার যে সংশোধনী দুই জায়গায়

at the option of

অ্যাড করা উচিত ছিল। স্পীকার মহাশয়কে আমি জিজ্ঞাসা করেছি। শুধু এটা ব'লে রাখলাম যাতে অ্যাসেম্বলি প্রসিডিংসএ এটা রেকর্ডেড হয়ে থাকে, যাতে ভবিষ্যতে কোন কথা উঠলে এটা দেখা যাবে।

Sj. Ajit Kumar Ganguli:

মাননীয় স্পীকার মহাশয়, আমার ৪৪নং অ্যামেন্ডমেন্ট দেখুন। এ সম্বন্ধে ও'রা অনেক বলেছেন। আমি কেবল শুনছিলাম আর ভাবছিলাম যে এটা পুনর্বাসনের ব্যাপার, না পুন-নির্বাসনের ব্যাপার। একটা জিনিস লক্ষ্য করবার আছে যে এই কমপিটেন্ট অথরিটিকে ঠেলে স্টেট গভর্নমেন্ট নিজের হাতে সমস্ত নিচ্ছেন। যদি লক্ষ্য করেন তা হ'লে দেখবেন যে ইতিপূর্বে যেসমস্ত জমির মূল্য এ'রা নির্ধারণ করেছিলেন আজও সেইসমস্ত জমির মূল্য এ'দের কাছে আবার হঠাৎ বেড়ে গেছে। এ'রা ১৯৪৫-৪৬ সালের রেট অনুযায়ী সিলিং করেছেন।

এটা যদি আমার ভুল হয় তা হ'লে আমি আমার অ্যামেন্ডমেন্ট তুলে নেব। ১৯৪৫-৪৬ সালে দেখা যাবে যে, যাদবপুর, টালিগঞ্জ এলাকায় যেসমস্ত জমিজায়গা সেই আমলে বিক্রি হয়েছে তার প্রতি কাঠার মূল্য ৪০০ টাকার বেশি নয়। এইসব অনেক রেজিস্ট্রি অফিস খুঁজলে দেখা যাবে। কিন্তু আজকে তাঁরা সেই সিলিং রেট সেই রেটকে বদলে নূতন ক'রে যাতে সেই সমস্ত জায়গায়, বাঙগর মহাশয়, পোদ্দার মহাশয় ইত্যাদি অনেকের জমি ঐ অঞ্চলে আছে, জমির মূল্য বেশি করিয়ে দেবার জন্য ঐ শব্দটি বদলে গভর্নমেন্টএর হাতে ক্ষমতা নিয়ে আসছেন। এটা যে শুধু আমরা দেখেছি তা নয়, ওপাশে যাঁরা আছেন তাঁরাও দেখে সিদ্ধান্ত করতে চলেছেন যে, এক্সিকিউটিভ এবং জুডিসিয়ারি আলাদাভাবে হবে। অর্থাৎ এক্সিকিউটিভ জুডিশিয়ারির ক্ষমতা নেবেন না। মাননীয় মন্ত্রিমহাশয় সিদ্ধার্থ রায় সেদিকে চলেছেন। কিন্তু আজকে নিজেরা যে কি ক'রে উলটো পথে যাচ্ছেন আমি সেটা একবার ভাবতে বলি।

আরও একটা কথা বলি। ওপাশে অনেক বাস্তুহারা বন্ধু আছেন। আমরা বলছি যে এই ঘটনা যদি কার্যে পরিণত হয় তা হ'লে বাস্তুহারাদের সমূহ ক্ষতির সম্ভাবনা রয়েছে। এসমস্ত নিগোশিয়েশন মারফত হ'তে পারে। কিন্তু যদি নিগোশিয়েশন মারফত নাও হয় তা হ'লে যাও একটা জুডিসিয়াল মাইন্ড যে একটা অ্যাপীলিং অথরিটি আছে তাঁর কাছে গেলে হয়তো একটু সুবিধা হ'তে পারে। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে বলব যে, এটা তুলে দিলে তাঁর কাজের ক্ষতি হবে না এবং অনুরোধ করব যে, ঐ জায়গায় কমপিটেন্ট অথরিটিকেই রাখা হোক।

Mr. Speaker: I shall put the amendments to vote.

Sj. Ganesh Ghosh: Let the Hon'ble Minister reply.

Mr. Speaker: The Hon'ble Minister did not want to speak but as you provoked him he would give a reply.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I have not much to say on the points raised because I have nothing more to add after the introductory and explanatory speech I made. I would like to mention only four points. The first point raised by Shri Subodh Banerjee was about the sacrosanct dead line—1950. If you read the proceedings when the Act was first introduced in the Legislature it was clearly mentioned that this was to meet a specific purpose, that is, to meet an extraordinary situation that has arisen after the 1950 communal disturbances. As Mr. Banerjee surely knows that even those who have come after 1950 and have squatted upon certain lands they are being recognised as squatters and appropriate action is being taken under the Land Development and Planning Act. Therefore, Sir, it is not the purpose of this Act to cover the entire refugee population in this limited Act dealing with a very limited purpose. That is the object of putting the date at that point of time. The second point has been raised by Dr. Suresh Banerjee as to the utility of taking away the power from the competent authority. If the difficulty was small this amendment would not have been necessary. I checked up the figures and have the most upto date figures with me from all competent authorities of Howrah, 24-Parganas and Calcutta. In 266 cases Government offered to the competent authority alternate land in Calcutta and 24-Parganas. Of this number the total number in which the competent authority has found the offer suitable is 226. That is, only in 40 cases the competent authority have not found the land suitable. I do not have the knowledge of every detail because that is a matter of another department. The figures tell that the Government always do not make unreasonable offer. Almost in the majority of cases the offers made by the Government are found suitable by the competent authority. The figures in Howrah approved by the competent authority are 28 but what was the result. The total number in which the refugees accepted the offer in Calcutta out of 226 was 34 where the competent authority found the land suitable. Sir, in 28 cases in Howrah approved by the competent authority only 8 were found suitable by the

refugees. Therefore, the magnitude of the difficulty is really big. It might be a debatable point. Everybody may have not the same opinion on the question. It might be debatable whether in spite of the difficulties there should be any change but, Sir, it is not correct to say that only in a very few number of cases there is difficulty. Now, Sir, the competent authority has been stated as a judicial authority. Technically speaking he is not a judicial authority. He might have a judicial frame of mind as he comes from the judicial line. This Act lays down that the judicial authority does not function as the judicial authority if he is the competent authority. He functions at most in a semi-judicial capacity. I do not deny that by substituting for competent authority the State Government more powers are coming to the State but even from that provision you cannot say that the State functions arbitrarily because there is a provision for appeal to a tribunal. Therefore, I am very sorry that I am not in a position to accept the amendments moved by my friends opposite and I only accept the amendments that have been moved by Shri Jagannath Koley.

Mr. Speaker: I wish to tell the honourable members of this House that the amendments Nos. 29A, 33A, 34, 39 and 50 are out of order for two reasons. Some of them do not fit in and Her Excellency the Governor's recommendation has not been received in respect of the others.

I shall now put Shri Jagannath Koley's amendments to vote.

The motion of Shri Jagannath Koley that in clause 5, sub-clause (b)(ii), after the word "or" in line 2, the words "at the option of the displaced person" be inserted, was then put and agreed to.

The motion of Shri Jagannath Koley that—

(1) in sub-clause (b) of clause 5 for the words "clause (a)", the words "paragraph (a)" shall be substituted;

(2) in sub-clause (c) of clause 5 for the words "clause (b)", the words "paragraph (b)" shall be substituted,

was then put and agreed to.

[4-30—4-55 p.m.]

Mr. Speaker: I put all the amendments to vote except the amendment No. 43 of Sj. Apurba Lal Majumdar.

(All the amendments except the amendment No. 43 were then put and lost.)

The motion of Sj. Subodh Banerjee that in clause 5, before item (a) the following new item be inserted, namely,—

"(ai) for the words, '31st day of December, 1950' the words '31st day March, 1957' shall be substituted", was then put and lost.

The motion of Sj. Rabindra Nath Mukhopadhyay that clause 5(a) be omitted, was then put and lost.

The motion of Sj. Haridas Mitra that clause 5(b) be omitted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that clause 5(b)(i) be omitted, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that in clause 5(b)(i), lines 2 and 3, for the words "which in the opinion of the State Government" the words "which in the opinion of an officer not below the rank of a District Judge appointed in this behalf by the State Government" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 5(b)(ii), in line 5, for the words "State Government" the words "Competent Authority" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 5(b)(ii), in line 5, after the words "State Government" the words "if he agrees to vacate the land occupied by him on receipt of the land-purchase loan" be inserted, was then put and lost.

The motion of Sj. Pabitra Mohan Roy that clause 5(c) be omitted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 5(c), before the item (i) the following new item be inserted, namely,—

"(ai) after the words, 'and of amount,' the words 'if he agrees to take the house-building loan in lieu of the house,' shall be inserted,", was then put and lost.

The motion of Sj. Ajit Kumar Ganguli that in clause 5(c)(i), in lines 2 to 4, for the words "suitable for him in the opinion of the State Government" the words "suitable for him in the opinion of an officer not below the rank of a District Judge appointed in this behalf by the State Government" be substituted was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerjee that clause 5(c)(ii) be omitted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 5(c)(ii), lines 2 to 4, for the words "such other land, or land-purchase loan and house or house-building loan" the words "such other land with house, or land-purchase loan including house, or a house with house-building loan" be substituted, was then put and lost.

The motion of Sj. Jagat Bose that in clause 5(c)(ii), lines 2 to 4, for the words "such other land, or land-purchase loan and house or house-building loan" the words "such other land and the same land under unauthorised occupation of a person in a squatters' colony and house or house-building loan" be substituted, was then put and lost.

The motion of Sj. Samar Mukhopadhyay that in clause 5, after sub-clause (c), the following new sub-clause be added, namely,—

"(d) for the words beginning with 'and pending the providing of such other land,' and ending with 'as the Competent Authority may by order deem fit to assess' the following words shall be substituted, namely,—

'and pending the providing of such other land, and house (if any) and the same land under the unauthorised occupation of persons in squatters' colony, the displaced person shall be permitted to use and occupy the land and house (if any), of which he was in unauthorised occupation'.", was then put and lost.

The motion of Sj. Rabindra Nath Mukhopadhyay that in clause 5, before sub-clause (a) the following new sub-clause be added, namely:—

"(a1) the words 'on the 31st day of December, 1950' shall be omitted.", was then put and lost.

The motion of Sj. Samar Mukherjee that in Clause 5, before sub-clause (a), the following new sub-clause be added, namely:—

"(a1) for the figures '1950' the figures '1956' shall be substituted", was then put and lost.

The motion of Sjkta. Manikuntala Sen that in clause 5(c)(ii), in line 3, after the words "land-purchase loan" the words "if prayed for by a squatter in a house and the same land under occupation of a person in a squatters' colony" be inserted, was then put and lost.

The motion of Sj. Samar Mukherjee that in clause 5, after sub-clause (c) the following new sub-clause be added, namely:—

"(d) the words 'on payment of such consideration periodically or otherwise to the owner as the Competent Authority may by order deem fit to assess' shall be omitted", was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that clause 5(c)(i) be omitted, was then put and a division taken with the following result:

AYES—90.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Bose, Sj. Jagat
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Durgapada
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Das, Sj. Sunil
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjkta. Labanya Prova
Golam Yazdani, Dr.
Gupta, Sj. Sitaram
Halder, Sj. Ramanuj
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda Sj. Turku
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Rai, Sj. Deo Prakash
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Bhakta Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy, Choudhury, Sj. Khagendra Kumar
Saha, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

NOES—129.

Abdul Hameed, Hazi
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Aban Kumar
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blancho, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Barman, The Hon'ble Syama Prasad
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Gokul Behari
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dutt, Dr. Beni Chandra
Dutta, Sjkta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad

The Ayes being 90 and the Noes 129, the motion was lost.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned for fifteen minutes.

(Accordingly the House was adjourned for 15 minutes.)

[After adjournment.]

[4-55 5-5 p.m.]

Clause 6

Mr. Speaker: I wish to inform the House that amendments Nos. 51, 52 and 53 are out of order. 57 is also out of order as Her Excellency the Governor has not sent her recommendation. So the only amendments left are 54, 55 and 56.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that in clause 6, in the proposed clause (b), in lines 3 to 11, the words beginning with "provided that" and ending with "so recoverable" be omitted. My amendment is 55

একটা গুরুতর বিষয় নিয়ে এ অ্যামেন্ডমেন্ট। আগে ছিল যে প্রিমিয়াম অ্যান্ড রেন্ট যদি স্টেট গভর্নমেন্টকে দিতে হয় তা হ'লে সেটা রিকভার করতে হবে

under a decree of Civil Court or as a public demand.

কিন্তু স্টেট গভর্নমেন্ট ছাড়া যদি আর কাউকে দেয় হয় তবে

it should be recovered as a decree of Civil Court.

এই ব্যবস্থা উদ্বাস্তুদের পক্ষে খুবই সুবিধাজনক ছিল এবং ন্যায়সঙ্গতও ছিল। কিন্তু এখন গভর্নমেন্ট এ ব্যবস্থা বদলাচ্ছেন, অন্য যে ব্যবস্থা করছেন তাতে উদ্বাস্তুদের পক্ষে বেশ কঠিন হয়ে পড়বে। কারণ তারা দিতে পারবে না, দেবার ক্ষমতা তাদের নেই এবং তারা দিতে বাধ্যও নয়। কারণ আমরা

promise-bound to provide them with land and other facilities.

এইসব কথা বিবেচনা ক'রে ১৯৫১ সালের অ্যাক্টএ বলা হয়েছিল

other than the State Government will be recoverable under a decree of the Civil Court—

এসব করা খুবই ন্যায়সঙ্গত হয়েছিল। তাই আমার সংশোধনী প্রস্তাবে আমি বলেছি—'প্রোভাইডেড' এইটা বাদ দেন এবং আগে যে ব্যবস্থা ছিল তাই বজায় রাখতে। অন্যরকম ব্যবস্থা ক'রে কোন লাভ হবে না। তাদের কাছ থেকে কি আদায় করবেন? তাদের আছে কি? তারা পরের জমিতে বাস করে, পরের বাড়িতে বাস করে, তাদের নিজের বলতে কিছুই নেই। তাদের উপর এইরকম একটা খড়্গ রেখে কি লাভ হবে? এ কাজ ক'রে গভর্নমেন্ট নিজের ওপরই 'আনজাস্ট গভর্নমেন্ট' 'টিরানিক্যাল গভর্নমেন্ট' প্রভৃতি অ্যাডজেক্টিভ টেনে আনছেন। বেশি বক্তৃতার প্রয়োজন নেই। এর মধ্যে আগে যা ছিল সেই কথাই বলছি—'প্রোভাইডেড' এই কথাটা বাদ দিন এবং

only as a sum recoverable under a decree of the Civil Court—

এটা বজায় রাখুন, তা হ'লে তারা দিতে পারলে দেবে, না দিতে পারলে স্টেট গভর্নমেন্ট দেবে। পাবলিক ডিমান্ড—এসব বললে

you will get nothing

তাই মন্ত্রিমহোদয়কে আমি অনুরোধ করছি, তিনি আমার এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করুন। আগে যে অবস্থা চালু ছিল তার পরিবর্তন করবার কোন ন্যায়সঙ্গত কারণ নেই। তাই আগের অবস্থাটাই অব্যাহত রাখুন।

Sj. Apurba Lal Majumdar: Mr. Speaker, Sir,

মিঃ স্পীকার, স্যার, আমার অ্যামেন্ডমেন্ট নম্বর ৫৫ সম্পর্কে কয়েকটি কথা বিশেষভাবে বলা দরকার। এই যে আইনটা আমাদের সামনে আনা হয়েছে, এর দুইটি ধারার উপর প্রধানত আমার বক্তব্য পেশ করছি। যে সেকশনটা পাস হয়ে গেল—সেকশন নম্বর ৫—সেখানে আমরা বলেছি যে জুডিসিয়ারির পাওয়ার কার্টেল করা হচ্ছে। ঠিক তেমনি এই আইনের মধ্যে সবচেয়ে খারাপ এবং যেটা ক্ষতি করবে বাস্তুহারাদের সেই ধারা হচ্ছে যে, সমস্ত জমিদার এবং বড় বড় মালিকদের টাকা আদায় করবার সমস্ত দায়িত্ব সরকার নিজের কাঁধের উপর নিয়েছেন। পূর্ববর্তী যে আইন ছিল সেই আইনে বলা ছিল যে সরকারের বেলায় তাদের প্রাপ্য টাকা সার্টিফিকেট জারি ক'রে আদায় করা হবে। কিন্তু অন্যান্য জমিদারদের বেলায়, যাদের জমি উদ্বাস্তুরা দখল ক'রে আছে, তাদের বেলায় সেইসমস্ত টাকা সিভিল কোর্টএর প্রসিডিওর যা আছে -সাধারণত একজন লোক যদি অন্য লোকের কাছে টাকা পায় সিভিল প্রসিডিওর কোডএর ব্যবস্থা অনুযায়ী আদায় করা হয় -এখানেও তাই হবে। সেই হিসাবে আমরা এখানে সেই বিষয়ে রাজী হব, একমত হব, এবং মিঃ স্পীকার, আপনি নিশ্চয়ই জানেন যে বিভিন্ন জায়গায় অভিযুক্তদের কাছ থেকে যাদের কিছু কিছু ক্ষতিপূরণ দেবার সামর্থ্য আছে তাদের কাছ থেকে আদায় হচ্ছে। কিন্তু এই যে এত বড় গুরুত্বপূর্ণ পরিবর্তন, অ্যামেন্ডমেন্ট বিলে আনা হচ্ছে, এর ফলে যেসমস্ত উদ্বাস্তুদের অর্থ নেই, টাকা দেবার সামর্থ্য নেই, তাদের কাছ থেকে যদি আদায় করার চেষ্টা করা হয় তা হ'লে অনেক উদ্বাস্তুই তাদের জমিজমা ছেড়ে, পুনর্বাসন না পেয়ে স'রে পড়বে। পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্টএর দ্বারা এই টাকাটা যেন আদায় করা না হয়। তার কারণ উদ্বাস্তু ছাড়া অন্য ক্ষেত্রে দেখি যে, যদি কোন বাকি টাকা থাকে রেন্ট হিসাবে, সেখানে সেই টাকা সিভিল কোড প্রসিডিওরএ এনাফ স্ট্রেংথ আছে, সেই স্ট্রেংথএর দ্বারা আদায় করতে পারে। কিন্তু বাস্তুহারাদের বেলায় এই ডিফারেনশিয়েট কেন করা হচ্ছে? সমস্ত সিভিল কোড প্রসিডিওরএ এনাফ স্ট্রেংথ অ্যান্ড স্কোপ আছে যে কোন একজনের প্রাপ্য টাকা আদায় করার। সেইজন্য শুধুমাত্র উদ্বাস্তুদের বেলায় অন্যভাবে আদায় করার ব্যবস্থা দ্বারা হৃদয়হীনতার পরিচয় সরকার দিচ্ছেন। সুতরাং এই বিলে এইরকম একটা রিগাবাস ব্যবস্থা করা যুক্তিযুক্ত হ'তে পারে না। তাই আপনার মারফত মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি যে, বাস্তুহারাদের কাছ থেকে আদায় করার ব্যাপারে আর একটু সহানুভূতির দৃষ্টি নিয়ে দেখা উচিত ছিল। এখানে সহানুভূতি কোথায় আছে? বরং রিগারাসলি কি ক'রে সরকার নিজের দায়িত্বে টাকা আদায় করতে পারেন তার ব্যবস্থা করছেন। বড় বড় মিলমালিক, ল্যান্ডলর্ডস, জমিদারদের সুবিধা দেবার জন্য সরকার এই খারাপ কাজ, নিন্দনীয় কাজ করছেন। এইভাবে নিজের কাঁধে আদায় করবার দায়িত্ব সরকার না নিলেই ভাল করবেন।

[5-5—5-15 p.m.]

The motion of Dr. Suresh Chandra Banerjee that in clause 6, in the proposed clause (b), in lines 3 to 11, the words beginning with "provided that" and ending with "so recoverable" be omitted was then put and a division taken with the following result:—

AYES—79.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Das, Sj. Gobardhan
Das, Sj. Sisir Kumar
Das, Sj. Sunil
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjkta. Labanya Prova
Golam Yazdani, Dr.

Gupta, Sj. Sitaram
Halder, Sj. Ramanuj
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Bhakta Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy Choudhury Sj. Khagendra Kumar
Saha, Sj. Naku Chandra
Sen, Sj Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

NOES—123.

Abdul Hameed, Hazi
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Monilal
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blancho, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Doloi, Sj. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Sjkta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan

Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Zia-Ul-Huque, Janab Md.

The Ayes being 79 and the Noes 123, the motion was lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Mr. Speaker: With regard to clause 7, I wish to inform the honourable members of the House that clause 7 is not being pressed by the Government.

The question that clause 7 do stand part of the Bill was then put and lost.

Clause 8

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

Sj. Niranjan Sengupta:

মিঃ স্পীকার, স্যার, যে বিল এখানে নূতনভাবে আনা হয়েছে, সেই বিলের আমি বিরোধিতা করছি। এ বিল রিফিউজি রিহ্যাবিলিটেশন বিল নয়, এটা রিফিউজি উচ্ছেদ বিল। সেদিন মাননীয় মন্ত্রী শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয় এমনভাবে বিলটা পেশ করেছিলেন যাতে মনে হয়েছিল যে বিলটা খুব নিরীহ এবং এতে রিফিউজিদের খুব ভাল হবে। এটা প্রমাণও করতে চেয়েছিলেন। কিন্তু আমি বলব সেটা মোটেই ঠিক নয়। তার কারণ, এই বিলের ভিতর দিয়ে একটা জিনিস ফুটে বেরিয়েছে, সেটা হচ্ছে সরকারপক্ষের দৃষ্টিভঙ্গির কোন বিশেষ পরিবর্তন দেখা যাচ্ছে না। প্রথমত, যে কথা অনেক বন্ধু ব'লে গিয়েছেন সে কথা হচ্ছে রিফিউজিদের সংজ্ঞা নিয়ে—আমরা যেটা অনুরোধ করেছিলাম -সরকারপক্ষ থেকে বিভিন্ন উপায়ে সেটা মেনে নিতে পারতেন। অবশ্য এটা বিলের আওতায় না পড়লেও মেনে নিতে পারতেন। কারণ ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত যাঁরা এসেছেন তাঁদের বাদ দিয়ে অন্য যাঁরা এসেছেন, তাঁদের সম্পর্কে কোন কিছু সংজ্ঞা দেওয়া হয় নি। সেদিক দিয়ে আমি বলব, আজকে বাংলা-দেশে হাজার হাজার, লক্ষ লক্ষ যেসব বাস্তুহারা এসে পৌঁছেছেন তাঁদের সমস্ত দায়িত্ব সরকারের এবং তাঁদের সম্পূর্ণভাবে ইকনমিক রিহ্যাবিলিটেশন, পুনর্বসতি করার দায়িত্বও সরকারের। সেদিক দিয়ে সরকার কোন কম্প্রিহেনসিভ স্কীম আমাদের কাছে রাখেন নি। অথচ আমরা জানি, এইসমস্ত বাস্তুহারা-ভাই সেদিন এখানে এসে যেভাবে পড়েছিলেন এবং অক্লান্ত পরিশ্রম

ক'রে স্কোয়াটার্স কলোনি গ'ড়ে তুলেছিলেন, সেখানে বনজঙ্গল কেটে নিজেদের বসতি স্থাপন ক'রে বিভিন্ন দিক দিয়ে নিজেদের চেষ্টায় তাঁরা নিজেদের উন্নয়ন করেছিলেন, সেখানে সরকারের তরফ থেকে কোন সাহায্য পান নি। একথা সবাই জানেন এবং সরকারের সাহায্য না পেলেও তাঁরা যে অমানুষিক পরিশ্রম করেছিলেন সেকথা ভোলবার নয়। অথচ আজকে সরকারের তরফ থেকে তাদের স্কোয়াটার্স কলোনি থেকে বিভিন্ন উপায়ে উচ্ছেদ করতে যাচ্ছেন। অবশ্য সরকার বলছেন, তাঁদের উচ্ছেদের জন্য ঠিক নয়, তাঁদের আমরা রিহ্যাবিলিটেট করব। কিন্তু আমার নিজের ধারণা, এই বিলের উদ্দেশ্য হচ্ছে—এখানে অনেকে বলেছেন, তার পুনরুক্তি ক'রে বলব—কোন কোন ল্যান্ডওনার, জমির মালিক, বড় লোক তাদের ল্যান্ড তাদের হাতে ফিরিয়ে দেবার জন্য চেষ্টা হচ্ছে এবং সেই চেষ্টার পিছনে যে উদ্দেশ্য আছে সেটা আমরা কখনও সমর্থন করতে পারি না, নিশ্চয়ই তা অপোজ করব। দ্বিতীয় কথা হচ্ছে, যে অবস্থায় এই বিল আনা হয়েছে এবং যেখানে আজকে আপনারা দেখছেন যে শত শত, সহস্র সহস্র বাস্তুহারা ভাইরা এই বিলের বিরুদ্ধে বিক্ষোভ দেখাবার জন্য গতকাল এখানে উপস্থিত হয়েছিলেন, সেখানে তাদের মনে আশঙ্কা আছে যে এই বিলের দ্বারা সরকারের তরফ থেকে তাদের কোন কল্যাণ করা হচ্ছে না, বরং তাদের অকল্যাণ হবে যদি আজকে এই বিল পাস হয়। তাই আমি প্রথমে বলব—আমরা বিরোধীপক্ষরা—বিভিন্ন বিষয়ে সরকার যেসমস্ত নীতি গ্রহণ করেছেন বাস্তুহারাদের সম্বন্ধে তা দেখে আজকে ভাল ক'রে বলতে পারি সরকারের মনে নিশ্চয়ই কোন সৎ উদ্দেশ্য নেই। নিজেদের কতকগুলি ব্যাপারে স্বার্থপ্রণোদিত হয়ে এই বিল আনবার চেষ্টা করছেন।

আমি এটুকু বলব যে, বাস্তুহারারা যেসব স্কোয়াটার্স কলোনিতে আছেন, স্কোয়াটার্স হাউসএ আছেন, যেসব কলোনি গ'ড়ে তুলেছেন সেখানেও তাঁরা অনেক সুবিধা পাচ্ছেন না এবং তাঁরা এই বিলের আওতায় প'ড়ে বিভিন্ন দিকে আরও ক্ষতিগ্রস্ত হবেন। প্রথম কথা হচ্ছে, আজকে তাঁরা যেসব কলোনি গ'ড়ে তুলেছেন, সেইসব স্কোয়াটার্স কলোনি থেকে তাঁদের উচ্ছেদ ক'রে সরকারের দিক থেকে বিশেষ কোন লাভ হবে না একমাত্র জমিদারদের হাতে জমি ফিরিয়ে দেওয়া ছাড়া। তাঁদের অন্যত্র নিয়ে যেতে গেলে অনেক বেশি টাকা লাগবে এবং এতে সরকারের যে গুরু দায়িত্ব সেটাও সরকারকে বুঝতে হবে। এখানে যেটা পরিষ্কার বুঝা যাচ্ছে, সরকারের মতলব হচ্ছে মুষ্টিমেয় লোকের স্বার্থের জন্য এইসব স্কোয়াটার্স কলোনি খালি ক'রে দিয়ে সেসব জমি বড় বড় জমির মালিকদের ফিরিয়ে দেওয়া। সুতরাং এই অবস্থায় আজকে এই বিলের বিরুদ্ধে বিক্ষোভ দেখা দিয়েছে। সরকারের যদি সদুদ্দেশ্য থাকত তা হ'লে বিরোধীদলের সঙ্গে আলোচনা ক'রে বিভিন্ন দলের লোকের উপদেষ্টা কমিটির মারফত ও সহযোগিতায় এই বাস্তুহারা সমস্যার সমাধানের চেষ্টা করতেন। কিন্তু সেদিকে সরকারের কোনরূপ চেষ্টা নাই। আমরা আমাদের তরফ থেকে এ বিল সমর্থন করতে পারি না। এটা সমর্থন করা মানে বাস্তুহারাদের বাস্তুচ্যুত করা, তাঁদের আবার বাস্তুচ্যুত করা, এই বিলের দ্বারা বাস্তুহারাদের দুর্ভোগে ফেলা ছাড়া আর কিছু হবে না। এই ব'লে আমি এই বিলের অপোজ করি।

[5-15—5-25 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫১ সালে যখন এই বিল পাস হয় তখন আমি মুখ্যমন্ত্রী ডাঃ রায়কে কনগ্র্যাচুলেট ক'রে কিছু বলেছিলাম।

Mr. Speaker: I will only request all the honourable members of this House not to repeat the same thing over again because an opportunity has come.

Dr. Suresh Chandra Banerjee:

কিন্তু আজ আমি তাঁকে কনগ্র্যাচুলেট করতে পারছি না। আমার পূর্ণ বিশ্বাস যে, রিহ্যাবিলিটেশন আইনটা গভর্নমেন্ট প্রকারান্তরে এভিকশন আইনে পরিণত করেছেন, কারণ এই সংশোধনী আইনের বলে স্টেট গভর্নমেন্টই কমপিটেন্ট অথরিটি। গভর্নমেন্টএর পক্ষে এভিকশনএর পথ পরিষ্কার হয়ে গিয়েছে। সুতরাং গভর্নমেন্টকে কনগ্র্যাচুলেট তো করতে পারিই না,

কি শব্দ প্রয়োগ ক'রে যে নিন্দা করব তা বুঝতে পারছি না। এই বিলের তীব্র বিরোধিতা করছি বললেই যথেষ্ট হবে না, আমার যথেষ্ট আশংকা আছে যে, স্কোয়াটার্স কলোনির বাস্তুহারাদের পুনরায় উচ্ছেদ আরম্ভ হবে। এজন্য গভর্নমেন্টকে অনুরোধ করছি, যদিও স্টেট গভর্নমেন্টকে কম্‌পিটেন্ট অথরিটি করা হচ্ছে, স্টেট গভর্নমেন্ট যেন কার্যক্ষেত্রে রিহ্যাবিলিটেশন বিলকে এভিকশন বিলে পরিণত না করেন। এই ব'লেই এই বিলের প্রতি আমার তীব্র অশ্রদ্ধা জ্ঞাপন করছি।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিল নিয়ে অ্যাসেম্বলিতে ও অ্যাসেম্বলির বাইরে জনমত বিশেষভাবে প্রবল হয়ে উঠেছে। আজ দু'দিন ধরে এই বিলের আলোচনা হচ্ছে। আমরা মনে করেছিলাম, উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপারে যেসমস্ত সমস্যা আমাদের সামনে এসেছে সেইসব সমস্যা সমাধানের জন্য আমাদের কাছে একটা কম্‌প্রিহেন্সিভ বিল উপস্থিত করা হবে, কিন্তু বিলটা যে আকারে উপস্থিত করা হয়েছে, ১৯৫১ সালে যে বিল পাস হয়েছিল যদি এই বিলের লাইফ এক্সটেন্ড করা হ'ত তা হ'লে অন্য কথা ছিল এই বিল নিয়ে অ্যাসেম্বলিতে ও অ্যাসেম্বলির বাইরে যেসমস্ত সমালোচনা হয়েছে বিরোধীদল এই বিলের উপর যেসমস্ত সংশোধনী উপস্থিত করেছিলেন, যদিও সরকার সেই সংশোধনী কিছু কিছু মেনে নিয়েছেন, কিন্তু তা মেনে নিলেও এখন যে আকার দেওয়া হচ্ছে তাতে এই আইনের বিশেষ কোন উন্নতি-সাধন হয় নি। আমরা চেয়েছিলাম এই বিলেতে উদ্বাস্তু পুনর্বসতি ব্যাপারে যদিও মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, এটা সীমাবদ্ধ বিল, খালি যেসমস্ত উদ্বাস্তু জমি দখল ক'রে আছে তাদের অন্যত্র বসবাস করার জন্য জমি বা ঋণ দেওয়া হবে, খালি জমিতে এভাবে যেসব উদ্বাস্তুরা বসেছে তাদের অন্যত্র বসবাসের ব্যবস্থার উদ্দেশ্যেই এই বিলটা আনা হয়েছিল এবং জমিদারি প্রথা উচ্ছেদ আইন যখন আসে তখন সে আইনে আমাদের সংশোধনী মুখ্যমন্ত্রী মেনে নিয়েছিলেন এবং সিলেক্ট কমিটিতে স্থির হয়েছিল যে কলকাতায়ও জমিদারি প্রথা বিলোপ আইন প্রযোজ্য হবে। কিন্তু কেন জানি না, বাতারাতি হঠাৎ বিরোধীদলের যে সংশোধনী প্রস্তাব মেনেছিলেন সেটার বিরুদ্ধাচরণ ক'রে কলকাতাকে জমিদারি উচ্ছেদ আইনের আমল থেকে বাদ দেওয়া হ'ল।

Mr. Speaker: Mr. Basu, this seems to be irrelevant.

Sj. Hemanta Kumar Basu: Why? Why?

Mr. Speaker: Why Dr. Roy has not brought in Calcutta within the purview of the Zamindari Abolition Bill has no bearing on the present Bill which is before the House.

Sj. Hemanta Kumar Basu: Yes, Sir, there is.

Mr. Speaker: If you think that you can challenge my decision.

Sj. Hemanta Kumar Basu: I respect your decision but this is my opinion.

Mr. Speaker: This appears to me to be irrelevant.

[5-25—5-35 p.m.]

Sj. Hemanta Kumar Basu:

যে কথা বলছিলাম। এই আইনটা সেভাবে আসত না, গভর্নমেন্টকে বাধ্য হ'তে হ'ত এই উচ্ছেদ বন্ধ করার জন্য এবং গভর্নমেন্ট টাকা দিয়ে, কম্পেনসেশন দিয়ে সেই জমিগুলি গ্রহণ ক'রে নিতেন। কাজেই সেদিক থেকে আমি বলছি, স্যার, এটা রেলেভ্যান্ট। যা হোক, এখন ব্যাপার হচ্ছে এই যে, সমস্ত সংশোধন আমরা উভয়পক্ষ মিলে গ্রহণ করলাম বটে, কিন্তু তা সত্ত্বেও বিলের বিশেষ কোন উন্নতি সাধিত হ'ল না। এই বিলে বাস্তুহারাদের প্রতি অবিচার করা হ'ল, তারা যে স্থানে বসেছিলেন সেখান থেকে তাদের উঠিয়ে দেওয়া হবে। যেসমস্ত জমির মালিক আছেন তাঁদের যদি একমাত্র সেই জমিই থাকে, আর কোন জমি না থাকে তা হ'লে পর পৃথক কথা ছিল। কিন্তু তাঁদের অন্য জমি আছে, তাঁদের আলাদা বাড়িঘর আছে,

অথচ উদ্বাস্তুদের আর কোন স্থান নেই, তাঁরা সর্বস্বান্ত হয়ে এসেছেন। কাজেই তাঁরা সেইসব জায়গায় এসে বসেছেন সরকারের উপর কোনরকম ভার না হয়ে, সরকারের ঘাড়ে না চেপে। এইসমস্ত হাজার হাজার উদ্বাস্তু যদি সরকারের ঘাড়ে চাপতেন, তা হ'লে সরকারকে তাদের দায়িত্ব গ্রহণ করতে হ'ত এবং তাঁদের জন্য কোটি কোটি টাকা খরচ করতে হ'ত। কিন্তু সরকারকে তা করতে হয় নি, কেন না উদ্বাস্তুরা নিজেরা যেসমস্ত পতিত জমি, পোড়ো জমি ছিল, যেসমস্ত জমি কেউ ব্যবহার করত না, যেসমস্ত জমি জঙ্গলে পরিপূর্ণ ছিল সেইসমস্ত জমির উন্নতি সাধন করেছে। আমি এটা গ্রামে গ্রামে ঘুরে দেখেছি, কোলকাতার আশেপাশে সব জায়গায় আমি নিজে কাজ ক'রে এটা দেখেছি। কাজেই সেদিক দিয়ে আমি বলছি যে, এই জমিগুলি যদি সরকার অ্যাকোয়ার ক'রে নিতেন এবং এইরকম একটা ধারা আনতেন যে, যেখানে যেখানে উদ্বাস্তুরা বসে আছেন সেই জমি যদি জমিদারের একমাত্র আয়ের উপায় না হয় তা হ'লে সেগুলি অ্যাকোয়ার ক'রে নিতেন, তা হ'লে নিশ্চয়ই আমরা সেই ধারাকে অভিনন্দন জানাতাম। কিন্তু সেইরকম কোন ধারা এখানে নিয়ে আসা হয় নি।

তারপরে এই আইনের যেটা ডেড লাইন, ৩১এ ডিসেম্বর ১৯৫০ সাল ব'লে যে কথাটা আছে সেটা মারাত্মক। ১৯৫০ সালে পূর্ববঙ্গে একটা বিরাট দাঙ্গা হয়েছিল, যার ফলে অনেক উদ্বাস্তু এখানে এসেছিলেন, কিন্তু সকলেই যে আসতে পেরেছিলেন তা পারেন নি। ১৯৫০ সালের পরেও অনেকে এখানে এসেছেন। বিমল সিংহ মহাশয় বললেন যে, স্কোয়াটার্স কলোনিগুলিকে রেকগনাইজ করা হচ্ছে, কিন্তু আমি যতদূর খবর জানি তাতে ১৯৫০ সালের পূর্বে যারা এসেছেন সেইসমস্ত কলোনিগুলিকে কেবল রেকগনাইজ করা হচ্ছে এবং অর্পণপত্র দেওয়া হচ্ছে।

The Hon'ble Bimal Chandra Sinha:

১৯৫১ সাল।

Sj. Hemanta Kumar Basu:

যা হোক ১৯৫১ সাল অবধি হয়েছে, কিন্তু ১৯৫২, ১৯৫৩, ১৯৫৪, ১৯৫৫ সালে যারা এসেছেন তাদের প্রতি এই আইনে সেইরকম সুবিচার করা হ'ল না। আমরা এই ডেড লাইনটাকে বদলাতে চেয়েছিলাম, এটা বদলানো উচিত ছিল। সমস্ত উদ্বাস্তুদের প্রতি একভাবে এক দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করা উচিত ছিল। এই আইনে সেইরকম ধারা প্রয়োগ করা উচিত ছিল। তারপর উদ্বাস্তুদের কাছ থেকে জমির জন্য কম্পেনসেশন আদায় করা সম্পর্কে সরকার বলেছেন যে, তাঁরা নিশ্চয়ই এই টাকা জোর ক'রে আদায় করতে পারবেন না। তাই যদি না আদায় করতে পারেন তা হ'লে কেন আইনে এই প্রভিশন রাখা হ'ল, কেন পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট অনুসারে তা আদায় করবার প্রভিশন রাখা হ'ল? বরং এইরকম যদি একটা ধারা থাকত যে সেই জমিগুলিকে সরকার অ্যাকোয়ার ক'রে নেবেন, নিয়ে যেটুকু কম্পেনসেশন হয়—কম্পেনসেশন বেশি হ'তে পারে না—সেটা জমির মালিককে ফেরত দেবার ব্যবস্থা করতেন তা হ'লে ভাল হ'ত। কাজেই পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট সরকারের যদি এই ইচ্ছা হয় যে সেই আইনকে তাঁরা প্রয়োগ করবেন না তা হ'লে কেন এখানে তার প্রভিশন রাখা হ'ল? হয়তো এখানে তার অপব্যবহার হ'তে পারে। কাজেই এই আইনের আমি ঘোরতর বিরোধিতা করছি।

Sj. Chitta Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সামনে যে বিল এসেছে এবং যেটার আলোচনা প্রায় শেষ হয়ে এল, সে সম্পর্কে আপনার মাধ্যমে আমি কিছু বলব।

Mr. Speaker: I may inform the honourable members that I have a list before me and unless I call the name no honourable member should rise to speak. But Mr. Basu, as you have already begun you go on.

Sj. Chitta Basu:

আমরা দেখেছি, এই যে সংশোধন বিল আনা হয়েছে তার মধ্য দিয়ে সরকারের যে দৃষ্টিভঙ্গি, সরকারের যে মনোভাব প্রতিফলিত হয়েছে, সেটাকে এক কথায় বলতে গেলে বলতে হয় যে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য সরকার পূর্বে যে দায়িত্বভার গ্রহণ করেছিলেন সেই দায়িত্বভার ক্রমাগত দিনের পর দিন তাঁরা হ্রাস করতে চান। আমরা আগে জানতাম যে, পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গের অভ্যন্তরে যাঁরা আসবেন পশ্চিমবঙ্গ সরকার তাঁদের সুষ্ঠু পুনর্বাসনের দায়িত্ব গ্রহণ করবেন। পূর্বে ১৯৫১ সালে যে আইন করেছিলেন তার যে মূলগত এবং মৌলিক দুর্বলতা ছিল, যে ডিফেক্ট ছিল, সেগুলি সংশোধন না ক'রে এবং পশ্চিমবঙ্গের পুনর্বাসন সমস্যার সমাধানকে ত্বরান্বিত করবার চেষ্টা না ক'রে এই সংশোধনের মধ্য দিয়ে এই সমস্যাকে আরও তীব্র এবং ব্যাপক করার চেষ্টা করা হচ্ছে। কাজেই আপনার মাধ্যমে আমি একথা বলব যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ১৯৫০ সালের পর যেসমস্ত কলোনি প্রতিষ্ঠিত হয়েছে সেগুলির স্বীকৃতির জন্য, সেগুলিকে রেগুলারাইজ করবার জন্য যে দায়িত্ব গ্রহণ করা উচিত ছিল সেই দায়িত্ব সরকার গ্রহণ তো করলেনই না, বরং ১৯৫০ সালের আগে যারা নিজেদের চেষ্টায় একটা সামাজিক পরিবেশ গ'ড়ে তুলতে পেরেছিলেন তাদের ভেতর কাউকে কাউকে উচ্ছেদ করবার জন্য একটা চক্রান্ত এই বিলের ভেতর রয়েছে। কাজেই আমি আগেই বলেছি যে, যে দায়িত্ব গ্রহণ করা সরকারের উচিত সেই দায়িত্ব ক্রমাগত হ্রাস করবার জন্য সরকার চেষ্টা করছেন। উদ্বাস্তু ভাইবোনদের কমপিটেন্ট অথরিটির মারফত যে সামান্য বিচার পাবার সুযোগ ছিল আজ দেখতে পাচ্ছি এক্সিকিউটিভএর হাতে সেই ক্ষমতা দেওয়া হচ্ছে। এক্সিকিউটিভদের অত্যাচার এবং জুলুমের কথা এই আইনসভায় দাঁড়িয়ে অনেক সদস্য অনেক-বার তাঁদের বক্তৃতায় বলেছেন, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে সেই এক্সিকিউটিভএর হাতে, আমলাতান্ত্রিকের হাতে আরও বেশি ক'রে ক্ষমতা দেওয়া হচ্ছে এবং তার ফলে তাদের পূর্বে যে অধিকার অর্জিত করা সম্ভব ছিল, সেই অধিকার আবার হরণ করা হচ্ছে।

সর্বোপরি আর একটা কথা বলা দরকার—কম্পেনসেশনএর কথা। আমরা এই আইনসভার ভেতরে এবং বাইরে বারবার বলেছি যে, যেসমস্ত পতিত জমি ছিল, জংলা জমি ছিল, জলা জমি ছিল, সেগুলিকে উদ্ধার ক'রে সেখানে উদ্বাস্তুরা পুনর্বাসনের কেন্দ্র গ'ড়ে তুলেছেন। যদি কাউকে ক্ষতিপূরণ দিতে হয় তা হ'লে তাদেরই সেটা দেওয়া উচিত; কেন না সেইগুলি উদ্ধার করবার কাজে উদ্বাস্তু ভাইবোনদের অনেক কষ্ট স্বীকার করতে হয়েছে, অনেক ত্যাগ স্বীকার করতে হয়েছে—এমনকি অনেককে শহীদও হতে হয়েছে। কাজেই যে জমি ছিল অনুর্বর, যে জমি ছিল জংলা, পোড়ো, যেখানে কোনদিন কেউ বাস করত না, যেখানে শিয়াল-কুকুর এবং অন্যান্য হিংস্র পশুরা বাস করত, সেই জমিকে তাঁরা উর্বর করেছেন, সেই জমির তাঁরা উন্নতি সাধন করেছেন, সেখানে সভ্যতার কেন্দ্র তাঁরা গ'ড়ে তুলেছেন, সেখানে সামাজিক সুস্থ পরিবেশ গ'ড়ে তুলেছেন। ক্ষতিপূরণ পেতে গেলে তাঁদেরই ক্ষতিপূরণ পাওয়া উচিত। কেন না তাঁরা তাঁদের শ্রম দিয়ে, অর্থ দিয়ে, সামর্থ্য দিয়ে সেইগুলির উন্নতি বিধান করেছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, ক্ষতিপূরণের ব্যবস্থা হচ্ছে তাঁদেরই জন্য যাঁদের জায়গার প্রয়োজন নেই, বাসস্থানের প্রয়োজন নেই, যাঁদের প্রচুর অর্থ আছে তাঁদের স্বার্থকে চরিতার্থ করবার জন্য ক্ষতিপূরণের ব্যবস্থা করা হয়েছে। সকলের শেষে একটা প্রতিক্রিয়াশীল ধারা এখানে সংযোজিত করা হয়েছে, সে সম্পর্কে বারবার আলোচনা হয়েছে, কম্পেনসেশনএর টাকা আদায় করার দায়িত্ব এই সরকার গ্রহণ করেছেন। এই সরকার যদি সহানুভূতিশীল সরকার হতেন তা হ'লে পর তাদের বাস্তুচ্যুত ক'রে সেই অর্থ আদায় করবার দায়িত্ব সরকার নিজের স্কন্ধে বহন করতেন না। এর দ্বারা কি এটা প্রমাণিত হয় না যে উদ্বাস্তুদের সম্পর্কে এই সরকারের সহানুভূতি ও দায়িত্ব ক্রমাগত হ্রাস করা হচ্ছে এবং এইসমস্ত উদ্বাস্তুদের নূতন ক'রে উদ্বাস্তু করবার চক্রান্ত সরকার করছেন? কাজেই আপনার মাধ্যমে আমি শুধু এই কথাই বলছি যে, এই সংশোধনী প্রস্তাব যখন এই আইনসভায় এসেছে তখন এই আইনসভার ভেতরেও যেমন, বাইরেও তেমন প্রতিবাদ এসেছে। সুতরাং এই আইনের যে মৌলিক দুর্বলতা এবং ডিফেক্ট আছে এবং উদ্বাস্তুদের সম্বন্ধে যে অত্যাচারমূলক আইন তৈরি করা হচ্ছে তার বিরুদ্ধে আমি তীব্র ভাষায় প্রতিবাদ জ্ঞাপন করছি।

[5-35—5-55 p.m.]

Sj. Khagendra Kumar Roy Choudhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি ব'লে রাখি যে, আমি এই বিলের বিরোধিতা করছি। কথাপ্রসঙ্গে মাননীয় মন্ত্রী বিমল সিংহ মহাশয় বললেন যে, যেহেতু তিনি দুই-একটি সংশোধন গ্রহণ করেছেন সেই হেতু এটা বিরোধীদের সমর্থনযোগ্য। একথা তিনি কি ক'রে বললেন তা আমার জানা নাই। কেন না কাল থেকে বিপুল আলোচনা চলছে এবং একের পর এক বিরোধী-দলের বক্তারা এই বিলের বিরোধিতা করছেন। সেই বিরোধটা প্রধানত এই যে, ঐ ডিসপ্লেসড্ পার্সন্স যারা ১৯৫০ সালের পর এসেছে তাদের সম্বন্ধে যা বক্তব্য আছে সেটা সরকারপক্ষ স্বীকার করলেন না, অর্থাৎ যেটা না স্বীকার করার জন্য প্রায় একশোটা কলোনি যেটা এই সময়ের পরে হয়েছে সেগুলোকে ভেঙে দেবার প্রস্তাব এর মধ্য দিয়ে সরকারপক্ষ গ্রহণ করেছেন। আমার বিনীত আবেদন যে তাঁরা আর একবার এ জিনিসটা ভাবুন। অনেক কষ্টে বিকল্প ব্যবস্থা না থাকার জন্য এঁরা পূর্ববঙ্গ থেকে নিজেদের বাস্তুভিটা ছেড়ে এসেছেন। তারা তো সখ ক'রে আসে নি। তারা এসে এই ঘর তুলেছে। সরকার তাদের এই ঘর তোলার কাজে এতটুকুও সাহায্য করেন নি। আজকে এই বিলের মধ্য দিয়ে সেই ঘরকে তাঁরা ভাঙতে যাচ্ছেন। এই ঘরভাঙার আগে, এইসমস্ত উদ্বাস্তু ভাইদের কলোনি থেকে ওঠাবার আগে একবার ভেবে দেখুন যে, যে ঘর তৈরি করতে পারেন নি সেই ঘর ভাঙতে যাচ্ছেন। আমরা অবশ্য অস্বীকার করি না, এই ঘরভাঙার অধিকার সরকারের নাই। তাঁরা অবশ্য ভাঙতে পারেন, কিন্তু তাঁদের একটু সতর্ক ক'রে দিচ্ছি—আপনারা আইন যাই করুন না কেন, আপনাদের একটা সাংঘাতিক বিরোধিতার সম্মুখীন হ'তে হবে। কেন না, সাধারণ মানুষ কিছু কিছু টাকা ব্যয় ক'রে নিজস্ব উদ্যমে যে ঘর তুলেছে তারা সেই ঘর থেকে সহজে যেতে চাইবে না, সরকারের এটুকু অন্তত বোঝা উচিত।

তারপরে কম্পেনসেশন সম্বন্ধে বিশেষ ক'রে একটা কথা বলতে চাই। সে সম্বন্ধে অনেক বক্তাই বলেছেন যে, কম্পেনসেশন যদি কারও পেতে হয় তা হ'লে এইসমস্ত উদ্বাস্তু ভাইদেরই পাওয়া উচিত, যারা নিজেদের শ্রম দিয়ে, উদ্যম দিয়ে পয়সা দিয়ে সেইসমস্ত কলোনি গ'ড়ে তুলেছে, যে কলোনি গ'ড়ে তোলার জন্য আজকে সেই জমির দাম বেড়ে গিয়েছে। সুতরাং কম্পেনসেশন দিতে গেলে তাদেরই দেওয়া উচিত, ঐ জমিদারদের নয়। একটু আগে আগের বক্তা ব'লে গেলেন, এইরকম কলোনিতে অনেক কষ্টে বিভিন্ন রকম বাধার সম্মুখীন হয়ে তারা সেইসমস্ত বস্তু গ'ড়ে তুলেছে। সে বাধা কিরকম তা বলছি। আপনারা সুন্দরবনের নাম তো সকলেই শুনেছেন, কিন্তু কলিকাতার পাশে যে হালতু এলাকা তারই নাম বিশেষ ক'রে বলব। তারা সেখানে জঙ্গল কেটে বাসস্থান গ'ড়ে তুলেছে। সেখানে যেরকম সাংঘাতিক সাপের বাসা রয়েছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত দেখাতে চাই। কালকে আমি হালতুর সুচেতানগর কলোনিতে গিয়েছিলাম। একটা বাড়িতে দেখলাম তিন-চারটা সাপের চামড়া টান করা রয়েছে। তাতেই বোঝা যায় যে কিরকম বাধার সম্মুখীন হয়ে তারা সেখানে বাসস্থান গ'ড়ে তুলেছে। সেই সাপের চামড়া আমি একটা এনেছি, এখানে আপনাদের সেটা দেখাতে চাই। (চামড়া দেখাইয়া) এটা একটা চন্দ্রবোড়া সাপের চামড়া। এই সাপ যদি কামড়ায় তা হ'লে বড় জোর ঘণ্টা দুই মানুষ বাঁচে। এটা আমাকে বা বিমলবাবুকে কামড়ালে কেউই থাকব না। কাজেই এইরকম স্থানে যে বাড়ি করেছে সেই বাড়ি ভাঙবার আগে একটু ভাল ক'রে ভাবুন। যে কলোনি আপনারা গ'ড়ে তোলেন নি, যেটা এই হাজার হাজার বাস্তুহারা কোন বিকল্প ব্যবস্থা না দেখে, সরকারেরও কোন ব্যবস্থা না থাকায় সে বাড়ি তারা গ'ড়ে তুলেছে—আমি জানি যাদবপুরের দক্ষিই-পূর্ব দিকে সুগঠিত কলোনি তারা নিজেদের চেষ্টায় ২০ লক্ষ টাকা খরচ ক'রে করেছে এবং তার মধ্যে ১৯৫০ সালের লোকও আছে, তার পরের লোকও আছে। সুতরাং আজকে এইসমস্ত কলোনি যদি স্বীকার না করেন এবং যদি এমন আইন করেন যাতে তাদের উঠিয়ে দেবার চক্রান্ত আছে, তা হ'লে আমি বলতে চাই যে এখানে সে আইন পাস করতে পারেন, কিন্তু বাহিরে তা চালু করতে পারবেন না এবং পরে এই আইন পরিবর্তন করতে হবে।

Sj. Haridas Mitra:

মিঃ স্পীকার, স্যার, এই বিলের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্যের জন্য আমরা অনেকেই কাল আপত্তি জানিয়েছিলাম। বাহিরে থেকেও উদ্বাস্তুরা আপত্তি জানিয়েছিল। আমাদের সরকার বলেন, তাঁরা গণতান্ত্রিক সরকার। যদি গণতান্ত্রিক সরকারই হন তা হ'লে বাহিরে সাধারণ মানুষ, যাদের নিয়ে এই বিল তৈরি হচ্ছে তাদের এই বিল সম্বন্ধে যে আপত্তি, তাদের যে মতামত, সেটা সরকারের গ্রহণ করা উচিত। সেই মতামত আমরা বারবার এখানে পরিষ্কারভাবে বলেছি যে, এই বিল প্রত্যাহৃত হোক। তা যদি না হয় তা হ'লে এর কতকগুলি অ্যামেন্ডমেন্ট ছিল—যদিও তার মধ্য থেকে দু'-একটি আলোচনা মারফত গ্রহণ করেছেন তবুও সবচেয়ে ভাইটালি ইম্পরট্যান্ট যে দু'টি তাও তিনি গ্রহণ করুন। সে সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে বলছি যে, একটা কম্পেনসেশন বা ক্ষতিপূরণ দেওয়া হবে, সে সম্বন্ধে তিনি বলেছেন যে সরকারের টাকা যেভাবে আদায় করা হয় সেইভাবে উদ্বাস্তুদের উপর থেকে আদায় করা হবে। মাননীয় মন্ত্রিমহাশয় হয়তো জানেন না যে বহু কলোনির বহু বিল্ডিংএর উপর যে কম্পেনসেশন ধার্য হয়েছে তা প্রতি কাঠায় প্রতি মাসে সাড়ে চার টাকা থেকে শুরু ক'রে এক টাকা দু' আনা পর্যন্ত ধার্য করা হয়েছে। এবং এই কম্পেনসেশন আজকে কিভাবে আদায় করা হবে সেটা সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বিলে বলেছেন যে, সরকারের টাকা আদায়ের মত তা আদায় করা হবে। অর্থাৎ প্রথমে অস্থাবর সম্পত্তি ধরা হবে, ঘটি-বাটি যাবে এবং তারপরে গোরু-ছাগল পর্যন্ত যা আছে যাবে, আর শেষকালে জেল খাটতে হবে। এইভাবে আদায় করা হবে। আমার কথা হচ্ছে, পৌণে চার কাঠা জমির দাম দিতে হবে, কিন্তু পজেশন পাবেন আড়াই কাঠা জমি। সেটার সিলিং প্রাইস কারও জমি হয়তো ১,২৫০ টাকা থেকে ১,৮৭৫ টাকার মধ্যে। কিন্তু সেই জমির কম্পেনসেশন গত সাত বছরের হিসাব ক'রে দেখেছিলাম ১,১০০-১,২০০-১,৩০০ টাকা হয়ে যায়। সেই কম্পেনসেশন নগদ আদায় করবার সময় যত কথা উদ্বাস্তুদের জন্য বলা হয় সেসব বলার প্রয়োজন হবে না। যখন কম্পেনসেশন আইন আপনারা তাদের উপর চালু করতে দেবেন সেই টাকা আদায় করবার জন্য তখন যারা ঘরবাড়ি তৈরি করেছে তারা সব ছেড়েছুড়ে চ'লে যাবে এবং এটা হ'তে বাধ্য যখন কম্পেনসেশন আইন আপনারা তাদের উপর চাপিয়ে দেবেন। সেইজন্য কালকে মাননীয় মন্ত্রিমহাশয়কে বারবার বলেছিলাম, কম্পেনসেশনএর যে ব্যাপারটা আছে এর মধ্যে বিশেষ ক'রে সার্টিফিকেট জারির আইনটা আপনি বদলে নিন। আমি এ সম্বন্ধে তাঁকে আবার অবহিত হ'তে বলব।

দ্বিতীয় কথা যেটা অত্যন্ত বেশি ক'রে বলার সেটা—কমপিটেন্ট অথরিটির উপর, একটা জুডিশিয়ারির উপর যে ভার আছে সেটা নিয়ে অনেক আলোচনা হয়েছে। সেটা স্টেট গভর্নমেন্টএর হাতে দেওয়া হয়েছে। তাতে উদ্বাস্তুদের খুব আপত্তিও আছে। স্টেট গভর্ন-মেন্টএর হাতে অর্থাৎ আমলাতন্ত্রের হাতে ঐসমস্ত ভার দিতে নাই। আমলাতন্ত্রের হাতে ভার দিলে তার ভিতর যত ভাল উদ্দেশ্যই থাক তাকে বাগানো যাবে না। সেদিক থেকে এই ধারা তুলে দিতে বলি।

[5-45—5-55 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এখানে এই বক্তব্য রাখতে চাই যে, সাধারণত বিরোধীপক্ষের মনে এই আশংকা যে মন্ত্রিমহাশয় যে বিল এখানে এনেছেন তাতে রিফিউজিদের রিহ্যাবিলি-টেশনএর সুবিধা না হয়ে এটা তাদের উচ্ছেদের পক্ষে যাবে, এবং বাস্তবিকপক্ষে সেটাই দাঁড়াচ্ছে। আমাদের কোন অ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে তিনি প্রস্তুত হলেন না। আমরা দেখেছি যে, কতকগুলি সাধারণ প্রস্তাব যা অনায়াসেই গ্রহণ করা যেত তা করা হয় নি। তিনি হয়তো মনে করেন যে রিহ্যাবিলিটেশনএর পক্ষে সেগুলি প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে। রিহ্যাবিলিটেশন ভালভাবে করার জন্য নূতন কথা যদি কয়েকটি সংযুক্ত করা যেত তা হ'লেও বুঝতে পারতাম। কিন্তু যে সমগ্র উদ্দেশ্য, পন্থা তাঁরা নিয়েছেন সেই পন্থার মধ্য দিয়ে উচ্ছেদের আশংকাই তাঁর বক্তৃতায় দাঁড়িয়েছে। যে রিফিউজিদের মনের ভিতর এই বিপদের আশংকা রয়ে গিয়েছিল সে আশংকা অরও বেড়ে গেল। এর ফল হচ্ছে, আজ যদি এই আইনের বলে তারা নূতন ক'রে উচ্ছেদ প্রচেষ্টা করতে চান তা হ'লে যে সমূহ বিপদ হবে সেই বিপদ শুধু রিফিউজিদের

স্পর্শ করবে না, তা সরকারপক্ষেরও বিপদ এনে দেবে। কারণ এরা শুধু কয়েকজন বস্তিতে বাস করছে তাই নয়, তারা একটা সমাজ, সংসার গ'ড়ে তুলেছে, নূতন অর্থনৈতিক ভিত্তি গ'ড়ে উঠেছে। এইসমস্ত বিবেচনা না ক'রে যদি কয়েকজন কায়েমী স্বার্থবাদী লোকের দিকে লক্ষ্য রেখে এই বিল প্রয়োগ করেন তা হ'লে সেই বিপদ শুধু রিফিউজিদের স্পর্শ করবে না, সরকারও তার থেকে রেহাই পাবেন না। আমার সময় অত্যন্ত কম, আমি একটিমাত্র উদাহরণ দিচ্ছি স্টেট গভর্নমেন্টএর কার্যের। তারা কি এসব ব্যাপার জানেন না? এখানে আগে যিনি মন্ত্রী ছিলেন শ্রীযুক্তা রেণুকা রায় মহোদয়া, তাঁর কাছে একটা কেস দিয়েছিলাম এবং দেখিয়েছিলাম যে, বেহালা অঞ্চলের লোকেরা মাসের পর মাস, বৎসরের পর বৎসর সরকারের দরজায় হানা দিয়ে কোন লোন পায় না, সেখানে হাউস-বিল্ডিং লোন, ল্যান্ড পারচেজ লোন পাচ্ছে স্পেকুলেটর্সরা। এবং বেহালা অঞ্চলে এইসমস্ত স্পেকুলেটর্সরা ঘুরে বেড়াচ্ছে। মন্ত্রিমহোদয়া নিজে এটা এনকোয়ারি করেছিলেন এবং সেটা সত্য ব'লে প্রমাণ হয়ে গিয়েছিল এবং তিনি চিঠি দিয়েছিলেন গণেশবাবুকে যে, কেস ইজ জাস্টিফায়েড। তা সত্ত্বেও দেখা গিয়েছে, এই-সমস্ত লোকই লোন পাচ্ছে। আর সাধারণ লোক হাউস-বিল্ডিং লোন, ল্যান্ড পারচেজ লোন অকল্যান্ড হাউসএ গিয়েও পাচ্ছে না। এইসমস্ত কেস এনকোয়ারি ক'রে দেখা গিয়েছে যে কেসগুলি মোটামুটি সত্য এবং এই কেস অ্যান্টি-করাপশনএ পাঠানো হয়েছে, কিন্তু তার কোন সুরাহা হয় নি। এখনও এইসব স্পেকুলেটর্সরা বেনামীতে হাউস-বিল্ডিং লোন, ল্যান্ড পারচেজ লোন বের ক'রে নিচ্ছে—এটা অত্যন্ত দুঃখের বিষয়।

Sj. Gopal Basu:

মিঃ স্পীকার, স্যার, বিল আলোচনার শেষ পর্যায়ে আমি এর প্রয়োগে যে বিপদ আসতে পারে এবং সেই বিপদ কি হবে, সে সম্বন্ধে দু'-চারটি কথা বলব।

প্রথম কথা হচ্ছে, এই বিল ১৯৫১ সালে যখন আসল তখন আমরা কতকগুলি ব্যাপার দেখেছি এবং এই যে অ্যামেন্ডমেন্ট, এর দ্বারা কিছুটা উন্নতি সকলে আশা করলেও তাও হয় নি, বরং অবস্থার অবনতি হয়েছে। যে কমপ্লিকেশন তখন ছিল, সেটা তো কমে নি-ই, বরং সেই কমপ্লিকেশন আরও বেড়ে গিয়েছে। বাস্তুহারাদের যে বিক্ষোভ ছিল, এখনও সেই বিক্ষোভ থেকেই যাচ্ছে। আইনে রয়েছে ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বরএর মধ্যে যারা এসেছে পশ্চিমবঙ্গে তারাই বাস্তুহারা ব'লে গণ্য হবে। কিন্তু এই ডেফিনিশন অনুযায়ী বর্ডার স্লিপ অনেকের কাছে নেই। তখন সরকারের কোন পরিকল্পনা ছিল না, কেন বলছি? কমপ্লিকেশন কোন্‌খানে বলছি। বাস্তুহারারা যখন এখানে আসল তখন তাদের কোন পরিকল্পনা ছিল না। সরকার হঠাৎ একদিন রিপ ভ্যান উইংকলএর মত উঠে বললেন যে, '৫০ সালে যারা এসেছে তাদেরই বাস্তুহারা ব'লে গণ্য করবেন। আগে তাঁরা জানালেন না যে, তোমাদের যে বর্ডার স্লিপ সেই বর্ডার স্লিপ তোমরা রেখ। কারণ এইটেই হবে তোমার নজীর যে তুমি ১৯৫০ সালের আগে এসেছ। এবং ও'রা বললেন না যে, ১৯৫১ সালে যে সেন্সাস হয়েছে সেই সেন্সাস রিপোর্টএ তুমি এইভাবে দাও যে তুমি পূর্ববঙ্গ থেকে এসেছ। বহু লিখলেন, আমরা পূর্ববঙ্গ থেকে আগত, বহু লিখলেন আমরা রিফিউজি, বহু বললেন ভারতীয় হিন্দু। সরকার থেকে কোন কথা বললেন না যে, যার বর্ডার স্লিপ নেই, যার মাইগ্রেশন সার্টিফিকেট নেই, তোমরা সেন্সাসএর সময় এইভাবে তোমাদের নাম লিস্টভুক্ত কর। এমনিভাবে নানা অবস্থার মধ্যে পড়ে অনেকের নজির হারিয়ে গিয়েছে এবং তারাই আজকে স্কোয়াটার কলোনিতে আছে এবং যখন তাদের বিচার করা হয় তখন তাদের বলা হয় যে—তোমরা রিফিউজি নও। ডোমিসাইল সার্টিফিকেট যেটা আছে সেটা দেখিয়ে হয়তো কিছু লোন পেলেন অথবা কোন একটা স্টুডেন্ট স্টাইপেন্ড পেলেন। আমি বহু ঘটনা জানি এইরকম এবং সেটা যখন বাড়িতে চুরি হ'ল বা হারিয়ে গেল অথবা কোন কারণে হারিয়ে গেল, দ্বিতীয় বার লোন বা স্টাইপেন্ড চাইতে গেলে বলা হয়—তুমি পাবে না, তুমি ঐ প্রথমটা নিয়ে এস এবং প্রথম যে অরিজিন্যাল সার্টিফিকেট তার কপির জন্য তারা বলে, তখন দেখা যায় যে বৎসরের পর বৎসর চ'লে যায়, তারা আর তার অরিজিন্যাল সার্টিফিকেটএর কপি দিতে পারে না। সুতরাং সে যে একজন রিফিউজি, সে ১৯৫০ সালের আগে এসেছিল, সেকথা প্রমাণ করবার তার কোন উপায় থাকে না, অথচ মনে মনে তার বিক্ষোভ থাকে এবং সেই বিক্ষোভ পুঞ্জীভূত হয়ে সেটা

বিরোধিতার আকার গ্রহণ করে। কাজেই দেখা যাবে কে রিফিউজি, কে রিফিউজি নয়—এই জিনিস দেখতে গিয়ে আজকে স্কোয়াটার্স কলোনিগুলিকে রেগুলারাইজ করা যাচ্ছে না। কাজেই সরকার আজকে যে বিল এনেছেন এবং কম্পিটেন্ট অথরিটির বদলে নিজে এই ব্যবস্থা করার ভার গ্রহণ করতে যাচ্ছেন, তাতে আমি বলব যে তাঁরা আগুন নিয়ে খেলা করছেন এবং রিফিউজিরা নিশ্চয়ই সে অবস্থাকে মেনে নেবেন না। কাজেই এই বিল প্রয়োগের বেলায় এই যে বিরোধ, এই বিরোধের কথা স্মরণ রাখবেন যাতে আপনাদের আইন মাঝপথে না ব্যর্থ হয়ে যায়। আমি বিশ্বাস করি, আপনাদের আইন সাধারণের জন্য নয়, নয় ব'লেই বিরোধিতার সামনে আপনাদের আসতে হবে। সুতরাং প্রয়োগের বেলায় সাবধান থাকবেন।

[5-55—6-5 p.m.]

Dr. Prafulla Chandra Ghose: Mr. Speaker, Sir, when this Bill was first introduced, I was rather amazed for two reasons. This Bill had a limited purpose. I thought the purpose would be fulfilled long before but when I saw that even after six years the Ministry wants extension for another year, I thought our Government was "creeping like snail unwillingly to the school.' That was the first impression. The second was, you know, Sir, it was an agreed thing more or less in 1951 and when there is an agreement both sides may not be always happy over every clause, this does not mean that you cannot change it. Human mind is not static. If you think necessity demands it you have every right to change it. But we thought the Government would take us into confidence because there was an agreement in which we were parties. But the Government unilaterally brought this amendment without consulting us at all and this is what I could not understand or relish. About 15 or 20 days before—I do not exactly remember the date—I told Shri Bimal Sinha, our Minister, who is piloting the Bill, our objection particularly about a clause I think, it is 5(b)(ii) about which we have come to a compromise.

And then he did not say anything. So, I thought that the Government was bent upon pushing the Bill through without taking into consideration our opinion at all. But yesterday when there was discussion, I was glad. But I wish this discussion had taken place before. Why, I will tell you. There was demonstration by the refugees yesterday. Nobody can ignore that demonstration. It was a big gathering of 25,000 or 30,000 people inspite of rain. The impression will gain ground that this Government only understands one language and that is the language that you must demonstrate, you must show your strength, you must show your force. Then this Government will yield, otherwise not. I do not think it is good for any Government or any country at all. Therefore, if the Government think that they should do a particular thing, they should do it in proper time. If they think it was a reasonable thing, they should have accepted it beforehand—they should have done it before. It is against the interest of the country not to do so.

Then another thing which my friend Shri Niranjan Sengupta said was that other people also should be considered as displaced persons. I know, Sir, that a good deal of water has flowed down the Ganges after 1951. You cannot ignore that, you cannot say that they are not displaced persons. Mr. Bimal Chandra Sinha could not outright reject it. He said this should be referred to the Refugee Rehabilitation Department; some comprehensive Bill may be brought afterwards. But may I ask him, why did he not bring in a comprehensive Bill? Sir, the Government is one. Government is not the Land Revenue Ministry or the Refugee Rehabilitation Ministry. Government is one. The Ministers have a joint responsibility. Therefore, he ought to have come with a comprehensive Bill and consulted the Opposition beforehand. Then that would have economised the Speaker's time, the House's time, their time and our time and probably things would have been better and smoother. That is what I feel.

As regards the clause about the Competent Authority and the State, I know there is difference of opinion. Mr. Bimal Chandra Sinha said, it is in the interest of the refugees, but Dr. Suresh Chandra Banerjee thinks that it is against the interest of the refugees and we are also opposing that. But if Mr. Bimal Chandra Sinha within one year can show by action—not by merely passing this Act because they have a majority of votes in this House and they can pass anything they like—if within one year they can show that it is in the interest of the refugees, I shall be the first man to say "Well done, bravo!". But I want to oppose it now because most of the people here think that Government may not be acting properly—there is deep distrust of the Government and Government must take cognisance of that. My friend Shri Siddartha Roy might say it is perversity, it is neurosis. It may be neurosis. But it is a fact and I say you cannot ignore the fact. Really people on this side of the House have no trust in the Government. Government must not merely act properly, but the Opposition also must feel that they are acting properly. Otherwise, no Government can function properly. Therefore, I say, Sir, that this thing should be considered properly. If I knew beforehand that there would be discussion yesterday, I would have consulted—without meaning any disrespect to the legal talents here—I would have consulted some eminent lawyer whom I always consult and I would have consulted him about it also, but I had no time for consultation.

Shri Bimal Chandra Sinha has talked about co-operation On this matter at least my view has been this. Before independence when the Britishers were here, my view was this—'non-coperate and fight whenever possible. But after independence, I may fight with the Government at the elections, but after the elections when a particular Government comes in power, my view has always been—co-operate wherever possible but non-co-operate where you must. Therefore. Government also must create a condition when the Opposition can co-operate with the Government, but if the Government does not create that condition, it is no good simply blaming the Opposition. Therefore, this is our view and I do feel that a comprehensive Bill ought to have been introduced. You may say—individually and privately you may say—"Oh, so many refugees have come. We have not said, they are not displaced persons. They have been squatters in some colonies—somebody might say there are 10 such colonies, somebody might say 15. We have not done anything." But why don't you regularise that thing. Where is the difficulty I cannot understand. You can change the law, if necessary. You can bring a comprehensive Bill. I do not say, if you have not brought it today, bring it tomorrow, but bring it next session. Let us have this assurance from the Minister that they will do it.

Then, Sir, there is another thing about compensation. I am glad that Shri Bimal Chandra Sinha has said that this 'compensation is payable if able'. Did I understand him rightly that he said 'payable if able'? Let him say 'yes' or 'no' that compensation is payable if able. If the refugees are able to pay then they will pay—payable if able. So, why not include that in the Bill? You have said that there are certain difficulties, but if you can agree by stating it why not include it by taking the risk? You say that the compensation may not be more than a few lakhs of rupees and this or that. You should take the responsibility. If you feel that you are right, if you are almost sure that some arrangement has been made with the Central Government you must take the responsibility even at the risk of getting a censure from the Central Government; and that is how the Provincial Government can function. You must not always be completely dependent upon the Central Government. You must take some responsibility, and even at the risk of getting censure from the Central Government; and that is what I mean to say. Therefore, Sir, I do think

nd even now I appeal to the Hon'ble Minister to introduce that and say hat definitely in the Act 'payable if able'. If you can say that in a tatement, why cannot you introduce that in the Act? Otherwise some eople will say: "Oh! Shri Bimal Sinha has made a statement, but it is ot in the Act. We are not bound by it". So let not that lacuna be there. ir, I oppose this Bill, because it is not an all-comprehensive Bill; it does ot give full satisfaction. I want to refer to one thing. My friend Shri udhir Ray Chaudhuri said yesterday that itnention is not covered. Our ntention is clear. Sir, I am not a lawyer myself.

The Hon'ble Bimal Chandra Sinha: Nor am I a lawyer.

)-5—6-15 p.m.)

Dr. Prafulla Chandra Ghosh: Sir. Shri Sinha says that he is also not a awyer. But intention is quite clear that the refugee will not be asked to acate if he is not given alternative accommodation. Under those condiions or if he is not a willing party to vacate he will not be asked to leave. 'hat intention is quite clear. At least Government is committed to that.)f course when it goes to court the judge may say: "I am not concerned with the intention of the Government, or intention of the law-maker. I nly interpret the law." That also I know. Therefore, I say that if there s any legal lacuna—you are an eminent lawyer yourself, Sir—If there is ny legal lacuna the lawyers should see to it and if they find even later on hat there is a legal lacuna the Government can correct it; and nobody can revent that.

We are acting in good faith and I hope the Government also are acting n good faith. In that spirit we are working. With these words, Sir, I ppose the Bill for these reasons. But I am glad certain things have been ccepted. As regards the police and other things of course you have the nherent power. It was unnecessarily irritating and it was against the iovernment. Somebody told me "Why do you help the Government? Let hem go to hell." This is unnecessarily irritating.

Then about the word 'ever' I concede, Sir, that I have not very great nowledge of English literature but I say this word 'ever' was redundant nd superfluous.

With these words I oppose the Bill.

Sj. Panchugopal Bhaduri:

মাননীয় স্পীকার মহাশয় বিরোধীপক্ষ থেকে বললেও আমাদের সামনে যে বিল এসেছে, টা এমন একটা আপত্তিজনক বিল যে তার তীব্র প্রতিবাদ করা কর্তব্য ব'লে মনে করি। দিও এই বিলের উদ্দেশ্যের মধ্যে পুনর্বাসনের কথা আছে তথাপি আমি পরিষ্কারভাবে নেতে পাচ্ছি, এর মধ্যে বাস্তু-উচ্ছেদের ঘন্টা বাজছে। আমি যে এলাকা থেকে এসেছি সে লাকার কথাই প্রথমে বলি। সে জায়গার জবরদখল কলোনিতে যেসব উদ্বাস্তুরা বসবাস করেন রা ঘরবাড়ি তৈরি করেছেন, কলকারখানায় কাজ করছেন, ছোট-ছোট দোকানপাট গ'ড়ে তুলেছেন রা। এই বিল সম্পর্কে যেসব আলোচনা হচ্ছে তা থেকে আমার এই ধারণা হয়েছে যে, এই াইনে উচ্ছেদ হয়ে যাবে। আমার আশঙ্কা হচ্ছে—আমি একথা বলছি যেকথা শ্রদ্ধেয় ডাঃ ঘাষ ইতিপূর্বেই বলেছেন—সরকার যে জিনিসটা বক্তৃতার মধ্যে দিয়ে এখানে বলছেন যে ম্পেনসেশন দিতে হবে না বা তাঁদের উচ্ছেদ করা হবে না, সেরকম কোন ধারা এই বিলে ন্নিবেশিত করা হয় নি, সেরকম কোন পরিষ্কার কথা এই বিলের মধ্যে নাই। এই বিলের াসল যে উদ্দেশ্য তা বিরোধীপক্ষের সমালোচনার মধ্যে দিয়ে প্রতিধ্বনিত হচ্ছে। আমাদের ন্দেহ হচ্ছে, মুষ্টিমেয় লোক ও কায়েমী স্বার্থবাদীদের স্বার্থের জন্য উদ্বাস্তুদের জমি থেকে চ্ছেদের সুযোগই এই বিলের মারফত হবে। সেদিক থেকে আমি সরকারপক্ষকে আবেদন রে বলব—আমি জানি না কিভাবে উচ্ছেদ করা হবে—একবার তো উচ্ছেদের চেষ্টা করেছিলেন;

লাঠি, টিয়ার গ্যাস চালিয়ে—এটা প্রত্যাহার করনবে। টিয়ার গ্যাস, লাঠি দিয়ে এ সমস্যার সমাধান হবে না। যদিও আমি এই বিলের তীব্র প্রতিবাদ করছি তবুও আমি আশা করছি, সরকার এই বিল পরিবর্তন করবেন এবং পরিবর্তন করার সময় এখনও আছে। আমাদের বিরোধীদলের পক্ষ থেকে মূল আইন সংশোধনের সুযোগ ছিল না, আমরা রিফিউজি ডেফি-নিশনও পরিবর্তন করতে পারি না। কাজেই সংশোধনী আনবার সময় সরকারপক্ষ সেটা করতে পারেন, এখন করতে পারেন। আমি এই বিলের প্রতিবাদ করার সংগে সংগে সরকারপক্ষের নিকট আবেদন করব যে, এই বিলে যে যে ধারা সন্নিবেশিত করলে উচ্ছেদ না হ'তে পাবে তার কোনপ্রকার গ্যারাণ্টি রাখলেন না, এবং কম্পেনসেশনএর দায়িত্ব, এগুলি যাতে বাস্তুহারাদের উপর না এসে পড়ে তার ব্যববস্থাকল্পে এটা পরিবর্তন করুন।

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, এই বিল সম্পর্কে আমি আমার বক্তব্য আগেই বলেছিলাম, তবে এখন যখন এটা নিয়ে নেওয়া হচ্ছে আমি অল্পক্ষণের মধ্যে এই কথা বলতে চাই, যেটা ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ বলেছেন, যে, আমাদের ৬ বৎসরের অভিজ্ঞতায় আমরা দেখেছি এই আইনের আওতায় তাঁরা যেভাবে কাজ করছেন তাতে আমরা এই বিলকে কখনই সমর্থন করতে পারি না, আর সেজন্যই বিরোধীদল প্রথম থেকেই বিরোধিতা জানিয়েছেন এই বিলের প্রতি, এবং আমরা পরিষ্কারভাবে বলেছিলাম যে, সংশোধিত হবার পরও আমরা সমগ্রভাবে এই বিলের বিরোধিতা করছি এবং কেন করছি সেসব কথা তখন আলোচিত হয়েছে, এখন তার পুনরাবৃত্তি করতে চাই না। আমাদের মোট কথা হচ্ছে, আমরা অভিজ্ঞতা থেকে দেখেছি এবং আমরা জানি খারাপ আইন যদিও হয় তা হলেও সরকার যদি ভাল হয় তা হ'লে খারাপ আইনের আওতার মধ্যে দিয়েও মানুষ যাতে ক'রে কষ্টে না পড়ে, মানুষের যাতে অসুবিধা না হয়, অন্তত কম অসুবিধা হয় সে ব্যবস্থা সরকার করতে পারেন। কিন্তু আমাদের সমস্তই উলটো। সেজন্যই আমাদের আশংকা যে, এই আইন দ্বারা বাস্তুহারাদের বিপদে ফেলতে যাচ্ছেন। যাই হোক, আমি আমার প্রথম কথা বলব শ্রীবিমলচন্দ্র সিংহকে নয়, কারণ তিনি এই আইন প্রয়োগ করবেন না, আমি শ্রীপ্রফুল্ল সেনকে বলব, আপনারা এই আইন সংশোধিত আকারে যা আছে তা প্রয়োগ করতে গিয়ে সাধারণ মানুষের দিকে একটু তাকাবেন, কারণ এখন যখন কম্পিটেন্ট অথরিটি আপনাদের ডিপার্টমেন্টএর ফাইলের মধ্যে এসে যাচ্ছে তখন স্কোয়াটার্সদের যারা অন্যের জায়গায় স্কোয়াট করেছে তাদের একথা বলতে পারেন তোমরা অন্য চেষ্টা কর—কোর্ট, কম্পিটেন্ট অথরিটি বাইরের এসব হ'য়ে যাবার পরও এই আইনের যখন প্রয়োগ হবে তখন মানুষের চরম অসুবিধার সৃষ্টি হবে সে বিষয়ে সন্দেহ নাই, কারণ আইন তো কোন মানুষের কি হচ্ছে তা দেখবে না। সেদিক থেকে ১৯৫১ সালে যেকথা বলেছিলেন তা যদি সত্যিই হয় যে প্রথমে উচ্ছেদ করা হবে না তা হ'লে আপনাদের ঐ পদ্ধতি নেওয়া ছাড়া উপায় নাই। আমাদের সাহায্যের যদি প্রয়োজন হয় আমরা আমাদের পক্ষ থেকে সাহায্য করতে পারি কি না দেখব। একটা উদাহরণ দেব। এখন সরকারের হাতে আরও অনেক বেশি ক্ষমতা নিচ্ছেন। বিকল্প জমি ঠিক করবেন, কোনটা ভাল জমি, কোনটা কোন বাস্তুহারাকে দেবেন এসব ঠিক করতে বিপদ ঘটতে পারে, অসুবিধা ঘটতে পারে। এটা আপনাদের অফিসাররা কে কিভাবে কাজ করবে তার উপর নির্ভর করছে; আপনাদের মনোভাবের উপর, কি ইনস্ট্রাকশন আপনারা অফিসারদের দিচ্ছেন এসবের উপর অনেকখানি নির্ভর করবে। জজের হাত থেকে নিয়ে নিচ্ছেন, কাজেই অনেক ভেবেচিন্তে কাজ করতে হবে। এটা একটা উদাহরণ হিসাবে দিলাম।

[6-15—6-25 p.m.]

দ্বিতীয়ত, আপনারা টাকা দেবেন, যারা টাকা নিয়ে চ'লে যেতে রাজী হয় তাদের ; কিন্তু সেখানেও জোরজুলুম হ'তে পারে। সেখানে আপনাদের দেখতে হবে আজকে কত টাকা দিলে সেরকম জমি-জায়গা তারা অন্য কোথাও পেতে পারেন। এটা সরকারের ইচ্ছার উপর নির্ভর করছে, তাঁদের সহানুভূতি, তাঁদের শুভেচ্ছার উপর নির্ভর করছে। সেজন্য আমি বলছি আপনারা ভাল ক'রে চিন্তা ক'রে দেখবেন কিভাবে কাজ করবেন। সেইভাবে দেখবেন কার জমি থেকে তাদের হটাবেন। শ্রী পোদ্দার মহাশয় এখানে নেই, উনি বললেন তাঁকে আমি আক্রমণ করেছি, আক্রমণ করা হয় নি, একটি কথা মাত্র বলেছি এবং সেটা সত্য কথা। উনিও এখানে বলেছেন

সেটা একটা কোম্পানি যার সংগে উনি জড়িত। একথা উনি স্বীকার করেছেন যে দশ বিঘা জমি বাংলা সরকারের হাতে দিয়ে কেন্দ্রীয় মন্ত্রীমহোদয়ের থেকে বাকী ৭০ বিঘা জমি খালি ক'রে নেবার ব্যবস্থা করেছেন। এখানে আমার কথা হচ্ছে এই কোম্পানির কি বেশি প্রয়োজন; এই কোম্পানির এই জমির প্রয়োজন হ'তে পারে; আমি মনে করি না সেই প্রয়োজন বাস্তুহারাদের প্রয়োজনের চেয়ে বেশি। সেই জমি থেকে লোককে কেন উঠাবেন? এতদিন ধ'রে তারা রয়েছেন, থাকুন তারা ওখানে। আপনাদের কোম্পানি একজন ব্যক্তির হোক আর দশজন ব্যক্তির হোক সেটা বড় কথা নয়, আমি জমির প্রয়োজন কাদের বেশি সেই প্রসংগে উদাহরণ দিয়ে এইকথা বলতে চেয়েছিলাম এবং আজও বলছি যে আইন যখন প্রয়োগ করবেন এগুলি একটু ভেবে দেখবেন, এগুলি যদি না ভাবেন বড়, ছোট, মাঝারি এদের মধ্যে যে তারতম্য আছে এগুলি যদি আপনারা না বুঝেন তা হ'লে যাদের জমির উপর বসেছে তাদেরও উপকার করবেন না আর বাস্তুহারা যারা বসেছেন তাদের উপকারও করতে পারবেন না। সংগে সংগে আমি এই কথা বলব, কম্পেনসেশন খেসারত দেওয়ার ব্যাপার নিয়ে আমি বেশি কথা বলছি না, কারণ, মন্ত্রীমহাশয় এখানে দাঁড়িয়ে যা বলেছেন আইনের মত মর্যাদা আমি দেব সেটাকে এবং এক বছরের মধ্যে প্রমাণ হবে সেই মর্যাদাটা রক্ষা করতে পারলেন কি না। আর যদি আপনাদের কোন অসুবিধা থাকে সেজন্য সেটা আইনের মধ্যে ইনকরপোরেট করতে পারলেন না, আমি ধ'রে নিচ্ছি নিশ্চয়ই আপনাদের অসুবিধা আছে সেখানে আমি জিজ্ঞাসা করছি তা হ'লে পনের দিন বা কুড়ি দিন পরে যখন এ্যাসেম্বলি থাকবে না, আজকের অসুবিধা যখন আর থাকবে না তখন যেমন অনেক অরডিনান্স তাঁরা তো ক'রে থাকেন সেইরকম একটা অরডিনান্স এই ভাল কাজে ক'রে এই আইনের মধ্যে এটি ঢুকিয়ে দেবেন কি, এই সংশোধনী এনে যে কম্পেনসেশনটি আপনারা দেবেন, সরকার দেবেন? সাধারণভাবে অরডিনান্সএর পক্ষপাতী আমি নই, তবুও এই কাজে না হয় একটা তাই করুন। নতুবা পরে অনেক অসুবিধা হ'তে পারে। তারপরে শেষ কথা আপনাদের কাছে বলব যা সেটা হচ্ছে আপনারা এই যে বলেছেন জবরদখল কলোনীর রিকগনিশনের সংগে এর কোন বিশেষ সম্পর্ক নেই সেখানে আমি বলব যে তা আছে, আপনারা ভেবে দেখলে বুঝবেন। আপনারা অনেক বাস্তুহারাকে বলবেন—তোমরা সত্যিকারের বাস্তুহারা নও, সত্যিকারের বাস্তুহারা হওয়ার জন্য যে প্রমাণ আপনারা চান সে প্রমাণ হয়ত তারা অনেকেই দিতে পারবে না। সেইসমস্ত জায়গায় কমপিটেন্ট অথরিটির কাছে তাদের মামলা আসে। আপনারা বলতে পারেন—তোমরা সত্যিকারের রিফিউজি নও, তোমাদের উঠিয়ে দেব। আপনারা দেখবেন যে এই নিয়ে কলোনীতে কলোনীতে সকলের মনে একটা ভয় আছে, আশঙ্কা আছে যে তা হ'লে আমাদের কি হবে? সেখানে আপনারা যদি লিবারেল ওয়েতে জিনিষটাকে দেখেন এবং নিয়মকানুনগুলি এমনভাবে করেন যাতে ক'রে যার ১৯৫০ সালের প্রমাণপত্র নেই, অথচ একটু খোঁজ নিলে আপনারা বুঝবেন, এমন প্রমাণ পাবেন যে সত্যই তারা বাস্তুহারা। ১৯৫০-৫১ সালে একরকম অবস্থা ছিল আজ অন্যরকম হ'য়ে গিয়েছে। আপনারা যখন আইনকানুন করলেন এই পারপাসএ কারা বাস্তুহারা এটা স্পষ্ট কিছু থাকা উচিত ছিল। অনেকে হয়ত কাগজপত্র হারিয়ে ফেলেছে। আপনারা তখন বললেন যে পাকিস্থানের চিঠি যোগাড় কর, ডাক্তারের সার্টিফিকেট আন, এম এল এ-এর সার্টিফিকেট দিতে হবে। সেদিক থেকে ১৯৫০ সালে যারা এসেছে তার আগে যারা এসেছে তারা অসুবিধায় পড়েছে। আমি বলছি আর একটু লিবারেল ওয়েতে জিনিষটা পর্যালোচনা ক'রে দেখলে আমার মনে হয় অনেক জায়গা থেকে এদের উৎখাত করতে হবে না এবং আপনারা সেখানে বসতির ব্যবস্থা করতে পারবেন। কারণ, আগেই বলেছি ১৯৫০-৫১ সালে অন্য অবস্থা ছিল, তখন হয়ত এত ভাল ক'রে বসতি হয় নি, ঘরবাড়ি হয় নি। ১৯৫০ সালে অলটারনেটিভ ল্যান্ড আপনারা দিতে পারেন নি। সেই জায়গার ইমপ্রুভমেন্ট হয়েছে, সেখানকার আজকে বেশির ভাগ জায়গা থেকে তাদের সরান আমার মতে উচিত হবে না এবং যাদের জমিতে বসেছে তারা গরীব হ'লে তাদের কথা নিশ্চয়ই ভাবতে হবে- তাদের আপনারা বলবেন তোমাদের আমরা খেসারত দিচ্ছি এবং তোমাদের আমরা জমির দাম দিচ্ছি, তোমরা অন্য জায়গা কোথাও দেখে নাও। সেইভাবে আপনারা সাহায্য করবেন, কিন্তু ওখানে এদের ভেংগে ওদের বসাতে গেলে অসুবিধা হবে এবং তা করা সম্ভব নয়। এরকম একটা কমপ্লিকেটেড সাবজেক্টে আমরা জানি সবাইকে সুখী করা সম্ভব নয়। কিন্তু যতটা জাস্টিস করা যায় সেটা দেখতে হবে। যারা অভাগা তাদের কথা ভাবতে হবে নিশ্চয়ই আর যাদের জমিতে বসেছে তাদের প্রয়োজন হ'লে তাদের

কথাও ভাবতে হবে—তাদের জমি ছাড়ানর চেষ্টা করা হবে। কিন্তু যারা ব্যবসা করবার জন্য জমি ছাড়িয়ে নিয়ে যাবে তাদের কথা আলাদা। বিশেষ ক'রে সংখ্যালঘুদের কথা—মুসলিমদের কথা আমি বলছি, তাদের কমপেনসেশন দিতে হবে—তাদের জন্য অলটারনেটিভ এ্যারেঞ্জমেন্ট করতে হবে। অনেক জায়গায় তারা বাড়িঘর ফেরত পাবেন—রিফিউজি রাজী হবে দিতে যদি পাশের জমি যেটা খালি প'ড়ে আছে সেই জমি এ্যাকোয়ার ক'রে সেই রিফিউজির বসবাসের ব্যবস্থা আপনারা ক'রে দেন। এই আইন প্রয়োগের ব্যাপারে শ্রীপ্রফুল্ল সেন মহাশয়কে ঠিক করতে হবে কি ক'রে আইন প্রয়োগ করবেন। আমি আশা করি এতদিন যেভাবে প্রয়োগ করেছেন এখন একটু অন্যরকমভাবে আইনটা প্রয়োগ করবার চেষ্টা করবেন। আমরা যে বিরোধিতা করছি আপনারা যেন প্রমাণ ক'রে দেন যে আমাদের এই বিরোধিতার কারণ ছিল না, করা অন্যায় হয়েছে। যদি তা প্রমাণ করতে পারেন আমাদের বলার কিছু থাকবে না। আমরা বরং আপনাদের অভিনন্দন জানাব। কিন্তু যদি দেখি আবার টিয়ার গ্যাস স্কোয়াড নিয়ে, লাঠি ঘাড়ে ক'রে নিয়ে পুলিস চলেছে আপনারা সেখানে দেখবেন তখন নিশ্চয়ই আমরা সেখানে হাজির আছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে যা-কিছু বলবার তা একবার নয়, বহুবার মাননীয় বিমলচন্দ্র সিংহ মহাশয় বললেন এবং এখানে দু' দিনে যেসমস্ত প্রশ্ন উত্থাপিত হয়েছে, সেই প্রশ্ন সম্বন্ধে বোধ হয় তাঁকে একই কথা দু'-তিনবার ক'রে জবাব দিতে হয়েছে। আমি শুধু উঠেছি এই বিল নিয়ে এমন কতকগুলো আশঙ্কার কথা বলা হয়েছে যেগুলো লোকের মন থেকে দূর করা উচিত। বাস্তবিকই এই বিল কারও মনে শঙ্কা জাগাবার জন্য হয় নি এইটাই আমি পরিষ্কার ক'রে বলতে চাই। একটা ভ্রান্ত ধারণা এখানে সৃষ্টি হয়েছে, এই বিলে ডিসপ্লেসড্ পার্সনএর যে সংজ্ঞা আছে, যে ডেফিনিশন আছে, সেই ডেফিনিশনই বুঝি সর্বক্ষেত্রে প্রযোজ্য হচ্ছে—এটা মোটেই ঠিক নয়। এই বিলের জন্য ডেফিনিশনে করা হয়েছে, ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বরের মধ্যে কমিউন্যাল ডিসটারব্যান্সএর জন্য যাঁরা পূর্ববঙ্গ থেকে চ'লে এসেছেন, তাঁদের বেলায় কি কি করা হবে। মাননীয় সদস্যরা জানেন এবং অধ্যক্ষ মহাশয়ও জানেন যে, ১৯৫১ সালে যাঁরা এসেছেন তাঁদেরও পুনর্বাসনের ব্যবস্থা আমরা করেছি। তাঁরাও সর্ব প্রকারের লোন পেয়েছেন, ১৯৫২ সালে যাঁরা এসেছেন তাঁরাও পেয়েছেন, ১৯৫৩ সালে যাঁরা এসেছেন তাঁরাও পেয়েছেন, ১৯৫৪ সালে যাঁরা এসেছেন তাঁরাও পেয়েছেন। এমনকি এখনও যদিও সংখ্যায় খুব কম আসছে—আমরা প্রায়রিটিজ ঠিক করেছি। সকলে আসতে পারছেন না, এখনও যাঁরা মাইগ্রেশন সার্টি-ফিকেট নিয়ে আসছেন তাঁদের মধ্যেও কেউ কেউ সাহায্য পাবেন। কাজেকাজেই ডিসপ্লেসড্ পার্সনএর ডেফিনিশন এই আইনে যা দেওয়া হয়েছে, এই বিলে যা দেওয়া হয়েছে, এই অ্যাক্টএ যা পাস করা হয়েছিল, সেটা সর্বক্ষেত্রে প্রযোজ্য নয়। বিশেষ ক্ষেত্রের জন্য এই ডেফিনিশন আমরা প্রয়োগ করব।

আর একটা বিষয়ে কথা এখানে বলা হয়েছে যে, এই বিলের দরুন যেসমস্ত স্কোয়াটার্স কলোনি আমরা রেগুলারাইজড করছি সেইসমস্ত কাজ ব্যাহত হবে—এটা মোটেই ঠিক নয়

[6-25—6-35 p.m.]

আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে পারি যে, এ পর্যন্ত আমরা ঠিক করেছি যে ১৪৭টা স্কোয়াটার্স কলোনি আছে, তার মধ্যে ১৩৬টা স্কোয়াটার্স কলোনিকে আমরা রেগুলারাইজ করব, এই সিদ্ধান্ত আমরা গ্রহণ করেছি এবং তার মধ্যে ৭০টা—আপনি শুনে খুশি হবেন অধ্যক্ষ মহাশয় - আমরা রেগুলারাইজ ক'রে ফেলেছি।

(Sj. Jyoti Basu: Partially.)

এবং বাকিগুলো আমরা করব। যাঁরা সত্যকারের রিফিউজি তাঁদের সকল রকম সুবিধা ক'রে দিচ্ছি এইসমস্ত কলোনি রেগুলারাইজ ক'রে। তবে যাঁরা রিফিউজি নন, এমন কেউ যদি সেখানে থাকেন, তাঁরা এই রেগুলারাইজেসনের সুবিধা পাবেন না। এ বিষয়ে আমাদের মধ্যে দ্বিমত হ'তে পারে না। আর একটা কথা এসেছে যার জন্য সরকারকে গাল দেন, নিন্দাবাদ ক'রে থাকেন, তার জন্য এই দু'খানা খাতা এনে দেখিয়েছিলাম যে, যারা নাকি বড় লোক তাদের জন্যই নাকি এই

গণ্ডগোল করা হচ্ছে। এখানে দেখলে বুঝবেন, বোধ হয় একশো জনের মধ্যে তিনজন বড়লোক হবেন, এবং একশো জনের মধ্যে ৭৫ জনের বেশি মুসলমান, যাঁরা অত্যন্ত গরিব লোক। তাঁরাও যাঁরা বিরোধীদলে আছেন তাঁদের কৃপার পাত্র। তাঁদের ঘর, গোরু, বাড়ি গিয়েছে, তাঁরাও রিফিউজি হয়েছেন। কাজেকাজেই এই যে বড়লোকের জন্য হচ্ছে বলছেন, তা ঠিক নয়। এই বলার মধ্যে যেসমস্ত ভ্রান্ত ধারণা সৃষ্টি হয়েছে সেই ভ্রান্ত ধারণা দূর করবার জন্যই আমি দাঁড়িয়েছি। আর ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় এবং শ্রীজ্যোতি বসু মহাশয় যে কথা বলেছেন —যদিও শ্রীজ্যোতি বসু মহাশয়ের এই সরকারের প্রতি মোটেই আস্থা নাই বলেছেন—কিন্তু সব জিনিসটা দেখতে পেয়ে বোধ হয় তাঁর মনের অন্যরকম ভাব হয়েছে, হয়তো তাঁর হৃদয়ের পরিবর্তন ঘটেছে, সেইজন্য একথা বলেছেন যে—দেখব, এবার ভাল হ'তে পারে কিনা। তিনি দেখতে পাবেন যে, ভাল হ'তে পারবে এবং তাঁর মনে আগে যে অবিশ্বাসের ভাব ছিল তা বোধ হয় এখন খানিকটা ক'মে গিয়েছে। আর ডাঃ প্রফুল্ল ঘোষ মহাশয় তো পরিষ্কার ব'লেই দিয়েছেন যে, এখানে এসে যে ভাল কাজ হচ্ছে দেখবেন তার সঙ্গে তিনি সম্পূর্ণ সহযোগিতা করবেন। আমি রিফিউজি রিহ্যাবিলিটেশনএর মন্ত্রী হিসাবে এইটুকু বলতে পারি যে এই আইনের প্রয়োগ করব যারা দুঃস্থ, যারা গরিব রিফিউজি—তা তাঁরা পশ্চিমবঙ্গের মুসলমান হউক বা যেই হউক —তাদের মঙ্গলের জন্য, তাদের কল্যাণের জন্য।

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed, was then put and a division taken with the following result:

AYES—132.

Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Monilal
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Sjkta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mukherjee, Sj. Dhirendra Narayan

Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Platel, Sj. R. E.
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Zia-Ul-Huque, Janab Md.

NOES—83.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Bose, Sj. Jagat
Bera, Sj. Sasabindu
Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Basu, Sj. Jyoti
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. H.rendra Kumar
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Das Sj. Durgapada
Das, Sj. Gobardhan
Das, Sj. Sunil
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjkta. Labanya Prova
Golam Yazdani, Dr.
Gupta, Sj. Sitaram
Haldor, Sj. Ramanuj
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Mazumder, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Obaidul Gani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad Sj. Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj Phakir Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy, Choudhury Sj. Khagendra Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

The Ayes being 132 and the Noes 83, the motion was carried.

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1957.

The Hon'ble Siddhartha Sankar Roy: Sir, I beg to introduce the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1957.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Siddhartha Sankar Roy: Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1957, be taken into consideration.

Sir, my speech in support of this Bill will be as short as the Bill itself. The sole purpose of bringing in this amending Bill to amend an Act which is seventy years old, is to reduce the accumulation of arrears in the High Court. Under Section 21 of this Act appeals by way of first appeals lie to the High Court if the value of the subject matter in the lower court before the Subordinate Judge is above Rs. 5,000 only. The amending Bill seeks to increase this pecuniary limit and to raise it to Rs. 10,000. This is in accordance with the recommendation of the High Court Arrears Committee which was headed by the Hon'ble Mr. Justice S. R. Das of the Supreme Court. This is the object of the Bill and I do not think that there can be any possible objection to the various provisions thereof.

[6-35—6-45 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

মিঃ স্পীকার, স্যার, এই বিলের উপর আমি একটা সংশোধনী প্রস্তাব এনেছিলাম, সেই প্রস্তাব অগ্রাহ্য হয়েছে। সেইজন্য আমি বিলের বিরোধিতায় দু'-চারটি কথা বলতে চাই। এই বিল কেন আনা হয়েছে, মাননীয় মন্ত্রিমহাশয় সেটা খুলে বলেছেন। প্রথম কারণ হচ্ছে, হাই-কোর্টএ মামলা বিশেষভাবে জ'মে গিয়েছে। কিন্তু এই যে মামলা জ'মে গিয়েছে সেটা শুধু হাইকোর্টএ নয়, মাননীয় মন্ত্রিমহাশয় যদি খোঁজ নেন তবে দেখবেন যে ডিস্ট্রিক্ট কোর্টএও যেসব মামলা জ'মে গেছে তার সংখ্যাও খুব কম নয়। সুতরাং শুধু এই কারণে এই বিল আনবার কোন প্রয়োজন ছিল না। দ্বিতীয় কারণ হচ্ছে যে, টাকার দাম ক'মে গিয়েছে, ফলে জমির দাম বেড়ে গিয়েছে। সেইজন্য পাঁচ হাজার টাকার জায়গায় দশ হাজার টাকা করা হয়েছে। সে সম্বন্ধে আমার বলবার কিছু নেই। কিন্তু আমার কয়েকটা মৌলিক আপত্তি আছে। প্রথম আপত্তি হচ্ছে —একথা সকলেই জানেন যে হাইকোর্টএর রায়ের উপরে জনগণের যতটা আস্থা আছে, জেলা কোর্টএর রায়ের উপর ততটা আস্থা নেই। এই কথাটা আমরা বহুকাল থেকে শুনে এসেছি এবং দেখে এসেছি। সুতরাং কোন মামলা হাইকোর্টএ যেতে পারবে না, শুধু ডিস্ট্রিক্ট কোর্টএ যাবে—একথা বলা ঠিক নয়। তারপর মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে, মামলা ডিস্ট্রিক্ট জজ কোর্ট থেকে হাইকোর্টে গেলে কতকগুলি অসুবিধা দেখা যায়। ডিস্ট্রিক্ট কোর্টএ ফাক্ট ও আইনের আলোচনা হয়, কিন্তু সেকেন্ড অ্যাপীল হিসাবে যদি সেই মামলা হাইকোর্টএ যায়, সেই সেকেন্ড অ্যাপীলএ হাইকোর্টএ আইন সংক্রান্ত আলোচনা হ'তে পারে, কিন্তু ফ্যাক্ট নিয়ে আলোচনা হ'তে পারে না। কিন্তু কোন মামলা যখন ডাইরেক্টলি সরাসরি অ্যাজ এ ফার্স্ট অ্যাপীল হিসাবে হাইকোর্টএ যায়, তখন ফ্যাক্ট, তথ্য এবং আইন, উভয়ের উপর সেখানে আলোচনা হ'তে পারে। সুতরাং সংশোধিত আকারে যে আইন আনা হচ্ছে, তা দ্বারা লিটিগ্যান্ট পাবলিক—যারা মামলা করতে যায়—তাদিগকে একটা প্রধান অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে।

তারপর আর একটা অসুবিধা আছে। হাইকোর্ট থেকে যদি সেকেন্ড অ্যাপীল সুপ্রীম কোর্টএ যায় তা হ'লে সেকেন্ড অ্যাপীলএ অনেক অসুবিধা হয়। এইরকম নানা অসুবিধা বিবেচনা ক'রে আমি মনে করি এই যে সংশোধনী বিল নূতন আনছেন তার ফল ভাল হবে না। আর এই বিল প্রথম পাস হয়েছে ১৮৯৭ সালে এবং আমি মনে করি, এই আইনের দ্বারা কাজ ভালভাবেই চলেছে এবং আমার বিশ্বাস কোন অসুবিধা হয় নি। তারপর কনজেশন ইন দি হাইকোর্ট যে কথা বলা হয়েছে,

that congestion should be removed in other ways

সেই কনজেশন আমি আগেই বলেছি, শুধু হাইকোর্টএ নেই তা নয়, ডিস্ট্রিক্ট কোর্টএও আছে। সেই কনজেশনএর জন্য একটা মামলার বিচার শেষ হ'তে বহুদিন লাগে এবং এই অসুবিধা বহুদিন থেকে চলছে। এখনও কোন ব্যবস্থা হয় নি। সুতরাং হাইকোর্টএর মামলা কমিয়ে দিলে ডিস্ট্রিক্ট কোর্টএর কনজেশন বাড়বে না—এটা আমি বিশ্বাস করি না, এবং লিটিগ্যান্ট পাবলিকএর এতে প্রকৃত কোন সুবিধা হবে, তাও বিশ্বাস করি না। এইজন্য আমি মনে করি, এই সংশোধনী বিল অনাবশ্যক। এই বিলটা উইথড্র ক'রে নিন। এই ব'লে আমি এই বিলের প্রতিবাদ জানাচ্ছি।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি তরুণ, জ্ঞানদীপ্ত আইনসচিব মহাশয়ের কাছে দু'-একটা গঠনমূলক কার্যপন্থা উপস্থিত করছি। তিনি যে আইনের পরিবর্তনের রাস্তায় দু-একটা ছোটখাট বিষয় বলেছেন, তাতে শুধু এই কথাই বলেছেন যে হাইকোর্টএ এরিয়ার্স আছে, কিন্তু বাংলাদেশে এ ছাড়া আরও প্রয়োজন আছে। গরিব মানুষেরা যারা আদালতে যায়, অর্থের অভাবে তারা জাস্টিস পায় না। এ বিষয়ে গঠনমূলক দুটো প্রস্তাব রাখছি, তিনি তা বিবেচনা ক'রে দেখবেন। কি ক'রে আইনকে আরও সোজা পথে তৈরি ক'রে দেওয়া যায় এবং মানুষ সস্তায় কেমন ক'রে কোর্টএ জাস্টিস পেতে পারে, এই দৃষ্টিভঙ্গি নিয়ে আবার নূতন বিল আনুন। এবং সেই কার্যপ্রচেষ্টাকে আমরাও প্রশংসা করতে পারব এবং লোকেরাও সন্তুষ্ট হ'তে পারবে।

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, the Hon'ble Law Minister has brought before us an amendment of an Act seventy years old and in the statement of objects and reasons it is stated that a committee was appointed in 1949 for reduction in the accumulation of arrears in the High Court. Eight years have passed, another Law Commission has been appointed by the India Government and there we were told by the Attorney-General of India, Mr. Sitalbad, that the second report would be coming forth before the country either in December or in January next. So the Government which has waited for eight long years for its inaction should have waited for six months more to have a more comprehensive report from a similar Commission appointed by the Government of India Now, I see that the only reason mentioned in the statement of objects and reasons in accumulation in the High Court. I would ask the Hon'ble Minister what does he mean by High Court The High Court of Calcutta consists of 20 Judges. Out of them 13 are generally in the Appellate Side and 7 are generally in the Original Side. Some of the 13 judges sit in division. Now, we have heard from a newspaper report that in some High Courts there are arrears of cases for the last ten years but in our High Court neither the second appeals nor the first appeals prior to 1951 are pending. Therefore, in our High Court there are only six years' arrears of some cases. Now, after the passing of the Estates Acquisition Act and after the landed property has been reduced, the number of cases in the Appellate Side will gradually come down because the landed aristocracy of our country are conspicuous for litigation. I will read before the House some of the statistical figures to show how the cases in the Appellate Side are gradually coming down. In 1954 the total number of appeals inclusive of first appeals, second appeals, first miscellaneous appeals, and second miscellaneous appeals was 2545; in 1955 it came down to 2377; in 1956 it has come down to 2170 and in 1957 up to the end of the month of June, it was only 1018. Now, by the end of June, six working months have passed and of the rest six months we get barely three months' time because 10 weeks of Pujah vacation and 2 weeks of Christmas intervene; so at best we can expect three months in all. So, this year we can expect in all about 1600 appeals in the High Court. Therefore there is less possibility of accumulation of cases in the High Court.

Now, what is the object of administration of justice. Is it the reduction of cases in the High Court or the administration of better justice? When these appeals which have been referred to in the statement of objects and reasons—that 60 per cent. of the first appeals are between the value of Rs. 5,000 and Rs. 10,000—when these appeals come to the High Court, they are heard by the Division Bench consisting of 2 Judges of the High Court. They pronounce judgment both on fact and on law. Now, if these appeals are heard by a District Judge, what will be the effect I will say that by the change of time nothing has improved and by the proposed amendment people will not get better justice because since 1897 up to 1940 most of the Judges who were the District Judges and Additional Judges were I.C.S. people and some of them had been appointed direct from the Bar —either barristers or advocates. Now these persons were hearing appeals from the Subordinate Judges. Those who are acquainted with the law courts know the calibre of the I. C. S. officers sitting in these Benches and of the persons—the advocates—who have gone to these places from the High Court. They administer better justice.

(6-45—6-55 p.m.)

Even at that time they were given the right of appeal up to Rs. 5,000. What is the position now? The position now is that anybody who enters service as a Munsif is bound to come out as a retired District Judge, if not more. There is no efficiency bar at any stage. So, what is the difference between a Subordinate Judge and an Additional District Judge or a District Judge? He is only senior by a few years in service, and nothing else. Now, Sir, I would say that if a Subordinate Judge of a better calibre delivers a judgment, would it be advisable that this should be heard by a single District Judge or an Additional District Judge? With regard to this point, I shall place the other things before the House when I deal with the amendments on the clause. Now I would say one thing Valuation of property has increased. Therefore greater powers should be given to District Judges and Additional District Judges. Formerly, people who were litigating from the motussil—they were all landed people. They were litigating with regard to their landed property. Now Sir, after the passing of the Land Reforms Act and the Estates Acquisition Act, people who would be owning such land would be owning only 25 acres So, naturally, the number of appeals whose valuation is about Rs. 5,000 will be much less than before. So, these mofussil people will be deprived of getting better justice. They are paying court-fees, and so they should not be inconvenienced in this matter. The thing is that if there is an original suit it can be tried by a Subordinate Judge who is mostly posted in the district headquarters, and the people go there with their evidence and with their witnesses. But at the time of appeal what is the trouble? Only one man goes with the judgment and decree. He may go to the district headquarters or to Calcutta. The court-fees payable on both occasions are the same. So there is no trouble. People would like to have their appeals heard by a Division Bench of the High Court. But if these cases are going to be tried by District Judges or Additional District Judges then what people like will not be fulfilled. Only second appeals are preferable to the High Court. You all know that in second appeals the appellate court does not enter into facts, but it only deals with points of law. Most of the cases which are based on facts as well as law or mainly based on fact are not likely to be admitted under Order XLI rule 11 of the Civil Procedure Code. Therefore, the litigant people in the mofussil will be deprived of their right. Again I say, Sir, why are you drawing a distinction between litigants in Calcutta and those in mofussil. Of late, you have given the power to the Calcutta people that some of their cases may be tried by the City Civil Court. But the City Civil Court has jurisdiction only to try cases whose valuation in

some cases is up to Rs. 10,000 and in other cases, in most cases up to Rs. 5,000. Now, Sir, I can show from the Schedule to the City Civil Court Act where you will find that most of the schedule cases are exempted from the jurisdiction of the City Civil Court, especially commercial suits, partnership suits, mortgage suits and other suits. A man in Calcutta who has a suit filed which is above Rs. 5,000 he will get his appeal heard in the High Court in the Appellate Side, and that case will be decided by a Division Bench. But a mofussil litigant who also pays court-fees is under a great predicament. He will be deprived of that very right. So, I say that this is not fair. Your are trying to reduce the number of cases in the High Court. The High Court has power to send any case filed before it to some other court or bring to its own court any other case which has been filed elsewhere. The City Civil Court Act was passed in 1953, and you have given effect to it only in February 1957. Now, Sir, there are four Judges there, but only a few cases have been filed there. The judges there are almost idle because of the paucity of cases. Cases are filed in the original side of the High Court, and they can transfer them to be tried and disposed of by the City Civil Court. If you are sincere that the number of cases in the original side of the High Court should be reduced you should do that. But will you do that? Section 24 of the Civil Procedure Code gives that power to the High Court: "On the application of any of the parties and after notice to the parties and after hearing such of them as desire to be heard or of its own motion without such notice the High Court or the District Court may at any stage transfer any suit, appeal or other proceeding pending before it for trial or disposal to any court subordinate to it and competent to try or dispose of the same." I say there are certain cases in the original side of the High Court which can be transferred just now to the City Civil Court. The judges there are competent to try those cases. The Civil Procedure Code gives them that power. If any rule in the original side stands in the way, you can by an amendment of the Civil Procedure Code give that power to the High Court, because this Legislature has complete power to give greater jurisdiction to the High Court under List III, Schedule VII of the Constitution of India. That power you have got. If your are sincere in reducing the work of the High Court, you can reduce the work of the High Court in this way. That is the way. In that case, the judges who are sitting in the original side will have some time and they will be able to devote themselves to other important work. In the Appellate Side the work will be adjusted in that way. That is my submission.

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information, Sir. As a layman I am puzzled with the nomenclature of the Bill—Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill.

Mr. Speaker: You will get the answer.

The usual production in that area is aman paddy and because of the peculiar nature of the soil we can get only one crop in the year unless we change the character of the soil by some method or other. Usually, 3.4 lakh tons of food is grown in the Sundarban areas along with which there are other articles, such as fish, etc. Sir, I want you to remember that the physical aspects are yet undetermined and the land formation remains to be complete, waterways are undecided in their career. It is essential therefore that we must restore and maintain the river regime and that we can do only if we can supply this area with upland water and that also we can only have if we have the Farrakka Barage. I do not say that Farrakka Barage will be only for the Sundarbans, but there are other things for which this Barage is necessary. But so far as the Sunderban area is concerned, the only way in which you can revive the area is to have upland water.

[3-50—4 p.m.]

Because what happens now is that most of the tidal rivers have no connexion with any upland water. The silt is brought in during the flow tide and the ebb tide cannot take it all back because the flow tide is twice as fast as the ebb tide and the silt will be there unless there is upland water. Unless you can have a solution of this problem—there is the solution by drainage—it is an impossible proposition in a place like Sunderban—the only way is to supply the area with upland water and get the silt washed away. What happens in this area is this—the bed of the river is at a particular level—you put embankments on either side 15 feet high to protect the land on either side which is lower than the bed of the river from getting inundated and so on; as the bed of the river rises the embankment also loses its efficiency because the height which was 15 feet before, the bed of the river having risen with the flow tide the height that is to be covered by the flow of water would be less than this, and the result is the misfortune that we see in Sunderban year after year, do what you can. I do not say for a moment that the embankments were kept in the order in which it should have been kept by the Government; I do not say that they can be excused for what they have done What I say is that even with a most perfect system unless you have got some more scientific data in your hand—a more perfect system—so long as the bed of the river rises you will not be able to control the over-flooding of the side track with the salt water coming up along the tidal river.

Sir, I find the amendment of my friend Shri Jyoti Basu says that there adequate number of tube-wells should be sunk and sufficient money should be provided for the purpose. At the present moment for the last three years we have sunk 1,250 tube-wells—this year 70 more. Normally the rural water supply scheme is that there will be 150 tube-wells up to 31st March—which means that 1,470 tube-wells would have been sunk in the last three years in this area but as Mr. Dhara says that number is not sufficient. It is not like calculating the total number of persons served by a tube-well as you do in a plain area. Here the whole place is interspersed with canals, rivulets, etc. One tube-well should serve about 250 people which is the normal standard but in this area more tube-well provision is required. Probably it would be wiser to add to that but we have done as far as we could.

Sir, we have been charged that we have done nothing since 1949. Soon after we came into office we appointed this Committee to enquire into the condition of the Sunderban. The Committee, as Mr. Basu has said, produced a report in 1950. We wrote to the Government of India to give us money for the purpose because we realised that the total cost would be anything between three and four crores. Then came the First Five-Year

Plan, 1951. They referred us from the Irrigation Department to the Flood Department and from the Flood Department to the Agricultural Department. The Irrigation Department said that it is not an ordinary case of an irrigation project and therefore why should they take it up. It is not that they were unwilling but no Department was willing to undertake the work of sponsoring a particular project. The Flood Department said that it is not caused by flood—it is caused by the constant running in of the ebb and flow tides of the tidal river; therefore they cannot take it up. It is not an Agricultural Department subject because it cannot be called a Grow More Food Scheme, and thus the bagatelle went on. We got disgusted. In the begining of 1956 we put down 3 crores as our limit for spending on this particular project in the next five years. This money is to be had from the Estates Acquisition Fund. But meanwhile I cannot blame the Government of India. They gave us an *ad hoc* grant of about a crore of rupees for the last few years, year after year—1951-55. Up till 1956-57 we have spent 55 lakhs out of the crore of rupees on different projects—provision of our local production, appliances of plant protection, establishment of seed farm at Canning, establishment of 9 mobile veterinary dispensaries, establishment of five 20-bedded health centres, establishment of 8 mobile health centres, improvement of Secondary Education, construction of 18 miles of metalled road, provision of timber bridges to close alignments of 73 miles. This is what they gave us for expenditure in this area. Besides that, in order to repair the embankments since 15th April, 1955, we have spent 75 lakhs through the ordinary channel which has nothing to do with the Sunderban Special Fund. Therefore, it is wrong to say that we have not done our little bit so far as the Sunderban area is concerned. My friend Shri Ajoy Mukherji says that his calculation is that from 1947-48 up till now over Sunderban alone he has spent 3 crores on various items. But my point is something different. No piecemeal approach such as has been suggested by my friend Shri Jyoti Basu would be of much avail, because we have got to consider what is the best way to bring about a change in the physical structure of the Sunderban area. This particular report deals with that subject in fair detail but they could not give any conclusion because other data were necessary. As I have said before, there are three natural flushing agencies; one is the upland water as I have said; second is the local drainage by rainfall from surrounding lands provided the surrounding land slope was such that the rainfall in the surrounding land gets into these waterways to clear up the debris; the third is the tidal spill Sir, it has been found that if water of the tidal river is allowed to get on to a land it becomes silted up—two or three feet each year. Supposing for one moment you erect an 8 feet embankment, allow the salt water to get in during the flow tide and that continues for a year or two years—that is a process in which the forest land has been built up— but that is not a satisfactory method as a permanet measure because that will raise the level of the surrounding land to the level of the bed of the river or probably a little higher but that would prevent that land from being run over by water from the Deltaic river.

[4 -4-10 p.m.]

Because during a large bore or flushing the silt cannot well get into that flooded area. Therefore, as I suggested before, if you want to improve the Sundarbans, it is essential that we should have upland water. Now a question has been raised as to what is the position regarding the upland water scheme. As I said before, the Government of India had taken it up as a Government of India measure for the purpose of drawing water from the Ganges through the Bhagirathi into the river Hooghly. Not only would that mean that some of the problems of the river port would

be solved but some of the areas also in Murshidabad and Nadia would be drained into this channel and so it would be a communication between Calcutta and the places up-country, say, Bihar and Uttar Pradesh, going through the Indian Union territories. All those benefits are there. We have been asking the Government of India to finalise this arrangement. Experiments were made in Poona to find out whether this scheme would be successful and, if so, what would be the total quantity of water that must needs be taken away from the Ganges into the Bhagirathi so that it may be resuscitated. Some data have been arrived at after investigations were made and I know that the Government of India have asked foreign experts to come and examine this particular scheme. They have asked us to place funds at their disposal for carrying on day-to-day investigation which we have done. The final taking up of the measure depends on the Government of India and I am hoping that with the undertaking given by the Government of India it would be ultimately concluded. Therefore I support the amendment of Mr. Hansadhwaj Dhara that at this stage we press for a Sundarbans Development Committee. If you like I would prefer a Statutory Sundarbans Development Committee which would be more or less free from day-to-day administration of the Government and they will have a control over the administration of the Sundarbans area but ultimately responsible to the Government and the Legislature. They would take the advantage of scientific talents wherever available and they would be provided with an autonomous administrative agency so that they might carry on a systematic enquiry as well as undertake the development of the Sundarbans area. Therefore, I say, without committing ourselves to any opinion as to what the Government has done or has not done as mentioned in Mr. Gupta's resolution or taking up the development piecemeal, as suggested by Mr. Jyoti Basu, the main purpose should be, as suggested by Shri Dhara, to adopt a programme of repairing the embankments and sluice boxes and to make suitable provisions for the purpose. This you will have to do. As I have said just now, three crores of rupees has been provided for the purpose of repairing the embankments and sluice boxes because today we are in charge of the property. Secondly, we feel very strongly that there is a move on the part of some of the existing owners of land to convert agricultural land into fisheries. We have drawn up a plan by which we can frustrate these efforts and also stop leasing out canals to private parties so that they might not inundate the agricultural area. For giving these general directions it would be desirable to have a statutory Sundarbans Development Committee. My friend Shri Bimal Sinha says that the leasing out of canals to private parties has already been stopped but it would be still better if we lay down our objectives so far as immediate purposes are concerned, and so far as the distant future programme is concerned, we should have a statutory Sundarbans Development Committee to lay down the plan and to give effect to the same.

Sj. Bankim Mukherjee: May I know if the Leader of the House has actually suggested certain things which must come in the form of an amendment which must be considered by the House as a whole because we have given some suggestions as to the form the resolution will take.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am only supporting Mr. Dhara's resolution.

Sj. Bankim Mukherjee: You suggested it should be a statutory body and it should come as an agreed amendment which the House should consider.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am only supporting Mr. Dhara's amendment.

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, we are discussing about the Sundarbans' peculiar problems in southern Bengal.. Land in the Sundarbans is very peculiar because of the vast tract of watery and swampy areas which are not high and which gradually merge into the Bay of Bengal. Now this tract of land faces calamity at intervals. This calamity is that at times, for a few centuries back, the sea rises inundating the whole of the Sundarbans and submerging the entire area. This has happened many times within the known history of the human race. But we have had to live against natural calamities because unlike the other side of Bengal which is Midnapore which is firm land which can stand the ravages of cyclones, the Sundarbans land cannot do so. The great cyclone of 1942 which swept over the entire district of Midnapore only touched a part of the Sundarbans area. If it had swept over the Sundarbans, it would have effected a complete extinction of that area. But as a human agency it should be our best endeavour to try to protect the Sundarbans. Sir, the best way of protecting the Sundarbans land is by raising embankments and these embankments are engaging the attention of all persons concerned. Since 1879 when India was uder foreign capitalist domination the object of the reclamation of the Sundarbans has remained the same. As it was at the very beginning so it has been at the end. Now the primary object of reclamation of the Sundarbans was to give opportunity to certain classes of people, especially to refugees by settling them in that area. Sir, I am quoting only a few sentences from the history of the Sundarbans. Bhadralogs who undertake to stay and cultivate the lands themselves may be given sufficient holdings to enable them to live a better life than the cultivators and in special cases with the sanction of the Board settlement of large plots of waste land may be made with the capitalists in accordance with Chapter 4 of the State Manual, 1932.

[4-10—4-20 p.m.]

Now, those are old histories and those histories have gone and demands have been made for spending much more money for the keeping up of the Sunderban embankment. With regard to this I say that spending large sums of money always is not paying. The only thing is that constant care should be taken. Under the large capitalist rule lots were let out to lotdars first for 40 years and then the leases were renewed for 13 years and they would have ended in 1953 had not the Estates Acquisition intervened. Under these renewed leases the area was between 4,000 bighas and 5,000 bighas. For these lots the collection on the average was Rs. 7,500 per lot and out of this only 5 per cent. to 15 per cent. was allotted to zemindars for repair and upkeep of these embankments. So on the modest calculation each lotdar was getting Rs. 375 to Rs. 1,050 as his remuneration for keeping up embankments in those areas. They could maintain the embankments in that area because they were people who were continuously living there and whenever there was a breach or there was a small hole in the embankment they could have repaired it. In the locality it was called a *bhog* and in the small *bhog* if water was allowed to percolate for a few hours it would destroy the embankment. These lots have come under the control of the Government but Government has not yet set up such a local body for the protection of these things. Many suggestions have come for the constant watch of these embankments at the time of rainy season. Now, it is impossible on the part of the Government alone to do it. So some sort of local body should be set up for the protection or constant watch of these things. Now there have been Anchal Panchayats or Gram Panchayats; they are entrusted with the duty of looking after these local problems. If they are entrusted with such work and some fund is placed at their

disposal then they would have been good substitutes for those persons. Under the large Capitalist Rule—Rule 34 of Chapter II of the West Bengal Land Manual—there is a duty imposed upon the inhabitants of each lot that whenever they see that any embankment or part of the embankment is in danger of falling down or being pulled down by the encroaches of the river, then their duty is at once to report to the nearest Government officer. That rule should be strictly followed and the nearest Government officer should be at least in each lot or between adjoining lots for the purpose of giving timely help to these persons who will be in constant watch of these things. I will only give one instance of how the people of the local area can do this. People of my district of Midnapore have brought under cultivation not only the southern part of Midnapore but also almost the entire portion of Sunderban and some portion of Nadia in the east and also the western districts like Balasore, Puri and Cuttack. These people are expert in the act of colonisation, reclamation and setttlement. These people and also similar other people who are coming from East Bengal should be given chances to reside there.

I shall say only another thing, that is, for the protection of the jungles which are just to the south of Sunderban and which can stand to some extent the ravages of the cyclone. The Bay is very shallow and therefore there is every likelihood of recurrence of cyclone at intervals. For these purposes the southernmost tip, the islands such as Lothian Island and similar other islands which are gradually rising up from the sea, jungles should be protected there and no further portion of the Sunderban should be reclaimed.

Sj. Khagendra Nath Naskar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শ্রীযুক্ত হংসধ্বজ ধাড়া যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, তার সমর্থনে কিছু বলতে চাই। সুন্দরবন সম্বন্ধে যে নন-অফিসিয়াল রেজলিউশন হেমন্তবাবু এনেছেন, আমি তার বিরোধিতা করছি। তার মানে এই নয় যে, আমরা যাঁরা সুন্দরবন অঞ্চল থেকে এসেছি, তাঁরা সুন্দরবনের উন্নতি চাই না। আমাদের সুন্দরবনে বাস, সেখানে আমরা জন্মেছি, আমার সুন্দরবন সম্বন্ধে যে অভিজ্ঞতা আছে, সেটুকু আমি বলতে চাই। তার সম্বন্ধে জ্যোতিবাবু যে অ্যামেন্ডমেন্ট মেইন রেজলিউশনএর এনেছেন, তাতে যেটুকু দেখতে পাচ্ছি বাস্তবতার অভাব রয়েছে। সুন্দরবনের যে সমস্যা, সেই সমস্যা সারা বাংলাদেশের সমস্যা থেকে একেবারে পৃথক, একথা আমাদের প্রধানমন্ত্রীমশায়ও বলেছেন। সুন্দরবনের এইসমস্ত জিনিস পৃথকভাবে দেখতে হবে। সুন্দরবনের নদী অন্য জায়গার নদীর মত নয়। যে নদী আগেকার দিনে গভীর ছিল, আজ তার হেডওয়াটার বঙ্গোপসাগর থেকে সিল্ট ক্যারি করে না ; হেডওয়াটার না থাকার দরুন নদীতে জল আসতে পারছে না। ফলে নদীগুলো চড়া পড়ে যাচ্ছে। চাষীদের জমির বেড উঁচু হয়ে যাচ্ছে। ফলে নদী চওড়া হয়ে যাচ্ছে ; বাঁধ ভেঙেগ যাচ্ছে। যেকথা জ্যোতিবাবু বলেছেন গত দশ বছরে সুন্দরবনের কোন উন্নতি হয় নাই। আমি তাঁর এই কথার প্রতিবাদ করি। হয় তিনি সুন্দরবনে যান নাই, অথবা তিনি সুন্দরবন সম্বন্ধে কিছু জানেন না, অথবা ইচ্ছে ক'রে এইসমস্ত কথা বলেছেন। সুন্দরবনের গত দশ বছরে যথেষ্ট উন্নতি হয়েছে। এমন একদিন ছিল যখন সুন্দরবনে একফোঁটা পানীয় জল পাওয়া যেত না। সে ছিল

Water, water everywhere not a drop to drink

সেখানে এখন প্রতি গ্রামে পানীয় জলের ব্যবস্থা হয়েছে। অবশ্য এটা যথেষ্ট নয়—ঠিক কথা। নদীর বাঁধের ব্যাপারে এতদিন ধরে আমরা যে আন্দোলন করেছিলাম ইরিগেশন মিনিস্টার নিজে সেকথা স্বীকার করেছিলেন। প্রতি থানায় প্রতি মৌজায় একজন ক'রে স্থানীয় কন্ট্রাক্টর দেওয়ার ব্যবস্থা করা দরকার। বিদেশী কন্ট্রাক্টর ও ইঞ্জিনীয়ার দ্বারা সাধারণভাবে বাঁধ বাঁধার যে ব্যবস্থা আছে, তাদের দ্বারা সুষ্ঠুভাবে তা করা সম্ভবপর নয়। তা করতে হ'লে আগে জমিদাররা যে ব্যবস্থা করত, সেই রকম স্থানীয় বেলদার প্রতি থানায় অ্যাপয়েন্ট করতে হবে।

তাতে বেশ সুফল পাওয়া যাচ্ছে। আমার কনস্টিটিউয়েন্সি ক্যানিংএর কোন জায়গায় জল সাধারণত ঢুকছে না। এমন একটি ব্যবস্থার মধ্য দিয়ে সুন্দরবনের কাজ এগিয়ে যাচ্ছে যে, তার প্রশংসা না ক'রে পারা যায় না। সুন্দরবনকে যদি সর্বদিক দিয়ে উন্নতি করতে হয় তা হ'লে সুন্দরবনকে একটা পৃথক জেলা হিসাবে বা অন্য জিনিস হিসেবে দেখা উচিত। গত দশ বছরে সুন্দরবনের বিভিন্ন জায়গায় বিভিন্ন উপায়ে বিভিন্ন রকম সাহায্য দেওয়া হয়েছে। সে বিষয়ে আগেই আলোচনা হয়েছে। আমি যতদূর জানি আগে কার্ত্তিক থেকে পৌষ মাস পর্যন্ত ঐ অঞ্চলে একটা বিভীষিকা ধারণ করত। নানাপ্রকার অসুখবিসুখে বহু লোকের প্রাণান্ত হ'ত। লোকে ত্রাহি ত্রাহি রব করত—তা থেকে কি ক'রে উদ্ধার পাওয়া যায়। এই টিউবওয়েল দেওয়ার ফলে আজকাল কলেরা বিশেষ কোন চাঞ্চল্য জাগাতে পারে না। কলেরার যে স্ট্যাটিস্টিকস নেওয়া হয়েছে, তা মিলিয়ে দেখলে দেখা যাবে কলেরা যথেষ্ট কমে গেছে। সুন্দরবন থেকে ম্যালেরিয়া দূর হয়েছে। আমি ক্যানিংএর কথা বলছি। সেখানে আগে কঠিন ম্যালেরিয়া ছিল। আজকাল সেখানে ম্যালেরিয়ার কোন প্রকোপ নেই বললেই চলে। আমি বলব এই অঞ্চলে আরও যাতে সর্বদিক দিয়ে উন্নতি লাভ করতে পারে সেদিকে সরকারের লক্ষ্য রাখা উচিত।

[4-20—4-30 p.m.]

তারপর, স্যার, সুন্দরবনে বহুসংখ্যক রিফিউজি এসে নিজেদের চেষ্টায় বসবাস করছে। ডাঃ রায় যেকথা বলেছেন যে, সুন্দরবনে আর বাইরে থেকে লোক আনা সম্ভব নয়, আমি মনে করি কথাটা বিশেষ ক'রে চিন্তা করার দরকার আছে। সুন্দরবনের খাদ্য ঘাটতি ক্রমশ বেড়ে যাচ্ছে। সরকারের যদি সাধারণ লোককে বাঁচানোর ইচ্ছা থাকে তা হ'লে আরও টেস্ট রিলিফএর ব্যবস্থা করা দরকার। কিন্তু শুধু টেস্ট রিলিফ দিয়ে তাদের বাঁচান যাবে না যদি না ইন্ডাস্ট্রি গ্রো করা হয়। তারপর, এমন একদিন ছিল যখন লোকে সুন্দরবনে যেতে হ'লে মাথায় হাত দিয়ে বসত। কিন্তু এখন সরকারের চেষ্টায় ৪।৫ ঘণ্টার মধ্যেই যাওয়া যেতে পারে। তা হ'লে সুন্দরবনে আরও রাস্তাঘাট হওয়ার প্রয়োজনীয়তা আছে। তারপর, সুন্দরবন থেকে উৎপন্ন দ্রব্য যাতে সহজে কলকাতায় আসতে পারে তার জন্যও আরও রাস্তাঘাট হওয়া দরকার। তারপর, পাকিস্তান বর্ডার রক্ষা করার জন্য যাতে সৈন্যসামন্ত পাঠান যায় তার জন্যও আরও রাস্তাঘাট হওয়া দরকার। সেজন্য সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা আদায় করার ব্যবস্থা করা উচিত। যাঁরা সুন্দরবনের প্রকৃত দরদী তাঁদের নিয়ে কমিটি ক'রে কাজ করা উচিত। সেজন্য আমি এই যে প্রস্তাব অ্যামেন্ডমেন্ট এসেছে তা সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Renupada Halder:

মাননীয় স্পীকার মহাশয়, সুন্দরবনের অধিবাসীরা বাঁধ না বাঁধার অব্যবস্থার ফলে ভুগছে। আগে যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থা পরিবর্তনের জন্য সরকার দু-দুবার পরিকল্পনা নিয়েছিলেন, কিন্তু সেই পরিকল্পনা ঠিক সুষ্ঠুভাবে কার্যকরী করা হয় নি। সুন্দরবন অঞ্চলে প্রতি বছর বাঁধ ভেঙ্গে গিয়ে লোনা জলে লক্ষ লক্ষ বিঘার ধান নষ্ট হয়। জয়নগর থানায় গত বছর আমি দেখেছি প্রায় ১০।১২ হাজার বিঘা চাষের জমি লোনা জলে নষ্ট হয়েছে। গত বছরের ভীষণ বন্যায় কিরূপ ক্ষতি হয়েছিল তা আপনারা সকলেই জানেন। সরকার যদিও পরিকল্পনা গ্রহণ করেছেন এবং মাঝে মাঝে টাকাও যা স্যাংশন করা হয়, তা সময়মত পৌঁছায় না, পাওয়াও যায় না এবং যে টাকা খরচ করবার জন্য পরিকল্পনা করা হয় তাহাও খরচ করা হয় না। তারপর প্রায়ই স্লুইস গেটগুলি ভেঙ্গে যায়। সরকারী কর্মচারীর তত্ত্বাবধানে গ্রামের লোকের কমিটি ক'রে সেই কমিটির মারফত যদি সুষ্ঠুভাবে কাজ করা যেত তা হ'লে বাঁধের প্রয়োজনীয় মেরামত হ'তে পারে এবং প্রতি বছর চাষের যে অনিষ্ট হয় তা রোধ ও দূর করা যেতে পারে। এগুলি যদি করা যায় তা হ'লে সুন্দরবনকে প্রকৃতই বাংলার খাদ্যভাণ্ডারে পরিণত হ'ত। অথচ বাংলার এই খাদ্যভাণ্ডারস্বরূপ সুন্দরবনেই প্রতি বছর দুর্ভিক্ষের প্রকোপ। এগুলি যদি ব্যবস্থা করার দিকে দৃষ্টি দেন তা হ'লে নিশ্চয়ই চাষের সুযোগসুবিধা হবে এবং আরও বেশি জমিতে ধান্যোৎপাদন হবে।

এবার আমি স্লুইস গেটের অবস্থার কথা বলছি। প্রায় জায়গায়ই স্লুইস গেটের অবস্থা শোচনীয়, অনেক জায়গায় ভেঙ্গেই গিয়েছে। সেগুলি সারাবার কোন ব্যবস্থা নাই। সরকার কর্তৃক কোন কোন স্থানে মাটি ফেলে বাঁধ তৈরি করার ফলে জলনিকাশের ব্যবস্থা ব্যাহত হচ্ছে। এখানে আরও একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি সরকারের সতর্ক দৃষ্টি আকর্ষণ করব। আমি দেখেছি সেখানে যেসমস্ত টাকা খরচ করা হয় তা কন্ট্রাক্টরদের মারফত করা হয়। এটা অত্যন্ত ত্রুটিপূর্ণ ব্যবস্থা, কেননা এতে প্রদত্ত টাকার অপব্যবহারের সম্ভাবনা থেকে যায়। যদি স্থানীয় জনসাধারণের উপর কাজের তত্ত্বাবধানের দায়িত্ব দেওয়া যায় তা হ'লে অপব্যয় সম্ভাবনা কম হয়, তদুপরি খরচও কম হবে। তাই আমি এখানে সরকারের কাছে দাবি রাখছি, সুন্দর-বনের সাধারণ অধিবাসীদের নিয়ে গ্রাম-কমিটি তৈরি ক'রে সেই কমিটির হাতে তদ্বির-তদারকের মাধ্যমে একাজগুলি করার ব্যবস্থা করা হোক। আমি আরও একটা কথা বলব এই প্রসঙ্গে, আমার পূর্বে একজন মাননীয় সদস্য সেকথা উল্লেখ করেছেন। গ্রামের কন্ট্রাক্টরদের দিয়ে এসব কাজ চালানোর ব্যবস্থা করা আবশ্যক। আমি এই কিছুদিন আগে সুন্দরবন এলাকা থেকে ঘুরে এসেছি। দেখে এলাম এখনও এই ব্যবস্থা অবলম্বন করা হয় নি যদিও কথা হয়েছে গ্রামের লোকদের মধ্যে থেকেই কন্ট্রাক্টর নিযুক্ত ক'রে সেখানকার কাজগুলি পরিচালিত করা এবং বাঁধ-গুলি মেরামত করা হবে। কিন্তু আজও না হওয়ায় আমি এতে দুঃখিত। আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে অবিলম্বে গ্রামের কনট্রাক্টর নিযুক্ত ক'রে বাঁধ বাঁধার ও মেরামতের কাজ করার একটা সুষ্ঠু পরিকল্পনা করা হয় তার দাবি জানাচ্ছি।

টিউবওয়েলএর কথা বলব। সুন্দরবনের আনাচেকানাচে টিউবওয়েল দেওয়া হচ্ছে ব'লে প্রচার করা হচ্ছে। কিন্তু এমন অনেক গ্রাম রয়েছে যেখানে টিউবওয়েলের বাস্তবিক বিশেষ প্রয়োজন এবং বহুদূর থেকে নানা উপায়ে বহন ক'রে নিয়ে আসতে হয়। আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে স্থানীয় অধিবাসীদের জলকষ্ট নিবারণ হ'তে পারে তার সমস্ত প্রকার ব্যবস্থা অবলম্বনের জন্য আবেদন জানাচ্ছি।

এবারে মেছোঘেরী। যেসমস্ত মেছোঘেরী এতদিন জমিদাররা চালাচ্ছেন তা সরকার গ্রহণ করুন এবং তা চাষীদের মধ্যে, বিশেষ ক'রে ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করার ব্যবস্থা করুন, তাতে ক'রে আমাদের দেশের ভূমিহীন চাষীদের অনেক সুবিধা হবে। চাষের জমির পরিমাণ বৃদ্ধি পাবে। এতে চাষীদের সংসারযাত্রা নির্বাহ করার সুবিধা হবে।

[4-30—4-40 p.m.]

এ ছাড়া আমরা দেখেছি যে, প্রতি বছরই বহু জমিকে তারা লোনা জলে ক্ষতি করার চেষ্টা করে এবং সেই সমস্ত জমি তারা পরে মেছোঘেরীতে পরিণত করে। এ বছর একটা জায়গার কথা আমি শুনলাম যে, সেখানে মেছোঘেরী করার ব্যবস্থা করেছেন এবং সেখানে প্রায় ১০।১২ হাজার বিঘা জমিতে লোনা জল তুলে গত ২।৩ বছর আগে তারা চাষ নষ্ট করেছিল এবং মেছোঘেরী করেছিল। গত বছর এই সমস্ত এলাকার চাষীরা কতকগুলি বাঁধ বেঁধে এ বছর দুই শ' মণ ধান ফলিয়েছিল কিন্তু সেখানে যেসমস্ত মেছোঘেরীর মালিক ছিল, জমিদার ছিল তারা সেই বাঁধগুলিকে নষ্ট ক'রে দিয়ে দু' শ' মণ ধান চাষীদের নষ্ট করে দিয়েছে। এইরকম আরও অনেক ঘটনা আছে সুন্দরবন এলাকায় যার আশু প্রতিকার করা দরকার। সুন্দরবন অঞ্চলের জনসাধারণের যে অভাব-অভিযোগ, যে অসুবিধা আছে, বাঁধবন্দী মেরামতের অব্যবস্থার মধ্যে তারা দিন যাপন করছে এবং স্লুইস গেটের অভাবে তাদের যে চাষাবাদ নষ্ট হয়ে যাচ্ছে চাষাবাদের ক্ষতি হচ্ছে, তার আশু প্রতিকারের ব্যবস্থার দাবি করে এবং যে মূল প্রস্তাব এসেছে সেই মূল প্রস্তাবকে সমর্থন করে এবং তাকে কার্যকরী করার দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Ramanuj Halder:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্যাসঙ্কুল পশ্চিম বাংলার কাছে সুন্দরবন যেমন একটা সমস্যা-পূর্ণ ব্যাপার, তেমনি সুন্দরবনের সব সমস্যার মধ্যে বাঁধের সমস্যা একটা বৃহত্তর সমস্যা। এবং এই বাঁধ সমস্যার সমাধান অত্যন্ত দুরূহ কাজ তা আমরা স্বীকার করি। আমরা স্বীকার

করি যে, পূর্বে জমিদাররা বা জমির মালিকরা যখন আভাষ পেয়েছিলেন যে, জমিদারী প্রথার উচ্ছেদ হবে তখন তাঁরা পুরাতন বাঁধগুলি উপযুক্তভাবে সংস্কারকার্যে অবহেলা করেন—এই যে অভিযোগ, এটা আংশিক সত্য হতে পারে কিন্তু সরকার বুদ্ধিমত্তাসহকারে, দূরদৃষ্টি দিয়ে পূর্বে থেকে, এমন ঘটতে পারে এটা মনে করে, যদি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতেন, তা হ'লে বাঁধগুলি এমন শোচনীয় আকার ধারণ করত না। সরকার টাকা বরাদ্দ ক'রে ভাবছেন যে, লক্ষ লক্ষ টাকা বরাদ্দ করলে হয়ত সুন্দরবনের বাঁধ সমস্যার সমাধান হবে। কিন্তু সুন্দরবনের বাঁধ এমন এক অদ্ভুত ধরনের যে নদীবহুল অঞ্চলে অসংখ্য বাঁধ লবণাক্ত জলের আঘাতে অনায়াসে নষ্ট হয়ে যায়। বরাবর জমিদার বা জমির মালিকরা যে ধরনে বাঁধ মেরামত করতেন অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে এবং স্থানীয় চাষী, কৃষক, শ্রমিক ও স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিদের সহায়তায়, বর্তমান সরকার সেই ব্যবস্থার ব্যতিক্রম ক'রে বাঁধ রক্ষণের বা সংস্কারের চেষ্টা করছেন। ফলে আমরা দেখি যে বরাদ্দকৃত লক্ষ লক্ষ টাকার প্রভূত অংশ অপচয় হয়, সরকারী নীতির এই প্রহসনমূলক ব্যর্থতা আমরা দেখতে পাই। আমরা দেখেছি, যে টেন্ডার কল করা হয় তা অত্যন্ত অসময়ে হয় এবং একটা ডাইলেটরি পলিসি নিয়ে এমন একটা সময়ে আনা হয় যখন বর্ষাকাল এসে যায়, যখন নদীতে জোয়ারের জল স্ফীত হয়ে থাকে এবং বাঁধের ভিতর দিকে জল অত্যন্ত বৃদ্ধি পায়, যখন চাষের কাজে স্থানীয় শ্রমিক ও মজুরেরা ব্যস্ত থাকে সেই সময় কাজ আরম্ভ করার চেষ্টা করা হয়। এতে বাঁধের তো ক্ষতি হয়, পরন্তু কৃষি মজুরের অভাবে চাষেরও ক্ষতি হয়। এর মূলে রয়েছে বাঁধ মেরামতের সময় নদীর চার দিক থেকে যে মাটি কাটা হয় তা অল্প জোয়ারের জলে ভরে যায় এবং মাটি না কেটেই ঐ জায়গাগুলিতে মাটি কাটা হয়েছে ব'লে দেখিয়ে দেওয়া হয়। সুতরাং লক্ষ লক্ষ টাকা এইভাবে অনায়াসে ফাঁকি দেওয়া যায় ও দেওয়া হয়। কাজেই বাঁধের জন্য যে টাকা ব্যয় করা হয় তা যথার্থ ব্যয়িত হয় না। প্রত্যক্ষ অভিজ্ঞ এবং সৎ লোকের দ্বারা যদি এই বাঁধগুলি সংস্কারের চেষ্টা করা হ'ত তা হ'লে এমন-ভাবে সেই টাকাগুলি নষ্ট হ'ত না এবং বাঁধ বাঁধার নামে প্রহসন চলত না।

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, ১৯৪৮ সাল থেকে কয়েক বছর আমি সুন্দরবনের গ্রামে গ্রামে ঘুরেছি। সুন্দরবনের সমস্যা সম্বন্ধে এখানে উভয় পক্ষই বিশেষভাবে আলোচনা করেছেন। আমরা উভয় পক্ষই চাই যে সুন্দরবনের উন্নতি হোক, সুন্দরবনে বাঁধ সমস্যার সমাধান ক'রে যাতে ধান বাড়ে সেইরকম পরিকল্পনা গ্রহণ করা হোক—সুন্দরবনের শিক্ষা, স্বাস্থ্য, সুন্দরবনের জল, রাস্তাঘাট এই সমস্তই একটা পরিকল্পনা মারফত গ্রহণ করা হোক। আমরা বিরোধীপক্ষ এই কথা বলি না যে, সুন্দরবনের জন্য কিছুই করা হয় নি—সুন্দরবনে টিউবওয়েল হয় নি বা শিক্ষার ব্যবস্থা হয় নি, একথা আমরা বলি না। আমাদের পক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছে সেটা একটা সামগ্রিক পরিকল্পনার উপর নয়, সেই প্রস্তাবটা বাঁধ সমস্যা, জল আসা এবং জল নিকাশের যে সমস্যা, সেই সমস্যার উপরই এই প্রস্তাব আনা হয়েছে। এখানে হংসধ্বজ ধাড়া মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের যে একটা সংশোধনী আনা হয়েছে, সেই প্রস্তাবও সুন্দরবনের পক্ষে বিশেষ প্রয়োজনীয় প্রস্তাব। ডাঃ রায় সুন্দরবনের সমস্যা সম্বন্ধে, তার ঐতিহাসিক ধারা সম্বন্ধে যেসমস্ত কথা বলেছেন এবং সেখানকার সমস্যার সমাধানের জন্য যেসমস্ত কথা বলেছেন সেগুলি খুবই প্রণিধানযোগ্য। বিরোধীপক্ষের নেতা জ্যোতি বসু যেকথা বলেছেন যে, উভয়পক্ষ একমত হয়ে এমন একটা প্রস্তাব গ্রহণ করুন যার দ্বারা সুন্দর-বনের সকল সমস্যার সমাধান হবে সেটা খুবই যুক্তিযুক্ত ব'লে আমি মনে করি। আমি জানি না সেই প্রস্তাব সম্বন্ধে সরকার বিবেচনা করছেন কিনা। সরকার ইতিমধ্যে এবছর কয়েকটি প্রস্তাব বিরোধীপক্ষের সঙ্গে একমত হয়ে উপস্থাপিত করেছেন। যেমন ডি-ভি-সির উপর প্রস্তাব, এভিকসন বিলের উপরও অনেক বিষয় আমরা একমত হতে পেরেছি, দণ্ডকারণ্য সম্বন্ধে আমরা একমত হ'তে পেরেছি। কাজেই সুন্দরবনের সমস্যা একটা বিশেষ সমস্যা। সুন্দর-বনের সমস্যার দিকে দৃষ্টি রেখে যখন উভয়পক্ষই প্রস্তাব নিয়ে এসেছেন তখন আমার মনে হয় যে, উভয়পক্ষ মিলে ঠিক ঐরকমভাবে একটা সর্বসম্মত প্রস্তাব গ্রহণ ক'রে সুন্দরবনের উন্নতি বিধান করা দরকার। আমি ১৯৪৮ সালে সুন্দরবনের বহু জায়গায় ঘুরে দেখেছি, সেখানকার জনসাধারণ যে উপেক্ষিত এবং অবহেলিত অবস্থায় ছিল, তারা যেভাবে লাটদার এবং জমিদারদের

দ্বারা অত্যাচারিত হয়েছিল, তার বিপক্ষে একটা বিরাট আন্দোলনের সূত্রপাত হয়—ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন হলে ১৯৪০ সালে শরৎচন্দ্র বোসের উপস্থিতিতে এবং ফজলুল হক সাহেবের সভাপতিত্বে সভা হয় এবং তার সিদ্ধান্তটা আমাদের বাংলাদেশের জনসাধারণের কাছে তুলে ধরা হয় এবং সেদিন থেকে সুন্দরবনের সমস্যাটা যে জটিল রূপ ধারণ করে তা আজও পর্যন্ত দূর হয় নি। আমরা প্রতি বছরই সুন্দরবন সম্বন্ধে বাজেটের সময় এবং অন্যান্য সময়ে আলোচনা করি, সরকারের দৃষ্টি আমরা এ বিষয়ে আকর্ষণ করবার চেষ্টা করি। সরকার যে কিছু কিছু করেন নি তা নয়।

[4-40—4-50 p.m.]

অনেক কাজ তাঁরা করেছেন। কিন্তু সুন্দরবনে একটা সামগ্রিক পরিকল্পনা গ্রহণ না করলে শুধু সুন্দরবনের সমস্যা নয় সারা বাংলাদেশের খাদ্য সমস্যার সমাধান হবে না। কাজেই সেই দৃষ্টিভঙ্গি থেকে সুন্দরবনের সমস্যাকে আমাদের ভাবতে হবে সেজন্য একটা কমিটি বা একটা বোর্ড গঠন করবার যে প্রস্তাব এসেছে সেটা সম্পূর্ণ সমীচীন এবং সঙ্গত প্রস্তাব। কাজেই সেই প্রস্তাবটা যাতে বিশেষ নিষ্ঠার সহিত গ্রহণ করা হয়, সেজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গভর্নমেন্টও সুন্দরবন সম্বন্ধে কিছু কিছু সচেতন হয়েছেন। যদি ভারত ও বাংলা গভর্নমেন্ট উভয়েই একযোগে বাংলার জনসাধারণের সহযোগিতায় দলমত নির্বিশেষে সকলে মিলে সুন্দরবনের উন্নতির প্রস্তাবকে গ্রহণ করেন তাহলে সুন্দরবন সমস্যার সমাধান হবে। আজ যেখানে নদীগুলি প্রায় বন্ধ হ'য়ে যাচ্ছে, নদীর বুক উপরে উঠে যাচ্ছে এবং জমি ক্রমেই নিচের দিকে নেমে যাচ্ছে কাজেই এ একটা বিরাট সমস্যা। এ বিষয়ে আমি ১৯৪৮ সালে ডাঃ রায়ের সংগে আলোচনা করেছিলাম এবং তখন তিনি বলেছিলেন যে, সিল্ট আস্তে আস্তে সামনের জমি ভরে যাবে এবং বাঁধকে স'রিয়ে দিতে হবে এবং সেইটাই নাকি ইঞ্জিনীয়ারদের মত। সেই কথাই তিনি বলেছিলেন ১৯৪৮ সালে কিন্তু আজ পর্যন্ত সেই প্ল্যান কতদূর কার্যকরী হয়েছে বা হয় নি তার কোন সংবাদ আমরা পাই নি। কাজেই সেই বাঁধ সমস্যা এক কোটি বা দুই কোটি বা দশ কোটি টাকার কথা নয় যদি আমরা সকলে একসঙ্গে মিলে একটা প্রস্তাব পাশ করতে পারি এবং একটা বোর্ড গঠন ক'রে সেই বোর্ডের স্কীম অনুসারে তাকে রূপায়িত করবার জন্য দলমত নির্বিশেষে কাজ করি তা হ'লে নিশ্চয় সুন্দরবনে যেসমস্ত সমস্যা রয়েছে তার সমাধান হবে। এই কথা ব'লে আমাদের পক্ষ থেকে শ্রীসীতারাম গুপ্ত যে প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করছি।

Janab Jehangir Kabir:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই অ্যামেন্ডমেন্ট সমর্থন করতে দাঁড়িয়ে বলতে চাই—যদিও 'লীডার অব দি হাউস' এটা এ্যাকসেপ্ট করবার পরে আমার পক্ষে বলবার কিছু থাকে না, তবু যে স্ট্যাটুটরি বডি'র কথা তিনি প্রস্তাব করেছেন সেইটার জন্য তাঁকে বিশেষ ক'রে ধন্যবাদ দিই। সেটা শীঘ্র কার্যকরী হ'লে আমাদের পক্ষে আনন্দের বিষয় হবে। সুন্দরবনের সঙ্গে সম্পর্ক আমার খুব বেশি দিনের নয়। কিন্তু এই অল্প দিনের মধ্যে যা দেখেছি তাতে মনে হয় যে এখানে উন্নয়নের প্রচুর সম্ভাবনা রয়েছে। সুন্দরবনকে যে বাংলার গ্র্যানারি বলা হয় সেটা খুবই সঙ্গত। সুন্দরবনের উন্নতি করতে হ'লে সরকারী প্রচেষ্টার বিশেষ প্রয়োজন এবং সেটা ঐ 'স্ট্যাটুটরি বডি'র মাধ্যমে হওয়াই সম্ভব। সুন্দরবনের একটা জিনিস আমাদের চোখে পড়ে। সেটা হচ্ছে সুন্দরবন একফসলের জমি, সেখানে মাত্র বছরে একটা ধানের চাষ হয়, আর অন্য কিছু হয় না। কাজেই সেই চাষের দিকে লক্ষ্য রাখাই সবচেয়ে বড় কথা, আর সেজন্য 'ইরিগেশন'এর প্রশ্নই প্রধান। ওখানে যে বাঁধ রয়েছে সেই বাঁধ যদি ঠিকমত দেখাশুনা না করা হয় তা হ'লে সেখানে ক্রপ ফেলিওর হওয়ার সম্ভাবনা খুব বেশি থাকে; কেননা লোনা জল ঢুকলে চাষের অপূরণীয় ক্ষতি হয়। এই রেজলিউশনের মধ্যে একদিকে বাঁধের কথা বলা হয়েছে, আর একদিকে বলা হয়েছে লোনা জল যাতে না ঢুকতে পারে সেজন্য যেসমস্ত ফিশারি চাষীজমির সংলগ্ন সেইসমস্ত ফিশারি বন্ধ করার কথা। লোনা জলের জলকর বন্ধ করবার জন্য রাজস্ব মন্ত্রীমহাশয় ব্যবস্থা করছেন। তিনি বলেছেন যে ভবিষ্যতে এই স্যালাইন ওয়াটার ফিশারি নতুন ক'রে করতে দেবেন না। বিরোধী দলের

নেতা জ্যোতি বসু যে কথা বলেছেন তার সঙ্গে আমরা একমত যে বাঁধ রক্ষা করার সুব্যবস্থা না ক'রে ওখানে চাষের উন্নতি করা চলে না। সেখানে যদি বাঁধ রক্ষার প্রতি সতর্ক দৃষ্টি রাখা হয় তবেই চাষের প্রভূত উন্নতি হওয়ার সম্ভাবনা এবং এখন যে ফসল পাচ্ছি তার চেয়ে অনেকগুণ বেশি ফসল উৎপন্ন হ'তে পারে সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু আমরা দেখছি যে 'টেস্ট রিলিফ'এর দ্বারা এই বাঁধকে কোন রকমে রক্ষা করা হয়েছে এবং এই 'টেস্ট রিলিফ'এর সাহায্য না পেলে সুন্দরবনের চাষের অবস্থা আরও খারাপ হ'ত। অবশ্য আমরা বুঝি যে সরকারেরও অসুবিধা আছে, কারণ পূর্বে জমিদারেরাই সমস্ত বাঁধ রক্ষা করতেন। জমিদারী উঠে যাবার সম্ভাবনায় তাঁরা কয়েক বৎসর পূর্ব থেকেই বাঁধ বা স্লুইস গেট সংস্কারের কাজ বন্ধ করেন। জমিদারী স্বত্ব বিলোপের পর এইসমস্ত ব্যবস্থা সরকারের হাতেই এসে পড়েছে। সরকারের রাজস্ব বিভাগ এবং 'ইরিগেশন' বিভাগের মধ্যে দায়িত্ব স্থিরীকৃত না হওয়ায়, অসুবিধা হয়েছিল এবং সেজন্য ব্যবস্থাপনায় গোলযোগ দেখা দিয়েছিল। তবে এখন রাজস্ব বিভাগ থেকে এইসমস্ত দায়িত্ব হাতে নেওয়া হচ্ছে ব'লে ভবিষ্যতে যেসমস্ত অসুবিধা আছে তা দূর হবে। এ বিষয়ে একটা জিনিসের প্রতি আমাদের সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে তাঁকে বলব যে তাঁরা বড় বড় স্কীম করার সঙ্গে সঙ্গে আমাদের ছোট ছোট 'ইরিগেশন স্কীম'গুলির দিকে যেন বেশি নজর দেন। এতে ফল বেশি হবে। একটা বড় লজ্জাকর জিনিস আপনার কাছে উত্থাপন করছি—সেটা হাড়োয়া থানার শাকদহ স্কীম, এটা ১৯৩৮ সাল থেকে গভর্নমেন্টের দৃষ্টিতে আছে, অথচ এই ১৯ বছরেও এটাকে কার্যকরী করা সম্ভব হয় নি। শাকদহ স্কীমটি কার্যকরী হ'লে ৫০।৬০ হাজার বিঘা জমি চাষবাসের উপযুক্ত হ'ত। এই স্কীম কার্যকরী করবার দায়িত্ব ভারত গভর্নমেন্ট নেন। সেটা পরিত্যক্ত হওয়ার পরে প্রাদেশিক গভর্নমেন্ট নতুন স্কীম তৈরি করেন। এই নতুন পরিকল্পনাকে রূপ দেওয়া প্রাদেশিক গভর্নমেন্টেরই দায়িত্ব। এ সম্বন্ধে তাঁদেরই ব্যবস্থা করতে হবে। এই পরিকল্পনা সম্পর্কীয় সমস্ত কাগজপত্র সেচ দপ্তরে এবং রাজস্ব দপ্তরে আছে। আমি সেচ ও রাজস্ব মন্ত্রীদের অনুরোধ ক'রে বলব তাঁরা যখন সত্যই সুন্দরবনের উন্নতি চান তখন এইসব অতি প্রয়োজনীয় স্কীমকে উপেক্ষা না করেন। যতই অসুবিধা থাক, এইসব ছোট ছোট স্কীমের দিকেও তাঁদের দৃষ্টি দিতে হবে।

আমি পুনরায় লীডার অব দি হাউসকে অভিনন্দন জানাচ্ছি সুন্দরবনের জন্য স্ট্যাটুটরি বডি প্রস্তাব করার জন্য। সুন্দরবনের সম্ভাবনা সম্বন্ধে একটা থরো এনকোয়ারী করতে হ'লে এইরূপ একটি বডির প্রয়োজনীয়তা অনস্বীকার্য। যথাযোগ্য অনুসন্ধান বা পরিকল্পনা ব্যতিরেকে সুন্দরবনের মত অনগ্রসর এলাকায় উন্নতি করা সম্ভব নয়। স্ট্যাটুটরি বডি গঠনের আশ্বাস দিয়েছেন ব'লে তাঁকে সমগ্র সুন্দরবনবাসীর পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি।

[4-50—5 p.m.]

Sj. Haran Chandra Mondal:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে সুন্দরবনের উন্নতি সম্পর্কে এবং সুন্দরবনের যে বিভিন্ন সমস্যা -নদী, নালা, বাঁধ -এইসমস্ত সমস্যা নিয়ে আজকে আলোচনা হয়েছে কিন্তু সুন্দরবনের উন্নতি সম্পর্কে যখন যা কিছু বলা হয়েছে, তা যখন দেখি, তখন বাস্তবে তার কিছুই আমরা দেখতে পাই না। বাস্তবে কিছুই রূপায়িত হয় না—এই হাউসএর মধ্যেই যা কিছু উন্নতি, যা কিছু ভাল কাজের কথা শোনা যায়। কারণ নদী সম্পর্কে ইতিপূর্বে নদীর বাঁধের জন্য বহু লোক চিৎকার করেছিল বহুবার সরকারকে জানান হয়েছিল। কিন্তু আজও বহু জায়গা থেকে সংবাদ এসেছে যে নদীর বাঁধ ঠিক ঠিক হয় নি। ৮ শত বেলদার তারা এ্যাপয়েন্টমেন্ট করেছেন একথা বলেছেন এবং যেখানে ২ মাইল অন্তর বেলদার থাকার কথা সেখানে ৬।৭ মাইল অন্তর একজন বেলদার রয়েছে। নদীর বাঁধের যে প্রোটেকশনএর সমস্যা তার কোন ব্যবস্থা করা হয় নি। লোক্যাল অথরিটিজদের সেই সমস্ত প্রোটেকশনের দায়িত্ব নিতে চায় না। সুতরাং সরকার থেকে প্রোটেকশনের কোন সুব্যবস্থা হয় নি। এই ধরুন নদীর বাঁধের কথা। তারপর স্লুইস গেট সম্পর্কে সরকারের কাছে আমরা দাবী জানিয়েছিলাম যাতে এই স্লুইস গেটগুলি মেরামত করা হয়। কিন্তু বিভিন্ন জায়গা থেকে সংবাদ এসেছে

যে স্লুইস গেটএর কপাটগুলি এখনও মেরামত হয় নি। এই ধরণের ব্যবস্থা সেখানে ঘটছে। আজকে এর ফলে নদীর বাঁধ ভেঙ্গে শুধু যে লোনা জল এসে ঢোকে তা নয়। বৃষ্টির জলের চাপেও ভিতর থেকে বাঁধ ভেঙ্গে যাচ্ছে। অনেকক্ষেত্র প্রমাণস্বরূপ বলতে পারি—কালীনগর ইউনিয়ন, শম্ভুনগর ইউনিয়নএ নদীর বাঁধ ভেঙ্গে ফসল নষ্ট হয়েছে। এই যে অব্যবস্থা এইজন্যই এই স্লুইস গেটগুলি অবিলম্বে মেরামত করা দরকার। এ ছাড়া জল নিকাশের সুব্যবস্থা করা দরকার। সেখানে ৬।৭টা মৌজা নিয়ে এক একটা দ্বীপ হয়—তার মধ্যে ক্রস বাঁধ থাকা দরকার এবং যা আছে তাও মেরামত হয় না। আজকে মাননীয় সদস্য যিনি এই নিয়ে হাউসএর মধ্যে আলোচনা করলেন যে সুন্দরবনের যথেষ্ট উন্নতি হয়েছে, সুন্দরবনে ভাল কাজ হচ্ছে, তাঁর স্মরণ থাকতে পারে ইলেকশনএর সময় তিনি যখন সুন্দরবনে গিয়েছিলেন, তখন সেখানকার অধিবাসীরা তাঁকে বলেছিলেন যে, আইনসভায় গিয়ে আমাদের জন্য অনেক ভাল কাজ করবেন জানি। এই ক্রস বাঁধগুলির উপর দিপে হাঁটতে গেলে গামছা পরে হাঁটতে হয়। সুতরাং ভবিষ্যতে উন্নতি হোক না হোক আমাদের গামছা অন্তত কিনে দেবেন, যাতে আমরা বর্ষাকালে এই ক্রস বাঁধের উপর দিয়ে হাঁটতে পারি। এই ক্রস বাঁধগুলি যেখানে উঁচু জমি আছে সেখান থেকে নিচু জমিতে জল সরে গেলে সেখানকার ফসল নষ্ট হয়ে যায়। সেইজন্য যেখানে উঁচু-নিচু জমি আছে সেখানে ক্রস বাঁধ থাকা দরকার—যাতে উঁচু এবং নিচু জমিতে ঠিকমত জল রাখা যায়। কিন্তু তার ব্যবস্থা হয় নি, সেই ক্রস বাঁধগুলি মেরামতের সুব্যবস্থা হয় নি। তারপর টিউব-ওয়েলের কথা বলেছেন। টিউবওয়েল হয় নি—একথা বলছি না, কিন্তু প্রয়োজনের তুলনায় অনেক কম হয়েছে। বিভিন্ন জায়গা থেকে অনেক দরখাস্ত এসেছে—এস-ডি-ওর কাছে দরখাস্ত এসেছে—আমাদের অনেকের কাছে দরখাস্ত এসেছে—আমার কাছেও আছে—প্রমাণস্বরূপ এই হাউসএর কাছে বলতে পারি আজ পর্যন্ত প্রয়োজনের তুলনায়—বিরোধীপক্ষ থেকে যে বলা হচ্ছে অনেক কিছু করেছেন তা ঠিক নয়। এখনও অনেক জায়গায় টিউবওয়েলের অভাব আছে। স্কুল সম্বন্ধে যা বলা হয়েছে—স্কুল বিভিন্ন জায়গায় হয়েছে, অস্বীকার করি না, কিন্তু প্রয়োজনের তুলনায় যথেষ্ট স্কুল সেখানে হয় নি। প্রমাণস্বরূপ বলতে পারি, গোসেবা ইউনিয়নএ লাহিড়ীপুরে সেখানকার অধিবাসীরা চেষ্টা করে একটা স্কুল স্থাপন করেছিল এবং সেখানে ভালভাবে ঘর, দরজা, ফার্নিচার করেছে, কিন্তু আজ পর্যন্ত সেই স্কুল স্যাংকশন পেল না। জানি না, কি অপরাধে এই কাজ হয় নি। এই ধরনের অব্যবস্থা সারা সুন্দরবনে ব্যাপকভাবে জড়িয়ে আছে। সরকারের কাছে এই দাবী জানাতে চাই—সুন্দরবনের যদি উন্নতি করতে চান, সুন্দরবনের মানুষকে যদি সুখেস্বচ্ছন্দে বসবাস করাতে চান—সুন্দরবনকে যদি সুজলা সুফলা ক'রে গড়ে তুলতে চান, তা হ'লে দলমতনির্বিশেষে একত্র হয়ে করা উচিত—এই দাবী করি। যতদিন পর্যন্ত এই ধরনের বিভিন্ন মত পোষণ করা যাবে, ততদিন বাইরে কাজ রূপায়িত করা যাবে না এবং ততদিন সুন্দরবনের উন্নতি হবে না। এই ধরনের চিৎকার ও হৈ-হুল্লোড চলতে থাকবে। সুন্দরবন এক ফসলা দেশ—একটা ফসল যদি নষ্ট হয়ে যায় তবে সেখানকার মানুষের যে কি অবস্থা হয় তা বুঝতে পারেন। তাই আমি সরকারের কাছে এই দাবী করব যে, সত্যই যদি সুন্দরবনের উন্নতি করতে চান, তাহলে সেখানকার মানুষের অবস্থার দিকে তাকিয়ে তাদের যে প্রয়োজন, সেই প্রয়োজন অনুযায়ী তাদের সমস্ত কাজের দিকে লক্ষ্য করা একান্ত প্রয়োজন।

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, there are two amendments. One was mine and other was of Shri Hansadhwaj Dhara. Now it seems there is an agreement and there is one amendment and that agreed amendment should be put to vote, not the two amendments separately.

Mr. Speaker: I entirely agree with you but there is nobody to advise me about that.

Sj. Jyoti Basu: I am sorry, Sir, Mr. Ganesh Ghosh should advise you from our side.

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I want to move an amendment to the resolution.

Mr. Speaker: Mr. Ghosal, it is your resolution and you cannot suggest any amendment to your resolution.

Sj. Hemanta Kumar Ghosal:

যে সংশোধনী প্রস্তাব এখানে আনা হ'ল, সেই প্রস্তাব আমি গ্রহণ করছি এবং আমি আশা করছি, এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হবে। আরও একটা সংশোধনী প্রস্তাব ছিল—সেটা রাখলে পরে ঐক্যবদ্ধভাবে সুন্দরবনের স্বার্থে সেটা গ্রহণ করা যেত না—যেহেতু ঐদিকে মেজরিটি আছে। এই অবস্থায় সুন্দরবনের মানুষের স্বার্থে এবং পশ্চিমবঙ্গের উন্নতির স্বার্থে একমতে যাতে কাজ করা যায় সেই হিসাবে এই সংশোধনী প্রস্তাবকে গ্রহণ করছি যাতে একসঙ্গে কাজ করতে পারি ও অভিজ্ঞতা সঞ্চয় করতে পারি। সেইজন্য এই প্রস্তাব আমি গ্রহণ করছি।

[5—5-25 p.m.]

Sj. Jagannath Koley: Sir, I move as an amendment to Sj. Jyoti Basu's amendment that for item (1) the following be substituted, viz.:—

"(1) Adoption of a programme of repairing the embankments and sluice boxes and sinking adequate number of tube-wells and to make suitable provision for the purpose".

and for the item (4) the following be substituted, viz.:

"(4) setting up of a Sunderban Development Committee consisting of officials and non-officials to advise the Government regarding measures for the protection of the area and for undertaking necessary measures for the purpose."

The following motion of Sj. Hemanta Kumar Ghosal as amended by the motion of Sj. Hansadhwaj Dhara, Sj. Jyoti Basu and Sj. Jagannath Koley that—

"Resolved that whereas the Sunderbans area has a vital role in the economy of this State and whereas vast tracts of arable land are lying submerged under saline water, and whereas the peasantry in this area has been faced with severe economic difficulties due to floods, accumulation of saline water and the resultant crop failure, this Assembly is of opinion that the Government should adopt forthwith the following measures, viz.:—

(1) adoption of a programme of repairing the embankments and sluice boxes and sinking adequate number of tube-wells and to make suitable provision for the purpose,

(2) prohibition of the conversion of agricultural lands into fisheries,

(3) stopping of leasing out canals to private parties so that they may not be used for inundating agricultural tracts, and

(4) setting up of a Sunderban Development Committtee consisting of officials and non-officials to advise the Government regarding measures for the protection of the area and for undertaking necessary measures for the purpose",

was then put and agreed to.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[5-25—5-35 p.m.]

Alteration of time-table

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, I wish to bring to your notice a very unfortunate situation which has arisen. So long since the first day when the Assemby met we have been proceeding on the basis of agreement between the Opposition and the Government with regard to the time table, with regard to various other things. But suddenly yesterday the programme was slightly altered. We had agreed and I personally had agreed to that alteration that today although it was a non-official day announced earlier, Government business would be taken up because I believe that on Monday morning—at least I believed yesterday—that on Monday morning the Council will meet in order to discuss those Bills. Therefore I had agreed to give up a part of the time today which is a non-official day but on the distinct understanding that on Monday the non-official business will be continued for two or three hours. But unfortunately I am told just now by Shri Ganesh Ghosh that the Chief Minister could not agree to the suggestion of extending the business of the House till Monday. That will put us in a very difficult position because there are innumerable resolutions standing in the names of various members of this House and we would like to discuss as many as is possible. Secondly, with regard to the food debate that is taking place tomorrow, the time is exceedingly short There I had thought that it along with other matters we discussed the food resolution for about two hours tomorrow and then carry it over on Monday for one hour that would satisfy us The next two hours could be spent on non-official resolutions That would have satisfied at least this side of the House as we had agreed earlier But I do not understand, when so long we had agreed on different things, why on the last day there will be a discordant note, disagreement between the Government and the Opposition with regard to the time table. Therefore, my appeal to you is that because it is already late and tomorrow is a Saturday, I am taking this opportunity just now of bringing this to your notice and I would appeal to you to ask Government to extend three or four hours on Monday. I do not think that will greatly inconvenience the Government or the members on the Government side.

Sj. Deben Sen: Mr Speaker, Sir, two important points are involved here. First, we are being deprived of our right to have non-official days. Originally we thought that we would be getting at least a day set apart for discussion of food and another day for discussion of non-official business, but as the programme as now announced and the report goes, we are going to be deprived of both of them. Secondly, Sir, we find that very important subjects are to be discussed on the same day and at very short period,—I mean the Public Service Commission and the food debate as also the resolution on the Damodar Valley Project Although there is unanimity on that, yet our members would like to speak on that subject. So it will be very difficult for us to do any justice to the very impotrant report of the Public Service Commission as well as to the food debate. So I also support the suggestion made by the Leader of the Opposition that the debate be extended till Monday and we have extra time for discussing all these important matters.

Sj. Bankim Mukherjee: Moreover so many things have been packed on Saturday that it would be impossible to carry on the business of the House according to schedule. In any case it would be carried over to the next day because it is impossible to restrict the debate on the Damodar Valley

Corporation to half an hour. If some member wants to speak on the Domadar Valley Corporation, you, Sir, would not be able to prevent him from doing so. You cannot say that the debate has been so fully conclusive that within half an hour a closure can be moved. Similarly, Sir, it was originally decided that for the annual report of the Public Service Commission two hours were allotted. Now, this has been reduced to one and a half hours. I think it would be impossible to carry on a debate on the annual report of the Public Service Commission in so short a time; at least two hours would be needed. Formerly one full day was left for the debate on the Public Service Commission, one full day for the Public Accounts Committee. So the debate on food which was promised by the Government would remain unfulfillled. Moreover we have got a right to have every Friday as a non-official day. Counting on that we would have six days at least in this session. We have always been very reasonable and conceded to the demands of the Government side. It is not only in this session, Sir, but it has been the unfortunate lot of the non-official members for the last so many years that whenever non-official days are brought in, the Government comes with some request and so it is restricted to half a day. Thus are taken away all the concessions we were having. This session we expected, at least under you we expected, that the non-official members' right to have one day in a week allotted for taking up non-official business would not be taken away but we find that we are getting only half an hour today and we are losing five days. We are quite willing to lose two or three days to accommodate the Government but at the close of the session we also agreed that the official Bills be taken up first; we agreed to that. So that because there was that time-limit for the Ordinance and you, Sir, also made a request, we agreed. We gave up one non-official day to consider official Bills. As soon as the official Bills are over, Government feel that non-official members' resolutions are so immaterial, so unuseful, that it is not necessary to carry on the Assembly for a day or two more. That attitude on the part of the Government has always been there and this is not the first time that such a thing is happening. It has happened for the last so many years. But we cannot accept that attitude. I do not think, as Shri Jyoti Basu has pointed out, that Government would be very much inconvenienced because, in any case, the Council is meeting on Tuesday. Therefore, the House would not be prorogued but would continue till that time. In that case, we demand that our right of transacting non-official business should not be restricted.

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, বিরোধীপক্ষ থেকে সময় বৃদ্ধির জন্য যে প্রস্তাব করা হয়েছে আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করি এবং চীফ মিনিস্টারকে অনুরোধ করছি, একদিন যেন সময় বাড়িয়ে দেন।

সেটা হচ্ছে ফ্যাক্টস এ্যান্ড ফিগার্স। দুনম্বর পাতা দেখুন—ম্যানুফ্যাকচার্ডএর পার্সেন্টেজ অব ইনক্রিজ হয়েছে ৩·২। ফুড আর্টিক্যালসএর ক্ষেত্রে হয়েছে ২২·৩। তিনি হয়ত ভুলে গেছেন এটা অল-ইন্ডিয়া ফিগার—পশ্চিমবাংলার ফিগার নয়, এবং ম্যানুফ্যাকচার্ড আর্টিক্যালস যা ফার্মার্স এ্যান্ড গ্রোয়ার্স যা কনজিউম করে তাও এতে ঢুকে আছে। অন্য জিনিস তার ভিতর কতটুকু আছে। এর ভিতর গার্ণী পড়ছে, স্টীল পড়ছে, মাইকা পড়ছে। সমস্ত ম্যানুফ্যাকচার্ড আর্টিক্যালএর দর বাড়ছে ৩·২ কিন্তু ফুড আর্টিক্যালএ বাড়ছে ২২·৩। সেখানে আর একটা দেখা দরকার। ২০:৯১ যেখানে ছিল সেখানে ২৩·০১ হয়েছে। অর্থাৎ পশ্চিমবাংলায় ইনক্রিজ হয়েছে ৯ পারসেন্ট। এইরকমভাবের ভুল তথ্য পরিবেশন করে অন্য ধারণা সৃষ্টির চেষ্টা করেছেন। আজ এইভাবে যে অবস্থা হয়েছে, গ্রামাঞ্চলে যে খাদ্যসংকটের অবস্থা সৃষ্টি হয়েছে, সে সম্পর্কে কিছু বলা দরকার। গ্রাচুইটাস রিলিফ সম্পর্কে আমরা দেখছি যে গত বছর যা দেওয়া হয়েছিল, এ বছর তার ½ দেওয়া হয়েছে, এবং আমরা জানি যে এ আরও না বাড়ালে চলতে পারে না। তা ছাড়া ক্যাটল পারচেজ লোন এবং অন্যান্য যেসব লোন, এ সবের জন্য গত বছর ব্যবস্থা করেছিলেন ২ কোটি ৫০ লক্ষ টাকা, আর এবার দেওয়া হয়েছে ১ কোটি ৬৯ লক্ষ টাকা, অর্থাৎ প্রায় অর্ধেকের মত। আমি জিজ্ঞাসা করি এই সমস্ত লোন নিয়ে কৃষকেরা কি আমোদ আহ্লাদ করবে, না রেস খেলবে? টাকার প্রয়োজন হয় কৃষি কাজ করার জন্য। কৃষকের কাজ শুরু হয়েছে, অথচ এখনও পর্যন্ত অর্ধেক টাকা তাদের দেওয়া হয় নি। আমরা জানি যেখানে এস-ডি-ওর ব্যক্তিগত অভিমত যে ১ লক্ষ টাকা দরকার সেখানে মাত্র ১০ হাজার টাকা এবং এমনও আছে যে

কোন কোন ইউনিয়নে ৫০০-৬০০ টাকার বেশী দেওয়া হয় নি। কাজেই যে ব্যবস্থা অবলম্বন করেছেন তা অপর্যাপ্ত এবং তার মধ্য দিয়ে কোন সমস্যার সমাধান হতে পারে না। বরং দিনের পর দিন সমস্যা বেড়েই চলেছে। আরও তথ্য দিতে পারি, কিন্তু সময় কম, চাইলে আরও ভালভাবে প্রমাণ করতে পারতাম। আজ সরকার যে আত্মসন্তুষ্টির নীতি গ্রহণ করছেন তার মধ্য দিয়ে জনগণকে বিরাট সংকটের মুখে নিয়ে যাচ্ছেন, এবং হাজার হাজার লোকের সঙ্গে এক হয়ে বলতে পারি যে পশ্চিমবঙ্গ সরকার যদি এই নীতির পরিবর্তন না করেন তাহলে বাহিরে যে আন্দোলন সৃষ্টি হবে তার ফলে পশ্চিমবঙ্গ সরকার নীতি পরিবর্তন করতে বাধ্য হবেন।

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী খাদ্য সম্পর্কে বিবৃতি দিয়েছেন, দুখানা বই অসংখ্য পরিসংখ্যান সহ আমাদের কাছে বিতরণ করেছেন। আমরা খাদ্যমন্ত্রীর পরিসংখ্যানকে টন, টন মিথ্যার হিসাব বলেই ধরি। তবুও তাঁর দেওয়া যে পরিসংখ্যান তার উপর ভিত্তি করেই কতকগুলি কথা আমি বলব। মন্ত্রী মহাশয় দেখাতে চেয়েছেন ২৬এ জুন তারিখে চালের প্রতি মণ দাম ছিল ২৩ টাকা এক নয়া পয়সা, তিনি এইটুকু বলেই থেমে গেলেন কেন বুঝলাম না। তারপর আরো অনেক দিন গিয়েছে, তাতে দাম পড়লো কি বাড়লো সেটা বলা উচিত ছিল। তিনি বিবৃতিতে বলেছেন, যে, সরকার বাজারে চাল ছাড়ার জন্য চালের দাম কম হচ্ছে। তাঁর এই বিবৃতি এবং দাবীকে পরবর্তী ঘটনা মিথ্যা প্রমাণ করছে। আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, ১০ই জুলাই তারিখের 'অমৃতবাজার পত্রিকার' প্রতি। সেই পত্রিকার স্টাফ রিপোর্টার পশ্চিমবাংলার বিভিন্ন জায়গা ঘুরে রিপোর্ট দিয়েছেন—২৬শে জুনের তুলনায় ৯ই জুলাই মোটা চালের দাম ৮৭ নয়া পয়সা, মাঝরী চালের দাম ২ টাকা এবং সরু চালের ক্ষেত্রে ৬২ নয়া পয়সা বেশী। 'অমৃতবাজার পত্রিকা' নিশ্চয়ই বামপন্থীদের মুখপত্র নয়, কংগ্রেসেরই মুখপত্র। তাঁরাই বলছেন সরকারের বলা দামের চেয়ে বাজার দাম অনেক বেশী। এর পরেও জিনিসের দাম, বিশেষতঃ চালের দাম, আরো বেড়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন—১৯৫২ সালের তুলনায় এখন দাম কম। আমি বুঝি না, এই কথা বলে মন্ত্রী মহাশয় কি বোঝাতে চান? তিনি ভুলে গেছেন ১৯৫২ সালে আন্তর্জাতিক অবস্থা কি ছিল। ভুলে গেলে চলবে না, কোরিয়ার যুদ্ধের ফলে তেজী বাজারের কথা, ভুললে চলবে না তখনকার অস্বাভাবিক অবস্থার কথা। সেই অস্বাভাবিক দামের কথা বলে তিনি দেখাতে চেয়েছেন যে, বর্তমানে চালের দাম বাড়ে নি। এর অর্থ কি? ১৯৫২ সালের বাজার দর ইনফ্লেটেড প্রাইস। সেই ইনফ্লেটেড প্রাইসকে স্ট্যান্ডার্ড ধরা চলে না। তুলনা করতে হবে নর্মাল প্রাইসএর সঙ্গে, যুদ্ধ পূর্ব কিংবা যুদ্ধোত্তর দিনের স্বাভাবিক দামের সঙ্গে তুলনা করতে হবে। ১৯৪৭ সাল থেকে আরম্ভ করে কোরিয়া ওয়ার বাঁধার আগের সময় পর্যন্ত দাম তার তুলনায় এখন দাম অনেক বেড়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় আরও বলেছেন যে, ১৯৫৩ সালের দামের চেয়ে এখন দাম কম। এটা মিথ্যা কথা। কারণ বর্তমানে যে দাম তা ১৯৫৩ সালে যে দাম ছিল তারচেয়ে অনেক বেশী। মন্ত্রী মহাশয় ফুড গ্রেনসএর কথা বলেছেন। চাল এবং গম এই দুটো হল ফুডগ্রেনস। বাকি খাদ্যদ্রব্যকে ফুড আর্টিক্যালস বলা হয়। খাদ্যের কথা বলতে গেলে এইসব জিনিসের কথাই বলতে হয়। সমস্ত খাদ্যদ্রব্যেরই দাম বেড়েছে। মন্ত্রী মহাশয় বলেছেন যে, ম্যানুফ্যাকচার্ড গুডসএর দাম বাড়ে নি। এটা ঠিক নয়। চিনি ম্যানুফ্যাকচার্ড গুডস। তার দাম বেড়েছে। তেল ম্যানুফ্যাকচার্ড গুডস। তারও দাম বেড়েছে। এইসব দ্রব্যই খাদ্যদ্রব্য। সুতরাং খাদ্যদ্রব্যের দাম বৃদ্ধির কথা আলোচনা করতে হলে শুধু চাল ও গমের বললে চলবে কেন? অন্যান্য খাদ্যদ্রব্যের দাম বৃদ্ধির কথাটাও গ্রাহ্যের মধ্যে আনতে হবে। তা ছাড়াও প্রমাণ করার চেষ্টা হচ্ছে যে, এই দর বৃদ্ধিতে চাষীরা লাভবান হচ্ছে। এটা সত্য নয়। মাঘ ফাল্গুন মাসে চাষীরা ধান ছেড়ে দেয় ৭-৮ টাকা মণ দরে এবং সেই সমস্ত ধান চাল আড়তদার ও মিল-ওনাররা কিনে নেয়। তারপরে দাম বাড়ে। ফলে দামবৃদ্ধির কণামাত্র সুবিধা চাষীরা পায় না বরং তাকেও চড়া দামে কিনে খেতে হয়। চড়া দামের সুবিধা পাচ্ছে ভুঁড়িওয়ালা আড়তদারেরা। সমস্ত ভোগ্য বস্তুর দাম বাড়ার ফলে সাধারণ লোকের উপর চাপ বাড়ছে। মোটামুটি দেখি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বেড়েছে, এর ফলে সাধারণ মানুষ, চাষী মজুর এবং মধ্যবিত্ত অত্যন্ত অসুবিধায় পড়ে গেছে।

[11-10—11-20 a.m.]

খাদ্যের উৎপাদনের কথা বলতে গিয়ে মন্ত্রী মহাশয় বলেছেন যে, পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন কম সুতরাং দাম কিছুটা বেড়েছে। কিন্তু খাদ্য কেন কম হয়? প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় খাদ্যের উপর সমস্ত এম্‌ফাসিস দিয়ে এটাই বলা হয়েছিল যে, দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে তোলা হবে। কেন হয় নি? ১৯৫৩ সালে কেবলমাত্র অন্যান্য বছরের তুলনায় ভাল ফসল হয়েছিল এবং ঐ বছরই আমরা খাদ্যে স্বাবলম্বী হতে পেরেছিলাম, তা ছাড়া আর কোন বছরই সেলফ-সাফিসিয়েন্ট হতে পারি নি। কেন এই জিনিস হয়, এটা মনে রাখা দরকার যে ডেফিসিট দূর করতে হলে ইনটেনসিভ কালটিভেশনএর নীতি গ্রহণ করা দরকার। ইনটেনসিভ কালটিভেগনএর জন্য আজ পর্যন্ত তারা কি ড্রাইভ নিয়েছেন তা বুঝতে পারি না। বর্ধমানের হিসাব দেখছি সেখানে ইরিগেশনএর সবচেয়ে ভাল ব্যবস্থা হয়েছে। অথচ সেই বর্ধমান জেলার মোট আবাদী জমির এক পার্সেন্ট ভাগ দোফসলী জমি নয়। কেন? যদি সেখানে ভাল সেচ ব্যবস্থা হয়, রোটেশন অব ক্রপ করা হয় তাহলে খাদ্য বিষয়ে অনেক এগিয়ে যেতে পারা যায়। আমি নিজে চীনে গিয়েছিলাম। আনইকনমিক হোল্ডিংকে সেখানে ইকনমিক করা হয়েছে। কেমন করে? বাই রোটেশন অব ক্রপ। যেখানে এক্সটেনসিভ কালটিভেশন হয় না, যেমন আমাদের দেশে সেখানে বেশী ফসল ফলাতে হলে ইরিগেশনএর চমৎকার ব্যবস্থা করা দরকার। বর্ধমানে আপনারা বলছেন খুব ভাল ইরিগেশন করেছি। বর্ধমানে কেন এক ফসলী জমি? তার কারণ হচ্ছে ইরিগেশনএ যে ট্যাক্স ধার্য করেছেন তার জন্য সাধারণ চাষী তা ব্যবহার করতে পারে না। দেশকে যদি সেলফ-সাফিসিয়েন্ট করতে হয় তাহলে নীতি পরিবর্তন করা দরকার আছে। চাষীর হাতে জমি দেওয়া দরকার আছে যাতে তারা চাষে উৎসাহিত হতে পারে। এসব করেন নি। ফলে আমাদের দেশে ক্রনিক দুর্ভিক্ষাবস্থা ; খাদ্যাভাব লেগে রয়েছে।

Sj. Clifford Noronha: Mr. Speaker, Sir, as this is my first speech, I crave your indulgence, Sir, and also the indulgence of the honourable members for any shortcomings or mistakes that may occur in my speech. I have been listening to the speeches of the honourable members, on the Opposition benches for the last one month and I have been reminded of a well-known passage in one of Macaulay's essays. He wrote that the Puritans hated bearbaiting—not because it gave pain to the bear but because it gave pleasure to the spectators. The speeches of the honourable members have been many and varied, some brimful of emotion and tears almost, others belching forth fire and brimstone, but, Sir, the vast majority of these speeches were completely bankrupt of any constructive thought, any useful suggestions or any remedial measures. It is clear that the honourable members are not interested in removing defects but they are taking an unholy delight

[Loud noise from the Opposition benches.]

Mr. Speaker: Adverse criticisms should be permitted from both sides of the House so long as they do not infringe the dignity and decorum of the House.

Sj. Clifford Noronha: It is clear that they are taking an unholy delight in pointing to the specks in the eyes of the Hon'ble Ministers but taking no thought whatsoever about plucking out the beams that blind their own

Sir, the First Five-Year Plan was for the purpose of making food plentiful and cheap. Crores of rupees have been spent by the Government on constructing dams, on canals, on better seeds, on better manures and on Japanese method of cultivation. Lakhs of acres have been brought under cultivation that were lying fallow before. But despite all these the food situation is still bad. Food continues to be scarce and prices continue to soar. The reason for this, Sir, is not that the Government has not done its bit but it is due to the people themselves. There is no doubt that the ills and woes in our province are many and grievous, but for these the

people themselves are by far and large to blame. I have travelled round the world as far as Japan on the one hand and to the ends of America and Canada on the other. I have also travelled extensively all over our own country. Dishonesty in our province is very widespread and it is this dishonesty which is responsible for most of the trouble and difficulties in Bengal. I know that this is a serious statement to make but I make it with a full sense of responsibility. I have been a Magistrate for thirty years. I have tried thousands of criminal cases and I can say that the vast majority of these cases have their origin or basis in dishonesty. When a man reaps where he has not sown, when he ploughs up his neighbour's ail in order to add two feet of land to his own, when he cuts his neighbour's bamboos from a boundary clump the Indian Penal Code may describe these offences as trespass or theft or mischief, but they are all different forms of dishonesty but it is this dishonesty responsible for most of the grievances in our province. Sir, I have already mentioned that in spite of what Government has done, there is still a scarcity but this is really an artificial scarcity brought about by hoarding and by cornering of the market. My suggestion is that the Government, after a very careful and thorough enquiry and in consultation with all sections of the trade, should fix a price for rice as well as paddy. Once these prices are fixed, of course with a fair margin of profit to all sections of the trade, to the farmer, to the rice dealers and so on, there should be plenty of publicity given to it by beat of drums in every *hat* and village and punishment for such offences thereafter should be merciless. At the same time very heavy rewards should be offered for information leading to detection of hoarding and profiteering. If this is done, then Government will not need an army of officers and assistants in order to bring to light the offenders against prices. The punishment for such offences should be a severe jail sentence, confiscation of stock and suspension or cancellation of licence

Now, Sir, if we turn to the other side of the picture—to the quality of food—the picture is equally bad. Today we ask for rice and we get stones, in our flour and *atta* there is often bone-dust or saw-dust added. The village milkman dilutes his milk with water from the nearest *doba*. He has not got the compunction or conscience to at least use filtered or tubewell water and your bloated millionnaire merchant wants to make more millions and so he collects empty Dalda tins and fills them with some spurious and poisonous concoction of his own.

Sir, if a poor starving wretch steals a rupee from your pocket, he gets six months' jail but if these far more dangerous criminals, who steel not only our money but who are poisoning the health of the nation and causing untold misery and sickness, are caught, they get fined Rs. 50 or Rs. 100. This is a ridiculously light punishment and it encourages rather than discourages offences. I was in Japan in 1939 The Japanese like us are an Asiatic race but unlike us they are wonderfully honest. If a man there adulterates, he gets a severe jail sentence, he loses his licence for life and his own stock gets confiscated. I suggest that the same thing should be done here. Our law should be amended. Our Adulteration Act be brought on a par with Japan, only then will things improve. It is recorded in our scriptures that the fear of the Lord is the beginning of Wisdom. If we cannot be honest out of a sense of loyalty to our country, if we cannot be honest out of a sense of decency and duty to our fellowmen, at least let us have the wisdom to be honest out of fear of punishment. If this is done, I feel sure that the character of the people will change in one generation—may be in a few years and even if Bengal does not become a land overflowing with milk and honey at least something of the days of Sonar Bangla may return again.

[11-20—11-30 a.m.]

Sj. Panchugopal Bhaduri:

মাননীয় স্পীকার মহোদয়, খাদ্যমন্ত্রী মহাশয় আমাদের সামনে যে তথ্য পরিবেশন করেছেন, অবশ্য আমি জানি না। এই তথ্য নিয়ে তিনি যদি গ্রামাঞ্চলে বিশেষ করে দুর্গত অঞ্চলে নিয়ে হাজির হন এবং ঐ বলেন যে সংকট নেই, তথ্য দেখ, লম্বা চওড়া তথ্য খাও আর এই পুস্তক ভাল করে চর্বন কর, তাহলে সম্ভবতঃ তার অবস্থাটা খুব সুবিধার হবে না। খাদ্যমন্ত্রী মহাশয় সমস্ত তথ্যের মধ্য দিয়ে এবং গত কিছু দিন ধরে তাঁর বক্তৃতার মধ্যে অন্ততঃ খানিকটা আভাষ পাওয়া গেছে যে খাদ্যের মূল্য বৃদ্ধিতে তিনি নার্ভাস নন--সম্ভববতঃ অখুসীও নন। খাদ্য সম্পর্কে সংকট নেই এ কথা বলার সংগে সংগে এই ব্যাপারে একটা বেশ যোগাযোগ আছে। আমরা জানি দেশের অগণিত মানুষের জন্য খাদ্যের সংকট আছে। সেই খাদ্য সংকট আমাদের কাছে পরিস্ফুট—সে সম্বন্ধে অন্য কোন প্রমাণ দরকার করে না। তবুও খাদ্যের মূল্য বৃদ্ধি থেকে এক শ্রেণীর লোকের সুবিধা হচ্ছে। সেই শ্রেণীর লোকের জন্য আমি খাদ্যমন্ত্রীকে বলতে চাই যে যেমন বৃটিশ আমলে গ্রামাঞ্চলে জমিদার শ্রেণী ছিল বৃটিশ শাসনের ভিত্তি, তেমনি কংগ্রেস শাসনেও গ্রামাঞ্চলের ভিত্তি, যারা খাদ্য মূল্য বৃদ্ধি থেকে লাভ করছে গ্রামাঞ্চলের জমিদার ধনী জোতদার পাইকার, মহাজন এবং আড়তদার, ফাটকাবাজ এবং তার সংগে সংগে সংযুক্ত কিছু কিছু ব্যাঙ্কার্স। এই যে সংকীর্ণ জনসংখ্যা যা পশ্চিম বাংলার জন সংখ্যার শতকরা একজনও হবে না। খাদ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় দেখাবার চেষ্টা করেছিলেন যে, দশ লক্ষ কৃষক পরিবার তারা খাবার হোর্ড করতে পারে। এইভাবে অগণিত কৃষক পরিবারের সংগে মুষ্টিমেয় জনসংখ্যা যারা সমাজবিরোধী কাজ করছে, সমস্ত দেশের দুঃখকষ্ট থেকে লাভ করছে, তাদের লুকিয়ে রাখার এই একটা উদ্দেশ্য, এই একটা মতলব খাদ্যমন্ত্রীর তথ্য এবং তার পূর্ববর্তী বক্তৃতা থেকে পরিষ্কার হয়ে উঠছে। সেইজন্য প্রথমেতে আমাদের এখানে দেখে নেওয়া দরকার তারা একটা সংকীর্ণ জনসংখ্যা। গ্রাম হিসেবে আমাদের এলাকায় কিছু কিছু গ্রামকর্মী হিসাব করেছিলেন কয়জন লোকের হাতেতে ধানচাল আছে, যা তাদের সারা বছর চলতে পারে বা বিক্রী করে লাভ করতে পারে। হয়ত এক একটা গ্রামে দুজন, তিনজন, চারজন এইরকম লোকের ঘরে সারা বছরের ধান আছে, তারা ধান চাল সঞ্চয় করতে পারে, তা ছাড়া পাইকার মহাজন, আড়তদার ও স্টকিস্টএর হাতে বেশীর ভাগ ধান চাল চলে গেছে। এই খুব ব্যাখ্যা করতে হবে গত বছর থেকে এই বছর শতকরা পাঁচ ভাগ চালের উৎপাদন বেড়েছে, সরকারী পরিসংখ্যান অনুযায়ী শতকরা ২২ ভাগ দাম বেড়েছে। এই দাম বাড়াতে তাদের সুযোগ হয়েছে। আর তাদের সেবা যে করছেন, খাদ্য বিভাগ, খাদ্যমন্ত্রী এবং পশ্চিমবংগ সরকার এই অভিযোগ থেকে মুক্তিলাভ করতে পারেন না।

দ্বিতীয় কথা হচ্ছে, এই যে অল্প সংখ্যক লোক যারা খাদ্যমূল্য বৃদ্ধি থেকে লাভ করছে, এদের উপর ভিত্তি করে আমাদের দেশের সমৃদ্ধির পরিকল্পনা, তারা তৈরী করতে পারে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা। গোবিন্দবল্লভ পন্থ বলেছেন, যে খাদ্য এবং সস্তায় খাদ্য তৈরী না হলে মুদ্রাস্ফীতির চোটে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা ব্যর্থ হয়ে যাবে। সেদিক থেকে প্রচুর পরিমাণে খাদ্য তৈরীর যে পরিকল্পনা, শতকরা ৪০ ভাগ খাদ্যোৎপাদন বাড়াতে হবে, তার কি কোন চেতনা আমাদের এই পশ্চিমবংগ সরকার বা খাদ্যমন্ত্রীর পরিসংখ্যানে কিংবা বাজেটের লাল বইএর মধ্যে যে সমস্ত তত্ত্ব ও তথ্য পেয়েছি তার মধ্যে পাই? আমি আপনাদের কাছে দেখাতে পারি সেখানেতে ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যানএর যে কমিটেড এক্সপেণ্ডিচার তার মধ্যে ইনটেনসিভ ফুড প্রডাকশনএর যে সমস্ত অংক আছে, সেখানে বিশেষ কোন তারতম্য দেখতে পাবেন না। তার সংগে সারের জন্য যে বিশেষ ব্যবস্থা আছে, সেখানে ১ কোটি ৮০ লক্ষ টাকার জায়গায় দুই কোটি মাত্র পাবেন। বড় বড় যে সমস্ত সেচ পরিকল্পনা ছিল, তা আছে। ছোট পরিকল্পনার মধ্যে ডেরিলিক্ট ট্যাঙ্কসএর মধ্যে যা খরচ ৪ লক্ষ টাকা কম হয়েছে। ডিপ টিউবওয়েলএর জন্য নতুন টাকা বরাদ্দ করা হলেও ছোট সেচ পরিকল্পনার মধ্যে সেচের এমন কিছু উন্নতি হতে পারে নি।

তারপর দেখতে পাবেন ১৯৫৫-৫৬ সালের বাজেটে, তার রিভাইজড অংক এবং ১৯৫৭ সালের বাজেটের রিভাইজড অংক এবং তারপর ১৯৫৮ সালের বাজেটের রিসার্চ এবং এক্সপেরিমেন্ট কৃষিতে—তার দরুন যে বরাদ্দ আছে, তা কমে যাচ্ছে বছরে বছরে। ১৯৫৭ সালের বাজেট বরাদ্দ কমে গেছে তা থেকে এ বছরের বাজেটে টাকার অংক কমান হয়েছে। আমি কি বলব দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার দ্বিতীয় বছরে বিজ্ঞানের সংগে কৃষির উন্নতির সম্পর্কে আর কিছু নাই। বিজ্ঞানের সংগে সংযুক্ত রেখে কৃষির উন্নতি করতে হবে। এ সম্বন্ধে কোন মতদ্বৈধ থাকতে পারে না। তাই ব্যাপকভাবে ফসল বাড়লে ফসলের দাম কমে গেল। আমি জানতে চাই এ কথা খাদ্যমন্ত্রীর কাছে যে পশ্চিমবংগে কংগ্রেসের যে শিথিল এবং সংকীর্ণ ভিত্তি গ্রামাঞ্চলে গড়ে উঠেছে তাদের অসুবিধা হবে বলে কি তাঁরা এ সমস্ত করছেন? এটা পরিষ্কার করে জানতে চাই। আমি আরো জানতে চাই কেন বিজ্ঞানের ক্ষেত্রে টাকা ধার্য কম হচ্ছে? একটা ছোট্ট কথা বলি। কোন্ জমিতে কি ধরনের সার দিতে হবে তারজন্য সয়েল এনালাইসিস দরকার। তা না হলে কতখানি এমোনিয়াম সালফেট, কতখানি ফসফেট, কতখানি পটাশ দিতে হবে, তা জানা যায় না। আমরা বিজ্ঞানে এত অনুন্নত যে জমিতে পটাশ কতখানি দিতে হবে তা আমাদের কৃষি বিভাগ জানেন না। আমাদের এখানে সয়েল এনালাইসিসএর জন্য কোন ব্যাপক ব্যবস্থা নাই, সেচ ও সারের ব্যবস্থা করে আমাদের ইনটেন্সিভ কালটিভেশন করতে হবে। কংগ্রেসের কল্যাণী অধিবেশনে প্রফুল্লবাবু বলেছিলেন যে এক বিঘা জমিতে যেখানে ৫ মণ ধান ফলে সেখানে ১২ মণ ধান ফলান যেতে পারে। তাহলে ২৪ লক্ষ একর জমি খাদ্যোৎপাদন থেকে মুক্ত হয়ে যাবে। এই যে বিঘা প্রতি ৫ মণ ধানের ফলন থেকে ১২ মণ ধান ফলানর দিকে এঁরা এগিয়ে চলছেন, তার সূচনা কি আমরা এর মধ্যে দেখতে পাচ্ছি? না, আমরা তা পাচ্ছি না।

[11-30—11-40 a.m.]

Sj. Monoranjan Misra:

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্যপরিস্থিতি সম্বন্ধে বলতে গিয়ে আমি প্রথমে বলব যে, আজকে বাংলার কোন স্থানেই মানুষ খেতে পরতে পাচ্ছে না, কিন্তু আশ্চর্য হয়ে যাচ্ছি, তবু আমাদের খাদ্যমন্ত্রী স্বীকার করেন না যে—দেশে খাদ্যসংকট আছে। আমার মনে হয় তিনি সহরের লোক, কলকাতা ছেড়ে কোনদিন পল্লী অঞ্চলে যান না—তাই বাস্তব অভিজ্ঞতা লাভের সুযোগ তাঁর কমই আছে। আজকে মানুষের নিত্যপ্রয়োজনীয় খাওয়াপরার ব্যাপারে কংগ্রেস সরকারের সম্পূর্ণ ব্যর্থতা ও অযোগ্যতা প্রকাশ পেয়েছে, তবু তাঁরা পঞ্চবার্ষিকী পরিকল্পনার গৌরব করেন। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সমাপ্ত হয়েছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ সবে আরম্ভ হয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই, কেন আজ মানুষের ঘরে ঘরে হা অন্ন! হা অন্ন! ক্রন্দন রোল শোনা যাচ্ছে? আশ্চর্য হয়ে যাই, কি করে কংগ্রেস সরকার বলেন, দেশে খাদ্যসংকট নাই, শুধু তাই নয়, মন্ত্রীমহোদয় বার বার বলতে দ্বিধা করেন নি—দেশে সারপ্লাস ফুড আছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই, যেন আজকে খাদ্যসংকটের জন্য কংগ্রেসের বিরুদ্ধে আন্দোলন হচ্ছে। এই তো সেদিন, ২৭এ জুন ১৯৫৭ তারিখে মালদহে সহস্র সহস্র লোকের খাদ্যমিছিল বেরিয়েছিল, শুধু তাই নয়—এই মিছিলের একটি অংশের নেতৃত্ব গ্রহণ করেছিলেন—মালদহ জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক বর্তমান এম, এল, এ শ্রীশান্তি গোপাল সেন মহাশয়। তাই দেখা যাচ্ছে, কংগ্রেসী সরকারের খাদ্যনীতিতে বহু কংগ্রেসী বন্ধুরাও সন্তুষ্ট নন। যেকোন মুহূর্তে কংগ্রেস সংস্থার মধ্যে বিদ্রোহের আগুন দাউ দাউ করে জ্বলে উঠবে—এইরূপ সতর্কবাণী উচ্চারণ করে যেতে চাই! মানুষের অবস্থা আজ পশু থেকেও অধম হয়েছে। বাজেটে খাদ্য খাতে অংক বৃদ্ধি করেই কংগ্রেস সরকার খাদ্যনীতির আত্মসন্তোষ লাভ করার প্রয়াস পেয়েছেন। এই বাজেটের সংগে বাস্তবতার কোন সামঞ্জস্য নাই। আমি প্রমাণ দেব। আজকে মালদহ জেলায় কোন একটা লোকের বাড়িতে এতটুকুও অন্ন নাই। মুষ্টিমেয় ধনী ব্যতীত কারো ঘরে শস্য নাই। সাধারণ লোকের ক্রয়শক্তি লোপ পেয়েছে, সমস্ত প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য দিনের পর দিন বেড়ে চলেছে। পল্লী অঞ্চলে বহু লোক সজিনার পাতা সিদ্ধ করে ঘাসপাতা সিদ্ধ করে দিনের পর দিন খেয়ে চলেছে। ফলে বহু লোক নানাবিধ রোগে আক্রান্ত হয়ে অকালে মৃত্যুর পথে যাত্রী হচ্ছে।

খাদ্যসংকটের চরম অবস্থা রিলিফ, গ্রুপ লোন ইত্যাদি অবস্থার গুরুত্ব অনুসারে দেওয়া হয় না—রিলিফের মধ্যে কোন পরিকল্পনা নাই—কোনরূপ মানবতার প্রশ্ন নাই। মনে হয় সরকার এই জেলার অবস্থার গুরুত্ব উপলব্ধি করতে পারেন নি। আমি বলব রিলিফ অপারেশন সরকারের মানব সমাজের প্রতি ঔদাসীন্য ও দরদহীন ব্যর্থতা প্রমাণ করবে। আমি নিজে একটা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট, আমি সেখানকার রিলিফ ব্যবস্থার সংগে ঘনিষ্ঠভাবে জড়িত। আমি দেখতে পেয়েছি যাসামান্য রিলিফ দেওয়া হয় তাতে লোকের কিছুই হয় না,
it is a heartless relief, it is a relief without any plan, it is a relief which is a farce and meaningless.

[At this stage, some Treasury Bench members began laughing and cut jokes at his expense because of his gestures and brandishing of hands.]

এখানে বসে হাসলে চলবে না, অধিকাংশই শহরের প্রতিনিধি এই বেঞ্চে আছেন—পল্লীর জীবন দুর্বিষহ হয়ে পড়েছে। সেখানে মানুষ আজ পশুর চেয়ে অধম অবস্থায় এসেছে। আপনাদের পল্লীর জন্য দরদ হবে কেন? আমাদের মালদহে যা রিলিফ দেওয়া হয়েছে, তাতে অন্তরের সংগে কোন যোগাযোগ নাই—এর মধ্যে কোন পরিকল্পনা নাই। টেস্ট রিলিফ যা হচ্ছে—তাতে সপ্তাহের মাত্র দুদিন চলে, ৫ দিনই চলে না। তারপর, তার মধ্যে দুর্নীতি অবিরাম গতিতে চলেছে। কিন্তু এগুলি বন্ধ করার জন্য কোনরূপ সক্রিয় কার্যকরী ব্যবস্থা নাই। টেস্ট রিলিফ অপারেশনে যে সংস্থার মাধ্যমে পরিচালিত হচ্ছে, সেই প্রতিষ্ঠানের পূর্ণ ব্যর্থতা, অযোগ্যতা পদে পদে প্রমাণ হয়েছে। অথচ সরকার জেনেও এইরূপ একটা অপদার্থ সংস্থার মাধ্যমে টেস্ট রিলিফ পরিচালনা করিয়ে চলেছেন। রিলিফের মাধ্যমে দলীয় রাজনীতির অভিনয় প্রদর্শনেও কংগ্রেসী সরকারের লজ্জা বোধ হয় না। হরিশ্চন্দ্রপুর থানায় ১৯৫৫-৫৬ সালে যথেষ্ট রিলিফ দেওয়া হয়েছিল—যখন দেশের দুর্দশা অপেক্ষাকৃত কমই ছিল। কিন্তু ১৯৫৭ সালে যখন নির্বাচনে কংগ্রেস পরাজিত হন—সেখানে যেন আর রিলিফের দরকার নাই।

[At this stage the red light was lit.]

তারপর, রিফিউজিদের সম্বন্ধে আপনাদের কোন সুষ্ঠু পরিকল্পনা নাই। আমি আপনাদের আহ্বান জানাচ্ছি আজকে তারা কি অবস্থায় এসে পৌঁছেছে একবার চিন্তা করে দেখবেন।

Mr. Speaker: I allowed you the requisite time. I thought you had finished your speech. You were quiet for about a minute. So, I had no alternative but to call for the next man. However, I will just give you one more minute.

Sj. Monoranjan Misra:

এইরূপ সংস্থা গঠন করে সর্বপ্রকার রিলিফ অপারেশন পরিচালনা করা দরকার। অন্যথায় রিলিফ খাতে যে অর্থ বরাদ্দ করা হবে অধিক অর্থ দুস্থ মানবের কল্যাণে ব্যয়িত না হয়ে ব্যক্তিগত সমাজবিরোধীদের ভোগের জন্য ব্যয় হবে। তাই আজ প্রয়োজন হয়েছে সর্বদলীয় ভিত্তিতে প্রতি ইউনিয়নে রিলিফ কাউন্সিল গঠন করার এবং এইরূপ সংস্থা গঠনের প্রয়োজন হয়েছে প্রতি জেলায়।

যাই হোক, আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যদি সত্যি সত্যি দুঃস্থ মানুষকে সাহায্য করতে চান তাহলে সর্বদলীয় কমিটি গঠন করে সুষ্ঠুভাবে রিলিফ ব্যবস্থা পরিচালিত করুন, তা না হলে দলীয় স্বার্থে জাতীয় অর্থ অপব্যয় ও অপচয় হবে। যদি সুষ্ঠু ব্যবস্থা না করেন—আমি জানিয়ে দিচ্ছি—সরকারের দুর্দিন আসছে। চিরস্থায়ী সমাধানের জন্য ব্যাপকভাবে সেচ পরিকল্পনা গ্রহণ না করলে বছরের পর বছর রিলিফ খাতে প্রচুর জাতীয় অর্থ অপব্যয় করাই হবে সার। পঞ্চবার্ষিকী পরিকল্পনার সার্থকতা প্রমাণ করবে—লক্ষ লক্ষ দেশবাসীর অনাহারজনিত মৃত্যুর সমাধির উপরে।

Sj. Jagannath Majumder:

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্য পরিস্থিতির উপর বিতর্ক মন দিয়ে শুনবার পর আমার মনে হচ্ছে দেশে যে খাদ্যাভাব আছে এই বিষয়ে কোন মতভেদ নাই। কিন্তু এই নিয়ে যদি ঘরে বাইরে আতঙ্ক সৃষ্টি করা হয় তাহলে খাদ্য পরিস্থিতি আরো জটিলতর হবে, কারণ আমাদের

বামপন্থী বন্ধুরা যদি এ নিয়ে কোন আন্দোলন চালাবার চেষ্টা করেন তাহলে জনসাধারণের উপর তার একটি মানসিক প্রতিক্রিয়া হবে এবং তার খানিকটা ফলভোগ আমাদের সকলকেই করতে হবে, এবং তার দ্বারা খাদ্য পরিস্থিতি আরো খারাপ হবার সম্ভাবনা থাকবে। সেজন্য দেশে খাদ্যাভাব থাকা সত্ত্বেও আমাদের সাহসিকতার সঙ্গে এই পরিস্থিতির সম্মুখীন হতে হবে এবং মানুষকে আশ্বাস দিতে হবে খাদ্যাভাব নাই। এবং সত্যিসত্যি যে সংকট এসেছে সেই সংকটের মধ্যে আমরা দেখতে পাই খাদ্যাভাবে আতঙ্কিত হবার কারণ নেই।

সত্যই আজকে আমাদের সামনে যে পরিসংখ্যান এসেছে সেই পরিসংখ্যার মাধ্যমে আমরা দেখতে পাই যে খাদ্যের ব্যাপারে আমাদের আতঙ্কিত হবার কারণ নেই। কেন্দ্রীয় সরকার আমাদের যথেষ্ট খাদ্য দেওয়ার আশ্বাস দিয়েছেন এবং আজকে যে পরিসংখ্যান আমরা পেয়েছি খাদ্যমন্ত্রীর কাছ থেকে তার থেকেও আমরা দেখতে পাচ্ছি যে আমাদের খাদ্যের অভাব বিশেষ নেই, কিন্তু প্রধান অসুবিধা হচ্ছে দুর্মূল্যতা। এই দুর্মূল্যতা কি করে দূর করা যায়, কি করে সাবসিডাইজড খাদ্য সাধারণ মানুষ পেতে পারে সে বিষয়ে আমাদের চিন্তা করতে হবে এবং সকলের সহযোগিতা নিয়ে সেই ব্যাপারে আমাদের এগুতে হবে। বৃথা আতঙ্ক সৃষ্টি করে এই বিষয়টাকে আরো জটিলতর করার কোন প্রয়োজন আমরা দেখি না। কিছুক্ষণ আগে মাননীয় ডাঃ প্রফুল্লচন্দ্র সেন কতকগুলি গুরুত্বপূর্ণ এবং তথ্যপূর্ণ কথা বলেছেন।

[কমিউনিস্ট পার্টির বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]

Mr. Speaker: Mr. Ghosal, I do not appreciate the way the proceedings are being conducted. Please, Mr. Ghosal—I do not wish to hear you even sit down. He is at liberty to say anything he likes. You may not agree but please show them the same courtesy which has been shown by them to the opposition.

Sj. Hemanta Kumar Ghosal:

স্যার উনি বলেছেন ডাঃ প্রফুল্লচন্দ্র সেন।

[11-40—11-50 a.m.]

Sj. Jagannath Majumder:

ভুল হয়ে গেছে, স্যার। ডাঃ প্রফুল্লচন্দ্র সেন মহাশয় কিছুক্ষণ আগে কতকগুলি তথ্যপূর্ণ এবং গুরুত্বপূর্ণ কথা আজকে এই বিধানসভা কক্ষে বলেছেন। তিনি বলেছেন যে আমাদের মন্ত্রীরা খাদ্যের বিষয়ে একটা কমপ্লাসেন্সীর মনোভাব ধারণ করে আছেন। আমি মনে করি কমপ্লাসেন্সীর মনোভাব ধারণ করা উচিত নয়। আমি কৃষিমন্ত্রীর কাছে গিয়েছিলাম। আমি বলবো যে তাঁরা মোটেই কমপ্লাসেন্সী বা নিশ্চিত মনোভাব ধারণ করে নেই। কিছুক্ষণ আগে মাননীয় সদস্যরা তাঁদের বক্তৃতায় বলেছিলেন যে বাজেটের ভেতর কিছু নেই। বাজেট যদি অনুসন্ধান করে দেখা যায় তাহলে দেখা যাবে যে বহুবিধ রিসার্চের কথা, রিসার্চের কাজ এর ভেতর আছে। খাদ্যের বিষয়ে সয়েল এনালিসিসের কথা রয়েছে। আমরা জানি যে আমাদের পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে এই সয়েল এনালিসিসের কার্য চলছে, কোন জায়গার সয়েলের কিরকম অবস্থা, কোন জায়গায় কোন শস্য বেশী হতে পারে সে সম্বন্ধে বহুল পরিমাণে এনালিসিস চলছে। তা ছাড়া আমরা জানি যে বিভিন্ন শস্য সম্বন্ধে, যেমন ধানের উৎপাদন সম্বন্ধে, একটা রিসার্চ চলছে। চিনসুরায় একটা রিসার্চ ইনস্টিটিউট আছে এবং আমার মনে হয় যে পৃথিবীতে প্রায় চার হাজার রকমের ধান আছে, তারমধ্যে দুই হাজার রকমের ধানের রিসার্চ এই চিনসুরায় চলছে এবং ইতিমধ্যে প্রায় ৪০ রকমের ধানের বীজ চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। এইরকম ভুট্টা, ধান প্রভৃতি বিভিন্ন শস্য সম্বন্ধে রিসার্চ করা হচ্ছে। সুতরাং তাঁরা যদি বলেন যে মন্ত্রীরা রিপ ভ্যান উইংকেলএর মত নিশ্চিন্তে আরামে শুয়ে আছেন, তাহলে আমি বলবো যে সেটা সত্য কথা হয়নি। তারপর আর একটা কথা হচ্ছে যে প্রোটিন, ব্যালেন্সড ডায়েট আমাদের নেই, আমরা বেশী খাই কার্বো-হাইড্রেট। আমাদের দেশ দরিদ্র দেশ, আমরা কোনরকমে উদরপূর্তি করি—ব্যালেন্সড ডায়েট আমাদের দেশে ক'জন লোক খেতে পারে, খুব

সামান্য কয়েকজন লোকই তা খেতে পারে। ডাঃ ঘোষ অবশ্য সত্যি কথাই বলেছেন। কিন্তু প্রত্যেকটা মানুষ এখন ব্যালেন্সড ডায়েট পেতে পারে না। অবশ্য সেদিকে আমাদের বিশেষ দৃষ্টি রাখতে হবে। আমাদের কোনরকমে কার্বো-হাইড্রেট খেয়ে উদরপূর্ত্তি করতে হবে। কিন্তু আমাদের কৃষি বিভাগ একেবারে নিশ্চিন্ত হয়ে বসে নেই। আমাদের কৃষি বিভাগ বিভিন্ন রকমের মানুষের খাদ্য বা প্রোটীন ডায়েট ডিম এবং বিভিন্ন রকমের ডাল জাতীয় খাদ্য যার ভেতর প্রোটীন আছে তার উৎপাদন বাড়াবার জন্য চেষ্টা করছেন। সুতরাং সেদিক থেকে নিশ্চিন্তে আরামে আমাদের গভর্নমেন্ট বসে আছেন একথা বলা চলে না। সকলের পরিমিত ব্যালেন্সড ডায়েট করে দেওয়া হবে সেটা আজকে বলা সম্ভব নয়, বিশেষ করে আমাদের পশ্চিম-বঙ্গে যেখানে জনসংখ্যা ১৯৫০ সালে যা ছিল আজকে তারচেয়ে অনেক বেড়ে গেছে। ১৯৫১ সালে আমাদের দেশের জনসংখ্যা প্রায় আড়াই কোটি ছিল, সেটা এখন প্রায় তিন কোটিতে দাঁড়িয়েছে। এই ক্ষুদ্র পশ্চিমবঙ্গে যার জমি অনুর্বর সেখানে সমুদয় খাদ্য, মানুষের উচিত খাদ্য এবং ব্যালেন্সড ডায়েট যে সমস্ত লোকে খুব শীঘ্র পেতে পারবে সেটা আমি মনে করি না। তার জন্য তাদের পরিশ্রম করতে হবে—আমাদের সব বিভাগ তার জন্য চেষ্টাও করছেন। এ ছাড়াও নদীয়া জেলার কথা আমি কিছু বলবো। নদীয়া জেলায় ১৯৫১ সালের আদমসুমারীতে দেখা যায় ১১ লক্ষ ৪৪ হাজার ৯৩৪ জন লোক ছিল। আজকে সেই সংখ্যা দাঁড়িয়েছে ১৪ লক্ষ ৯৯ হাজার ৯৩৪ জন। অর্থাৎ সমুদয় পশ্চিমবঙ্গে প্রতিবর্গ মাইলে লোকসংখ্যা যেখানে ৮০৬ জন, সেখানে আজকে নদীয়া জেলায় প্রতি বর্গমাইলে জনসংখ্যা ১ হাজার জন। এবং প্রতি অল্টারনেটিভ ম্যান নদীয়া জেলায় বাস্তুহারা। গতবার যে বন্যা হয়ে গেল মাননীয় সদস্যরা জানেন এবং স্পীকার মহাশয় আপনিও জানেন যে তা নদীয়া জেলায় সমস্ত লোকগণকে পীড়িত করে তুলেছে এবং সেই বন্যার ফলে নদীয়ায় চাষীরা একটা ফসল হারিয়েছে। সেজন্য আজকে নদীয়ার সঙ্কট একটা বিশেষ সংকট। অন্যান্য বছর যে খাদ্য নদীয়া জেলায় হয় সেটা যদি আমরা তুলনা করে দেখি তাহলে দেখবো যে প্রতি বছর প্রায় ২২ লক্ষ মণ খাদ্যশস্য আমাদের বাইরে থেকে আনতে হয়, বিশেষ করে বর্ধমান এবং বাঁকুড়া জেলা থেকে কিন্তু গত বন্যায় বীরভূম, বর্ধমান প্রভৃতি অন্যান্য জেলাতেও যথেষ্ট ক্ষতি হয়েছে। তারই জন্য গত বন্যার সময় থেকে নদীয়ায় একটা সংকটজনক পরিস্থিতি চলছে। সত্যই আজকে গভর্নমেন্টকে ধন্যবাদ দিতে হয় যে এত বড় সংকট থেকে তারা অনেকটা মুক্তি লাভ করেছেন। বন্যার পর সমস্ত রবিশস্য নষ্ট হয়েছে তার উপর আবার সময়মত বৃষ্টিও হয় নি যার জন্য চাষীরা ঠিকমত আউস ধান রোপণ করতে পারে নি। তার জন্য কিন্তু একটা লোকও মারা যায় নি এবং গভর্নমেন্ট সবদিক থেকে চেষ্টা করেছেন মানুষকে বাঁচাবার জন্য। কাজেই যদি কেউ বলেন যে নদীয়ায় খাদ্যাভাবে মৃত্যু হয়েছে তাহলে আমি বলবো তা হয় নি। এবং এটা সত্য কথা যে নদীয়া জেলায় লঙ্গরখানা খোলা হয়েছে, ড্রাই ডোল দেওয়া হয়েছে এবং টেস্ট রিলিফের প্রচুর ব্যবস্থা করা হয়েছে, মানুষকে বাঁচাবার জন্য। আমি হয়ত সেটা অপর্যাপ্ত হয়েছে কারণ একটা সামগ্রিক দুঃখ দুর্দশাকে একদিনে বা এক মুহূর্তে সহজে দূর করা যায় না, কিন্তু তার প্রচেষ্টা হচ্ছে। এখানে মাননীয় ডাঃ আনন্দী চাকদহ থেকে প্রতিনিধি আছেন তিনি হয়ত জানেন যে আজকে প্রচুর খাদ্যশস্য চাকদহ থানায় মজুত হয়েছে। সেখানে ধানচালের আরো একটু অসুবিধা হয়েছিল কিন্তু এখন ধান এবং চাল সমপরিমাণে সকলকে দেওয়ার ব্যবস্থা হচ্ছে এবং এ বি সি কার্ডের বিভাগ ক্লাস বিভাগ তুলে দেওয়া হয়েছে, অর্থাৎ নদীয়া জেলায় আজ প্রায় ১৪ লক্ষ লোকের এস আর সপ থেকে খাদ্য পাবার জন্য উপযুক্ত বিবেচনা করা হচ্ছে। এইরকম নানাভাবে অবস্থা আয়ত্বে আনবার জন্য সরকার থেকে চেষ্টা করা হচ্ছে। স্পীকার মহাশয়, একটা জিনিসের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুক্ষণ আগে আমাদের মাননীয় বন্ধু শ্রীজ্যোতি বসু বলেছেন আত্মীয়পোষণ প্রভৃতি ব্যাপারে এই ডিপার্টমেন্ট নাকি নানাবিধ কাজ করে থাকেন এবং কার্ড বিলির ব্যাপারেও নাকি তারা বহুবিধ কাজ করে থাকেন। আমি স্যার, একটা জিনিস আপনার সামনে রাখতে চাই—কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটিতে কি রকম স্বজনপোষণ চলছে সেই ব্যাপারে। তার একটা নজির আমি দিতে চাই।

Mr. Speaker: I do not understand how the Krishnagar Municipality can come in the Food Debate.

[11-50—12 noon]

Sj. Jagannath Majumder:

আমি বলতে চাই এই কারণে যে আজকে সরকার থেকে যে খাদ্য বণ্টনের ব্যবস্থা করা হচ্ছে, এই খাদ্য বণ্টনের ব্যবস্থাতে বামপন্থী দল কি করে বাধা সৃষ্টি করছেন, আপনাদের খাদ্য সরকারের গুদামে মজুত থাকা সত্ত্বেও সেখানকার জনসাধারণের উপযোগী খাদ্য তারা পাচ্ছে না। কেন না, এই রেশন কার্ড বিলি ব্যবস্থাতে তাঁরা রাজনীতি প্রচার করছেন। এর প্রমাণস্বরূপ আমি একটু পড়ে শোনাচ্ছি:—

"এতদ্বারা রেশন কার্ড লইতে ইচ্ছুক জনসাধারণকে জ্ঞাত করা যায় যে, তাঁরা তাদের নিজ নিজ ওয়ার্ড কমিশনার বরাবর (যাদের নাম লিখিত হইল) আবেদন করিলে উক্ত রেশন কার্ড পাওয়া যাইবে। ইতি

শ্রীসুনীল চট্টোপাধ্যায়,

ভাইস-চেয়ারম্যান, কৃষ্ণনগর, মিউনিসিপ্যালিটি।"

তারপরে ১১ জন কমিশনারের নাম দেওয়া হয়েছে, এবং এই ১১ জন কমিশনারই বামপন্থী কমিশনার। আজ দেখুন স্বজনপোষণ কোথায়। আজ যেটুকু ক্ষমতা তাঁরা পেয়েছেন, সেইটুকু ক্ষমতা দিয়ে আজ কৃষ্ণনগরে এইরকম করছেন। এতে আমরা কি বলব? এর উত্তর জনসাধারণ দিন, এবং দিয়েছেনও। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information.

Mr. Speaker: You have no information unless the honourable members behave in a proper way and make it possible for me to proceed with the business of the House.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I only want to know to which Corporation or Municipality does Mrs. Biva Mitra belong?

Mr. Speaker: The question is disallowed.

Dr. Suresh Chandra Banerjee: On a personal explanation.

জগন্নাথ মজুমদার মহাশয়, আমার নাম তাঁর বক্তৃতায় করেছেন। সেইজন্য আমি দুই একটি কথা বলতে চাই।

Mr. Speaker: Is it on a personal explanation or you want to answer Shri Majumdar?

Dr. Suresh Chandra Banerjee: I want to correct some information supplied by Shri Majumdar.

Mr. Speaker: You will have your chance. Mr. Hamal, you will now speak and you have been allotted 4 minutes by your leader.

Sj. Bhadra Bahadur Hamal:

Mr. Speaker, Sir, हम जब इस House के अन्दर आते हैं तो हमारे खाद्य मंत्री साहब लम्ब-लम्ब आंकड़ा देकर बताते हैं कि देश में खाने के सिलसिले में बहुत रेशन की दूकान खोली गई है। मगर हम जानते हैं कि रेशन का दाम बढ़ रहा है, रेशन की दूकान में sign board लिखा हुआ है कि चावल नहीं है और मंत्री महोदय जब यहां वक्तृता देते हैं तो बड़ी बड़ी लम्बी बातें करते हैं। Darjeeling में जब मंत्री महोदय गये थे और जब वहां के लोगों ने खाने के लिए आवाज उठाया तो २ truck लेकर एक हप्ता रेशन दिया मगर एक हप्ता के बाद चावल भी नहीं था और गेहूं भी नहीं था। वहां से खबर आई है कि चावल

का दाम २७-८ (Rs. 27/8/-) हो गया है और मंत्री महोदय कहते हैं कि ८७,००० मन है। मैं मंत्री महोदय को कहना चाहता हूं कि बस्ती के इलाके में एक दाना भी नहीं पहुंचा है। मंत्री महोदय ने कहा कि ८७,००० मन चावल Darjeeling के गोदाम में रखा है, हम वहां देखने गये थे। जब वहां गये और गोदाम में जा कर देखा तो नहीं था मगर उसकी जगह बिल्ली सारे गोदाम में घूम रही थी। ८७,००० मन चावल House के भीतर सुनने में आता है और यह भी सुनने में मिलता है कि १०० मन दिया और उतना दिया मगर गोदाम में रेशन के बदले बिल्ली घूम रही है। अभी बरसात आ रहा है और आप जानते हैं कि वहां land slide होता है अगर हो जाए तो क्या मुसिबत होगी। अभी वहां ३३ रुपया चावल का दाम होना शुरू हो गया है। इसके लिए क्या इन्तजाम मंत्री महोदय कर रहे हैं? अभी वहां रेशन नहीं है, आदमी मर रहे हैं, हाहाकार हो रहा है। क्या खाद्य मंत्री का काम है आदमी मारना और आदमी को भूखा रखना? दुर्भिक्ष होने का डर है। मैं खाद्य मंत्री से निवेदन करना चाहता हूं कि लम्बे लम्बे आकड़े और बड़े बड़े हिसाब न देकर चावल का इन्तजाम करें। Writers' Buildings में बैठ कर लोगों को सतोषित नहीं कर सकते हैं। उनको खुद चाहिए कि जगह जगह जाकर देखें। आदमी मर रहा है। भूखा मर रहा है। गोदाम में बिल्ली घूम रही है। चावल नहीं है। खाली Writers' Buildings में बैठ कर बातें बनाने से आदमी सतोषित नहीं होगा।

Sj. Mohini Mohan Pati:

माननीय स्पीकার মহোদয়, আজকে এই সেশনের শেষ সময়ে আমাকে যে বলতে দিয়েছেন সেজন্য আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আজকে 'ফুড' সম্পর্কে যে ডিবেট এখানে আরম্ভ করেছেন তার সম্বন্ধে একটা প্রশ্ন শুধু আমার মনে হয়, সেটা এই যে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি হয়েছে, এই মূল্যবৃদ্ধি কি খাদ্যের উৎপাদনের ঘাটতি বা অন্য কোন কারণে, অথবা গভর্নমেন্টের কাজের জন্য অর্থাৎ বর্তমান মুদ্রাস্ফীতি হওয়ার জন্য মূল্যবৃদ্ধি হয়েছে? মাননীয় স্পীকার মহোদয়, আমি মেদিনীপুর জেলার যে স্থান থেকে এসেছি সেই স্থান দক্ষিণ-পশ্চিম বাংলায় সর্বোৎকৃষ্ট চাল উৎপন্ন করে এবং সেই অঞ্চলে বড় বড় ধানকল আছে। সুতরাং এই ধান উৎপাদন সম্পর্কে বা এই খাদ্যসম্পর্কে আমার কিছু বলবার এক্তিয়ার আছে বলে মনে করি। প্রথমেই আমি বলে রাখি যে মাননীয় জ্যোতি বসু মহাশয় যে পরিসংখ্যান সম্বন্ধে সন্দেহ প্রকাশ করেছেন এবং শ্রদ্ধেয় ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয়ও সন্দেহ প্রকাশ করেছেন, সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে দক্ষিণপন্থী হউন বা বামপন্থী হউন—এতে কিছু কিছু ত্রুটি রয়ে যাবে সমস্ত দেশে। কিন্তু তাঁরা এ কথা বলেন নি যে পরিসংখ্যানেতে বা তার কর্মপদ্ধতির মধ্যে ত্রুটি হয় না। পরিসংখ্যান পদ্ধতিতে ত্রুটি যাকে বলা হয়েছে, আজকে আমাদের সামনে যে পরিসংখ্যান এসেছে তার উপরই নির্ভর করতে হয়।

[12—12-10 p.m.]

সেই তথ্যে আমরা দেখতে পাই যে ১৯৫৭-৫৮ সালে মোট উৎপাদন ধান্য হয়েছে ৩৩ লক্ষ টন। এবং আমাদের প্রয়োজন হচ্ছে ৪৬ লক্ষ টন। এই যে ১৩ লক্ষ টন খাদ্যের অভাব এটা যদি আমরা কেন্দ্র থেকে পাই—এর মধ্যে ৩ লক্ষ টন আটা এবং দু লক্ষ টন চাল এই পাঁচ লক্ষ টন যদি পাই—তাহলে আমাদের অভাব মিটতে পারে কিন্তু আজকে দেখা যাচ্ছে যে এই বৎসরের প্রথম থাকতেই আজকে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি হচ্ছে। সুতরাং এই যে তিন লক্ষ টন আটা ও দুই লক্ষ টন চাল যা ভারত সরকার থেকে আমরা পাচ্ছি বা পাবার আশা রাখি এতে আমাদের খাদ্যদ্রব্যের মূল্য কমছে না। মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে সমস্ত সদস্যদের জানাতে চাই যে এই যে মূল্য বৃদ্ধি এ জুন মাসে বা এপ্রিল-মে মাসে নয়। এটা খুবই আশ্চর্যের জিনিস যে এটা কন্ট্রোল যুগের পর থেকে এ পর্যন্ত কোন কালে হয় নি। জানুয়ারী এবং ফেব্রুয়ারিতেই ধানের এবং চালের মূল্য বৃদ্ধি পেয়েছে এই ১৯৫৭ সালে। আমরা দেখতে পাই

১৯৫৬ সালে জানুয়ারি মাসে চালের দাম ছিল ১৯ টাকা তিন আনা এবং আজকে সেই চালের দাম তেইশ টাকা তিন আনা। আমার মনে হয় কোন কালে ধান্যের মূল্য জানুয়ারি মাস থাকতে বা ফেব্রুয়ারী মাস থাকতে যখন ধানচালের মরসুম এরকম মূল্য বৃদ্ধি কোন কালে হয় নাই। এই মূল্য বৃদ্ধির কারণ আমার নিজের মতে তিনটি। প্রথম হচ্ছে ১৯৫৬ সালে জুন মাসে এবং অক্টোবর মাসে যে বন্যা পশ্চিমবঙ্গের ৯টি জেলার উপর দিয়ে বয়ে যায় তাতে প্রচুর পরিমাণ ফসলহানির আশঙ্কা থাকে। এই বন্যায় প্রচুর ফসলহানির আশঙ্কা থাকার জন্য একটা সাইকোলজিক্যাল আপসেট দেখা দেয় এবং চালের মূল্যে বৃদ্ধি পায়। এবং সেটাই হচ্ছে প্রথমতঃ ধান চালের মূল্য বৃদ্ধির কারণ। কারণ মাঘ মাস পৌষ মাস জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসে যখন ধান চালের মরসুম তখন কোন কালেই এই ধানের মূল্য ১১-১২ টাকা থেকে নীচে কখনো নামে নি। তারপর দ্বিতীয় কারণ হচ্ছে উড়িষ্যা এবং আসাম থেকে যে চাল পশ্চিমবঙ্গে রপ্তানী হয় সেটা বন্ধ হয়ে যাবার জন্যও এই ধান চালের মূল্য বৃদ্ধি পেয়েছে। তৃতীয় কারণ হচ্ছে এই যে, চাল পশ্চিমবঙ্গ থেকে আমদানি রপ্তানি হয় সেই চালের বহু অংশ পাকিস্থানে পাচার হয়ে যাচ্ছে। চতুর্থ কারণ হচ্ছে এই যে ধানকল যেসমস্ত আমাদের দেশে আছে সেই সমস্ত ধানকলে প্রচুর পরিমাণ টাকা রিজার্ভ ব্যাঙ্ক বা সিডিউল ব্যাঙ্ক থেকে নেওয়ার জন্য প্রচুর ধানচাল তারা মজুত করে রেখেছে। অবশ্য মাননীয় খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন রিজার্ভ ব্যাঙ্ক বা সিডিউলড ব্যাঙ্কএর থেকে ৫০ হাজারের বেশী টাকা কোন ধানকলকে বা আড়ৎদারকে দেবেন না। কিন্তু এ কথা আপনার মাধ্যমে স্মরণ করিয়ে দিতে চাই যে জুন মাসের বহু পূর্বে জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসেই প্রত্যেকটি ধানকল—রাইস মিল হাজার হাজার টাকা ব্যাঙ্ক থেকে তুলে নিয়েছে। যখন রিজার্ভ ব্যাঙ্ক থেকে এই অর্ডার পাশ হয় তার বহু পূর্বে ধানকল ও আড়তদাররা বহু টাকা হাজার হাজার টাকা তুলে নেয় ফলে বহু চাল স্টক করার ফলে আজকে কৃত্রিম খাদ্যাভাবে দেখা দেবার জন্য বাজারে ধানচালের মূল্য বৃদ্ধি হয়েছে। পঞ্চম কারণ বহু চাষী কিছু কিছু পরিমাণ ধান চাল মজুত করে রেখেছে এই কারণ [illegible] কারণ। এবং প্রসঙ্গে একথা আমি স্মরণ করিয়ে দিতে চাই যে ল্যান্ড রিকুইজিশন এ্যাক্ট এবং স্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট পাশ হবার পর এবং কার্যকরী হওয়ার পর হাতে ২৫ একরের বেশী জমি কারও কাছে আছে বলে মনে হয় না। হয়ত কোন কোন চাষীর হাতে সুন্দরবনে বা [illegible] এলেকায় কিছু জমি, ধান্যজমি বেশী থাকতে পারে কিন্তু এই আইন পাশ হবার পর কারও হাতে ২৫ একরের বেশী জমি থাকার কথা নয়।

[At this stage the red light was lit.]

Sir, I want two or three minutes more.

Mr. Speaker: I cannot allow any more time. I must keep within schedule.

Sj. Dhirendra Nath Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আজকের যে খাদ্যনীতি আমাদের বামপন্থী পক্ষ থেকে সেই খাদ্যনীতি সম্পর্কে বহু বিচার বিশ্লেষণ হয়েছে এবং মাননীয় বন্ধুরা বুঝাতে চেষ্টা করেছেন এবং আমার বিশ্বাস তারা অনেকখানি কৃতকার্যও হয়েছেন যে এই ভুল নীতি যতদিন দূর না হবে ততদিন এই দুরবস্থার পরিবর্তন হবে না। তবুও আমাদের দক্ষিণপন্থী মাননীয় বন্ধু জগন্নাথ মজুমদার মহাশয় আমাকে আহ্বান জানিয়েছেন মাননীয় মন্ত্রী মহাশয়ের যে পরিকল্পনা তাকে অভিনন্দন জানাবার জন্য। মাননীয় স্পীকার মহোদয় সত্যিই তিনি অভিনন্দন যোগ্য হবেন যদি তাঁর যে স্ট্যাটিস্টিকস আমার হাতে আছে, তার পাশাপাশি আমার নিজস্ব একটা স্ট্যাটিস্টিকস আছে—তার পরিপ্রেক্ষিতে যদি তাঁর ওটা সত্য বলে প্রমাণিত হয় তাহলে তাঁকে আমি অভিনন্দন জানাবো। আর যদি তা মিথ্যা বলে প্রমাণিত হয় বাংলাদেশের গ্রামে গ্রামে যে অবস্থা, বিশেষ করে পশ্চিমবঙ্গের পশ্চিম দিনাজপুর জেলা যে জেলা থেকে আমি এসেছি সেই জেলা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ জেলা আজও—তবুও কেন সেখানে দুর্ভিক্ষ তৈরি হয় তার কৈফিয়ৎ দাবী করে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার বক্তব্য পেশ করছি। তার যে সংখ্যা যে রিপোর্ট তাতে দেখছি তিনি দিয়েছেন বাংলাদেশের যারা উৎপাদক তাদের নাকি খাদ্য জমিয়ে রাখবার ক্ষমতা বেড়ে গেছে। কিন্তু, মাননীয় স্পীকার মহাশয়, আমি বিশ্বাস করি একথা বলা

সম্ভব যে এইরকম নাতিশীতোষ্ণ মণ্ডলে, সুরক্ষিত ঘরে থেকে সুখচিন্তাও কল্পনা রাজত্বে তা সৃষ্টি করা সম্ভব, কিন্তু বাস্তবে যা সত্য বাইরে রয়েছে, তা তাঁর এই স্বপ্নকে ভেঙ্গে দিতে বাধ্য। এই যে আমার কাছে

(pointing to some papers in hand)

কৃষকসভা থেকে পশ্চিম দিনাজপুরের গ্রামে গ্রামে ঘুরে তথ্য সংগ্রহ করছে তাতে আমি বিশ্বাস করি যে আমাদের মন্ত্রীমণ্ডলীর যে সুখ কল্পনা তা ভেঙ্গে যেতে বাধ্য এবং তাদের সচেতনতা আসবে এবং যাতে ভুল ভ্রান্তি দূর করে সত্য সুষ্ঠুনীতি নেওয়ার সুযোগ পাবেন। আমি পশ্চিম দিনাজপুরের বালুরঘাট মহকুমার ৪টি থানার, যথা, তপন, কুমারগঞ্জ, বালুরঘাট, হিলী প্রভৃতির ৫০টি গ্রামের যে হিসাব পেয়েছি তাতে ১,৮৩৩টি পরিবারের ৯,৬৬৮ লোকের মধ্যে ১,৪৮৬টি পরিবারের প্রায় ৭,০০০ হাজার লোকের খোরাকী মে-জুন মাসে ফুরিয়ে গেছে।

[12-10—12-20 p.m.]

১,৪৪৬টি পরিবারের খোরাকী মে মাসের মাঝেই ফুরিয়ে গিয়েছে, তাদের খাদ্য নেই, ক্ষুধার্ত, অন্নাভাবে জর্জরিত। যদি মিথ্যা হয়, বন্ধুদের আমি আহ্বান জানাই—গ্রামে গ্রামে, পরিবারে পরিবারের নাম ঠিকানা লেখা আছে, সেটা আপনারা অনুসন্ধান করে বিচার করে দেখবেন। ১,৭৪৩টি পরিবার ঋণগ্রস্ত, ২ লক্ষ ৫০ হাজার টাকার উপর ঋণ ১,৯৪৬টি পরিবারের। এরা রাখবে খাদ্য মজুত করে এবং সেই মজুতের জন্য হবে দেশে দুর্ভিক্ষ! মাননীয় স্পীকার মহোদয়, একটু খেয়াল করে যদি দেখেন তাহলে দেখবেন ১৯৫০ সালের পর ধীরে ধীরে কিভাবে তারা দুর্ভিক্ষবিধ্বস্ত হয়ে যাচ্ছে। গত বছর আমরা দেখেছি ১৫-১৬ হাজার ক্ষুধার্তের মিছিল। পশ্চিম দিনাজপুর জেলায় আজও দেড় কোটি মণ ধান উৎপাদন করেছে বলে আমাদের কাছে খবর এসেছে। গভর্নমেন্টের হিসাবে সেখানে ৮৫ থেকে ৯০ লক্ষ মণ ধান খোরাকের জন্য লাগে—বাকি প্রায় ৫০ লক্ষ মণ উদ্বৃত্ত থাকে। তথাপি, লোকের খোরাকী নেই। এত, এত ফসল থাকা সত্ত্বেও এপ্রিল, মে মাসের মাঝখানে পশ্চিম দিনাজপুরের লোক না খেয়ে মরেছে এবং সেই মৃত্যুর জন্য স্থানীয় সরকার অস্বীকার করতে না পেরে, তাদের মৃতের যে স্ত্রী তাকে সাহায্য করতে বাধ্য হয়েছে। মাননীয় স্পীকার মহোদয়, আপনার কাছে বলবো এই পশ্চিম দিনাজপুর জেলায় একটা পরিবর্তন দরকার। সেই ভূমিসংস্কার আইনের সুষ্ঠু পরিবর্তন না হলে এই দুর্ভিক্ষগুলি কিছুতেই দূর হবে না। সে কথা বারবার আমরা সভাসমিতিতে বলেছি এবং পত্রিকা মারফত দাবী জানিয়েছি। প্রতি বছর দেখতে পাবেন আমাদের যে খাদ্যাভাব, তাতে যারা দুর্ভিক্ষপীড়িত তাদের যে মিছিল ক্রমশ বেড়ে যাচ্ছে। তাই স্পীকার মহোদয়, আমি আপনার কাছে দাবী করছি এ সম্বন্ধে সরকারের চেতনা দরকার, এবং দৃষ্টিভঙ্গীর আমূল পরিবর্তন দরকার। তাই আমরা জানিয়েছিলাম যে কেন্দ্রীয় সরকার থেকে যে কো-অপারেটিভ মার্কেটিংএর ব্যবস্থা করতে বলেছিলেন, অন্তত আমাদের সরকার যদি সেই ব্যবস্থা করতেন, তাহলে আজ গ্রামের কৃষকরা খাদ্য পেত এবং আরও ফসল বাড়াতে পারতেন। বিঘা প্রতি দু-তিন মণ করে ফসল বাড়ান পশ্চিম দিনাজপুর জেলার, বাংলাদেশের কৃষকদের পক্ষে মোটেই কঠিন নয়, যদি তাদের হাল, গৃহস্থালীর প্রয়োজনীয় জিনিস, সার, বীজ ও খোরাকী প্রভৃতির ব্যবস্থা সরকার যথাসময়ে নিতে পারেন।

Sj. Brindaban Gayen:

মিঃ স্পীকার স্যার, আজ খাদ্যনীতি সম্বন্ধে যে আলোচনা চলেছে সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে খাদ্য সম্বন্ধে এই অধিবেশনে বহু আলোচনা হয়েছে, মাননীয়া রাজ্যপালিকার ভাষণের উপর এবং ফুড বাজেটে, আজকে বিরোধী পক্ষের সদস্যরা এবং কংগ্রেস পক্ষীয় সদস্যরা বহু আলোচনা করেছেন। সুতরাং আর কোন নতুন তথ্য পেশ করবার মত আছে বলে আমার মনে হয় না। তবুও বর্তমান পরিস্থিতিতে যে সমস্ত ব্যবস্থা সরকার অবলম্বন করেছেন সে সম্বন্ধে আলোচনা হওয়ার প্রয়োজন আছে। এ বছরের যে পরিস্থিতি সেটা হয়ত সাময়িক। কারণ, স্পীকার মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবঙ্গের লোকসংখ্যা প্রায় দুই কোটি ৯২ লক্ষের মত হয়েছে। এ বছর যে পরিমাণ খাদ্যশস্য উৎপন্ন হয়েছে, তা প্রায় ৪৬ লক্ষ টনের মত, এ থেকে বীজ প্রভৃতি বাদ দিলে প্রায় ৪৩ লক্ষ টনের মত খাদ্য থাকে। পশ্চিমবাংলায় মাত্র ১৫ আউন্স

হিসাবে মাথা পিছু খাদ্য ধরলে আমাদের আরও ৩ লক্ষ টন খাদ্য ঘাটতি পড়ে। পল্লীগ্রামের লোক, যারা গ্রামে থেকে কাজকর্ম করে, তারা সাধারণত শহরের চেয়ে বেশী খায়। সেই হিসাবে যদি আমরা ধরি, তাহলে হয়ত আরও কিছু ঘাটতি পড়তে পারে। কিন্তু সাধারণভাবে যদি আমরা দেখি, তাহলে দেখবো আমাদের দেশে খাদ্যশস্য উৎপন্ন এ বছর অনেক বেড়েছে। কারণ, ১৯৫৫-৫৬ সালে ৪৮ লক্ষ টনের মত খাদ্যশস্য উৎপন্ন হয়েছিল। এ বৎসর অর্থাৎ ১৯৫৬-৫৭ সালে প্রায় ৪৭ লক্ষ টনের মত খাদ্যশস্য উৎপন্ন হয়েছে, তবুও খাদ্যাভাব দেখা দিয়েছে। তার কারণ আছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে উত্তরবঙ্গে এ বৎসর বন্যার ফলে, সেখানে কয়েকটা জেলায় বিশেষভাবে খাদ্যের ঘাটতি হয়েছে, এবং ঝড়ের ফলে দক্ষিণ অঞ্চলে, বিশেষ করে সুন্দরবন এলাকার, বহু জায়গায় খাদ্যশস্য হানি হয়েছে। সেইজন্য পশ্চিমবাংলায় দুই রকমের দুরবস্থা দেখা দিয়েছে। উত্তরবঙ্গে খাদ্যের সম্পূর্ণ অভাব দেখা দিয়েছে এবং পশ্চিমবঙ্গে, বিশেষ করে সুন্দরবন অঞ্চলে, ঝড়ের ফলে খাদ্যের অভাব হয়েছে। তবুও খাদ্যের খুব বেশি অভাব নেই। আজকে লোকের ক্রয় ক্ষমতা কমে গিয়েছে, তার কারণ লোকের কাজ নেই। এখনও বৃষ্টি নামে নাই, চাষের কাজ এখনও আরম্ভ হয় নি। সেখানে সুন্দরবন অঞ্চলের চাষীরা যে পয়সা পেত সেটা পাচ্ছে না, সেখানে তাদের কোন কাজকর্ম নেই, তারা কোন মজুরী পাচ্ছে না, সেইজন্য তাদের ক্রয় ক্ষমতা কমে গিয়েছে। মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে জানাতে চাই যে খাদ্যমন্ত্রী মহাশয় সুন্দরবনের বহু এলাকায় পরিভ্রমণ করে দেখে এসেছেন সেখানকার কি অবস্থা। আজকে সেখানে লাল ঝাণ্ডার ফলে লোকের দুর্গতি দেখা দিয়েছে। অনাবৃষ্টির ফলে আজকে সেখানে তারা কাজকর্ম পাচ্ছে না। এরজন্য বিশেষ ব্যবস্থা অবলম্বন করতে আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করি। অবশ্য এ পর্যন্ত সরকার যেসমস্ত ব্যবস্থা অবলম্বন করেছেন তা সময়োচিত হয়েছে এবং পশ্চিমবাংলার জনসাধারণ এজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছে। কিন্তু তবুও আমি বলবো মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে, বিশেষভাবে সুন্দরবন অঞ্চলে যেসকল ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে, সেগুলি যাতে যথাযথভাবে সম্পন্ন হয় সেদিকে তিনি যেন একটু নজর দেন। আজকে আমি আর একটা কথা মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে জানাবো। বিরোধী পক্ষের সদস্যরা পরপর বলে গিয়েছেন, খাদ্যসমস্যা আজকে যে দেখা দিয়েছে সে সম্বন্ধে যে সমস্ত কমিটি হয়েছে তাতে নানারকম দলাদলি সৃষ্টি হচ্ছে। মাননীয় জগন্নাথবাবু কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির কথা বলেছেন একটু আগে। সেখানে খাদ্য সম্বন্ধে যে কমিটি হয়েছে মিউনিসিপ্যালিটির কমিশনারদের নিয়ে, সেখানে ২৯ জন কমিশনারএর মধ্যে ১১ জন কমিশনারের যে নাম আছে, তাঁরা সকলেই বামপন্থী দলভুক্ত, এবং তাঁরা যে ইস্তাহার দিয়েছেন, সেই ইস্তাহারে লেখা আছে—ইহার দ্বারা সেখানকার লোকদের, জনসাধারণকে জ্ঞাত করা যায় যে, তাহারা তাহাদের নিজ নিজ ওয়ার্ড কমিশনার বরাবর, যাহাদের নাম নিম্নে লিখিত হইল, আবেদন করিলে ইস্তাহার পাওয়া যাইবে। এবং এই যে নাম দিয়েছেন, বিশেষ করে ১১ জন কমিশনারএর নাম, তাঁরা সকলেই বামপন্থী দলভুক্ত। সেইজন্যে আমি, মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে এই কথা জানাবো—বামপন্থী দল, তাঁরা যে কথা বলেছেন যে খাদ্যের যে সমস্ত কমিটি হয়েছে তাতে কংগ্রেসওয়ালারা গণ্ডগোল পাকাচ্ছে। কিন্তু, মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি এই কমিটি দেখেন তাহলে দেখবেন যে এই কমিটির মধ্যে একজন লোকও কংগ্রেসের নয়, এবং তাঁরা সমস্ত বামপন্থী দলভুক্ত। তাহলে কারা যে গণ্ডগোল সৃষ্টি করছেন সে কথা একবার আপনি বিবেচনা করে দেখবেন। তা ছাড়া যে রিলিফ কমিটি সরকারের তরফ থেকে পাড়াগাঁয়ে হয়েছে সেই রিলিফ কমিটির মধ্যে আছে ইউনিয়ন বোর্ডের সভাপতি। তিনি একজন নির্বাচিত প্রতিনিধি, এবং সেখানকার ইউনিয়ন এগ্রিকালচারাল এসিস্ট্যান্ট ও এখানকার নির্বাচিত এম এল এ। এইরকম নির্বাচিত এম এল এ, সব জায়গায় সরকার পক্ষ থেকে নেই। সেইজন্য আজকে তাঁরা যে বললেন কমিটিতে কেবলমাত্র কংগ্রেসী লোকই নেওয়া হয়েছে, এ কথা ঠিক নয়।

[12-20—12-30 p.m.]

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকার মহাশয়, একটুখানি আগে যে প্রশ্ন উঠেছিল কমপ্লাসেন্সী সম্পর্কে, আমি সেটাই প্রথমে বলতে চাই। আপনিও স্যার, লক্ষ্য করেছেন—গত দেড় মাসের ভিতর এই হাউসে,

শুধু আজকে নয়, বিভিন্ন সময়ে খাদ্যের উপর প্রথন খাদ্যমন্ত্রীকে করা হয় তাতে খাদ্যমন্ত্রী যে এটিচুড দেখিয়েছেন, তা অত্যন্ত অবাস্তব; এবং সব সময় তিনি এই জিনিসটা হালকা করে দেখাতে চেয়েছেন এবং তিনি নিজে যে শুধু কম্‌প্লাসেন্ট শুধু তাই নয়, তিনি দেশবাসীর মধ্যে একটা কম্‌প্লাসেন্ট অবস্থার সৃষ্টি করতে চেয়েছেন, এবং অন্য দিক থেকে তিনি বলছেন যে বিরোধী পক্ষরা একটা আতঙ্ক সৃষ্টি করতে চাচ্ছেন, এটা সম্পূর্ণ বাজে কথা। বিরোধী পক্ষরা আজকের বাস্তব অবস্থাই তুলে ধরতে চেয়েছে। আতঙ্ক বন্ধ হতে পারে যদি আজকে মানুষ খেতে পায়। আমি মন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই—যে তাঁরা একটা নীতি বের করেছেন যে সাধারণ মানুষের আয় যখন বাড়ে তখনই বুঝি জিনিসপত্রের দর বেড়ে যায়—এই প্রশ্নের অন্তত তিনি জবাব দিয়ে যাবেন যে এই পিরিয়ডএ বাংলাদেশের সরকার সাধারণ মানুষের আয় বাড়াবার কি ব্যবস্থা করেছেন? তাদের আয় কিভাবে বেড়েছে—জমি দিয়েছেন, না চাকরী দিয়েছেন? হঠাৎ এই পিরিয়ডএ শুধু চাল ধান নয়, অন্যান্য খাদ্যদ্রব্যের দামও যে হু হু করে বেড়ে গেছে। এটাই হল আমার প্রথম প্রশ্ন এবং আমি তার কাছে জবাব চাই। দ্বিতীয় প্রশ্ন হল, গত ১০ বৎসর ধরে দেখা যাচ্ছে প্রতিটি বছর খাদ্যের অবস্থা ক্রমশ খারাপ আকার ধারণ করছে। এই বছর খাদ্যসংকট ব্যাপকভাবে দেখা দিয়েছে এবং পূর্বাপেক্ষা তীব্রতাও অনেক বেশী। যখনই কোন এলেকায় খাদ্যসংকট দেখা দেয়, এঁদের যে রিলিফ ডিপার্টমেন্ট বা ফেমিন ডিপার্টমেন্ট যা আছে কিছুটা ধান বা চাল দিয়ে লম্বা লম্বা ফিরিস্তি দেন এবং বলেন যে অনেক কাজ করেছি। কিন্তু আমরা জানতে চাই যে এই খাদ্যসংকট সমাধানের সামগ্রিকভাবে বাংলা সরকারের কোন প্ল্যান আছে কিনা। আজকে যখন ডিবেট হচ্ছে এবং বিরোধী পক্ষ থেকে যেসব কথা বলা হচ্ছে তার জবাব দেবার মালিক যেন প্রফুল্লবাবুই একা; কিন্তু তা নয়, সমগ্র সরকার এর সঙ্গে জড়িত। খাদ্যের অবস্থা নিয়ে যখন আমরা প্রফুল্লবাবুর কাছে যাই এবং যখন কৃষি ব্যবস্থার সঙ্গে এই প্রশ্ন বা অবস্থা জড়িত থাকে তখন প্রফুল্লবাবু বলেন, এটা আমার ডিপার্টমেন্ট নয়, কৃষি বিভাগে যান। তারপরে যদি কৃষি বিভাগে যাওয়া যায় তখন তাঁরা বলেন যে এটা খাদ্যবিভাগের ব্যাপার। এভাবে ডিপার্টমেন্ট ভাগ করে রেখে দেবার নীতি যদি ব্রিটিশ আমলেরই মত চলে কোন কো-অর্ডিনেশন যদি না থাকে, তাহলে কোন কালেই এঁরা একটা টোটাল প্রোগ্রাম নিতে পারবেন না। স্পীকার, স্যার, আপনিও লক্ষ্য করেছেন, আজকের পত্রিকায় একটা জিনিস বিশেষ লক্ষণীয় যে কেরালার চীফ মিনিস্টার বলেছেন ৭ লক্ষ একর জমি কৃষকদের মধ্যে বিলি করা হবে। মাত্র তিন মাস হয়েছে তারা সরকার নিয়েছেন, কিন্তু এরই মধ্যে খাদ্যসমস্যার সমাধানের জন্য তাঁরা একটা টোটাল প্রোগ্রাম নিয়েছেন। সেখানে খাদ্যসংকটের অবস্থা বাংলা-দেশের চেয়ে কম নয়। এবং জমির উপর চাপও এই সমস্ত অঞ্চল থেকে কম নয়। তাঁরা সেখানে খাদ্যসংকটকে একটা সামগ্রিক দৃষ্টি দিয়ে দেখেছেন। সেখানে ল্যান্ড টু দি টিলার্স এবং গ্রো মোর ফুড-এর সঙ্গে খাদ্যসমস্যার সমাধানের একটা মূল সম্পর্ক রয়ে গেছে, এঁরা সেই গ্রো মোর ফুডএর বা ল্যান্ড টু দি টিলার্সএর এই ব্যবস্থার কথা বর্তমানে উচ্চারণও করেন না। আজকে খাদ্য যদি বাড়াতে হয় তবে ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বণ্টন করা দরকার, যেটা এঁরা আইন পাস করেছেন, কিন্তু জমি বণ্টন করা তো দূরের কথা, সেদিকে কোন লক্ষ্যই দেন নি। জমিদারদের হাতে যেসমস্ত বাড়তি জমি ছিল সেগুলি তাঁরা হস্তান্তরিত করে দিয়েছেন, সে বিষয়ে বারবার বলা হয়েছে, কিন্তু কোন নজর এঁরা দেন নি। আমি একটা বিশেষ অঞ্চল সম্বন্ধে বলব। তা হচ্ছে বাঁকুড়া জেলা, মেদিনীপুর জেলার একটা অংশ এবং বীরভূম ইত্যাদি যেটাকে শুখা অঞ্চল বলা চলে, সেখানে ধানের উৎপাদন গড়পড়তা পাঁচ মণের বেশি হয় না, সেখানে আকাশের বৃষ্টি ছাড়া জলের কোন ব্যবস্থা নেই এবং সেই অঞ্চলটা হল প্রধানতঃ খেতমজুর অঞ্চল, সেখানের প্রধান কাজ হল বর্তমানে খেতমজুর এবং গরীব কৃষকদের কাজ দেওয়া এবং অন্যান্য কতকগুলি বিশেষ ব্যবস্থা গ্রহণ করা। সেদিক থেকে আমি কয়েকটা প্রস্তাব এখানে রাখতে চাচ্ছি। প্রফুল্লবাবুকে যখনই কোন জেলার কোন তথ্য সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করা যায় যে এসব তথ্য কোথায় পেলেন তখন তিনি বলেন জেলা ম্যাজিস্ট্রেটের কাছ থেকে পেয়েছি। অথচ পিপলস রিপ্রেজেন্টেটিভ-এর থেকে কোন খবর তিনি নিতে চান না। সেদিক থেকে আমি বলছি ভাদ্র মাস এগিয়ে আসছে, এইসব অঞ্চলে সংকট আরো তীব্র হবে। সেজন্য আপনারা একটা বিধিব্যবস্থা করুন। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের একটা সার্কুলার দিয়ে দিন, কোথায় কোথায় টি-আর হবে, চালের দোকান কোথায়

হবে, কৃষিঋণ কত দরকার, গ্র্যাটুইসাস রিলিফ কত প্রয়োজন, সি. পি. লোন, মিডল ক্লাস লোন ইত্যাদির জন্য যেন এখন থেকে ব্যবস্থা করা হয়। এবং যাতে একটা টোটাল প্রগ্রাম নিয়ে ভবিষ্যতের জন্য কাজ করা হয় তার ব্যবস্থা যেন সরকার গ্রহণ করেন।

Mr. Speaker: I am trimming it down for reasons of my own in consultation with the Whip of your party.

Sj. Nishapati Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিরোধী দল যেসমস্ত ভাসা ভাসা অভিযোগ করেছেন সে সম্বন্ধে দু-একটি কথা প্রথমেই বলব। মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিসংখ্যান দিয়ে মাননীয় সদস্যদের দুটি খাতা বিলি করেছিলেন, সেগুলির বিষয়ে যে বক্তব্য করেছেন তাতে সত্যিই একটু মর্মাহত হয়েছি। সদস্য মহাশয়রা আজ ১০-১২ বৎসর যাবৎ এই খাদ্যনীতি নিয়ে আলোচনা করে আসছেন এবং সকলেরই মগজের ভিতর একটা ধারণা বোধ হয় জন্মেছে যে এই রাজ্যে খাদ্য পরিস্থিতি কি। সকলেই জানে যে এই রাজ্যে ৩ কোটি বিঘা জমি এবং সেই জমিতে যদি চাল হিসাবে ধরা যায় তা হলে ৪ মণ করে ধরলে ১২ কোটি মণ হয়—গমও তার মধ্যে ধরা যেতে পারে। যদি প্রতি মাসে এক কোটি লাগে তাহলে ১২ মাসে ১২ কোটি মণ চাল ও গমের প্রয়োজন হয়। ১৯৪৭-৪৮ সালের হিসাব যদি সদস্যরা ভাল করে তদন্ত করে দেখেন তাহলে দেখবেন বড়জোর ১০ কোটি মণ চালের মত ফসল ফলত, আজ সোয়া এগার কোটি মণ ফলন হচ্ছে। ঘাটতি এক মাসের মত আছে। তবে এর মধ্যে একটা সমস্যা দেখা দিয়েছে, আমাদের কন্ট্রোলএর সময় ধানের গোলাতে ধান থাকত না, কিন্তু এখন অনেকের উঠানেই ধানের গোলা দেখা দেয়। অনেক বেকার লোক ধান চালের ব্যবসা করে জীবিকা নির্বাহ করছে। কিন্তু তা সত্ত্বেও কোন কোন এলকায় খাদ্যের অভাব আছে এবং কোন কোন এলেকায় হয়তঃ কাজের অভাবে দুঃখ ভোগ করছে। কিন্তু আজ ডাঃ ঘোষ একটা কথা বলেছেন, আমি তাঁর কথাকে শ্রদ্ধা করি যে গাদা গাদা পয়সা ঢেলে খয়রাতি করলেই দেশের শ্রীবৃদ্ধি হবে না। এটা সত্যি কথা। যদি দশ বৎসরের খতিয়ান নেওয়া যায় তাহলে দেখা যাবে ৩৫ কোটি টাকা খাদ্য বিভাগে খরচ হয়েছে আর ফেমিনএ খরচ হয়েছে ১৮ কোটি টাকা। বছরের পর বছর এভাবে টাকা খরচ হচ্ছে। মাননীয় সদস্য বলেছেন পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বারা আমাদের কতটা খাদ্য ফসল অধিক ফলছে। আমি হিসাবের মধ্যে যেতে চাই না, আমি অত্যন্ত শ্রদ্ধা সহকারে বলছি যে, খাদ্যসমস্যা সমাধানের মূল নীতি হচ্ছে—অবিশ্বাসের মনোভাব থাকলে হবে না—অসহযোগের মনোভাব থাকলে হবে না, মূল নীতি হচ্ছে আত্মনির্ভরশীল করবার জন্য সকলের উপর বিশ্বাস ও আস্থা থাকা দরকার। যারা খাদ্য উৎপাদন করছে তাদের জন্য আমাদের কর্তব্য পালন করবার জন্য আন্তরিক আগ্রহ থাকা দরকার। শ্রীসরোজ রায়, এই প্রসঙ্গে কয়েকটি কথা বলেছেন যে, কেরালায় আজকে ৭ লক্ষ একর জমি ভূমিহীন কৃষকদের দেওয়া হচ্ছে, ও'রা কি জানেন না যে আমাদের এখানেও জমিদারী প্রথা উচ্ছেদের ফলে অন্ততঃপক্ষে কিছু জমি আমাদের হাতে এসেছে।

[12-30—12-40 p.m.]

নিশ্চয়ই যারা গরীব, যারা আমরা চাষী, যারা ভাগচাষী, তাদের দেওয়া হবে। একথা নিশ্চয়ই সরোজবাবু জানেন যে ৪৬ লক্ষ একর পতিত জমি, অনাবাদী জমিতে আজ ফসল ফলছে। একথা সরোজবাবু নিশ্চয়ই জানেন, যে, প্রায় ১০ লক্ষ একর জমিতে আজ ভালভাবে জলসেচের ব্যবস্থা করে যেখানে ৫ মণ ধান ফলত সেখানে আজ সাত মণ, আট মণ, নয় মণ পর্যন্ত ধান ফলান হচ্ছে। আজ এইসব দেশের শ্রীবৃদ্ধির কাজ দেখতে হবে, ব্যয়ের দিকে তাকালে চলবে না। প্রত্যেক দিকটা আজ বিচার বিশ্লেষণ করে দেখতে হবে, দেখতে হবে কোন্ কাজটার মধ্য দিয়ে দেশের মজুরদের, কৃষকদের উপকার করতে পারব। আমি খুব আনন্দিত যে পশ্চিমবঙ্গ সরকার আজ এদিক দিয়ে একটা মস্ত বড় পরিকল্পনা—দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা—এনেছেন, তাতে দরিদ্র কৃষক, মজুর, দরিদ্র গ্রামবাসী যারা নদী তীরে বাস করে, যারা বনে উপবনে ছোট ছোট ঘর বেঁধে জীবন নির্বাহ করছে তাদের জীবন, তাদের হাতের কাজ ভাল করবার জন্যে, তাদের হাতের শক্তি বাড়িয়ে তুলবার জন্য চেষ্টা করছেন। এই আয়োজন সার্থক হোক।

Mr. Speaker: I have repeatedly requested the honourable members of this House not to drag outsiders who cannot defend themselves. I know they live up to their commitments, only they forget from time to time.

Sj. Amal Kumar Ganguli:

মাননীয় স্পীকার মহাশয়, সরকার পক্ষের কিছু কিছু মাননীয় সভ্য তাঁরা যদিও অন্তরের সংগে বোঝেন যে দেশে আজ কি ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং এই পরিস্থিতি দিন দিন কিভাবে জটিলতার দিকে এগুচ্ছে তা সত্ত্বেও তাঁরা সমস্ত জিনিসটাকে ধামাচাপা দেবার চেষ্টা করছেন। মাননীয় সভ্য জগন্নাথবাবু বলেছেন যে সংকট আছে বলে যদি আমরা খাদ্যের দাবীতে আন্দোলন করে আতঙ্ক সৃষ্টি করি তাহলে যারা হোর্ডারস তাদের ব্যবসায় মুনাফা করে দেবার সুযোগ করে দেওয়া হবে। বামপন্থীদের আন্দোলনই মজুতদারদের শক্তিশালী করতে সাহায্য করছে। আমি এই প্রসংগে একটা কথা তাকে জিজ্ঞাসা করি যে বামপন্থীদের এই যে আন্দোলন তার জন্য আজ হোর্ডারসরা শক্তিশালী হচ্ছে, না গত দশ বছর ধরে তাঁরা অর্থাৎ কংগ্রেসী সরকার ও কংগ্রেসী নেতৃত্ব পশ্চিমবংগে ভূমিব্যবস্থায় এমন এক নীতি গ্রহণ করেছেন যার ফলে তাঁরা আজ পর্যন্ত চাষীকে এক ছটাক জমি দিতে পারলেন না উপরন্তু তাঁরা বামপন্থীদের হুসিয়ারী সত্বেও ভূমিসংস্কার আইনের মধ্যেই নানা গলদ ইচ্ছা করে বজায় রেখে লক্ষ লক্ষ ভাগচাষীকে জমি থেকে উৎখাত করলেন এবং তার ফল হিসেবে জমির ফসল যে মুষ্টিমেয় লোকের হাতে সঞ্চিত হচ্ছে? কংগ্রেসী সরকারের কায়েমী স্বার্থ ঘেঁসা খাদ্যনীতি বা ভূমিসংস্কার নীতির ফলেই আজ জোতদার এবং তার সংগে সংগে যারা হোর্ডারস তাদের হয়ত শক্তিশালী করছে। এই সত্যকে কিভাবে ঢাকা দেবেন? আমি যদি প্রশ্ন করি যে যখন অগ্রহায়ণ-পৌষ মাসে এই ফসল উঠল সেই ফসল তাঁরা নিজেরা সরকারী তত্ত্বাবধানে ক্রয় করার জন্য কোন আন্তরিক চেষ্টা না করে তাঁরা ব্যবসায়ীদের বেপরোয়া কেন টাকা দাদন দিলেন, ধান চাল কেনার জন্য। তাতেই কি তাঁরা হোর্ডারসদের মজুতদারী ও মুনাফার কাজে উৎসাহিত করলেন না? আজকের এই ভয়াবহ খাদ্যপরিস্থিতি সৃষ্টির জন্য বামপন্থীরা দায়ী না সরকারী খাদ্যনীতি দায়ী সেটা বিচার করতে হবে। আমি যদি কংগ্রেসী সদস্যদের প্রশ্ন করি যে গত কয়েক মাস ধরে এই বামপন্থীরা বারবার চিৎকার করেছেন যে, বিভিন্ন জায়গায় এই সমস্ত মজুতদাররা খাদ্যকে কিভাবে লুকিয়ে রাখছে এবং লুকিয়ে রেখে আগামী কয়েক মাসে কিভাবে তারা মুনাফা লুটবে এবং সাধারণ মানুষের জীবনে কি অসুবিধা সৃষ্টি হবে এই সমস্ত কথায় তাঁরা কি কোন কর্ণপাত করেছিলেন? কাজেই এই হোর্ডারসদের হয়ত শক্তিশালী করছে বামপন্থী প্রচার ও আন্দোলন এই কথা বলার অর্থ সরকারের চরম ব্যর্থতাকে আজ ঢাকা দেবার চেষ্টা করা। তারা দশ বছর ধরে জনসাধারণের বিরুদ্ধে যে একটানা আক্রমণ চালিয়ে আসছেন তাকে লুকিয়ে রাখার একটা অপকৌশল ছাড়া আর কিছুই নয়। কাজেই এই কথা বলে বিরুদ্ধপক্ষের সমালোচনাকে না শোনার যে মনোভাব সেটা দেশপ্রেমের অভাব থেকেই আসে। সুতরাং আমি খাদ্যমন্ত্রী এবং মাননীয় সভ্যদের অনুরোধ করব যে বিরোধীপক্ষের লোকেরা যে কথা বলছেন তা তারা একটু সহানুভূতিশীল মন নিয়ে যেন বিচার করে দেখেন। দেশের মানুষ আজ কোথায় গিয়ে দাঁড়াচ্ছে তা আজকে অন্তর দিয়ে একটু বোঝবার চেষ্টা করলে পথ নিশ্চয় খুঁজে পাওয়া যাবে। আমাদের পক্ষ থেকে খাদ্যব্যবস্থা সম্পর্কে বহু কথা বলা হয়েছে, বহু অভিমতও উপস্থিত করা হয়েছে। সংকট যে আজ তীব্রভাবেই এসে উপস্থিত হয়েছে তা আর নতুন করে বলার কোন প্রয়োজন নেই। আমি হাওড়া জেলার লোক এবং সেখানে সংকট আছে কি নেই একথা গত এক বছরে সেখানে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার মধ্য দিয়েই প্রমাণিত হয়। হাওড়া জেলায় মাত্র চার মাসের খোরাক হাওড়া জেলার জমি থেকে উৎপন্ন হয়। সেই হাওড়া জেলায় দুটো থানা আমতা ও উলুবেড়িয়া গত বন্যায় একেবারে প্লাবিত হয়ে গেছে। গত বৎসর এই দুইটি থানায় এক দানাও ফসল হয় নি। ফলে হাওড়া জেলায় এবার মাত্র এক মাসের খোরাক উৎপন্ন হয়েছে। হাওড়া জেলায় আজ পাঁচ লক্ষ লোকের রেশনের জন্য আজ ব্যবস্থা করতে হচ্ছে, সেখানে এক লক্ষ আনএমপ্লয়েড যুবক কাজের জন্য অপেক্ষা করে বসে, যেখানে রিলিফ দিতে হবে এইরকম মানুষের সংখ্যা প্রায় ৪০ হাজার সেখানেও যদি বলা যায় যে সংকট নেই তাহলে আমি প্রশ্ন করব যে সেখানকার সত্যিকারের অবস্থা কি তা আপনারা পরিষ্কার করে ব্যাখা করে বলুন। কাজেই সেদিকে না গিয়ে আসলে সমস্যার সমাধান কি করে করা যায় আসুন, আমরা সকলে সেই চেষ্টাই

করি এবং সেই হিসেবে আমার দুটি বক্তব্য আমি আপনাদের কাছে নিবেদন করতে চাই। তা হচ্ছে এই যে, আপনারা এই বৎসর চাষ যাতে ভাল হয় তার জন্য কৃষিঋণ সরবরাহ দিচ্ছেন, সেটা যাতে সুষ্ঠুভাবে বিলি হয় তার জন্য চেষ্টা করুন, গ্রামে গ্রামে যে আংশিক রেশনিং ব্যবস্থা চালু হয়েছে তার সুষ্টু বণ্টনের জন্য কার্যকরী পন্থা গ্রহণ করুন এবং তা করতে গেলে ইউনিয়ন থেকে আরম্ভ করে প্রদেশের ভিত্তিতে একটা এ্যাডভাইসরী বোর্ড তৈরী করতে হবে। এ্যাডভাইসরী বোর্ড না করলে সমস্ত ব্যবস্থাই গোলমালে পর্যবসিত হয়ে কোন কিছুরই সমাধান হবে না। কোন্ দলে দুর্নীতি করছে সেটাই আজ আমাদের নিকট বড় প্রশ্ন নয়, জনসাধারণ যে খাদ্য পাচ্ছে না এটাই আজ প্রধান কথা। এবং আমাদের সকলের চিন্তার কথা। কাজেই এই বুভুক্ষু মানুষ, ক্রয় ক্ষমতাহীন লক্ষ লক্ষ মানুষকে যদি রক্ষা করতে হয় তাহলে সমস্ত রকমের দুর্নীতি ও অপচয়কে বন্ধ করতে হবে, আমলাতান্ত্রিক মনোভাবকে বিসর্জন দিতে হবে আর এই কাজে সঠিকভাবে সাহায্য করতে পারে যদি গ্রামে গ্রামে, জেলা ও প্রদেশ ভিত্তিতে সাধারণের আস্থাভাজন এ্যাডভাইজরী বোর্ড গড়ে ওঠে। অন্যদিকে আপনারা যে বণ্টন করছেন সেই বণ্টনের একটা সুষ্টু নীতিও নির্ধারণ আপনাদের করতে হবে।

[12-40—12-50 p.m.]

Sj. Amarendra Nath Basu:

মাননীয় সভাপাল মহাশয়, আজকের সভায় খাদ্যের উপর দীর্ঘ আলোচনা হয়েছে। শ্রদ্ধেয় জ্যোতিবাবু এবং ডাঃ পি, সি, ঘোষ, বলবার পর আমার মনে হয় বিশেষ কিছু বলবার আর নেই। এই খাদ্যের উপর আলোচনা করতে উঠে আমার একটি কথা মনে পড়ছে। দিনকতক আগে আমি একটা সাপ্তাহিক পত্রিকা পড়েছিলাম। বাংলার দুইজন সাহিত্যিক রুশদেশে বেড়াতে গিয়েছিলেন, সেখানে একজন কবির সঙ্গে তাদের আলোচনা করবার সুযোগ হয়েছিল সেই সংবাদ তায় মধ্যে তারা জানিয়েছেন। সেই কবি ভারতবর্ষের অতীত এবং বর্তমানের উচ্ছ্বসিত প্রশংসা করবার সঙ্গে সঙ্গে বললেন—আমি সেই দিনের অপেক্ষায় আছি যেদিন ভারতবর্ষের মানুষ সারাদিন পরিশ্রম করবার পর বলতে পারবে আজ আমরা পেট ভরে খেতে পেয়েছি। সত্যিই আজ এই অবস্থা। আজকে বাংলাদেশের মানুষ বলতে পারে না, আমরা বলতে পারছি না যে আমরা পেট ভরে খেতে পাচ্ছি। ডাঃ ঘোষ খাদ্য সম্বন্ধে যা বলেছেন, আজ হয়ত আমরা তত দূর যেতে না পারি, কিন্তু ডাল ভাতের ব্যবস্থা, শাক ভাতের ব্যবস্থা ষোল আনা মানুষের জন্য করা অত্যন্ত প্রয়োজন বলে মনে করি এবং সেটা যদি না হয় তাহলে আমাদের বুঝতে হবে গলদ আছে এবং সেই গলদ দূর করবার চেষ্টা আমাদের করা উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রীর কাছে আমার নিবেদন, বাংলাদেশে চাষের যোগ্য এক ছটাক জমিও যেন না পড়ে থাকে। চেষ্টা করতে হবে প্রত্যেকটি জমি থেকে যেন দুবার আমরা ফসল তুলতে পারি। তার জন্য আমার মনে হয় ভেবে দেখতে হবে আল ভাঙ্গার প্রয়োজন আছে কিনা। আল ভাঙ্গার প্রয়োজন যদি থাকে কিভাবে চাষীকে সন্তুষ্ট করে তা ভাঙ্গা যায় তা চিন্তা করতে হবে। কৃষকের পুরা ঋণ মাপ করে দিতে হবে। কৃষির যন্ত্রপাতি, সার এবং বীজ তাকে অমনি দিতে হবে—ধারে নয়। তার মধ্য দিয়ে যা উৎপন্ন হবে সেই উৎপন্ন দ্রব্য যাতে ভালভাবে বণ্টন হয়, যাতে চোরা কারবারীর হাতে না যায়, সেদিকে নজর রেখে সকল মানুষের সাধারণ ডাল ভাতের ব্যবস্থা আমরা যাতে করতে পারি সেদিকে নজর দেওয় উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় যে সমস্ত আলোচনা হয়েছে তার মধ্যে, আমি মনে করি, আমাদের পক্ষ থেকে যে আলোচনা হয়েছে তা যুক্তিযুক্ত। এই কথা শুনে আমাদের আলোচনার পর, আমি আশা করব খাদ্যমন্ত্রী মহাশয় বিশেষভাবে পরামর্শ করে খাদ্য সমস্যা সমাধানের চেষ্টা করবেন। খাদ্যের সংকট আছে, সেটা বলে আমরা আতঙ্কিত করবার জন্য চেষ্টা করছি না সাধারণ মানুষকে। বিশেষ করে বিধান সভার মধ্যে আমরা যে আলোচনা করি সে আলোচনা করি নিজেদের মধ্যে বোঝাপড়া করবার জন্য। আমি আরো তাঁকে অনুরোধ করব তিনি যেন সকলের সঙ্গে পরামর্শ করে খাদ্য সংকট আছে স্বীকার করে সে সংকট কি করে দূর করা যায় তার জন্য যেন চেষ্টা করেন।

এখন আমি কলকাতার বস্তী সম্পর্কে দুটো কথা বলেই শেষ করব। সেখানকার মানুষ অত্যন্ত গরীব. সেখানকার মানুষের এত বেশী দামে চাল খাবার উপায় নাই। তারা যাতে সুবিধা দরে চাল পায় তার ব্যবস্থা করবেন. এই আমার বক্তব্য।

Sj. Charu Chandra Mahanty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য পরিস্থিতি সম্বন্ধে আলোচনা নিশ্চয়ই গুরুত্বপূর্ণ বিষয়. সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু সেই পরিস্থিতি আমাদের বিরোধী পক্ষীয় সদস্যগণ যেভাবে আশংকাজনক বলে উপস্থাপিত করেছেন, তা কিন্তু ঠিক নয়। আমাদের পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট অবহিত আছেন এই খাদ্যাবস্থার সম্পর্কে। দেশে যে খাদ্যের অভাব আছে তার মূল্য যে বৃদ্ধি হয়েছে এবং তার জন্য যে বহু লোকের কষ্ট হচ্ছে তা তাঁরা সম্পূর্ণরূপে অবহিত আছেন, এবং যে অবস্থা উপস্থিত হয়েছে তার সমাধান করতে তাঁরা প্রস্তুত আছেন, এবং তা সমাধান হবেই হবে।

খাদ্যের অভাব আছে সন্দেহ নাই। মহাযুদ্ধের সময় এবং তার পূর্ববর্তী কালে পৃথিবীময় খাদ্য সঙ্কট দেখা দিয়েছিল। তার পরে কোন কোন দেশ সেই খাদ্য সঙ্কট মোচন করতে পেরেছে, কোন কোন দেশ পারে নি। আমাদের ভারতবর্ষের খাদ্যাভাব সম্পূর্ণরূপে মোচন করতে কিছু সময় লাগবে—তাতে সন্দেহ নাই। তার পরে বাংলাদেশ দু ভাগে বিভক্ত হবার ফলে পূর্ববঙ্গে ধানের জমি চলে গিয়েছে বেশী, তার জন্য আমাদের পশ্চিমবঙ্গে ঘাটতি হবারই কথা। তা সত্বেও দেখছি খাদ্যের ঘাটতি সারা ভারতবর্ষেই শুধু নয় পশ্চিমবঙ্গেও কিরকম ভাবে সেই ঘাটতি কমে আসছে। আমাদের গভর্নমেন্ট যে দু খানা বই দিয়েছেন তাতে হিসেবের সুবিধা হবে। কিন্তু ও'রা তাকে অবিশ্বাস করেছেন—সব ডিস্টরশন অব ফ্যাক্টস—এই কথা মাননীয় জ্যোতিবাবু মহাশয় বলে গিয়েছেন। তিনি বিশ্বাস করেন না, কিন্তু অন্য রকমের যে কোন পরিসংখ্যান তও তিনি দেন নাই। যা হোক খাদ্যের অভাব আছে—সকলেই স্বীকার করেন। খাদ্যের এই দুরবস্থা দূর করবার জন্য একটা দীর্ঘমেয়াদী এবং স্বল্পমেয়াদী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। শুধু বাংলা সরকার নয়, কেন্দ্রীয় সরকারও তার ব্যবস্থা করে আসছেন, শ্রীযুক্ত অশোক মেহতাকে নিয়ে যে কমিটি নিয়োগ করেছেন, সেই কমিটিকে ব্যাপক স্কোপ দেওয়া হয়েছে, কিভাবে ভবিষ্যতে ভারতবর্ষের খাদ্য পরিস্থিতির উন্নতি হতে পারে, কিভাবে খাদ্যের উৎপাদন বৃদ্ধি হতে পারে, কি করে মূল্য কম হতে পারে, কিভাবে পতিত জমি না পড়ে থাকতে পারে, সেসব বিষয় নির্ণয় করবার জন্য উক্ত কমিটির উপর ভার দেওয়া হয়েছে। এবং এই কমিটির সুপারিশ ক্রমে দীর্ঘমেয়াদী ও স্বল্পমেয়াদী ব্যবস্থা গ্রহণ করা হবে। আর আমাদের বাংলাদেশে দীর্ঘমেয়াদী ব্যবস্থা হিসেবে নদী পরিকল্পনা রয়েছে। কৃষি বিভাগ কৃষকদের সার দেবার ব্যবস্থা করছেন। ১০ বৎসর আগে কি সার আমাদের চাষীরা ব্যবহার করত? এবং আজ কত সার তারা ব্যবহার করছে তা হিসেব করে দেখুন, তাহলে বুঝতে পারবেন আমাদের চাষীরা এখন ম্যানিওর মাইন্ডেড হয়েছে এবং ঢের বেশী সার ব্যবহার করছে। সিন্ধ্রি কারখানা তৈরী করার ফলেই এদের সার এত বেশী করে আমরা দিতে পারছি। কৃষির উন্নতির জন্য এখনো অনেক কিছু করা বাকি আছে, কিন্তু ইতিমধ্যেই আমাদের গভর্নমেন্টও অনেক কিছু করেছেন, এবং যা কিছু করেছেন তাও কম নয়, ফলে কৃষি বিষয়ে চাষীদের উৎপাদন আমরা বাড়াতে পেরেছি।

বর্তমানে স্বল্পমেয়াদী ব্যবস্থা হিসেবে আমাদের গভর্নমেন্ট পশ্চিম বাংলার সমস্ত জায়গায় ফেয়ার প্রাইস সপ করে দিয়েছেন। যদিও ইতিমধ্যে ৬ হাজার দোকান চলছে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের উপদেশ দেওয়া হয়েছে—তাঁরা যেন ক্রমে ক্রমে সমস্ত জায়গায় ফেয়ার প্রাইস সপ খুলে দেন। এক সঙ্গে সব জায়গায় খোলার অসুবিধা, তাই ক্রমে ক্রমে খুলতে বলেছেন। আমাদের দেশে ভাদ্র, আশ্বিন ও কার্ত্তিক মাসে খাদ্য কষ্ট হয়। সেই খাদ্য কষ্টের সময় আপনারা দেখতে পারেন গ্রামে গ্রামে গিয়ে, ন্যায্য মূল্যের দোকান খোলা হয়েছে। ফলে খাদ্যের দামও কমে যাবে। ডাঃ ঘোষ যে বলেছেন—সাড়ে সতের টাকা করে দিতে হবে, সেটা হতে পারে না কিছু কমে যাবে। খাদ্যের যে দাম বেড়েছে তার কারণ দেশের মানুষের হাতে কিছু টাকা গিয়েছে। নয় কোটি টাকা সরকার গত বছর খরচ করেছেন রিলিফে। তা ছাড়া পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে টাকা তাঁরা খরচ করেছেন সে টাকাও দেশের মানুষের হাতে পড়েছে, দরিদ্র ও মধ্যবিত্তের হাতে টাকা পড়লে সে টাকা তারা সঞ্চয় করে রাখতে—বা জমিয়ে রাখতে পারে না, তাদের সে টাকা তারা বাজারে পাঠায় জিনিসপত্র খরিদ করবার জন্য।

সুতরাং এখন যে জিনিসপত্রের দাম বাড়বে, এটা অস্বাভাবিক নয়, স্বাভাবিক। সুতরাং এখানে যে বলা হয়েছে নিম্নের দর সাড়ে সতের টাকা হওয়া দরকার, তা না হয়ে তার অপেক্ষা কিছু বেশী থাকবে।

[12-50—1 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকার এই খাদ্য বিতর্কে বিরোধী পক্ষের বক্তৃতা তিন ভাগে বিভক্ত করা যেতে পারে। কয়েকজন বন্ধু খুব ভাবাবেগপূর্ণ বক্তৃতা দিয়েছেন, কেউ কেউ ক্ষোভ উষ্মা প্রকাশ করেছেন। আবার আমাদের ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় ভাবাবেগবর্জিত বক্তৃতা দিয়েছেন সামগ্রিক দৃষ্টি নিয়ে। আর আমাদের অপজিশনএর নেতা মাননীয় জ্যোতি বসু মহাশয় তার বক্তৃতার মধ্যে যদিও খুব বেশী উষ্মা ছিল না, ক্রোধও ছিল না, পূর্বে পূর্বে যেমন থাকত কিন্তু যেন কি রকম একটু খাপছাড়া ভাব দেখলাম, ট্র্যান্সিশনএর ভিতর দিয়ে যাচ্ছেন বোধ হয় সেজন্য তাঁর বক্তৃতা তত সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে হয় নাই। আমি সর্ব প্রথমে মাননীয় ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয়ের বক্তৃতা সম্বন্ধে দুই-একটি কথা বলবো—তিনি সামগ্রিকভাবে আমাদের খাদ্য পরিস্থিতিটা দেখেছেন এবং বাস্তবিকই তাই দেখা উচিত। আমাদের যে ফুড ডিপার্টমেন্ট—খাদ্য বিভাগ—সত্যি তার যেন কাজ হচ্ছে শুধু চালের কথা ভাবা। গমের কথা যদি ভাবতে চাই তাহলে আবার বন্ধুরা রাগ দেখান—বলেন যে আমরা বাঙ্গালী, আমরা গম খেতে পারব না।

Dr. Profulla Chandra Chose:

আমি কিন্তু তা বলি নি।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি আপনার কথা বলছি না। আমি খাদ্য বিভাগের কথা বলছি। খাদ্য বিভাগের কথা হচ্ছে এই আমরা খাদ্য মানে যেন ধরে নিয়েছিলাম সিরিয়ালস। মাননীয় ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় তার বক্তৃতায় বলেছেন, তিনি পরিষ্কার করে এ কথা বলেছেন খাদ্য মানে শুধু তণ্ডুল জাতীয় পদার্থ বা সিরিয়ালস নয়, খাদ্য মানে আরও অনেক কিছু। এ কথা সত্য। আমাদের খাদ্যের কথা ভাবতে গেলে শুধু ফুড ডিপার্টমেন্টএর চালের কথা এবং জোর করে গমের কথা না ভেবে আমাদের অন্যান্য জিনিসের কথা নিশ্চয়ই ভাবা উচিত এবং আমি ভাবছিলাম যে আবার যখন খাদ্য বিতর্কের কথা উঠল বিরোধী পক্ষের নেতারা যখন বল্লেন আর একটা দিন দিতে হবে খাদ্য বিতর্কের জন্য তখন আমি ভাবলাম আবার খাদ্যের কথা কি হবে? খাদ্যের কথা মাননীয় গভর্নরের এড্রেসএর উপর হয়েছে, বাজেটের জেনারেল ডিসকাসনএর উপর হয়েছে, আমি যখন ডিম্যান্ড মুভ করেছি তখন হয়েছে এবং প্রশ্নোত্তরের মধ্য দিয়েও অনেক কথা উঠেছে। তবে আজকে নিশ্চয়ই লাভ হল এবং মাননীয় সদস্যদেরও এ পক্ষের এবং ও পক্ষের সকলেরই লাভ হল এই যে আজকে সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে ডাঃ ঘোষ আমাদের সামনে খাদ্য পরিস্থিতি ধরেছেন। আমি সত্যই মনে করি, আমাদের খাদ্য সমস্যার সমাধান করতে গেলে চালের সমস্যা সমাধান করলে হবে না, শুধু গম খেতে বল্লে হবে না, আমাদের সুসম খাদ্যের ব্যবস্থা করতে হবে। তারই মানে খাদ্যের পরিস্থিতির সম্মুখীন হওয়া। আমাদের দুধ নেই, আমরা বাঙ্গালীরা সর্ষের তেল না হলে বাঁচতে পারি না, মাছ ভাজা চাই, পটল ভাজা চাই, আমাদের সর্ষের তেল দরকার, আমাদের কিছু ঘিও নিশ্চয়ই দরকার, আমাদের চিনি এবং গুড় দরকার, আমাদের ডাল দরকার, মাছ দরকার, আমাদের ডিম দরকার, আমাদের মাংস দরকার—আমি নিরামিশাষীদের কথা বলছি না- তারা দুধ তো খাবেনই। কিন্তু এই সমস্ত আমাদের যা উৎপাদন তার দিকে যদি একবার তাকাই—চালের উৎপাদন তো অনেক ভাল হয়েছে কিন্তু এই সমস্ত জিনিসের উৎপাদন কি রকম তা যদি দেখি তাহলে বাস্তবিকই মাথায় হাত দিয়ে বসতে হয়। আমি ডাঃ ঘোষ মহাশয় যখন বক্তৃতা করছিলেন তখন খুঁজে পেতে দেখছিলাম আমাদের দেশে অন্যান্য জিনিস—চাল গমের কথা নয়—কি আমরা পশ্চিমবঙ্গে উৎপন্ন করি এবং আমাদের প্রয়োজনীয়তা কি তা দেখে নিশ্চয়ই সকলেই আমরা হতাশ হব, হতবম্ভ হব। আমি দেখছিলাম আমাদের বাংলাদেশে

সাত লক্ষ টন ডাল দরকার—যদি আমরা তিন আউন্স করে মাথাপিছু প্রত্যহ ডাল খাই তাহলে সাত লক্ষ টন ডাল দরকার, আর পশ্চিমবাংলায় উৎপন্ন করি মাত্র ৪ লক্ষ টন। কাজে কাজেই ডালের বেলাতে আমাদের যা ঘাটতি তা চালের চেয়ে ঢের বেশী। আমাদের এখানে পশ্চিমবাংলায় গুড় এবং চিনি আমাদের প্রয়োজন—পোনে পাঁচ লক্ষ টনের প্রয়োজন যদি আমরা প্রত্যহ দুই আউন্স অর্থাৎ এক ছটাক করে চিনি এবং গুড় খাই। সেখানে আমরা উৎপন্ন করি এই পশ্চিম-বাংলায়—অন্য জায়গা থেকে আনি সেকথা বলছি না—চিনিতো কিছুই না বল্লে হয়, মাত্র ১ লক্ষ টন। ঘি বলুন, বনস্পতি তেল বলুন, সর্ষের তেলই বলুন, অন্য তেলই বলুন, তা আমরা মোট উৎপন্ন করি পশ্চিমবাংলায় ৫৭ হাজার টন—যেখানে আমাদের প্রয়োজন প্রায় পোণে সাত লক্ষ টন। আমাদের এখানে মাছ এবং মাংস তিন আউন্স করে যদি মাথাপিছু খাই—ডাঃ ঘোষ আবার বলবেন তিন আউন্সে কুলাবে না, তিনি মাছ খেতে বড্ড ভালবাসেন, তিনি আরও বেশী করে জাপানীরা যে হারে খায় সেই হার আমাদের কাছে বলবেন কিন্তু আমরা ধরেছি তিন আউন্স করেই যদি মাথাপিছু খাই আমরা—তাহলে মাছ এবং মাংস আমাদের প্রয়োজন সাত লক্ষ টন। আর আমাদের পশ্চিমবাংলায় আমাদের দাদা শ্রীযুত হেমচন্দ্র নস্কর মহাশয় যতই চেষ্টা করুন না কেন—উৎপন্ন হয় মাত্র ৫৭ হাজার টন। কাজেকাজেই আমাদের দেশে সুসম খাদ্য যে পরিমাণ সিরিয়ালস দরকার, যে পরিমাণ কার্বোহাইড্রেড, যে পরিমাণ প্রোটিন দরকার, যে পরিমাণ ফ্যাটস অ্যান্ড অয়েলস দরকার, যে পরিমাণ চিনি দরকার, যে পরিমাণ ফল দরকার, শাকসবজী দরকার সুসম খাদ্যের দিক থেকে সেদিকে যদি আমরা তাকাই তাহলে বাস্তবিকই আমাদের হতাশ হতে হয়। আমরা চেষ্টা করছি এগুলি বাড়াবার জন্য কিন্তু আমরা অনেক পিছিয়ে যাচ্ছি। আমাদের এই যে ফুড ডিপার্ট-মেন্ট যে কেবল চালের কথা ভাবে এবং মাঝে মাঝে গমের কথাও বলে এবং বলে আমাদের বন্ধুদের বিরক্তি উৎপাদন করে, সেই চাল এবং গমের ব্যাপারে আমরা অনেক দূর এগিয়ে এসেছি সে বিষয়ে কোন সন্দেহ নাই। আজকে মোটামুটি এখানে চালের দাম নিয়ে অনেক আলোচনা হয়েছে। গমের দামের কথা কেউ বল্লেন না। গমের দাম যে কম সে কথা কেউ বল্লেন না। আমাদের চালের উৎপাদন গমের উৎপাদন নিয়ে আমার মাননীয় বন্ধু ডাঃ আমেদ সাহেবের প্রতি যে কটাক্ষপাত করেছেন কিন্তু আমি আমার এই যে ফ্যাক্টস অ্যান্ড ফিগার দিয়েছি তাতে যদি শতকরা ২৫ ভাগ ভুল থাকে, তাহলে ১৯৪৭ সালের ফিগারএও ভুল আছে, ১৯৫২ সালের ফিগারএও ভুল আছে, ১৯৫৬-৫৭ সালের ফিগারএও ভুল আছে। ভুল যদি সমানই হয়, ভুল যদি এক হয় অনুগ্রহ করে এক্স বাদ দেবেন কি এক্স যোগ দেবেন সেটা আপনারা হিসাব করে দেখবেন। আমি এটা দেখিয়েছি যে আমাদের স্বাধীনতার আগে পাঁচ বছরের গড় নিয়েছি। এবং ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ বৈজ্ঞানিক, তিনি নিশ্চয়ই কোন একটা বিশেষ বছরকে ধরে যদি আমি বলি—আপত্তি করতে পারেন কিন্তু আমি গড়ে দেখিয়েছি যে ১৯৪৭-৪৮ সালে যে পাঁচ বছর শেষ হয়েছে তার গড় যা ছিল তার চেয়ে দুই লক্ষ টন আমরা বেশী উৎপন্ন করেছি, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পাঁচ বছরের গড়ে, ১৯৫৫ সালে সেটা শেষ হয়। আর তারপরে আমরা করেছি প্রায় ৪২ লক্ষ টনের উপর—উৎপাদন এবং এই উৎপাদন অমনিই হয় নি। হঠাৎ ১৯৫৩ সালে প্রকৃতির দয়াতে সুবৃষ্টি হওয়ার জন্য—হয়ত ৫৩ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছিল। তাতে কটাক্ষপাত করে অনেকে হয়ত বলতে পারেন তোমাদের কিছু কেরামতি নাই, বাহাদুরি নাই, তোমাদের সেচ বিভাগের মন্ত্রীকেও ধন্যবাদ দেওয়া যাবে না—তোমাদের কৃষিমন্ত্রীও ধন্যবাদের পাত্র নন, ও ধন্যবাদ আমরা ভগবানকে দেব। যারা ভগবান মানেন না তারা বলবেন, প্রকৃতিকে দেব। আকাশকে দেব ওতো অমনিই হয়েছিল। কিন্তু পাঁচ বছরের গড়—সেই গড় দেখলে বুঝা যাবে যে আমাদের অত্যন্ত ফসল উৎপাদনের দিকে উন্নতি হয়েছে। উন্নতি হল কেন? অমনিই হয় নি। আমাদের সেচ বিভাগের মন্ত্রীমহাশয়—প্রাকস্বাধীনতার কালে জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন এবং ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয়ও জানেন পূর্বে শতকরা ১৪ ভাগ জমিতে পশ্চিমবাংলায় সেচের ব্যবস্থা ছিল। আজকে সেখানে শতকরা ৩২ ভাগ জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। অমনি বাড়ে নি।

[1—1-10 p.m.]

ফসল অমনি বাড়ে নাই। এই যে ফসল বেড়েছে প্রতি বছর ৮ লক্ষ টন, আমি গড় বলছি, সেটা বেড়েছে এইজন্য যে আমরা এখন অনেক বেশী পরিমাণ সার ব্যবহার করছি, ফার্টিলাইজার রাসায়নিক সার এবং অর্গেনিক ম্যানিওর যাকে বলে সেই গোবর কম্পোস্ট, পুকুরের পাঁক এই

সমস্ত আমরা বেশী করে ব্যবহার করছি। তারজন্য আমাদের উৎপাদন বাড়ছে। আমাদের এখানে কৃষিমন্ত্রী মহাশয় আছেন, তাঁর যে ছোট ছোট স্কীম আছে, মাইনর ইরিগেশন স্কীম তারজন্যও ফসল বেড়েছে এবং সেই ফসল যে বেড়েছে এই কথা আমরা বলেছি। আমরা এ কথা মোটেই বলি নাই যে আমাদের খাদ্যশস্যের অভাব নেই (অবশ্য ১৯৫৪ সালের খাদ্যমন্ত্রী হিসেবে, চাল এবং গমের মন্ত্রী হিসেবে, দুধের মন্ত্রী হিসেবে নয়, মাছের মন্ত্রী হিসেবে নয়, তরীতরকারির মন্ত্রী হিসেবেও নয়, আলুর মন্ত্রী হিসেবেও নয়, চাল ও গমের মন্ত্রী হিসেবে একথা বলেছি)। সেই কথায় মাননীয় জ্যোতি বসু মহাশয় কটাক্ষপাত করেছিলেন যে ১৯৫৫ সালে খাদ্য সমস্যা মিটে গেছে! আমি আগেই বলেছি খাদ্য সমস্যা মানে চালের সমস্যা নয়, আমি গম সমস্যার কথা বলছি না। মূল্যের কথা পরে বলছি। চালের উৎপাদন বেড়েছে। আমাদের এই বইয়ে আরো যেসমস্ত অঙ্ক দিয়েছি, তার প্রতি অনেকে কটাক্ষপাত করেছেন—এর মধ্যে সব জিনিস স্ট্যাটিস্টিকস নাই, কত টাকার খাদ্য শস্য এসেছে তারও কোন স্ট্যাটিস্টিকস নয়, ভাণ্ডার থেকে কত টাকা বেরিয়ে গেছে, কি পরিমাণ খাদ্যশস্য জাহাজে আমদানি হয়েছে, যে স্ট্যাটিসস্টিকস নিয়ে ঠাট্টা করা যেত, সেও স্ট্যাটিস্টিকস নয়। তাতে আমরা দেখছি ভারতবর্ষের লোকসংখ্যা দুই কোটির বেশী বেড়েছে, এই কয়েক বছরে। জ্যোতিবাবু বললেন তারজন্য তোমরা হেলথ ডিপার্টমেন্টএর গুণগান করেছ। কেন তোমরা বলেছ লোকের মৃত্যুহার কমে গেছে? আমি এখানে হেলথ ডিপার্টমেন্টএর কোন গুণগান করতে চাই নি। মাননীয় জ্যোতিবাবু সন্ধ্যার সময় পেয়ে ওটা একটু মন দিয়ে পড়তে পারেন নি। যদি আমাদের মৃত্যু হার ৮·২ হয়ে থাকে হাজার করা বছরে, তাহলে বৃদ্ধির হার আরো বেশী হবে। আমাদের লোকসংখ্যা কত। পশ্চিমবঙ্গে তা বলতে গিয়েছি। আমি হিসেবে বৃদ্ধির হার যদি ১·৩ পারসেন্ট পার ইয়ার ধরি, তাহলে পরে আমাদের পশ্চিমবাংলার লোকসংখ্যা দুই কোটি ৯২ লক্ষ দাঁড়াবে। আরো যদি হেলথ ডিপার্টমেন্টএর ঐ সমস্ত কৃতিত্বের কথা ধরি, তাহলে দেখা যাবে মৃত্যুহার কমে গেছে। অপ্রকাশিত ইণ্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটএর হিসেবের কথা বলেছেন—জ্যোতিবাবু বলেছেন, জানি না, যেটা প্রকাশিত নয়, সে কথা বলে কোন লাভ নাই। আমি তা নিয়ে আলোচনা করতে চাই না। আমাদের শুধু লোকসংখ্যা কি করে দুই কোটি ৯২ লক্ষ হলো, তা আর একটা সেন্সাস না হওয়া পর্যন্ত বলা যাবে না। তবে মোটামুটি হিসেবে বলতে হবে ১:৩ পারসেন্ট বৃদ্ধি হয়েছে। সে কথা আগেই আমি বলেছি। তারপর আরো বলেছি এই খাতাতে যে আমাদের খাদ্যশস্য এখানে আগের তুলনায় বেশী হয়েছে এবং লোকসংখ্যাও বেড়েছে। অবশ্য সে কথা কোন মাননীয় সদস্য বলেন নি। বাংলাদেশে পার্টিশনএর পর যেখানে দুই কোটি ৪৮ লক্ষ লোক সংখ্যা ছিল, সেখানে আজকে ২ কোটি ৯২ লক্ষ লোকসংখ্যা হয়েছে। আর পার্টিশনএর আগে অবিভক্ত বাংলাদেশে কি পরিমাণ খাদ্যশস্য আসতো, সে কথা আমি বলে গিয়েছি। তবে আমি কোন গোলাপী চিত্র আঁকবার জন্য বা কোন রকম আতঙ্ক সৃষ্টি করবার জন্য এইসব কথা বলছি না। আমি শুধু এই কথা বলেছি আমাদের এখানে স্বাধীনতার আগে, যখন দুটো বাংলা এক ছিল, যখন বাংলাদেশের সঙ্গে খুলনা বরিশাল যুক্ত ছিল, সকলে জানেন খুলনা বরিশাল বাংলা-দেশের গ্রেনারী ছিল, তখনও আমরা বাইরে থেকে চাল আমদানি করতাম, তখনও আমরা বাইরে থেকে গম আমদানি করতাম। তবে আনন্দের বিষয় এইটুকু যে লোকসংখ্যা বাড়বার দরুন, পার্টিসন হবার পর খুলনা বরিশাল ইত্যাদি জেলা চলে যাবার পরে, আমাদের এখানে এত আশ্রয়প্রার্থী ভাই বোন আসা সত্ত্বেও আমরা কম পরিমাণ চাল আমদানি করছি। আমি বলেছি—যে কয়েক বছর আমাদের দেশে কন্ট্রোল ছিল, রেশনিং ছিল, স্টেটুটরী রেশনিং, মডিফাইড রেশনিং ছিল, সেই কয় বছর গড়ে মাত্র ৯৩ হাজার টন চাল আমরা পেতাম কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। আর গম আমরা পেতাম গড়ে ৩ লক্ষ ৭৫ হাজার টন। রেশনিং ছিল এবং সেই সময় যে দাম বেড়েছিল ফ্রি মার্কেটএ, সকলে জানেন, আজ তারচেয়ে দাম কম। সুবোধবাবু বলেছেন, স্টেটুটরি রেশনিং রাখতে। স্টেটুটরি রেশনিং যখন আমাদের দেশে ছিল, তখন ম্যাক্সিমাম যেটা আমাদের উর্দ্ধ সংখ্যা ৭২ লক্ষ লোক স্টেটুটরি রেশনিংএর অন্তর্ভুক্ত ছিল। তখন ফ্রি মার্কেটএ গড়ে ২৯ টাকা সাড়ে ২৯ টাকা চালের দর ছিল। কুচবিহারের মাননীয় সদস্য জানেন সেখানে যখন গুলি চলে, তখন সেখানে স্টেটুটরি রেশনিং ছিল না, সেখানে ৭০ টাকা চালের দর হয়েছিল। আমি একথা বলেছি কি আপনাদের ভুল বোঝবার জন্য? আপনারা পণ্ডিত লোক, সমজদার লোক, কেন আপনারা ভুল বুঝবেন? তখনকার তুলনায় যত আমাদের দেশে লোকসংখ্যা

বেড়েছে, যত কারণে আমাদের দেশে উৎপাদন বেড়েছে, তখনকার তুলনায় চালের দাম তত বাড়ে নাই। আমি এই কথা বলেছি—আমাদের ডেভেলপমেন্টএর জন্য অনেক কাজ হচ্ছে এবং তার দরুন একটু মাইল্ড ইনফ্ল্যাশনারী টেন্ডেন্সী, মৃদু মুদ্রাস্ফীতি ঘটেছে। সেই জন্য আমি ওখানেতে বলেছি—যেখানে আমরা আগে সামান্য টাকা উন্নয়নের কাজে খরচ করতাম, সেখানে আজ আমরা অনেক বেশী টাকা খরচ করছি। ১৯৫২ সালে খরচ করেছিলাম ২৫৯ কোটি টাকা, আর ১৯৫৬-৫৭ সালে খরচ করেছি ৭৬৫ কোটি টাকা। আর এই বছরে ৯০০ কোটি টাকা খরচ হবে। কাজেই এই যে উন্নয়নের জন্য এত কোটি টাকা ব্যয় হচ্ছে, তাতে একটু মুদ্রাস্ফীতি দেখা দেবে বৈকি। জ্যোতিবাবু বলেছেন তাতে কয়েক লক্ষ লোক চাকরী পাবে। ডাঃ ঘোষ বলেছেন তোমরা তো দোকান খুলেছ। তাতে হলো কি? ফেয়ার প্রাইস সপ মারফত মডিফাইড রেশনিং ১২ লক্ষ লোক পান, গ্র্যাটুইসাস রিলিফ এবং টেস্ট রিলিফএ যাঁরা শস্য পাচ্ছেন, তার পরিমাণ ২১ লক্ষ লোক। এই ২১ লক্ষ লোককে আমরা কম দামে চাল দিতে পারছি, গম দিতে পারছি। এই ২১ লক্ষ লোক ফ্রি মার্কেটএর উপর যে পরিমাণ ডিম্যান্ড করতো, চাপ দিত, সেই প্রেসার আমরা কমিয়ে দিয়েছি। বাজারের উপর থেকে যদি এই ২১ লক্ষ লোকের কথঞ্চিৎ চাপ কমে, তাহলেও বাজার থমথমে থাকবে।

আপনাদের পক্ষের একজন বন্ধু (সবাই আপনারা বন্ধু), আমার কাছে এসেছিলেন, তিনি বলেছেন ভাদ্র মাসে আপনারা কি করে কি করবেন, লোককে কি কি দেবেন? ভাদ্র মাস লোন মাস, সত্যি কথা। জুন মাস, জুলাই মাস, আগস্ট মাস, সেপ্টেম্বর মাস আউশ ধান কাটার মাস পর্যন্ত আমাদের দেশে ধানের দাম বাড়তেই থাকবে। আমরা এ জিনিসটা দেখাতে চেয়েছি। ডাঃ ঘোষ বলেছেন—হল কি তোমাদের দোকান খুলে? এটা দেখা গেছে যে এতে বাজার থমথমে করে রেখেছে, স্টেডী করে রেখেছে। মাননীয় সদস্যেরা হোর্ডারদের কথা বলেছেন।

[1-10—1-20 p.m.]

কলকাতা সহরে বড় বড় দোকানদার আছেন, বড় বড় ব্যবসাদার আছেন, হোলসেলার হোক, নানা রকমের ডিলার্স আছেন। আমাদের মাত্র ফাইভ উইকসএর মাল মজুত আছে, কিছু জিনিস ব্যাংকে বন্ধক আছে। হোর্ডার মানে কি? মাননীয় সদস্যদের মতে কলকাতা সহরে এক সপ্তাহের মাল মজুত থাকা উচিত। আমার মতে কলকাতা সহরে তিন মাসের মজুত থাকা উচিত। অবশ্য নানাভাবে গ্রাম থেকে কলকাতায় চাল আসে। কলকাতার মত রাজধানী সহরে তিন মাসের, সাড়ে তিন মাসেরই মজুত রাখা উচিত। সারপ্লাস হোর্ডার যারা তারা প্রয়োজনাতিরিক্ত উৎপাদন করে। এবং যারা বাড়তি উৎপাদন করে তাদের ক্রয়শক্তি নিশ্চয়ই বেড়েছে, ধরে রাখবার ক্ষমতা বেড়ে গিয়েছে। আজকে সকলেই দেখতে পাচ্ছেন জিনিসপত্রের মূল্য ৪ গুণ বেড়ে গিয়েছে, খাদ্যদ্রব্যের ৬ গুণের উপর বেড়েছে। মাননীয় সদস্যগণ স্বীকার করেন যে, যুদ্ধের আগে অবশ্য অনেক আগের কথা—এক টাকা চার আনা করেও চাল পাওয়া যেত। কাজেই আমরা দেখছি উৎপাদনের দিক থেকে বেশী ফলেছে এবং আজকে বাড়তি চাষীও বড় কম নয়। সেদিন আমি বলেছিলাম পশ্চিমবাংলায় ১০ লক্ষ পরিবার বড় চাষী আছে যাদের জমির পরিমাণ পাঁচ একরের বেশী। আর ৭ লক্ষ পরিবার আছে পশ্চিম বাংলায় যাদের জমির পরিমাণ তিন একরের বেশী। কাজেই আমার মত হচ্ছে তারা বেশ সেলফ-সাফিসিয়েন্ট, এবং তাদের ক্রয়শক্তিও নিশ্চয় বেড়েছে। আমার মতে তারা চাল কিনে খায় না। যাই হোক, কৃষি উৎপাদন বেড়েছে অস্বীকার করবার উপায় নাই। সেদিন আমি আরো বলেছিলাম আমাদের কৃষিমন্ত্রীর প্রচেষ্টার ফলে পশ্চিম বাংলার হাল উৎপাদন শতকরা ৫৩ ভাগ বৃদ্ধি পেয়েছে। সেদিন আমি বলেছিলাম আগে যেখানে আড়াই লক্ষ একর জমিতে পাট হচ্ছে। যদিও এসব কৃষি বিভাগের কথা, তথাপি আমি বলতে পারি পাটচাষী আগে যে টাকা রোজকার করত আজ তার চার-পাঁচ গুণ বেশী রোজগার করছে—নিশ্চয়ই তাদের ক্রয়শক্তি বৃদ্ধি পেয়েছে। মান্য সদস্য সুবোধবাবু—তিনি কোথায় গেলেন, তাঁকে দেখতে পাচ্ছি না—তাঁকে বলছি, তিনি ফুডগ্রেনস নিয়ে অনেককিছু বলছিলেন—সিরিয়ালস আছে প্রোটিন ইত্যাদি খাদ্য আছে, সুগার, তেলের মধ্যে ফ্যাটস অ্যান্ড অয়েলস, ইত্যাদি ফুড আর্টিকলস আমাদের বাংলায় আছে। তিনি যদি দেখেন তাহলে বুঝতে পারবেন যারা বড় চাষী অর্থাৎ বাড়তি উৎপাদন করে তাদের ঘরে জমছে এই টাকা।

মাননীয় সদস্যদের স্মরণ আছে এই এসেম্বলী হাউসএ একবার ফিক্সেসন অব মিনিমাম প্রাইস বিষয়ে প্রস্তাব এনেছিলেন, এখানে অনেক পুরাণো সদস্য আছেন তাঁদের অনেকের মনে থাকবে যে দাম কমে গেল বলে চাষী মারা গেল। তখন সাড়ে আট টাকা দরে ধান বিক্রয় করতে চাষী বাধ্য হয়েছে। আজ সেক্ষেত্রে চৌদ্দ-ষোল টাকার বেশী চাষী পাচ্ছে, তারা মনে করছে এটাই খুব বেশী পাচ্ছে। যাই হোক, আজকে সেজন্য হোর্ডার কাকে বলে, তার ডেফিনিশন কি ইত্যাদি নিয়ে অনেক বাদানুবাদ হয়েছে। হোর্ডিং চাষীর ঘরেই বেশী। আমার সঙ্গে যেকোন মাননীয় সদস্য যেতে পারেন, আমি তাঁকে দেখিয়ে দেব আজকে বাড়তি চাষীর ঘরে ফসল রয়েছে। মাননীয় সুবোধবাবু যেসমস্ত কথা বলেছেন ফুডগ্রেনস, ফুড আর্টিকলস ইত্যাদি নিয়ে আমি তাঁকে জানাচ্ছি, ১৯৫৬ সালে জুন মাসে প্রাইস ইনডেক্স ছিল ৩৭৪, আজ সেখানে ৪৩১, পালসেস ছিল ৩৬২, সেটা হয়েছে ৪০৩, সিরিয়ালস ছিল ৪৭৪, সেটা হয়েছে ৫৩৫, আরো দেখুন, সুগার, মিল্ক, অয়েলস এ্যান্ড ফাট ইত্যাদি ১৯৫৬ সালে ২৪৮ ছিল, এখন হয়েছে ২৯০। তারপর ম্যানুফ্যাকচারড আর্টিকলস, ১৯৫৬ সালের ২৩শে জুন তারিখে টেক্সটাইলস ছিল ৪১৫। কাজেই ম্যানুফ্যাকচারড আর্টিকলসএর দামও তত বাড়ে নি। মাননীয় সদস্য সুবোধবাবু যদি ভাল করে খতিয়ে দেখেন তাহলে উপরোক্ত জিনিসগুলি না বুঝতে পারবেন এমন নয়। তাই তাঁকে আমি জানাব এজন্য আজকের খাদ্য পরিস্থিতি নয়।

আমার সময় বেশী নাই। আমি আর বেশি সময় নেব না। খাদ্য পরিস্থিতির উপর বিতর্কে আজকে অনেক নতুন জিনিস শুনলাম। খাদ্য পরিস্থিতি নিয়ে কথা কাটাকাটি ও ঝগড়া করে কোন লাভ নাই নিজেদের মধ্যে। আজকে এখানে খুব ফ্রি আলোচনা হয়েছে। মাননীয় সদস্যরা অনেক নতুন জিনিস শিখেছেন, জানিয়েছেনও। আজকের দিনের খাদ্য পরিস্থিতি সমগ্রভাবে বিচার করতে হবে—এটাই আজ আমরা সকলে উপলব্ধি করেছি।

Mr. Speaker: The debate is closed.

Mr. Noronha, I understand you want to say something?

Sj. Clifford Noronha: Mr. Speaker, Sir, I find that in the recorded speech I have made a statement about Bengal's dishonesty being at the top, saying that Bengal is one of the most dishonest provinces. This was due to a mistake I made at the spur of movement. What I had really meant was that dishonesty is one of the main causes of the problems of this province—one of the main causes of her trouble—and this dishonesty is rather widespread in our province.

Mr. Speaker: I am glad, Mr. Noronha, that you have tried to correct yourself. This will be kept on record.

The House stands adjourned till 3 p.m. on Monday.

Adjournment

The House was accordingly adjourned at 1-20 p.m. till 3 p.m. on Monday, the 15th July, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 15th July, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 215 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Fire in Panchanantala Bustee, Ballygunge

***42.** (SHORT NOTICE.) (Admitted question No. *76.) **Dr. Jnanendra Nath Majumdar:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Food, Relief and Supplies Department be pleased to state if it is a fact—

(*i*) that recently (April or May, 1957) a devastating fire broke out in Panchanantala Bustee of Ballygunge area in Calcutta;

(*ii*) that a large number of families were affected by this fire; and

(*iii*) that many houses were destroyed rendering many families homeless?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what was the cause of fire;

(*ii*) the part played by Fire Brigade and police in connection with this fire;

(*iii*) how many houses were destroyed;

(*iv*) how many families were rendered homeless;

(*v*) amount of property in rupees lost due to this fibre;

(*vi*) what relief measures, if any, have been undertaken by the Government up till now; and

(*vii*) through which agency or agencies relief operation is being conducted?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Yes.

(*b*) (*i*) Still under investigation.

(*ii*) Commendable.

(*iii*) Twenty-one hutments consisting of about 244 mud-walled rooms with tiled and straw roofing;

(*iv*) Two hundred and twenty-three families.

(*v*) Rs. 30,000 approximately.

(*vi*)—

(*a*) Accommodation in tents at Government cost.

(*b*) Gratuitous relief: In kind—59 maunds 32 seers of rice were supplied for two weeks to all the families.

In cash—Rs. 1,200 was given for three weeks.

(c) Clothings—

Dhutis—148 pieces, saris—301 pieces, blankets—239 pieces, shirts—62 pieces, shorts—102 pieces and frocks—55 pieces were distributed.

(d) Cooked food was supplied for two days.

(e) *Chira, gur, muri,* etc., were distributed for four times.

(f) Milk, bread and biscuits were distributed for five days.

(vii) Governmental.

Dr. Narayan Chandra Ray: After two weeks what happened?

The Hon'ble Prafulla Chandra Sen: All these men are workers—some are masons, some are day labourers, some are servants and some are cooks. So they have gone back to their normal professions.

Dr. Narayan Chandra Ray: Was it decided after investigation that they were in a position to take over their ordinary avocation after two weeks?

The Hon'ble Prafulla Chandra Sen: Oh, yes! most certainly.

Dr. Narayan Chandra Ray: Are they being rehabilitated gradually?

The Hon'ble Prafulla Chandra Sen: The question of rehabilitation does not arise because they used to live in rented houses.

Dr. Narayan Chandra Ray: Have you got information about the case that it was not an accidental fire—a fire that was got up.

The Hon'ble Prafulla Chandra Sen: We have not enquired into the matter.

Dr. Narayan Chandra Ray: Are you aware that a case is going on in the court?

The Hon'ble Prafulla Chandra Sen: I am not concerned with the case but I am only concerned with relief measures.

Dr. Narayan Chandra Ray: Have you decided that now it is not necessary to carry on the reilef work?

The Hon'ble Prafulla Chandra Sen: They are carrying on well and they do not require any further relief.

Abolition of Transit Camps

***49.** (SHORT NOTICE.) (Admitted question No. *439.) **Sj. Jatindra Chandra Chakravorty:** Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) whether the Government intend to abolish transit camps where the refugees are now accommodated before they can be rehabilitated; and

(b) whether the Government has any information regarding any move that further influx of refugees from East Bengal (now East Pakistan) would be prohibited by the Union Government?

The Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'ble Prafulla Chandra Sen): (a) No.

(b) State Government has no such information.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন যে পরোক্ষভাবে সরাসরি উদ্বাস্তুদের ট্র্যানসিট ক্যাম্পএ না এনে রিহ্যাবিলিটেশান সেন্টারএ পাঠানর কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার তেমন কোন পরিকল্পনার কথা জানা নেই।

Sj. Jatindra Chandra Chakravorty:

মন্ত্রীমহাশয় জানাবেন কি যে পূর্বে পাকিস্থানে মাসে প্রায় ৩৫ হাজার করে দরখাস্ত পড়ছে এখানে আসবার জন্য এবং তার মধ্যে থেকে কেবলমাত্র এক বা দেড় হাজার দরখাস্ত মঞ্জুর করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা আমি ঠিক বলতে পারব না।

Sj Jagannath Majumder:

ট্র্যানসিট ক্যাম্পএ কোন রিফিউজির কতদিন থাকার নিয়ম আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যতদিন পর্যন্ত তার পুনর্বসতির ব্যবস্থা না হয়।

Sj Jagannath Majumder:

এটা কি সত্য কথা যে কোন কোন ট্র্যানসিট ক্যাম্পএ ছয় বছরের অধিক রিফিউজিরা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার যতদূর মনে হয় তিন বছরের বেশী নয়।

Sj. Jagannath Majumder:

ট্র্যানসিট ক্যাম্পএ যে সমস্ত এবল্-বডিড রিফিউজি আছে তাদের পুনর্বসতির জন্য শীঘ্র পাঠাবার কোন পরিকল্পনা গভর্মেন্টের আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকার বিশেষ চেষ্টা করছেন।

Sj. Deben Sen: Will the Hon'ble Minister be pleased to make enquiries as to whether there is any truth in the reports that people in East Pakistan in large number who are waiting for getting permission to come to India have been denied permission?

The Hon'ble Prafulla Chandra Sen: So far as the Refugee Department is concerned, there is no such information.

Sj. Deben Sen: My question is whether the Minister will make such enquiries and give us the correct information.

The Hon'ble Prafulla Chandra Sen: That is a request for action.

Sj. Saroj Roy:

ট্র্যানসিট ক্যাম্পএ যে সমস্ত রিফিউজি তিন বছর পর্যন্ত আছে আপনি বললেন তারা কাপড়ের তাবুতে আছে। তাদের খড়ের ঘর করে ওখানে রাখবার কোন ব্যবস্থা সরকার থেকে হবে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাদের জন্য হাটমেন্টস করবার একটা ব্যবস্থা আমাদের আছে।

Sj. Saroj Roy:

তাদের হাটমেন্টস করবার জন্য কত করে টাকা দেবার কথা হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি নোটিশ চাই, তবে আমার যতটা স্মরণে আছে বোধ হয় চারটি ফ্যামিলির জন্য চার হাজার টাকা।

Sj. Saroj Roy:

কোথাও এরকম টাকা কোন ট্রানসিট ক্যাম্পএর জন্য দেওয়া হয়েছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sj. Saroj Roy:

ট্রানসিট ক্যাম্পএ যে সমস্ত জায়গায় টাকা দেওয়ার কথা হয়েছিল, সেই সমস্ত জায়গার মধ্যে যেখানে সেই টাকা দেওয়া হয়নি সে সম্পর্কে যদি মন্ত্রীমহাশয়কে জানান যায় তাহলে তিনি ব্যবস্থা করবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রশ্নের কোন অর্থ বুঝলাম না।

Sj. Saroj Roy:

পঞ্চাশ টাকা করে যে সমস্ত জায়গায় এখনও দেওয়া হয়নি তা জানালে মন্ত্রীমহাশয় ব্যবস্থা করবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই, নিশ্চয়ই।

Sj. Sunil Das: Is it a fact that migration certificates are not issued to intending migrants to India unless they state that they will not be dependent on Government but they will be depending on relatives in West Bengal?

The Hon'ble Prafulla Chandra Sen: Yes, that applies to certain categories of people.

Sj. Sunil Das: Is it not a fact that it is the general practice not to issue migration certificates unless they make such statements?

The Hon'ble Prafulla Chandra Sen: So far as I am aware they have agreed to rehabilitate themselves in other States and they are being issued such certificates.

Sj. Sunil Das: Will the Hon'ble Minister please state how many such migrants have been helped by the Refugee Rehabilitation Department during the last two months?

The Hon'ble Prafulla Chandra Sen: That is none of the business of this department.

Sj. Hemanta Kumar Basu:

মন্ত্রীমহাশয় জানাবেন কি ট্রানসিট ক্যাম্পএ যে সমস্ত এবল্-বডিড লোক আছে এবং যেহেতু তারা বহুদিন ধরে—প্রায় তিন বছর বললেন পড়ে আছে তাদের চার টাকা বা আট টাকায় চলা সম্ভব নয়, সে ক্ষেত্রে তাদের কাজের কোন ব্যবস্থা করবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

এর পূর্বে আমরা কাজের ব্যবস্থা করেছি। কোন কোন জায়গায় তারা কাজ করেছে, কিন্তু ২ লক্ষ ৭৮ হাজার লোকের এরকমভাবে কাজের ব্যবস্থা করা সহজ ব্যাপার নয়,

Sj. Hare Krishna Konar:

মালদহে যে সমস্ত ক্যাম্প আছে, এগুলিকে কি ট্রানসিট ক্যাম্প ধরা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা সমস্ত ক্যাম্পগুলিকেই ট্রানসিট ক্যাম্পএ রূপান্তরিত করেছি।

Sj. Hare Krishna Konar:

ট্রানসিট ক্যাম্পএ সস্তা দরে চাল দেবার নিয়ম আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা কোথাও কোথাও চাল দিচ্ছি, তাছাড়া আমরা অধিকাংশ লোককে নগদ টাকা দিয়ে যাচ্ছি।

Grant of Dearness Allowance at Enhanced Rate to Employees for Chandernagore

***50.** (Admitted question No. *458.) **Dr Hirendra Kumar Chattopadhyay:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state if it is a fact that Government has recently increased dearness allowance of a section of its employees to the extent of Rs 5 per month?

(*b*) If the answer to (*a*) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether this increase has been allowed in the case of employees of Government offices at Chandernagore; and

(*ii*) if not, what are the reasons?

The Chief Minister and Minister for Finance (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) Yes.

(*b*)(*i*) Yes, provided they elected to come under the West Bengal Rules.

(*ii*) Does not arise.

[3-10—3-20 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay:

চন্দননগরে যে সব গভর্নমেন্ট এমপ্লয়িজ আছে তাদের সম্বন্ধে বলছেন-

provided they elected to come under the West Bengal Government rules.

এই যে জিনিস এটা সেখানকার যারা কর্মচারী তাদের কি জানিয়ে দেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: In Chandernagore the Government employees were given the option to remain under the French rules or to come under the West Bengal Government rules. Those who remained under the Chandernagore rules are generally entitled to higher amounts of allowances than under the West Bengal Government rules. Under the French rules a person is allowed dearness allowance and children's allowance; under the West Bengal Government rules no children's allowance is given but the dearness allowance is higher in certain categories and they also get some cash allowance. Those who chose to remain under the Chandernagore rules got the old allowances—and the children's allowance—and those who wanted to come under the West Bengal Government rules were to be given West Bengal allowances.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

আমার প্রশ্ন তা ছিল না ; আমার প্রশ্ন ছিল যে চন্দননগরে যারা কর্মচারী আছে তারা এটা জানে কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: As far as I know, yes.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে চন্দননগর কলেজের যাঁরা শিক্ষক আছেন তাঁদের পক্ষে এই জিনিস সম্বন্ধে তথ্য নেওয়া হয়েছিল তাঁদের এ জিনিস জানান হয় নি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I will find out.

Sj. Dhirendra Nath Dhar:

কর্পোরেশনে ও অন্যান্য মিউনিসিপ্যালিটিতে এ ব্যবস্থা এখনও করা হচ্ছে না কেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We are talking of Government servants and their allowances.

Sj. Somnath Lahiri:

আপনি বলছেন যারা নূতন ওয়েষ্ট বেঙ্গল রুলে আসবেন তাঁদেরই দেওয়া হবে ; তা থেকে ন্যাচারাল প্রিজাম্পশান হয় যাঁরা পুরাণ রুলে আছেন তাঁদের মূল্য বৃদ্ধির দরুণ মুস্কিল হয় নি। সেজন্য প্রশ্ন করছি যারা পুরাণ রুলে আছে তাদের কি মূল্য বৃদ্ধির দুর্ভোগ ভোগ করতে হয় না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: They get a dearness allowance of Rs. 30 whereas in our case they get a graded scale of allowance.

Sj. Somnath Lahiri: Are you not prepared to change your rules so that they can get some increased allowance?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We cannot change our rules in favour of one particular category of persons. They should choose to come either under the Chandernagore rules or under the West Bengal Government rules.

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন গভর্নমেন্ট এমপ্লয়িজদের ডিয়ারনেস য়্যালাউয়্যান্স সম্বন্ধে। একই ডিষ্ট্রিক্টএ যতপ্রকার গভর্ণমেন্ট এমপ্লয়িজ আছে তারা এ সুযোগ পায়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: This question refers to Chandernagore, but I can tell you that all Government employees get the allowance.

Development of Purulia District under the Second Five-Year Plan

***51.** (Admitted question No. *140.) **Sj. Provash Chandra Roy:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(a) whether the district of Purulia has been included for development in the Second Five-Year Plan; and

(b) if so, which development schemes have been undertaken by the Government for the development of Purulia?

The Minister of State for Development (The Hon'ble Tarun Kanti Ghosh): (a) Yes.

(b) The Planning Commission has allotted an additional amount of Rs. 4 crores during the Second Plan period for development schemes of the

territories transferred from Bihar, bulk of which are within the district of Purulia. Detailed schemes for these territories are now being worked out by the Administrative departments. A booklet containing preliminary proposals for such purpose is laid on the Library Table. These proposals are under consideration of Government.

Sj. Provash Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় (খ)তে বলেছেন পুরুলিয়ার উন্নয়নের জন্য ৪ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। এই চার কোটি তিনি অত্যন্ত কম বলে মনে করেন কি না?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Provash Chandra Roy:

যদি ৪ কোটি টাকায় না হয় তাহলে আরও অতিরিক্ত খরচ করতে সরকার রাজী আছেন?

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Provash Chandra Roy:

প্রয়োজন হ'লে অতিরিক্ত টাকা খরচ করতে রাজী আছেন কি না?

Mr. Speaker: That is also hypothetical.

Sj. Provash Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে এই প্রস্তাবটা সরকারের বিবেচনাধীন আছে। এই প্রস্তাবগুলো 'ফাইন্যাল' করতে কত দিন সময় লাগবে।

The Hon'ble Tarun Kanti Ghosh:

আরও কিছু দিন সময় লাগবে।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে

a booklet containing preliminary proposals—

এই বুকলেট্ কি ছাপা?

The Hon'ble Tarun Kanti Ghosh:

হ্যাঁ, লাইব্রেরী টেবিলে গেলে দেখতে পাবেন।

Sj. Monoranjan Hazra:

আমার জানার কথা—এটা একটা সিরিয়াস ব্যাপার। এই বুকলেট্ মেম্বরদের দিতে রাজী আছেন কি না?

The Hon'ble Tarun Kanti Ghosh:

লাইব্রেরী টেবিলে যখন রাখা হয়েছে তখন

obviously it is for inspection and everybody can see it.

Sj. Monoranjan Hazra:

Sj. Bankim Mukherjee: We would submit modifications but what I am trying to point out is that we cannot fix up the programme of the House. It is you and the Government who fix up the programme. We were denied any day to discuss.

Mr. Speaker: You must give notice of your intention of modification.

Sj. Bankim Mukherjee: We were trying to get a date.

Mr. Speaker: There are two technicalities. Firstly, I do not know, I am not at all anxious to contradict you on facts when I was not here—how do you meet "during the session in which they are so laid"—last line?

Sj. Bankim Mukherjee: The Government knew it but they did not fix a date; we were denied the right. You are seeing how insistent we have been to demand a discussion of the report. Every session I have got to raise my voice twice or thrice and Government promise us to fix a time but ultimately they don't do it. In this way two years have gone. Naturally we feel aggrieved. My suggestion is that the Government give us a chance in the next session by placing the old regulations and the new regulations. There is no bar under the Constitution.

[4-20—4-30 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Everything may be done but no modification could be made by way of repeal or amendment unless it is done during the session in which they are laid. So far as these particular regulations are concerned, they were placed in 1955. We could have at least taken the matter up then. As regards the position that you are repeating my point is that we have made the regulations. We cannot propose modification. Somebody else must modify or qualify or amend the regulations.

Sj. Bankim Mukherjee: That we can do but in the meantime I would request the Government to circulate to the new House the old regulations and the new regulations because there are many new members.

Mr. Speaker: I am informed by my Secretary that these are available in the Library.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: One practical difficulty is that these regulations were placed before the House in 1955. The work of the Commission has gone on according to these regulations for the last two years. Now supposing the next session we put the regulations and alterations are made, what would happen to the action taken so far by the Commission? That is the reason why in the Constitution it is imperative that we do not keep the lag in between the change of regulations and the action of the Commission. It must be done within the same session. I am afraid we cannot go beyond the words of the Constitution.

Sj. Bankim Mukherji:

যাই হোক, সভাপতি মহাশয়, মুখ্যমন্ত্রীর কথায় মোটেই অবাক হলাম না। এটা তাঁর প্রথা। ঠিক যে সময়ের ঘটনা, যেরকমভাবের রিপোর্ট, তাতে অনেক অসংগতি আছে। তা সত্ত্বেও তিনি বললেন সম্পূর্ণ সংগতিপূর্ণ। কোথাও রিপোর্টের সঙ্গে কোন মতভেদ হয় নাই। এইজন্য তাঁরা স্বতন্ত্র মন্তব্য দেওয়া ও বিবরণী দেওয়ার প্রয়োজন বোধ করেন নাই। এ সম্বন্ধেও দেখছি রুলস এবং রেগুলেশানস হাউসে লে ডাউন করেছেন। তারপর কোন দিন স্থির করেন না যে দিন এ সম্বন্ধে ডিসকাশন হবে। এটা হাউসের নন-অফিসিয়াল বিজনেস নয় যে আমরা দিন স্থির করবো। মাননীয় স্পীকার মহাশয়ও কোন দিন স্থির করেন নাই। লিডার অব দি হাউসও কোন দিন স্থির করেন নাই। আর আজকে তিনি এসে বলছেন দিন তো পেরিয়ে গেছে। অতএব আজ এ বিষয়ে আলোচনা হতে পারে না। অর্থাৎ তিনি তার কর্তব্য পালন করেন নি। কোন দিন স্থির করেন নি। এখন বলছেন দিন পেরিয়ে গেছে। এখন সম্পূর্ণ বৈধ হবে না। এইরকমভাবে তিনি বৈধতা ও অবৈধতার প্রশ্ন এড়িয়ে যান। যা হোক

আমার বক্তব্য হচ্ছে এই রিপোর্ট ১৯৫৫ সালের ৩১শে মার্চ পর্যন্তর। পাবলিক সার্ভিস কমিশন তার রিপোর্টটা পেশ করেছেন ২৩শে এপ্রিল, ১৯৫৬ সালে, অর্থাৎ এক বছর ২৩ দিন পরে। আমার কথা হচ্ছে পাবলিক সার্ভিস কমিশনের ১৩ মাস কেন লাগে এই ছোট একটা রিপোর্ট সংকলন করতে। '৫৫ সালের ৩১শে মার্চ তাঁদের কাজ শেষ হয়েছে, সেই পর্য্যন্ত তাঁদের রিপোর্ট। এইটুকু রিপোর্ট তৈরী করতে এক বছরের উপর অর্থাৎ তের মাস কেন লাগে? তার ফলে হয় কি? '৫৬ সালের সেসন পেরিয়ে গেল, তার মধ্যে এই রিপোর্ট এল না। আর আজকে সেই রিপোর্ট আলোচনা করছি '৫৭ সালের জুলাই মাসে, প্রায় সওয়া দু-বছর পরে, ঘটনাগুলি ঘটে যাবার দীর্ঘ দিন পরে আলোচনা করছি। সওয়া দু বছর পরে এই রিপোর্ট আলোচনা করে কোন ফললাভ হয় না। যে রিপোর্টগুলি সম্বন্ধে সংবিধানে পর্য্যন্ত এর যে সুস্পষ্ট নির্দ্দেশ ছিল যে এ সম্বন্ধে একটা মেমর‍্যাণ্ডাম দাখিল করতে হবে প্রভৃতি। তাহলে এই সমস্ত সুস্পষ্ট নির্দ্দেশ কেন? এই জন্য যে গভর্ণমেন্টের পক্ষে স্বাভাবিকতা আছে, প্রবণতা আছে, তারা স্বেচ্ছাচারিতা করতে পারে। পাবলিক সার্ভিস কমিশনের প্রত্যেকটা পরামর্শ নেওয়া অবশ্য করণীয় নয়। কনষ্টিটিউশনও সেটা অনুভব করেন যে কোন কোন ক্ষেত্রে গভর্ণমেন্ট নিজস্ব মত নিতে পারে। পাছে গভর্ণমেন্ট তাঁদের সেইটুকুর ভেতর দিয়েও ঢের বেশী স্বেচ্ছাচার করেন, তার জন্য ভারতীয় সংবিধানের মধ্যে ধারা প্রযুক্ত হয়েছে যে বিধান সভার মধ্যে দিয়ে এসে তা আলোচিত হবে। সেটা যদি দু-বছরের উপর দেরী হয়ে যায়, তাহলে এর অর্থ কি থাকে? তাছাড়া আমরা পশ্চিমবাংলা সরকারের একটা নিয়ম-পদ্ধতি দেখতে পাচ্ছি—টেম্পোরারী অ্যাপয়েন্টমেন্ট করে যাওয়া, যাতে করে পাবলিক সার্ভিস কমিশনের আওতার বাইরে তাঁরা নিজেদের রাখবেন এবং সেই টেম্পোরারী অ্যাপয়েন্টমেন্ট এক বছর, দু-বছর করে বাড়িয়ে যাওয়া। এই নীতি যেখানে আছে, সেখানে পাবলিক সার্ভিস কমিশনের নির্দেশ পালন করলে কোন ক্ষতি নেই। কাজেই বিধান সভার সামনে এই রিপোর্ট দু-বছর পরে বিবেচনার জন্য এলো। কাজেই সংবিধানের মধ্যে এই ধারাটা সন্নিবেশিত করবার যৌক্তিকতা ব্যর্থ হয়ে গেল। এর জন্য আমি মনে করি পাবলিক সার্ভিস কমিশনকে এই হাউস থেকে বলে দেওয়া উচিত ছিল। তাদের রিপোর্ট ৬।৭ মাসের মধ্যে তৈরী হওয়া উচিত। আর গভর্ণমেন্ট পক্ষের উচিত ৯।১০ মাসের মধ্যে এই রিপোর্ট ছাপিয়ে ফেলা। যাতে করে ধরুন ৩১শে মার্চ পর্য্যন্ত যে পাবলিক সার্ভিস কমিশনের রিপোর্ট, তা যদি ডিসেম্বরের মধ্যে প্রিন্ট হয়ে আসে, ছাপা হয়ে আসে তাহলে নেক্সট্ সেশান যখনই হোক, তখন রিপোর্ট পেশ করা যায় এবং সেই সময় সেই রিপোর্টের আলোচনাও করা যায় এক বছরের মধ্যে। পাবলিক সার্ভিস কমিশনের ৬।৭ মাসের মধ্যে রিপোর্ট প্রস্তুত করে দেওয়া উচিত। এটা আমাদের হচ্ছে গুরুতর অভিযোগ এই পাবলিক সার্ভিস কমিশন সম্বন্ধে।

তারপর দ্বিতীয় অভিযোগ—যদি তাঁরা এতদিন দেরী করলেন এক বছর পরে ২৩শে এপ্রিল রিপোর্ট দিলেন, এই এক বছরের ভিতরেতে গভর্ণমেন্ট কতকগুলি ক্ষেত্রে তাঁদের রেকমেনডেশান নিয়েছেন, তাঁদের পরামর্শ গ্রহণ করেছেন যা করেন নাই, তার আরো খানিকটা রিপোর্ট দিতে পারতেন; তা দেন নি। বর্তমান রিপোর্টের মধ্যে যা দিয়েছেন সব হচ্ছে ৩১শে মার্চ ১৯৫৫ সাল পর্য্যন্ত। তাঁরা অনেক জায়গায় পরামর্শ দিয়েছেন, রেকমেণ্ড করেছেন ৩১শে মার্চ, '৫৫ সাল পর্য্যন্ত। তার উপর গভর্ণমেন্টের পক্ষে তাদের সমস্ত রেকমেনডেশানস্ বা পরামর্শ গ্রহণ করা হয় ত সম্ভব হয় নাই। তাঁরা রিপোর্ট পেশ করেছেন এক বছর পরে। এর মধ্যে নিশ্চয়ই গভর্ণমেন্ট তাঁদের রিপোর্টের বহু কিছু গ্রহণ করেছেন বা বর্জন করেছেন। তাদের রিপোর্ট সংশোধন করতে কয়েকটীমাত্র ফিগারএর হের ফের দরকার—এতগুলি সরকার গ্রহণ করেছেন, এতগুলি তাঁরা বর্জন করেছেন। ৩১শে মার্চ '৫৫ সাল পর্য্যন্ত তাঁরা রিপোর্ট দিচ্ছেন এবং সেই রিপোর্ট পেশ করেছেন ২৩শে এপ্রিল ১৯৫৬ সাল; তার মধ্যে কি এটা করেক্ট হতে পারতো না? এই এক বছরের মধ্যে কতখানি রিপোর্ট গ্রহণ বা বর্জন করা হয়েছে তা দিলে খানিকটা অর্থ থাকতো; তাহলে বুঝতে পারতাম! আর আজকে গভর্ণমেন্টও একটু বাধ্য থাকতেন একটা মেমর‍্যানডাম দিতে এবং আমাদের আলোচনার পেছনেও একটা ভিত্তি থাকতো! কাজেই সওয়া দু-বছর আগেকার রিপোর্টের আজকে আমরা নিরর্থক আলোচনা করছি। এখন পর্য্যন্ত গভর্ণমেন্টের কোন

কথা না জেনে রিপোর্ট যা আছে তার সম্বন্ধেই আমাদের আলোচনা করতে হচ্ছে। তারপর গভর্ণমেন্ট উত্তর দেবেন। তার ফলে আমাদের একটা সিদ্ধান্তে উপনীত হওয়া অত্যন্ত কঠিন হয়ে পড়েছে।

[4-30—4-40 p.m.]

তারপর কথা হচ্ছে যে পয়েন্ট তুলেছিলাম—দ্বিতীয় পয়েন্ট অব অর্ডার, সেখানে আমরা দেখছি—রেগুলেশানস, প্রভৃতি অনেকগুলি তৈরী হয় নাই। যখন রুলস ও রেগুলেশানস—১৯৫৩ সালের রিপোর্ট তারা আপত্তি করছেন। আমাদের রুলস অ্যাণ্ড রেগুলেশানস ছিল না। পরের বছর দেখছি রুলস অ্যান্ড রেগুলেশনস পেয়েছি। কিন্তু সেই রুলস অ্যান্ড রেগুলেশনস সম্বন্ধে ইতিমধ্যে পয়েন্ট অব অর্ডারএর আলোচনায় বহু আলোচনা হয়েছে—যাতে বুঝতে পারবেন গভর্নমেন্ট মাত্র রুলস অ্যান্ড রেগুলেশনস ঠিক একবার মাত্র প্লেস করেছিলেন হাউসের সামনে। তারপর আমরা বরাবর আশা করেছিলাম যে পাবলিক সার্ভিস কমিশন রিপোর্ট এবং সেই রুলস এবং রেগুলেশানস একই সঙ্গে আলোচিত হবে এবং তার জন্য একটা দিনও স্থির হবে। কিন্তু দুঃখের বিষয় যে দিন আর স্থির হয় নাই, প্রোগ্রাম হয় নাই। প্রোগ্রাম ঠিক না করার জন্য আমাদের দিক থেকে কোন সংশোধন দেওয়া যায় নি। তা দেওয়া না যাওয়ার জন্য রুলস এবং রেগুলেশান প্রভৃতির মধ্যে যে অনেকগুলি সাংঘাতিক জিনিষ আছে, সেই সমস্ত জিনিষগুলি স্বচ্ছন্দে বিধান সভার মেম্বারদের দৃষ্টি অতিক্রম করে চলে গেছে। এ বিষয়ে গভর্ণমেন্টের কুশলতা ও নিপুণতার প্রশংসা না করে পারি না।

শঠকুশলতা যাকে বলে। সেদিকে তাদের প্রশংসা না করে পারা যায় না। এমনভাবে তারা এই হাউসএর সামনে অতি সন্তর্পণে এই রুলস অ্যান্ড রেগুলেশানস এনে দিয়েছেন এবং যেন মনে হয়েছে যে এই সম্বন্ধে তো আলোচনা হবেই তারপর হঠাৎ কোন আলোচনা হয় নি আজকে পরিষ্কার দেখা যাচ্ছে সংবিধানের যে বাধা ১৪ দিনের মধ্যে এটিকে আলোচনা করা সেটুকু এসে যায়। অবশ্য আমাদের এই সমস্ত বিষয়ে আমরা তখনি অত্যন্ত হুসিয়ার হয়েছি—গভর্ণমেন্টএর কোন প্রমিস্ যে আমরা দিন স্থির করেছি, অমুক দিন আলোচনা করবো এই সম্বন্ধে আমাদের সন্দেহ দৃঢ় হতে আরম্ভ হয়েছে তারপর থেকে। এবং এখন আমি পরিষ্কার বুঝতে পারছি গভর্নমেন্ট এই প্রকারের দিনও স্থির করবার কোন প্রমিস্ প্রভৃতির প্রতি আমাদের আদৌ কোন বিশ্বাস রাখা উচিত নয়। এবং সেইটে না করলে পর বহু রকমে আমরা ব্যর্থ হতে বাধ্য হব। এই রুলস অ্যান্ড রেগুলেশানসএর ভিতরে সাংঘাতিক মারাত্মক রকমের জিনিস আছে। প্রথম হচ্ছে বহু জিনিষ যা পাবলিক সার্ভিস কমিশনএর নির্দ্দেশের ভিতর থাকা উচিত ছিল এ রকম বহু জিনিষ গভর্ণমেন্ট তাদের আওতা থেকে নিজের হাতে টেনে নিয়েছেন। এ রকমের জিনিস আছে। অর্থাৎ পাবলিক সার্ভিস কমিশনএর ক্ষমতাটাকে তারা নিয়ন্ত্রিত করেছেন, সংকীর্ণ করেছেন বহুদিক থেকে। দ্বিতীয় দিক এইটে সাংঘাতিক যে, পাবলিক সার্ভিস কমিশন—আমি জানি না এখন আমার মনে পড়ছে কি না তার রুলস অ্যাণ্ড রেগুলেশানএর ভিতর আছে কি না যে অ্যাডভার্স পুলিশ রিপোর্ট—পুলিশের কোন ব্যক্তিবিশেষের প্রতি তাদের যদি কোন রকম অন্যায় রিপোর্ট থাকে তাহলে পর পাবলিক সার্ভিস কমিশন তাদের রিপোর্ট পালন করবেন, মান্য করবেন এ যদি থাকে তাহলে এই পাবলিক সার্ভিস কমিশন যদি গণতন্ত্রকে রক্ষা করবার জন্য তৈরী হয়েছিল তার চেয়ে অগণতান্ত্রিক পাবলিক সার্ভিস কমিশন হতে পারে না। এবং যে পাবলিক সার্ভিস কমিশন তাদের নির্দ্দেশ পালন করতে রাজী হন তাদের কোন মর্য্যাদা নেই। তাকে ছিড়ে ফেলে দেওয়া উচিত, তুলে ফেলে দেওয়া উচিত। কেন না এই রকম কয়েকটি দৃষ্টান্ত আমাদের কাছে আছে। পাবলিক সার্ভিস কমিশন পুলিশ রিপোর্টএর উপরে এবং রাজনৈতিক পলিটিক্যাল রিপোর্টএর উপরে তারা কোন কোন লোককে চাকরিতে নিয়োগ করেন নি। এবং মুখ্যমন্ত্রীমহাশয় আজ হয়ত বলবেন মেডিক্যাল রিপোর্ট · কিন্তু মেডিক্যাল রিপোর্ট এবং পুলিশ রিপোর্ট কি এক ক্যাটিগরী? মেডিক্যাল রিপোর্ট কতকগুলি বৈজ্ঞানিক বিশ্লেষণের উপর আছে। এক মেডিক্যাল এক্সপার্টএর

ওপিনিয়নকে আর এক মেডিক্যাল এক্সপার্ট প্রশ্ন করতে পারে তার একটা বৈজ্ঞানিক ভিত্তি আছে। মেডিক্যাল রিপোর্ট এমন কোন জিনিস নয় যে গোপনীয়—এটা তাদেরও অজ্ঞাত নয়! এবং সেটা সাধারণে প্রকাশ্যে। এমন একটা জিনিস তার রিপোর্ট নিশ্চয়ই পাবলিক সার্ভিস কমিশন দিতে পারে। কিন্তু এই যে সমস্ত পুলিশ রিপোর্ট পলিটিক্যাল রিপোর্ট কি তার অর্থ? তার অর্থ নয় কি গণতন্ত্রের গলা টিপে দেওয়া? এর অর্থ নয় বিরোধীপক্ষ কিংবা বিরোধী মতাবলম্বী লোককে তার সুযোগ কিছু না দেওয়া? তার অর্থ নয় কি একমাত্র স্বেচ্ছাচারী এক-নায়কত্ব প্রতিষ্ঠার চেষ্টা করা? তার মানে নয় কি কংগ্রেস গভর্নমেন্ট ক্ষমতার শাসনে বসে ক্রমাগত চেষ্টা করবেন অন্য কোন মতাবলম্বী লোক কোন রকম কাজকর্ম বা কোন রকম সুযোগ সুবিধা যাতে না পায়? এই সমস্ত জিনিসগুলো সংবিধানের যা ফাণ্ডামেন্টাল রাইট তার বিরুদ্ধে তারা চলেছেন। এবং এইটাই
in the Public Service Commission Report.
অর্থাৎ অন পলিটিক্যাল গ্রাউন্ডসএ তারা কাউকে চাকুরি দেবেন না। পলিটিক্যাল গ্রাউন্ডস সম্বন্ধে তারা একজন ভদ্রলোককে চিঠি লিখছেন
for your political antecedent.

তোমাকে কাজ দেওয়া হচ্ছে না। আমি জিজ্ঞাসা করি ভারতবর্ষে কে এমন সৎলোক আছেন যার পূর্বতন কোন রাজনৈতিক কার্য্যকলাপ নেই? আমি বলবো এই যাদের নাই হয় তারা মেরুদণ্ডহীন আর নয় দেশদ্রোহী। ভারতবর্ষের সমস্ত সৎব্যক্তিরই কিছু না কিছু রাজনৈতিক ইতিহাস আছে এবং সেই রাজনৈতিক ইতিহাস একই পদ্ধতির না হতে পারে। কিন্তু এক মতবাদের লোক আজ শাসনে অধিষ্ঠিত হয়ে অন্য মতবাদের লোককে খণ্ডিত করতে থাকেন তাহলে তাকেই বলে এক-নায়কত্ব। মনে করুন কেরেলায় আজ যদি ঠিক করা হয় যে কংগ্রেস অ্যান্টিসিডেন্ট থাকা মহাপাপ, তাহলে সেটা অন্যায় হবে। এ বিষয়ে একটা ইনস্ট্যান্সও আপনারা দিতে পারবেন না। আপনারা কেরেলার কাছে একটুখানি শিক্ষা অন্ততঃ নিন। সেখানে তারা বলেছেন যে কংগ্রেস অপোজিশানকে আরও খাতির করতে হবে। তাদের বক্তৃতা আরও মনোযোগ দিয়ে শুনতে হবে। এবং তাদের বিরোধিতাকে মনে করতে হবে বন্ধুদের মন্তব্য। গণতন্ত্র সম্বন্ধে এই শিক্ষা দুদিন পরে হয়ত আপনাদের কমিউনিষ্টদের কাছ থেকে নিতে হবে। অর্থাৎ যারা পারদর্শী হন, এক্সপার্ট হন, তারা সব বিষয়ে এক্সপার্ট হন—ডেমক্র্যাসিতে কমিউনিষ্টরাই এক্সপার্ট। তারপর আমি রিপোর্টএ দেখতে পাচ্ছি যে যতগুলি কেস করেছেন তার মধ্যে বহু কেস পেণ্ডিং আছে। আমি হিসাব করে দেখলাম যে শতকরা ২৯ থেকে ৩০টি কেস এখনও পেণ্ডিং আছে। অবশ্য উপর থেকে মনে হবে যে গভর্ণমেন্ট হয়ত সবই অ্যাকসেপ্ট করেছেন, গুটিকতক পেণ্ডিং আছে। এই পেণ্ডিংগুলিই হচ্ছে ডিম্ব—যা থেকে এখনও বাচ্চা নির্গত হয় নি এবং তার সংখ্যাই যদি শতকরা ৩৩ হয় তার ভেতর থেকে কটা অ্যাকসেপ্টেড এবং কটা নট অ্যাকসেপ্টেড সেটা নির্ভর করছে তার উপর। আমার প্রশ্ন হচ্ছে এত বেশী কেস পেণ্ডিং কেন? আরও একটি জিনিষ আমি লক্ষ্য করছি যে এই রিপোর্টএ আছে যে তারা যে কটি চাকুরি বলেন সে কয়টি চাকুরির জন্য বিজ্ঞাপন দেওয়া হয়, পরীক্ষা করা হয় এবং লোক মনোনয়ন করা হয়। কিন্তু তারপর দেখা যায় তাদের সবাইকে নিয়োগ করা হয় না। এ বিষয়ে রিপোর্ট অ্যাডভার্স কমেন্ট করছে। আমি একটা অদ্ভুত দৃষ্টান্ত দেখলাম যে কতকগুলি প্যানেল তৈরী করা হয় এবং প্যানেলএ নাম রাখা হয়। আমি তো বুঝলাম না প্যানেলএ রাখার অর্থ কি? যখন নির্দ্দিষ্ট সংখ্যক অ্যাপয়েন্টমেন্ট ভেক্যানসি তখন তার জন্য আবার প্যানেল কি? যে সমস্ত লোককে পরীক্ষা করা হল তাদের মধ্যে যদি কেউ না আসে তাহলে আবার ভেক্যানসি হবে। কিংবা যদি ঠিক সময়ের ভিতর এসে জয়েন না করলেন তাহলে তারপরে ৪।৫ কি ৬ জন যারা পাশ হয়েছেন তারা চান্স পাবে। সে বছরে যারা কৃতকার্য্য হয়েছে তারা পার হয়ে যাবে। তা না হয়ে একবছরের প্যানেল রইল দ্বিতীয় বৎসরে কিন্ত পূর্বতন প্যানেল থেকে লোক নেওয়া হয় না। তাহলে পর এই বৎসরে যারা পরীক্ষায়পাশ করল তারা কি পুরাণো প্যানেলএ যোগ দেবে? কিন্ত এতে মেরিট কি করে ঠিক হয়? কারণ পূর্ব বছরের প্যানেল থেকে যাদের মেরিট হয়ত কম আর এই বছরে যারা পাশ করেছে তাদের মেরিট যদি বেশী হয় তাহলে তাদের কি করে

অ্যাবিউজ করা হবে? প্যানেলএর প্রথম স্থানে কারা যাবে? এই সমস্ত প্রশ্ন উঠে। কিন্তু আমি রিপোর্ট থেকে কিছুই বুঝতে পারলাম না। একটা মেমোর‍্যান্ডাম থাকলে পর হয়ত এ বিষয়ে কিছুটা বুঝবার সুযোগ হত। আশা করি গভর্নমেন্ট এ বিষয়ে বলবেন যে—পেন্ডিং এতগুলো থাকলে এবং বিশেষ করে প্যানেল অ্যারেঞ্জমেন্ট থাকলে কি কি অসুবিধা হয়। একটি জিনিস ৯৫ পৃষ্ঠায় আছে—এটি দেখবেন স্পেশাল অফিসার, র‍্যাশনিং এটা একটা অদ্ভুত ব্যাপার।•

The Commission adhered to its recommendations that the proper penalty would be reduction in rent.

স্পীকার, স্যার, এ বিষয়ে যদি একটু অনুধাবন করেন তাহলে পয়েন্ট অব অর্ডার সম্বন্ধে যে প্রশ্ন উঠেছিল সেটি বুঝবেন। এই কেসটি

included in the last year's report, Serial No. 10, Appendix VIII.

এতে বলা হয়েছে যে তার পূর্ব বছরও ছিল।

[4-40—4-50 p.m.]

লাস্ট ইয়ার্স রিপোর্ট য়্যাপেনডিকস ৮, সিরিয়াল নম্বর ১০এ বলা হচ্ছে—তার পূর্বের বৎসরে ছিল •

The case was included in the last year's report, Serial 10, Appendix VIII.

গত বৎসরের রিপোর্টে এটা ছিল যে ও'রা বলেছিলেন স্পেশাল অফিসার, রেশনিং ও'কে ডিগ্রেড করা হোক্। তার মানে প্রায় ৪-৫ বছর ধরে এটা চলেছে; গভর্নমেন্ট এ'দের রেকমেন্ডেশানগুলি গ্রহণ করেন নি, এখনও এটা পেন্ডিং আছে। আমাদের আইনসভার মহাশয় টেকনিক্যালি হয়ত বলবেন যে কৈ, গভর্ণমেন্ট তাঁদের য়্যাডভাইসও রিজেক্ট করেন নি অতএব এতে কি হয়েছে? একটা, দুটো, তিনটা য়্যানুয়াল রিপোর্ট পার হয়ে গেল, তারপরও যদি এটা পেন্ডিং থাকে, তাহলে পর আর রিজেক্ট করবার বাকী কি আছে এটাই হচ্ছে গিয়ে সবচেয়ে সাংঘাতিক প্রশ্ন। আমি এ সম্বন্ধে আরো ২।১টা কথা বলতে চাই সেটা হচ্ছে, এই মেমোরান্ডামে অত্যন্ত পরিষ্কারভাবে বলা হয়েছে যে এখানে যে সমস্ত একজামিনেশন হয়, তার ষ্ট্যান্ডার্ড অত্যন্ত নিকৃষ্ট হয়ে যাচ্ছে এ বিষয়ে আমাদের চিন্তা করার প্রয়োজন আছে। তাঁরা বলেছেন যে কোন ফার্ষ্টক্লাস অনার্স বি.এ. বি.এস.সি. বা এম.এস.সি. ষ্টুডেন্ট আসে না। কেন আসে না? সেটা কি এজ লিমিটের জন্য, না যে মাইনে ও'রা অফার করেন তার চেয়ে আরো ভাল চান্স তাঁরা অন্য জায়গায় পান? কাজেই এইসব জিনিসগুলো আমাদের বিবেচনা করতে হবে। আমাদের দেশে সর্বশ্রেষ্ঠ যে সমস্ত যুবক আছেন তাদের সার্ভিসের মধ্যে টেনে নিয়ে আসার চেষ্টা করতে হবে। আমরা আশা করি গভর্ণমেন্ট এবং পাবলিক সার্ভিস কমিশন এ বিষয়ে ভাল করে অনুসন্ধান করে স্পষ্ট বিবরণ দেবেন। এ বিষয়ে তাঁরা যেসমস্ত রিপোর্ট দিয়েছেন তাতে পরিষ্কারভাবে আছে যে কিরকমভাবে তাদের হায়েষ্ট মার্ক পাওয়া কমে যাচ্ছে, এগ্রিগেট মার্ক ৪৫ পার্সেন্ট তার পার্সেন্টেজ কি রকমভাবে কমে যাচ্ছে এগুলি হচ্ছে গিয়ে অত্যন্ত চিন্তার বিষয়। সবচেয়ে বড় কমেন্ট পাবলিক সার্ভিস কমিশন করেছেন ১৫ এবং ১৬ পৃষ্ঠায় সেটার সম্বন্ধে গভর্ণমেন্টকে আমি বিশেষ করে চিন্তা করতে বলি। কমিশন রিপোর্ট সম্বন্ধে আমাদের নিজেদের মধ্যে ত কোন মতভেদ নেই। তাঁরা বলেছেন যে টেম্পোরারী য়্যাপয়েন্টমেন্টের সংখ্যা অত্যন্ত বেশী—হেভী ইনক্রিজ ইন টেম্পোরারী য়্যাপয়েন্টেমেন্টস, প্রতি ৭টার ভেতর ৫টা টেম্পোরারী য়্যাপয়েন্টমেন্ট। তাঁরা বলছেন টেম্পোরারি এ্যাপয়েন্ট হ'লে পর কম লোক আসে এবং তাদের ক্যালিবারও কম হয় এবং তা থেকে যে লোক নেওয়া হয় সেই লোকের এফিসিয়েন্সী কম থাকে শেষ পর্যন্ত হয়ত তাদের স্থায়ী ক'রে নিতে হয়। তাঁরা যদি গোড়া থেকে কত লোক নেবেন সেই বুঝে এ্যাডভারটাইজ করেন তা হ'লে ভাল হয়—এই এ্যাডভাইস অব দি কমিশন গভর্নমেন্টের সম্পূর্ণভাবে পালন করা উচিত। দ্বিতীয় হচ্ছে ওল্ড এজ পেনসনার তাঁদের মধ্য থেকে লোক নিতে আপত্তি করেছেন। শেষ পর্যন্ত অবশ্য ২।১ জনকে নিয়ে নিয়েছেন—এই বিষয়ে গভর্নমেন্টের একটা পরিষ্কার নীতি থাকা উচিত।

•

other cases of irregular recruitment, last year's pending case,

এর ভিতর ৩ নম্বর—

officers in the Subordinate Agricultural Service, Class I (4 cases).

আজ ২।৩ বছর হয়ে গেল পেন্ডিং কেসেস, ফোর কেসেস পেন্ডিং এটা ২ বছর হয়ে গেল— আজও যদি গভর্নমেন্ট সেসম্পর্কে একটা মেমরেন্ডাম দিতেন তা হ'লে পর আমরা বুঝতাম যে কেন পেন্ডিং রয়েছে। কাজেই আমাদের সন্দেহ হয় যে, যেসমস্ত জায়গায় গভর্নমেন্টের মনঃপুত ব্যক্তিরা এই কমিশনের মনঃপুত হন নি সেই সমস্ত জায়গায় কেসগুলি পেন্ডিং থাকে। যদি বিরোধীপক্ষের মনে এই সন্দেহ হয় তা হ'লে পর সেই সন্দেহের জন্য আমরা কি অপরাধী হ'তে পারি? যদি ১ বছর, ২ বছর, ৩ বছর, ৪ বছর ধ'রে কেসগুলি পেন্ডিং থাকে, গভর্নমেন্ট কমিশনের রেকমেন্ডেশন দেওয়া সত্বেও সেগুলি স্বীকার করবেন না, তারপরে যদি আমাদের মধ্যে সন্দেহ থাকে যে গভর্নমেন্টের নিজেদের মনঃপুত ব্যক্তিরা পাচ্ছেন না ব'লে নিচ্ছেন না, তা হ'লে আমাদের অপরাধটা কোথায়? যেসমস্ত ইরেগুলার এ্যাপয়েন্টমেন্ট হয়েছে তার বিরুদ্ধে ২।৩টি বা কয়েকটি চার্জ রয়েছে আমরা দেখতে পাচ্ছি। ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসে গভর্নমেন্ট আগেকার পদ্ধতিতে জুনিয়ার থেকে তাঁদের প্রমোশন দিচ্ছেন। এইমাত্র ডাঃ রায় বললেন যে, রুলস য়্যান্ড রেগুলেশন রয়েছে, আমরা কি করব? এই রুলস্ য়্যান্ড রেগুলেশনে দেখতে পাচ্ছি—জুনিয়ার হেলথ সার্ভিস, সিনিয়ার পাবলিক হেল্থ সার্ভিস— আজ গভর্নমেন্ট বলছেন যে জুনিয়ার থেকে সিনিয়ারে প্রমোশন দেবেন। পাবলিক সার্ভিস কমিশন তাতে আপত্তি করছেন, তাঁরা বলছেন দুটো গ্রেডে দুটো একজামিনেশন হবে। গভর্নমেন্ট আজও সেই পুরানো রুলস য়্যান্ড রেগুলেশন মানছেন, নূতন রুলস য়্যান্ড রেগুলেশন মানছেন না—এটা তাঁরা পার্টিনেন্টলি প্রশ্ন করেছেন কোয়েশ্চেন ৪-এ। পাবলিক সার্ভিস কমিশন, তাঁরা বলেছেন—

contract appointment was not the case of a fresh appointment.

এই নূতন একটা যুক্তি গভর্নমেন্ট নিচ্ছেন, কনট্রাক্ট এ্যাপয়েন্টমেন্ট ক'রে যখন পাকাপাকিভাবে নেওয়া হয় তখন সেটাকে ফ্রেস এ্যাপয়েন্টমেন্ট ক'রে নিতে হবে—পাবলিক সার্ভিস কমিশন এই কথা বলছেন এবং তার নজীরস্বরূপ তাঁরা দেখিয়েছেন, ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনকে তাঁরা লিখেছেন, তাঁরাও এটাকে সমর্থন করেছেন—গভর্নমেন্টকে লেখবার পর কিন্তু গভর্নমেন্ট সে বিষয়ে এপর্যন্ত কোনপ্রকার উত্তর দেন নি। এই যেসমস্ত বহুল ইরেগুলারিটি রয়েছে এগুলি সম্বন্ধে কোন মেমরেন্ডাম না পাওয়ার ফলে আমাদের পক্ষে অত্যন্ত অসুবিধা হচ্ছে। তারপর আরও কতকগুলি ইনস্ট্যান্স আমাদের সামনে এসেছে যেগুলি হয়ত রিপোর্টের মধ্যে নেই কিন্তু যেগুলি আমাদের নলেজে আছে এবং এই রিপোর্ট যদি ২।১ বছর পরে আসে, তা হ'লে পর সেই রিপোর্টে আমাদের লাভ কি? যেমন শ্রীজ্যোতি বসু বলেছেন শ্রীচিত্তরঞ্জন দাসের কথা—এটা আমরা জ্ঞাত আছি যে তিনি ছিলেন কন্ট্রোলার অব পি, এল, ইনস্টিটিউশন ১৯৫৪ পর্যন্ত, পাবলিক সার্ভিস কমিশন মন্তব্য করেন যে তাঁকে রাখা উচিত নয়, তাঁকে আবার নূতন পোস্টে নেওয়া হ'ল। জুলাই ১৯৫৪ সালে কমিশন রেকমেন্ড করলেন কিন্তু গভর্নমেন্টের সেটা পছন্দ হ'ল না। শেষ পর্যন্ত গভর্নমেন্ট বললেন কি, না ঐ পোস্টের দরকার নেই, য়্যাডভারটাইজমেন্ট তাঁরা তুলে দিলেন এবং ওটা নাকচ হ'য়ে গেল, তবুও চিত্তরঞ্জন দাসের বিরুদ্ধে তাঁরা কোন ব্যবস্থা গ্রহণ করতে পারলেন না। পরে একটা নূতন পোস্ট তাঁকে দেওয়া হ'ল ডেভলপমেন্ট অফিসার। সেটাও যখন পাবলিক সার্ভিস কমিশন স্বীকার করলেন না তখন আজকে চেষ্টা হচ্ছে তাঁকে কল্যাণীর য়্যাডমিনিস্ট্রেটিভ অফিসার করবার জন্য এবং সেখানে তার জন্য বাড়িও তৈরি হচ্ছে। উনি হচ্ছেন শ্রীমতী শান্তি দাসের স্বামী এবং কংগ্রেসের সঙ্গে অত্যন্ত ঘনিষ্ঠ। তাঁর কেস পাবলিক সার্ভিস কমিশন রিজেক্ট করবার পরও তাঁকে রাখবার চেষ্টা হচ্ছে। এ'র বিরুদ্ধে সাংঘাতিক রকমের কেস চলেছে। কিন্ত যেহেতু তিনি গভর্নমেন্টের মনঃপুত ব্যক্তি সেই হেতু তাঁর জন্য কোন না কোন একটা প্রভিসন করতে হবে। এইরকম ব্যাপার যদি আমাদের কাছে আসে তা হ'লে পর কেন আমাদের মধ্যে সন্দেহ আসবে না? ডাঃ জে কে, ব্যানার্জি, জানি না তিনি কে, কিন্তু কমিশন বারবার বলছেন, না হাইয়ার

গ্রেড এই লোককে দেওয়া যায় না। যেমন কে এস, মিত্র, ডেপ্রটি ডিরেক্টর, সোস্যাল ওয়েলফেয়ার হেলথ সার্ভিস থেকে গেলেন। তারপর বলা হ'ল যে এটা নিউলি ক্রিয়েটেড পোস্ট, অতএব গভর্নমেন্ট কমিশনের মত নেওয়ার প্রয়োজন মনে করেনা—এ কোথাকার কথা? নিউলি ক্রিয়েটেড পোস্ট, অতএব কমিশনের কাছ থেকে পরামর্শ নেবার দরকার নেই—এটা অত্যন্ত সাংঘাতিক ব্যাপার। এ ছাড়াও আরও কতকগুলি কেস আছে, একটা ডিগ্রেডেশনের কেস দেখা গেছে। একজনের সম্বন্ধে পাওয়া যাচ্ছে কি, না গোড়া থেকে শেষ পর্যন্ত পাবলিক সার্ভিস কমিশন বলছেন যে, এই ভদ্রলোক ইনএফিসিয়েন্ট কিন্তু গোড়া থেকে শেষ পর্যন্ত তিনি বরাবর প্রমোশন পেয়ে গেছেন, এফিসিয়েন্সী বার পেরিয়ে গেছেন, তাঁর পেন্সন পাবার সময়ও হয়ে এসেছে। পাবলিক সার্ভিস কমিশন বলছেন যে এই ভদ্রলোককে অনেক আগে আটকে দেওয়া উচিত ছিল, এঁর পেন্সন বছরে এত টাকা কমিয়ে দেওয়া হোক, কিন্তু গভর্নমেন্ট আজও পর্যন্ত সেখানে চুপচাপ আছেন। এই একটা দৃষ্টান্তই যথেষ্ট হবে যে একজন ভদ্রলোক এইরকমভাবে কি ক'রে এই সমস্ত জিনিস ক'রে যান। এইরকম বহু দৃষ্টান্ত এই রিপোর্টের মধ্যে আছে। আমাদের মনে হয় যে এই রিপোর্ট সম্বন্ধে গভর্নমেন্টের উচিত ছিল এটা পুঙ্খানুপুঙ্খভাবে প'ড়ে এর প্রত্যেক জায়গায় যেসমস্ত মন্তব্য আছে তার প্রতিটি মন্তব্য খণ্ডন করা বা সে সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা। এইরকমভাবে যদি এটা আমাদের সামনে আসত তা হ'লে পর আজকে আমাদের এই রিপোর্ট আলোচনা করার কিছুটা অর্থ থাকত। এই রিপোর্টের মধ্যে গভর্নমেন্টের সেইরকম কোন মন্তব্য না থাকার ফলে আমাদের পক্ষে এই রিপোর্ট আলোচনা করা অত্যন্ত কঠিন হয়ে পড়েছে।

[At this stage the red light was lit.]

Mr. Speaker: Mr. Mukherjee, my difficulty is that I have to go by the list of speakers given to me and the time allotted.

Sj. Bankim Mukherjee: Sir, in discussion of the Public Service Commission Report there should be no rationing of time.

Mr. Speaker: Please ask your whip to allot to you all the time.

Sj. Bankim Mukherjee: No, Sir. It is not a question of getting all the time. Discussion of the Public Service Commission Report should not be limited to one or two hours. It should be discussed for the whole day. সমস্ত দিনটাই এ রিপোর্ট সম্বন্ধে আলোচনা করা উচিত, বিশেষ করে আজ ফিনীসিং ডে।

[4-50—5 p.m.]

Sj. Panchanan Bhattacharjee: Sir, we are engaged in the post-mortem examination of a dead body long decomposed. The original Public Service Commission report of 26 pages along with appendices consisting of nearly about 73 pages was not prepared in time and the Government took about eight months to print a booklet of 99 pages. The Government did not want that this report should be presented in time to the Legislature. That is why they did not complete the printing of the booklet in 1956 and present it before the House in the autumn session during that year.

So far as the composition of the Public Service Commission is concerned, we see that Dr. A. T. Sen is the Chairman: and his antecedent is that he was a Demonstrator in the Calcutta University first and then he became a lecturer in the Calcutta University. His subject was "Agricultural Chemistry", and that gentleman is now the chief expert to select Government officers in various departments. The result is that he has got to rely on the assistance of various departmental heads, and he has got to look to the Government for unofficial recommendations. The procedure followed by him at least in respect of promotions has got no uniformity. In some

cases where promotion is concerned, he invites people for *viva voce* tests or interviews. In other cases he relies upon files only, and in a few cases where certain people have got the privilege of doing something unknown to the public he only sends the recommendation to the Government department. So, the Commission is now having only two members, and the Commission is functioning in a very peculiar way. We see from the Commission's Report that there are various discrepancies; and as a matter of fact the quality of the applicants appearing in various examinations is going down day by day. He has cited some reasons, but I must thank the Chairman of the Commission and the members thereof for the national sample survey taken in respect of West Bengal in the Appendix. We find in the report that certain officers appeared in examinations, and the result was peculiar. Revelations are as follows: 88.5 per cent. of Judicial Officers do not know general law; 80 per cent. of Police Officers do not know general law, and 50 per cent. of I.A.S., W.B.C.S. and W.B.J.C.S. officers do not know general law These are all new recruits. With this type of officers Government is carrying on day-to-day administrative work. It is at page 86, Appendix V. The recommendations are in many cases not accepted by Government, but we know that the recommendations in many cases are made to order. For example, we know of an earlier instance how one Mr. Jibanand Bhattacharjee was made an Instructor in the Relief and Rehabilitation Department. First of all, he was appointed on a nominal pay of Re. 1 and then his pay was raised. Finally, a new post was created, and being a Matriculate and having no diploma from any school or college he is now drawing the salary of a senior officer. We know the history of Col. Chakrabarty. We know the antecedents of Shri S. N. Banerjee; and there are other instances. Posts are made to order, advertisements are displayed in a peculiar way, and only one candidate appears, and the result is that he and he only is selected. We can cite many instances and examples how the members of the Public Service Commission while inviting departmental heads for consultation in the presence of particular candidates during *viva voce* tests or during interviews, are influenced by the personal opinion of the officers concerned These things should not happen if we want fair-play in the matter of Government servants. The Art School affair is well known. Then the Director of Fisheries, Mr. Shah, is responsible for the selection of his junior officers, and as a matter of fact in the year 1954-55 through his recommendation an officer has been selected. In one of his books in Bengali he had recommended the use of water hyacinth for the purpose of fertilising tanks meant for preservation of fish. This gentleman does not know what is the utility of water hyacinth. With such practical knowledge he selects his assistants. The result is disastrous for the country, and we know what has happened to the Fisheries Department of the Government of West Bengal.

[5—5-25 p.m.]

We know regulations are being changed and much has been said by my friend Mr Mukherjee. One of the regulations say that a man in the Junior Civil Service will have to gather 11 years' experience in order to qualify himself for up-gradation. That regulation has been changed and now a junior officer comes out in six years. As soon as this regulation was passed one gentleman who happened to be the Personal Assistant of the Premier was raised to the upper grade and we may assume that this regulation was made to order. There is a vocational training school under the Director of Industries. We know for years together here there is scarcity and paucity of instructors, supervisors, foreman, etc. Finally, we saw an advertisement in the paper for a Manager in the Bengal Tanning Institute and the result was that though several gentlemen with foreign qualifications applied, a

man selected by the head of the Institute was taken in and applications of others were rejected. However, down-grading of posts is going on. There is an instance. It has been stated by the Commission on page 17 where the helpless position of the Commission has been explained. The remark runs thus: "it was also mentioned in the last report that the Commission had recommended to Government that three vacancies to which no officer was found promotable should be filled by advertisement. In one such case the post was subsequently down-graded from West Bengal Senior Educational Service to West Bengal Educational Service and filled by transfer." These things are not new and in a previous report we find that the P.S.C. could not procure a Headmaster for the Government School at Darjeeling. The previous report was much more informative and the present one is scanty in that respect. So we see down-gradation is common. Down-grading of post is a common affair so that picked up men, men of choice, may be provided with suitable jobs with suitable emoluments. The State Government is in the habit of re-appointing retired men. The position is this. These retired men will do canvassing for Government, will try their best not to displease a Minister so that they can continue. In order to avoid this difficulty there was a proposal, if I remember correctly, that the age-limit for retirement should be raised to 60 years. In the Uttar Pradesh they have now 58 years as the age-limit. So Government should in right earnest see that the age-limit is extended to 60 years and there should be no system for reappointment after retirement. We see there is paucity of candidates and, as has been explained by Mr. Mukherjee, deterioration in the quality of candidates is manifest. Why this is so? I shall take up only one example We know in the previous report of 1953-54 the Commission pointed out that good stenographers are unwilling to accept Government service Rule 13 of the West Bengal Subordinate Services Recruitment of Stenographers Rules, 1950, provides that stenographers must have a speed of 120 words per minute as the maximum speed for A and B categories respectively. Now, the next rule—rule 14—provides that in order to earn their annual increment they must appear in a test examination to show that their speed is quite in tact. Up to 1950 there was no such rule and stenographers worked all right. Nowadays most of the officers cannot dictate at a speed of more than 50 words a minute and working under such officers stenographers must lose their speed and as a result of which the stenographers seek employment elsewhere. Further, stenographers cannot expect promotion to any other posts. Only those who cannot find any chance anywhere else, accept Government employment. So, if the Government wants to do anything they must change the regulations. Of course, the Chief Minister has declared that the regulations are all right and we are not sure whether the Government contemplates any change in the regulations in the near future. But we must see, first of all, in order to make the Commission effective that Government should evolve certain rules in consultation with the Opposition parties and if they do that the machinery will help the Government in the matter of recruitment and promotions and there will be better work throughout the State.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[5-25—5-35 p.m.]

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, যে রিপোর্ট আমাদের সামনে পেশ করা হয়েছে সেটা অত্যন্ত পুরান হলেও আজকে সে সম্বন্ধে আমার দু-চারটা বক্তব্য কমিশনের অবগতির জন্য এবং সরকারের অবগতির জন্য আপনার সামনে পেশ করব।

কমিশন বিভিন্ন বিষয় যে পরীক্ষা করেছেন, বিশেষত ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসএর যে পরীক্ষা করেছেন গত তিন বছরের ভিতর দিয়ে, একটা জিনিষ বেশ স্পষ্ট ফুটে উঠেছে, সেটা হচ্ছে ক্রমশ ক্রমশ পরীক্ষার্থিদের মান নীচের দিকে নেমে চলেছে। এ বিষয়ে কমেন্ট বিশেষ কিছু না ক'রে, শুধু এইটুকু বলব, কমিশনে এটা দেখা গিয়েছে যে আমাদের ফার্স্ট ক্লাস বি,এ, ফার্স্ট ক্লাস এম,এ, পাশ ছেলেরা ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসএর পরীক্ষায় অসাতে চায় না। তারপর পরীক্ষার মান ক্রমশ ক্রমশ নীচের দিকে নেমে যাচ্ছে। আমি মনে করি এর অন্যতম কারণ হচ্ছে ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসএর যে মাইনের হার, সেটা, ইন্ডিয়ান সিভিল সার্ভিস বা ইন্ডিয়ান এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসএর তুলনায় অত্যন্ত কম। বাংলাদেশে খুব ভাল ভাল ছেলেরা ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস পরীক্ষা না দিয়ে, ইন্ডিয়ান এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসএর পরীক্ষার দিকে তাদের বেশী ঝোঁক পড়ে, অর্থাৎ এই সার্ভিসএ যে এ্যাট্রাকশন, তা বিশেষ নাই। এই গেল প্রথম কথা। তারপর দ্বিতীয় কথা হচ্ছে, আমি মনে করি এই পরীক্ষার জন্য যে ফিএর হার ধার্য করা হয়েছে, সেটা যদি সম্পূর্ণরূপে তুলে দেওয়া হয়, তা হ'লে হয়ত আরও বেশী ক'রে গরীবের ছেলেদের এ দিকে আকর্ষণ করতে পারে এবং এর দ্বারা হয়ত পরীক্ষার মান ভাল হ'তে পারে। কমিশন একটা সাজেসশন গভর্নমেন্টের কাছে রেখেছেন, এবং গভর্নমেন্ট বোধ হয় অলরেডি অ্যাকসেপ্ট করেছেন। সেটা হচ্ছে যে পরীক্ষার বয়সের সীমা কমিয়ে দেওয়ার জন্য, অর্থাৎ ২১ থেকে ২৪ করবার জন্য। আমার মনে হয়, ২১ থেকে ২৪ না ক'রে, ২৬ পর্যন্ত করা উচিত। এর দ্বারা অন্ততঃ ইন্ডিয়ান সিভিল সার্ভিস পরীক্ষায় যেসমস্ত ভাল ভাল ছেলেরা কম্পিট করতে পারবে না, তাদের সেখানে বয়সের সীমা বেশী থাকায়, তারা হয়ত এদিকে আসতে পারে, এর চেয়ে ভাল চাকুরী না পাওয়ার ফলে। সেইজন্য আমি মনে করি এর দ্বারা পরীক্ষার মান কিছুটা উন্নত হ'তে পারে।

কমিশনকে, আমি মনে করি যে, যেমন হাইকোর্টএর একটা বিশেষ ক্ষমতা আছে, সেইরকম ভাবে একটা ক্ষমতা দেওয়া উচিত। হাইকোর্ট কিম্বা কোর্টএর কাছ থেকে মানুষ ন্যায়বিচার আশা ক'রে, তাদের নিরপেক্ষ ব'লে, এটা আমরা সবাই জানি। ঠিক সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের এই কমিশনকেও বিচার করা উচিত। কিন্তু এই রিপোর্টের ভিতর আমরা কমিশন-এর দু-চারটা ত্রুটি দেখতে পাচ্ছি, যার ফলে এই কমিশনএর প্রতি আস্থা আমাদের কিছুটা কমে যাচ্ছে, এবং আমাদের সেই ফেথ শেকেন হয়ে যাচ্ছে। এ সম্বন্ধে আমি দু-একটা উদাহরণ আপনাদের কাছে তুলে ধরতে চাই। তাঁরা ডাইরেক্ট রিক্রুটমেন্টএর ব্যাপারে, ৩৭০টি পোস্টের জন্য এ্যাডভারটাইজ ক'রে দিলেন, কিন্তু, শেষ পর্যন্ত দেখা গেল ৩৪৭ জনকে সেই এ্যাডভারটাইজমেন্টের থ্রুতে তাঁরা রিক্রুট করলেন, বাদ বাকি ২৩ জনকে, এক বছর যারা জিয়োন ছিল তাদের মধ্যে থেকে নিয়েছেন। কিন্তু কেন নিয়েছেন সে বিষয় কোন যুক্তি দেখান নাই। এ বিষয় আমার মনে হয়, তাঁদের পক্ষে এটা এক্সপ্লেন করা উচিত ছিল, এবং কিছু বলা উচিত ছিল, যাতে আমাদের সন্দেহ না হ'তে পারে। গত বছরের আগের বছর আমরা পাই নি। এ বছর যেটা দেওয়া হয়েছে, সেটা গত বছরের লিস্ট থেকে নেওয়া হয়েছে; আমি মনে করি এটা খুব অন্যায় হয়েছে। আমি এখানে উদাহরণস্বরূপ দুটি বিষয় উপস্থিত করতে চাই, যেখানে কমিশন পোস্টএর জন্য এ্যাডভারটাইজমেন্ট করেন নি, এবং তার যুক্তিতে বিশেষ কিছু দেখান নি। কেবল এখানে দেখতে পাচ্ছি তাঁরা বলেছেন চারটা পোস্টএর জন্য দরখাস্ত চেয়ে পাঠান নি, এ্যাডভারটাইজমেন্ট করেন নি, তার কারণ, তাঁরা ওভারসিজ স্কলার্স পেয়েছেন। এখানে আমার বক্তব্য হচ্ছে যে যদি ওভারসিজ স্কলারএর প্রয়োজন ছিল ঐ পোস্টএর জন্য, তা হ'লে সেই পোস্টএর জন্য বিজ্ঞপ্তি দেওয়া উচিত ছিল। যেহেতু ওভারসিজ স্কলার পাওয়া গিয়েছে ব'লে তাদের নিতে হবে, এতে লোকের মনে সন্দেহ জাগিয়ে দেয়। সেটা হচ্ছে ১৪এর পাতা নং (সি), যেহেতু তাঁরা মনে করেছেন এ্যাডভারটাইজ করার কোন প্রয়োজন নেই, এ্যাডভারটাইজ ক'লে এইরকম ধরনের লোক পাওয়া যাবে না, এটা একেবারেই কোন যুক্তি নয়। এটা বিশেষভাবে রিপোর্টে দেখান উচিত ছিল, যেগুলি সন্দেহ হয় তা নিরসন হওয়া বিশেষ দরকার।

তারপর সুপারয়্যানুয়েশনএর ব্যাপারে কমিশন যেকথা বলেছেন আজকে আমাদের এক্সপেকটেশন অব লাইফ বেড়ে গিয়েছে, সেইজন্য সুপারয়্যানুয়েশনএর এজও বাড়িয়ে দেওয়া উচিত। কিন্তু আজকে এক্সপেকটেশন অব লাইফ কয় বছর বেড়ে গিয়েছে, সে সম্বন্ধে কোন তথ্য আমাদের কাছে পেশ করেন নি। সুপারয়্যানুয়েশন এজ বেড়েছে আমরা বলি, কিন্তু নীতিগতভাবে স্বীকার করি আজকে দেশের যে অবস্থা, বেকার সমস্যা যেভাবে ঘনীভূত হয়ে উঠছে, সে ক্ষেত্রে, আমাদের এখন এই সুপারয়্যানুয়েশন এজটা অন্তত কয়েক বছর পিছিয়ে দেওয়া উচিত। পরে চিন্তা ক'রে দেখা যেতে পারে সুপারয়্যানুয়েশন এজটা আরও বাড়ান উচিত কি না?

অবশ্য আমি দু-একটা ব্যাপারে কমিশনের কাজ তারিফ করি। একটা হচ্ছে—প্রমোশনের ক্ষেত্রে—তাঁরা প্রমোশন যাদের দিয়েছেন, তার জন্য যতখানি যত্ন নিয়েছেন, সেটা সত্যই প্রশংসার পাত্র। দ্বিতীয় ব্যাপার, উত্তরবঙ্গ অধিবাসীদের পরীক্ষা গ্রহণ করবার জন্য জলপাইগুড়িতে একটা সেন্টার খুলেছেন, এবং স্টেট গভর্নমেন্ট সেটা গ্রহণ করেছেন; সেজন্য আমি বিশেষ আনন্দিত।

কমিশন তার রিপোর্টে সরকারের কাছে যে সকল রেকমেনডেশনস্ বা নির্দেশ দিয়েছিলেন কিম্বা সরকারের যেসমস্ত গাফিলতি পয়েন্ট আউট ক'রে দিয়েছিলেন, সরকারের পক্ষ থেকে সেগুলি সম্বন্ধে আমাদের কাছে জবাব পেশ করা হয় নি; আমি মনে করি এটা অত্যন্ত অন্যায় হয়েছে। এইসমস্ত ত্রুটি-বিচ্যুতিগুলি দূর হওয়া উচিত; যতদিন পর্যন্ত তা দূর না হবে, ততদিন কমিশনের কাজে কোন সার্থকতা থাকবে না। ডব্লিউ.বি.সি.এস. জুডিসিয়াল সার্ভিস কাজের জন্য ছয়টা পোস্ট খালি আছে ব'লে কমিশনকে সরকার প্রথমে জানান, কিন্তু পরে গ্রহণ করবার সময় দেখা গেল ১৩টা পোস্ট খালি আছে, অর্থাৎ ডাবলএরও বেশী। এ্যাডভারটাইজ করবার আগে যদি খবর দেওয়া হ'ত তা হ'লে ভাল দরখাস্ত আসতে পারত, তখন রিক্রুটমেন্ট বেটার টাইপ হ'তে পারত। সেদিক থেকে আমি মনে করি সরকারের পক্ষে মস্ত বড় গাফিলতি হয়েছে।

তারপর আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে টেম্পোরারী অ্যাপয়েন্টমেন্টস সম্পর্কে; যেটার প্রতি কমিশন বিশেষভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। কমিশন দেখিয়েছেন ৭টি অ্যাপয়েন্টমেন্টএর মধ্যে ৫টা অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে টেম্পোরারী এবং দুটি হচ্ছে পারমানেন্ট। আজকে যে সমস্ত পোস্টএ সরকারী কর্মচারীরা আছে, তাদের পক্ষ থেকে আমার কাছে বিশেষভাবে অভিযোগ এসেছে যে তাদের মধ্যে বেশীর ভাগই হচ্ছে টেম্পোরারী কিংবা কোয়াসি-পারমানেন্ট পোস্ট। পারমানেন্ট ইনকামবেন্টএর জায়গায় বহু লোককে পারমানেন্টলি অ্যাপয়েন্টেড না ক'রে, তাদের এখনও টেম্পোরারী ক'রে রাখা হয়েছে, যার ফলে সরকারী ডিপার্টমেন্টের কাজ কি ভাবে ব্যাহত হচ্ছে, কি ভাবে ইনএফিসিয়েন্সি সরকারী ডিপার্টমেন্টএ রয়েছে সেটা আমাদের সবাইয়ের জানা আছে। এদিকে সরকারকে আমি বিশেষভাবে দৃষ্টি দিতে বলি। যেসমস্ত অ্যাপয়েন্টমেন্ট করা হবে সেগুলি পারমানেন্ট করার জন্য চেষ্টা করা উচিত; যদি পারমানেন্ট করা না যায়, তা হ'লে চিরকাল টেম্পোরারী ক'রে রেখে কাজ চালান মোটেই যুক্তিযুক্ত নয়।

তারপর আর একটা বিষয় বলব—সেটা হচ্ছে, রি-এমপ্লয়মেন্ট অব দি সুপারয়্যানুয়েটেড অফিসার্স। কমিশন অবশ্য বলেছেন বিগত দু'বছরের তুলনায় এ বছর সুপারয়্যানুয়েটেড অফিসার্সদের রি-এমপ্লয় করা হয়েছে, তার কারণ হচ্ছে ভূমি এবং ভূমি-রাজস্ব ডিপার্টমেন্টএ বেশী অফিসারের প্রয়োজন হয়েছিল জমিদারী দখল বিল এবং ভূমি সংস্কার আইনকে কাজে পরিণত করবার জন্য। কিন্তু তাঁরা যে সংখ্যা দেখিয়েছেন তার দ্বারা দেখা যাচ্ছে ঐ ডিপার্টমেন্টএ মাত্র ১৪০ জন অফিসার রি-এমপ্লয়েড হয়েছে।

[5-35—5-45 p.m.]

ভূমি এবং ভূমিরাজস্ব ডিপার্টমেন্টের বেশী অফিসারের প্রয়োজন হয়েছিল জমিদারী দখল বিল এবং ভূমিরাজস্ব বিলকে কার্যে পরিণত করার জন্য। কিন্তু তারা যে সংখ্যা দেখিয়েছেন

তা' দ্বারা দেখান যায় যে ঐ ডিপার্টমেন্টএ মাত্র ১৪০ জন অফিসার রিঅ্যাপয়েন্টেড হয়েছে কিন্তু অন্যান্য ডিপার্টমেন্টএ প্রায় ৫০ থেকে ৬০ জন ১৯৫৪-৫৫ সালে এই সমস্ত সুপারয়্যানুয়েটেড অফিসাররা অ্যাপয়েন্টেড হয়েছে। এদিক দিয়ে বিগত বছরের সংখ্যার সঙ্গে যদি তুলনা করা যায় তা হ'লে দেখা যাবে ১৯৫২-৫৩ সালে এবং ১৯৫৩-৫৪ সালে মাত্র ২৫ জন এবং ৩৭ জন অফিসারকে অ্যাপয়েন্ট করা হয়েছিল যথাক্রমে। এর দ্বারা বেশ ভালভাবে বুঝতে পারা যায় সরকারের একটা টেন্ডেন্সি দেখা যাচ্ছে এই সমস্ত সুপারয়্যানুয়েটেড অফিসারদের রি-এমপ্লয়েড করার। আমরা মনে করি এর দ্বারা সরকারী ডিপার্টমেন্টএর এফিসিয়েন্সী কমে যাবে। সকল অফিসারদের চান্স দেওয়া উচিত এবং তা যদি না হয় তা হ'লে সরকারী যে ফ্রেম আছে সেই ফ্রেমএর মধ্যে দুর্নীতি প্রবেশ করবে ব'লে আমি মনে করি। তৃতীয় হচ্ছে ডিসিপ্লিনারী কেসেস এ্যান্ড মেমোরিয়াল সম্বন্ধে কমিশনএর পক্ষ থেকে যেকথা বলা হয়েছে সেটার দিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমার শেষ বক্তব্য কমিশনএর যেসমস্ত রেকমেন্ডেশন সেই সমস্ত সরকার অত্যন্ত দেরীতে গ্রহণ করছেন। কারণ আমরা দেখেছি মাসের পর মাস, বছরের পর বছর কেটে গিয়েছে কমিশনের রেকমেন্ডেশন গ্রহণ করা হয়নি।

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, পাবলিক সার্ভিস কমিশন রিপোর্ট আলোচনা করার ক্ষেত্রে আমার কয়েকটি বিষয়ে বক্তব্য আছে। প্রথম কথা, যারা সুপারয়্যানুয়েটেড তাদের চাকুরীতে রাখা নীতিগত দিক থেকে আমি বিরোধিতা করছি। আলোচ্য বছরে সরকার ২০৩ জন সুপারয়্যানুয়েটেড লোককে পুনর্নিয়োগ করেছেন। এর কি প্রয়োজন ছিল? সরকার বলবেন যে, এস্টেটস্ অ্যাকুইজিশন য়্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস য়্যাক্ট চালু হওয়ার ফলে বহু সংখ্যক অফিসার্সএর দরকার হয়। নতুন লোক নিলে অভিজ্ঞতাসম্পন্ন পাওয়া যায় না; তাই এদের নেওয়া হয়েছে। সরকারের কাছে আমার জিজ্ঞাস্য যে, এস্টেটস্ য়্যাকুইজিশন য়্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস অ্যাক্ট চালু করা সরকারের কি পরিকল্পনা ছিল? সরকার অনেক আগে হ'তেই জানতেন যে, তাঁরা জমিদারী প্রথার বিলোপ সাধন ও ভূমি সংস্কার করবেন; এইজন্য এস্টেটস্ অ্যাকুইজিশন অ্যাক্ট ও ল্যান্ড রিফর্মস অ্যাক্ট আনতে হবে—এও তো তাঁদের জানা ছিল। এই পরিকল্পনা যখন জানাই ছিল তখন এই পরিকল্পনাকে কার্যকরী করার জন্য আগে হ'তে কেন কেডার তৈরি করেন নি? দ্বিতীয়ত, আমার জিজ্ঞাস্য যে, এই সমস্ত অফিসারকে উপযুক্ত বিবেচনা করা যায় কি না? যে সমস্ত অফিসার তাঁদের অধীনস্থ অফিসারদের কাজের উপযুক্ত ক'রে গ'ড়ে তুলতে পারে না আমি তাদের উপযুক্ত মনে করি না। এই সুপারয়্যানুয়েটেড অফিসার নিয়োগ স্টপগ্যাপ য়্যারেঞ্জমেন্ট। কি স্থিরতা আছে যে, এ'রা উপযুক্ত অফিসার তৈরি করবেন যাতে এ'রা রিটায়ার করার পর নতুন অফিসাররা দায়িত্ব নিতে পারে? বরং উল্টো সন্দেহই আমাদের হয়। এই সমস্ত বৃদ্ধ অফিসার এমনভাবে কাজ করেন যাতে তাদের সার্ভিস ইনডিসপেন্সিবল হয়ে দাঁড়ায় এবং তাঁরা রিটায়ার করলে অন্য লোক সেই পোস্টে কাজ না করতে পারেন। এই কারণেই তাঁদের সুপারয়্যানুয়েশনএর এজ পার হয়ে যাবার পরেও বিভাগীয় দায়িত্ব নিবার উপযুক্ত অফিসার পাওয়া যায় না এবং এ'দের নতুন ক'রে আবার নিয়োগ করতে হয়। এ ছাড়াও নীচে থেকে নতুন অফিসারদের প্রমোশন না দিলে অফিসারদের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পায়। ফলে গোটা বিভাগের কাজে শৈথিল্য দেখা দেয় এবং যোগ্যতা হ্রাস পায়। যদি কেউ দেখে যে তার সামনে উন্নতির ক্ষেত্র থাকা সত্ত্বেও বয়োবৃদ্ধ অফিসাররা সেগুলি পাহাড়ের মত আগলে আছে তখন কোন্ লোকের উৎসাহের সঙ্গে কাজ করার ইচ্ছা হয়? শাসনের যোগ্যতা বাড়াতে গেলে কর্মচারীদের অসন্তোষ দূর করা দরকার এবং তার জন্য স্বাভাবিক পদোন্নতি যেন বাধাপ্রাপ্ত না হয়, সে ব্যবস্থা করা দরকার। তা' না ক'রে এই সমস্ত সুপারয়্যানুয়েটেড লোককে সামনে এনে দিয়ে নতুন কর্মচারীদের পদোন্নতির পথকে বন্ধ ক'রে দেওয়া হচ্ছে। এইসব বুড়ো লোকের বদলে নতুন অফিসার বসান। প্রথমে তাতে কিছু অসুবিধা হ'তে পারে কিন্তু কাজ করার মাধ্যমে এইসব নতুন লোক কাজ শিখে নেবে এবং কিছুদিনের মধ্যেই সুষ্ঠুভাবে কাজ চালাতে পারবে।

সরকার এখন মোট কর্মচারীদের শতকরা ৭৫ জনকে অস্থায়ী ক'রে রেখেছেন। অনির্দিষ্ট কাল ধ'রে এইভাবে অস্থায়ী ক'রে রাখার নীতির আমি প্রতিবাদ করি। কতকগুলো পোস্ট আছে যেগুলির মেয়াদ ফর এ স্পেসিফিক পিরিয়ড এবং আর কতকগুলো পোস্ট আছে যেগুলো তা নয়। সেগুলো কোন একটা নির্দিষ্ট সময়ের জন্য, সেখানে আপনারা অস্থায়ী কর্মচারী নিন—এতে আমার কোন আপত্তি নেই; কারণ পোস্টটাই হচ্ছে অস্থায়ী। কিন্তু যে পদগুলি স্পেসিফায়েড পিরিয়ডের জন্য নয় কেন সেগুলিতে অস্থায়ী লোক নেবেন? ধরুন, রিসার্চ অফিসার ইন এগ্রিকালচারাল সার্ভিস, ক্লাস ওয়ান। এই পোস্টটি অস্থায়ী? কয়েকদিন বাদেই কি এই পদটি উঠে যাবে? এই পোস্ট সেই রকমের নয়। এই পোস্ট যখন স্থায়ী তখন তাতে নিযুক্ত কর্মচারীকে অস্থায়ী ক'রে কেন রাখেন?

understudy engineers for Japanese trawlers

সেখানে কেন এরূপভাবে অস্থায়ী রাখেন? যদি মনে করেন এই পোস্ট স্থায়ী তা হ'লে স্থায়ী ভাবেই কর্মচারী নেওয়া উচিত। এইভাবে অস্থায়ী কর্মচারী নিয়োগের একটা উদ্দেশ্য আছে। এতে নিয়মবিরুদ্ধ নিয়োগের সুবিধা হয়। কোন পদে যদি ছ'মাসের জন্য কোন অফিসারকে নিয়োগ করা হয় তা হ'লে পাবলিক সার্ভিস কমিশনকে দিয়ে নিয়োগ করতে হয় না। প্রথম ৬ মাস পাবলিক সার্ভিস কমিশনের সঙ্গে কনসাল্ট না ক'রেই চাকুরীতে অফিসারকে রাখা হ'ল। তারপর তা আবার ছ'মাস ছ'মাস ক'রে এক্সটেনশন ক'রে দেওয়া হয়। এইভাবে কোন কোন খাতিরের লোককে ১০ বছর রেখে দেওয়া হয় পাবলিক সার্ভিস কমিশনএর সঙ্গে কন্সালটেশন না করেই। এইভাবে আপনারা নিজের লোকদের দিনের পর দিন এক্সটেনশন দিয়ে যাচ্ছেন। অস্থায়ী রাখার এই একটা উদ্দেশ্য। তা ছাড়া, বিধান বাবু জানেন যে, যদি সরকারী কর্মচারীরা স্থায়ী হয় তা হ'লে তাদের চাকুরি হ'তে বরখাস্ত করা সহজ নয়। পাবলিক সার্ভিস কমিশনএর মাধ্যমে যদি এ্যাপয়েন্টমেন্ট হয়, তা হ'লে কর্মচারীকে তাড়াতে হ'লে তার কেস রেফার করতে হবে পাবলিক সার্ভিস কমিশনএ। সেখানে বিচার হবে এবং আর্টিকল ২২৬এর প্রোটেকশনও সে পাবে। কিন্তু যদি অস্থায়ী হয় এবং সে যদি জানে যে, তার চাকুরীর স্থায়িত্ব নির্ভর করছে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী গ্র্যান্ড ডেসপটএর মর্জি'র উপর তখন সে সমস্ত আদর্শচ্যুত হয়ে এই একটি লোককেই সন্তুষ্ট করবার চেষ্টা করবে। অফিসার বুড়ো হাবড়া লোক হ'লে কঠিন কর্তব্যের সঙ্গে কাজ করতে পারে না; কারণ সেই রকম জোর দেখাতে গেলে ডাঃ রায়ের কুনজরে প'ড়ে তার চাকুরি চলে যাবে। সুতরাং সুপারয়্যানুয়েটেড অফিসার বেশী ক'রে রাখাই তিনি প্রয়োজন মনে করেন। মিঃ স্পীকার, স্যার, আপনি যদি খোঁজ নেন তা হ'লে দেখবেন যে, এমন একটা বিভাগও নেই যেখানে ডাঃ রায় একটা বুড়ো হাবড়া সুপারয়্যানুয়েটেড লোক বসিয়ে না দিয়েছেন। তার সঙ্গে অস্থায়ী কর্মচারী নিয়োগ। এইসব সুপারয়্যানুয়েটেড ও অস্থায়ী কর্মচারীকে বিধান বাবুকে সন্তুষ্ট ক'রে চলতে হয় চাকুরী রাখার জন্য। তাই আমার বক্তব্য নীতিগত দিক থেকে এই দুটো নিয়োগ বন্ধ ক'রে দেওয়া দরকার।

[5-45—5-55 p.m.]

অবশ্য এক-আধটা ক্ষেত্রে ব্যতিক্রম হ'তে পারে, স্পেশাল মেরিট থাকলে রাখা যেতে পারে; বাট দ্যাট সুড নট বি দি জেনারেল রুল। দ্বিতীয়ত স্থায়ী পদে কোন অস্থায়ী লোক রাখা উচিত না। তৃতীয়ত, ইরেগুলার য়্যাপয়েন্টমেন্ট দেওয়া সংগত নয়। প্রথমে ছয় মাস, তারপর আবার ছয় মাস, তারপরে আবার ছয় মাস, এইভাবে পাবলিক সার্ভিস কমিশনকে ফাঁকি দিয়ে একজনকে এক্সপিরিয়েন্স গেন করতে দিয়ে তাকে পরে স্থায়ী করা—এই ব্যবস্থা বন্ধ করতে হবে। ডাঃ রায় যাঁকে য়্যাপয়েন্টমেন্ট দিতে চান তাকে এইভাবে ব্যাক ডোর দিয়ে চার বছরের এক্সপিরিয়েন্সড করিয়ে নিয়ে নিয়েছেন। পাবলিক সার্ভিস কমিশনএর চেয়ারম্যানএর এসব কথা জানাই আছে—তিনি তো ডাঃ রায়ের হাতের পুতুল; তা না হ'লে ফোন তুলে ডাঃ রায়কে বলেন, "আপনার কথামত অমুককে নিয়েছি স্যার।" ডাঃ রায় তখন লোকটিকে ডেকে বলেন, "ওহে, আশু বলছিল তোমার কেসটা ক'রে দিয়েছে।" এইরকম অবস্থা যেখানে রয়েছে সেখানে পাবলিক সার্ভিস কমিশন দিয়ে কি হবে? তবুও বলি যেসমস্ত দুর্নীতি বন্ধ করা যায়

সেইসমস্ত এখনই বন্ধ করতে হবে। তবেই অ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সি বাড়বে যেটা আজ অত্যন্ত প্রয়োজন। ১৭ জন আই,সি,এস, অফিসাররা যা করত এখন ১১৯ জন সেক্রেটারী, ডেপুটী সেক্রেটারী প্রভৃতি অফিসাররা তা করতে পারেন না—একথা সরকার নিশ্চয়ই স্বীকার করবেন। বাঙ্গালীর কর্মক্ষমতা নেই—একথা আমি মানি না। আদত কথা ক্ষমতার পরিচয় দেবার সুযোগ তাদের নেই। সুতরাং গলদ যা আছে তা দূর করা আজ দরকার। সর্বশেষে স্টেনোগ্রাফার্সদের জন্য ব'লে আমার বক্তব্য শেষ করব। তাঁদের ব্লাইন্ড অ্যালি সার্ভিস, তাদের প্রমোশনএর কোন সুবিধা নেই। তারা বিধান বাবুর কাছে রিপ্রেজেনটেশন দিয়েছে; বিভিন্ন বিভাগের সেক্রেটারীরা পর্যন্ত এদের পক্ষে মত প্রকাশ করেছেন। একজন এল,ডি, ক্লার্কএর যদি ডেপুটী সেক্রেটারী, সেক্রেটারী প্রভৃতির পদ পাওয়ার পথ খোলা থাকে তা হ'লে স্টেনোগ্রাফার্সদের কেন সেই সুযোগ থাকবে না? এল,ডি ক্লার্কসদের পাবলিক সার্ভিস কমিশন রিক্রুট করেন এবং স্টেনোগ্রাফার্সদেরও পাবলিক সার্ভিস কমিশন রিক্রুট করেন। সেখানে যদি এল, ডি ক্লার্কসদের প্রমোশন হতে পারে, তা হ'লে স্টেনোগ্রাফার্সদেরও সেইরকম প্রমোশনের ব্যবস্থা থাকা উচিত। প্রতিযোগিতায় প্রমোশন পাবে কি পাবে না সেকথা এখন বিচার্য নয়; তারা যাতে প্রতিযোগিতায় নামতে পারে সে পথ খোলা রাখা দরকার।

Mr. Speaker: Mr. Banerjee, I do not think the Public Service Commission has anything to do with promotion.

Sj. Dhirendra Nath Dhar:

স্পীকার মহাশয়, আমি ঠিক বুঝতে পারছি না যে, পাবলিক সার্ভিস কমিশন যা এই সরকারের সৃষ্টি সেই সরকারই এই পাবলিক সার্ভিস কমিশনের রেকমেনডেশন সহজে স্বীকার করতে রাজী হচ্ছেন না কেন? আবার এজন্য পাবলিক সার্ভিস কমিশনও দুঃখ করেছেন। অর্থাৎ তারা বলছেন

"The Commission is constrained to observe that irregular appointments continued to be made by different Departments."

আবার এক জায়গায় বলেছেন যে,

"A few illustrative cases of delay in accepting the recommendations have been cited in the Report".

সরকারের ব্যবহার সম্পর্কে তাঁরা এইসব কথা জানাচ্ছেন। কিন্তু আমি বুঝতে পারিনা যে যেটা তাঁদের নিজেদের সৃষ্টি সেই সৃষ্টির বিরুদ্ধে মন্ত্রীসভা কি ক'রে যান? চেয়ারম্যান অব দি পাবলিক সার্ভিস কমিশনএর পরিচয় আমার পূর্ববর্ত্তী বক্তা শ্রীপঞ্চানন ভট্টাচার্য মহাশয় দিয়েছেন। কিন্তু আমি আরও সংবাদ শুনেছি যে এ'র আরও কোয়ালিফিকেশন আছে যার জন্য বিশেষভাবে এ'কে এখানে আনা হয়েছে। তিনি পুসা এগ্রিকালচারাল কলেজের একজন বিশিষ্ট অফিসার ছিলেন। সেখান থেকে তাঁকে ডিসমিস করা হয়। এমন একজন কোয়ালিফায়েড লোককে পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান যখন করা হয়েছে তখন নিশ্চয় তাঁর কার্যকলাপ সরকারের দেখা উচিত। আর একটা বিষয় আমি বলতে পারি এবং এটা আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে ৪ বছর ধরে দেখছি যে কলকাতা কর্পোরেশনের কয়েকটি পোস্ট আছে যেগুলো পাবলিক সার্ভিস কমিশনের মধ্যে পড়ে। এইসবের মধ্যে একটি পোস্ট হচ্ছে হেলথ অফিসারের পোস্ট। গত ৪ বছর এই পোস্টটাই খালি পড়ে আছে। ডাঃ আমেদ যিনি হেলথ অফিসার ছিলেন তাঁর মৃত্যুর পরে পাবলিক সার্ভিস কমিশনের দ্বারা এই পোস্টটা ফিল আপ করার প্রশ্নটা ওঠে এবং পৌরসভা ইতিমধ্যে সবচেয়ে সিনিয়র যিনি হেলথ অফিসার—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on a point of order. My friend is discussing the Municipal Service Commission. One member of the Public Service Commission is working there but that is not the Public Service Commission.

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি পাবলিক সার্ভিস কমিশন সম্বন্ধে বলছি, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন সম্পর্কে নয়। হেলথ্ অফিসার পাবলিক সার্ভিস কমিশনএর জুরিস্ডিকশানএর মধ্যে পড়ে। সেই কেসটা পাবলিক সার্ভিস কমিশনএর নজরে ৪ বছর আগে আনা হয় এবং পর পর সেখান থেকে চিঠির পর চিঠি আসছে যেটা পাবলিক সার্ভিস কমিশনএর মনোমত হচ্ছে না বলে এই পোষ্টটা ফিল-আপ হচ্ছে না। প্রথম তাঁরা বললেন যে পৌরসভা যে প্রস্তাব দিয়েছেন,—অর্থাৎ কোয়ালিফিকেশান সম্বন্ধে যে একজিস্টিং রুলস্ আজ ২০ বছর যাবৎ পৌরসভার মধ্যে রয়েছে এবং আমাদের মুখ্যমন্ত্রীরও হয়ত সেই কোয়ালিফিকেশান সম্পর্কে কিছু দান ছিল—সেই নিয়ম এবং আরও উন্নত নিয়ম হয়েছে।

Mr. Speaker: What has this discussion to do with the Public Service Commission?

Sj. Dhirendra Nath Dhar:

আছে, স্যার, বলছি।

Mr. Speaker: I understand you mean the Calcutta Corporation.

Sj. Dhirendra Nath Dhar:

হেলথ অফিসার, ক্যালকাটা করপোরেশান সম্পর্কে।

Mr. Speaker: Whose Health Officer?

Sj. Dhirendra Nath Dhar:

ক্যালকাটা কর্পোরেশানের এই য়্যাপয়েন্টমেন্টটা পাবলিক সার্ভিস কমিশন করে থাকেন। কোয়ালিফিকেশান ফিক্স করেন পাবলিক সার্ভিস কমিশন, সিলেকশানও করেন।

Mr. Speaker: Municipal Service Commission.

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এ সম্পর্কে ২-১টি ডকুমেন্ট হাজির করতে পারি। এই পোস্ট ফিল-আপ এবং কোয়ালিফিকেশান রুলস্ করে পাবলিক সার্ভিস কমিশন এবং সিলেকশান অব ক্যান্ডিডেডস্ করেন পাবলিক সার্ভিস কমিশন।

Mr. Speaker: Has this report dealt with that matter?

Sj. Dhirendra Nath Dhar:

নো, এই রিপোর্টের মধ্যে সেটা য়্যাবসেন্ট। এটা এজন্য য়্যাবসেন্ট আছে যে, এই পোস্টটা ফিল আপ করা হয়নি এবং এটাই হচ্ছে আমার অভিযোগ। গত ৪ বৎসর যাবৎ পাবলিক সার্ভিস কমিশন কিরকম সুন্দর কাজ করছে তার একটি নজির আমি উপস্থিত করছি। তাঁরা কিভাবে চলছে সেটা আমি গল্পের মধ্যে দিয়ে বলবার চেষ্টা করছি......

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Let us understand the situation. It is true that the Public Service Commission under the Constitution if directed by the local Government or by the Governor can take up other jobs. But we are now discussing those items which are covered by Article 323(1) and (2) according to which the report is presented.

Sj. Somnath Lahiri: In that case, if it is not relating to services outside the Government, how does the report on recruitment to the Tropical School of Medicine appear in this?

Mr. Speaker: You do not follow the objection. The objection was—what is being debated are the items before the House, not the items which do not come within the purview of this report.

Sj. Somnath Lahiri: No, Sir, there may be an item which should have come in the report but it is missing. That is the point. If it relates to the year 1954-55, to the activities of the Public Service Commission, no matter whether it has appeared in the report or not, that is quite in order.

Mr. Speaker: No, it is not in order.

Dr. Hirendra Kumar Chattopadhyay: Mr. Speaker, Sir, on a point of information. About the Public Service Commission, if the personnel of the Public Service Commission and the activities of the Commission can be debated here............

Mr. Speaker: Generally. He is discussing with reference to a job. You might have heard that when Mr. Subodh Banerjee was making scathing criticisms generally, I allowed him to do so.

Dr. Hirendra Kumar Chattopadhyay: That is very good of you.

Mr. Speaker: It is not good of me, it is a question of what I should do.

Dr. Hirendra Kumar Chattopadhyay: Then, can we not discuss the lapses of the Public Service Commission?

Mr. Speaker: Generally, but not with reference to a particular case.

Dr. Hirendra Kumar Chattopadhyay: How can we if we cannot cite particular cases?

Mr. Speaker: I cannot help.

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার, আমি একটা উদাহরণ দিয়ে আপনাকে বুঝাবার চেষ্টা করছিলাম যে পাবলিক সার্ভিস কমিশন কিভাবে এবং কার নির্দেশে......

Mr. Speaker: Mr. Dhar, don't think I am trying to stop you. Those cases which have not been dealt with cannot be the subject-matter of discussion.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The whole discussion arises out of the provision of Article 323 which states it shall be the duty of a State Commission to present annually a report as to the work done by the Commission and it is the duty of the Government to place it before the House. So, how can you go beyond this article?

Mr. Speaker: Mr. Subodh Banerjee made scathing criticism about the conduct of the Public Service Commission and even said something about the personnel of the Commission. I never said anything.

[5-55—6-5 p.m.]

Sj. Dhirendra Nath Dhar:

মিঃ স্পীকার, স্যার, আমার যা বলবার কথা সেটা হচ্ছে পাবলিক সার্ভিস কমিশন সম্পর্কে। পাবলিক সার্ভিস কমিশন যার উপর নাকি গভর্ণমেন্টের প্রত্যেকটা ডিপার্টমেন্টের প্রপার য়্যাডমিনিষ্ট্রেশান নির্ভর করছে সেই কমিশনের এমনভাবে কাজ হওয়া উচিত যাতে য়্যাডমিনিষ্ট্রেশানএর প্রকৃতপক্ষে হেলপ হয়। কিন্তু আমরা যা দেখছি তাতে যেভাবে হওয়া

উচিত সেইভাবে তার য়্যাডমিনিষ্ট্রেশান হচ্ছে না। পাবলিক সার্ভিস কমিশন তাদের নিজস্ব বিচার-বুদ্ধি অনুসারে প্রপার সিলেকশান করতে পারে না, তাদের ষ্ট্যাণ্ডার্ড বজায় রাখতে পারবে না, কারণ সরকারের তরফ থেকে যে নীতি গ্রহণ করা হয় তাতে পাবলিক সার্ভিস সম্পূর্ণ নিজস্ব বিচার-বুদ্ধি খাটাতে পারেন না। এখানে হেলথ অফিসার নিয়োগের কেসটা একটা পিকিউলিয়ার কেস। তাতে দেখা যায় যদি তাঁদের মন মতন ক্যাণ্ডিডেট না হয় কর্ত্তৃপক্ষের সন্তোষজনক ক্যাণ্ডিডেট না হলে তাঁরা পাবলিক সার্ভিস কমিশনএর সিলেকশান অনুমোদন করেন না। এই ধরুণ, মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা এক্সাম্পেল দিচ্ছি। পাবলিক সার্ভিস কমিশন বলেছেন, 'আমাদের নিজেদের সম্পূর্ণ মান অনুসারে ক্যাণ্ডিডেট সিলেক্ট করেছি কিন্তু সরকার তাদের নিচ্ছেন না। সরকারের সৃষ্ট যে পাবলিক সার্ভিস কমিশন সে কমিশন এমনি অদ্ভূত কমিশন যে নিজের বিচার-বুদ্ধিতে যদি কিছু করতে চেষ্টা করে—সেটা সরকারের মনের মতন না হলে তার সিলেকশান সরকার স্বীকার করতে চান না। এ অবস্থায় যে য়্যাডমিনিষ্ট্রেশান চলছে—সে য়্যাডমিনিষ্ট্রেশান খারাপ হতে বাধ্য।

আমার পাবলিক সার্ভিস সম্পর্কে আর একটা কথা বলবার আছে। সেটা হচ্ছে—যে ধরণের লোক নিয়ে আজ পাবলিক সার্ভিস কমিশন করা হয়েছে, তাতে শীঘ্রই পরিবর্ত্তন আনা উচিত। কমিশনের সদস্য হিসাবে এমন সব লোক নেওয়া উচিত যাদের সম্বন্ধে কারো কোনরূপ সন্দেহের অবকাশ নাই। এ সম্পর্কে শ্রীযুক্ত বি. কে. বসুর নাম উল্লেখ করতে পারি। তাঁর আমলে কোন জায়গায় পাবলিক সার্ভিস কমিশনের কার্য্যকলাপের প্রতি বা তাঁদের কোন সিলেকশানএর প্রতি জনসাধারণের মনে কোনরূপ আশঙ্কা বা সন্দেহ জাগে নাই। তিনি জনসাধারণের কাছে পাবলিক সার্ভিস কমিশনের সুনাম প্রতিষ্ঠিত করে গিয়েছেন।

Mr. Speaker: Before further discussion proceeds, I would like to point out one thing. Dr. Chatterjee wanted certain information and I think it is only right that I should draw his attention to the last few lines of article 323(2) of the Constitution. I will read out that passage for your information: "and in either case the Governor shall, on receipt of such report, cause a copy thereof together with a memorandum explaining, as respects the cases, if any ... " So, it is limited to the cases. Supposing the memorandum would have come up before the House, it would have been limited to the cases where the advice of the Commission was not accepted. It is not a wide, general thing. You cannot deal with each and every case. Supposing there would have been a memorandum before the House today, the memorandum would have been on the cases where the Government was bound to explain as to why the recommendation has not been accepted. But, as I have told you before, general criticism is permissible, but you cannot go into cases to which there is no reference and about which there is no memorandum and there is no case before the House.

Dr. Hirendra Kumar Chattopadhyay: Respectfully I beg to submit that we are referring to the specific cases that are embodied in the report.

Mr. Speaker: If the case is there in the report, yes.

Dr. Hirendra Kumar Chattopadhyay: That is what I am telling. We can only discuss the report and the cases referred to in the report.

Sj. Somnath Lahiri: The Chief Minister said, we are discussing the report before the House, but supposing three or four appointments are not given by the Public Service Commission itself in its report by mistake or deliberately and supposing they come to our notice, what is the remedy? How can we point these out?

Mr Speaker: I am very glad you have raised this question. I will advise you to read the Regulations. If you had only read the Regulations, you would not have put that question. If you refer to the Regulations, you

will find that in all cases it is not necessary to refer to the Public Service Commission. There are many cases which stand outside it. You may feel that with regard to all these posts, the Public Service Commission should have been consulted. But if they have taken them out bodily, rightly or wrongly, you cannot discuss them.

Sj. Nepal Ray: On a point of information, Sir.

ম্যালেনকভ যিনি দু' হাজার মাইল দূরে থাকেন............

Mr. Speaker: Mr. Malenkov I am not interested in.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়, পাবলিক সার্ভিস কমিশন এরকমভাবে গঠিত হওয়া প্রয়োজন যাতে নাকি তার উপর লোকের আস্থা থাকে। যেটা আমাদের য়্যাডমিনিস্ট্রেশানএর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে সেটার প্রতি সকলকারই বিশ্বাস থাকবে। এবং সেটা সম্বন্ধে কারো মনেই এই ধারণা হবে না যে এটা মন্ত্রীদের একটা পাপেট বডি। অবশ্য এর সদস্য গভর্ণর নিয়োগ করে থাকেন, কিন্তু সে কাজটা মন্ত্রীদের সুপারিশ মতনই হয়ে থাকে।

গোড়ারদিকে, ৩ জন মেম্বারের মধ্যে ২ জন থাকতেন নন-অফিস্যাল আর একজন থাকতেন গভর্নমেণ্ট রিটায়ার্ড অফিসার, মিঃ বি, কে, বসুর সময় পর্যন্ত এই অবস্থা ছিল। তারপরে আমরা দেখেছি মাত্র একজন নন-অফিস্যাল মেম্বার রইলেন ডাঃ জে, পি, নিয়োগী। কিন্তু সব সময় সে ভদ্রলোক সব কাজে মন্ত্রীদের ডিটো দিতে পারেন নি বলে তাঁকে সরিয়ে দেওয়া হল। এখন যে ৩ জন রয়েছেন সদস্য এই তিন জনই সরকারের লোক—গভর্ণমেন্ট রিটায়ার্ড অফিসার। সুতরাং এইভাবে যদি রিটায়ার্ড গভর্নমেণ্ট অফিসারই রাখতে সুরু করা হয় এবং তাঁদের নামই যদি সুপারিশ হয় তাহলে সাধারণ লোকের মনে স্বভাবতই আশংকা জাগতে পারে। সন্দেহ জাগতে পারে। প্রথম যাঁদের নিয়ে কমিশন গঠিত হয়েছিল মিঃ বি. কে বসুকে নিয়ে, সেই মিঃ বি, কে, বসুর সময় পর্যন্ত পাবলিক সার্ভিস কমিশন ঠিকমত চলেছিল। তারপরে যিনি চেয়ারম্যান হলেন—তিনি ফিজিক্যালি অ্যান্ড ন্যাচারালি, মেণ্টালিও ইনভ্যালিড। তিনি তেতালায় উঠতে পারবেন না, তারজন্য একতালায় অফিস নামানো হল। তিনি যদিও ইনভ্যালিড ছিলেন কিন্তু ছিলেন সিনিয়র মেম্বার অব দি আই. সি. এস। আমরা দেখেছি—সব সময় তিনি ডিটো দিতে রাজী হতেন না। তাঁর জায়গায় যাঁকে আনা হয়েছে—মিঃ এ. টি. সেন, তাঁর কোয়ালিফিকেশানের কথা আমি বলব না—পূর্ববর্ত্তী বক্তারাই বলে গিয়েছেন।

Mr. Speaker: Perhaps you will again feel that I am stopping you. Will you kindly refer to article 317 of the Constitution? I am just trying to draw your attention, Mr. Chakravarty, lest you might feel that you are being stopped.

Sj. Jatindra Chandra Chakravorty:

একটু আস্তে করে বলুন না।

Mr. Speaker: Will you please withdraw that......

Sj. Jatindra Chandra Chakrabarty:

একটু নরম করে বলুন।

Mr. Speaker: When I am on my legs, I think you should sit down. The Article is 317.

Sj. Jatindra Chandra Chakrabarty:

আমি জানতাম যে আপনি কমপ্লেন করবেন।

Mr. Speaker: Very well. Now, once a gentleman is appointed as the Charman of the P.S.C., no amount of acts of his ommission and commission can make him liable to be removed and the Constitution lays down under what circumstances he can be removed. (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: By the President). The removal can only be by the President. Whether he is suffering from infirmity or not cannot be debated. He has been appointed and if his removal is sought..... ....

Sj. Jatindra Chandra Chakrabarty: Go on please...........

Mr. Speaker: Am I to be dictated by you? Now, I may tell the honourable members that there are limits to the scope of the debate. A special provision has been made in the Constitution laying down under what circumstances he can be removed, what procedure is to be followed for that purpose. Whether the Chairman became infirm in the course of his service there, even if he became infirm earlier, once he is appointed that thing cannot be discussed here. The procedure relating to his removal must strictly be followed. That is all I have to point out to the honourable members.

[6-5—6-15 p.m.]

Sj. Jatindra Chandra Chakrabarty:

মাননীয় স্পীকার মহাশয়—আমি যেটা বলতে চেয়েছিলাম—এই সরান বা রিমুভ্যাল সম্পর্কে—তাতে আমার বক্তব্য ছিল—নন-অফিস্যাল এই কমিশনএ আগে ছিল ৩ জন। ১ জন অফিস্যাল ছিল। তারপর যা হল তাতে একজন নন-অফিস্যাল, ২ জন অফিস্যাল—টু গভর্ণমেন্ট রিটায়ার্ড অফিস্যালস। এবং লাষ্ট ডাঃ জে, পি, নিয়োগী যখন চলে গেলেন, তখন থেকে দেখতে পাচ্ছি—কমিশনএ যারা রয়েছেন তাঁরা ৩ জনই গভর্ণমেন্ট রিটায়ার্ড অফিস্যাল। এটা খুব সহজেই অনুমান করা যায় যে এমনিভাবে যদি কমিশন গঠন করা হয়—গভর্ণমেন্ট রিটায়ার্ড অফিস্যাল নিয়ে, তাহলে তারা মন্ত্রীদের মুখের দিকে তাকিয়ে থাকবেন। সেটা অবাঞ্ছনীয়। চেয়ারম্যান অব দি কমিশন—তার অবস্থা—পজিশান হচ্ছে হাই কোর্টএর জাজএর মত—তার নিরপেক্ষতা সন্দেহাতীত থাকা দরকার। অথচ এই চেয়ারম্যান অব দি কমিশনএর কাজের কথায় এই সভায়ই বিরোধী দল হতে অভিযোগ করা হয়েছে। সুতরাং এইরূপ চেয়ারম্যানএর উপর লোকের সহজে আস্থা থাকতে পারে না এবং কমিশনএর কার্য্যাবলীও সন্দেহাতীত বলে অনেক সময় গ্রাহ্য নাও হতে পারে। আমি এই পয়েন্টটার উপরই বিশেষ গুরুত্ব ও জোর দিচ্ছি যে মন্ত্রীদের থেকে তারা নিরপেক্ষ হয়ে থাকবেন কারণ মন্ত্রীদের কৃপাদৃষ্টির উপর যদি তাদের নিয়োগ নির্ভর করে, তাহলে তারা নিয়ত মন্ত্রীদের মুখের দিকে তাকিয়ে থাকবেন।

দ্বিতীয়তঃ, মাননীয় স্পীকার মহোদয়, বর্তমানে যেভাবে রিক্রুটমেন্ট করা হয়, সেই রিক্রুটমেন্ট সম্বন্ধে পাবলিক সার্ভিস কমিশন কতকগুলি ক্ষেত্রে কমেণ্ট করেছেন এবং সুপারয়্যানুয়েশান সম্পর্কেও তাদের বক্তব্য বলেছেন। এই সুপারয়্যানুয়েশানএর বিরুদ্ধে পাবলিক সার্ভিস কমিশন, তীব্রভাবে, ও তীক্ষ্ম ভাষায় মন্তব্য করেছেন। এবং ২০৩টা কেস তারা উল্লেখ করেছেন—এই রিপোর্টএর মধ্যে আছে—যে সেই ২০৩টী কেস এই সুপারয়্যানুয়েটেড এমপ্লইদের আবার নিযুক্ত করা হয়েছে। এটা অবশ্য অস্বাভাবিক কিছুই নয়, কারণ আমাদের মুখ্যম-[illegible] যে বয়স, সেটা প্রায় সুপারয়্যানুয়েশানএর বয়স। সুতরাং তাঁর পক্ষপাতিত্ব এই সব সুপারয়্যানুয়েটেড কর্মচারীদের দিকে থাকবেই।

তৃতীয়তঃ যে সমস্ত ইরেগুলার য়্যাপয়েন্টমেন্টস, সে সম্বন্ধেও পাবলিক সার্ভিস কমিশন মন্তব্য করেছেন। এবং সিভিল লিষ্টএর মধ্যে ২।১টা নামও সেখানে দেখছি—সে সম্পর্কে আমি মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছ থেকে জবাব চাচ্ছি। কারণ এই কয়েক বৎসরের পাবলিক সার্ভিস কমিশনএর যে রিপোর্ট, তাতে আমরা কি বুঝতে পারি না এ'দের টার্ম অব

অ্যাপয়েন্টমেন্ট কিভাবে হয়েছে। একজন—ডাঃ ডি, এম, সেন, সেক্রেটারী, এডুকেশান ডিপার্টমেন্ট—তার ২৭০০ টাকা স্যালারী। তার সারভিস টার্মস কি সেটা যদি মুখ্যমন্ত্রী-মহাশয় জানান, তাহলে বাধিত হব। কারণ ওটা কিভাবে হয়েছে—পাবলিক সার্ভিস কমিশন রিপোর্ট দেখে—ওটা কনট্রাক্ট সারভিস কিনা সেটা আমরা বুঝতে পারছি না। না, এখন এক্সটেনশান দেওয়া হচ্ছে—সেটাও আমরা বুঝতে পারি না। আর একটা কথা

Sj. B. P. Ghosh, Head of the Department, Biochemistry, P. G. Hospital. তিনি একজন অরডিনারী এম,এসসি, এবং ডাঃ রায়ও জানেন তিনি পূর্বে একটা কোম্পানী, স্মুকোনেটে একজন এমপ্লয়ি ছিলেন। সেই ভদ্রলোককে যে নূতন পোস্ট দেওয়া হয়েছে তার মাইনে অতি সামান্য—মাত্র ১ই হাজার টাকা এবং এই নিয়োগ পাবলিক সার্ভিস কমিশন মারফং হয়েছে কিনা সেটা এই রিপোর্টএর মধ্য থেকে আমরা বুঝতে পারছি না। আশাকরি, মুখ্য-মন্ত্রীমহাশয় সেটা জানাবেন। কারণ ১ই হাজার টাকা মাইনে যেখানে আছে সেখানে যদি ভালভাবে অ্যাডভারটাইজ করা যায়, তাহলে খুব ভাল, ব্রিলিয়ান্ট ক্যান্ডিডেট্ পাওয়া যাবে।

তারপর মানীয় স্পীকার মহাশয়—আরএকটা বিষয়—বর্তমানে একটা নিয়ম আছে—সিভিল সার্ভিসএ, ১০ বৎসর সার্ভিস হয়ে যাবার পর জুনিয়ার গ্রেড থেকে প্রোমোশান দেওয়া হয় সিনিয়ার গ্রেডে। একটা বিশেষ দৃষ্টান্ত—পুরাণ রিপোর্টএই আছে—এই বিধান সভায় তার সম্বন্ধে বলা হয়েছে যে মুখ্যমন্ত্রীমহাশয়ের প্রাইভেট সেক্রেটারী ছিলেন—সুধীর মাধব বসু—৬ বৎসর চাকরি করার পর—তাকে প্রোমোশান দেওয়া হয়েছে। এর ফলে সাব ডেপুটী র‍্যাংকএ যে সব ভদ্রলোক আছেন—কর্মচারী আছেন—তাদের মধ্যে একটা প্রচণ্ড বিক্ষোভ সৃষ্টি হয়েছে। আপনি জানেন এই পাবলিক সার্ভিস কমিশনএ মন্তব্য করা হয়েছে—

a progressive deterioration of number of these competent qualified employees.

এই কথা তারা লিখেছেন। কারণ এইরকমভাবে যদি প্রমোশন হতে থাকে, তাহলে, মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে হয় যে পাবলিক সার্ভিস কমিশন যে মন্তব্য করেছেন, সেই মন্তব্য সম্পূর্ণ যুক্তিসংগত।

শেষ একটা পয়েন্ট—একটী মাত্র বিষয়—যেটা আমার কানে এসেছে—সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী-মহাশয়ের কাছ থেকে কিছু জানতে চাই। এই কেস অব সুপারসেশান সম্বন্ধে অনেকগুলি মন্তব্য পাবলিক সার্ভিস কমিশন লিখেছেন। কিছুদিন আগে আমার কাছে খবর পৌঁছেছে যে, যেসব জুনিয়ার ইনস্পেকটর অ্যান্ড সিনিয়ার ইনস্পেকটর—সেই ডিপার্টমেন্ট হচ্ছে—স্পেশাল ব্রাঞ্চ অ্যান্ড ইনটেলিজেন্স ব্রাঞ্চ—যার উপর আমাদের কংগ্রেসী সরকার বহুল পরিমাণে নির্ভর করেন—সেখানে বহু সিনিয়ার অফিসারকে সুপারসিড করে পাবলিক সার্ভিস কমিশনএর মাধ্যমে না দিয়ে, জুনিয়ার অফিসারদের প্রমোশান দেওয়া হয়েছে। আমার কাছে এ সম্বন্ধে রিপোর্ট আছে। ডাঃ রায়ের কাছে এইরকম রিপ্রেজেন্টেশান দেওয়া হয়েছিল। এবং ডাঃ রায় ও আই,জি, উভয়ে পরামর্শ করে ঐ যে চেয়ারম্যান এ, টি, সেন—তাকে ডেকে নাকি একটা ভায়া-মিডিয়া করেছেন যে সিনিয়ারদের কিছু প্রমোশান দেওয়া হবে এবং জুনিয়ারদের কিছু প্রমোশান দেওয়া হবে। নদীয়ার একজন ডি,আই,বি, ইনস্পেকটর—তিনি এইরকম সুপারসেশানএর বিরুদ্ধে কোর্টএ একটা মামলা করেছেন।

Sj. Panchanan Mukherjee: On a point of information, Sir. This information can be supplied by the Chief Minister. I want to know whether the Director of Public Instruction is a near relation of the Chairman, Shri A T. Sen of the P.S.C.

[6-15—6-25 p.m.]

Dr. Golam Yazdani:

মিঃ স্পীকার, স্যার, পাবলিক সার্ভিস কমিশনের ১৯৫৪-৫৫ সালের রিপোর্ট দেখে যে সমস্ত খুঁৎ ধরা পড়ে, তার প্রথমেই দেখা যায়——

Heavy increase in temporary appointments.

তাঁরা একটা হিসাবে দেখিয়েছেন যে ২৬২টা অস্থায়ী এবং ১০৬টা স্থায়ী পদের জন্য বিজ্ঞাপন দেওয়া হয়েছিল। অথচ এই অস্থায়ী পোষ্টগুলিই আবার ধীরে ধীরে স্থায়ী হয়ে যায়। তাঁদের মন্তব্যের মধ্যেই এ কথা সহজে ধরা পড়ে। এখন আমাদের কথা হল যে এতগুলি অস্থায়ী পোষ্টএর জন্য প্রথমেই যদি বিজ্ঞাপন দেওয়া যায়, তাহলে এই সব অস্থায়ী পদের জন্য ভাল প্রার্থী কখনও দরখাস্ত করবে না। আমাদের দেশে যে সমস্ত ব্রিলিয়ান্ট ছেলে আছে তারা ভবিষ্যৎ ভেবে কিছুতেই এই সমস্ত অস্থায়ী কাজের জন্য দরখাস্ত করে না। তাই আমরা এই সমস্ত অস্থায়ী পোষ্টের জন্য নীচু মানের প্রার্থী পাই। তাদের নেওয়ার পর দেখা যায় যে তারা সার্ভিসে ঢুকে কিছুদিন কাজ করার পর যখন আস্তে আস্তে সেই সার্ভিসে স্থায়ী হয়ে যায় তখন তারাই সমস্ত কাজের হর্তা-কর্তা হয়ে যায়। এবং তার ফলে আমাদের বিভিন্ন সার্ভিসগুলি আস্তে আস্তে অযোগ্য অফিসার দ্বারা পূর্ণ হয়। দ্বিতীয়তঃ দেখা যায় যে, বিনা বিজ্ঞাপন মারফৎ কতকগুলি পোষ্টে অফিসার নেওয়া হয়েছে। তাদের সংখ্যা ২৮০।

temporary appointment for specified period and unspecified period.

এই সমস্তগুলি সম্বন্ধে রিপোর্টএর য়্যাপেনডিক্স্‌এ যে সমস্ত বিবরণ দেওয়া হয়েছে তা থেকে দেখা যায় যে, যেরকমভাবে ব্যাখ্যা দেওয়া উচিত ছিল ঠিক সেরকমভাবে ব্যাখ্যা দেওয়া হয়নি। আমরা তা থেকে খুব ভাল একটা আইডিয়া করে নিতে পারি না। রিপোর্টে আরও দেখা যায় যে, অ্যাপয়েন্টমেন্ট অন কনট্রাক্টএ ৪টি পোষ্ট পূরণ করা হয়েছে। এক জায়গায় মন্তব্য করা হয়েছে যে, একটা পোষ্টের জন্য সুটেব্‌ল ক্যান্ডিডেট পাওয়া যায় নি বলে বিজ্ঞাপন দেওয়া হয়নি। বিজ্ঞাপন না দিলে কী করে তা বুঝা যায়? এখানে আমরা য়্যাপেনডিক্স্‌এ তার সম্বন্ধে কোন মন্তব্য দেখতে পাই না। রিপোর্টে দেখি যে এইরকমভাবে

Assistant Engineer, Registrar, Bengal Engineering College, Director of Health Services

ইত্যাদি পোষ্টগুলি পূরণ করা হয়েছে বিনা বিজ্ঞাপনে। বিনা বিজ্ঞাপনে নিযুক্ত একজন অফিসার সম্বন্ধে মন্তব্য করা হয়েছে যে

The Commission agreed to consider the case of an individual officer without advertisement as it was considered that eqally qualified candidates would not be available by open advertisement.

অথচ এই পদের উপযুক্ত লোক বিজ্ঞাপন দিলে পাওয়া যায় বলে জানি। তারপর আমরা দেখি যে ৪টী ক্ষেত্রে

The Commission agreed to waive advertisement as the officers were overseas scholars.

অর্থাৎ ওভারসিজ থেকে যাঁরা পাশ করে আসেন তাঁদের প্রতি কমিশনের পক্ষপাতিত্ব আমরা দেখতে পাচ্ছি। এই সমস্ত ব্যাপারগুলি আমাদের গা-সওয়া হয়ে গেছে। কেন না আমাদের দেশে বিদেশের সম-পর্য্যায়ের যে সমস্ত ডিগ্রি আছে সেগুলিকে আমাদের পাবলিক সার্ভিস কমিশন এতটুকুও মর্য্যাদা দিতে চান না। আমি উদাহরণ দিয়ে বলতে পারি যে বিলেতে যে সমস্ত উচ্চ ডাক্তারী ডিগ্রি দেওয়া হয় সেরকম সম-পর্য্যায়ের ডিগ্রি আমাদের ক্যালকাটা ইউনিভারসিটিতে চালু করা হয়েছে, যেমন—এম.ডি, এম.এস্‌, ডি.ও.এম.এস্‌, ডি.জি.ও, টি.ডি.ডি, ইত্যাদি। কিন্তু আমরা দেখছি যে যখন পাবলিক সার্ভিস কমিশনের কাছে এই সমস্ত বিলাতের সমতুল্য ডিগ্রিধারী প্রার্থীরা যায় তখন বিলাত থেকে পাশ করে যাঁরা ঠিক সেইরকম ডিগ্রি পেয়েছেন তাঁদের প্রতি পক্ষপাতিত্ব করা হয়। অথচ আমাদের দেশে যাঁরা পাশ করে ঠিক সম-পর্য্যায়ের ডিগ্রি নিয়েছেন তাঁদেরকে কোন মর্য্যাদা দেওয়া হয় না। অর্থাৎ পাবলিক সার্ভিস কমিশন এই দেশে নেওয়া বিদেশী ডিগ্রির সমতুল্য ডিগ্রিগুলোকে কোন মর্যাদাই দেখান না। কর্ণানী মেমোরিয়াল হাসপিট্যালে নূতনভাবে উচ্চতর মেডিক্যাল ডিগ্রি কোর্স খোলা হয়েছে এবং ক্যালকাটা ইউনিভারসিটি অব মেডিসিন বলে যে একট পরিকল্পনা আছে তাতে ইতিমধ্যেই কর্মচারী নিয়োগ হয়ে গেছে। অর্থাৎ বিলেতে যে সমস্ত বড় বড় মেডিক্যাল ডিগ্রি দেওয়া হয় সেগুলি এখন কোলকাতাতেই দেওয়া হবে। কিন্তু তাতে কি

লাভ হবে তা আমরা বুঝতে পারছি না। যে সমস্ত ছাত্র-ছাত্রীরা এই সমস্ত উচ্চতর ডিগ্রি নেবে তাদের কি কোন সম্মান সরকার দেবেন? তারা যখন পাশ করে এই সমত ডিগ্রি নিয়ে পাবলিক সার্ভিস কমিশনের কাছে ইন্টারভিউ দিতে যাবে তখন তাদের সম-পর্যায়ের ডিগ্রি নিয়ে কেউ বিলেত থেকে পাশ করে একই পদের জন্য ইন্টারভিউ দিতে আসে তবে বিলেতের ডিগ্রিধারীকেই প্রেফারেন্স দেওয়া হবে, এবং আমাদের দেশে উচ্চতর ডিগ্রি নেওয়া ছেলেদের কোন মর্য্যাদা দেওয়া হবে না। সুতরাং দেখতে পাই যে আমাদের পাবলিক 'সার্ভিস কমিশনের মধ্যে ন্যাশানাল ফিলিংএর মস্ত বড় অভাব রয়েছে এবং আমাদের গভর্ণমেন্টের মধ্যেও সেই জাতীয়তা বোধের অভাব। এই কারণে আমাদের দেশের ছেলেরা এই সব উচ্চ শিক্ষার জন্য যেরকম উৎসাহ নিয়ে এগিয়ে আসা উচিত সেইরকম উৎসাহ নিয়ে এগিয়ে আসছে না এবং আসবে না।

তারপর আমি কনট্রাক্ট সারভিস সম্বন্ধে বলব। এই কনট্রাক্ট সারভিসগুলির মেয়াদ যেভাবে বাড়ান হয় তা ঠিক নয়। পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে প্রথমবার কনট্রাক্ট সারভিসএ ঢোকার পর মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে তারপর যে পাবলিক সার্ভিস কমিশনের কাছে যাওয়া উচিত—এ নিয়ম রক্ষা হয় না। এ বিষয়ে পাবলিক সার্ভিস কমিশন তাঁদের রিপোর্টএর মধ্যে অভিযোগ করেছেন। আমাদেরও অভিমত এই যে যখন কারো কনট্রাক্ট সার্ভিস শেষ, হয়ে যাচ্ছে তখন তাঁকে সারভিস রেকর্ড নিয়ে পাবলিক সার্ভিস কমিশনের কাছে উপস্থিত করা উচিত। তখন পাবলিক সার্ভিস কমিশন তাঁর সার্ভিস দেখে যদি তাঁর কাজ সন্তোষ-জনক মনে করেন তাহলে তাঁর চাকরীর মেয়াদ বাড়িয়ে দেবেন, আর তা যদি না হয় তাহলে তা করবেন না। আমার মনে হয় এই কনট্রাক্ট সার্ভিসগুলিতে যাঁরা একবার কাজ করেছেন তাঁদেরকে আর কিছুতেই তা করতে দেওয়া উচিত নয়। কারণ তাঁদের পেছনে ফ্রেস ব্যাচ যাঁরা রয়েছেন তাঁদের চান্স না দিলে আমরা বেশী করে উপযুক্ত লোক কি করে গড়ে তুলতে পারব!

তারপর, রিটায়ার্ড অফিসারদের সম্বন্ধে বলব। রিটায়ার্ড অফিসারদের চাকুরী করা বয়সের শেষ সীমা বাড়াবার জন্য রিপোর্টএ একটা অনুমোদন রয়েছে। তাতে বলা হয়েছে যে আমাদের দেশে লোকের পরমায়ু নাকি বেড়ে গেছে। কিন্তু সেটা সম্পূর্ণ ঠিক নয়। আমাদের দেশে লোকের আয়ু মোটেই বাড়ে নি। এ কথা কিছুতেই প্রমাণ করতে পারা যাবে না। বরঞ্চ আমি মনে করি যে লোকের পরমায়ু কম হয়ে গেছে। কেন না সাধারণ লোকের অবস্থা ক্রমশঃই খারাপের দিকে। যাঁরা খুব সুখে বাস করছেন তাঁদের হয়ত পরমায়ু বাড়তে পারে। কিন্তু আমি তাও মনে করি না: কেন না, তাঁদের সুখময় জীবনের সঙ্গে সঙ্গে বর্তমান দুনিয়ার ওয়ারিজ অ্যান্ড অ্যাংজাইটিজ রয়েছে, করোনারী থ্রমবোসিস রয়েছে। সুতরাং আমি মনে করি না যে তাদের লংজিভিটি বেড়েছে। এইরকম অবস্থায় গভর্নমেন্ট সার্ভিসের জন্য এজ-লিমিট আছে তাকে বাড়ানোর জন্য যে অনুমোদন করা হয়েছে তা কিছুতেই সমর্থন করা যেতে পারে না, বরঞ্চ বলা যেতে পারে যে এজ-লিমিটটা আরও কমিয়ে দেওয়া উচিত। যাতে নিম্নপদস্থ অফিসাররা তাড়াতাড়ি প্রমোশন পেতে পারে। তাছাড়া এই অফিসারদের আবার নতুন করে কাজে বহাল করে নেওয়াটা মোটেই অনুমোদন করা যায় না। রিপোর্টএ কারণ হিসাবে বলা হয়েছে যে এষ্টেট অ্যাকুইজিশান ওয়ার্ক এবং রিভিশানাল সেটেলমেন্ট অপারেশান ইত্যাদির জন্য অবসরপ্রাপ্ত অফিসারদের পুনরায় কাজে নেওয়া হয়েছে কেন না এঁদের মত অভিজ্ঞ লোক নাকি পাওয়া যাচ্ছিল না। তাঁদের সংখ্যা ২০৩। অর্থাৎ এষ্টেট অ্যাকুইজিশান ওয়ার্ক এবং রিভিশানাল সেটেলমেন্ট অপারেশান, ইত্যাদি কাজের জন্য অনেকগুলি অফিসারের দরকার ছিল বলে রিটায়ার্ড অফিসারদের আবার কাজ দেওয়া প্রয়োজন হয়েছে। কিন্তু আমরা রিপোর্টএর অ্যাপেনডিকস্ খুলে দেখছি যে সেই ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টএ মাত্র ৭১ জনকে কাজে বহাল করা হয়েছে এবং ২০৩ এর মধ্যে বাকী-গুলোকে অর্থাৎ ১৩২ জনকে এডুকেশান ডিপার্টমেন্ট: ইরিগেশান ডিপার্টমেন্ট: ফিশারী ডিপার্টমেন্টএ নেওয়া হয়েছে। সেগুলো যে কি করে এষ্টেট আকুইজিশান ওয়ার্ক এবং রিভিশানাল সেটেলমেন্ট অপারেশানএর দোহাইএর আওতায় পড়ল তা আমি বুঝতে পারলাম

না। সুতরাং অবসরপ্রাপ্ত অফিসারদের এই পুনর্বহালগুলি আমি কিছুতেই সমর্থন করি না। এর জন্যে জুনিয়র অফিসররা প্রমোশন পায় না। ফলে তাদের মরাল নষ্ট হয়ে যায় এবং সুষ্ঠু কাজ তাদের কাছ থেকে আশা করা যায় না।

[6-25—6-35 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, before I go to the general propositions some of which are very important that have arisen out of the discussions today, let me try and nail to the counter a few untruths made by several of my friends in which probably my friend Sj. Chakravorty is an unwilling agent. First of all he said,

'ডাঃ নিয়োগীকে সরিয়ে দেওয়া হয়'

I am shocked that those who call themselves legislators do not even take care to read the Constitution. The Constitution says, "The President may by order remove from office the Chairman or any other member of a Public Service Commission if the Chairman or such other member, as the case may be, is adjudged an insolvent; or engages during his term of office in any paid employment outside the duties of his office; or is, in the opinion of the President, unfit to continue in office by reason of infirmity of mind or body". Nobody has, in fact, a right to dismiss any member of the Public Service Commission and that is provided for in the Constitution for the very simple reason that it gives freedom to the members of the Commission to act as they think best, so that they may not always be feeling that they are under difficulty and nervous about appointment. I do not know what he said about Mr. B. K. Basu.. He mumbled something which I could not follow. He said about Sj. Sudhir Madhab Bose. He was a Sub-Deputy Collector and after six years of service, according to the rules, the Public Service Commission recommended his promotion and he was accordingly promoted to the post of Deputy Collector and he has also passed the departmental examination. There is nothing wrong in that.

My friend, Mr. Chakravorty, wants to imply that it was through my influence that he got the post of the Deputy Magistrate. He knows nothing of what is happening in the Government—I am sorry to say so. Dr. D. M. Sen was appointed on the recommendation of the Union Public Service Commission and that he was transferred to the Government of West Bengal some years ago. Then he was reappointed by the Public Service Commission on the usual terms. I do not know what he said about Inspectors and Sub-Inspectors. The fact is that the question of Sudhir Madhab Bose, etc., did not come up in this report because it does not cover that period. He spoke about having too many members in the Public Service Commission belonging to the services. Here again, he exhibits a colossal ignorance of what is provided for in the Constitution. The Constitution says—as nearly as may be one-half of the members of every Public Service Commission shall be persons who at the dates of their respective appointments have held office for at least ten years either under the Govrnment of India or under the Government of a State and what we have done is that we have appointed to the Commission persons who rendered good service to Government. One was the Chief Presidency Magistrate for several years, one was a Secretary of our department and one was also a member of the Service somewhere else. I can tell you this much from my own experience that the case has been quite the reverse of what this gentleman has tried to insinuate or tried to imagine. They have often been against any infringement of the rules and regulations. They have always acted not in consultation with us and I honour them for that purpose. They have got the independence of thought and action and they insisted upon their rules and regulations being followed.

I now come to the different points that have been raised in the course of the debate. Mr. Bankim Mukherji raised the question on several cases at page 16 about the officers of the Subordinate Agricultural Service. I may inform him that these cases were referred to the Public Service Commission at a later date. The Public Service Commission recommended that three of them be confirmed on 24th December 1954 and that the case of Mr. Protap Chandra Mullick be decided at a later date.

Then the question has arisen with regard to some points which have been raised in sections 33 and 37. Some points have been raised that the Commission has given some advice and whether the advice that was given was all accepted. That advice was taken and I can give you the figures.

Sir, I now proceed to the general proposition. The question has arisen why need we bother about the police report. Sir, according to the Constitution, no person who is a member of the Civil Service of the State or holds a Civil post under the State, shall be removed by an authority subordinate to that by which he was appointed. Then if the Governor is satisfied that in the interest of the security of the State it is not expedient to give that person any opportunity of showing cause, he may be dismissed etc., etc. Therefore what we do is that in every case which is recommended by the Public Service Commission, he has to undergo two tests—one is the medical test and the other is the police test. However much my friends may oppose it or dislike it, I have got to follow this procedure. It is no use trying to discuss about it. If they think that this is not a proper way, they need not come in for any service under the Government. But the police report has to come in and when it comes in and if there is any adverse report, what we generally do is that we inform the Public Service Commission and say that although the particular person has been recommended, we are not able to appoint him because of the adverse police report. The other case that Sj. Bankim Mukherji referred to is with reference to Assistant Engineer. The reason why it was kept pending is that a case has been instituted against the Government and until that case is cleared up, we cannot finally accept the Commission's recommendations, namely that the officer is unsuitable for retention in Government service. The question has also been raised as to whether there are any better types of candidates for services. I confess that I feel very much concerned not merely because the State has reported to the Public Service Commission but because I see in the results of the All-India Services hardly one or two Bengali candidates coming out successful and even if there is a Bengali name, on enquiry I find that the Bengali has come not from Bengal but from some other province. I do not think that is a correct state of affairs. I do not think it is a desirable state of things. Some of my friends have suggested that the age of entry should be not 21 but 26 or a little more perhaps. The difficulty comes in this way. I will try to explain. Suppose, a brilliant boy passes his M.A. or M.Sc. examination, say at 20 or 21 and if you make the recruitment age at 26, he refuses to come. He generally goes to some other service. There is another very good reason why the age should not be raised. What is happening is that the salary which we are giving is nothing comparable to the salary which they get from industrial concerns. A brilliant boy is not likely to accept the appointment under the Government although such appointment may give him a security of tenure. He would go to another place where there are much higher salaries and better chances and therefore we cannot raise the age-limit and we know that the country is going to be industrialised and one of the important things is that the brilliant boys are going into industrial services.

A question has been asked in this connection about maintaining a panel of successful candidates who could not be provided with suitable posts. Suppose there are 200 applicants and of the 200 candidates the first 30 are taken. The 31st candidate is not taken because he does not compete. Then again, next year another examination is held, say for 20 candidates for 12 posts. Now if the 13th candidate of the second year has obtained a mark which is lower than the 31st candidate of the previous year, the Commission feels that it would be better to give chance to the previous years' candidate and unless you take him in, you have got to hold a re-examination. But that is not possible. So in many cases that is done for that particular purpose.

Then comes in the question of superannuation. One of my friends has said that people ought to be allowed to go on for longer period. I think they suggested the age of 58 as the age of superannuation instead of 55. That is a matter which is being discussed not merely in this State but in the Government of India as to whether all appointments should end at 55 or at a higher age, but probably it will be a case in which all different States and the Central Government will have to meet and decide together.

[6-35—6-45 p.m.]

Now, Sj. Subodh Banerjee has expatiated on one supposed, imaginary case that a man is appointed for six months, then for another six months, then for another six months, then for another six months and thus goes on for 8 years. I think again he is talking without a brief. The actual point is this. If a man is appointed for six months in a permanent post, then after the six months is over we have to go to the Public Service Commission; there is no escape from it. But if the post itself is a temporary one indicating that the Government is not satisfied that the post will continue for more than six months or more than a year, then in that case the man may continue.

Now, we have been asked, "why do you take these superannuated men?" The position is this. There are many departments which we are going to have. For instance we are trying to have a Slum Clearance, we are arranging for brick making, we are having Coke Oven Plant, we have got the Refugee Department, we have got the Development Department. In some of these departments appointments are not permanent. My friend Sj. Subodh Banerjee says, "Did'nt you know that you will have to appoint them for so many years?" Of course, we knew that; we knew also that these appointments would not last for more than three or four years. Will any young man come if you say that he will be appointed for two years or three years and at the end of the period he is left to look after himself? So it is really arguing a thing which will probably not stand scrutiny if you look at it from a practical point of view. Secondly, a man is appointed in the land settlement operations who has had some settlement training. We know that for any officer to have revenue knowledge or certificate knowledge requires 9 months or a year's training before he can pick up the work, whereas these gentlemen have been in this type of work and it is not difficult for them to pick it up. What we wanted to do was to finish as quickly as possible the whole thing so that we need not have a permanent cadre. It is true the Commission has suggested to take as few temporary posts as possible. The Government also agree that this should be so. In fact, only recently in some of the departments, in the Engineering department for instance, we have made many of these appointments permanent which were temporary before and we are trying to do away as much as possible with temporary appointments. Take for instance the Medical College Contingency menials. They are under temporary arrangement. Why? I have asked this question myself and I have asked this question

of the Directorate. The position is that in the Medical College there is a provision for 730 beds, but usually there are 1,200 beds, 500 extra beds. These extra beds are fluctuating—some day the number is 500, some day it is 600, some day it is 300. Therefore, it is very difficult for us to fix the number which will be permanent and fix the rest on a temporary basis. Even so the Medical department and the other departments are looking into this matter as to whether we cannot form a permanent cadre, a corps of permanent men in every service leaving a few temporary men to be taken in for temporary jobs whenever they occur.

The next point that has been asked is why our boys do not fare well in all-India competitions. Here I appeal not merely to the members of the House but also to the public outside. They should seriously consider the situation— the position of the boys of West Bengal in competition with the young men of other provinces. Something must be done—I do not yet see what can be done—effectively. It is true that our boys are not unintelligent, our boys are quite clever; yet you find that there has been a dearth of men from Bengal selected in the all-India services. We are considering this matter very seriously and we are thinking of opening tutorial or administrative classes for students going up for the all-India services. Whether that would help them or not, we do not know. But when I raised this question in Delhi the Chairman of the Union Public Service Commission gave me some questions that were asked of the candidates and it was most disgusting to hear some of the answers given by the candidates for Bengal They were very simple questions but the answers showed that the fellows, although they may be brilliant fellows in their own examinations, have not taken the trouble to know the world around before they went up for this examination.

Sir, I have nothing very much to add. I thought at any rate we shall get euologium from our friends on the left because there has not been one case where the recommendation of the Public Service Commission regarding any appointment has not been accepted, but instead of that they raised other issues. As I listened to Sj. Bankim Mukherji I was reminded of an incident some 35 years ago when in the old Council one of our friends who was asked to speak on a budget discussion picked out an item called "crude oil engine" and stood up and said, "Sir, I object to this item. Why—because it is crude oil engine: if it were fine oil engine I would certainly have gone and voted." This is the type of his argument. I could see Bankim Babu's face and his language and I could see he was at pains to find out any mistake or any flaw in the report. I am glad to note that the points he has raised are not of much importance and I showed him that the points that he has made have been met by Government.

Dr. Hirendra Kumar Chattopadhyay: On a point of information. Just now the Chief Minister has stated about the deplorable answers given by the Bengali students in all-India forums. I would request him to consider whether somebody else is not also responsible for these defects—the Education Minister and the Education Directorate and the Education Secretary. All these things practically recoil on the education that is imparted to our boys.

Sj. Jatindra Chandra Chakravorty:

অন এ পয়েন্ট অব পারসোনাল একস্‌প্লানেশান, স্যার। ডাঃ রায় তাঁর বক্তৃতায় ডাঃ জে. পি. নিয়োগী সম্বন্ধে আমি যেটা বলেছি সেটা উল্লেখ করে বলেছেন, অবশ্য আমাকে বলেছেন

colossal ignorance about the situation

আমার সেই য়্যারোগ্যান্স নেই যে নিজেকে আমি এ সম্বন্ধে অথরিটী বলে মনে করি ; তবে কিছুটা পড়েছি, জানি যে কোন মেম্বার অব দি পি, এস, সি,-কে সরাবার ক্ষমতা মুখ্যমন্ত্রীর নেই। ডাঃ জে, পি, নিয়োগী সম্পর্কে সরিয়ে দেওয়ার কথা যা আমি বলেছি তাতে উনি আমাকে মিসকনষ্ট্রু করেছেন। আমি বলেছিলাম আগে দুইজন নন-অফিস্যাল মেম্বার ছিলেন তারপরে একজন নন-অফিস্যাল মেম্বার ডাঃ জে, পি, নিয়োগী ছিলেন। এবার দেখছি তিন জন রিটায়ার্ড গভর্ণমেন্ট অফিস্যাল। আমি সেই উপলক্ষে বলেছিলাম যে ডাঃ জে পি নিয়োগীকে সরিয়ে দেবার অর্থ এই যে নন-অফিস্যাল কোন ব্যক্তিকে আর সদস্য হিসাবে রাখা হয়নি। এই কথাই আমি বলেছিলাম।

Mr. Speaker: The debate is over. We shall now take up non-official resolutions.

[6-45—6-55 p.m.]

NON-OFFICIAL RESOLUTIONS

Sj. Krishna Prasad Mandal: Sir, I beg to move that this Assembly is of opinion that the Government should initiate a comprehensive scheme for reducing unemployment in the State by helping in the organisation of large-scale industries both in private and public sectors, by fostering the growth of medium, small-scale and cottage industries, by organising growers' co-operatives with necessary financial and marketing facilities, by supplying cheap electricity and affording technical training facilities to the unemployed persons so that the people may be interested in the development of such trades and callings.

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই এবং আমার বলার মধ্যে একটা অনুরোধ করতে চাই যে আমাদের এখানে আনএমপ্লয়মেন্ট খুবই বেড়ে গেছে এবং যেভাবেই হউক যেন সচেষ্ট হয়ে সেই আনএমপ্লয়মেন্ট বন্ধ করার ব্যবস্থা করেন—এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that for the words beginning with "by helping" in line 2 and ending with "trades and callings" in the last line, the following be *substituted*, viz.,—

> "by adopting the policy of equitable distribution of land and limiting the production of those commodities which can be effectively produced through small-scale and cottage industries only to such industries."

মাননীয় স্পীকার মহোদয়, পশ্চিম বাংলায়, তথা ভারতবর্ষে বেকার সমস্যার সমাধান কিভাবে সম্ভব তা আমি আমার সংশোধনী প্রস্তাব দিয়ে পরিষ্কার করে বোঝাতে চেষ্টা করেছি। বেকার সমস্যার সমাধান যে বড় বড় কলকারখানার প্রতিষ্ঠা দ্বারা সম্ভব নয়, এ কথা আজ সর্ববাদীসম্মত। এর মানে এ নয় যে, বড় বড় কলকারখানা আমরা চাই না। বর্ত্তমান যুগে বাস করে কলকারখানা চাই না এ কথা বলা বাতুলতা মাত্র। আমাদের দেশে যে সমস্ত বড় বড় কলকারখানা রয়েছে—যেমন, চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস, সিন্ধ্রী ফারটিলাইজার ফ্যাক্টরি, বা বাংগালোর হিন্দুস্থান এয়ারক্রাফ্‌ট ওয়ার্কস এ গুলোর জন্য আমরা সবাই গৌরব বোধ করি। কিন্ত এই সব শিল্প দ্বারা বেকার সমস্যার সমাধান হবে বলে আমরা বিশ্বাস করি না। সুতরাং বর্ত্তমান যুগে বেকার সমস্যার সমাধান, বিশেষতঃ ভারতবর্ষের মত কৃষিপ্রধান দেশে যদি তা করতে হয় তাহলে করতে হবে অন্য প্রকারে। সে পথের নির্দ্দেশ মহাত্মা গান্ধী বহুদিন আগেই দিয়ে গিয়েছেন। তিনি বার বার বলেছিলেন যে ভারতবর্ষের মত কৃষিপ্রধান দেশে - যেখানে শতকরা ৮০ জন লোক গ্রামে বাস করে সেখানে বেকার সমস্যার সমাধান করতে গেলে প্রথমেই নজর দিতে হবে গ্রামের দিকে। পল্লী অঞ্চলে

প্রায় সকলেই কম বেশী বেকার। যাঁদের ইকনমিক হোলডিং আছে তারা ত বৎসরে ৪।৫ মাস বেকার বসে থাকে। যাদের জমি বেশী নাই তাদের তো ৭।৮ মাস পর্য্যন্ত বেকার অবস্থায় কাটাতে হয়। এমন কি, মধ্যবিত্ত শ্রেণীর লোক যারা তাদেরও অনেক সময় বেকার অবস্থায় কাটাতে হচ্ছে। গ্রামে হাসি নেই, দুঃখদুর্দ্দশায় গ্রাম পূর্ণ, লোকে পেট ভরে খেতে পায় না, ভাল ঘরে থাকতে পায় না, এবং এ সবের একমাত্র কারণ সেখানকার দারুণ বেকার সমস্যা। পল্লীর বেকার সমস্যার সমাধান করতে গেলে দুটো কাজ করা দরকার। একটা কাজ হচ্ছে ভূমির পুনর্বণ্টন। কিভাবে ভূমি সংস্কার সম্ভব সে সম্বন্ধে আজ বেশী কিছু বলতে চাই না। আর য়্যাট দি ফ্যাগ এন্ড অব দি ডে এমন একটা সিরিয়াস ব্যাপার যার উপর আমাদের জীবন-মরণ নির্ভর করছে, যখন সভায় সকলেই ক্লান্ত, এবং বাড়ী যাবার জন্য ব্যগ্র, ঠিক সেই সময়ে এই ভূমি সংস্কার সাধন কিভাবে সম্ভব, সে সম্বন্ধে আমার স্পষ্ট ধারণা থাকলেও এখানে এখন বলতে চাই না। সংক্ষেপে এটুকুমাত্র বলতে পারি—যারা নিজের হাতে লাঙ্গল চালায়, তারা যথার্থ চাষী, চাষের জমি শুধু তাদেরই দেওয়া উচিত। তাদের জমি দিলেও—এ কথা আমি জানি—ভারতে এত জমি নাই যে তার ফলে বেকার সমস্যার সমাধান হবে। তবু বেকার সমস্যা থেকে যাবে, এবং তার সমধান সম্ভব একমাত্র কুটির-শিল্পের মাধ্যমে। কুটির-শিল্পের মধ্যে প্রধান তিনটি—তাঁত-শিল্প, ঢেঁকি-শিল্প এবং ঘানি-শিল্প। এই তিনটারই কাজ ব্যাপকভাবে চলতে পারে। কেননা প্রত্যেক লোকেরই কাপড় দরকার, প্রত্যেকেরই চাল দরকার এবং প্রত্যেকেরই তেল দরকার। হস্তচালিত হউক বা বিদ্যুৎচালিত হউক,—তাঁতের কাপড় দেখতে ভাল, পরতেও ভাল লাগে, এবং টেঁকেও অনেক বেশী। ঢেঁকিতে উৎপন্ন চাল এবং ঘানিতে উৎপন্ন তেল স্বাস্থ্যের দিক থেকে বিচার করলেও খুব ভাল। এই তিনটি শিল্প—তাঁত, ঢেঁকি এবং ঘানি—ব্যাপকভাবে কুটির-শিল্প হিসাবে চালাতে পারা যায়। এই তিনটার মধ্যে আবার তাঁত-শিল্পই প্রধান। গত ১৪ই জুলাই কেন্দ্রীয় শিল্পমন্ত্রী নূতন দিল্লীতে যে কয়টি কথা বলেছেন তা খুব গুরুত্বপূর্ণ। তিনি বলেছেন—

The handloom industry which is the biggest employer today has got to be protected and developed to the maximum possible extent.

বিভিন্ন শিল্পে যত লোক কাজ করে তার মধ্যে তাঁত-শিল্পে সবচেয়ে বেশী লোক কাজ করে। কিছুদিন আগে পর্য্যন্ত তাঁত-শিল্প সংরক্ষণের দিকে তাকানো হয় নি। বরং নানা জায়গায় কলকারখানা করে, কাপড়ের কল করে, তাঁত-শিল্পকে ধ্বংস করার চেষ্টা করা হয়েছে। তবে তাঁত-শিল্পে জীবনীশক্তি এত বেশী যে এই সব বাধা সত্ত্বেও তাঁত-শিল্প নিজের প্রাণ এখনও পর্য্যন্ত বাঁচিয়ে রাখতে পেরেছে। কেন্দ্রীয় শিল্পমন্ত্রী যে কথা বলেছেন, যদি তাঁত-শিল্পকে প্রোটেকশান দেওয়া হয়—তাকে যদি ম্যাক্সিমাম একস্টেন্টএ ডেভেলপ করা হয় তবে তাঁত-শিল্প যে খুবই ব্যাপক হয়ে দাঁড়াতে পারে, তাতে সন্দেহ নেই। এই শিল্পকে ব্যাপক করে গড়ে তোলার প্রশ্ন কিছুদিন ধরে গভর্ণমেন্টের মাথায় খেলছে, তাঁরা অনেকভাবে ভাবছেন, এবং সাবসিডি দিয়ে এই শিল্পকে পুনর্জীবিত করতে চেষ্টাও করছেন। মহাত্মা গান্ধী যে কথা বলেছিলেন আমারও যদি তা চাই তাঁত-শিল্প ম্যাক্সিমাম একসটেন্টএ গ্রো করুক এ যদি সত্যিই আমাদের মনের কথা হয়, তাহলে দেখব তাঁত-শিল্প বিকাশলাভ করবে এবং এ শিল্প দ্বারা কাপড়ও বেশী পরিমাণে উৎপন্ন হওয়া সম্ভব হবে। কেন্দ্রীয় মন্ত্রী যদি সত্যই চান যে দেশে তাঁত-শিল্পের ম্যাক্সিমাম পসিবল ডেভেলপমেন্ট হউক তাহলে মিলে কাপড় তৈরি নির্মমভাবে বন্ধ করে দিতে হবে, নইলে কিছুতেই তাঁত-শিল্পের ব্যাপক বিকাশ সম্ভব হবে না। এই কথা ঘানির সম্বন্ধে খাটে। কলে তেল উৎপন্ন হবে ঘানিও চলবে তা সম্ভব হবে না; ঢেঁকি সম্বন্ধেও সেই কথা—চালের কলও চলবে, ঢেঁকিও চলবে—তা সম্ভব নয়।

[6-55—7 p.m.]

সুতরাং আমরা যদি চাই কুটির-শিল্পের প্রতিষ্ঠা ও প্রসার হোক—তাহলে যে সব ক্ষেত্রে কুটির-শিল্প চালাতে চাই সে সব ক্ষেত্রে কল বন্ধ করে দিতে হবে। এ বিষয়ে আমি আর বেশী কিছু বলতে চাই না। মূল প্রস্তাবের বিরোধিতা আমি করতে চাই না—আমার প্রস্তাব হচ্ছে তার সংশোধনী মাত্র। সেই প্রস্তাব সম্বন্ধেই আমি ২।১টি কথা বলতে চাই। প্রস্তাবে বলা

